Acorn (এ্যাকর্ণ্), *n.* ওক বৃক্ষের বীজ বা ফল ; Seed or fruit of the oak tree. *p. a.*=acorned.

Acoustic (অ্যাকাউস্টিক্), *a.* শব্দ বা শ্রবণ-সম্বন্ধীয় (the *acoustic* nerves).

Acoustics (অ্যাকাউস্টিক্‌স্), *n. pl.* (with *sing.* verb) শ্রুতি ও শব্দবিদ্যা ; Science of sound and hearing.

Acquaint (অ্যাক্‌কোয়েন্ট্), *v. t.* জানান ; সংবাদ দেওয়া ; Inform ; make known ; পরিচিত করা ; অবগত করা ; Make familiar with (I am not *acquainted* with him).

Acquaintance (অ্যাক্‌কোয়েন্ট্যান্স্), *n.* প্রত্যক্ষ পরিচয় বা জ্ঞান ; Direct knowledge ; সামান্য পরিচিত ব্যক্তি ; Person one knows. **Make the acquaintance of**—কাহারও সহিত পরিচয় হওয়া ; Have a face-to-face meeting or come to speaking terms.

Acquaintanceship (অ্যাক্‌কোয়েন্ট্যান্স্-শিপ্), *n.* সামান্য সাক্ষাৎ পরিচয় ; Slight but direct knowledge.

Acquainted (অ্যাক্‌কোয়েন্টেড্), *p. a.* পরিচিত ; Known.

Acquiesce (অ্যাক্‌কুইয়েস্), *v. i.* (ইচ্ছায় বা অনিচ্ছায়) সম্মতি দেওয়া বা মানিয়া লওয়া ; Agree to or accept quietly, sometimes unwillingly.

Acquiescence (অ্যাক্‌কুইয়েসেন্স্), *n.* মৌনাবলম্বনে সম্মতি-প্রদান ; বিনা আপত্তিতে সম্মতি-দান ; Tacit consent ; quiet assent or submission.

Acquiescent (অ্যাক্‌কুইয়েসেন্ট্), *a.* ইচ্ছায় বা অনিচ্ছায় সম্মতিদানে তৎপর ; Easily agreeing.

Acquirable (অ্যাক্‌কোয়্যারেব্‌ল্), *a.* অর্জ্জনীয় ; প্রাপ্য ; Capable of being acquired ; procurable.

Acquire (অ্যাক্‌কোয়্যার্), *v. t.* উপার্জ্জন করা ; অর্জ্জন করা ; প্রাপ্ত হওয়া ; লাভ করা ; Gain something sought ; attain to ; win, usually by one's own labour. *p. a.*=acquired —(উপার্জ্জিত ; প্রাপ্ত) ।

Acquirement (অ্যাক্‌কোয়্যার্‌মেন্ট্), *n.* অর্জ্জিত জ্ঞান ; Something learnt ; উপার্জ্জিত বস্তু ; লাভ ; Something got by effort ; gain ; উপার্জ্জন ; Earning ; —*pl.* উপার্জ্জিত গুণাবলী ; Mental attainments.

Acquisition (অ্যাক্‌কুইজিশন্), *n.* অর্জ্জন ; অর্জ্জিত পদার্থ ; Act of acquiring ; that which is acquired.

Acquisitive (অ্যাক্‌কুইজিটিভ্), *a.* উপার্জ্জনেচ্ছু ; Willing to earn.

Acquisitiveness (অ্যাক্‌কুইজিটিভ্‌নিস্), *n.* উপার্জ্জনের ইচ্ছা ; Desire to gain or possess.

Acquit (অ্যাক্‌কুয়িট্), *v. t.* (*-tt-*) নির্দ্দোষ বলিয়া ঘোষণা করা ; Declare not guilty (to *acquit* a person *of* a crime). **Acquit of**—দোষ ইত্যাদি হইতে মুক্ত করা ; Clear from blame, etc. **Acquit oneself**—ন্যস্ত কার্য্যভার সম্পাদন করা ; Discharge one's duty (he *acquitted* himself ill, well, etc.).

Acquittal (অ্যাক্‌কুয়িট্যাল্), *n.* বিচারে খালাস ; Discharge from an accusation by court ; সম্পাদন ; Performance (*of* duty).

Acquittance (অ্যাক্‌কুয়িট্যান্স্), *n.* ঋণ-মোচন ; Release from debt ; দায়-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হইতে মুক্তি ; Discharge from an obligation ; পূর্ণপ্রাপ্তির রসিদ ; A receipt in full.

Acre (একার্), *n.* ভূমির পরিমাণ-বিশেষ ; ৪৮৪০ বর্গগজ পরিমিত ভূমি ; তিন বিঘা আধ কাঠা জমি :—*pl.* ভূখণ্ড, ক্ষেত ; Lands, fields.

Acreage (একারিজ্), *n.* একর হিসাবে জমির পরিমাণ ; Number of acres, extent of land. [Having acres.

Acred (এ্যাকার্ড্), *a.* ভূমিবিশিষ্ট ;

Acrid (অ্যাক্রিড্), *a.* তিক্ত ; Bitter ; তীব্র ; Pungent ; রুক্ষ ; Harsh ; peevish ; কটু ; বিস্বাদ ; Hot or biting to the taste.

Acridity (অ্যাক্রিডিটি), **Acridness** (অ্যাক্রিড্নিস্), *n.* উগ্রতা, কটুতা ; তিক্তাস্বাদ ; Quality of being acrid ; a sharp bitter taste.

Acrimonious (অ্যাক্রিমোনিয়াস্), *a.* তিক্ত ; রুক্ষ ; Sharp ; bitter (an *acrimonious* quarrel).

Acrimony (অ্যাক্রিমনি), *n.* (মেজাজ ইত্যাদির) উগ্রতা ; Bitterness of temper, etc. ; রুক্ষতা ; Sharpness.

Acrobat (অ্যাক্রব্যাট্), *n.* দড়া-বাজিকর ; A rope-dancer.

Acrobatic (অ্যাক্রবাটিক্), *a.* দড়াবাজি-সম্বন্ধীয় ; দড়াবাজির মত চমকপ্রদ (রাজনৈতিক মত-পরিবর্ত্তন) ।

Acropolis (অ্যাক্রপলিস্), *n.* গ্রীসের নগরসমূহের, বিশেষ করিয়া এথেন্সের সুরক্ষিত অংশ ; The citadel of a Greek city, esp. that of Athens.

Across (অ্যাক্রস্), *prep.* or *ad.* আড়াআড়িভাবে ; এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত ; Crosswise ; from one side to another. **Come across**—দৈবাৎ দেখা হওয়া ।

Act (অ্যাক্ট্), *n.* কার্য্য ; Something done ; কার্য্যকরণ ; Doing (in the *act* of) ; বিধিবদ্ধ আইন ; A law passed by government or a legislative body, etc. ; নাটকের অঙ্ক ; Main division of a play :—*v. t. i.* কিছু করা ; Do something ; কার্য্যকরী হওয়া ; Produce an effect (the device will not *act*) ; আচরণ করা ; Behave ; ভাণ করা ; Feign (she is not crying, but merely *acting*) ; অভিনয় করা ; Perform a part of, esp. on the stage. **Act of God**—অভাবনীয় ঘটনা ; দৈব ঘটনা । **Act on** or **upon**—অনুসারে কার্য্য করা ; Act according to. **Act the fool**—বোকার মত কাজ করা । **Act up to**—কার্য্যে নীতি বা আদেশ বজায় রাখা ।

Acting (অ্যাক্টিং), *n.* কার্য্য ; Action ; অভিনয়-কার্য্য ; Act of representing a dramatic character :—*pr. a.* অল্পদিনের জন্য ; বদলি ; Temporary ; officiating.

Action (অ্যাক্শন্), *n.* কার্য্য ; কাজ ; A deed ; anything done ; মোকদ্দমা ; Law-suit ; ব্যবহার ; আচরণ ; Conduct ; behaviour ; অঙ্গভঙ্গী ; Gesture ; যুদ্ধ ; Battle ; ক্রিয়া ; Operation ; ফল ; Effect. **(Civil) action**—দেওয়ানী মোকদ্দমা । **(Criminal) action**—ফৌজদারী মোকদ্দমা । **Killed in action**—যুদ্ধে নিহত ।

Actionable (অ্যাক্শনেব্ল্), *a.* মোকদ্দমার যোগ্য ; অভিযোগযোগ্য ; That may be the subject of an action or suit at law.

Active (অ্যাক্টিভ্), *a.* সক্রিয় ; কার্য্যকারী ; That acts ; having the power or quality of acting ; ক্রিয়াশীল, জীবন্ত (*active* volcano) ; ব্যস্ত ; কর্ম্মঠ ; কর্ম্মক্ষম ; Busy ; able to work ; তৎপর ; ক্ষিপ্র ; Quick ; nimble ; বাস্তব, প্রকৃত (want *active* help) ; (*gram.*) কর্তৃবাচ্য-নিষ্পন্ন । **On active service**—যুদ্ধকার্য্যে লিপ্ত ; Engaged in fight-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ing (*i. e.*, in the Army, Navy & Air Force).

Actively (অ্যাক্‌টিভ্‌লি), *ad.* তৎপরতার সহিত ; Promptly ; diligently.

Activity (অ্যাক্‌টিভিটি), *n.* তৎপরতা ; কার্য্যদক্ষতা ; ক্ষিপ্রকারিতা ; Quickness ; briskness ; promptness ; agility :— *pl.* কার্য্যকলাপ (political *activities*).

Actor (অ্যাক্‌টর্‌), *n.* অভিনেতা ; নট ; Stage-player.

Actress (অ্যাক্‌ট্রেস্‌), *n.* অভিনেত্রী ; নটী ; A female stage-player.

Actual (অ্যাক্‌টিউয়াল্‌), *a.* বাস্তবিক ; প্রকৃত ; যথার্থ ; Existing in fact ; real ; বর্ত্তমান ; Existing at the present time. *n.*=actuality.

Actualise, Actualize (অ্যাক্‌টিউয়ালাইজ্‌), *v. t.* বাস্তবে পরিণত করা ; Make real ; realise. *n.*= actualis(z)ation.

Actualist (অ্যাক্‌টিউয়ালিস্ট্‌), *n.* বাস্তববাদী ; One who attaches more importance to actually existing facts or conditions than to mere ideas.

Actually (অ্যাক্‌টিউয়ালি), *ad.* প্রকৃতপক্ষে ; বস্তুতঃ ; Really ; কার্য্যতঃ ; In fact.

Actuary (অ্যাক্‌টিউয়ারি), *n.* কেরাণী ; Registrar ; clerk ; জন্ম-মৃত্যুর হার ও জীবন-বীমা-সংক্রান্ত হিসাব-নিকাশে বিশেষজ্ঞ ব্যক্তি ; Expert authority on rates of mortality and insurance statistics.

Actuate (অ্যাক্‌টিউয়েট্‌), *v. t.* কার্য্যে প্রবৃত্ত বা উৎসাহিত করা ; Cause to act, encourage, inspire (he is *actuated* by love of power).

Acuity (অ্যাকিউয়িটি), *n.* তীক্ষ্ণতা ; সূক্ষ্মতা ; Acuteness ; sharpness.

Acumen (অ্যাকিউমেন্‌), *n.* সূক্ষ্মদর্শিতা ; বিচক্ষণতা, তীক্ষ্ণবুদ্ধি ; Keen perception ; penetration.

Acute (অ্যাকিউট্‌), *a.* ছুঁচাল ; তীক্ষ্ণাগ্র ; Sharp-pointed ; তীক্ষ্ণবুদ্ধি ; চতুর ; সূক্ষ্মদর্শী ; Shrewd ; critical ; (শব্দ সম্বন্ধে) উচ্চ, কর্কশ ও তীক্ষ্ণ ; High, shrill ; তীক্ষ্ণ, প্রখর ; Sharp, quick (*acute* sense of smell) ; তীব্র ; কন্‌কনে ; Severe, sharp and sudden ; অত্যন্ত প্রবল ; Very strong (*acute* pleasure) ; কষ্টদায়ক ও শঙ্কাজনক ; As opposed to *chronic* (*acute* illness). **An acute angle**—সূক্ষ্মকোণ ; An angle that is less than a right angle. *n.*=acuity, acuteness.

Acutely (অ্যাকিউট্‌লি), *ad.* সূক্ষ্মভাবে ; তীক্ষ্ণরূপে ; বিশিষ্টভাবে ; Penetratingly ; keenly ; critically.

Adage (অ্যাডিজ্‌), *n.* প্রবচন ; প্রবাদ ; An old saying ; a proverb.

Adam (অ্যাডাম্‌), *n.* আদম, প্রথম সৃষ্ট মনুষ্য ; (In the Bible) the first man. **The old Adam**—আত্মিক পরিত্রাণের আশা হইতে বঞ্চিত অবস্থা ; Unregenerate state. **Adam's ale** or **wine**—জল ; Water. **Adam's apple**—কণ্ঠমণি ; টুঁটি।

Adamant (অ্যাডাম্যাণ্ট্‌), *n.* অতি কঠিন প্রস্তর ; Very hard stone that cannot be cut or broken ; উক্ত প্রস্তরবৎ কঠিন বস্তু ; A substance as hard as adamant.

Adamantine (অ্যাডাম্যান্‌টাইন্‌), *a.* উক্ত প্রস্তরবৎ শক্ত ; Hard like adamant ; ইচ্ছাশক্তিতে বা চরিত্রে অত্যন্ত শক্তিশালী ; Strong in will or character.

Adapt (অ্যাডাপ্ট্‌), *v. t.* আংশিক পরিবর্ত্তনের দ্বারা নূতন ভাবে ব্যবহারের উপযোগী করা ; প্রয়োজনানুরূপ করা ; Make suitable by alteration ; suit, adjust.

Adaptability (অ্যাড্যাপ্‌টেবিলিটি),

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Adaptableness (অ্যাড্যাপ্‌টেব্‌ল্‌নিস্‌), *n.* পরিবর্ত্তিত অবস্থায় কাজে লাগিবার উপযোগিতা ; নিজেকে পরিবর্ত্তিত করার যোগ্যতা ; Suitability ; fitness to modify oneself to changing circumstances.

Adaptable (অ্যাড্যাপ্‌টেব্‌ল্‌), *a.* (প্রয়োজন মত) পরিবর্ত্তনযোগ্য ; That may be suited ; capable of being adapted.

Adaptation (অ্যাড্যাপ্‌টেশন্‌), *n.* অভিযোজন, প্রতিযোজন ; উপযোগীকরণ ; উপযোগিতা ; Act or process of fitting ; fitness ; পরিবর্ত্তিত অবস্থা বা বস্তু ।

Add (অ্যাড্‌), *v. t.* যোগ করা ; সঙ্কলন করা ; ঠিক দেওয়া ; Join or unite ; subjoin ; sum up ; আরও কিছু বলা ; Say further ; (with *to*) বৃদ্ধি করা ; Increase. *a.*=addible.

Addendum (অ্যা্‌ডেন্‌ডাম্‌), *n.* পরিশিষ্ট ; A thing to be added ; appendix. *pl.*=addenda.

Adder (অ্যাড্‌ডার্‌), *n.* একজাতীয় বিষধর সর্প ; A kind of venomous serpent.

Addict (অ্যাড্‌ডিক্‌ট্‌), *v. t.* (সাধারণতঃ দুষ্কর্ম্মে) আসক্ত করা ; অভ্যস্ত করা ; Give (oneself) up to (generally in a bad sense) ; apply habitually :— *n.* সাধারণতঃ খারাপ অভ্যাসে অভ্যস্ত ব্যক্তি (a drug *addict*). *n.*= addiction—(আসক্তি বা অনুরাগ) ।

Addicted (অ্যাড্‌ডিক্‌টেড্‌), *p. a.* আসক্ত; অভ্যস্ত ; Given up to ; habituated (much *addicted* to drink).

Addition (অ্যাড্‌ডিশন্‌), *n.* সঙ্কলন ; যোগকরণ ; Adding ; বাড়তি বা আমদানি ব্যক্তি বা বস্তু ; Thing or person added (they are expecting an *addition* to the family) ; যোগ ; An instance of adding (3+3 is an easy *addition*).

Additional (অ্যাড্‌ডিশন্যাল্‌), *a.* অতিরিক্ত ; বাড়তি ; Added ; extra.

Addle (অ্যাড্‌ড্‌ল্‌), *a.* পচা ; ঘোলাপড়া (যথা, ডিম্বাদি) ; Putrid ; muddled ; বন্ধ্যা ; অনুর্ব্বর ; নিষ্ফল ; Barren ; empty (*addle* brains) :—*v. i. t.* বিকৃত হওয়া বা করা ; Become or make addle. *a.*=addled.

Addle-headed (অ্যাড্‌ড্‌ল্‌-হেডেড্‌), **Addlepated** (অ্যাড্‌ড্‌ল্‌পেটেড্‌), *a.* স্থূলবুদ্ধি ; Dull ; নির্ব্বোধ ; Stupid ; জড়বুদ্ধি ; Muddled.

Address (অ্যাড্‌ড্রেস্‌), *v. t.* পত্রের উপর শিরোনামাদি লেখা ; Write name and direction on a letter ; direct in writing ; কাহারও উদ্দেশে বলা বা লেখা ; Speak or write to ; নিয়োগ করা ; Apply. **Address oneself to**—উদ্যোগী হওয়া :—*n.* সম্ভাষণ রীতি ; শিষ্টাচার ; Manner of speaking to another ; manners (a man of pleasing *address*) ; পত্রের শিরোনামাদি ; Superscription of a letter ; ঠিকানা ; Place of residence (what's your *address* ?) ; নিপুণতা ; কৌশল ; Dexterity ; tact ; বক্তৃতা, অভিভাষণ ; Speech delivered to audience :— *n. pl. addresses* ; (বিবাহের পূর্ব্বে) প্রণয় প্রার্থনা ; Courtship (pay one's *addresses* to=to court).

Addressee (অ্যাড্‌ড্রেসী), *n.* পত্রাদিপ্রাপক ; The person to whom a letter is written or directed.

Adduce (অ্যাড্‌ডিউস্‌), *v. t.* প্রমাণ বা দৃষ্টান্তস্বরূপ উদ্ধৃত করা ; Cite as a proof or an instance. *n.*=adducer.

Adducible (অ্যাড্‌ডিউসিব্‌ল্‌), *a.* প্রমাণরূপে উল্লেখযোগ্য ; Capable of being cited as proof.

Adenoids (অ্যাডেনয়েড্‌স্‌), *n. pl.* গলরসগ্রন্থির শ্লৈষ্মিক ঝিল্লী ।

Adept (অ্যাডেপ্ট্‌), *n.* সুদক্ষ ব্যক্তি ; One fully skilled in anything :—

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

a. সম্পূর্ণ দক্ষ ; পারদর্শী ; Thoroughly proficient ; well-skilled.

Adequacy (অ্যাডিকোয়েসি), *n.* যথেষ্টতা, পর্য্যাপ্ততা ; Sufficiency.

Adequate (অ্যাডিকোয়েট্), *a.* পর্য্যাপ্ত, যথাপ্রয়োজনীয় ; Equal to ; fully sufficient.

Adhere (অ্যাড্হিয়ার্), *v. i.* দৃঢ়সংলগ্ন হওয়া ; লাগিয়া যাওয়া ; Stick fast ; cleave ; দৃঢ়ভাবে সমর্থন করা ; Remain attached (*to* person, party, opinion, etc.).

Adherence (অ্যাড্হিয়ারেন্স্), *n.* সংলগ্নতা ; আনুরক্তি ; দৃঢ় অনুরাগ ; State or quality of adhering ; steady or fixed attachment.

Adherent (অ্যাড্হিয়ারেণ্ট্), *a.* সংলগ্ন ; Sticking to ; সংযুক্ত ; United with (with *to*) :—*n.* সমর্থক ব্যক্তি ; Supporter (*of* party, etc.).

Adhesion (অ্যাড্হীঝ্ন্), *n.* সংশ্লিষ্টতা, সংলগ্নতা ; Act of adhering.

Adhesive (অ্যাড্হীসিভ্), *a.* সংলগ্ন হইয়া থাকিবার গুণবিশিষ্ট ; Having the property of adhering ; আঠালো ; Sticky.

Ad hoc (অ্যাড্ হক্), *a.* তদর্থক, বিশেষ উদ্দেশ্যে গঠিত ; Arranged for this purpose, special (*ad hoc* committee).

Adieu (অ্যাডিউ), *interj.* মঙ্গল হউক ; বিদায় ; স্বস্তি ; Good-bye ; farewell :—*n.* বিদায়-সম্ভাষণ ; A farewell. *pl.*= adieus.

Adipose (অ্যাডিপোস্), *a.* চর্ব্বিবিশিষ্ট ; Fatty. *n.*=adiposity.

Adit (অ্যাডিট্), *n.* (খনিতে) প্রবেশ করিবার অনুভূমিক বা ঢালু সুড়ঙ্গ ; Horizontal or inclined entrance (into a mine).

Adjacency (অ্যাড্জেসেন্সি), *n.* নৈকট্য ; সান্নিধ্য ; State of being close to ; contiguousness.

Adjacent (অ্যাড্জেসেণ্ট্), *a.* সন্নিহিত, সংলগ্ন, নিকটবর্ত্তী ; Living near, contiguous.

Adjectival (অ্যাড্জেক্টিভ্যাল্), *a.* বিশেষণ-সম্বন্ধীয় বা বিশেষণ-সম (an *adjectival* phrase).

Adjective (অ্যাড্জেক্টিভ্), *n.* (*gram.*) বিশেষণ পদ ; A word added to a noun to qualify it.

Adjoin (অ্যাড্জয়িন্), *v. t. i.* সংযুক্ত করা ; কোন কিছুর অব্যবহিত নিকটবর্ত্তী বা লাগোয়া হইয়া থাকা ; Join or unite (one thing *to* another) ; be contiguous with.

Adjoining (অ্যাড্জয়িনিং), *pr. a.* সংলগ্ন ; সন্নিহিত ; অব্যবহিত পরবর্ত্তী ; Joining to ; near ; adjacent.

Adjourn (অ্যাড্জার্ণ্), *v. t. i.* স্থগিত করা বা রাখা ; দিন ফেলা, অন্য দিনের জন্য মুলতুবি রাখা ; Postpone ; put off to another date ; put off from day to day or indefinitely ; কিছু দিনের জন্য কার্য্য বন্ধ রাখা ; Suspend business for a time.

Adjournment (অ্যাড্জার্ণ্মেণ্ট্), *n.* মুলতুবি, স্থগিতকরণ ; Postponement ; যে কাল পর্য্যন্ত কোন কার্য্য স্থগিত থাকে ; Interval during which business is suspended. **Adjournment motion** —মুলতুবি প্রস্তাব।

Adjudge (অ্যাড্জাজ্), *v. t.* বিচার করা ; বিচার করিয়া স্থির বা নিষ্পত্তি করিয়া দেওয়া ; Decide ; award or decree.

Adjudgement, Adjudgment (অ্যাড্জাজ্মেণ্ট্), *n.* বিচার ; মীমাংসা ; Act of adjudging, sentence, award ; বিচারপূর্ব্বক নির্দ্ধারণ ; Adjudication.

Adjudicate (অ্যাড্জুডিকেট্), *v. i. t.* রায় দেওয়া ; Pronounce judgment ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিচার করা; Try and determine judicially. *n.*=adjudicator.

Adjudication (অ্যাড্‌জুডিকেশন্), *n.* দণ্ডাজ্ঞা; দেউলিয়া আদালতের আজ্ঞা; Sentence; the judgment or decision of a Bankruptcy court.

Adjudicator (অ্যাড্‌জুডিকেটর্), *n.* নিষ্পত্তিকারক; One who decides or settles (specially a bankruptcy suit).

Adjunct (অ্যাড্‌জাঙ্ক্‌ট্), *n.* সংযোজিত পদার্থ; The thing joined or added; অনুবন্ধ; Appendage, addition; (*gram.*) গুণবাচক শব্দ; বিবর্দ্ধক শব্দ; (the adverbial *adjunct*—ক্রিয়ার বিশেষণ); অপ্রধান গুণ; (*logic*) Non-essential attribute.

Adjuration (অ্যাড্‌জুরেশন্), *n.* শপথ-করণ; Taking oath; শপথবাক্য; দিব্য দিয়া অনুরোধ; The form of oath; a very earnest request in the name of God or friendship or some such sacred thing. *a.*= adjuratory.

Adjure (অ্যাড্‌জুর্), *v. t.* দিব্য দিয়া কাজ করিতে বলা; সনির্ব্বন্ধ অনুরোধ করা; Charge (a person) in the name of some sacred thing; request earnestly. *n.*=adjurer, adjuration.

Adjust (অ্যাড্‌জাস্ট্), *v. t.* সুবিন্যস্ত করা, সমন্বয় করা; Arrange, put in order; নিয়মিত করা; ব্যবস্থাপূর্ব্বক রাখা; Regulate; reduce to a system; set right; মিলান, মিটান; Harmonize; উপযোগী করা; Adapt (with *to*).

Adjustable (অ্যাড্‌জাস্টেবল্), *a.* ব্যবস্থা-পূর্ব্বক রাখিবার যোগ্য; নূতন প্রয়োজনে লাগাইবার যোগ্য; Capable of being arranged in order or adapted to use under changed circumstances.

Adjustment (অ্যাড্‌জাস্ট্‌মেণ্ট্), *n.* সমন্বয়ন; Harmonization; মীমাংসা; Settlement; মেরামতাদি দ্বারা উন্নতি-সাধন; Setting right by repairs, etc.

Adjutancy (অ্যাড্‌জুট্যান্সি), *n.* সেনাধ্যক্ষের ব্যক্তিগত সহকারীর পদ; Office of an adjutant.

Adjutant (অ্যাড্‌জুট্যাণ্ট্), *n.* সেনা-বিভাগের কর্ম্মচারি-বিশেষ; An officer who assists superior officers; সহকারী ব্যক্তি; Assistant; হাড়গিলা পক্ষী :—*a.* সহকারী; Assistant.

Administer (অ্যাড্‌মিনিস্টার্), *v. t.* নির্ব্বাহ করা; পরিচালনা করা; Manage (we need the best men to *administer* the affairs of the state); প্রদান করা; Give or furnish; প্রয়োগ করা; Apply; যোগান দেওয়া; Supply; (কাহাকেও) গ্রহণ করান; Cause (a person) to take (the oath was *administered* to him).

Administration (অ্যাড্‌মিনিস্ট্রেশন্), *n.* কার্য্যনির্ব্বাহ; পরিচালন; Management; direction; শাসন; Government of public affairs; পরিচালক শক্তি বা ব্যক্তিবর্গ; Power or party that administers; প্রয়োগ; Application; শাসন-কর্ত্তৃবর্গ; The executive part of the government; (চিকিৎসা, ঔষধ, সাহায্য, বিচার ইত্যাদির) ব্যবস্থা; Giving (of treatment, medicine, help, etc.).

Administrative (অ্যাড্‌মিনিস্ট্রেটিভ্), *a.* কার্য্যসম্পাদন-সম্বন্ধীয়; শাসনিক; Skilled in administering or management; executive. **Administrative service**—শাসনকৃত্যক।

Administrator (অ্যাড্‌মিনিস্ট্রেটর্), *n.* কার্য্যনির্ব্বাহক; ব্যবস্থাপক বা শাসক; One who manages or governs. *fem.*=administratrix—(কার্য্য-নির্ব্বাহিকা)।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Admirable (অ্যাড্‌মিরেব্‌ল্‌), *a.* প্রশংসনীয় ; Worthy of admiration ; চমৎকার ; Excellent.

Admirably (অ্যাড্‌মিরেব্‌লি), *ad.* অত্যুৎকৃষ্টরূপে ; Excellently.

Admiral (অ্যাড্‌মির্‌যাল্‌), *n.* রণপোত-বহরের অধ্যক্ষ ; Commander of a fleet of warships.

Admiralship (অ্যাড্‌মির্‌যাল্‌শিপ্‌), *n.* রণপোত-বহরের অধ্যক্ষের পদ বা অধ্যক্ষতা ; Office of an admiral.

Admiralty (অ্যাড্‌মির্‌যাল্‌টি), *n.* নৌ-সচিব-সভা ; That part of the government that controls the navy.

Admiration (অ্যাড্‌মিরেশন্‌), *n.* প্রশংসা, তারিফ ; Warm approval ; শ্রদ্ধাভক্তি বা ভালবাসা মিশ্রিত বিস্ময় ; Wonder together with esteem, love or veneration ; প্রশংসা বা ভালবাসার পাত্র ; Object of esteem and love (a true patriot is the *admiration* of all). **Note of admiration**—বিস্ময় চিহ্ন (!) ।

Admire (অ্যাড্‌মায়ার্‌), *v. t.* শ্রদ্ধা করা ; ভালবাসা ও প্রশংসা করা ; Have a high opinion of ; regard with love and esteem ; সবিস্ময় দৃষ্টিতে দেখা ; Look with wonder and pleasure at (all *admire* his tall figure). *a.*=admiring. *ad.*=admiringly.

Admirer (অ্যাড্‌মায়ারার্‌), *n.* গুণমুগ্ধ ব্যক্তি ; One who admires ; প্রণয়াকাঙ্ক্ষী ; Lover.

Admissibility (অ্যাড্‌মিসিবিলিটি), *n.* গ্রহণযোগ্যতা ; The quality of being admissible.

Admissible (অ্যাড্‌মিসিব্‌ল্‌), *a.* গ্রাহ্য ; স্বীকার্য্য ; Capable of being acknowledged as true ; চলনসই ।

Admission (অ্যাড্‌মিশন্‌), *n.* স্বীকার ; Acknowledgment ; প্রবেশানুমতি ; Permission to enter ; প্রবেশ করিবার ক্ষমতা ; Power to enter ; access প্রবেশ ; Entrance ; ভর্ত্তি ; Act o admitting.

Admit (অ্যাড্‌মিট্‌), *v. t. i.* (*-tt-*) ভ করা ; Take in ; প্রবেশ করিতে অনুমতি দেওয়া ; Allow to enter or come in সত্য বলিয়া স্বীকার করা ; মানিয়া লওয়া Confess ; receive or accept a true ; সঙ্কুলান হওয়া, আঁটা, ধরা ; Hav space enough for (the theatr *admits* 200 persons). **Admit o** —অবকাশ দেওয়া ; Leave room fo (your conduct *admits of* doubt)

Admittance (অ্যাড্‌মিট্যান্স্‌), *n.* প্রবেশানুমতি ; প্রবেশ ; Permission t enter ; being admitted, esp. to a place.

Admitted (অ্যাড্‌মিটেড্‌), *p. a.* সর্ব্ববাদিসম্মত, স্বীকৃত ; Acknowledged ভর্ত্তি ; Taken in as a member.

Admittedly (অ্যাড্‌মিটেড্‌লি), *ad.* সর্ব্বসম্মতিক্রমে ; সকলের স্বীকৃতি লইয়া Confessedly.

Admix (অ্যাড্‌মিক্স্‌), *v. t. i.* মিশ্রিত করা, মিশিয়া যাওয়া ; Mix or mingle with something.

Admixture (অ্যাড্‌মিক্‌শ্চার্‌), *n.* সংমিশ্রণ, যৌগিক পদার্থের প্রধান মৌলিক উপাদানে মিশ্রিত দ্রব্য ; What is added to the chief ingredient of a mixture.

Admonish (অ্যাড্‌মনিশ্‌), *v. t.* উপদেশছলে তিরস্কার করা ; সতর্ক করা Reprove mildly ; warn.

Admonishment (অ্যাড্‌মনিশ্‌মেণ্ট্‌) **Admonition** (অ্যাড্‌মনিশন্‌), *n.* সতর্কীকরণ ; A warning ; উপদেশ পরামর্শ ; Counsel ; advice.

Admonitory (অ্যাড্‌মনিটরি), *a.* ভর্ৎসনাপূর্ণ ; সতর্কতাসূচক ; Containing admonition.

Ado (অ্যাড্‌), *n.* গোলমাল, হৈ-চৈ ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অনাবশ্যক বাহ্যাড়ম্বর ; Bustle ; fuss ; কষ্ট ; Trouble.

Adolescence (অ্যাডলেসেন্স্), **Adolescency** (অ্যাডলেসেন্সি), *n.* কৈশোর ; Period between childhood and manhood (14 to 25) or womanhood (12 to 21).

Adolescent (অ্যাডলেসেন্ট্), *a.* যৌবনোন্মুখ ; Growing to manhood : —*n.* কিশোর বা কিশোরী ; An adolescent person.

Adonis (অ্যাডোনিস্), *n.* সুন্দর যুবক ; ফোতো বাবু ; Beautiful youth (loved by *Venus*) ; beau.

Adonize (অ্যাডোনাইজ্), *v. t. i.* (কোন ব্যক্তিকে) সজ্জিত করা ; Adorn (a person).

Adopt (অ্যাডপ্ট্), *v. t.* আত্মীয়রূপে গ্রহণ করা ; Take into a relationship ; অবলম্বন করা ; অপরের দ্রব্য স্বকীয় বলিয়া গ্রহণ করা ; Choose, select and take ; take and receive as one's own what is not so naturally ; পোষ্যপুত্র গ্রহণ করা ; Take as one's own child.

Adoptable (অ্যাডপ্টেব্ল্), *a.* গ্রহণযোগ্য ; গ্রহণ করিবার উপযুক্ত ; Capable or worthy of being adopted.

Adopted (অ্যাডপ্টেড্), *p. a.* গৃহীত ; Accepted. **Adopted child**—পোষ্যসন্তান। [One who adopts.

Adopter (অ্যাডপ্টার্), *n.* গ্রহণকারক ;

Adoption (অ্যাডপ্শন্), *n.* গ্রহণ ; Act of adopting ; পোষ্যসন্তান গ্রহণ ; Act of taking as one's own child ; গৃহীত হওয়ার অবস্থা ; State of being adopted.

Adoptive (অ্যাডপ্টিভ্). *a.* গ্রহীতা বা গৃহীত ; গ্রহণকারী ; That adopts or is adopted (*adoptive* son, father).

Adorable (অ্যাডোরেব্ল্), *a.* আদরণীয়, পূজনীয় ; শ্রদ্ধেয় ; Worthy of being adored ; worthy of worship ; প্রেয় ; That ought to be loved ; মনোহর ; Charming.

Adoration (অ্যাডোরেশন্), *n.* আরাধনা, উপাসনা ; Divine worship ; ভক্তি ; Homage, profound reverence.

Adore (অ্যাডোর্), *v. t.* (দেবতাকে) পূজা করা ; Worship (as a deity) ; ভালবাসা, আদর করা ; Love intensely ; অত্যন্ত প্রীতি ও শ্রদ্ধার সহিত গণ্য করা ; Regard with the utmost respect and affection.

Adorer (অ্যাডোরার্), *n.* ভক্ত ; উপাসক ; One who adores ; worshipper ; প্রেমিক ; Lover.

Adorn (অ্যাডর্ণ্), *v. t.* সুন্দর করা ; Beautify ; সুশোভিত করা ; অলঙ্কৃত করা ; ভূষিত করা ; Deck or dress with ornaments ; decorate ; embellish. *n.*=adorner.

Adornment (অ্যাডর্ণ্মেণ্ট্), *n.* সৌষ্ঠব সম্পাদন ; Making beautiful ; অলঙ্কার, ভূষণ ; Ornament, decoration.

Adown (অ্যাডাউন্), *ad.* & *prep.* (কাব্যে) নিম্নে ; নিম্নদিকে ; Down ; towards the bottom.

Adrift (অ্যাড্রিফ্ট্), *a.* or *ad.* ইতস্ততঃ ভাসমান, সঞ্চরমাণ ; Floating as driven by current or wind and waves ; moving ; ঘটনাস্রোতে ইতস্ততঃ তাড়িত ; Driven hither and thither by the force of circumstances.

Adroit (অ্যাড্রইট্), *a.* নিপুণ ; চালাক ; Dexterous ; skilful ; clever.

Adscititious (অ্যাড্সিটিশাস্), *a.* বাহির হইতে গৃহীত ; Added from without.

Adulate (অ্যাডিউলেট্), *v. t.* হেয়-ভাবে তোষামোদ করা ; Flatter basely.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Adulation (অ্যাডিউলেশন্), *n.* হীন তোষামোদ, চাটুবাদ ; প্রশংসাবাদ ; Servile flattery ; praise in excess.

Adulator (অ্যাডিউলেটর্), *n.* নীচ খোসামুদে বা চাটুকার ; A servile flatterer.

Adulatory (অ্যাডিউলেটরি), *a.* অত্যধিক প্রশংসাসূচক ; তোষামোদপূর্ণ ; চাটুবাদপূর্ণ ; Containing excessive praise ; flattering.

Adult (অ্যাডাল্ট্), *a.* বয়স্থ ; Grown-up :—*n.* পূর্ণবয়স্ক বা বয়ঃপ্রাপ্ত ব্যক্তি ; Grown-up person. **Adult suffrage**—প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার।

Adulterant (অ্যাডাল্‌টার‍্যান্ট্), *n.* & *a.* ভেজাল ; ভেজাল দিতে ব্যবহৃত (দ্রব্য) ; (Thing) used in adulterating.

Adulterate (অ্যাডাল্‌টারেট্), *v. t.* বিকৃত করা, দূষিত করা ; ভেজাল দেওয়া ; Corrupt ; make impure by mixing baser substance :—*a.* মিশ্রণে দূষিত ; ভেজালযুক্ত ; Corrupted (by mixing) ; মেকী ; Spurious ; counterfeit ; জারজ ; Born of adultery.

Adulteration (অ্যাডাল্‌টারেশন্), *n.* অপমিশ্রণ ; Adulterating ; ভেজাল বস্তু ; A thing that has been adulterated.

Adulterer (অ্যাডাল্‌টারার্), *n. mas.* পরস্ত্রীগামী ; ব্যভিচারী ; A man guilty of adultery. *fem.*=adulteress—(ব্যভিচারিণী)।

Adulterine (অ্যাডাল্‌টারাইন্), *a.* ব্যভিচারজাত ; Resulting from adultery ; কৃত্রিম ; Spurious :—*n.* জারজ-সন্তান ; The offspring of adultery.

Adulterous (অ্যাডাল্‌টারাস্), *a.* ব্যভিচার-সম্বন্ধীয় ; Relating to adultery ; ব্যভিচারী ; Guilty of adultery. *ad.*=adulterously.

Adultery (অ্যাডাল্‌টারি), *n.* ব্যভিচার স্ত্রী ছাড়া অন্য কোন নারীর সহিত বা স্বা ছাড়া অন্য কোন পুরুষের সহিত অবৈ সহবাস।

Adumbrate (অ্যাডাম্‌ব্রেট্), *v. t.* ঈ আভাস দেওয়া ; অস্পষ্টভাবে প্রদর্শন করা Foreshadow faintly ; represent i outline.

Adumbration (অ্যাডাম্‌ব্রেশন্), ঈষৎ সাদৃশ্য ; অস্পষ্ট আলেখ্য ; A fai sketch or resemblance ; an im perfect outline.

Adust (অ্যাডাস্ট্), *a.* শুষ্ক ; Parch ed ; রৌদ্রদগ্ধ ; Sunburnt.

Ad valorem (অ্যাড্ ভ্যালোরেম্)—মূল্যানুসার।

Advance (অ্যাড্‌ভান্স্), *v. i. t.* অগ্রসর হওয়া বা করান ; অগ্রবর্ত্তী করি দেওয়া ; উপস্থাপিত করা ; Come or g forward ; put forward ; আগাই দেওয়া (the date of the meetin was *advanced* from July 15 t July 6 ; *opp.*=postpone) ; সাহা করা ; Help ; অগ্রিম টাকা দেওয়া Pay beforehand ; টাকা ধার দেওয়া Lend (money) ; উন্নতি করা ; Mak progress ; মূল্য বৃদ্ধি করা বা হওয়া Make or become higher in positio or rank :—*n.* উৎকর্ষসাধন, উন্নতিসাধন Improvement ; progress ; অগ্রে গমন অগ্রগতি ; Advancing ; দাদন, বায়না অগ্রিমক। **Advance(d) guard**—প্রধান সৈন্যদলের পূর্ব্ববর্ত্তী সেনাদল, অগ্রদূত A guard or party in front of th main body (of the troops). **In advance**—অগ্রিম ; Beforehand (h was paid his salaries *in advance*) **Make advances**—বন্ধুত্ব করিবা চেষ্টা করা ; Try to becom friendly.

Advanced (অ্যাড্‌ভান্স্ট্), *p. a.* উন্নত Higher (*advanced* studies=উচ্চতর

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শিক্ষা); নবভাবে অনুপ্রাণিত ; Imbued with new ideas ; পরিণত ; Far on in life (he is *advanced* in years).

Advancement (অ্যাড্‌ভান্স্‌মেণ্ট্‌), *n.* পদবৃদ্ধি ; উৎকর্ষ ; Promotion ; improvement ; অগ্রে গমন ; Act of moving forward ; অগ্রিম অর্থদান ; Payment of money before it is due.

Advantage (অ্যাড্‌ভান্টিজ্‌), *n.* প্রাধান্য ; অপরের উপর শ্রেষ্ঠত্ব ; Superiority over another ; সুবিধা ; অবসর ; Opportunity ; উপকার ; লাভ ; Benefit ; profit :—*v. t.* সুবিধা দেওয়া ; Render a benefit. **Take advantage of** (a person)—প্রতারণা করা। **Take advantage of** (a thing)—সদ্‌ব্যবহার করা। **Turn** (a thing) **to advantage**—(কোনও কিছুকে) নিজের সুবিধাজনক কাজে লাগান।

Advantageous (অ্যাড্‌ভান্টেজাস্‌), *a.* লাভজনক ; উপকারী ; সুবিধাজনক ; Of advantage ; profitable ; beneficial ; convenient.

Advent (অ্যাড্‌ভেণ্ট্‌), *n.* আগমন ; আবির্ভাব ; Coming ; arrival ; approach ; (capital A) খ্রীষ্টের প্রথম বা দ্বিতীয় আগমন ; The first or second coming of Christ ; খ্রীষ্টের জন্মোৎসবের (বড়দিনের) পূর্ব্ব চারি সপ্তাহ কাল ; The season (including the four Sundays) before Christmas. *a.*=adventual.

Adventitious (অ্যাড্‌ভেন্টিশাস্‌), *a.* আকস্মিক ; Accidental ; casual ; বাহিরের, অস্থানিক ; External.

Adventure (অ্যাড্‌ভেঞ্চার্‌), *n.* ঝুঁকি ; দুঃসাহসিকতা ; Risk ; daring enterprise ; দুঃসাহসের কর্ম্ম ; Bold undertaking ; অদ্ভুত ঘটনা ; Striking event ; লাভ-লোকসানের অনিশ্চয়তা-জড়িত বাণিজ্য ব্যাপার ; Commercial speculation.

Adventurer (অ্যাড্‌ভেঞ্চারার্‌), *n.* দুঃসাহসিক কর্ম্মে প্রবৃত্ত ব্যক্তি ; দুঃসাহসিক ; One who engages in hazardous enterprises ; ভাগ্যান্বেষী ; A daring fortune-seeker. *fem.*=adventuress.

Adventurous (অ্যাড্‌ভেঞ্চারাস্‌), *a.* দুঃসাহসী ; সাহসী ; Bold ; daring ; বিপজ্জনক ; Hazardous ; দুঃসাহসিক কার্য্যে আসক্ত ; Inclined to adventures.

Adverb (অ্যাড্‌ভার্‌ব্‌), *n.* (*gram.*) ক্রিয়ার বা বিশেষণের বিশেষণ ; A word that modifies all parts of speech except a noun and pronoun.

Adverbial (অ্যাড্‌ভার্‌বিয়্যাল্‌), *a.* ক্রিয়ার বা বিশেষণের বিশেষণ-সম্বন্ধীয় ; Pertaining to an adverb. *ad.*=adverbially.

Adversary (অ্যাড্‌ভার্‌স্যারি), *n.* বিপক্ষ ; প্রতিদ্বন্দ্বী ; শত্রু ; Member of a hostile party ; opponent ; foe.

Adversative (অ্যাড্‌ভার্‌সেটিভ্‌), *a.* বিরোধসূচক, বিপরীতার্থক ; Expressing opposition, or contrast.

Adverse (অ্যাড্‌ভার্স্‌), *a.* প্রতিকূল, বিরুদ্ধ ; Contrary, unfavourable, opposed to, hostile (*adverse* circumstanes) ; দুর্ভাগ্যগ্রস্ত ; বিপজ্জনক ; Unfortunate ; calamitous.

Adversity (অ্যাড্‌ভার্সিটি), *n.* প্রতিকূল ঘটনা ; দুর্দ্দশা ; দুর্ভাগ্য ; Hostile circumstances ; distress ; misfortune.

Advert (অ্যাড্‌ভার্ট্‌), *v. i.* (with *to*) অন্য বিষয়ে মনোযোগ দেওয়া ; লক্ষ্য করা ; Turn the mind ; regard or observe ; attend to ; উল্লেখ করা ; Refer.

Advertise (অ্যাড্‌ভার্টাইজ্‌), *v. t. i.* জ্ঞাপন করা ; Inform ; বিজ্ঞাপন দেওয়া ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রচার করা ; সর্ব্বসাধারণকে জ্ঞাপন করা ; Notify ; announce ; make known through the press.

Advertisement (অ্যাড্‌ভার্‌টিজ্‌মেণ্ট্‌), *n.* বিজ্ঞাপন ; বিজ্ঞপ্তি ; Act of advertising or making known ; public notice.

Advertiser (অ্যাড্‌ভার্টাইজ্‌ার্‌), *n.* বিজ্ঞাপনদাতা ; One who advertises.

Advertising (অ্যাড্‌ভার্টাইজিং), *p. a.* বিজ্ঞাপনপূর্ণ বা বিজ্ঞাপক ; সংবাদজ্ঞাপক ; Containing or furnishing advertisements (*advertising* agent) :— *n.* বিজ্ঞাপন প্রচারের ব্যবসা ; Business of circulating advertisements.

Advice (অ্যাড্‌ভাইস্‌), *n.* পরামর্শ ; Counsel ; suggestion ; সতর্কীকরণ ; Caution :—*pl.* সংবাদ ; খবর ; Intelligence ; information ; মাল-প্রেরণের সংবাদ ; Formal notice (of goods despatched).

Advisability (অ্যাড্‌ভাইজ্‌রেবিলিটি), *n.* যৌক্তিকতা, ঔচিত্য ; Expediency ; propriety.

Advisable (অ্যাড্‌ভাইজ্‌রেব্‌ল্‌), *a.* যুক্তিসঙ্গত; Expedient, sensible.

Advise (অ্যাড্‌ভাইজ্‌), *v. t. i.* পরামর্শ দেওয়া ; Give advice to ; suggest ; খবর দেওয়া ; জ্ঞাত করা ; Inform ; notify (a person *of* thing) ; পরামর্শ করা, যুক্তি করা ; Take counsel (*with*).

Advised (অ্যাড্‌ভাইজ্‌ড্‌), *p. a.* সুচিন্তিত ; Deliberate (his *advised* opinion).

Advisedly (অ্যাড্‌ভাইজ্‌ড্‌লি), *ad.* বিবেচনাপূর্ব্বক ; ইচ্ছাপূর্ব্বক ; Deliberately.

Adviser (অ্যাড্‌ভাইজ্‌ার্‌), *n.* পরামর্শদাতা ; উপদেষ্টা ; One who advises ; counsellor.

Advisory (অ্যাড্‌ভাইজ্‌রি), *a.* পরামর্শ বা উপদেশ দিতে সক্ষম ; উপদেষ্টা ; Giving advice (*advisory* committee).

Advocacy (অ্যাড্‌ভোক্যাসি), **Advocation** (অ্যাড্‌ভোকেশন্‌), *n.* পক্ষসমর্থন ; ওকালতি ; Defence ; act of pleading.

Advocate (অ্যাড্‌ভোক্যাট্‌), *n.* উকীল ; ব্যবহারাজীব ; অধিবক্তা ; One who pleads the cause of another, esp. in a court of law ; pleader ; counsel ; পক্ষসমর্থনকারী ; Defender ; supporter :—(অ্যাড্‌ভোকেট্‌), *v. t.* পক্ষসমর্থন করা ; Defend, support or vindicate by argument ; ওকালতি করা ; Plead for. *n.*=advocateship —(ওকালতি) । **Advocate-General** —সর্ব্বপ্রধান সরকারী উকীল বা কৌঁসুলি, মহাব্যবহারিক ।

Adytum (অ্যাডাইটাম্‌), *n.* মন্দিরের কেন্দ্রস্থান ; পবিত্র স্থান ; Innermost region of a temple ; a sacred place.

Adze (অ্যাড্‌জ্‌), *n.* ছুতার মিস্ত্রীর বাইস ; কুড়ালি ; A kind of axe with arched blade at right angle to the handle.

Aegis (ঈজিস্‌), *n.* (রক্ষার্থ) আবরণ ; প্রতিরোধ-ব্যবস্থা ; Protection ; defence. **Under the aegis of**— কাহারও আশ্রয়ে বা অভিভাবকত্বে ।

Aeolian (এওলিয়ান্‌), *a.* এওলিস্‌-দেশীয় ; বায়ুদেবতা এওলাস্‌-সম্ভূত ; বায়বীয় ; Of Aeolis ; of Aeolus, the god of winds ; of wind. **Aeolian Harp**— বায়ুপ্রবাহে স্বয়ংবাদনশীল তারযন্ত্র ।

Aeon, Eon (ঈয়ন্‌), *n.* যুগ ; অনন্তকাল ; An age ; eternity.

Aerate (এয়ারেট্‌), *v. t.* বাতান্বিত করা ; Put air into ; কার্ব্বনিক এসিড গ্যাস্‌-দ্বারা পূর্ণ করা ; Charge with carbonic acid gas (*aerated* waters). *n.*= aeration, aerator.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Aerial (এইরিয়্যাল্), *a.* বায়বীয় ; Of air, gaseous ; খেচর ; বায়ুবিহারী ; শূন্য-স্থিত ; Flying in the air ; growing or existing in the air ; অশরীরী ; Ethereal :—*n.* বেতার তরঙ্গ গ্রাহক ঊর্দ্ধস্থিত তার, আকাশ-তার ; Wire or wires used in wireless telegraphy. *n.*=aeriality. **Aerial navigator**—বৈমানিক। **Aerial torpedo**—বিমান হইতে নিক্ষিপ্ত চুরুটাকৃতি গোলা। **Aerial railway**—তড়িচ্চালিত ক্ষুদ্র গাড়ী যাইবার তারবর্ত্ম।

Aerie, Aery, Eyrie, Eyry (এরি, আইরি), *n.* ঈগলপক্ষীর নীড় ; শিকারী পক্ষীর বাসা ; Nest of an eagle or any bird of prey.

Aerification (এয়ারিফিকেশন্), *n.* বায়ু-সংযোগ ; বায়ু-পূরণ ; Act or state of combining air with another substance ; the state of being filled with air.

Aeriform (এয়ারিফর্ম্), *a.* বাষ্পীয় ; Having the form or nature of air or gas ; gaseous ; অপ্রকৃত ; Unreal.

Aerify (এয়ারিফাই), *v. t.* বায়ুতে পরিণত করা ; Change into air. *n.*= aerification.

Aero (এয়ারো), *a.* বাতাস বা বিমানাদি-সম্বন্ধীয় ; Of air or an aeroplane, or air-ship.

Aerobatics (এয়ারোব্যাটিক্স্), *n.* বিমানচালনা-কৌশল ; Feats of expert aviation.

Aerodrome (এয়ারোড্রোম্), *n.* বিমান-ঘাঁটি ; An aviation station.

Aerofoil (এয়ারোফয়েল্), *n.* উড়ো-জাহাজের পাখা ; Aeroplane wing.

Aerogram (এয়ারোগ্র্যাম্), *n.* বেতার-সংবাদ ; Wireless message.

Aerolite (এয়ারোলাইট্), **Aerolith** (এয়ারোলিথ্), *n.* উল্কাপিণ্ড ; উল্কা ; Meteoric stone.

Aeronaut (এয়ারোনট্), *n.* বৈমানিক ; বিমানচালক ; বিমানযাত্রী ; Aerial navigator ; air-pilot, traveller by air. *a.*=aeronautic, aeronautical—(বিমানচালনা-সম্বন্ধীয়)।

Aeronautics (এয়ারোনটিক্স্), *n.* বিমানচালনা-বিদ্যা ; Art of aerial navigation.

Aeroplane (এয়ারোপ্লেন্), *n.* উড়ো-জাহাজ, বিমান ; Flying machine heavier than air and driven by a motor (*cf.* airplane, air-ship).

Aerostatics (এয়ারোস্ট্যাটিক্স্), *n.* বায়ু ও বাষ্পের এবং বায়ু ও বাষ্পে ভাসমান বস্তুর ভারসাম্য-বিষয়ক বিজ্ঞান।

Aerostation (এয়ারোস্টেশন্), *n.* ব্যোমযান-পরিচালন ; Ballooning.

Aesculapius (এস্‌কিউলেপিয়াস্), *n.* রোমানদের দেববৈদ্য ; Roman god of medicine.

Aesthetic (ঈস্‌থেটিক্), *a.* রুচিবিজ্ঞান-বিষয়ক ; Having to do with the principles of beauty (*aesthetic* criticism) ; (লোক সম্বন্ধে) রুচিজ্ঞান-সম্পন্ন, সৌন্দর্য্যবোধ-সম্পন্ন ; Able to appreciate beauty.

Aesthetical (ঈস্‌থেটিক্যাল্), *a.* রুচি বা সৌন্দর্য্যবিজ্ঞান-বিষয়ক ; Of aesthetics.

Aesthetics (ঈস্‌থেটিক্স্), *n. sing.* রুচিবিজ্ঞান ; সৌন্দর্য্য-বিজ্ঞান, কান্তিবিদ্যা ; The science dealing with the laws and principles of beauty in art and nature.

Aetiology (ঈটিয়লজি), *n.* কারণ-নির্দ্দেশ ; Assignment of a cause ; নিদাননির্ণয়, হেতুবিজ্ঞান ; Study of causation.

Afar (অ্যাফার্), *ad.* বহুদূরে ; Far off. **From afar**—দূর হইতে ; From a distance.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Affability (অ্যাফ্‌ফাবিলিটি), *n.* শিষ্টাচার ; সদালাপপ্রবণতা ; সৌজন্য ; Courteous behaviour ; pleasant talk ; civility.

Affable (অ্যাফ্‌ফাব্‌ল্‌), *a.* সু-আলাপী ; Pleasant and easy to talk to ; শিষ্টাচারসম্পন্ন ; Courteous.

Affably (অ্যাফ্‌ফেব্লি), *ad.* শিষ্টাচারের সহিত ; Courteously.

Affair (অ্যাফ্‌ফেয়ার্‌), *n.* কার্য্য ; ব্যাপার ; Business ; concern (that's my *affair*) ; (চল্‌তি) যে কোন ঘটনা (the picnic was a pleasant *affair*) :—*pl.* বিষয়-কর্ম্ম ; Transactions in general ; সাধারণের কার্য্য ; Public concerns (employed in public *affairs*).

Affair of honour—দ্বন্দ্বযুদ্ধ।

Affect (অ্যাফ্‌ফেক্‌ট্‌), *v. t.* কোন কিছুর উপর কার্য্য করা ; পরিবর্ত্তন সাধন করা ; Act upon (the climate may *affect* his health) ; effect a change in ; আক্রমণ করা ; Attack (may *affect* the lungs) ; অভিভূত করা ; Move the feelings ; ভাণ করা ; Assume or pretend (*affect* ignorance).

Affectation (অ্যাফ্‌ফেক্‌টেশন্‌), *n.* ভাণ ; ভণ্ডামি ; Pretence ; artificial show (an *affectation* of good manners).

Affected (অ্যাফ্‌ফেক্‌টেড্‌), *a.* কৃত্রিম, অস্বাভাবিক ; Artificial, not natural ; ভণ্ডামিপূর্ণ ; Full of affectation (*affected* manners) :—*p. p.* বিচলিত ; মুগ্ধ ; Moved (deeply *affected*).

Affecting (অ্যাফ্‌ফেক্‌টিং), *pr. a.* করুণ, মর্ম্মস্পর্শী ; Touching, pathetic.

Affection (অ্যাফ্‌ফেক্‌শন্‌), *n.* অনুরাগ ; স্নেহ ; প্রীতি ; Love ; good will ; fondness (with *for, towards*) ; পীড়া ; Disease (an *affection* of the throat) : —*pl.* বন্ধুত্বপূর্ণ ভাব ; Friendly feelings (set one's *affections* on).

Affectionate (অ্যাফ্‌ফেক্‌শনেট্‌), *a.* প্রীতিপূর্ণ ; স্নেহশীল ; Loving ; kind.

Affectionately (অ্যাফ্‌ফেক্‌শনেট্‌লি), *ad.* প্রীতিপূর্ণভাবে, স্নেহের সঙ্গে ; Lovingly, kindly. **Yours affectionately**—স্নেহাস্পদ ব্যক্তিকে লিখিত পত্রের শেষাংশে ব্যবহৃত।

Affective (অ্যাফ্‌ফেক্‌টিভ্‌), *a.* আবেগ-সম্বন্ধীয় ; Of the emotions.

Afferent (অ্যাফ্‌ফারেণ্ট্‌), *a.* অন্তর্মুখী ; Bringing to or inwards, incarrying.

Affiance (অ্যাফ্‌ফাইয়্যান্স্‌), *n.* বাগ্দান ; বিবাহের সম্বন্ধপত্র ; Marriage contract or promise ; বিশ্বাস ; Trust, faith (with *in*) :—*v. t.* বাগ্দান করা ; Promise in marriage (*affianced* to, the *affianced* bride of).

Affiancer (অ্যাফ্‌ফাইয়্যান্‌সার্‌), *n.* ঘটক ; Match-maker.

Affidavit (অ্যাফ্‌ফিডেভিট্‌), *n.* শপথপত্র ; A written declaration on oath.

Affiliate (অ্যাফ্‌ফিলিয়েট্‌), *v. t.* পুত্ররূপে পরিবারভুক্ত করা ; Receive into a family, as a son ; বিশ্ববিদ্যালয় বা সমাজ-বিশেষের অন্তর্গত করা ; সম্বন্ধ করা ; Receive into a university or society as a member or an associate ; unite with.

Affiliation (অ্যাফ্‌ফিলিয়েশন্‌), *n.* এক সমাজ বা পরিবারভুক্তকরণ ; বিশ্ববিদ্যালয় বা সমাজভুক্তকরণ ; সম্বন্ধীকরণ ; Association in the same family or society ; act of receiving into a university or society as a member.

Affinity (অ্যাফ্‌ফিনিটি), *n.* বিবাহঘটিত সম্বন্ধ, কুটুম্বিতা ; Relationship by marriage ; ঘনিষ্ঠ সম্পর্ক ; Close connexion ; সাদৃশ্য ; Being similar to ; (রসায়নে) আকর্ষণ-বিশেষ ; Tendency of chemicals to unite (the

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

affinity of common salt for water).

Affirm (অ্যাফ্‌ফার্ম্), *v. t. i.* নিশ্চয় করিয়া বলা ; দৃঢ়রূপে বলা ; Assert positively ; aver ; শপথ করা ; Declare solemnly. *a.*=affirmatory. (*cf.* deny.)

Affirmation (অ্যাফ্‌ফার্মেশন্), *n.* প্রতিজ্ঞাপূর্ব্বক কথন, সত্যাপন ; Solemn declaration ; দৃঢ় উক্তি, শপথ ; A strong statement that something is true.

Affirmative (অ্যাফ্‌ফার্মেটিভ্), *a.* স্বীকার-সূচক, হাঁ-সূচক ; Expressing assent, saying 'yes'—opposed to *negative* :—*n.* সম্মতিসূচক বাক্য (answer in the *affirmative*=say yes). An **affirmative answer**—হাঁ ; Yes.

Affirmatively (অ্যাফ্‌ফার্মেটিভ্‌লি), *ad.* সম্মতিসূচকভাবে ; In a manner expressing assent ; নিশ্চয়রূপে ; Positively.

Affix (অ্যাফ্‌ফিক্স্), *n.* প্রত্যয় ; বিভক্তি ; উপসর্গ ; A suffix or a prefix :—*v. t.* লাগান ; সংলগ্ন করা ; Attach ; fasten (with *to*). *n.*=affixture.

Afflatus (অ্যাফ্‌ফ্লেটাস্), *n.* স্বর্গীয় বা কাব্যিক অনুপ্রেরণা ; Divine or poetic inspiration.

Afflict (অ্যাফ্‌ফ্লিক্ট্), *v. t.* দুঃখ দেওয়া ; যন্ত্রণা দেওয়া ; পীড়া বা ক্লেশ দেওয়া ; Torment ; pain ; distress.

Afflicted (অ্যাফ্‌ফ্লিক্টেড্), *p. p.* রোগের জ্বালায় অথবা মনের ব্যথায় উৎপীড়িত ; Troubled (*with* gout, etc.).

Affliction (অ্যাফ্‌ফ্লিক্‌শন্), *n.* শারীরিক বা মানসিক ক্লেশ বা উহার কারণ ; Distress either of body or mind, or its cause.

Affluence (অ্যাফ্‌ফ্লুয়েন্স্), *n.* প্রাচুর্য্য ; সমৃদ্ধি ; ঐশ্বর্য্য ; Abundance, especially of riches, wealth ; opulence.

Affluent (অ্যাফ্‌ফ্লুয়েন্ট্), *a.* সমৃদ্ধিশালী ; প্রচুর ; Rich ; abundant (a land *affluent* in minerals) ; প্রবহমাণ ; Flowing :—*n.* উপনদী ; Tributary stream.

Afflux (অ্যাফ্‌ফ্লাক্স্), **Affluxion** (অ্যাফ্‌ফ্লাক্‌শন্), *n.* বিন্দুমুখী প্রবাহ ; A flow to a point.

Afford (অ্যাফ্‌ফোর্ড্), *v. t.* প্রদান করা ; দেওয়া ; Supply ; give (it *affords* me great pleasure, etc.) ; ব্যয়ভার-বহনে সমর্থ হওয়া ; (With *can*) be able to bear expenses of (poor people cannot *afford* motor-cars).

Afforest (অ্যাফ্‌ফরেস্ট্), *v. t.* অরণ্যে পরিণত করা ; Turn into a forest. *n.*=afforestation—(বনীকরণ) ।

Affray (অ্যাফ্‌ফ্রে), *n.* তুমুল কলহ ; A noisy quarrel ; দাঙ্গা ; A fight in a public place.

Affright (অ্যাফ্‌ফ্রাইট্), *v. t.* ভীত করা ; (in old English and poetry) Frighten :—*n.* আকস্মিক ভয়, সন্ত্রাস ; Sudden fear.

Affront (অ্যাফ্‌ফ্রাণ্ট্), *v. t.* প্রকাশ্যে অপমান করা ; Insult openly ; অগ্রাহ্যের সহিত (মৃত্যু ইত্যাদির) সম্মুখীন হওয়া ; Face (death, etc.) defiantly :—*n.* প্রকাশ্যে অপমান ; Open insult.

Afield (অ্যাফীল্ড্), *ad.* ক্ষেত্রে ; To or in the fields (drive the cows *afield*) ; দূরে ; To or at a distance (far*a field*).

Afire (অ্যাফায়ার্), *ad.* or *pred. a.* জ্বলন্ত অবস্থায় ; জ্বলন্ত ; On fire.

Aflame (অ্যাফ্লেম্), *a.* or *ad.* জ্বলন্ত ; Burning ; অগ্নিশিখাবৎ লাল ; Red like flames ; জ্বলন্তরূপে ; In flames.

Afloat (অ্যাফ্লোট্), *pred. a.* or *ad.* (জলে বা বাতাসে) ভাসমান ; ভাসমান অবস্থায় ; Floating on water or in the air ; adrift ; সমুদ্রে বা জাহাজে ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

At sea ; on a ship ; জলে আবৃত ; Covered with water (the ship sank slowly until the decks were *afloat*) ; ঋণমুক্ত ; Out of debt ; চালু ; In full swing.

Afoot (অ্যাফুট্), *ad.* & *pred. a.* পদব্রজে ; On foot (go *afoot*) ; অগ্রসর, চালু ; In progress (a plot was *afoot*).

Afore (অ্যাফোর্), *prep.* or *ad.* অগ্রে ; সম্মুখভাগে ; Before ; in front of.

Aforementioned (অ্যাফোর্‌মেন্‌শন্‌ড্), **Aforenamed** (অ্যাফোর্‌নেম্‌ড্), **Aforesaid** (অ্যাফোর্‌সেড্), *a.* পূর্ব্বোক্ত ; পূর্ব্ব-কথিত ; Mentioned, named or said before.

Aforethought (অ্যাফোর্‌থট্), *a.* পূর্ব্ব-কল্পিত ; Premeditated.

Aforetime (অ্যাফোর্‌টাইম্), *ad.* পূর্ব্বে ; Previously.

Afraid (অ্যাফ্রেড), *pred. a.* ভীত ; Filled with fear (he is *afraid* of a dog) ; দুঃখিত ; Sorry (am *afraid*= am sorry).

Afresh (অ্যাফ্রেশ্), *ad.* পুনরায় ; Again (to start *afresh*).

African (অ্যাফ্রিক্যান্), *a.* আফ্রিকাদেশ-সম্বন্ধীয় ; Pertaining to Africa :—*n.* আফ্রিকার অধিবাসী ; Inhabitant of Africa.

Afrikander (অ্যাফ্রিক্যাণ্ডার্), *n.* আফ্রিকাদেশজাত কিন্তু ওলন্দাজ বংশসম্ভূত ; Native of S. Africa, born of European, esp. Dutch settlers.

Aft (অ্যাফ্‌ট্), *a.* or *ad.* পশ্চাৎ ; Behind ; জাহাজের পশ্চাদ্ভাগে ; In or near the stern of a vessel.

After (আফ্‌টার্), *a.* পরবর্ত্তী ; Later (in *after* years) ; পশ্চাদ্বর্ত্তী ; Hinder (*after* cabin) :—*prep.* পরে ; Later in times ; পশ্চাতে ; Behind ; next in order (a captain ranks *after* a colonel) ; সত্ত্বেও ; যদিও ; In spite of ; although (*after* all) ; অনুসন্ধানার্থ ; In search of ; in pursuit of ; অনুকরণে ; In imitation of (a painting *after* Tagore) ; অনুপাতে ; In proportion to ; সম্বন্ধে ; Concerning :—*ad.* পরে ; Subsequently, in time or place :—*conj.* পরে ; In, at, the time subsequent to that at which. **Be after**—পাইতে চেষ্টা করা (what *are* you *after ?*). **Look after**—দেখাশোনা করা ; Take care of (who will *look after* your child ?). **Take after**—সদৃশ হওয়া ; Be like (the son *takes after* his father).

Afterbirth (আফ্‌টার্‌বার্থ্), *n.* গর্ভস্থ ফুল, যাহা প্রসবান্তে গর্ভ হইতে বহির্গত হয় ; Placenta.

Afterdamp (আফ্‌টার্‌ড্যাম্প্), *n.* অঙ্গারাম্ল বাষ্প ; A suffocating gas left in mine after explosion of firedamp.

Afterglow (আফ্‌টার্‌গ্লো), *n.* সূর্য্যাস্তের পর পশ্চিমাকাশে রক্তিম আভা ; Glow in the west after sunset.

Afterlife (আফ্‌টার্‌লাইফ্), *n.* শেষ-জীবন ; Later period of one's life.

Aftermath (আফ্‌টার্‌ম্যাথ্), *n.* ঘাসের দ্বিতীয় ফসল ; পরিণাম ; ফল ; The second crop of grass ; consequence ; result (misery is an *aftermath* of war).

Afternoon (আফ্‌টার্‌নূন্), *n.* অপরাহ্ণ ; The time between noon and evening.

Afterpiece (আফ্‌টার্‌পীস্), *n.* নাটকের পরে অভিনীত ক্ষুদ্র প্রহসন ; A small farce performed after a play.

Afterthought (আফ্‌টার্‌থট্), *n.* পশ্চাৎ চিন্তা ; কাজ হইয়া যাইবার পরে যে চিন্তা বা উত্তর মনে আসে ; Expedient,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

idea, etc., that occurs to one later.

Afterward (আফ্‌টার্‌ওয়ার্ড্), **Afterwards** (আফ্‌টার্‌ওয়ার্ড্‌স্), *ad.* পরিশেষে ; পশ্চাতে ; পরে ; ভবিষ্যৎকালে ; Later in time ; subsequently.

Again (এগেন্), *ad.* আবার ; পুনরায় ; Once more ; another time ; আরও ; Further ; besides (then *again*, why did he write ?) ; উত্তরে ; In response (answered him *again*). **Time and again, Again and again**—বারংবার ; Often ; repeatedly. **As much again**—দ্বিগুণ পরিমাণ ; Twice as much. **Now and again**—মাঝে মাঝে ; Sometimes. **Over again**—আর একবার ; Once more.

Against (এগেন্‌স্ট্), *prep.* সংস্পর্শে ; In contact with (ran *against* a rock) ; সামনে ; তুলনায় ; Facing ; in contrast to (*against* a dark background) ; বিরুদ্ধে, বিপক্ষে ; In opposition to (fight *against*) ; অপেক্ষায় ; In anticipation of (*against* a rainy day).

Agamic (অ্যাগ্যামিক্), *a.* যৌনক্রিয়াবিহীন ; Without sexual functions.

Agamous (অ্যাগ্যামাস্), *a.* জননেন্দ্রিয়হীন ; Without sexual organs.

Agape (অ্যাগেপ্), *pred. a.* or *ad.* বিস্ময়াদি হেতু হাঁ করিয়া ; With the mouth wide open (showing wonder, surprise, etc.).

Agate (অ্যাগেট্), *n.* মুক্তাজাতীয় একপ্রকার মূল্যবান্ পাথর ; A precious stone.

Agaze (অ্যাগেজ্র্), *ad.* স্থিরদৃষ্টিতে ; On the gaze.

Age (এজ্), *n.* বয়স ; The length of time a person or thing has lived (what's his *age ?*) ; যুগ ; A great length or period of time with its own characteristics (the Elizabethan *age*) ; সাবালকত্ব ; Legal maturity ; বৃদ্ধ বয়স ; The later part of life (*cf.* youth) ; দীর্ঘকাল ; A very long time (have not seen him for *ages*) :—*v. t. i.* বৃদ্ধ করা ; বৃদ্ধ হওয়া ; Cause to grow old, grow old. **Come of age**—সাবালক হওয়া। **Under age**—নাবালক।

Aged (এজিড্), *attrib. a.* বৃদ্ধ ; Old :—(এজ্‌ড্), *pred. a.* বয়স্ক (*aged* ten).

Ageless (এজ্‌লিস্), *a.* অনন্তযৌবনা ; চিরতরুণ ; Never growing old.

Agency (এজেন্সি), *n.* কার্য্যসাধিকা শক্তি ; Something that helps ; a power or force ; কর্তৃত্ব ; Instrumentality (he got the post by the *agency* of his friends) ; প্রতিনিধিত্ব ; The work or status of a representative ; (ব্যবসায়ে) প্রতিনিধির কার্য্য ; Business or office of an agent ; প্রতিনিধির কার্য্যালয় ; নিযুক্তকস্থান ; The office or place where an agent works (the company has *agencies* all over the world).

Agenda (অ্যাজেণ্ডা), *n. pl.* করণীয় কার্য্যসমূহ ; Things to be done ; বিষয়সূচী, কার্য্যতালিকা ; Items of business to be considered at a meeting, etc. *sing.*=agendum.

Agent (এজেন্ট্), *n.* কার্য্যকারিকা শক্তি ; কারণ ; A force, power or cause ; প্রতিনিধি ; গোমস্তা ; One who acts for another ; one entrusted with the business of another.

Agglomerate (অ্যাগ্‌গ্লমারেট্), *v. t. i.* স্তূপীকৃত করা বা হওয়া ; Collect into a mass :—*a.* রাশীকৃত ; Collected into a heap.

Agglomeration (অ্যাগ্‌গ্লমারেশন্), *n.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

স্তূপাকার-প্রাপ্তি ; Growing or heaping together ; স্তূপ ; রাশি ; গাদা ; Mass. *a.*=agglomerative.

Agglutinate (অ্যাগ্‌গ্লুটিনেট্), *v. t. i.* আঠা দ্বারা সংযুক্ত করা বা হওয়া ; Unite as with glue ; আঠাতে পরিণত করা বা হওয়া ; Turn into glue ; যৌগিক শব্দ গঠন করা ; Form (words) into compounds. *a.*=agglutinative. *n.*=agglutination.

Aggrandize (অ্যাগ্‌গ্র্যান্‌ডাইজ্), *v. t.* ক্ষমতা, পদ বা অর্থ বৃদ্ধি করা ; Make greater the power, rank or wealth.

Aggrandizement (অ্যাগ্‌গ্র্যাণ্ডাইজ্‌মেণ্ট্), *n.* বর্দ্ধিতকরণ ; বৃদ্ধি ; Act of aggrandizing ; state of being aggrandized ; মহোন্নতি ; সমৃদ্ধি ; বর্দ্ধন ; Exaltation ; advancement ; promotion.

Aggravate (অ্যাগ্‌গ্র্যাভেট্), *v. t.* অপকৃষ্ট করা ; Make worse (to *aggravate* an illness) ; গুরুত্ব বর্দ্ধন করা ; Increase the gravity of ; (চলতি) বিরক্ত করা ; Annoy ; ক্রুদ্ধ করা ; Make angry.

Aggravation (অ্যাগ্‌গ্রাভেশন্), *n.* অপকৃষ্টকরণ ; Making worse ; অপকৃষ্টকারী ধর্ম্ম, অবস্থা বা ঘটনা ; Any quality or circumstance which makes a thing worse ; রোগাদির বৃদ্ধির অবস্থা ; Grave condition of a disease.

Aggregate (এগ্‌গ্রিগেট্), *v. t. i.* জড় করা বা হওয়া ; মোট করা, সমষ্টি করা ; Collect into one mass or body, bring together ; accumulate : —(এগ্রিগ্যাট্), *a.* সমষ্টীকৃত ; Total, collected (the *aggregate* force) : —*n.* সমষ্টি, সমূহ ; Sum total. **In the aggregate**—সর্ব্বসাকল্যে, সমষ্টিগতভাবে ; As a whole.

Aggregately (এগ্‌গ্রিগেট্‌লি), *ad.* সর্ব্বসাকল্যে ; Collectively, taken together.

Aggregation (এগ্‌গ্রিগেশন্), *n.* একত্রীকরণ ; Aggregating ; সমষ্টি ; Aggregate. *a.*=aggregative.

Aggress (অ্যাগ্‌গ্রেস্), *v. i.* কলহ বা যুদ্ধ আরম্ভ করা ; Begin a quarrel or a fight.

Aggression (অ্যাগ্‌গ্রেশন্), *n.* চড়াও হইয়া আক্রমণ ; প্রথম বিপক্ষতাচরণ ; প্রথম আক্রমণ ; The first act of hostility or injury (your country was guilty of *aggression*).

Aggressive (অ্যাগ্‌গ্রেসিভ্), *a.* কলহপ্রিয় ; Quarrelsome ; আক্রমণপ্রবণ ; Apt to make an attack without sufficient cause (an *aggressive* country is sure to be censured by the U. N. O.) ; উদ্যমশীল, উদ্যোগী ; Active (you are a travelling salesman, you must be *aggressive* to succeed).

Aggressor (অ্যাগ্‌গ্রেসর্), *n.* প্রথম আক্রমণকারী ব্যক্তি বা দেশ ; The person who or the country which first attacks or assaults another.

Aggrieve (অ্যাগ্‌গ্রীভ্), *v. t.* ক্লেশ দেওয়া ; অনিষ্ট করা ; Give pain to ; injure any one.

Aggrieved (অ্যাগ্‌গ্রীভ্‌ড্), *p. a.* মর্ম্মান্তিক ব্যথিত ; Hurt in one's feeling ; অন্যায় ব্যবহারের জন্য ক্ষুব্ধ ; Feeling that one has been treated unjustly.

Aghast (অ্যাগাস্ট্), *pred. a.* বিস্ময়ে বা ভয়ে অভিভূত ; Filled with surprise, horror or terror (*at*).

Agile (অ্যাজাইল্), *a.* চঞ্চল, তৎপর, চট্‌পটে ; Quick in motion, nimble, active.

Agility (অ্যাজিলিটি), *n.* তৎপরতা ; Quickness in movement.

Agiotage (অ্যাজিওটিজ্), *n.* ফাটকা ব্যবসায় ; Exchange business.

Agitate (অ্যাজিটেট্), *v. t.* আলোড়ন

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করা, নড়া বা নড়ান ; Move or shake ; আকুল করা ; উদ্বিগ্ন করা ; Disturb ; make anxious ; আন্দোলন করা ; Talk about or create a commotion, esp. in order to effect a change for (workers are *agitating* for higher wages).

Agitated (অ্যাজিটেটেড্), *p. a.* আকুল, উদ্বিগ্ন ; Disturbed, anxious ; কম্পিত ; Shaken.

Agitation (অ্যাজিটেশন্), *n.* বিলোড়ন ; Act of agitating ; commotion ; আকুলতা, উদ্বেগ ; Disturbed state of mind, anxiety ; আন্দোলন ; বাদানুবাদ ; Keeping up of a matter before the public ; discussion.

Agitator (অ্যাজিটেটর্), *n.* আন্দোলনকারী ; One who excites public commotion.

Aglow (অ্যাগ্লো), *pred. a.* or *ad.* অত্যন্ত উত্তপ্ত ; দগ্ধ করিয়া লালবর্ণ-কৃত ; Very heated ; red-hot ; দীপ্ত ; উজ্জ্বলভাবে ; In a glow. [Whitlow.

Agnail (অ্যাগ্নেল্), *n.* আঙ্গুলহাড়া ;

Agnate (অ্যাগ্নেট্), *a.* সগোত্র ; Paternally related ; একই গোষ্ঠী বা জাতি-সম্ভূত ; Of the same clan or nation : —*n.* সগোত্র ব্যক্তি ; জ্ঞাতি ; A relation descended from the same man, ancestor. *n.*=agnation.

Agnomen (অ্যাগ্নোমেন্), *n.* অতিরিক্ত নাম, ডাক নাম ; Additional name.

Agnostic (অ্যাগ্নস্টিক্), *n.* অজ্ঞেয়বাদী ; One who holds that we can know nothing about God and the next world.

Agnosticism (অ্যাগ্নস্টিসিজ্ম্), *n.* অজ্ঞেয়বাদ, অজ্ঞাবাদ ; System of the agnostics.

Ago (অ্যাগো), *ad.* অতীতে ; পূর্ব্বে ; In the past (long *ago*).

Agog (অ্যাগগ্), *pred. a.* or *ad.* আগ্রহান্বিত ; উৎসুক (ভাবে) ; Eager ; excited ; eagerly (all *agog* to know what happened).

Agoing (অ্যাগোয়িং), *a.* চলমান ; Going on ; চলতি ; Current.

Agonize (অ্যাগনাইজ্), *v. t. i.* নিরতিশয় যন্ত্রণা দেওয়া বা পাওয়া ; Torture ; suffer agony ; যন্ত্রণায় ছটফট করা ; ব্যথিত হওয়া ; Suffer extreme pain or anguish.

Agonizing (অ্যাগনাইজিং), *pr. a.* নিরতিশয় যন্ত্রণাদায়ক ; Causing great pain or sorrow.

Agony (অ্যাগনি), *n.* দুঃসহ যন্ত্রণা ; Intense pain of body or mind (he was in *agony*) ; মৃত্যুযন্ত্রণা ; Pangs of death.

Agoraphobia (অ্যাগোর‍্যাফোবিয়া), *n.* সভায় বা জনসমক্ষে গমনের নামে তীব্র অনিচ্ছা ; Morbid dislike of public places.

Agrarian (অ্যাগ্রেরিয়ান্), *a.* ভূসম্পত্তিবিষয়ক ; Relating to landed property (*agrarian* dispute) ; কর্ষিত ভূমির ; Of cultivated land :— *n.* ভূসম্পত্তি পুনর্বণ্টনের পক্ষপাতী ; Advocate of redistribution of landed property.

Agrarianism (অ্যাগ্রেরিয়ানিজ্ম্), *n.* ভূমির সমবিভাগ ; An equal division of lands.

Agree (এগ্রী), *v. i.* রাজী হওয়া ; Say 'yes' (I asked him to come and he *agreed*) ; একমত হওয়া ; Consent (*to* a proposal), concur (*with* a person) ; মিল হওয়া ; Be of one mind (the children can't *agree*) ; অনুরূপ হওয়া ; Correspond with (the verb *agrees with* its subject in number and person) ; স্বাস্থ্যের উপযোগী হওয়া ; Suit the health of (meat does not *agree with* me).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Agreeable (এগ্রিয়েব্‌ল্), *a.* মনোজ্ঞ ; উপাদেয় ; Pleasing ; pleasant ; welcome ; উপযোগী ; Suitable ; সম্মত, রাজী ; Ready to agree.

Agreeably (এগ্রিয়েব্‌লি), *ad.* আনন্দের সহিত ; মনোরমরূপে ; উপযোগিরূপে ; Pleasingly ; in an agreeable manner ; suitably.

Agreement (এগ্রিমেণ্ট্), *n.* চুক্তি ; Contract ; অন্বয় ঐক্য ; Harmony ; একমত ; Having the same ideas (I am in *agreement* with what you say).

Agrestic (অ্যাগ্রেস্টিক্), *a.* গ্রাম্য ; [Rural ; চাষাড়ে ; Rustic.

Agricultural (অ্যাগ্রিকাল্‌চার্যাল্), *a.* কৃষিসম্বন্ধীয় ; Pertaining to agriculture (*agricultural* labour) ; কৃষিপ্রধান ; Dependent on agriculture (*agricultural* country).

Agriculture (অ্যাগ্রিকাল্‌চার্), *n.* কৃষি ; চাষ ; Tillage of fields ; husbandry ; farming ; কৃষিবিদ্যা ; Art of cultivating soil.

Agriculturist (অ্যাগ্রিকাল্‌চারিস্ট্), *n.* কৃষিবিদ্যাবিৎ ; কৃষিজীবী ; One skilled in farming ; a cultivator.

Aground (অ্যাগ্রাউণ্ড্), *ad.* চড়ায় আবদ্ধ ; Stuck upon the bottom of shallow water (the ship ran *aground*).

Ague (এগিউ), *n.* পালাজ্বর ; কম্পজ্বর ।

Agued (এগিউড্), *a.* কম্পজ্বর বা পালাজ্বরাক্রান্ত ।

Aguish (এগিউইশ্), *a.* পালাজ্বর বা কম্পজ্বরের মত ; Like ague ; ঐরূপ জ্বরে আক্রান্ত ; Suffering from ague. *ad.*=aguishly. *n.*=aguishness.

Ah (আ), *interj.* শোক, দুঃখ, হর্ষাদি প্রকাশক অব্যয় ; আহা ; হায় ; ছিঃ ; An exclamation of surprise, pity, contempt, joy, etc.

Aha (আহা), *interj.* অহো ; আঃ ; আনন্দ, বিস্ময়, বিদ্রূপ প্রভৃতি ভাবপ্রকাশক অব্যয়পদ ; An exclamation of surprise, triumph or mockery.

Ahead (অ্যাহেড্), *ad.* or *pred. a.* সম্মুখে ; In front. **Go ahead**—উন্নতি করা ; Make progress ; অগ্রসর হওয়া ; Advance ; (চলতি) থেমো না এগিয়ে যাও । **Look ahead**—ভবিষ্যৎ ভাবিয়া প্রস্তুত হওয়া ।

Aheap (অ্যাহীপ্), *ad.* স্তূপাকারভাবে ; In a heap.

Ahem (অ্যাহেম্), *interj.* অন্যের মনোযোগ আকর্ষণ করিবার জন্য গলা খাঁকারি বা কাসি ; An exclamation to call one's attention by clearing the throat or a slight cough.

Ahoy (অ্যাহয়), *interj.* নাবিকদিগের আহ্বান ; Attend ye—a sailor's call.

Aid (এড্), *v. t.* সাহায্য করা ; Help :— *n.* সাহায্য ; Help ; সহায়ক বস্তু ; Helpful thing (*aids* and appliances). **In aid of, to the aid of**—সাহায্যকল্পে । *p. p.*=aided. *conc. n.*=aider. *pr. p.*=aiding.

Aide-de-camp (এড্-ই-কং), *n.* সামরিক কর্ম্মচারী ; সেনাপতির সহচর বা পার্শ্বচর ; Military officer attending a general to carry out his order. *pl.*=aides-de-camp.

Ail (এল্), *v. t. i.* ব্যথিত করা বা হওয়া ; Trouble, afflict in body or mind (what *ails* him ?) ; অসুস্থ হওয়া ; Be ill (rare except *ailing*).

Ailing (এলিং), *pr. a.* পীড়িত ; যন্ত্রণাগ্রস্ত ; Unwell ; pained ; diseased.

Ailment (এল্‌মেণ্ট্), *n.* সামান্য অসুস্থতা ; Illness, esp. a slight one.

Aim (এম্), *v. t. i.* লক্ষ্য করা ; Point (*at*) ; প্রচেষ্টা করা ; Try, direct one's effort (you should *aim* at succeeding in the examination) ; লক্ষ্য করিয়া ছোঁড়া ; Send a blow at or

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

towards (he *aimed* a book at his head) ; লক্ষ্য করিয়া বলা, উদ্দেশে বলা ; Direct (the remark was *aimed* at him) :—*n.* লক্ষ্য ; উদ্দেশ্য ; Object aimed at ; purpose ; লক্ষ্য করার কাজ ; Aiming (his *aim* was so good, etc.). **Take aim**—লক্ষ্য করা।

Aimless (এম্‌লিস্), *a.* লক্ষ্যশূন্য ; উদ্দেশ্য-হীন ; Having no aim or purpose.

Ain't (এণ্ট্)—A colloquial contraction for 'am not', 'is not' and 'are not'.

Air (এয়ার্), *n.* বায়ু, বায়ুমণ্ডল ; Atmosphere ; মৃদু বাতাস ; A light breeze ; সুর ; A tune or melody ; আচরণভঙ্গী ; A way of acting or behaving (he has an *air* of importance) :—*pl.* কৃত্রিম ভাবভঙ্গী ; Affected manners : —*v. t.* বাতাসে মেলিয়া রাখা ; Expose to air ; বাতাস চলাচল করান ; Ventilate ; জানান ; Make known (grievance) ; দেখান ; Show off (clothes). **By air**—বিমানযোগে। **Change of air**—বায়ু পরিবর্তন। **Rend the air**—আকাশ বিদীর্ণ করা। **Put on, give oneself, airs**—ভড়ং করা ; চাল-চলন দ্বারা বড়মানুষির ভাব দেখান ; Assume an affected or haughty manner. **In the air**—গুজব যে (there are rumours *in the air* that···) ; অনিশ্চিত অবস্থায় ; Uncertain (my plans are *in the air*). **On the air**—বেতার মারফৎ, রেডিওতে (what's *on the air* this evening ?). **Take air**—প্রকাশ হইয়া পড়া ; Be known. **Take the air**—বেড়াইবার জন্য বাহিরে যাওয়া ; Go out of doors. **Walk on air**—আনন্দে উৎফুল্ল হওয়া ; Be very gay.

Air base (এয়ার্ বেস্)—বিমান-ঘাঁটি।

Air-bed (এয়ার্-বেড্), *n.* (পীড়িত ব্যক্তি-দিগের জন্য) বায়ুপূর্ণ গদি ; Large air-tight bag filled with air.

Air-bladder (এয়ার্-ব্ল্যাডার্), *n.* বায়ু-কোষ ; মৎস্যের পট্‌কা ; Bladder or sac filled with air.

Air-borne (এয়ার্-বোর্ণ্), *a.* (সৈন্যাদি-সম্পর্কে) আক্রমণ-স্থলে আকাশপথে বাহিত ; (Of troops) transported by air ; (ব্যাধি-সম্পর্কে) বাতাসে বাহিত (*air-borne* disease).

Air-conditioning (এয়ার্-কণ্ডি-শনিং), *n.* বাতাস বিশুদ্ধকরণ ও উহার তাপ-নিয়ন্ত্রণ (*e. g.*, making it cool in summer). **Air-conditioned**—উক্তভাবে নিয়ন্ত্রিত ও শোধিত (*air-conditioned* room).

Aircraft (এয়ার্‌ক্র্যাফ্‌ট্), *n.* উড়ো-জাহাজ ; বেলুন ; বিমান ; Airships ; balloons ; aeroplanes. . **Air-craft-carrier**—বিমানবাহী জাহাজ।

Air-cushion (এয়ার্-কুশন্), *n.* বায়ুর বা দমের গদি ; Air-tight cushion or mattress which can be inflated.

Airdrome (এয়ার্‌ড্রোম্)—Same as **Aerodrome.**

Air-field (এয়ার্-ফীল্ড্), *n.* বিমানাঙ্গন।

Air-force (এয়ার্-ফোর্স্), *n.* সামরিক বিমানবহর ; Branch of the military service that uses aeroplanes.

Air-gun (এয়ার্-গান্), *n.* বায়ুচালিত বন্দুক ; A gun discharged not by gunpowder but by the elastic force of air.

Air-hole (এয়ার্-হোল্), *n.* বায়ু-যাতায়াতের নল ; Pipe for the escape or supply of air.

Airily (এয়ারিলি), *ad.* সূক্ষ্মভাবে ; Thinly ; প্রফুল্লভাবে ; Cheerfully.

Airiness (এয়ারিনিস্), *n.* স্বচ্ছন্দে হাওয়া খেলিবার অবস্থা ; Exposure to a free current of air ; চঞ্চলতা ; Lightness

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

of manner ; প্রফুল্লতা ; Gaiety ; উন্মুক্ততা ; Openness.

Airing (এয়ারিং), *n.* মুক্ত বায়ুতে ভ্রমণ ; বাতাস লাগান। **Give an airing to**—শুকান ; Warm and dry thoroughly. **Take, go for, an airing**—হাঁটিয়া বা গাড়ী ইত্যাদিতে চড়িয়া মুক্ত বায়ু সেবন করা।

Air-jacket (এয়ার্-জ্যাকেট্), *n.* জলে ভাসিবার বায়ুপূর্ণ একপ্রকার জামা ; A kind of dress inflated to support the wearer in water.

Air-line (এয়ার্-লাইন্), *n.* যাত্রিবাহী বিমানের নির্দ্দিষ্ট পথ ; Line or regular route of passenger aircraft.

Air-liner (এয়ার্-লাইনার্), *n.* বৃহৎ যাত্রিবাহী বিমান ; A big aeroplane carrying passengers over long distances.

Air-mail (এয়ার্-মেল্), *n.* ডাকবাহী বিমান ; Mail carried by aircraft.

Airman (এয়ার্ম্যান্), *n.* বৈমানিক ; Aviator. [Aeroplane.

Airplane (এয়ার্প্লেন্), *n.* বিমান ;

Airport (এয়ার্পোর্ট্), *n.* বিমান-পত্তন, বিমান-বন্দর ; Station for aeroplanes to land at or start from.

Air-power (এয়ার্-পাওয়ার্), *n.* বিমান-শক্তি ; বিমানবহরে শক্তিমান্ জাতি ; Military strength in point of aircraft ; nation notably strong in military aircraft.

Air-pump (এয়ার্-পাম্প্), *n.* বায়ু-নিষ্কাশন-যন্ত্র ; Machine for expelling air from a vessel.

Air-raid (এয়ার্-রেড্), *n.* বিমান-আক্রমণ ; Attack by aircraft. **Air-raid precaution**—বিমান-আক্রমণ-প্রতিরোধ-ব্যবস্থা।

Airship (এয়ার্শিপ্), *n.* বাতাস হইতে হাল্কা উড়োজাহাজবিশেষ ; Flying machine lighter than air.

Air-tight (এয়ার্-টাইট্), *a.* বায়ুরোধী Closed tightly so that no air can get in or out (*air-tight* tin).

Air-way (এয়ার্-ওয়ে), *n.* বিমানাদি বাঁধা পথ ; Route regularly followed by aircraft ; খনির ভিতরে বায়ু চলাচলের পথ ; Passage for ventilation in a mine.

Air-worthy (এয়ার্-ওয়ার্দি), *a.* নভোযোগ্য, উড়িবার উপযুক্ত ; Fit for flying.

Airy (এয়ারি), *a.* বায়ুময় ; Consisting of air (*airy* room) ; বায়বীয় Relating or belonging to air ; অসার ; Unsubstantial ; প্রফুল্ল, লঘুচেতা ; Gay, lively ; light-hearted.

Aisle (আইল্), *n.* স্তম্ভশ্রেণীদ্বারা বিচ্ছিন্ন গির্জ্জার পার্শ্ববর্ত্তী বিভাগ ; A side division of a church separated by a row of pillars ; গির্জ্জায় আসনশ্রেণীর মধ্যবর্ত্তী যাতায়াতের পথ ; A passage between rows of seats in a church. [island in a river.

Ait (এট্), *n.* নদীর ক্ষুদ্রদ্বীপ ; Small

Ajar (অ্যাজার্), *ad.* ঈষদুন্মুক্ত ; আধ-খোলা ; Partly open, as a door.

Akimbo (অ্যাকিম্বো), *ad.* কোমরে হাত দিয়া ; With the hand on the hip, and the elbows bent outwards.

Akin (একিন্), *pred. a.* একবংশোদ্ভূত ; সগোত্রজ ; Belonging to the same family (pity is often *akin* to love) ; সদৃশ ; Similar ; একজাতীয় ; Allied by nature.

Alabaster (অ্যালাবাস্টার্), *n.* একপ্রকার সূক্ষ্ম শ্বেত স্ফটিকবৎ প্রস্তর।

Alack (অ্যাল্যাক্), **Alack-a-day** (অ্যাল্যাক্-অ্যা-ডে), *interj.* খেদ বা দুঃখ-প্রকাশক শব্দবিশেষ।

Alacrity (অ্যাল্যাক্রিটি), *n.* তৎপরতা ; আগ্রহ ; Quick and lively movement ; eager readiness.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Aladdin's lamp (অ্যালাদিনস্ ল্যাম্প্), *n.* সর্ব্বকামনাপূরক আলাদীনের যাদুপ্রদীপ ; The magic lamp of Aladdin gratifying all wishes of its holder.

Alamode (অ্যাল্যামোড্), *ad.* ফ্যাসান দুরস্তভাবে ; In fashion.

Alarm (অ্যালার্ম্), *n.* যুদ্ধার্থ সজ্জিত হইবার আহ্বান ; Call to arms ; বিপদ্-সঙ্কেত ; A warning of danger (sound or ring the *alarm*) ; বিপজ্জনিত আকস্মিক বিস্ময় বা উত্তেজনা ; Sudden fear or excitement caused by danger ; জাগাইবার জন্য শব্দকারক বস্তু ; The thing that makes a noise to awaken sleeping men :—*v. t.* ভীত করা ; Terrify ; উদ্বিগ্ন করা ; Cause anxiety to (the news *alarmed* the people) ; বিপদের সঙ্কেত প্রদান করা ; Give warning of danger.

Alarm-bell (অ্যালার্ম্-বেল্), *n.* বিপৎ-সূচক ঘণ্টা ; Bell that gives notice of danger.

Alarm-clock (অ্যালার্ম্-ক্লক্), *n.* সজাগ করিবার ঘড়ি ; A clock to give alarm.

Alarmed (অ্যালার্ম্ড্), *p. a.* আসন্ন বিপদের আশঙ্কায় অভিভূত ; Excited by fear of impending danger ; উদ্বেজিত ; Disturbed.

Alarming (অ্যালার্মিং), *a.* আশঙ্কা বা উদ্বেগজনক ; Causing fear or anxiety.

Alarmist (অ্যালার্মিস্ট্), *n.* ভীতি-সঞ্চারক ব্যক্তি ; Panic-monger.

Alarm-post (অ্যালার্ম্-পোস্ট্), *n.* বিপৎপাতের আশঙ্কা উপস্থিত হইলে সৈন্য-দিগের আশ্রয় লইবার স্থান ; Shelter for troops in case of an alarm.

Alarum (অ্যালারাম্), *n.* বিপদ্-সঙ্কেত দিবার জন্য ঘণ্টাদির বাজনা ; Ringing of bell, etc. to give an alarm ; ঘড়ি ইত্যাদির সঙ্কেতধ্বনিকারক যন্ত্রবিশেষ ; Mechanism attached to a clock, etc.

Alas (অ্যালাস্), *interj.* হায় হায় ; দুঃখ-প্রকাশক শব্দ ; Exclamation of sorrow or grief.

Albatross (অ্যাল্‌ব্যাট্রস্), *n.* প্রশান্ত ও দক্ষিণ সমুদ্রের পক্ষিবিশেষ ; A large sea-bird living in the Pacific and Southern Oceans.

Albeit (অল্‌বীয়িট্), *ad.* যদিও ; হইলেও ; Although ; notwithstanding.

Albino (অ্যাল্‌বীনো), *n.* শ্বেতকায়, শ্বেতকেশ ও রক্তাভ চক্ষুবিশিষ্ট ব্যক্তি বা প্রাণী ; A person or animal having abnormally white skin and hair, and pink eyes.

Album (অ্যাল্‌বাম্), *n.* আলেখ্য-পুস্তক, হস্তলিপি, ফটো, টিকিট ইত্যাদি রাখিবার নিমিত্ত শাদা খাতা ; A blank-book for the insertion of portraits, photographs, autographs, etc.

Albumen (অ্যাল্‌বিউমেন্), *n.* ডিম্বের শ্বেতাংশ ; The white of eggs.

Albuminoid (অ্যাল্‌বিউমিনয়িড্), *a.* ডিম্বের শ্বেতাংশ-সদৃশ ; Like albumen.

Albuminous (অ্যাল্‌বিউমিনাস্), *a.* ডিম্বের শ্বেতাংশ-সদৃশ বা যুক্ত ; Like or containing albumen.

Alchemic (অ্যাল্‌কেমিক্), **Alchemical** (অ্যাল্‌কেমিক্যাল্), *a.* অপরসায়ন-বিদ্যা-বিষয়ক ; Relating to alchemy or produced by it.

Alchemist (অ্যাল্‌কেমিস্ট্), *n.* অপ-রসায়নবিৎ ; One skilled in alchemy.

Alchemize (অ্যাল্‌কেমাইজ্), *v. t.* পরিবর্ত্তন বা শোধন করা ; Transmute.

Alchemy (অ্যাল্‌কেমি), *n.* রসায়নশাস্ত্রের আদিম অবস্থা, কিমিয়া ; The infant stage of chemistry ; নিকৃষ্ট ধাতুকে স্বর্ণে পরিণত করিবার ও চিরযৌবন রক্ষার্থে পানীয় আবিষ্কার করিবার বিদ্যা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Alcohol (অ্যাল্‌কোহল্‌), *n.* সুরাসার, কোহল ; Pure spirit ; সুরাসারযুক্ত যে কোন পানীয় ; Any drink containing alcohol. *a.*=alcoholic. *v.*=alcoholize. **Absolute alcohol**—বিশুদ্ধ সুরাসার, নির্জল কোহল ; Alcohol entirely free from water.

Alcoran (অ্যাল্‌কোরান্‌), *n.* কোরান, ইসলামী ধর্ম্মগ্রন্থ ; The Koran.

Alcove (অ্যাল্‌কোভ্‌), *n.* এক কক্ষের ভিতর দিয়া প্রবেশ্য অন্য ক্ষুদ্র কক্ষ ; A recess in a room ; নিভৃত স্থান ; Secluded resort ; ছায়াময় স্থান ; কুলুঙ্গি ; Vaulted recess in a room-wall ; shady retreat.

Alder (অল্ডার্‌), *n.* আর্দ্র ভূমিতে উৎপন্ন বৃক্ষবিশেষ ; A tree usually growing in moist land.

Alderman (অল্ডার্‌ম্যান্‌), *n.* মহানাগরিকের নিম্নপদস্থ ব্যক্তি ; A civil dignitary next in rank to the mayor.

Ale (এল্‌), *n.* মদ্যবিশেষ, যবসুরা ; Intoxicating drink made from an infusion of malt.

Alee (অ্যালী), *ad.* (*naut.*) বায়ুর বিপরীতে ; On the leeside.

Ale-house (এল্‌-হাউস্‌), *n.* মদের দোকান ; House where ale is sold.

Alembic (অ্যালেম্বিক্‌), *n.* প্রাচীনযুগের বকযন্ত্র ; Apparatus formerly used by chemists for distilling.

Alert (অ্যালার্ট্‌), *a.* চট্‌পটে ; Brisk ; সতর্ক ; Watchful ;—*n.* বিপৎসূচক সঙ্কেত, বিমান-আক্রমণের সঙ্কেত ; Alarm-call of an air-raid ; আক্রমণের সঙ্কেত-কাল ; Period of warning ; আকস্মিক আক্রমণ ; A sudden attack. **On the alert**—হুঁসিয়ার ; Watching carefully, ready for any emergency. **Practice alert**—বিমান-আক্রমণের সঙ্কেতাভ্যাস।

Alexandrine (অ্যালেগ্‌জ্যান্‌ড্রাইন্‌), *n.* ষট্‌পদী ছন্দোবিশেষ ; A verse of six Iambic feet.

Alfresco (অ্যাল্‌ফ্রেস্কো), *ad.* & *a.* বায়ুতে ; খোলা জায়গায় ; In the open air.

Algebra (অ্যাল্‌জেব্‌রা), *n.* বীজগণিত

Algebraic (অ্যাল্‌জেব্‌রেয়িক্‌), **Algebraical** (অ্যাল্‌জেব্‌রেয়িক্যাল্‌), *a.* বীজগণিত-সম্বন্ধীয়। [বীজগণিতবেত্তা

Algebraist (অ্যাল্‌জেব্‌রেয়িস্ট্‌),

Alias (এলিয়াস্‌), *ad.* ওরফে ; Otherwise called (Dipak Sen *alias* Bulu) :—*n.* দ্বিতীয় বা কল্পিত নাম, ডাকনাম ; ওরফ নাম ; Assumed name (Ram has many *aliases*).

Alibi (অ্যালিবাই), *n.* অপরাধ সঙ্ঘটন কালে অভিযুক্ত ব্যক্তির উপস্থিত না থাকার ওজর ; Plea of absence from the place of occurrence when an alleged act took place.

Alien (এলিয়েন্‌), *n.* বিদেশী, পরক্ষ Foreigner, one who is not entitled to the rights of citizenship :—*a.* বিদেশীয় ; Foreign ; বিরুদ্ধ, বিরোধী Wholly different in nature (cruelty is *alien* to his nature).

Alienability (এলিয়েনেবিলিটি), *n.* হস্তান্তরকরণের যোগ্যতা ; Capability of being transferred.

Alienable (এলিয়েনেব্‌ল্‌), *a.* হস্তান্তরকরণীয় ; Capable of being transferred.

Alienage (এলিয়েনেজ্‌), *n.* পারক্য State of being an alien.

Alienate (এলিয়েনেট্‌), *v. t.* হস্তান্তর করা ; Transfer a right or title to another ; স্নেহচ্যুত করা, বন্ধুত্ব বিচ্ছেদ করা ; Estrange (he was *alienated* from his friend) ; অপপ্রয়োগ করা Misapply :—*a.* বিয়োজিত ; Withdrawn ; স্নেহচ্যুত ; Estranged.

Alienated (এলিয়েনেটেড্‌), *p. a.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

স্নেহচ্যুত ; Estranged ; হস্তান্তরিত ; Transferred.

Alienation (এলিয়েনেশন্), *n.* হস্তান্তরকরণ ; The act of transferring ; বন্ধুবিচ্ছেদ ; Estrangement ; মতিবিভ্রম ; Insanity.

Alienator (এলিয়েনেটর্), *n.* হস্তান্তরকারী ; One who transfers or conveys title or property.

Alienee (এলিয়েনী), *n.* যাহার হস্তে অন্যের স্বত্ব অর্পিত হয় ; One to whom title or property is transferred.

Alienist (এলিয়েনিস্ট্), *n.* উন্মাদ রোগগ্রস্ত ব্যক্তির চিকিৎসক ; Mad-doctor.

Alight (অ্যালাইট্), *v. i.* অবতরণ করা ; Get down (*from* a horse, train, etc.) ; (পক্ষী সম্বন্ধে) উড়িয়া আসিয়া বসা ; Come to earth from the air ; দৈবাৎ দেখিতে পাওয়া ; Happen to find (the police *alighted* upon a clue) :—*pred. a.* প্রজ্বলিত ; Kindled (it is difficult to get the wood *alight*) ; হাস্যোজ্জ্বল, আনন্দে উদ্ভাসিত ; Smiling, cheerful (their faces were *alight* with joy).

Align, Aline (অ্যালাইন্), *v. t. i.* একই সরল রেখায় পড়া বা ফেলা ; Form in a line ; arrange in a line, as troops.

Alignment (অ্যালাইন্‌মেণ্ট্), *n.* রেলপথ বা রাস্তার খসড়া নক্সা ; একই সরলরেখায় শ্রেণীবিন্যাস ; Ground plan of a railway or road ; arrangement in a line.

Alike (অ্যালাইক্), *pred. a.* সদৃশ ; Similar :—*ad.* সদৃশরূপে ; In the same way (we think *alike*).

Aliment (অ্যালিমেণ্ট্), *n.* খাদ্যদ্রব্য ; পুষ্টিকর পদার্থ ; Food ; nourishment.

Alimental (অ্যালিমেণ্ট্যাল্), *a.* পুষ্টিকারক ; Nourishing. *ad.*=alimentally.

Alimentary (অ্যালিমেণ্ট্যারি), *a.* খাদ্যসংক্রান্ত ; পৌষ্টিক ; Pertaining to aliment ; nourishing. **Alimentary canal** (অ্যালিমেণ্ট্যারি ক্যান্যাল্)—পৌষ্টিক (মুখবিবর হইতে মলদ্বার পর্য্যন্ত) নালী।

Alimentation (অ্যালিমেণ্টেশন্), *n.* পুষ্টি ; Nourishment.

Alimony (অ্যালিমনি), *n.* আইনানুসারে পরিত্যক্তা স্ত্রীর খোরপোষ।

Aline—See **Align**.

Aliquot (অ্যালিকট্), *a.* সমভাজক ; That divides without a remainder. **Aliquot part**—একাংশ, একলবক অংশ।

Alive (অ্যালাইভ্), *a.* জীবন্ত ; Living, not dead ; চট্‌পটে, কর্ম্মচঞ্চল ; Brisk, active ; সজ্ঞান ; Susceptible ; সচেতন ; Conscious (*alive* to my duties) ; চালু ; In force (a claim kept *alive* for 20 years).

Alkali (অ্যাল্‌ক্যালি), *n.* ক্ষার (*e. g.*, soda). *pl.*=alkalis.

Alkalify (অ্যাল্‌ক্যালিফাই), *v. t.* ক্ষারে পরিণত করা ; Convert or turn into an alkali :—*v. i.* ক্ষারে পরিণত হওয়া ; Become alkaline.

Alkaline (অ্যাল্‌ক্যালাইন্), *a.* ক্ষারগুণযুক্ত, ক্ষারধর্ম্মী ; Having the properties of an alkali.

Alkaloid (অ্যাল্‌ক্যালয়িড্), *n.* উপক্ষার ; Substance having alkaline properties in a slight degree.

All (অল্), *a.* সকল ; Every one of ; সমস্ত ; The whole of :—*ad.* সম্পূর্ণরূপে ; সর্ব্বতোভাবে ; সমুদয়ে ; Wholly ; entirely ; on the whole :—*pron.* সমগ্র পরিমাণ বা সংখ্যা ; The whole amount or number (*all* of us know) : —*n.* সমুদয় অংশ ; সকল বস্তু বা ব্যক্তি ; All the parts ; everything, everyone (*all* is still, *all* are agreed). **In all**—মোটের উপর ; সর্ব্বসাকল্যে ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Taken together ; in the sum total. **On all fours**—হামাগুড়ি দিয়া ; On the hands and knees. **One and all**—সকলেই ; All severally and collectively. **At all**—আদৌ ; In the least degree. **After all**—(see **After**). **For good and all**—চিরদিনের মত ; জন্মের শোধ ; For ever. **Once for all**—একবার মাত্র ; Only once ; চূড়ান্তরূপে ; For the last time. **For all that**—তাহা সত্ত্বেও ; তাহা ব্যতিরেকেও ; In spite of what has been said or done. **All about**—চতুর্দ্দিকে ; In every direction ; on all sides. **All along**—সমস্ত পথ ; সারা রাস্তা ; The whole way, distance or length ; পূর্ব্বাবধি, আগাগোড়া ; Since the beginning to end. **All at once**—হঠাৎ ; Suddenly ; যুগপৎ ; At the same time. **(Be) all attention**—সম্পূর্ণ মনোযোগী হওয়া ; Be wholly attentive (the host *was all attention* to the distinguished guests). **All day long**—সমস্ত দিন ; সারাদিন। **All fools' day**—১লা এপ্রিল ; এপ্রিল মাসের প্রথম দিবস। **All in all**—সর্ব্বেসর্ব্বা ; Pre-eminently powerful. **All-knowing**—সর্ব্বজ্ঞ ; Omniscient. **All-merciful**—করুণাময় ; Full of mercy. **All one, All the same**—একই কথা ; Just the same thing. **All over**—চতুর্দ্দিক্ ব্যাপিয়া ; Throughout ; in every direction. **All over with**—দফারফা ; Finished (it is *all over with* him). **All-pervading**—সর্ব্বগত ; সর্ব্বব্যাপী ; Existing everywhere. **All-powerful**—সর্ব্বশক্তিমান্ ; Almighty. **All right**—বহুৎ আচ্ছা ; বেশ ; Very well ; satisfactory. **All the while**—সমস্ত ক্ষণ ; During the whole period.

Allah (আল্লাহ্), *n.* আল্লা।

Allay (অ্যাল্লে), *v. t.* উপশম করা ; Relieve ; প্রশমিত করা ; Make qui

Allegation (অ্যাল্‌লিগেশন্), বিনা প্রমাণে অভিযোগমূলক বিবৃতিপ্রদান ; An assertion, esp. witho proof.

Allege (অ্যাল্‌লেজ্), *v. t.* নিশ্চয় করি বলা ; Declare, say firmly ; ওজর যুক্তিরূপে উপস্থাপিত করা ; Put forwa as an excuse, or argument.

Allegiance (অ্যাল্‌লীজ্যান্‌স্), *n.* (রাজা প্রতি) আনুগত্য ; নিষ্ঠা ; Being faithf and doing one's duty to one king, etc. ; loyalty.

Allegoric (অ্যাল্‌লিগরিক্), **Allegorical.**(অ্যাল্‌লিগরিক্যাল্), *a.* আলঙ্কারিক রূপকাত্মক ; In the form of a allegory ; consisting of a allegory.

Allegory (অ্যাল্‌লিগরি), *n.* রূপক ; story or description of one thing under the guise of another. *v.*= allegorize.

Allegro (অ্যাল্‌লেগ্রো), *a.* & *ad* দ্রুততালে ; In quick time :—*n* সঙ্গীতের দ্রুত তাল ; A quick movement in music.

Alleluia, Alleluiah (অ্যাল্‌লিলুইয়া) *n.* ভজন-গান ; দেব-বন্দনা ; Song of praise to God.

Alleviate (অ্যাল্‌লীভিয়েট্), *v. t.* লাঘব করা ; উপশম করা ; হ্রাস করা ; Lessen make light ; diminish. *a.*=alleviative.

Alleviation (অ্যাল্‌লীভিয়েশন্), *n.* লাঘব ; উপশম ; Mitigation ; লঘূকরণ উপশম-করণ ; Extenuation ; palliation (*alleviation* of faults).

Alley (অ্যাল্‌লে), *n.* উদ্যান-মধ্যস্থ পথ ; Walk in a garden ; সঙ্কীর্ণ পথ ; গলি ; Narrow passage. **Blind alley**—

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কাণাগলি ; A path that leads nowhere ; (*fig.*) যে কাজে কোন ব্যবসায় শিক্ষা হয় না ; An occupation which does not teach any trade (*e. g.*, that of an errand boy).

All-hail (অল্-হেল্), *interj.* অভিবাদন-বাক্য ; All health, a term of salutation or welcome.

Alliance (অ্যাল্লাইয়্যান্স্), *n.* বৈবাহিক সম্বন্ধ ; কুটুম্বিতা ; Union by marriage ; matrimonial connection ; সন্ধি ; মৈত্রী ; League with foreign powers ; confederacy (form an *alliance*, enter into an *alliance* with) ; মিল ; Community in qualities, etc. (a close *alliance* of ideas between them). **In alliance with**—মৈত্রীবদ্ধ ।

Allied (অ্যাল্লায়েড্), *p. a.* সন্ধিবদ্ধ ; সম্মিলিত ; Entered into a league for mutual defence. **Allied army**—মিত্রবাহিনী । **Allied power**—মিত্রশক্তি ।

Allies (অ্যালাইজ্), *n. pl.* of **Ally.**

Alligation (অ্যাল্লিগেশন্), *n.* (পাটী-গণিতে) বিমিশ্র প্রক্রিয়া ; A rule in Arithmetic.

Alligator (অ্যালিগেটর্), *n.* (আমেরিকায় দৃষ্ট) কুম্ভীরবিশেষ ; American crocodile.

Alliterate (অ্যাল্লিটারেট্), *v. i.* একই অক্ষরে আরম্ভ হওয়া ; Begin with the same letter ; অনুপ্রাস অভ্যাস করা ; Practise alliteration.

Alliteration (অ্যাল্লিটারেশন্), *n.* অনুপ্রাস ; Use of two or more words beginning with the same letter or sound (*e. g.*, busy as a bee).

Alliterative (অ্যাল্লিটারেটিভ্), *a.* অনুপ্রাস-সংক্রান্ত ; Of alliteration.

Allocate (অ্যাল্লকেট্), *v. t.* অংশ বা ভাগ নির্দ্দিষ্ট করিয়া দেওয়া ; Assign (function *to* a person ; fund *to* an object).

Allocation (অ্যাল্লকেশন্), *n.* বিলি-ব্যবস্থা, বিভাজন, বণ্টন ; Act of allocating ; allotment.

Allodial (অ্যাল্লোডিয়্যাল্), *a.* নিষ্কর ; Free of rent or service, free-hold (opposed to **Feudal**).

Allodium (আল্লোডিয়াম্), *n.* নিষ্কর ভূসম্পত্তি ; Freehold estate.

Allopath (অ্যাল্লপ্যাথ্), *n.* বিষম ব্যবস্থানুরাগী ভিষক্ ; One who practises allopathy.

Allopathic (অ্যালাপ্যাথিক্), *a.* বিষম ব্যবস্থা-সংক্রান্ত ; অ্যালপ্যাথি-সম্বন্ধীয় ; Pertaining to allopathy. *ad.*=allopathically.

Allopathist (অ্যাল্লপ্যাথিস্ট্)—Same as **Allopath.**

Allopathy (অ্যাল্লপ্যাথি), *n.* বিষম চিকিৎসা-প্রণালী ; A mode of curing diseases, by using medicines which produce in the system an effect contrary to that of the disease (as opposed to **Homeopathy**).

Allot (অ্যাল্লট্), *v. t.* (*-tt-*) বণ্টন করা ; Distribute (towards the end of the month the profits of the business will be *allotted*) ; অংশ নির্দ্দিষ্ট করিয়া দেওয়া ; Assign marked portions (the first floor was *allotted* to the guests).

Allotment (অ্যাল্লট্মেণ্ট্), *n.* আবণ্টন ; অংশ ; ভাগ ; Act of allotting ; part or share allotted.

Allottee (অ্যাল্লটী), *n.* যাহাকে অংশ নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে ; To whom the allotment is made.

All out (অল্ আউট্)—সর্ব্বশক্তিতে বা পূর্ণবেগে ; At full power or speed

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(used also attributively, *e. g.*, an *all out* effort).

Allow (অ্যাল্লাউ), *v. t. i.* দেওয়া; Give (his father *allows* him Rs. 5/- a month); সত্য বলিয়া স্বীকার করা; Say that something is right and just (the judge *allowed* the claim); যোগ দেওয়া; Add; বাদ দেওয়া; Deduct (*allow* something for errors); অনুমতি দেওয়া; Permit (riding is not *allowed* in the park). **Allow for**—হাতে রাখা, হিসাবের মধ্যে ধরা; Take into the reckoning. **Allow of**—অবকাশ দেওয়া; Admit of (your conduct does not *allow of* any excuse).

Allowable (অ্যাল্লাউয়েব্‌ল্), *a.* চলিতে পারে এমন, অনুমতি দেওয়ার যোগ্য; That may be allowed or permitted; permissible.

Allowance (অ্যাল্লাউয়্যান্স্), *n.* স্বীকার; Admission; acknowledgement; অনুমতি; Permission; হ্রাস; Abatement; বাদ; Deduction; নির্দ্দিষ্ট বা পরিমিত আহার-সামগ্রী; A stated quantity of food or drink, when provisions fall short; ধরাট; দস্তুরি; বাদ; A deduction from the gross weight of goods; discount; ভাতা; Amount that is allowed. **Dearness allowance**—মাগ্‌গি ভাতা। **Make allowances for**—সহানুভূতির সহিত বিচার করা; Judge leniently (he had done wrong; but the magistrate *made allowances for* his youth).

Alloy (অ্যাল্লয়্), *v. t.* খাদ দেওয়া; Mix with a baser metal:—*n.* ধাতুর মিশ্রণ; সঙ্কর ধাতু; খাদ; A mixture of metals; a baser metal mixed with a finer one.

All-round (অল্-রাউণ্ড্), *a.* চৌকস। **All-round man**—চৌকস লোক। **All-round sportsman**—যে খেলোয়াড় সব রকম খেলা জানে।

All-saints'-day (অল্-সেণ্ট্স্-ডে), *n.* ১ই নভেম্বর; The first day of November.

All-souls'-day (অল্-সোল্স্-ডে), ২রা নভেম্বর; The second day of November.

Allspice (অল্স্পাইস্), *n.* কাবাব চিনি।

Allude (অ্যাল্লিউড্, অ্যাল্লুড্), *v. i.* পরোক্ষভাবে উল্লেখ করা; উদ্দেশ করিয়া বলা; Mention slightly in passing; refer to (*allude* to a thing).

Allure (অ্যাল্লিউর্), *v. t.* প্রলুব্ধ করা; Tempt; entice; মুগ্ধ করা; Charm (circuses are *alluring* to children).

Allurement (অ্যাল্লিউর্‌মেণ্ট্), *n.* প্রলোভন; Temptation; প্রলোভনের বস্তু; That which allures.

Allusion (অ্যাল্লুঝন্), *n.* পরোক্ষভাবে উল্লেখ; An indirect reference. *a.*=allusive. **Make an (any, no) allusion to**—প্রত্যক্ষভাবেই হোক বা পরোক্ষভাবেই হোক কোন বিষয়ে লেখা বা বলা।

Alluvial (অ্যাল্লুভিয়্যাল্), *a.* নদীস্রোত বা বন্যা দ্বারা সঞ্চিত; পলিজ, পাললিক; Deposited or laid down by flowing water (*alluvial* soil).

Alluvion (অ্যাল্লুভিয়ন্), **Alluvium** (অ্যাল্লুভিয়াম্), *n.* নদীবাহিত নিম্নভূমিতে সঞ্চিত পলি; Deposits of earth, gravel and other matter made by rivers or flood. *pl.*=alluvia.

Ally (অ্যাল্লাই), *v. t.* বিবাহ, মিত্রতা বা সন্ধি দ্বারা যুক্ত করা; Join (families) by marriage, or (countries) by friendship or treaty. **Be allied to**—ঘনিষ্ঠভাবে যুক্ত হওয়া; Be closely connected with; সদৃশ হওয়া; Be like (Hindi *is allied to* Sanskrit):—*n. sing.* সহায়; সহযোগী; Confe-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

derate ; সন্ধিবদ্ধ রাজা বা রাজ্য ; Prince or State united by a treaty or league.

Alma Mater (অ্যাল্‌মা মেটার্‌), *n.* (কাহারও) বিশ্ববিদ্যালয় বা স্কুলের নাম ; One's university or school.

Almanac (অল্‌ম্যান্যাক্‌), *n.* পঞ্জিকা ; Calendar of days, weeks and months ; annual calendar.

Almighty (অল্‌মাইটি), *a.* সর্ব্বশক্তিমান্‌ ; Omnipotent. **The Almighty**—ঈশ্বর ; পরমেশ্বর ; God. *ad.*=almightily. *n.*=almightiness.

Almirah (আল্‌মায়্‌রা), *n.* আল্‌মারি ।

Almond (আমাণ্ড্‌), *n.* বাদাম ।

Almonds (অ্যামণ্ড্‌জ্‌), *n. pl.* কণ্ঠলম্বিত মাংসগ্রন্থি ; Tonsils.

Almoner (অ্যাল্‌মনার্‌, আমনার্‌), *n.* সরকারী ভিক্ষা-বিতরণকারী ; Official distributor of alms.

Almonry (অ্যাল্‌মন্‌রি), *n.* সত্র, ভিক্ষা-বিতরণ-কেন্দ্র ; Place where alms are distributed.

Almost (অল্‌মোস্ট্‌), *ad.* প্রায় ; অনেকাংশে ; Nearly ; for the most part ; well-nigh.

Alms (আম্‌জ্‌), *n. sing.* or *pl.* ভিক্ষা ; দান ; খয়রাৎ ; Relief given out of pity to the poor ; charitable donation.

Alms-house (আম্‌জ্‌-হাউস্‌), *n.* অনাথ-আশ্রম ; দরিদ্রাবাস ; House where the poor are lodged and supported.

Almsman (আম্‌জ্‌ম্যান্‌), *n.* ভিক্ষোপ-জীবী ; One who lives upon alms.

Aloe (অ্যালো), *n.* ঘৃতকুমারী ; অগুরু ; মুসব্বর । *pl.*=aloes—(অগুরু) ।

Aloft (অ্যালফ্‌ট্‌), *pred. a.* & *ad.* ঊর্দ্ধে ; উপরের দিকে ; Overhead ; upward ; (*naut.*) মাস্তুলের দড়াদড়ির মধ্যে, উচ্চে ; Among the ropes and masts, high above the decks.

Alone (অ্যালোন্‌), *pred. a.* একাকী, সঙ্গি-বিহীন ; Single, without company :—*ad.* কেবল ; Only (not *alone* ...but also). **Let** or **Leave alone**—যে ভাবে আছে সেইভাবে থাকিতে দেওয়া, একাকী থাকিতে দেওয়া, হস্তক্ষেপ না করা ; Not interfere with. **Let alone the expense**—খরচের কথা ছাড়িয়া দিলেও ।

Along (অ্যালং), *ad.* বরাবর ; Onward (come *along*). **Get along with**—অগ্রসর হওয়া বা উন্নতি করা ; Go forward or make progress with (how are you *getting along with* Hindi?). **All along**—সর্ব্বক্ষণ । **Along with**—একত্রে ; Together with :—*prep.* বরাবর ; From end to end of (he is walking *along* the road).

Alongside (অ্যালংসাইড্‌), *ad.* & *prep.* পাশা-পাশি, পাশে ; Side by side ; by the side of.

Aloof (অ্যালূফ্‌), *ad.* & *pred. a.* দূরে ; পৃথগ্‌ভাবে ; Away ; apart. **Keep, stand, hold, aloof (from)**—দূরে থাকা, যোগ না দেওয়া ।

Aloud (অ্যালাউড্‌), *ad.* উচ্চৈঃস্বরে ; Loudly, with a loud voice.

Alpaca (অ্যাল্‌পাকা), *n.* একপ্রকার মেষ ; A species of Peruvian sheep ; উক্ত জন্তুর লোমজ বস্ত্র ; আলপাকা ; Cloth made of its hair.

Alpha (অ্যাল্‌ফ্যা), *n.* গ্রীক্‌বর্ণমালার প্রথম অক্ষর ; The first letter in the Greek alphabet ; আদি বা প্রারম্ভ ; The first or beginning. **Alpha and Omega**—আদি ও অন্ত ; আরম্ভ ও শেষ ; সমগ্র অংশ ; The first and the last ; the beginning and the end ; the whole.

Alphabet (অ্যাল্‌ফ্যাবেট্‌), *n.* বর্ণমালা ; The letters of a language.

Alphabetic (অ্যাল্‌ফ্যাবেটিক্‌), **Alpha-**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

betical (অ্যাল্‌ফ্যাবেটিক্যাল্), *a.* বর্ণমালা-সম্বন্ধীয় বা বর্ণানুক্রমিক ; Relating to or arranged in the order of the letters of the alphabet.

Alphabetically (অ্যাল্‌ফ্যাবেটিক্যালি), *ad.* বর্ণমালা অনুসারে ; বর্ণানুক্রমে ; In an alphabetical manner ; in alphabetic order.

Alpine (অ্যাল্‌পাইন্), *a.* আল্পস্ বা অন্য উচ্চ পর্ব্বতসংক্রান্ত ; Pertaining to the Alps or any high mountain ; অত্যুচ্চ ; Very high.

Already (অল্‌রেডি), *ad.* ইতিমধ্যে ; By this time ; ইতঃপূর্ব্বে ; Beforehand.

Also (অল্‌সো), *ad.* তাহা ছাড়া ; আরও ; Besides ; further.

Altar (অল্‌টার্), *n.* যজ্ঞবেদী, বেদী ; Raised structure on which sacrifices are offered ; গির্জ্জার বেদীবিশেষ ; In Christian churches, the communion table ; (*fig.*) পূজাস্থান ; Place of worship.

Alter (অল্‌টার্), *v. t. i.* পরিবর্ত্তন করা ; পরিবর্ত্তিত হওয়া ; Change in character, position, etc. *a.*=alterative, alterant, alterable.

Alteration (অল্‌টারেশন্), *n.* অদল-বদল ; Change ; পরিবর্ত্তনকরণ ; Act of altering.

Alterative (অল্‌টারেটিভ্), *a.* পরিবর্ত্তক ; পরিবর্ত্তনক্ষম ; Having the power to change :—*n.* পরিবর্ত্তক ঔষধ ; Medicine that gradually improves the vital functions.

Altercate (অল্‌টার্‌কেট্), *v. i.* বাদানুবাদ করা ; তর্কবিতর্ক করা ; Contend in words ; dispute (*with*).

Altercation (অল্‌টার্‌কেশন্), *n.* বিতণ্ডা ; কলহ ; Contention in words ; wrangling. *a.*=altercative.

Alternate (অল্‌টার্‌নেট্), *n.* (দুই জাতীয় জিনিসের মধ্যে) একটি বাদে একটি ; একান্তর ; Occurring each after one of the other kind (*alternate* lines of red and blue) ; (with *pl.* noun) পর্য্যায়ক্রমিক (on *alternate* days) :—(অল্‌টার্‌নেট্), *v. t. i.* (দুইটির মধ্যে) পর্য্যায়ক্রমে একটির পর একটিকে অনুগমন করান ; Cause to follow by turns or one after the other ; পর্য্যায়ক্রমে ঘটা ; Come one after another in turns. **Alternate angle**—একান্তর কোণ ।

Alternately (অল্‌টার্‌নেট্‌লি), *ad.* পর্য্যায়ক্রমে ; By turns ; by rotation.

Alternation (অল্‌টার্‌নেশন্), *n.* পর্য্যায়ক্রমে আগমন ; Act of following or being followed by turns ; পর্য্যায়ক্রম ; Reciprocal succession.

Alternative (অল্‌টার্‌নেটিভ্), *a.* (দুইটি জিনিসের মধ্যে) অন্যতর, বৈকল্পিক ; Offering a choice between two things :—*n.* বিকল্প, অনুকল্প, দুইয়ের মধ্যে একটি নির্ব্বাচন ; Choice between two things.

Alternatively (অল্‌টার্‌নেটিভ্‌লি), *ad.* বিকল্পরূপে ; In the event of excluding the other course.

Although (অল্‌দো), *conj.* তাহা সত্ত্বেও ; যদিও ; Notwithstanding that ; though.

Altimeter (অ্যাল্‌টিমিটার্), *n.* উচ্চতা-পরিমাপক যন্ত্র ; Instrument for measuring altitude.

Altitude (অ্যাল্‌টিটিউড্), *n.* উচ্চতা ; Height ; সমুদ্রপৃষ্ঠ হইতে উচ্চতা ; Elevation from sea-level :—*pl.* উঁচু স্থান ; High place or places. *a.*=altitudinal.

Alto (অল্‌টো), *n.* স্ত্রীলোকের সর্ব্বনিম্ন ও পুরুষের সর্ব্বোচ্চ স্বর ; The lowest female and the highest male voice.

Altogether (অল্‌টুগেদার্), *ad.* সম্পূর্ণরূপে ; একেবারে ; Wholly ; entirely ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সব কিছু বিবেচনা করিয়া ; Considering all things (*altogether* you have nothing to justify yourself with).

Altruism (অ্যাল্‌ট্রুইজ্‌ম্), *n.* অপরের নিমিত্ত জীবনধারণ ও কার্য্য করিবার নীতি, পরার্থবাদ ; Principle of living and acting for the interest of others (*oppo.*=egoism).

Altruist (অ্যাল্‌ট্রুয়িস্ট্), *n.* পরার্থপর ব্যক্তি ; One who puts the happiness and well-being of others before his own.

Altruistic (অ্যাল্‌ট্রুয়িস্টিক্), *a.* পরার্থপর ; নিঃস্বার্থ ; Thoughtful of others ; unselfish.

Alum (অ্যালাম্), *n.* ফট্‌কিরি ।

Aluminium (অ্যালিউমিনিয়াম্), *n.* এলুমিনিয়ম ; রৌপ্যসদৃশ শুভ্র লঘু ধাতুবিশেষ ।

Alumnus (অ্যালাম্‌নাস্), *n.* স্কুলকলেজের ছাত্র ; A pupil of a college or university ; one educated at a college is called *alumnus* of that college. *pl.*=alumni (অ্যালাম্‌নাই) ।

Always (অল্‌ওয়েজ্), *ad.* সর্ব্বদা ; অনুক্ষণ ; চিরকাল ; Continually ; at all times ; for ever. **Not always**—মাঝে মাঝে ; Sometimes.

Am (অ্যাম্), *v. i.* হই ; আছি ; The singular first person form of the verb *to be*.

A. M., a. m. (এ. এম্.), Latin 'ante meridiem' (=before noon)-এর সংক্ষেপ ; রাত্রি বারটার পর হইতে দিন বারটার পূর্ব্বমুহূর্ত্ত সময় (*cf.* p. m.).

Amain (অ্যামেন্), *ad.*(কাব্যে) সজোরে ; সত্বর ; Vehemently ; in all haste.

Amalgam (অ্যাম্যাল্‌গ্যাম্), *n.* পারদমিশ্রিত ধাতু ; পারদসঙ্কর ; Mixture of mercury with another metal.

Amalgamate (অ্যাম্যাল্‌গ্যামেট্), *v. t. i.* মিশ্রিত করা, হওয়া বা একত্র হওয়া ; Mix, join together.

Amalgamation (অ্যাম্যাল্‌গ্যামেশন্), *n.* মিশ্রণ ; Mixing ; সংযোগ, সম্মেলন ; A combination or union.

Amanuensis (অ্যাম্যানিউয়েন্‌সিস্), *n.* শ্রুতলিপিকর ; Clerk who writes from dictation. *pl.*=amanuenses.

Amaranth (অ্যাম্যার‍্যান্থ্), *n.* অম্লান পুষ্পবিশেষ ।

Amaranthine (অ্যাম্যার‍্যান্‌থাইন্), *a.* অম্লান ; Unfading ; কল্পিত অম্লান পুষ্পসম্বন্ধীয় ; Pertaining to amaranth.

Amass (অ্যাম্যাস্), *v. t.* সঞ্চয় করা ; Accumulate ; রাশীকৃত করা ; একত্রিত করা ; Gather into a heap ; collect. *n.*=amassment.

Amassed (অ্যাম্যাস্‌ট্), *p. a.* রাশীকৃত ; Collected into a heap.

Amateur (অ্যাম্যাচার্), *n.* অ-পেশাদারী ; One who cultivates a thing as a pastime. *abs. n.*=amateurship, amateurishness, amateurism. *a.*=amateurish.

Amative (অ্যাম্যাটিভ্), *a.* প্রণয়সংক্রান্ত ; কামুক ; Relating to love ; amorous.

Amatory (অ্যাম্যাটরি), *a.* প্রণয়সংক্রান্ত বা প্রেমোদ্দীপক ; Relating to or causing love.

Amaze (অ্যামেজ্), *v. t.* বিস্ময়াভিভূত করা ; Overwhelm with wonder :— *n.* (কাব্যে) See **amazement.**

Amazedly (অ্যামেজ্‌ড্‌লি), *ad.* বিস্ময়সহকারে ; Astonishingly.

Amazement (অ্যামেজ্‌মেণ্ট্), *n.* বিস্ময় ; Astonishment. [কর ; Astonishing.

Amazing (অ্যামেজিং), *pr. a.* বিস্ময়-

Amazon (অ্যাম্যাজ্‌ন্), *n.* গ্রীক্ উপকথায় বর্ণিত রণপ্রিয়া স্ত্রীজাতির নারীবিশেষ ; A woman belonging to a warlike race read of in Greek stories ; স্ত্রী-যোদ্ধা ; Female warrior ; পুরুষভাবাপন্ন স্ত্রীলোক ; Mas-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

culine woman ; দক্ষিণ আমেরিকাস্থ পৃথিবীর বৃহত্তম নদী ; The largest river in the world, in S. America. *a.*=amazonian.

Ambassador (অ্যাম্‌ব্যাসাডর্), *n.* রাষ্ট্রদূত, রাজদূত ; An official sent to a foreign court to act for his government. *fem.*=ambassadress. *a.*=ambassadorial.

Amber (অ্যাম্বার্), *n.* তৈলস্ফটিক ; Yellow transparent fossil resin used for ornaments, etc. ; হলুদ রঙ ; Yellowish colour.

Ambergris (অ্যাম্বার্‌গ্রীস্), *n.* তিমিমাছ হইতে প্রাপ্ত মোমজাতীয় দ্রব্যবিশেষ।

Ambidexter (অ্যাম্বিডেক্স্‌টার্), *a.* & *n.* (ব্যক্তি) উভয় হস্ত সমভাবে চালনা করিতে সক্ষম ; সব্যসাচী ; (One) able to use both hands alike ; কপটাচারী ; Double dealing (person).

Ambient (অ্যাম্বিয়েণ্ট্), *a.* পরিবেষ্টনকারী ; Surrounding (the *ambient* air).

Ambiguity (অ্যাম্বিগিউয়িটি), *n.* অর্থের অনিশ্চয়তা, দ্ব্যর্থবোধকতা ; Uncertainty of meaning ; the quality of admitting of more than one meaning ; দ্ব্যর্থবোধক জিনিস ; A thing that is ambiguous.

Ambiguous (অ্যাম্বিগিউয়াস্), *a.* অনিশ্চিতার্থক ; দ্ব্যর্থক ; সন্দেহজনক ; Of doubtful or double meaning ; doubtful.

Ambit (অ্যাম্বিট্), *n.* বেষ্টনী ; চৌহদ্দী ; Line that encompasses a thing.

Ambition (অ্যাম্বিশান্), *n.* উচ্চাকাঙ্ক্ষা ; Desire for distinction ; aspiration ; উচ্চাকাঙ্ক্ষার লক্ষ্য ; Object of ambition.

Ambitious (অ্যাম্বিশাস্), *a.* উচ্চাভিলাষী ; Full of ambitions, ardently desirous (*of* a thing, *to* do) ; উচ্চাভিলাষ প্রকাশক ; Showing ambition (*ambitious* project).

Amble (অ্যাম্ব্‌ল্), *v. i.* কদমে চলা ; Move by lifting both legs on each side alternately, as of a horse (*amble* along) ; ধীরে ধীরে যাওয়া ; Move at an easy pace ; ভঙ্গী করিয়া চলা, গর্ব্বিতভাবে চলা ; Move affectedly :—*n.* অশ্বের গতি ; Pace of a horse between a walk and a trot ; সহজ মন্থর গতি ; An easy, gentle pace.

Ambrosia (অ্যাম্ব্রোজিয়া), *n.* অমৃত ; সুধা ; Nectar ; food of the gods ; তৃপ্তিকর বস্তু ; Anything pleasant to the taste or smell.

Ambrosial (অ্যাম্ব্রোজিয়্যাল্), *a.* অমৃত-সম্বন্ধীয় ; Of ambrosia ; স্বর্গীয় ; Divine.

Ambulance (অ্যাম্বিউল্যান্স্), *n.* আহত বা রুগ্‌ণ ব্যক্তিবাহী স্বতন্ত্র যানবিশেষ ; যুদ্ধে আহত সৈন্যদিগের সহগামী চিকিৎসালয় ; A special conveyance for the sick or injured ; a moving hospital following an army. **Ambulance Corps** (কোর্)—যুদ্ধক্ষেত্রে আহত সৈনিকদের শুশ্রূষাকারী সেবকদল।

Ambuscade (অ্যাম্বাস্‌কেড্), *n.* ওৎ পাতিয়া অবস্থান ; Lying in wait ; লুক্কায়িত সেনাদল ; The troops who are hidden ; যে স্থানে সৈন্যেরা শত্রুর অপেক্ষায় উপবিষ্ট থাকে, ঘাঁটি ; Place where troops lie in wait against the arrival of the enemy :—*v. t. i.* ওৎ পাতিয়া থাকা ; Lie in wait for (the enemy).

Ambush (অ্যাম্বুশ্), *n.* & *v.* Same as **Ambuscade. Lie in ambush (for)**—ওৎ পাতিয়া থাকা।

Ameer, Amir (আমীর্), *n.* মুসলমান রাজ্যে শাসনকর্ত্তা ও প্রধান অমাত্যগণের উপাধি ; আমীর ; A title of an inde-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

pendent ruler or of noble courtiers in some Mohammedan states.

Ameliorate (অ্যামীলিয়রেট্), *v. t. i.* উৎকর্ষসাধন করা ; উন্নতি করা ; Make better ; improve ; উন্নত হওয়া ; Grow better.

Amelioration (অ্যামীলিয়রেশন্), *n.* উন্নতি ; উন্নতি-সম্পাদন ; Improvement.

Ameliorative (অ্যামীলিয়রেটিভ্), *a.* উন্নতিকারক ; Producing improvement.

Amen (এমেন্, আমেন্), *interj.* (প্রার্থনান্তে উক্ত) তথাস্তু ; স্বস্তি ; (A word used after prayer) may it be so.

Amenable (অ্যামীন্যাব্ল্), *a.* সহজে পরিচালন বা শাসনযোগ্য ; Easy to be led or governed ; দায়ী ; Liable ; responsible ; বাধ্য, অধীন ; Submissive (he is *amenable to* reason=he is willing to obey or take advice).

Amend (অ্যামেণ্ড্), *v. t. i.* সংশোধন করা ; উন্নতিসাধন করা ; Correct ; improve ; reform ; আইন বা আইনের খসড়ার বাক্যে পরিবর্ত্তনসাধন করা ; Make changes in the words of a bill, rule or law (there is a great agitation to *amend* the law).

Amendment (অ্যামেণ্ড্মেণ্ট্), *n.* সংশোধন ; Correction ; আইনের খসড়ার প্রস্তাবিত পরিবর্ত্তন ; Proposed alteration of a bill or a motion.

Amends (অ্যামেণ্ড্স্), *n.* খেসারত, ক্ষতিপূরণ ; Reparation ; compensation. **Make amends for**—ক্ষতিপূরণ করা (you must *make amends for* the loss I have incurred).

Amenity (অ্যামীনিটি), *n.* মনোজ্ঞতা ; রমণীয়তা ; Agreeableness, pleasantness :—*pl.* জীবনের সুখস্বাচ্ছন্দ্য ; Things that make life easy and pleasant (*amenities* of city life).

Amerce (অ্যামার্স্), *v. t.* জরিমানা করা ; Punish (person) with a fine ; শাস্তি দেওয়া ; Punish. *n.*=amercement, *a.*=amerciable.

American (অ্যামেরিক্যান্), *a.* আমেরিকা, বিশেষতঃ ইউনাইটেড্ ষ্টেট্স্ সম্বন্ধীয় :— *n.* আমেরিকাদেশবাসী।

Americanism (অ্যামেরিক্যানিজ্ম্), *n.* যুক্তরাষ্ট্রে ব্যবহৃত বা যুক্তরাষ্ট্র হইতে উদ্ভূত শব্দ, উচ্চারণাদি।

Americanize (অ্যামেরিক্যানাইজ্), *v. t.* আমেরিকা দেশবাসী করা ; আমেরিকাবাসীদিগের সদৃশ ভাবাপন্ন করা ; Make American ; assimilate to the Americans in customs and ideas.

Amethyst (অ্যামিথিস্ট্), *n.* পদ্মরাগ মণিবিশেষ ; A precious stone of deep violet colour. *a.*=amethystine.

Amiable (এমিয়েব্ল্), *a.* অমায়িক ; Good-natured ; ভালবাসার যোগ্য ; Lovable ; বন্ধু-ভাবাপন্ন ; Friendly. *n.*=amiability.

Amicable (অ্যামিকেব্ল্), *a.* মিত্রভাবাপন্ন ; সৌহার্দ্দ্যপূর্ণ ; Friendly. *n.*= amicability. **Amicable settlement**—বন্ধুভাবে আপোষ-নিষ্পত্তি।

Amicably (অ্যামিকেব্লি), *ad.* আপোষে, মিত্রভাবে ; In a friendly manner.

Amid (অ্যামিড্), **Amidst** (অ্যামিড্স্ট্), *prep.* মধ্যে, অভ্যন্তরে ; In or in the middle of.

Amidships (অ্যামিড্শিপ্স্), *ad.* জাহাজের মধ্যস্থলে ; In the middle of a ship.

Amir—See **Ameer.**

Amiss (অ্যামিস্), *pred. a. & ad.* ভ্রান্তিপূর্ণ, গলদযুক্ত ; Wrong ; faulty ; out of order (what is *amiss* with it ?) ; মন্দরূপে ; ভ্রান্তভাবে ; Wrongly. **Take amiss**—ক্ষুব্ধ হওয়া ; ত্রুটি লওয়া ; Feel offended at (don't *take* it *amiss*).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Amity (অ্যামিটি), *n.* মিত্রতা : বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ; Friendly relations (*e. g.*, between nations).

Ammonia (অ্যাম্‌মোনিয়া), *n.* বর্ণহীন উগ্রগন্ধযুক্ত গ্যাসবিশেষ। *a.*=ammoniac.

Ammunition (অ্যাম্‌মিউনিশন্), *n.* কামান-বন্দুকে ব্যবহার্য্য যুদ্ধোপকরণ ; যথা—বারুদ, গোলা ইত্যাদি ; Military stores, esp. gun-powder, bombs, shells, etc.

Amnesty (অ্যাম্‌নিস্টি), *n.* রাজনৈতিক অপরাধীদিগের ব্যাপকভাবে ক্ষমা বা মুক্তি ; General pardon of political offenders.

Amoeba (আমীবা), *n.* জলে ভাসমান অতি সূক্ষ্ম জীবাণুবিশেষ। *pl.*=amoebae, amoebas. *a.*=amoebic.

Amok—Same as **Amuck.**

Among (অ্যামাং), **Amongst** (অ্যামাংস্ট্), *prep.* মধ্যে ; In or into the midst of (fell *among* thieves) ; সংখ্যার মধ্যে ; In the number of (one *among* a thousand) ; সীমার মধ্যে (quarrel *among* themselves). **One among many**—অনেকের মধ্যে একজন। **He is among my friends**—সে আমার বন্ধুবর্গের মধ্যে একজন। **They have not Rs. 5/- among them**—সকলের টাকা লইয়াও তাহাদের মোট পাঁচ টাকা নাই।

Amorous (অ্যামরাস্), *a.* প্রণয়শীল ; Inclined to love ; প্রণয়-সম্পর্কীয় ; Of love ; প্রণয়াসক্ত ; In love (*amorous* look—প্রেমমুগ্ধ দৃষ্টি)। [Shapeless.

Amorphous (অ্যামর্‌ফাস্), *a.* নিরবয়ব ;

Amount (অ্যামাউন্ট্), *v. i.* সমষ্টি হওয়া ; Add up ; সমান হওয়া, কার্য্যত এক হওয়া ; Equal ; পৌঁছান ; Reach (the bill *amounts* to Rs. 50/- ; what does this *amount* to ?=বুঝায়) :—*n.* সমষ্টি ; মোট ; Sum total ; quantity ; ফল ; Effect or result.

Amour (অ্যামুর্), *n.* গুপ্ত প্রণয় ; A secret love-affair.

Ampere (অ্যাম্‌পীয়ার্), *n.* তাড়িত শক্তি-পরিমাপক একক ; Unit of electric current.

Amphibian (অ্যাম্‌ফিবিয়্যান্), *n.* উভচর প্রাণী ; An animal capable of living both in water and on land (*e. g.*, frog) ; যে উড়োজাহাজ জল বা স্থল হইতে শূন্যে উঠিতে এবং শূন্য হইতে জল বা স্থলে নামিতে পারে।

Amphibious (অ্যাম্‌ফিবিয়াস্), *a.* উভচর ; Able to live both on land and in water. **Amphibious operations**—জলে স্থলে আক্রমণের ব্যবস্থা।

Amphitheatre (অ্যাম্‌ফিথিয়্যাটার্), *n.* উন্মুক্ত রঙ্গভূমি ; ক্রমোচ্চ মঞ্চসজ্জিত অর্দ্ধ-বৃত্তাকার নাট্যশালা, রঙ্গস্থল ; Scene of contest.

Ample (অ্যাম্‌প্‌ল্), *a.* প্রশস্ত ; বৃহদাকার ; Spacious ; of large size ; প্রচুর ; Abundant ; যথেষ্ট ; Quite enough.

Amplification (অ্যাম্‌প্লিফিকেশন্), *n.* সম্প্রসারণ ; বৃদ্ধিকরণ ; Enlargement ; extension ; বিস্তারপূর্ব্বক বর্ণনা ; Description in details.

Amplifier (অ্যাম্‌প্লিফাইয়ার্), *n.* বৈদ্যুতিক তরঙ্গ শব্দে পরিণত হইবার পূর্ব্বে উহার শক্তিবিবর্দ্ধক কলবিশেষ ; (চলতি) লাউডস্পীকার।

Amplify (অ্যাম্‌প্লিফাই), *v. t. i.* বাড়ান, সম্প্রসারিত করা ; Enlarge, add details to (story, statement) ; বাড়াইয়া বলা বা লেখা ; Write or talk at length (no need to *amplify*).

Amplitude (অ্যাম্‌প্লিটিউড্), *n.* বিস্তৃতি ; Spaciousness ; প্রাচুর্য্য ; Abundance.

Amply (অ্যাম্‌প্লি), *ad.* যথেষ্ট বা প্রচুর পরিমাণে (I shall regard my labour *amply* rewarded).

Ampoule (অ্যাম্‌পুল্), *n.* ঔষধ রাখিবার

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কাচকুপি ; Small glass container for a hypodermic dose.

Amputate (অ্যাম্‌পিউটেট্), *v. t.* অঙ্গচ্ছেদ করা ; Cut off (limb). *n.*=amputator.

Amputation (অ্যাম্‌পিউটেশন্), *n.* অঙ্গচ্ছেদন ; The cutting off (a limb).

Amuck (অ্যামাক্), *ad.* ক্ষিপ্তের ন্যায় ; Wildly, in a frenzied or reckless manner. **Run amuck**—খুনের নেশায় ক্ষিপ্তের ন্যায় ছুটাছুটি করা ; Run about wildly trying to kill people ; ক্ষিপ্ত ও হিংস্র হইয়া ওঠা ; Become mad and savage.

Amulet (অ্যামিউলিট্), *n.* রক্ষাকবচ ; কবচ ; Thing worn as a charm against evil.

Amuse (অ্যামিউজ্), *v. t.* আনন্দ দেওয়া, প্রফুল্ল করা ; Make cheerful and happy (story-books *amuse* children) ; হাসান (your jokes *amuse* us) ; চিত্ত বিনোদন করা ; Find diversion for (how are we to *amuse* him ?).

Amusement (অ্যামিউজ্‌মেণ্ট্), *n.* আমোদপ্রদ বিষয় ; আমোদ-প্রমোদ ; আমোদ, মনের স্ফূর্ত্তি-ভাব ; Pastime ; entertainments ; fun ; pleasurable excitement.

Amusing (অ্যামিউজিং), *a.* আমোদজনক, কৌতুকপ্রদ ; Affording amusement (how *amusing !*).

An (অ্যান্), *a.* or *indef. art.* কোন একটি ; One or any ; used before vowel-sounds (a, e, i, o, u), and words beginning with silent *h* (*an* hour).

An (অ্যান্), (a form of *And*), *conj.* যদি ; If.

Anabaptism (অ্যানাব্যাপ্‌টিজ্‌ম্), *n.* (খ্রীষ্টধর্ম্মে) পুনর্দীক্ষা ; Re-baptism.

Anachronism (অ্যান্যাক্রনিজ্‌ম্), *n.* সময়ের অসঙ্গতি ; (ঘটনাদির) কালনিরূপণে ভ্রম ; Chronological error (*e. g.*, a painting of Chandragupta wearing a wrist-watch). *a.*=anachronous.

Anachronistic (অ্যান্যাক্রনিস্টিক্), *a.* তারিখ বা কাল-সম্বন্ধে ভ্রমপূর্ণ ; Containing an anachronism.

Anaemia (অ্যানীমিয়া), *n.* রক্তাল্পতা ; Not having enough blood ; রক্তদুষ্টি ; Having blood that is in a poor condition. *a.*=anaemic.

Anaesthesia (অ্যানীস্‌থিসিয়া), *n.* অসাড়তা, অজ্ঞান অবস্থা, অবেদন ; Insensibility.

Anaesthetic (অ্যানীস্‌থেটিক্), *a.* চেতনানাশক, অবেদনিক ; Producing insensibility :—*n.* চৈতন্যহারক অবেদনিক দ্রব্য ; Substance, as chloroform, that produces insensibility, either general or local. *n.*=anaesthetist. *v.*=anaesthetize.

Anagram (অ্যান্যাগ্র্যাম্), *n.* একটি শব্দ বা বাক্যাংশের বর্ণ উলট পালট করিয়া গঠিত অন্য শব্দ বা বাক্যাংশ ; Transposition of letters of a word or phrase to form a new word or phrase (*e. g.*, live—evil).

Anal (এন্যাল্), *a.* গুহ্যদ্বার-সম্বন্ধীয় ; Of [the anus.

Analogical (অ্যান্যালজিক্যাল্), *a.* সাদৃশ্যপূর্ণ বা বোধক ; Containing analogy ; of the nature of analogy.

Analogically (অ্যান্যালজিক্যালি), *ad.* তৎসদৃশরূপে ; In an analogical or analogous manner.

Analogous (অ্যান্যালগাস্), *a.* সদৃশ ; সমবৃত্তি ; Similar ; bearing some resemblance to.

Analogue (অ্যান্যালগ্), *n.* সদৃশ শব্দ বা বস্তু ; Word or thing bearing analogy or resemblance to another.

Analogy (অ্যান্যালজি), *n.* সাদৃশ্য ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আংশিক মিল ; A partial agreement between things which are otherwise entirely different ; সদৃশ ব্যাপারের ভিত্তিতে সিদ্ধান্ত ; Reasoning from parallel cases (we conclude by *analogy*).

Analysable (অ্যান্যালাইজ্রেব্‌ল্), *a.* বিশ্লেষণযোগ্য ; That can be analysed or resolved into its elements.

Analyse, Analyze (অ্যান্যালাইজ্র্), *v. t.* বিশ্লেষণ করা, মূল উপাদানে পৃথক্ করা ; Resolve or separate into component elements ; বাক্যের অংশগুলি পৃথক্ করিয়া দেখা (*analyse* a compound sentence) ; পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করিয়া দেখা (the minister *analysed* the causes of the present food crisis).

Analysis (অ্যান্যালিসিস্), *n.* বিশ্লেষণ ; Separation into parts ; পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা ; Careful examination. *pl.*= analyses.

Analyst (অ্যান্যালিস্ট্), *n.* বিশ্লেষক ; One skilled in analysis ; one who analyses..

Analytic (অ্যান্যালিটিক্), **Analytical** (অ্যান্যালিটিক্যাল্), *a.* বিশ্লেষণমূলক, বিচারমূলক (*analytical* study).

Ananas (অ্যানেন্যাস্), *n.* আনারস ; Pine-apple.

Anapaest (অ্যান্যাপিস্ট্), *n.* (*pros.*) ছন্দোবিশেষ ; A metrical foot of three syllables, the first two short, the third accented.

Attribute (অ্যাট্‌ট্রিবিউট্), *v. t.* আরোপ করা ; Ascribe (*attribute* a motive *to*) ; কারণরূপে নির্দ্দেশ করা ; Put forward as a cause (*attribute* success *to* memory) :—*n.* বস্তুর বা ব্যক্তির ধর্ম্ম বা গুণ ; Essential quality or property ; প্রতীকরূপে কল্পিত দ্রব্য (a crown is an *attribute* of a king) ; বিশেষণ ; An adjective.

Attribution (অ্যাট্‌ট্রিবিউশন্), *n.* আরোপ ; Act of attributing.

Attributive (অ্যাট্‌ট্রিবিউটিভ্), *a.* গুণ-সম্বন্ধীয় বা গুণ-প্রকাশক (*e. g.*, *old* in the *old dog*, but not in the *dog is old*) :—*n.* বিশেষ্যের পূর্ব্বে স্থিত বিশেষণ । *ad.*=attributively.

Attrition (অ্যাট্‌ট্রিশন্), *n.* বস্তুতে বস্তুতে ঘর্ষণ ; ঘর্ষণদ্বারা ক্ষয়প্রাপ্তি ; Rubbing of one thing against another ; friction, gradual exhaustion (a war of *attrition*).

Attune (অ্যাট্টিউন্), *v. t.* সমস্বর করা সুর বাঁধা, স্বর মিল করা ; Put in tune ; সদৃশ করা ; Make one sound accord with another. *n.*=attunement.

Auburn (অবার্ণ্), *a.* পিঙ্গলবর্ণ ; Reddish-brown (of hair).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Auction (অক্‌শন্), *n.* নীলাম :—*v. t.* নীলামে বিক্রয় করা ; Sell by auction. **Auction Bridge**—একপ্রকার তাস খেলা।

Auctioneer (অক্‌শনীয়ার্), *n.* নীলাম-কর্ত্তা ; নীলাম-বিক্রেতা ; One licensed to sell by auction :—*v. t.* নীলামে বিক্রয় করা ; Sell by auction.

Auctioneering (অক্‌শনীয়ারিং), *n.* নীলামের ব্যবসায় ; Profession of an auctioneer.

Audacious (অডেশাস্), *a.* ধৃষ্ট ; দাম্ভিক ; দুঃসাহসী ; Impudent ; arrogant ; very daring. *ad.*=audaciously.

Audaciousness (অডেশাস্‌নিস্), **Audacity** (অড্যাসিটি), *n.* ধৃষ্টতা ; সাহস ; Impudence ; boldness.

Audible (অডিব্‌ল্), *a.* শ্রাব্য ; শ্রবণ-যোগ্য ; স্পষ্ট ; That may be heard ; distinct. *n.*=audibility. *ad.*=audibly.

Audience (অডিয়েন্স্), *n.* কিছু শুনিবার জন্য কোনস্থানে সমবেত জনমণ্ডলী ; A body of men assembled to hear anything ; উচ্চপদস্থ ব্যক্তির সহিত সাক্ষাৎকার ; Interview with a person of high rank. **Give audience (to)**—কথা শুনিবার জন্য সাক্ষাৎ করিতে দেওয়া ; Grant an interview to a person. **Had an audience with**—(কাহাকেও) কথা বলিতে দেওয়া হইয়াছিল।

Audit (অডিট্), *v. t.* সরকারীভাবে হিসাব পরীক্ষা করা ; Examine (accounts) officially :—*n.* হিসাব-পরীক্ষা, নিরীক্ষা ; Official examination of accounts.

Audition (অডিশন্), *n.* শ্রবণশক্তি ; Faculty of hearing ; অনুষ্ঠানকারীর (নটাদি) পরীক্ষামূলক শুনানী ; A trial hearing of a performer.

Auditor (অডিটর্), *n.* শ্রোতা ; A hearer ; হিসাব-পরীক্ষক, আয়-ব্যয়-পরীক্ষক, নিরীক্ষক। *n.*=auditorship. *fem.*=auditress.

Auditorium (অডিটোরিয়াম্), *n.* রঙ্গালয় প্রভৃতিতে শ্রোতৃমণ্ডলীর বসিবার স্থান ; Part of a building occupied by the audience.

Auditory (অডিটরি), *a.* শ্রবণ-সম্বন্ধীয় (the *auditory* nerve) :—*n.* শ্রোতৃ-বর্গ ; Assembly of hearers ; audience.

Augean (অজীয়্যান্), *a.* অত্যন্ত ময়লা ; Tremendously filthy, like the stables of Augeus, a fabulous prince of Greece, whose stable containing 3000 oxen had not been cleansed for thirty years, until Hercules accomplished the seemingly impracticable task in one day by causing a river to flow through them. **Cleanse the Augean stable**—বহুকালের রাশীকৃত ময়লা সাফ করা ; কষ্টসাধ্য কর্ম্ম সম্পন্ন করা।

Auger (অগার্), *n.* ছুতরের বেধন-যন্ত্র ; তুরপুন।

Aught (অট্), *n.* কোন বস্তু ; Anything. **For aught I know**—যাহা সামান্য জানি তাহার বলে।

Augment (অগ্‌মেণ্ট্), *v. t. i.* বর্দ্ধিত করা বা হওয়া ; বাড়ান ; Increase (*augment* the income).

Augmentation (অগ্‌মেণ্টেশন্), *n.* বৃদ্ধি ; বর্দ্ধন ; Addition ; increase.

Augmentative (অগ্‌মেণ্টেটিভ্), *a.* বর্দ্ধিষ্ণু ; বর্দ্ধনক্ষম ; Having the power or quality of augmenting.

Augur (অগার্), *n.* (প্রাচীন রোমের) ভবিষ্যদ্বক্তা ; গণক ; In ancient times one who foretold events by signs ; soothsayer :—*v. t. i.* লক্ষণ দেখিয়া ভাবী ফল গণিয়া বলা ; Foretell events

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

by omens or signs ; সূচনা করা ; Forebode. **Augur well, ill (for)** —শুভ বা অশুভ সূচনা করা ; Be a good or bad sign (it *augurs ill for* his scheme).

Augural (অগিউর‍্যাল্), *a.* পূর্ব্বলক্ষণ-সূচক ; Foreboding ; দুর্লক্ষণযুক্ত ; Ominous.

Augury (অগিউরি), *n.* কাক-চরিত্র বা শাকুন-বিদ্যা ; Art or practice of an augur ; ভাবী শুভাশুভের নিদর্শন ; Omen ; পূর্ব্বাভাস ; Prognostication.

August (অগাস্ট্), *n.* ইংরেজী অষ্টম মাস ; শ্রাবণ-ভাদ্র ; The 8th month of the English calendar.

August (অগস্ট্), *a.* শ্রদ্ধাস্পদ ; মহিমান্বিত ; আড়ম্বরযুক্ত ; প্রতাপান্বিত ; Venerable ; imposing ; majestic ; grand.

Augustan (অগাস্ট্যান্), *a.* সম্রাট্ অগাস্টাসের শাসনকাল-সংক্রান্ত ; Relating to the reign of Augustus Caesar ; মার্জ্জিত ; সর্ব্বোৎকৃষ্ট ; পরিশুদ্ধ ; Brilliant ; classic ; refined. **Augustan age**—লাটিন সাহিত্যের বা যে-কোন জাতীয় সাহিত্যের চরম উৎকর্ষের কাল।

Aunt (আণ্ট্), *n.* পিসীমা ; মাসীমা ; মামীমা ; খুড়ীমা ; জ্যেঠাইমা।

Aura (অরা), *n.* কোন পদার্থ হইতে নির্গত অদৃশ্য প্রভাব ; Subtle, invisible emanation supposed to flow from a body.

Aural (অরাল্), *a.* কর্ণ-সম্বন্ধীয় ; Of the ear. *ad.*=aurally.

Aureola (অরিয়ল্যা), *n.* ধর্ম্মার্থে আত্ম-বিসর্জ্জনকারী ব্যক্তির স্বর্গীয় মুকুট।

Aureole (অরিওল্), *n.* (ছবিতে) মাথার আলোকবেষ্টনী ; Ring of light round head ; জ্যোতির্ম্মণ্ডল ; A halo.

Au-revoir (অ-রিভোয়ার্), *ad.* বিদায় ; (Good-bye) till we meet again.

Auricle (অরিক্ল্), *n.* বহিঃকর্ণ ; কর্ণের বহির্ভাগ ; The external ear.

Auricular (অরিকিউলার্), *a.* কর্ণ-সম্বন্ধীয় ; Pertaining to the ear ; কাণে কাণে গোপনে কথিত ; Told privately in the ear (*auricular* confession).

Auriferous (অরিফারাস্), *a.* স্বর্ণোৎপাদী ; Yielding gold.

Aurist (অরিস্ট্), *n.* কর্ণরোগ-চিকিৎসক ; Ear-specialist.

Aurora (অরোর‍্যা), *n.* অরুণ ; উষাদেবী ; Dawn ; goddess of dawn ; মেরু-জ্যোতিঃ ; Luminous phenomena of polar regions. *a.*=aurorean.

Aurora Australis (অরোর‍্যা অস্ট্রেলিস্), *n.* দক্ষিণ-মেরু-জ্যোতিঃ ; A radiation of light from the South Magnetic Pole.

Aurora Borealis (অরোর‍্যা বোরিয়েলিস্), *n.* উত্তর-মেরু-জ্যোতিঃ ; A radiation of light from the North Magnetic Pole.

Auspice (অস্পিস্), *n.* শাকুনিক লক্ষণ ; Omen drawn from observing birds ; augury.

Auspices (অস্পিসিজ্), *n. pl.* ভাবী শুভাশুভজ্ঞাপক চিহ্নসমূহ ; Omens ; আনুকূল্য ; প্রসাদ ; কৃপাদৃষ্টি ; Protection ; patronage. **Under the auspices of**—(কাহারও) অনুগ্রহে, আনুকূল্যে বা পৃষ্ঠপোষকতায় ; Through the favour or patronage of.

Auspicious (অস্পিশাস্), *a.* শুভলক্ষণ-যুক্ত ; আশাদায়ক ; অনুকূল ; Of good omen, promising ; hopeful ; favourable.

Austere (অস্টিয়ার্), *a.* কঠোর ; রূঢ় ; উগ্র ; Very strict ; stern ; harsh ; অত্যন্ত সাদাসিধে, বাহুল্যবর্জ্জিত ; Very plain and simple (*austere* diet). *ad.*=austerely.

Austerity (অস্টেরিটি), *n.* কঠোরতা ; Rigour ; রূঢ়তা ; Severity ; sternness ; আত্মনিগ্রহ, তপশ্চর্য্যা ; Asceticism.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Austral (অস্ট্র্যাল্), *a.* দক্ষিণ দিক-সম্বন্ধীয় ; Southern.

Australasian (অস্ট্র্যালেশ্ন্), *a.* অস্ট্রেলেশিয়া-সম্বন্ধীয় ; Pertaining to Australasia, or the islands that lie to the south of Asia :—*n.* অস্ট্রেলেশিয়াবাসী ; Inhabitant of Australasia.

Australian (অস্ট্রেলিয়্যান্), *a.* অস্ট্রেলিয়া-সংক্রান্ত ; Of or pertaining to Australia :—*n.* অস্ট্রেলিয়াবাসী ; Native of Australia.

Austrian (অস্ট্রিয়্যান্), *a.* অস্ট্রিয়া-সম্বন্ধীয় ; Pertaining to Austria :—*n.* অস্ট্রিয়াবাসী ; Native of Austria.

Authentic (অথেন্টিক্), *a.* অকৃত্রিম ; প্রকৃত ; সত্য ; Genuine ; true ; প্রামাণিক ; প্রমাণসিদ্ধ ; Of approved authority (*authentic* statement). *ad.*=authentically.

Authenticate (অথেন্টিকেট্), *v. t.* প্রামাণিক করা ; প্রকৃত প্রতিপন্ন করা ; Prove genuine ; show the truth of.

Authentication (অথেন্টিকেশন্), *n.* প্রমাণীকরণ ; Act of proving by authority ; সত্যতা প্রতিপাদন ; Confirmation.

Authenticity (অথেন্টিসিটি), *n.* প্রামাণ্যতা ; অকৃত্রিমতা ; Genuineness ; correctness ; যাথার্থ্য, সত্য ; State of being true (*authenticity* of the statement).

Author (অথর্), *n.* গ্রন্থকার ; Writer of a book ; স্রষ্টা ; Maker ; originator (*author* of all troubles). *fem.*=authoress. *a.*=authorial.

Authoritarian (অথরিটেরিয়্যান্), *a.* & *n.* ব্যক্তিগত স্বাধীনতার পরিবর্ত্তে শাসনতন্ত্রের প্রতি বাধ্যতাকে সমর্থনকারী ; (One) setting authority over liberty.

Authoritative (অথরিটেটিভ্), *a.* প্রভুত্বব্যঞ্জক ; শাসনসূচক ; Having an air of authority ; dictatorial (*authoritative* manner) ; প্রামাণিক, বিশ্বাসযোগ্য ; Having authority, that can be trusted (*authoritative* book). *ad.*=authoritatively.

Authority (অথরিটি), *n.* প্রাধিকার, বিধিসঙ্গত ক্ষমতা ; Legal or rightful power ; প্রভুত্ব ; গুরুত্ব ; Power derived from character or office ; weight ; ব্যক্তিগত প্রভাব ; Personal influence (no *authority* over his children) ; কর্তৃত্ব করিবার অনুমতি ; Permission to use power (has the *authority* of the king) ; প্রামাণিক গ্রন্থ বা মত ; Books or opinions accepted as the standard :—(usu. *pl.*) কর্তৃপক্ষ, শাসকমণ্ডলী ; Person, or group of persons in power.

Authorization (অথরাইজ্রেশন্), *n.* প্রাধিকার-অর্পণ ; Giving legal right or permission ; প্রদত্ত অধিকার বা অনুমতি ; The right or permission that is given.

Authorize (অথরাইজ্র্), *v. t.* ক্ষমতার্পণ করা ; Empower (*authorize* you to draw my pay) ; অনুমোদন করা ; Sanction. *n.*=authorization.

Authorized (অথরাইজ্র্ড্), *a.* প্রাধিকৃত, ক্ষমতাপ্রাপ্ত ; Endowed with authority ; কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ; Sanctioned by authority (*authorized* version of the Bible).

Authorship (অথর্শিপ্), *n.* গ্রন্থকারের বৃত্তি বা কাজ ; Occupation of an author ; পুস্তকের উৎপত্তি বা গ্রন্থকর্তৃত্ব (know the *authorship* of this book).

Auto- (অটো-), *pref.* স্বয়ং ; Self ; নিজ দ্বারা বা নিজের জন্য ; By or for oneself.

Auto (অটো), *n.* স্বয়ং চালিত গাড়ী ; Short for automobile.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Autobiographer (অটবায়গ্র্যাফার্), *n.* আত্মজীবনচরিত-প্রণেতা ; One who writes his own life.

Autobiography (অটবায়গ্র্যাফি), *n.* আত্মচরিত ; Life written by one's self. *a.*=autobiographic, autobiographical.

Autocar (অটকার্), *n.* মোটরগাড়ী ।

Autocracy (অটক্র্যাসি), *n.* একনায়কত্ব ; স্বেচ্ছাচারিতা ; Absolute government by one person, despotism ; স্বেচ্ছাতন্ত্র ; Autocratic government.

Autocrat (অটক্র্যাট্), *n.* নিরঙ্কুশ ক্ষমতাসম্পন্ন রাজা ; স্বেচ্ছাচারী ; Absolute sovereign ; despot. *fem.*=autocratrix.

Autocratic (অটক্র্যাটিক্), *a.* নিরঙ্কুশ ; Absolute ; যথেচ্ছাচারসম্পন্ন ; যথেচ্ছাচারী ; Despotic. *ad.*=autocratically.

Autogi(y)ro (অটোজাইরো), *n.* যে বিমান সোজা উঠিতে ও নামিতে পারে ।

Autograph (অটগ্র্যাফ্), *n.* স্বহস্তাক্ষর, স্বহস্তলিপি ; Own handwriting, esp. signature. *a.*=autographic. *ad.*=autographically.

Automatic (অটম্যাটিক্), *a.* স্বয়ংক্রিয় ; Self-acting (*automatic* telephone) ; স্বতঃস্ফূর্ত্ত ; Spontaneous (*automatic* action) :—*n.* যে পিস্তল হইতে আপনা আপনি পর পর গুলি চলিতে থাকে ; An automatic pistol.

Automatically (অটম্যাটিক্যালি), *ad.* আপনা হইতেই, স্বতঃস্ফূর্ত্তভাবে ।

Automatism (অটম্যাটিজ্‌ম্), *n.* স্বয়ংক্রিয়া ; স্বয়ং-চলনশক্তি ; Automatic action ; power of self-moving.

Automaton (অটম্যাটন্), *n.* স্বয়ং সচল যন্ত্র ; Self-moving machine ; অদৃশ্য শক্তিদ্বারা চলনশীল যন্ত্র ; এঞ্জিন ; Machine which moves by concealed machinery ; বুদ্ধি না খাটাইয়া কলের ন্যায় কার্য্যকারী ব্যক্তি ; Person acting by routine like a machine. *pl.*=automatons, automata.

Automobile (অটমোবিল্), *n.* মোটর-গাড়ী ; Motor-car.

Autonomous (অটনমাস্), *a.* স্বশাসিত, স্বায়ত্তশাসনক্ষমতাপ্রাপ্ত ; Self-governing (*autonomous* province).

Autonomy (অটনমি), *n.* স্বায়ত্তশাসন, স্বশাসন ; Self-government ; রাজনীতিক স্বাধীনতা ; Political independence.

Autopsy (অটপ্‌সি), *n.* ব্যক্তিগত তদন্ত, ময়না তদন্ত, মৃতদেহ-পরীক্ষা ; Personal inspection ; post-mortem examination.

Auto-suggestion (অটো-সাজেশ্চান্), *n.* কৃত্রিম উপায়ে উৎপাদিত স্বপ্নাবস্থায় কৃত ইঙ্গিত ; Hypnotic suggestion proceeding from the subject himself.

Autotype (অটটাইপ্), *n.* নকল তুলিবার নিমিত্ত ফটো-মুদ্রণ প্রক্রিয়া ; সঠিক প্রতিকৃতি, অবিকল নকল ; Facsimile.

Autumn (অটাম্), *n.* শরৎকাল । অবনতির সূচনাকাল ; Period of incipient decay.

Autumnal (অটাম্‌ন্যাল্), *a.* শারদীয় ; শরৎকালীন । *ad.*=autumnally. **Autumnal equinox**—জল-বিষুব ; শরৎকালে দিবারাত্রির সমদৈর্ঘ্যযুক্ত দিন (২৩শে সেপ্টেম্বর) ।

Auxiliaries (অগ্জিলিয়্যারিজ্), *n.* বিদেশী বা মিত্র সৈন্য ; Foreign or allied troops employed in war.

Auxiliary (অগ্জিলিয়্যারি), *a.* সাহায্যকারী ; সহকারী ; Helping ; subsidiary :—*n.* অনুকূল ব্যক্তি ; সহায় ; Helper ; assistant ; (ব্যাকরণ) গৌণ ক্রিয়াপদ ; সহকারী ক্রিয়াপদ ।

Avail (অ্যাভেল্), *v. t. i.* কাজে লাগা ; উপকার করা ; Be of value or service to ; benefit ; নিজে লাভ করা ; কাজে লাগান ; Profit one's self ; turn to

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

advantage; সাহায্য বা লাভ করা; সাহায্য দেওয়া; Assist or profit; give help :—*n.* লাভ; উপকার; ব্যবহার; Profit; advantage; use. **Avail oneself of**—কোন বস্তুকে নিজের উপকারে আনয়ন করা; Turn something to one's advantage (you must *avail yourself of* this opportunity). **Of no avail**—অপ্রয়োজনীয়; Useless. **Without avail**—অসাফল্যের সহিত; Unsuccessfully.

Availability (অ্যাভেলেবিলিটি), *n.* প্রাপ্যতা (*availability* of a thing).

Available (অ্যাভেলেব্‌ল্), *a.* যাহা ব্যবহার করা যাইতে পারে; Capable of being used; obtainable (mangoes are not *available* now).

Avalanche (অ্যাভ্যালান্‌স্), *n.* হিমানী-সম্প্রপাত; Large mass of snow and ice sliding down from a mountain.

Avarice (অ্যাভ্যারিস্), *n.* অতিরিক্ত ধনলিপ্সা; লোভ; Great eagerness to get and keep money; greediness.

Avaricious (অ্যাভ্যারিশাস্), *a.* অর্থ-গৃধ্নু; লোভী; Anxious to get and keep wealth; greedy.

Avast (অ্যাভাস্ট্), *intj.* থাম! Stop!

Avaunt (অ্যাভন্ট্), *intj.* (অপ্রচলিত) দূর হও! Begone!

Ave (এভি), *intj.* স্বাগত! মঙ্গল হউক! Hail! বিদায়; Farewell :—*n.* মেরীর সম্বোধন বা স্তব; Salutation or prayer to the Virgin Mary; in full, Ave Maria.

Avenge (অ্যাভেঞ্জ্), *v. t.* প্রতিশোধ লওয়া; প্রতিফল দেওয়া; দণ্ড দেওয়া; Take vengeance for; inflict punishment for (*avenge* the insult). *a.*=avengeful. **Avenge oneself**—ক্ষতি ইত্যাদির জন্য প্রতিশোধ গ্রহণ করা।

Avenger (অ্যাভেঞ্জার্), *n.* প্রতিফলদাতা; দণ্ডদাতা; One who avenges; revenger.

Avenue (অ্যাভিনিউ), *n.* দুই পাশে বৃক্ষসমন্বিত রাজপথ, বীথী, বীথিকা; A road with trees on either side; দুই বা এক পাশে অট্টালিকা-সমন্বিত প্রশস্ত পথ; Wide street with buildings on one or two sides; (*fig.*) উপায়, পথ; A means, a way to some object (*avenue* to glory).

Aver (অ্যাভার্), *v. t.* সত্য বলিয়া ঘোষণা করা; Declare to be true; নিশ্চয় করিয়া বলা; Affirm with confidence. *n.*=averment.

Average (অ্যাভারিজ্), *n.* গড়; গড়-পড়তা মূল্য বা পরিমাণ [(the *average* of 2, 3 and 4 is (2+3+4)÷3, which is 3; on an *average*=গড়ে)]; সাধারণ বা চলতি মান; Ordinary standard (above the *average*) :—*a.* গড়পড়তা; সাধারণ, মাঝারি; Found by making an average (*average* death-rate); ordinary, of usual standard (*average* intelligence) :—*v. t.* গড়নির্ণয় করা; Fix an average (wages *average* Rs. 10/- a day).

Averse (অ্যাভার্স্), *a.* অনিচ্ছুক; পরাঙ্মুখ; বিরক্ত; বিরুদ্ধভাবাপন্ন; Unwilling; disinclined; indisposed; hostile (*averse* to, *from*, hard work, *to* playing).

Aversion (অ্যাভার্শ্‌ন্), *n.* অত্যন্ত বিরূপ ভাব; Strong dislike; বিরক্তিকর ব্যক্তি বা বস্তু; Person or thing that is disliked.

Avert (অ্যাভার্ট্), *v. t.* প্রতিনিবৃত্ত করা; বাধা দেওয়া; নিবারণ করা; Turn away; ward off; prevent. *a.*= avertable, avertible.

Aviary (এভিয়্যারি), *n.* পক্ষিশালা; A place to keep birds in.

Aviate (এভিয়েট্), *v. i.* বিমান চালনা বা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিমানে ভ্রমণ করা ; Manage or travel in an aircraft.

Aviation (এভিয়েশন্), *n.* বিমানচালন, বিমানচালনা-কৌশল ও বিজ্ঞান ; The science and art of flying in the air in machines.

Aviator (এভিয়েটর্), *n.* বিমান-চালক ; Airman. *fem.*=aviatress, aviatrice (এভিয়েট্রিস্), aviatrix (এভিয়েট্রিক্স্) —বিমানচালিকা।

Avid (অ্যাভিড্), *a.* ব্যগ্র ; Eager ; অতিশয় লোভী ; Greedy (*for, of*).

Avidity (অ্যাভিডিটি), *n.* লালসা ; আগ্রহ ; অতিলোভ ; Intense desire ; eagerness ; greediness.

Avion (এভিয়ন্, এভওয়ঁ), *n.* (ফরাসী শব্দ) যুদ্ধ-বিমান ; Any war aeroplane.

Avocation (অ্যাভোকেশন্), *n.* বৃত্তি, পেশা ; Vocation, calling ; সামান্য কাজ ; Minor occupation ; নিয়মিত কাজের বহির্ভূত বাড়তি কাজ ; Service done in addition to one's regular work ; সখের কাজ ; Hobby.

Avoid (অ্যাভয়িড্), *v. t.* দূরে থাকা ; Keep at a distance (from danger) ; পরিহার করা ; Shun ; এড়ান ; Evade ; রহিত করা ; (*law*) Set aside ; annul.

Avoidable (অ্যাভয়্ড্যাব্ল্), *a.* পরিহার্য্য ; That can be avoided.

Avoidance (অ্যাভয়্ড্যান্স্), *n.* বর্জ্জন, পরিহার, ত্যাগ ; Act of avoiding (*avoidance* of bad companions).

Avoirdupois (অ্যাভার্ডিউপয়েজ্র্), *n.* ইংলণ্ডীয় একপ্রকার ওজন-প্রণালী ; Weight in which a pound is equal to 16 ounces.

Avouch (অ্যাভাউচ্), *v. t.* নিশ্চয় বা সত্য করিয়া বলা ; Affirm, declare positively.

Avow (অ্যাভাউ), *v. t.* সাধারণ-সমীপে বলা ; অকপটে স্বীকার করা ; Declare openly ; confess frankly. *n.* avower.

Avowal (অ্যাভাউয়্যাল্), *n.* স্পষ্ট ঘোষণা, অকপট স্বীকার ; Positive declaration ; frank confession.

Avowed (অ্যাভাউড্), *a.* প্রকাশ্যে প্রচারিত ; Openly declared ; স্বীকৃত Admitted ; acknowledged.

Avowedly (অ্যাভাউড্লি), *ad.* সর্ব্বজন-স্বীকৃতভাবে ; Admittedly.

Await (অ্যাওয়েট্), *v. t.* প্রতীক্ষা করা, অপেক্ষা করা ; Wait for ; look for ; (কোন কিছুর জন্য) প্রস্তুত থাকা ; Be ready for (a hearty welcome *awaits* you).

Awake (অ্যাওয়েক্), *v. t. i.* জাগরিত করা বা হওয়া ; Rouse or rise from sleep ; সজীব করা ; অনুপ্রাণিত করা ; সক্রিয় করা ; Infuse new life ; put into action (he *awakes* at seven ; he *awoke* me). *p. t.*=awoke. *p. p.*=awoke, awaked :—*a.* অনিদ্রিত ; জাগরিত ; Not asleep ; সতর্ক ; Vigilant. **Be wide awake**—সতর্ক হইয়া থাকা ; Be on the watch. **Be awake to**—পরিজ্ঞাত বা অবহিত থাকা ; Be aware, or conscious of (he *was awake to* the danger).

Awaken (অ্যাওয়েক্ন্), *v. t. i.* জাগান, জাগা (see **awake**) ; চেতনা জাগান ; Arouse the consciousness of.

Awakening (অ্যাওয়েক্নিং), *n.* জাগরণ। ধর্ম্মের পুনঃ প্রাবল্য ; Revival of religion.

Award (অ্যাওয়র্ড্), *v. t.* দেওয়া, মঞ্জুর করা ; Give or grant something as one's due (*awarded* the first prize) ; বিচারের রায় দেওয়া ; Give as a decision (by a judge) :—*n.* প্রদত্ত বস্তু ; Anything that is given ; পুরস্কার ; A prize ; বিচারের রায় ; বিনির্ণয় ; Judgement ; decision ; মধ্যস্থদিগের বিচার-নিষ্পত্তি ; Decision of arbitrators ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সালিশীদের নিষ্পত্তিপত্র ; Paper containing such decision. *n.*=awardment. **Communal award**—ইংরেজ সরকার প্রবর্ত্তিত ভারতের সাম্প্রদায়িক বাঁটোয়ারা বা রোয়েদাদ।

Aware (অ্যাওয়েয়্), *a.* সতর্ক ; Watchful ; অবগত ; Apprised. **Be aware of**—অবগত হওয়া ; Know.

Awash (অ্যাওয়শ্), *pred. a.* তরঙ্গবিধৌত ; Washed by waves.

Away (অ্যাওয়ে), *ad.* দূরে ; At a distance from (he is *away* from home) ; দূরবর্ত্তী স্থানে, অন্যস্থানে (the dog ran *away*) ; ক্ষতি হ্রাস ইত্যাদি বুঝাইতে ক্রিয়ার সঙ্গে ব্যবহৃত (wear *away*, tear *away*) ; চলমান অবস্থা বুঝাইতে (work *away*) :—*intj.* দূর হও ! Begone ! **Far and away**—অনেকখানি (*far and away* the best). **Fall away**—ত্যাগ করা (followers *fell away*). **Give away**—পুরস্কার দেওয়া বা বিতরণ করা (*give away* the prizes). **Give away a secret**—রহস্য ফাঁস করিয়া দেওয়া। **Make or do away with**—ধ্বংস করা। **Pass away**—মরা। **Right or straight away**—অবিলম্বে, এখনই।

Awe (অ), *n.* ভক্তিপ্রযুক্ত ভয় ; ভীতি ; Reverential fear ; dread :—*v. t.* ভয় সঞ্চার করা ; Strike with awe.

Awesome (অসাম্), *a.* ভয়ানক ; Dreadful (*awesome* sight).

Awestruck (অস্ট্রাক্), *a.* ভয়াভিভূত ; Struck with awe.

Awful (অফুল্), *a.* ভয়ানক ; মহিমান্বিত ; Terrible ; august ; বিশ্রী ; Very bad (*awful* handwriting). *n.*=awfulness.

Awfully (অফুলি), *ad.* ভয়ঙ্কররূপে ; Fearfully ; নিরতিশয় ; Excessively (*awfully* hot).

Awhile (অ্যাহোয়াইল্), *ad.* ক্ষণকালের জন্য ; For a short time.

Awkward (অক্ওয়র্ড্), *a.* কদর্য্য ; Clumsy, ungraceful ; আনাড়ি ; Not skilful (an *awkward* player) ; (জিনিস সম্বন্ধে) ব্যবহার করিতে অসুবিধাজনক, শক্ত বা বিপজ্জনক (an *awkward* table, an *awkward* situation) ; অপ্রস্তুত, অপ্রতিভ ; Embarrassed (felt *awkward*).

Awl (অল্), *n.* তুরপুন, বেধনযন্ত্র ; A tool for making holes.

Awn (অন্), *n.* শস্যাদির শুঁয়া ; Beard of corn or grass.

Awning (অনিং), *n.* চন্দ্রাতপ, চাঁদোয়া, সামিয়ানা।

Awoke (অ্যাওক্), *p. t.* of **Awake.**

Awry (অ্যারাই), *adv.* & *pred. a.* বক্র (ভাবে) ; Crookedly ; ভুল (ভাবে) ; Amiss, wrongly (the plan has gone *awry*).

Axe (অ্যাক্স্), *n.* কুঠার, কুড়ালি। *pl.*= axes (অ্যাক্সিজ্) । **Has an axe to grind**—নিজের স্বার্থ সাধনের চেষ্টায় আছে।

Axial (অ্যাক্সিয়্যাল্), *a.* মেরুদণ্ড, অক্ষ বা ব্যাস-সম্বন্ধীয় বা গঠনকারী ; Forming, belonging to or placed round an axis.

Axiom (অ্যাক্সিয়ম্), *n.* ধ্রুব সত্য ; Established principle ; স্বতঃসিদ্ধ সত্য ; Self-evident truth.

Axiomatic (অ্যাক্সিয়মেটিক্), *a.* স্বতঃসিদ্ধ সত্য-সম্বন্ধীয় ; Of the nature of an axiom ; প্রমাণ ব্যতিরেকেও স্পষ্ট ; Clear and evident without proof. *ad.*=axiomatically.

Axis (অ্যাক্সিস্), *n.* মেরুদণ্ড ; অক্ষ ; Straight line on which anything revolves (the earth's *axis*) ; দুই বা ততোধিক দেশের মধ্যে গুরুত্বপূর্ণ রাজনীতিক সংযোগ। *pl.*=axes (অ্যাক্সীজ্) । *a.*=

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

axial. **Axis powers**—চক্রশক্তি ; (During the Second world war) nations having important political connexion, esp. between Germany and Italy.

Axle (অ্যাক্‌স্‌ল্‌), *n.* চাকার অক্ষদণ্ড, চাকার ধুরা ; Shaft, rod, or spindle forming the axis of a pulley, drum, etc.

Axle-tree (অ্যাক্‌স্‌ল্‌-ট্রী), *n.* অক্ষদণ্ড, গাড়ীর ধুরা ; Transverse bar connecting the opposite wheels of a carriage.

Ay (আই), *int.* হাঁ ; Yes :— *n.* হাঁ-সূচক মত ; Affirmative vote or answer. *pl.*=ayes.

Ayah (আইয়া), *n.* আয়া ; পরিচারিকা।

Aye (আই)—Same as **Ay.**

Aye (য়ে), *ad.* সর্ব্বদা ; নিয়ত ; Forever ; always.

Azimuth (অ্যাজ্রিমাথ্‌), *n.* দিগংশ ; Vertical arc of sky from zenith to horizon. [Having no sign of life.

Azoic (অ্যাজ্রোইক্‌), *a.* জীবনলক্ষণহীন

Azure (অ্যাজ্রুর্‌, অ্যাজ্রেয়র্‌), *n.* নীলবর্ণ ; Sky-blue colour ; মেঘমুক্ত নীল আকাশ ; The blue unclouded sky :—*a.* আকাশের ন্যায় নীল ; Sky-blue.

B

B, b (বী)—ইংরেজী বর্ণমালার দ্বিতীয় অক্ষর ; The second letter of the English alphabet.

Baa (বা), *n.* মেষের ডাক ; Cry of a sheep :—*v. i.* মেষের মত ডাকা ; Bleat as a sheep. *n.*=baaing.

Babble (ব্যাব্‌ল্‌), *v.,i. t.* শিশুর ন্যায় অস্পষ্ট কথা বলা ; অসংলগ্নভাবে কথা বলা ; Speak like a baby ; talk incoherently or irrationally ; নদীর ন্যায় কুলুকুলুধ্বনি করা ; (Of streams) murmur ; গোপনীয় বিষয় প্রকাশ করা ; Tell secrets.

Babble (ব্যাব্‌ল্‌), *n.* জল্পনা, নিরর্থক গল্প ; Idle senseless talk ; অস্পষ্টভাবে শ্রুত কোলাহল বা অনেক লোকের এককালীন কথা ; Confused talk ; কুলুকুলুধ্বনি ; Murmuring sound of a brook.

Babbler (ব্যাব্‌লার্‌), *n.* বাচাল ; Idle talker.

Babe (বেব্‌), *n.* শিশু ; Infant ; child.

Babel (বেবেল্‌), *n.* বাইবেলোক্ত শীনার দেশীয় বুরুজ, যেখানে প্রথমে ভাষা-বিভ্রাট ঘটিয়াছিল। হট্টগোলের স্থান ; Place where there is a confused uproar ; গোলমাল, হট্টগোল ; Noisy talking.

Baboon (ব্যাবুন্‌), *n.* বৃহৎ বানরবিশেষ।

Baby (বেবি), *n.* শিশু ; A very young child ; শিশুবৎ লোক ; A person who behaves like a baby ; ছোট আকার-বিশিষ্ট একই জাতীয় জিনিস (a *baby* car).

Babyhood (বেবিহুড্‌), **Babyship** (বেবিশিপ্‌), *n.* শৈশব ; Childhood ; infancy.

Babyish (বেবিয়িশ্‌), *a.* বালকবৎ ; Childish ; like babes.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Babylon (ব্যাবিলন্), *n.* পশ্চিম এসিয়ায় ইউফ্রেতিস্ নদীর তীরে অবস্থিত প্রাচীন সহর। একদা ইহা শক্তি ও ঐশ্বর্য্যে বিখ্যাত ছিল। *a.*=Babylonian.

Bacchanal (ব্যাক্যান্যাল্), *n.* সুরাদেব-পূজক; Worshipper of Bacchus; মদ্যপায়ী, মাতাল; One who indulges in drunken revels; সুরাদেবের সম্মানে নাচ-গান; হৈ-হল্লা, আমোদ-প্রমোদ; A dance or song in honour of Bacchus; a noisy merry-making: —*a.* মত্ত; মদ্যপানোৎসব-সংক্রান্ত; Revelling in intemperate drink; relating to drunken revels (a *bacchanal* orgy).

Bacchanalia (ব্যাক্যানেলিয়া), *n. pl.* মদ্যপানোৎসব; মাতলামি; Feasts or revels in honour of Bacchus; drunken revels.

Bacchanalian (ব্যাক্যানেলিয়্যান্), *a.* হৈ-হল্লা-পানোৎসব-সংক্রান্ত; Of noisy feasts, where there is drinking, singing and dancing.

Bacchant (ব্যাক্যান্ট্), *n.* ব্যাকাস দেবের পুরোহিত; মাতাল; Priest or follower of Bacchus; reveller. *pl.*=Bacchantes (ব্যাক্যান্টিস্)।

Bacchus (ব্যাকাস্), *n.* সুরার অধিষ্ঠাত্রী দেবতা; Greek god of wine.

Bachelor (ব্যাচেলর্), *n.* অবিবাহিত পুরুষ; Unmarried man; স্নাতক, বি. এ., বি. এস্-সি. প্রভৃতি উপাধিধারী; One who has taken his first university degree.

Bacillary (ব্যাসিলারি), *a.* জীবাণু কর্ত্তৃক উৎপন্ন; Produced by bacilli (*bacillary* dysentry).

Bacillus (ব্যাসিলাস্), *n.* জীবাণু; Microscopic vegetable organism. *pl.* =bacilli.

Back (ব্যাক্), *n.* পৃষ্ঠদেশ। পশ্চাদ্দিক্; Hinder part, as opposed to front (at the *back* of the house); (ফুটবলে) পৃষ্ঠরক্ষী খেলোয়াড়; Football-player stationed in the rear; পশ্চাদ্দিকের স্থান; Part behind the back (*back* of the chair); (জন্তু সম্বন্ধে) উপরিভাগ; The upper part (*back* of a horse); কোনও জিনিসের উল্টা দিক্ (*back* of the envelope): —*ad.* পশ্চাদ্দিকে; Away from the front (hold *back*); পূর্ব্বাবস্থায়; To a former state (walk *back*); পশ্চাতে; Behind; পূর্ব্বে; Ago (go *back* a few years); পুনরায়; Again:—*v. t. i.* আরোহণ করা; Mount; সাহায্য করা, পৃষ্ঠপোষণ করা; Support or maintain (*back* him); পিছাইয়া যাওয়া বা দেওয়া; To move or cause to move backwards (the horse *backed*, he *backed* his car): —*a.* পশ্চাদ্ভাগস্থ; Situated behind; অতীত সময়ের; Covering the past period. **At one's back, At the back of**—পিছনে; Behind one. **Behind one's back**—গোপনে; অসাক্ষাতে; In one's absence; secretly. **Turn one's back upon or on**—অভদ্রভাবে সরিয়া পড়া; Turn away in an impolite way; পলায়ন করা; Flee. **Turn one's back**—পশ্চাৎ হটিয়া যাওয়া; Retreat. **Pay a man back (in his own coin)**—কেহ যেমন ব্যবহার করিয়াছে, তাহার প্রতি সেইরূপ ব্যবহার করা। **Go back on one's word**—প্রতিজ্ঞা রক্ষা না করা; Fail to keep a promise. **Back out**—পশ্চাৎপদ হওয়া; Move out backwards; প্রতিনিবৃত্ত হওয়া; পিছাইয়া যাওয়া; Withdraw (from an engagement or contest). **Back up**—সহায়তা করা; পৃষ্ঠপোষণ করা; Support; sustain. **Back pay**—বাকী পড়া মাহিনা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Back-bench (ব্যাক্-বেন্চ্), *n.* পিছনের বেঞ্চি। *conc. n.*=back-bencher.

Backbite (ব্যাক্‌বাইট্), *v. t.* পিছনে নিন্দা করা; Speak evil of any one in his absence.

Backbiter (ব্যাক্‌বাইটার্), *n.* অসাক্ষাতে নিন্দুক; One who backbites.

Backbiting (ব্যাক্‌বাইটিং), *n.* অসাক্ষাতে নিন্দা; Speaking evil of one who is absent.

Backbone (ব্যাক্‌বোন্), *n.* মেরুদণ্ড; Spine; শক্তির কারণ, প্রধান অবলম্বন; দৃঢ়তা; Main source of strength; firmness. **Moral backbone**—নৈতিক দৃঢ়তা; Uprightness of principle. **To the backbone**—সর্ব্বাংশে; সম্পূর্ণভাবে; Thoroughly; in every way.

Backdoor (ব্যাক্‌ডোর্), *n.* গুপ্তদ্বার; খিড়কি দ্বার; Private passage; a door in the back yard of a building:—*a.* লুকান, চাপা (*back-door* policy).

Backed (ব্যাক্‌ট্), *a.* উৎসাহিত; সাহায্যপ্রাপ্ত; Encouraged; supported.

Backer (ব্যাকার্), *n.* সাহায্যকারী; Helper; পৃষ্ঠপোষক; Supporter.

Backgammon (ব্যাক্‌গ্যামান্), *n.* একপ্রকার অক্ষক্রীড়া; A game with draughts and dice.

Background (ব্যাক্‌গ্রাউণ্ড্), *n.* পশ্চাদ্‌ভূমি; Ground in the rear (*cf.* foreground); দৃশ্য বা বর্ণনার পরিপ্রেক্ষিত, চিত্রের পটভূমিকা; The setting against which the chief things or persons are grouped. **Keep oneself in the background**—প্রচ্ছন্ন থাকা; Keep oneself out of sight. **Throw into the background**—অবহেলিত অবস্থায় রাখা; Consign to an insignificant position. **Background music**—আবহ সঙ্গীত, বাদ্য।

Backhand(ed) (ব্যাক্‌হাণ্ড্, -হ্যাণ্ডেড্), *a.* হাতের পশ্চাৎ দিক্ দিয়া কৃত (*backhanded* stroke in tennis); পরোক্ষ; Indirect.

Backing (ব্যাকিং), *n.* সহায়; Support; পৃষ্ঠপোষকদল; Body of supporters.

Backnumber (ব্যাক্‌নাম্বার্), *n.* পুরাতন সংখ্যা (মাসিকপত্রিকা প্রভৃতি); Old issue (magazine, etc.); প্রাচীন রীতি বা লোক; Out-of-date method or person.

Backpiece (ব্যাক্‌পীস্), **Back-plate** (ব্যাক্-প্লেট্), *n.* পৃষ্ঠত্রাণ; A piece or plate of armour which covers the back.

Backslide (ব্যাক্‌স্লাইড্), *v. i.* সৎ ও সম্মানজনক অবস্থা হইতে স্খলিত হওয়া; Fall away from a state that is good, honest and honourable. *n.*=backslider. *p. p.*=backslid, backslidden.

Backstairs (ব্যাক্‌স্টেয়ার্স্), *n. pl.* পিছন দিকের সিঁড়ি; গুপ্ত-পথ, চোর সিঁড়ি; Stairs in the back part of a house; private or indirect way:—*a.* গুপ্ত; অপ্রকাশিত; Secret or underhand.

Backward (ব্যাক্‌ওয়র্ড্), **Backwards** (ব্যাক্‌ওয়র্ড্‌জ্), *ad.* পশ্চাতে বা অতীত সময়ে; Towards the back or the past; ভাল অবস্থা হইতে মন্দ অবস্থায়; From a better to a worse state; বিপরীত দিকে; In a contrary direction. **Backwards and forwards**—ইতস্ততঃ; To and fro.

Backward (ব্যাক্‌ওয়র্ড্), *a.* পশ্চাদ্‌গামী; Towards the back (*backward* movement); অনিচ্ছুক; পরাঙ্মুখ; পশ্চাৎপদ; Unwilling; reluctant;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

hesitating ; অনুন্নত ; Behind in progress (*backward* in studies). *n.* = backwardness.

Backwater (ব্যাক্‌ওয়টার্), *n.* আবদ্ধ জল ; অচল অবস্থা ; Still water beside a stream and fed by its backflow ; stagnant condition of affairs.

Backwoods (ব্যাক্‌উড্‌স্), *n.* নগর হইতে দূরস্থিত অপরিষ্কার বনভূমি ; Remote uncleared forest land. **Backwoodsman**—ঐ স্থানের অধিবাসী ; Settler in that place.

Bacon (বেক্‌ন্), *n.* শূকরের মাংস ; শুষ্ক লবণাক্ত শূকর-মাংস ।

Baconian (বেকোনিয়্যান্), *a.* ফ্রান্সিস্ বেকন বা তৎপ্রবর্ত্তিত দর্শনশাস্ত্র-সম্বন্ধীয় ; বেকনের মতানুগামী । [See Appendix]

Bacteria (ব্যাক্‌টিরিয়া) *n. pl.* জীবাণু-পুঞ্জ ; Microscopic organisms. *sing.* = bacterium. *a.* = bacterial.

Bacteriologist (ব্যাক্‌টিরিয়লজিস্ট্), *n.* জীবাণুতত্ত্ববিৎ ; One who knows bacteriology.

Bacteriology (ব্যাক্‌টিরিয়লজি), *n.* জীবাণুবিদ্যা ; Science of bacteria. *a.* = bacteriological.

Bad (ব্যাড্), *a.* মন্দ ; কু ; দুষ্ট ; অধম ; অসৎ ; অহিতকর ; Evil ; not good ; wicked ; hurtful in morals ; harmful (small print is *bad* for the eyes) ; নিকৃষ্ট ; Inferior ; পচা (*bad* fish) ; বিশ্রী, কটু, বদ্ (*bad* smell) ; অনুপযুক্ত (*bad* light) ; ভয়ানক, প্রচণ্ড (*bad* cold, *bad* weather). *comp.* = worse. *super.* = worst :—*n.* মন্দ, দুষ্ট জিনিস (he has gone to the *bad*). **Bad blood**—শত্রুতা ; দ্বেষ ; Enmity. **Bad debts**—অনাদায় ঋণ ; Irrecoverable debts. **Bad shot**—ভ্রান্ত অনুমান ; Incorrect guess. **Go from bad to worse**—ক্রমশঃ ধ্বংস হওয়া ; Become ruined. **Go bad**—ব্যবহারের অনুপযোগী হওয়া ; Become unfit for use. **Not bad**—সন্তোষজনক ; Satisfactory (*not* a *bad* idea). **Have a bad time**—দুঃসময়ে পড়া, দুশ্চিন্তায় কাল কাটান ; Have an anxious time. **Be bad at**—(কোনও বিষয়ে) দক্ষ নয় ; Be not clever at. **Go to the bad**—উৎসন্ন বা গোল্লায় যাওয়া ; To be spoilt. **Be on bad terms**—অনৈক্য হওয়া ; Disagree. **Bad faith**—বিশ্বাসঘাতকতা ; Treachery.

Bade (ব্যাড্)—Past tense of **Bid.**

Badge (ব্যাজ্), *n.* পরিচয়-চিহ্ন, তকমা, চাপরাস ; Distinctive mark worn on the person ; (*fig.*) প্রতীক, নিদর্শন (chains are the *badge* of slavery).

Badger (ব্যাজার্), *n.* বেঁজী ও ভাল্লুকের মাঝামাঝি জন্তুবিশেষ ; Quadruped forming the link between weasel and bear :—*v. t.* বিরক্ত করা ; Worry.

Badinage (ব্যাডিনাঝ্), *n.* পরিহাস-বাক্য কথন ; Friendly joking.

Badly (ব্যাড্‌লি), *ad.* কুভাবে ; অপকৃষ্ট-ভাবে ; অন্যায়রূপে ; In a bad manner ; imperfectly ; wrongly ; অত্যন্ত ; Very much (*badly* in need of money). **Be badly off**—মন্দ বা দুরবস্থাপন্ন হওয়া ; অভাব হেতু কষ্টে পতিত হওয়া ; Be in want.

Badminton (ব্যাড্‌মিণ্টন্), *n.* ক্রীড়া-বিশেষ ।

Baffle (ব্যাফ্‌ল্), *v. t.* ব্যর্থ করা, পণ্ড করা ; Foil, frustrate ; হতবুদ্ধি করা ; Puzzle ; দুর্ব্বোধ্য হওয়া ; Be too difficult to understand (a question *baffled* me) :—*n.* শব্দ বা তরল পদার্থ প্রভৃতির গতি-নিয়ামক বা অবরোধক দেওয়াল ইত্যাদি ; Wall, plate, board, etc. hindering or regulating passage of fluid, sound, etc. *a.* = baffled. *n.* = baffler. **Baffle-wall**—বোমার আঘাত-নিবারক প্রাচীর ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bag (ব্যাগ্), *n.* থলি ; Sack or pouch ; শিকার করা সকল বন্যজন্তু ; All the wild animals shot by a sportsman :—*v. t. i.* থলির মধ্যে রাখা ; Put into a bag ; বন্য জন্তু বা পক্ষী মারা ; Kill (wild birds or animals) ; স্ফীত হইয়া, ঝুলিয়া পড়া ; Swell out and hang loosely (trousers that *bag* at the knees). *pr. p.*=bagging. *p. p.*=bagged. **Bag and baggage**—তল্পী তল্পা (সহ) ; (With) all belongings. **Let the cat out of the bag**—গোপন কথা প্রকাশ করিয়া ফেলা।

Bagatelle (ব্যাগ্যাটেল্), *n.* ক্ষুদ্র ব্যাপার ; A trifle ; ক্রীড়া-বিশেষ ; A game played with balls.

Baggage (ব্যাগিজ্), *n.* সৈন্যদিগের প্রয়োজনীয় দ্রব্য ; All articles necessary for an army ; তল্পী-তল্পা, মোট, পুঁটুলি ; A traveller's luggage.

Bagging (ব্যাগিং), *n.* থলির কাপড় বা অন্য উপাদান ; গুণচট্ ; Cloth or material for making bags.

Baggy (ব্যাগি), *a.* থলির ন্যায় ঢিলা ; Loose like a bag. *ad.*=baggily.

Bagman (ব্যাগ্ম্যান্), *n.* ভ্রাম্যমাণ দালাল ; Commercial traveller, who carries specimens in a bag.

Bagpipe (ব্যাগ্পাইপ্), *n.* শানাই-এর মত বাদ্যযন্ত্র-বিশেষ ; A musical wind-instrument. *n.*=bagpiper.

Bah (বাঃ), *intj.* ঘৃণাসূচক অব্যয়পদ ; Exclamation of contempt.

Bail (বেল্), *n.* জামিনদার ; প্রতিভূ ; One who obtains temporary release of an accused on his personal security ; জামিন ; The security given ; ক্রিকেট খেলায় উইকেটের মাথার এড়োকাঠ ; The cross piece on the top of the wicket :—*v. t.* জামিন লইয়া মুক্ত করা ; Release on bail ; (নৌকার) জল ছেঁচিয়া ফেলা ; Clear water (from a boat) with pail. **Stand a bail**—আদালতে উপস্থিত করিবার নিমিত্ত জামিন হওয়া ; Be security for (one's) appearance in court. **Bail (a person) out**—জামিন দিয়া খালাস করা ; Obtain one's freedom by paying bail.

Bailable (বেলেব্ল্), *a.* জামিনে মুক্তিদানযোগ্য ; That may be bailed.

Bailee (বেলী), *n.* বিশেষ উদ্দেশ্যে কোন ব্যক্তির নিকট দ্রব্য গচ্ছিত রাখা হয় ; Person to whom goods are committed in trust for a purpose.

Bailer, Bailor (বেলার্), *n.* যিনি দ্রব্যাদি ন্যস্ত বা গচ্ছিত রাখেন ; One who entrusts goods to another.

Bailey (বেলি), *n.* কারাগার বা বিচারালয় ; Prison or court of justice.

Bailiff (বেলিফ্), *n.* শেরীফের অধীন কর্ম্মচারী, পেয়াদা ; Sheriff's officer ; ভূসম্পত্তির তত্ত্বাবধায়ক, গোমস্তা ; A land agent or steward.

Bailiwick (বেলিউয়িক্), *n.* বেলিফের অধিকারভুক্ত এলাকা ; A district of the bailiff. [Surety

Bailsman (বেল্স্ম্যান্), *n.* জামিনদার

Bairn (বের্ণ্), *n.* শিশু ; Child.

Bait (বেট্), *n.* টোপ ; Food put on a hook to allure fish or in a trap to allure animals ; অশ্বের খাদ্য ; Food for horses ; (*fig.*) প্রলোভন ; Allurement :—*v. t. i.* টোপ ফেলা ; Set food as a lure ; ভ্রমণকালে পশুকে খাদ্য বা পানীয় দেওয়া ; Give food or drink to a beast on a journey. ভ্রমণকালে পথিমধ্যে জলযোগ করা ; Take refreshment on a journey ; কোন জন্তুকে উত্তেজিত করিবার জন্য কুকুর লেলাইয়া দেওয়া ; Provoke an animal by inciting dogs to bite it. **Swallow the bait**—প্রতারিত হওয়া ; Be deceived.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Baize (বেজ্), *n.* মোটা পশমী কাপড়; Coarse woollen stuff.

Bake (বেক্), *v. t. i.* সেঁকা; Cook in an oven; উত্তাপে শক্ত করা বা ভাজা; Harden by heat; ভাজা হওয়া; Be or become baked. **Baking powder**—রুটি ফুলাইবার জন্য ব্যবহৃত পাউডার। **Half-baked**—(*fig.*) অপরিণত; Immature; আধপাগলা; Half-witted.

Bake-house (বেক্-হাউস্), **Bakery** (বেকারি), *n.* রুটিশালা; Place where bread is baked.

Bakelite (বেকিলাইট্), *n.* সেলুলয়েড্ জাতীয় দ্রব্যের রূপান্তর বিশেষ, একরকম প্ল্যাসটিক্স্।

Baker (বেকার্), *n.* রুটিওয়ালা; One who bakes bread, biscuit, etc.

Bakery (বেকারি)—See **Bake-house.**

Baksheesh, Baksish (ব্যাক্শিশ্), *n.* বক্শিশ; পুরস্কার; Gift or present of money in the East.

Balance (ব্যাল্যান্স্) *n.* তুলাদণ্ড; নিক্তি; দাঁড়িপাল্লা; A pair of scales; instrument for weighing; সমাবস্থা; ভারসাম্য; স্থৈর্য্য; Equilibrium; steadiness; জমাখরচের পূর্ণ সমতা; Exact equality between the two sides of an account; অতিরিক্ত ভার; Preponderating weight (the *balance* of opinion is on our side); জমাখরচের বাকি; Difference between the credit and debit sides of an account; ঘড়ির গতিনিয়ামক চাকা; Part of a watch or clock, which regulates the speed; তুলা রাশি; The seventh sign in the zodiac:—*v. t. i.* ভারসাম্য বজায় রাখা (যাহাতে পড়িয়া না যায়); Keep a thing steady (*balance* the rod on your head); বিচার করা; Weigh (question); তুলনা করা; Match (thing *with*; *against* another); সমান করা; Make equal; হিসাব নিকাশ করা; Settle and adjust, as an account; সমভার হওয়া; Have equal weight. *n.*=balancer. **Credit balance**—জমা বাকি। **Debit balance**—ফাজিল বাকি। **Balance of power**—(পরস্পর প্রতিযোগী রাষ্ট্রসমূহের) বল-সাম্য; Adjustment of power (among nations so that none of them can attack others). **Balance of trade**—আমদানি ও রপ্তানির তুলনামূলক পার্থক্য। **Tremble or hang in the balance**—অনিশ্চিত বা অমীমাংসিত অবস্থায় থাকা; Remain in an uncertain or indecisive situation. **Keep one's balance**—মাথা স্থির রাখা; Keep steady (*lit.* & *fig.*). **Lose one's balance**—সমতা হারান; Become unsteady; fall or stumble. **Be thrown off one's balance**—মানসিক ভারসাম্য হারান; Be unsteady (mentally). **Balance sheet**—দেনা-পাওনার লিখিত হিসাব।

Balanced (ব্যাল্যান্স্ট্), *a.* সুষম; Well-arranged; সমতাপ্রাপ্ত; Equipoised; স্থির; Stable. **Balanced diet**—সুষম খাদ্য; Diet or regular food containing all the properties of food in right proportion.

Balcony (ব্যাল্‌কনি), *n.* উপরতলের ঝুলান বারান্দা, গাড়ীবারান্দা; Projection in the front of a building resting on brackets or supported by columns; রঙ্গমঞ্চের উঁচুতলায় আসনবিশেষ। *a.*=balconied.

Bald (বল্ড্), *a.* কেশহীন, টাকপড়া; With scalp partly or wholly hairless; পালকহীন; পত্রহীন; বৃক্ষহীন; Featherless; leafless; treeless; নীরস, অলঙ্কারবর্জ্জিত; (*fig.*) Dry, dull, uninteresting (a *bald* statement).

Balderdash (বল্ডার্ড্যাশ্), *n.* আজে-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বাজে গল্প ; নির্ব্বোধের উক্তি ; Nonsense ; foolish talk.

Baldhead (বল্‌ড্‌হেড্‌), *n.* টেকো।

Baldly (বল্‌ড্‌লি), *ad.* নেড়াভাবে ; Barely ; প্রকাশ্যরূপে ; Undisguisedly. **Speak baldly**—সোজা, নিষ্ঠুরভাবে, রূঢ় ভাষায় বলা।

Baldric (বল্‌ড্রিক্‌), *n.* স্কন্ধ হইতে দেহের অপর পার্শ্বদেশ পর্য্যন্ত বিলম্বিত বেল্ট বা পেটী।

Bale (বেল্‌), *n.* বস্তা ; গাঁইট ; Bundle or package of goods :—*v. t* (also *bail*) জল ছেঁচিয়া ফেলা ; Throw out water. **Bale out**—ছত্র-বিশেষের সাহায্যে বিমান ত্যাগ করা ; Leave aircraft by parachute.

Baleen (বেলীন্‌), *n.* তিমি মৎস্যের হাড় ; Whalebone.

Balefire (বেল্‌ফায়ার্‌), *n.* সাঙ্কেতিক অগ্নি ; চিতাবহ্নি ; Signal fire ; funeral pyre ; উন্মুক্ত স্থানে বিরাট অগ্ন্যুৎসব ; Bonfire.

Baleful (বেল্‌ফুল্‌), *a.* বিনাশক ; অনিষ্টকর ; Destructive ; pernicious. *ad.* =balefully.

Balk, Baulk (বল্ক্‌), *v. t. i.* বাধা দেওয়া ; Prevent or hinder (to be *balked* of one's purpose) ; নিরাশ করা ; Disappoint ; (অশ্ব সম্বন্ধে) না এগোন, হঠাৎ থেমে যাওয়া ; Refuse to go forward, stop short :—*n.* ক্ষেতের আল ; Ridge of land left unploughed ; কাঠের কড়ি ; Timber beam ; আকস্মিক বাধা ; Stumbling-block.

Ball (বল্‌), *n.* গোলক ; Round body ; globe or earth ; গুলি ; Bullet ; ক্রীড়া-বিশেষ ; Game ; খেলিবার বল (Foot *ball*, tennis) ; নাচের জন্য জনসমাগম ; A gathering of people for dancing. **Ball of eye, Eyeball**—অক্ষি-গোলক ; Apple of the eye.

Ballad (ব্যাল্যাড্‌), *n.* জনপ্রিয় গাথা ; Simple popular song.

Ballast (ব্যাল্যাস্ট্‌), *n.* খালি জাহাজ কিংবা নৌকা সোজা ও স্থিরভাবে রাখিবার জন্য তলদেশে স্থাপিত লোহা, পাথর ইত্যাদি ; রাস্তা বাঁধাবার জন্য পাথরকুচি। (*fig.*) অভিজ্ঞতা ইত্যাদি, যাহা মানসিক স্থৈর্য্য বজায় রাখে ; Experience, etc. as steadying character :—*v. t.* পাথরকুচি ইত্যাদি দ্বারা বোঝাই করা ; Furnish with ballast.

Ball-bearings (বল্‌-বেয়ারিংস্‌), *n.* ঘর্ষণ-নিবারণার্থ ক্ষুদ্র ক্ষুদ্র গোলক ব্যবহারের যান্ত্রিক কৌশল ; Axle fittings avoiding friction by the use of small balls.

Ball-cartridge (বল্‌-কার্ট্রিজ্‌), *n.* গুলিবারুদ-সংবলিত টোটা ; Cartridge containing both powder and ball.

Ballerina (ব্যালেরীণা), *n.* নর্ত্তকী। Ballet-girl ; dancing woman.

Ballet (ব্যালে), *n.* পেশাদারী নর্ত্তক-নর্ত্তকীর ধারাবাহিক নৃত্যানুষ্ঠান ; Series of combined performances by professional dancers ; নর্ত্তক-নর্ত্তকী সম্প্রদায় ; The dancers (collectively)

Ballet-girl (ব্যালে-গার্ল্‌), *n.* নর্ত্তকী। Dancing girl.

Balloon (বেলূন্‌), *n.* ব্যোম-যান ; বেলুন :—*v. i.* বেলুনে চড়িয়া উপরে উঠা। **Balloon barrage**—বিমান-রোধক তার-সংযুক্ত বেলুন বাঁধ ; Anti-aircraft barrier of captive balloons with trailing wires.

Balloonist (বেলূনিস্ট্‌), *n.* ব্যোমযান নির্ম্মাতা বা চালক ; One who constructs or manages balloons.

Ballot (ব্যালট্‌), *n.* ভোট-পত্র ; A piece of paper used in voting ; গুপ্ত ভোট ; গুপ্ত মত ; Secret voting :—*v. t.* গুটিকা-পাত-দ্বারা মত বা ভোট দেওয়া ; Vote by ballot. **Ballot paper**—ভোট-পত্রী, মত-পত্রী।

Ballot-box (ব্যালট্‌-বক্‌স্‌), *n.* ভোট-পেটী ; মত-পেটী ; Box for receiving ballots.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Ball-room (বল্-রূম্), *n.* নৃত্যশালা ; A large room for dancing.

Balm (বাম্), *n.* সুগন্ধি ও ঔষধের গুণ-সম্পন্ন নির্য্যাস। সুগন্ধি বৃক্ষ ; Fragrant plant ; মলম ; Ointment ; যন্ত্রণা-উপশম-কারক বস্তু ; Anything soothing pain.

Balmy (বামি), *a.* সুগন্ধি ; Aromatic ; fragrant ; উপশমকারক ; Soothing. *ad.*=balmily. *n.*=balminess.

Balsam (বল্স্যাম্), *n.* সুগন্ধি নির্য্যাস পাওয়া যায় এমন বৃক্ষবিশেষ ; Plant, shrub or tree yielding balm ; নির্য্যাস ; সুগন্ধি মলম ; Oily, aromatic, healing substance. *a.*=balsamical.

Balsamic (বল্স্যামিক্), *a.* উপশমকারী ; Soothing.

Baluster (ব্যালাস্টার্), *n.* ক্ষুদ্র স্তম্ভ ; Short pillar ; রেলিংয়ের পিল্লা ; Post helping to support rail.

Balustrade (ব্যালাস্ট্রেড্), *n.* বারান্দার পাঁচিলরূপে ব্যবহৃত ছোট ছোট পিল্লা-শ্রেণী ; A row of small pillars supporting a rail and serving as a parapet to a balcony, etc.

Bamboo (ব্যাম্বু), *n.* বাঁশ।

Bamboozle (ব্যাম্বুজ্ল্), *v. t.* প্রতারণা করা ; ধাপ্পা দেওয়া ; বোকা বানান ; Cheat ; befool ; hoax ; হতবুদ্ধি করা ; Mystify.

Ban (ব্যান্), *n.* নিষেধাজ্ঞা ; Interdiction ; অভিশাপ ; Curse ; নির্ব্বাসন-দণ্ড ; Sentence of banishment :—*v. t.* অভিশাপ দেওয়া ; Curse ; নিষিদ্ধ করা ; Proscribe. **Put under a ban**—নিষিদ্ধ করা। **Be under a ban**—নিষিদ্ধ হওয়া।

Banal (বেন্যাল্), *a.* অতি সাধারণ ; Commonplace ; অত্যন্ত প্রচলিত, পুরাতন, পচা ; Hackneyed, trite, stale ; তুচ্ছ ; Trivial. *n.*=banality.

Banana (ব্যানানা), *n.* কদলী বৃক্ষ বা কদলী ফল ; Plantain-tree or its fruit.

Band (ব্যাণ্ড্), *n.* বন্ধন ; শৃঙ্খল ; That which binds ; chain :—*pl.* বন্ধনী ; That by which loose things are held together ; a tie ; দল ; Company of persons (a *band* of robbers) ; সৈন্যদল ; Troop ; গায়ক-দল ; Body of musicians ; গলাবন্ধ ; Neck-band ; শার্ট ইত্যাদিতে ব্যবহৃত ভিন্নবর্ণের বস্ত্রাংশ ; A flat strip of cloth of a different colour on a shirt, coat, etc. ; ডোরা, রেখা ; Stripe of a different colour, etc. on an object (a cup with a yellow *band*) ; ফিতা ; Flat strip of thin material (rubber *band*) :—*v. t. i.* সংযুক্ত করা ; Bind together ; গলাবন্ধ বাঁধা ; Put a band on ; ডোরা কাটা ; Mark with bands ; দলবদ্ধ হওয়া ; Form into a league (*banded* together).

Bandage (ব্যাণ্ডিজ্), *n.* আহত স্থান প্রভৃতি বন্ধনের পট্টি ; Strip of cloth used to bind up a wound or fracture :—*v. t.* পট্টি দ্বারা বন্ধন করা ; Bind with a bandage.

Bandbox (ব্যাণ্ড্বক্স্), *n.* টুপি প্রভৃতি রাখিবার কাগজের বাক্স ; A light paper-box to hold bands, hats, &c.

Bandeau (ব্যাণ্ডো), *n.* স্ত্রীলোকের চুল বাঁধিবার ফিতা ; Woman's hair-fillet. *pl.*=bandeaux (ব্যাণ্ডোজ্)।

Bandit (ব্যাণ্ডিট্), *n.* দস্যু ; Outlaw ; robber. *pl.*=bandits, banditti.

Bandmaster (ব্যাণ্ড্মাস্টার্), *n.* বাদক-দল-নায়ক ; Leader of a band of musicians.

Bandog (ব্যান্ডগ্), *n.* শৃঙ্খলাবদ্ধ কুকুর, ডালকুত্তাজাতীয় কুকুর ; A kind of large and fierce dog usually kept in chains, mastiff (properly band-dog).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bandolier (-leer) (ব্যাণ্ডলিয়ার্), *n.* কার্ত্তুজ রাখিবার গর্ত্তবিশিষ্ট কাঁধের বেল্ট বা পেটি।

Bandstand (ব্যাণ্ড্স্ট্যাণ্ড্), *n.* উন্মুক্ত-স্থানে বাজনা বাজাইবার জন্য উঁচু স্থান ; A platform for musical band.

Bandy (ব্যাণ্ডি), *n.* বক্রাগ্র যষ্টি ; Club bent at the end for striking a ball at play ; হকি খেলা ; Hockey ; হকি খেলার লাঠি :—*v. t.* এদিক্ ওদিক্ চালনা করা ; Prass to and fro ; আঘাত করিয়া ইতস্তত: সঞ্চালিত করা ; Strike to and fro ; বিনিময় করা ; Exchange ; কথা কাটাকাটি করা ; তর্কবিতর্ক করা ; Debate or discuss :—*a.* (পা সম্বন্ধে) হাঁটুতে ফাঁকবিশিষ্ট, হাঁটুর কাছে বক্র ; Bending outwards at the knees. **Bandy words with one**—বাগ্‌যুদ্ধ করা ; Carry on a hot debate. **To have one's name bandied about**—নিজের নামে অপবাদ রটনা হইতে দেওয়া।

Bandy-legged (ব্যাণ্ডি-লেগেড্), *a.* বক্রপদবিশিষ্ট ; Having crooked legs.

Bane (বেন্), *n.* বিষ ; Poison (rat's *bane*) ; সর্ব্বনাশ বা ধ্বংসের কারণ ; Ruin, cause of ruin, etc. (gambling is the *bane* of his life).

Baneful (বেন্‌ফুল্), *a.* অনিষ্টকর ; Harmful ; ধ্বংসকর ; Destructive.

Bang (ব্যাং), *v. t. i.* গুরুতর আঘাত করা ; Strike violently ; জোরে শব্দ করিয়া বন্ধ করা ; Shut noisily and violently ; উচ্চ শব্দ করা ; Make a loud noise (the gun *banged*) :—*n.* গুরুতর আঘাত ; Heavy blow ; ঝন্ ঝন্ শব্দ ; A loud and sudden noise :—*ad.* দড়াম্ করিয়া ; Abruptly with a loud noise ; দুম্ করিয়া ; Explosively (*bang* went the gun).

Bangle (ব্যাঙ্গ্‌ল্), *n.* বলয় বা মল ; Bracelet or anklet. *a.*=bangled.

Banian, Banyan (ব্যানিয়্যান্), *n.* বটবৃক্ষ ; Indian tree of the [illegible] family ; বণিক্ জাতি, বেনিয়া, মুৎসুদ্দি Hindu trader, Indian broker [illegible] financier ; ফতুয়া ; Under-garment.

Banish (ব্যানিশ্), *v. t.* নির্ব্বাসিত করা বহিষ্কৃত করা ; Condemn to exile, compel to leave a country ; দূরীভূত করা ; Drive away. *n.*=banisher.

Banishment (ব্যানিশ্‌মেণ্ট্), দেশান্তরীকরণ ; Act of banishing নির্ব্বাসন ; Exile.

Banister (ব্যানিস্টার্), *n.* Same as [Balustrade]

Banjo (ব্যাঞ্জো), *n.* তারের বাদ্যযন্ত্র বিশেষ। *pl.*=banjos.

Bank (ব্যাঙ্ক্), *n.* তীর ; The margin of a river, lake, etc. ; চড়া ; Shoal (sand *bank*) ; আল, লম্বা বাঁধ ; Earth raised above the level of the ground (as a dividing line) ; অর্থ সংগ্রহ ; Collection or stock of money ; অধিকোষ, ব্যাঙ্ক ; Office where money is deposited ; স্তূপ ; Heap of anything ; mound (big *bank* of snow, cloud) :—*v. t. i.* বাঁধ দিয়া ঘেরা ; Enclose with a bank ; স্তূপীকৃত করা বা হওয়া ; Make or form into a pile ; ব্যাঙ্কে অর্থ জমা দেওয়া Deposit money at a bank ; (মোটর বিমান সম্বন্ধে) একদিক কাৎ করিয়া চলা Travel with one side higher than the other. **Bank-balance**—ব্যাঙ্ক জমা, ব্যাঙ্কে মজুত টাকা ; Deposit lodged in a bank. **Bank on, upon**—আস্থাস্থাপন করা, নির্ভর করা ; Put confidence in, rely on (*bank upon* one's sincerity). **Bank with**—ব্যাঙ্কে টাকা রাখা ; Be a customer of a bank (whom do you *bank with ?*).

Bank-bill (ব্যাঙ্ক্-বিল্), *n.* হুণ্ডী Bill drawn by one bank on another.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bank-book (ব্যাঙ্ক্-বুক্), *n.* ব্যাঙ্কের হিসাব-পুস্তক, পাস বই ; Book for recording money paid in and drawn out from a bank.

Banker (ব্যাঙ্কার্), *n.* মহাজন, ব্যাঙ্কের মালিক বা অংশীদার ; One who keeps a bank ; ব্যাঙ্কের পরিচালক ; The director of a bank. *fem.*=bankeress.

Bank-holiday (ব্যাঙ্ক্-হলিডে), *n.* ব্যাঙ্ক এবং অন্যান্য প্রতিষ্ঠানের ছুটীর দিন।

Banking (ব্যাঙ্কিং), *n.* অর্থের আদান-প্রদান কার্য্য ; পোদ্দারী ; Business of a banker ; keeping money and lending it :—*a.* ধন-সঞ্চয়াগার বা ব্যাঙ্ক-সম্বন্ধীয় ; Of a bank.

Bank-note (ব্যাঙ্ক্-নোট্), *n.* ব্যাঙ্কের অর্থ-প্রদানের প্রতিজ্ঞা-পত্র ; হুণ্ডি ; Promissory note, issued by a bank or banking company and payable to bearer.

Bankrupt (ব্যাংক্রাপ্ট্), *n.* দেউলিয়া ; Insolvent person, esp. one so decided by the court :—*a.* ঋণ-পরিশোধে অক্ষম ; Insolvent ; (*fig.*) নিঃস্ব, হীন ; Bereft (*bankrupt* of a quality, morally *bankrupt*) :—*v. t.* দেউলিয়া করা ; Make insolvent.

Bankruptcy (ব্যাংক্রাপ্ট্সি), *n.* ঋণ-পরিশোধে অক্ষমতা, দেউলিয়ার অবস্থা ; Insolvency ; নীতি, ভাব ইত্যাদির নিঃস্বতা ; Being without morals, ideas, etc. ; সম্পূর্ণ বিনাশ ; Utter loss (*of* reputation, etc.).

Bank-stock (ব্যাঙ্ক্-স্টক্), *n.* ব্যাঙ্কের মূলধনের অংশ ; Share or shares in the capital stock of a bank.

Banner (ব্যানার্), *n.* দেশের, সৈন্যদলের, রাজার পতাকা বা নিশান ; Flag of a king or country or army ; শোভা-যাত্রা ইত্যাদির সময়ে ব্যবহৃত প্রতীকযুক্ত পতাকা ; Ensign usually hung between two poles used in processions, etc. *a.*=bannered.

Banneret (ব্যানারিট্), *n.* 'সার' উপাধি-বিশিষ্ট নাইট্ যোদ্ধা ; Higher class of knight, inferior to a baron.

Banns (ব্যান্স্), *n. pl.* প্রস্তাবিত পরিণয়-সংবাদ প্রচার ; বিবাহ-ঘোষণা ; The announcement in a church of an intended marriage ; the proclamation of a marriage.

Banquet (ব্যাঙ্কোয়িট্), *n.* মহাভোজ ; Sumptuous feast ; বক্তৃতাদিসহ সান্ধ্য-ভোজ ; Dinner with speeches (to promote some object) :—*v. t. i.* ভূরিভোজে আপ্যায়িত করা ; Give a feast to ; ভূরিভোজ করা ; Take part in a banquet.

Bantam (ব্যান্ট্যাম্), *n.* মোরগজাতীয় পক্ষিবিশেষ। ১১৬ পাউণ্ডের অনধিক ওজনের মুষ্টিযোদ্ধা (a *bantam*-weight).

Banter (ব্যাণ্টার্), *v. t. i.* পরিহাস করা ; Jest ; তরল হাস্যপরিহাসে উত্ত্যক্ত করা ; Tease in a playful good-natured way :—*n.* পরিহাস ; Good-natured joking.

Bantling (ব্যাণ্ট্লিং), *n.* শিশু ; Brat, child.

Banyan—See **Banian.**

Behave (বিহেহ্), *v. i.* & *reflex.* আচরণ করা; Conduct oneself (*behaved* badly); নির্দ্দিষ্ট রীতিতে কাজ করা; Act in a specified manner (how should you *behave*? machines *behave* well); সুষ্ঠু ব্যবহার করা; Conduct oneself with propriety (*behave* yourself—ভদ্র ব্যবহার কর)। **Ill-behaved**—মন্দ আচরণ-বিশিষ্ট; Having bad manners. **Well-behaved**—ভদ্র আচরণ-সম্পন্ন; Having good manners.

Behaviour (বিহেভিয়ার্), *n.* ব্যবহার; চালচলন; আচরণ; Conduct; manners; deportment; অন্যের প্রতি ব্যবহার; Treatment accorded to others. **Be on one's good behaviour**—সদাচরণ করিবার জন্য অত্যন্ত চেষ্টা করা; Take great care to behave well.

Behead (বিহেড্), *v. t.* শিরশ্ছেদন করা; Cut off the head.

Beheading (বিহেডিং), *n.* শিরশ্ছেদন; Act of cutting off the head.

Beheld (বিহেল্ড্), *p. t.* & *p. p.* of **Behold.**

Behest (বিহেস্ট্), *n.* আদেশ; Command; injunction.

Behind (বিহাইণ্ড্), *prep.* পশ্চাতে, অন্য পার্শ্বে; At the back of (*behind* the door); অতীতে; In the past (the school-days will be *behind* you); অনুপস্থিতিকালে পরিত্যক্ত (he died leaving four sons *behind* him); নিকৃষ্ট; Inferior to (Ram is *behind* Hari in school):—*n.* পশ্চাদ্দিক্ The posterior:—*ad.* পশ্চাদ্দিকে; Backward (look *behind*); গতকালে; Past; অবশিষ্ট; Remaining after; in arrear. **Behind one's back**—কাহারও অজ্ঞাতসারে; Without one's knowledge. **Behind time**—অতিবিলম্বে; Too late. **Behind the times**—সাবেকী, প্রাচীন ধরণের। **Fall behind**—পিছাইয়া পড়া, সমানতালে চলিতে না পারা; Not to keep up with. **From behind**—কোন বস্তুর অন্তরাল হইতে; Under the cover of.

Behindhand (বিহাইণ্ড্হ্যাণ্ড্), *pred. a.* or *ad.* পিছুপড়া; Behind others; বিলম্বে আগত; Late; দীর্ঘসূত্রী; Slow. **Behindhand with, in**—(কাজে, দেনাপরিশোধে) পিছিয়ে পড়া; In arrear (*with, in* payments, work, etc.).

Behold (বিহোল্ড্), *v. t.* অবলোকন করা, দৃষ্টিপাত করা; See with the eyes, look at:—*interj.* দেখ! দেখ! Take notice, observe. *p. t.* & *p. p.*= beheld.

Beholden (বিহোল্ডেন্), *pred. a.* বাধিত; Obliged (to) (*beholden to* a person for his help).

Beholder (বিহোল্ডার্), *n.* দর্শক; Looker-on.

Behoof (বিহুফ্), *n.* আবশ্যকতা; সুবিধা; ফল; উপকার; লাভ; Necessity; advantage; use; profit; পক্ষ; Behalf.

Behove (বিহোভ্), **Behoove** (বিহুভ্), *v. t.* উপযুক্ত হওয়া; Be fit, right (used only impersonally, it *behoves* you to...).

Being (বীইঙ্), *a.* বিদ্যমান; Existing; বর্ত্তমান; Present:—*n.* অস্তিত্ব, সত্তা; Existence; বিদ্যমান বস্তু বা ব্যক্তি; Any person or thing existing (human *being*); সমগ্র সত্তা বা প্রকৃতি; Constitution, nature (his whole *being*).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

For the time being—সাময়িকভাবে। **The Supreme being**—ঈশ্বর ; God. **Come into being**—অস্তিত্ব লাভ করা ; Begin to exist (the world *came into being*).

Bejewel (বিজুয়েল্), *v. t.* রত্নখচিত করা ; Adorn with jewels.

Belabour (বিলেবার্), *v. t.* গুরুতর প্রহার করা ; Beat soundly.

Belate (বিলেট্), *v. t.* অতিরিক্তভাবে সময় অতীত করা ; Make too late.

Belated (বিলেটেড্), *a.* (নৈশ) অন্ধকারে অভিভূত ; Overtaken by darkness ; অতি বিলম্বে আগত ; Coming too late (an act of *belated* charity).

Belaud (বিলড্), *v. t.* অত্যধিক প্রশংসা করা ; Praise highly.

Belay (বিলে), *v. t.* খোঁটায় দড়ি জড়াইয়া বাঁধা ; Fasten a rope by winding it round a peg ; রুদ্ধ করা ; Block up. **Belaying pin**—দড়ি জড়াইয়া বাঁধার লোহা বা কাঠের খোঁটা।

Belch (বেল্চ্), *v. t. i.* বমন করা ; উদ্গিরণ করা ; Throw up from the stomach ; eject ; eject violently from within (the volcano *belched* forth a stream of lava) :—*n.* উদ্গিরণ ; উদ্বমন ; An outburst of gas, smoke, etc. ; the act of belching.

Belching (বেল্চিং), *n.* উদ্গিরণ ; বমন ; Emitting ; throwing out from stomach.

Beldam (বেল্ড্যাম্). **Beldame** (বেল্ডেম্), *n.* কুরূপা বৃদ্ধা স্ত্রী ; Ugly old woman ; hag ; মারমুখী বা ঝগড়াটে স্ত্রীলোক ; A virago.

Beleaguer (বিলীগার্), *v. t.* অবরোধ করা ; Besiege. *n.*=beleaguerment.

Belfry (বেল্ফ্রি), *n.* মন্দির বা দুর্গের যে অংশে ঘণ্টা বাঁধা থাকে ; Part of a tower in which bells are hung ঘণ্টাঘর ; Bell-tower.

Belgian (বেলজিয়্যান্), *a.* বেলজি দেশীয় ; Pertaining to Belgium :—*n.* বেলজিয়মবাসী ; Native of Belgium.

Belial (বীলিয়্যল্), *n.* শয়তান ; The devil.

Belie (বিলাই), *v. t.* ভুল বা মিথ্যা ধারণা সৃষ্টি করা ; Give a wrong or untrue idea of (his looks *belie* his words) সত্যতা প্রমাণ করিতে অসমর্থ হওয়া ; Fail to justify (the examination results *belied* the prophecy of his tutors).

Belief (বিলীফ্), *n.* বিশ্বাস ; সত্য বলিয়া প্রতীতি ; Credence ; conviction ; বিশ্বাস ; Faith ; ধর্ম্মবিশ্বাস ; A tenet or body of tenets (the *belief* of the Hindus) ; বিশ্বাসের বিষয় ; Object of belief. **To the best of one's belief**—(কাহারও) প্রকৃত মতে, যতদূর কেহ জানে ; So far as one knows.

Believable (বিলীভেব্‌ল্), *a.* বিশ্বাস যোগ্য ; That may be believed.

Believe (বিলীভ্), *v. t. i.* সত্য বলিয়া বিশ্বাস করা ; Regard as true ; বিশ্বাস করা ; আস্থা রাখা ; Have trust in (*believe* in God) ; অনুমান করা ; Suppose (he is, I *believe*, your brother). **Make believe**—ভান করা ; Feign.

Believer (বিলীভার্), *n.* বিশ্বাসী ; One who believes ; ধর্ম্মমতে বিশ্বাসী ; One who has religious faith.

Belike (বিলাইক্), *ad.* সম্ভবতঃ ; হইতে হইতে পারে ; Probably ; perhaps.

Belittle (বিলিট্‌ল্), *v. t.* ছোট করা ; তুচ্ছতাচ্ছিল্য করা ; Make little ; অপ্রশংসা বা অবজ্ঞাচ্ছলে বলা ; Disparage. *n.*=belittlement.

Bell (বেল্), *n.* ঘণ্টা। ঘণ্টাকৃতি বস্তু

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Anything in the form of a bell; ঘণ্টার শব্দ; The sound of a bell :—*v. t.* ঘণ্টাযুক্ত করা; Furnish with a bell. **Bell the cat**—ম্যাও ধরা; Face the danger of taking the initiative.

Belladonna (বেল্যাডনা), *n.* বিষাক্ত লতাবিশেষ; ধুতুরা-জাতীয় বৃক্ষবিশেষ; বিষাক্ত ঔষধবিশেষ; Deadly night-shade; drug prepared from this.

Belle (বেল্), *n.* সুন্দরী স্ত্রীলোক; Beautiful woman. *fem.* of **Beau** (*q. v.*).

Belled (বেল্ড্), *a.* ঘণ্টালম্বিত; Hung with a bell; ঘণ্টাকৃতি পুষ্পবিশিষ্ট; Having bell-shaped flowers.

Belles-lettres (বেল্-লেট্র্), *n.* সুকুমার সাহিত্য, কাব্যাদি শাস্ত্র (বিজ্ঞান, বাণিজ্য-বিষয়ক শাস্ত্র হইতে বিভিন্ন); Polite and elegant literature (contrasted with commercial, technical or scientific writings). *a.*=belletristic. *n.*=belletrist.

Bell-founder (বেল্-ফাউণ্ডার্), *n.* ঘণ্টা-নির্ম্মাতা; One who casts bells.

Bell-hanger (বেল্-হ্যাংয়ার্), *n.* ঘণ্টা-নিবেশকারী; One who hangs bells.

Bellicose (বেলিকোস্), *a.* বিবাদপ্রিয়; Contentious; যুদ্ধপ্রিয়; Warlike. *ad.*=bellicosely. *n.*=bellicosity.

Bellied (বেলিড্), *a.* উদরের ন্যায় উন্নত; Swelled out or prominent like the belly.

Belligerence, -ency (বেলিজারান্স, -ন্সি), *n.* যুধ্যমান অবস্থা; The state of being at war; যুদ্ধের মনোবৃত্তি; Disposition to fight.

Belligerent (বেলিজারেণ্ট্), *n.* যুধ্যমান জাতি বা রাষ্ট্র; Nation or state carrying on war :—*a.* রণশীল; Disposed to war; বিবদমান; Engaged in conflict.

Bellman (বেল্ম্যান্), *n.* চৌকিদার; Town crier.

Bell-metal (বেল্মেট্যাল্), *n.* কাঁসা।

Bellona (বেল্লোন্যা), *n:* যুদ্ধ-দেবী; Goddess of war; তেজস্বিনী রমণী; A spirited and vigorous woman.

Bellow (বেল্লো), *v. i.* (ষাঁড়ের) গর্জ্জন করা; Roar, as an ox :—*n.* (ষাঁড়ের) চীৎকার; Roaring.

Bellows (বেলোজ্), *n. sing.* or *pl.* ভস্ত্রা, হাপর, যাঁতা; Instrument for forcing air into something.

Bell-pull (বেল্-পুল্), *n.* ঘণ্টালগ্ন রজ্জু; Cord to ring a bell.

Bell-ringer (বেল্-রিংগার্), *n.* ঘণ্টা-বাদক; One who rings a bell.

Bell-shaped (বেল্-শেপ্ট্), *a.* ঘণ্টাকৃতি; Shaped like a bell.

Bell-tower (বেল্-টাওয়ার্), *n.* ঘণ্টা-মন্দির; Belfry.

Bell-wether (বেল্-ওয়েদার্), *n.* গলায় ঘণ্টাবাঁধা সর্দ্দার মেষ; Sheep that leads the flock with a bell tied on its neck; (*fig.*) সর্দ্দার; Ringleader.

Belly (বেলি), *n.* পেট; The lower part of the human body containing the stomach and bowels (the usual polite word is *stomach*; a more precise word is *abdomen*); ক্ষুধা; Appetite; অতিভোজন; Gluttony; কোন জিনিসের ভিতরকার গর্ত্ত; The cavity in anything; পাকাশয়; The stomach itself (an empty *belly*); গর্ভাশয়; Womb :—*v. t. i.* বর্দ্ধিত করা বা হওয়া; স্ফীত হওয়া; Swell out. *pr. p.*=bellying. *p. p.*=bellied.

Belly-ache (বেলি-এক্), *n.* অম্লশূল, [উদরশূল; Colic.

Belly-band (বেলি-ব্যাণ্ড্), *n.* ঘোড়ার পেটী; Band that passes under the belly of a horse to secure the saddle.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bellyful (বেলিফুল্), *n.* পূর্ণোদর পরিমাণ ; একপেট ; As much food as fills the belly or satisfies hunger (esp. of fighting).

Belly-god (বেলি-গড্), *n.* পেটুক ; A glutton.

Belly-pinched (বেলি-পিঞ্চ্ট্), *a.* অনাহারক্লিষ্ট ; Starving.

Belly-worship (বেলি-ওয়ার্শিপ্), *n.* ঔদরিকতা, পেটুকত্ব ; Gluttony.

Belong (বিলং), *v. i.* অধিকারভুক্ত হওয়া ; Be the property, concern or business of ; অংশভুক্ত হওয়া ; Be a part of ; অধিবাসী হইয়া থাকা ; Be a native or resident of ; যুক্ত হওয়া ; সংসৃষ্ট হওয়া ; Be connected with ; pertain. কয়েকটি প্রয়োগ :— **This book belongs to me**—এই বই আমার। **He belongs to this school**—সে এই বিদ্যালয়ে পড়ে। **Where do you belong**—কোথায় তুমি বাস কর ?

Belongings (বিলংয়িংজ্), *n. pl.* অধিকারভুক্ত দ্রব্যসকল ; Possessions ; সম্পত্তি ; Property ; জিনিসপত্র ; Luggage (he went away with all his *belongings*) ; আত্মীয়স্বজন ; Relatives.

Beloved (বিলাভেড্), *a.* দয়িত ; প্রিয় ; Very dear ; dear :—*n.* প্রিয়জন ; Darling.

Below (বিলো), *ad.* নিম্নে ; To, at or into a lower place ; পৃথিবীতে ; On the earth ; নরকে ; In hell ; নীচের তলায় ; Downstairs ; বইয়ের পাতার নিম্নদেশে বা পরবর্ত্তী পাতায় ; At the foot of the page or further on in the book :—*prep.* নিম্নে ; Under (a place) ; beneath ; (পদমর্য্যাদায়) নিম্নে ; Inferior (in rank) ; নদীর ভাটিতে ; Down stream. **Below the mark**—আদর্শের নিম্নে ; Inferior to the standard. **Hit below the belt**—অন্যায়ভাবে আঘাত করা ; আক্রমণ করা ; Give an unfair blow ; make an unfair attack. **Below one's breath**—চুপিসাড়ে ; In a whisper. **Below par**—উনহারে।

Belt (বেল্ট্), *n.* কটিবন্ধ, বেল্ট ; Band যন্ত্রপাতি চালাইবার জন্য দুইটি চাকায় সংযুক্ত চামড়ার ফিতাবিশেষ। প্রশস্ত স্থান, ভূখণ্ড ইত্যাদি ; Any wide strip of land, etc. (a green *belt* round the city) :—*v. t.* বেষ্টন করা। কটিবন্ধদ্বারা আঁটা ; Fasten with a belt. *a.*=belted.

Belvedere (বেল্‌ভিডিয়ার্), *n.* দৃশ্যটি অবলোকনার্থ উচ্চে অবস্থিত ক্ষুদ্র মণ্ডপ ; Raised turret to view scenery from ; উদ্যানস্থ উচ্চ গ্রীষ্মাবাস ; Summer resort on an eminence in a park or garden.

Bemoan (বিমোন্), *v. t.* বিলাপ করা ; আক্ষেপ করা ; Lament. [Stupefy.

Bemuse (বিমিউজ্), *v. t.* অভিভূত করা ;

Bench (বেঞ্চ্), *n.* দীর্ঘ কাষ্ঠাসন ; Long seat of wood ; বিচারপীঠ, বিচারাসন ; Seat of a judge ; বিচারালয় ; Law court ; সূত্রধরের পাটা ; Long table at which mechanics and others work ; বিচারক-সম্প্রদায় ; Judges, magistrates. **Bench and Bar**—বিচারক এবং ব্যবহারজীবী-সম্প্রদায় ; Judges and lawyers. **Be raised to the Bench**—জজ হওয়া ; Be (made) a judge.

Bend (বেণ্ড্), *v. t. i.* বাঁকান, বক্র হওয়া ; Make or become curved ; গতি ফিরান ; দিক্ পরিবর্ত্তন করা ; Turn in a new direction ; প্রয়োগ করা ; Exert (*bend* one's energies) ; নোয়া, নত করা ; Incline ; বশ্যতা স্বীকার করা বা করান ; Submit or force to submit (*bend* him, he will not *bend*) :

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

—*n.* বাঁক ; বক্র রেখা ; A curve (a sharp *bend* on the road). *p. p.*= bent.

Beneath (বিনীথ্), *prep.* নিম্নে ; Under ; অনুপযুক্ত ; Unworthy of ; unbecoming :—*ad.* নিম্নে ; In a lower place ; পৃথিবীতলে ; Below, as opposed to heaven. **Beneath one's dignity**—কাহারও সম্মান-হানিকর ; কাহারও অনুপযুক্ত ; Derogatory to one's honour. **Beneath notice, contempt**—মনোযোগ প্রদানের অযোগ্য, ঘৃণা করারও অযোগ্য ; Not worthy of notice or contempt. **Marry beneath one**—নিম্ন পদমর্য্যাদা-সম্পন্ন স্বামী বা স্ত্রী গ্রহণ করা।

Benedick (বেনিডিক্), *n.* নব-বিবাহিত পুরুষ, বিশেষতঃ চিরকুমারব্রতী পুরুষ, যে অবশেষে বিবাহ করিয়াছে ; A newly married man, esp. a confirmed bachelor who marries.

Benedictine (বেনিডিক্টাইন্), *n.* সেণ্ট্ বেনিডিক্টের সম্প্রদায়ভুক্ত সন্ন্যাসী ; A monk of the order of St. Benedict in the 6th century.

Benediction (বেনিডিক্শন্), *n.* আশীর্ব্বাদ, স্বস্তিবচন ; A blessing ; উপাসনান্তে আশীর্ব্বচন ; A blessing, esp. at the end of a church service. *a.*=benedictory.

Benedictory (বেনিডিক্টরি), *a.* আশীর্ব্বাদসূচক ; Expressing good wishes for.

Benefaction (বেনিফ্যাক্শন্), *n.* হিত-সাধন ; Doing good ; দান ; A charitable donation.

Benefactor (বেনিফ্যাক্টর্), *n.* দাতা ; হিতকারী ; পৃষ্ঠপোষক ; One who confers a benefit ; patron. *fem.*= benefactress—(দাত্রী)।

Benefice (বেনিফিস্), *n.* ধর্ম্মযাজকের বৃত্তি ও তাহা হইতে প্রাপ্ত আয় ; যাজনবৃত্তি ; Ecclesiastical living, and the income received from it.

Beneficed (বেনিফিস্ট্), *a.* ধর্ম্মবৃত্তিভুক্ত, যাজকবৃত্তি প্রাপ্ত ; Possessing a benefice.

Beneficence (বিনেফিসেন্স্), *n.* বদান্যতা, পরোপকার ; দয়া ; দানশীলতা ; Act of doing good to others ; kindness ; charity.

Beneficent (বিনেফিসেণ্ট্), *a.* দয়ালু ; দানশীল ; হিতকর ; সুফলপ্রদ ; Kind ; munificent ; doing good ; having good results.

Beneficial (বেনিফিশ্যল্), *a.* লাভজনক ; উপকারী ; হিতকর ; প্রয়োজনীয় ; Profitable ; advantageous ; useful (milk is *beneficial* to health).

Beneficiary (বেনিফিশ্যারি), *n.* ধর্ম্ম-বৃত্তিভুক্ত ; Holder of a benefice ; দান-গ্রাহী ; One who receives anything as a gift ; মৃত ব্যক্তির সম্পত্তি যে লাভ করে ; One who receives money or property after a person's death.

Benefit (বেনিফিট্), *n.* উপকার ; অনুগ্রহ ; Act of kindness ; favour conferred ; সুবিধা ; লাভ ; Advantage ; profit ; কোন অভিনেতার বা সাধারণের উপকারার্থ অভিনয় (*benefit* night) :—*v. t. i.* উপকার করা ; উপকার লাভ করা ; Give or receive benefit. **Give a person the benefit of the doubt**—সন্দেহস্থলে আসামীকে নির্দ্দোষ বলিয়া মুক্তি দেওয়া।

Benevolence (বিনেভলেন্স্), *n.* জন-হিতৈষিতা ; উপচিকীর্ষা ; Goodwill ; disposition to do good ; দয়ার কার্য্য, দানশীলতা ; Act of kindness or charity.

Benevolent (বিনেভলেণ্ট্), *a.* হিতৈষী, সদয় এবং সাহায্য করিতে ইচ্ছুক ; শুভাকাঙ্ক্ষী ; দানশীল ; Desirous of doing good ; kind and helpful ; charitable.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bengalee, Bengali (বেঙ্গলি), *a.* বঙ্গীয় :—*n.* বাঙ্গালী ; বঙ্গভাষা।

Benighted (বিনাইটিড্), *a.* মানসিক বা নৈতিক অন্ধকারে সমাচ্ছন্ন ; অজ্ঞ, নীতিজ্ঞান-হীন; Involved in darkness ; intellectual or moral ; রাত্রিগ্রস্ত ; Overtaken by night and darkness (*benighted* travellers).

Benign (বিনাইন্), *a.* কৃপালু ; সদয় ; Gracious ; kind ; প্রসন্ন ; Propitious ; স্বাস্থ্যকর ; Wholesome ; অনুকূল ; Favourable ; ফলপ্রদ ; Fruitful ; (রোগ সম্বন্ধে) বিপজ্জনক নয় এমন ; Not dangerous (*cf.* malignant). *n.*= benignness.

Benignant (বিনিগ্ন্যান্ট্), *a.* সদয় ; অনুকূল ; Kind ; favourable. *n.*= benignancy.

Benignity (বিনিগ্নিটি), *n.* সহৃদয়তা ; Kindliness. [Kindly.

Benignly (বিনাইন্লি), *ad.* সহৃদয়ভাবে ;

Benison (বেনিজ্ন্), *n.* আশীর্ব্বাদ ; A blessing.

Bent (বেন্ট্), *n.* ঝোঁক বা টান ; Leaning or bias ; স্থির প্রবৃত্তি বা মনের গতি ; Inclination or tendency (a natural *bent* for drawing) ; বক্রতা বা বাঁক ; Crooked form :—*a.* বাঁকান ; Curved ; প্রবণ ; ইচ্ছুক ; Inclined. *p. t.* & *p. p.* of **Bend. Follow one's bent**—যাহা করিতে কাহারও ভাল লাগে তাহাই করা। **Bent on**—কিছু করিতে দৃঢ়প্রতিজ্ঞ ; Determined on.

Benumb (বিনাম্), *v. t.* অবশ, অসাড় করা ; Deprive of sensation (*benumbed* by cold) ; (*fig.*) অভিভূত করা, নিষ্ক্রিয় করা ; Paralyse (mind or faculties) [his sense of morality was *benumbed* by poverty].

Benzoin (বেন্জ্ইন্, বেন্জোইন্), *n.* সুগন্ধি দ্রব্যবিশেষ, দেবধূপ, গুগ্গুল্।

Bequeath (বিকুয়ীদ্), *v. t.* উইল করিয়া দেওয়া ; Give or leave by a will ; পুরুষ-পরম্পরাক্রমে দিয়া যাওয়া Hand down to posterity.

Bequest (বিকোয়েস্ট্), *n.* উইল ; ইচ্ছাপত্রদ্বারা দান ; Something bequeathed or left by a legacy.

Berate (বিরেট্), *v. t.* তীব্র ভর্ৎসনা করা Scold sharply.

Bereave (বিরীভ্), *v. t.* বঞ্চিত করা Deprive (*of* life, hope, etc.) দুঃখিত ও নিরাশ করিয়া ফেলিয়া যাওয়া Leave (a person) sad and hopeless (to be *bereaved* of one's parents) ; স্ত্রীপুত্রাদি হইতে বঞ্চিত হওয়া Be deprived of child, wife, etc.

Bereaved (বিরীভ্ড্), *a.* প্রিয়জন-বিয়োগ-বিধুর ; Left desolate by the death of a dear relation (a *bereaved* husband).

Bereavement (বিরীভ্মেণ্ট্), *n.* বঞ্চিত অবস্থা ; The state of being bereaved ; প্রিয়জন-বিয়োগ ; Loss of a friend or relation by death (sympathize in your *bereavement*).

Bereft (বিরেফ্ট্), *p. t.* & *p. p.* of **Bereave. Bereft of**—বঞ্চিত।

Berg (বার্গ্), *n.* তুষারস্তূপ (সমুদ্রে) A large mass of floating ice (in the sea) ; হিমশৈল ; An iceberg.

Bergamot (বার্গ্যামট্), *n.* একজাতীয় কমলালেবুর বৃক্ষবিশেষ ; উহার ছাল হইতে প্রস্তুত সুগন্ধ তৈল।

Beriberi (বেরিবেরি), *n.* রোগবিশেষ।

Berry (বেরি), *n.* জামের মত রসাল ফলবিশেষ। **Blackberry**—কালজাম।

Berth (বার্থ্), *n.* নোঙ্গরস্থান, জাহাজ ভিড়িবার জায়গা ; Room for ship to swing at anchor ; (জাহাজের বা রেলের কামরা) শয়নস্থান ; A sleeping place on a ship or a train ; (চলিত) পদ কর্ম্ম ; Official situation, position

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

employment :—*v. t.* নোঙ্গর করা ; Moor. **Give a wide berth to**—বেশ তফাতে থাকা ; এড়াইয়া চলা ; Keep at a safe distance from ; avoid.

Beryl (বেরিল্), *n.* পান্না, মণিবিশেষ, ফিরোজ ; Precious stone esp. of a greenish colour including emerald.

Beseech (বিসীচ্), *v. t.* সাগ্রহে প্রার্থনা করা ; Ask earnestly for ; হাতে ধরিয়া বলা, মিনতি করা ; Entreat. *p. t.* & *p. p.*=besought.

Beseeching (বিসীচিং), *a.* সানুনয় আবেদনপূর্ণ ; Suppliant. *ad.*=beseechingly.

Beseem (বিসীম্), *v. t.* উপযুক্ত হওয়া ; মানানো ; Be proper or suitable (it ill *beseems* you to...). *a.*=beseeming. *ad.*=beseemingly.

Beset (বিসেট্), *v. t.* (-tt-) বেষ্টন করা ; Surround (difficulties that *beset* you) ; রোধ করা ; Block up. *a.*=besetting. **Besetting sin**—চিরাভ্যস্ত পাপ, সংস্কাররূপে পরিণত দোষ ; Sin that most frequently tempts one.

Beshrew (বিশ্রু), *v. t.* অভিসম্পাত দেওয়া ; Curse.

Beside (বিসাইড্), *prep.* পার্শ্বে ; নিকট ; At or by the side of ; near to ; তুলনায় ; Compared with (this picture is dull *beside* that). **Beside oneself**—আত্মহারা হওয়া ; Be out of one's wits or senses. **Beside the mark**—অপ্রাসঙ্গিক ; Irrelevant.

Besides (বিসাইড্জ্), *ad.* অধিকন্তু ; আরও ; Moreover ; also. —*prep.* অতিরিক্ত ; ব্যতীত ; Over and above ; except.

Besiege (বিসীজ্), *v. t.* অবরোধ করা ; Lay siege to ; বেষ্টন করা ; Surround ; ছাঁকিয়া ধরা ; Crowd round (the minister was *besieged* with petitions for help).

Besieger (বিসীজার্), *n.* অবরোধকারী ; One employed in a siege.

Besmear (বিস্মীয়ার্), *v. t.* লেপন করা ; Daub (*besmeared* with ink).

Besmirch (বিস্মার্চ্), *v. t.* মলিন করা ; বিবর্ণ করা ; Soil ; discolour.

Besom (বিজ়েম্), *n.* সম্মার্জ্জনী ; Broom.

Besot (বিসট্), *v. t.* মত্ত করা ; হতবুদ্ধি করা ; Make sottish ; stupefy ; প্রমত্ত করা ; Infatuate. *pr. p.*=besotting. *p. t.* & *p. p.*=besotted.

Besought (বিসট্), *p. t.* & *p. p.* of **Beseech.**

Bespangle (বিস্প্যাঙ্গ্ল্), *v. t.* চুমকি-বসান, সজ্জিত করা ; Adorn with spangles.

Bespatter (বিস্প্যাটার্), *v. t.* ছিটাইয়া সম্পূর্ণ ভিজাইয়া দেওয়া ; Spatter (object) all over ; নোংরা করা ; Soil ; নিন্দা করা ; Abuse.

Bespeak (বিস্পীক্), *v. t.* অগ্রে বলিয়া ব্যবস্থা করিয়া রাখা ; To engage beforehand (we have *bespoken* two tickets for the performance) ; (মাল) ফরমাইস দেওয়া ; Order (goods) ; সাক্ষ্য দেওয়া ; দেখান ; Be evidence of ; show (the neatness of the room *bespeaks* the owner's cleanly habits). *p. t.*=bespoke. *p. p.*=bespoken.

Besprinkle (বিস্প্রিঙ্ক্ল্), *v. t.* উপরে ছিটান ; Sprinkle over (*with*).

Best (বেস্ট্), *a.* (*sup.* of **good**) অত্যুত্তম ; Good in the highest degree ; সর্ব্বোৎকৃষ্ট ; সর্ব্বোচ্চ ; Most advanced :—(*sup.* of **well**) *ad.* অতি উত্তমরূপে ; In the highest degree ; সব চেয়ে সুবিধাজনকভাবে ; To the most advantage ; সর্ব্বতোভাবে ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Thoroughly :—*n.* সাধ্যানুযায়ী চেষ্টা ; চরমোৎকর্ষ ; Utmost endeavour ; the highest perfection :—*v. t.* (*coll.*) পরাস্ত করা ; Get the better of. **At best** or **at the best**—বড় জোর ; On the most hopeful view. **Be all for the best**—পরিণামে ভাল হইবে। **Get the best of it**—প্রতিযোগিতায় জয়ী হওয়া ; Prevail in contest. **Do one's best**—সাধ্যমত চেষ্টা করা ; Exert one's utmost power. **Have the best of it**—জয়লাভ করা। **Make the best of**—যথোচিত সদ্ব্যবহার করা ; Turn to the most profitable use. **Make the best of a bad business**—অসুবিধার ভিতর হইতে যথাসম্ভব সুবিধা করিয়া লওয়া। **Be at one's best**—কতখানি ভাল করিতে পারা যায় দেখান ; Show how well one can do something. **With the best**—অন্য যে কোন লোকের সহিত পাল্লা দিয়া ; As well as any one. **To the best of**—শেষ সীমা পর্য্যন্ত ; To the utmost of. **Best man** or **maid**—বিবাহের নীতবর বা নীতকনে ; The principal attendant of a bride or bridegroom at the wedding :—*adv.* (*sup.* of **well**)—অতি সন্তোষজনকভাবে, সব চেয়ে সাফল্যের সহিত (he works *best* in the morning) ; সব চেয়ে বেশী ; Most (he is the *best* loved teacher in the school). **Had best**—সবচেয়ে ভাল ছিল (you *had best* go at once).

Bestead (বিস্টেড্), *v. t.* কার্য্যকর হওয়া ; Avail ; সাহায্য করা ; Assist :—*v. i.* উপকার লাভ করা ; Profit ; লাভজনক হওয়া ; Be advantageous.

Bested (বেস্টিড্), *p. p.* সমাকীর্ণ ; Beset ; অবস্থিত ; Situated.

Bestial (বেস্টিয়্যাল্), *a.* পশুবৎ ; Like a beast ; অসভ্য, বর্ব্বর ; Brutish or savage. *ad.*=bestially.

Bestiality (বেস্টিয়্যালিটি), *n.* পশুবিকতা ; Beastliness ; অতি কুৎসিত পাপাচরণ ; Disgusting vice.

Bestir (বিস্টার্), *v. reflex.* (-rr-) উত্তেজিত করা ; Stir up ; জাগান ; Rouse (*bestir* yourself—জাগো এবং কাজ কর)।

Bestow (বিস্টো), *v. t.* দান করা ; Give (a thing *upon* person) ; স্থাপন করা, রাখা ; Deposit, place.

Bestowal (বিস্টোয়্যাল্), *n.* প্রদান ; Act of bestowing.

Bestrew (বিস্ট্রু), *v. t.* উপরে ছড়ান বা ছিটান ; Scatter over ; চারিদিকে ছড়ান ; Scatter around (the queen's path was *bestrewn* with flowers).

Bestride (বিস্ট্রাইড্), *v. t.* পা ফাঁক করিয়া বা আড় হইয়া উপরে দাঁড়ান বা উপবেশন করা ; Stand with the legs apart over ; sit with one leg on each side. *p. t.*=bestrode, bestrid. *p. p.*=bestrid, bestridden.

Best-seller (বেস্ট্-সেলার্), *n.* কোনও সময়ে যে বইয়ের সবচেয়ে বেশী কাট্‌তি হয়, জনপ্রিয় উপন্যাসাদি ; Popular novels, etc., that have had the biggest sales of the season ; উহার লেখক ; The writer thereof.

Bet (বেট্), *n.* বাজি ; A wager ; বাজির টাকা ; The money that is promised (he lost his *bet*) :—*v. i. t.* পণ বা বাজি রাখা ; Lay a bet or wager. *pr. p.*=betting. *p. t.* & *p. p.*=bet, betted.

Betake (বিটেক্), *v. t. reflex.* কোন উপায় অবলম্বন করা ; আশ্রয় গ্রহণ করা ; Have recourse to ; resort to (defeated by the Moguls, Rana Pratap *betook* himself to the

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

hills). *p. t.*=betook. *p. p.*=betaken.

Betaken (বিটেক্‌ন্), *p. p.* of **Betake.**

Betel (বিটেল্), *n.* পাণ।

Betel-nut (বিটেল্-নাট্), *n.* সুপারী; শুবাক; Nut of the areca-palm.

Bethel (বেথেল্), *n.* পবিত্র স্থান; Hallowed spot.

Bethink (বিথিঙ্ক্), *v. t. reflex.* স্মরণ করা; Recollect; চিন্তা করা; Reflect (he *bethought* himself of the glories of his race and determined never to yield). *p. t.* & *p. p.*=bethought.

Betide (বিটাইড্), *v. i. t.* ঘটা; (whatever *betide*); সংঘটিত হওয়া; Happen to [woe *betide* you—অমঙ্গল হউক (অভিসম্পাত)]।

Betimes (বিটাইম্‌স্), *ad.* উপযুক্ত সময়ে; যথোচিত সময়ে; Seasonably; in good time; সকাল সকাল; Early.

Betoken (বিটোকেন্), *v. t.* চিহ্নদ্বারা প্রদর্শন করা; সঙ্কেত করা; Show by signs; পূর্ব্বসূচনা করা; Foreshow (scarcity of rain *betokens* a poor harvest).

Betook (বিটুক্), *p. t.* of **Betake.**

Betray (বিট্রে), *v. t.* বিশ্বাসঘাতকতা পূর্ব্বক (শত্রুহস্তে) সমর্পণ করা; Give up treacherously (Judas *betrayed* his master); বিশ্বাসঘাতকতা করা; Be false to; প্রতারণামূলক কার্য্য করা; Act deceitfully towards; গুপ্ত রহস্য প্রকাশ বা প্রদর্শন করা; Disclose treacherously; অনিচ্ছাপূর্ব্বক প্রকাশ করা; Reveal involuntarily, show unwittingly (*betrayed* his ignorance); সূচনা করে, সাক্ষ্য দেয়; Be evidence or symptom of (his face *betrayed* that he was not guilty); কুপথে লইয়া যাওয়া; Lead astray.

Betrayal (বিট্রেয়্যাল্), *n.* শত্রুহস্তে সমর্পণ; Betraying or being betrayed; বিশ্বাসঘাতকতার দৃষ্টান্ত; An instance of this.

Betrayer (বিট্রেয়ার্), *n.* বিশ্বাসঘাতক; Traitor.

Betroth (বিট্রোদ্), *v. t.* বাগ্‌দান করা, বিবাহের সম্বন্ধ স্থির করা; Bind with promise to marry.

Betrothal (বিট্রোদ্যাল্), *n.* বিবাহের বাগ্‌দান; Mutual agreement for marriage.

Betrothed (বিট্রোদ্‌ড্), *n.* বাগ্‌দত্ত বা বাগ্‌দত্তা (the girl stuck to her *betrothed* when he suddenly fell on evil days).

Better (বেটার্), *n.* অধিকতর নিপুণ ব্যক্তি; More skilful person (one's *better*):—*pl.* গুরুজন; Superiors:—*a.* (*comp.* of **good**) শ্রেষ্ঠতর; Having all the appropriate qualities in a higher degree; পূর্ব্বাপেক্ষা ভাল; More improved:—*ad.* অধিকতর ভালরূপে; In a better way:—*v. t. i.* উন্নত করা; অপেক্ষাকৃত ভাল করা; Improve; make better; কাহারও উপর উন্নতিসাধন করা; Improve upon. **One's better feelings**—(কাহারও) উচ্চতর প্রকৃতি; One's higher nature. **Get the better of**—পরাজিত করা; Defeat; প্রতারিত করা; Outwit. **Better off**—অপেক্ষাকৃত সঙ্গতিসম্পন্ন; Richer. **The better part**—সংখ্যাধিক্য; Majority.

Bettered (বেটার্ড্), *p. a.* সংশোধিত; Amended.

Better half (বেটার্ হাফ্), *n.* অর্দ্ধাঙ্গিনী, স্ত্রী; Wife.

Betterment (বেটার্‌মেণ্ট্), *n.* উন্নতি; সংশোধন; Improvement. **Betterment fee**—চারিধারের উন্নতির জন্য জমির বর্দ্ধিত মূল্য; Fees payable for

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

the improvement of the surroundings.

Between (বিটুইন্), **Betwixt** (বিটুইক্সট্), *prep.* মধ্যে ; In the intermediate space of ; কোন স্থান হইতে ও কোনস্থানে ; To and from (2B bus plies *between* Kalighat and Shyambazar) ; যুক্ত হইয়া, মিলিয়া, ভাগ করিয়া ; মাঝামাঝি ; By combination of, shared by ; owing partly to (*between* ill-health and worries, something *between* a bird and a beast) ; একটিকে বাদ দিয়া ; To the exclusion of one (chose *between* you and me) :—*ad.* মধ্যে (lies *between*). **A go-between**—দুইজনের লোকের মধ্যে যোগাযোগ রক্ষাকারী ; দালাল, কুটনা ; An intermediary. **Between ourselves**—আমাদের মধ্যে গোপনে ; In confidence. **Between two fires**—দুই দিকেই আক্রান্ত ; Attacked on two sides. **Far between**—প্রশস্ত ব্যবধানে ; At wide intervals. **In between**—ঠিক মাঝখানে ।

Bevel (বেভেল্), *n.* রাজমিস্ত্রীর মাটাম ; Instrument for measuring angles ; ঢালু স্থান ; Slope or inclination :—*v. t. i.* কোণযুক্ত করা ; Cut to a bevel angle ; আনত হওয়া ; Slant or incline. *pr. p.*=bevelling. *p. p.*=bevelled.

Beverage (বেভারিজ্), *n.* যে কোন পানীয় ; Any kind of drink.

Bevy (বেভি), *n.* পক্ষীর ঝাঁক ; Flock of birds ; মহিলাদের দল ; A company of ladies.

Bewail (বিওয়েল্), *v. t. i.* বিলাপ করা ; Lament ; দুঃখ প্রকাশ করা ; Express grief.

Beware (বিওয়েয়র্), *v. i. t.* সতর্ক হওয়া ; Be cautious ; সাবধান হওয়া ; Take care (*of*) [not inflected].

Bewilder (বিউয়িল্ডার্), *v. t.* বিহ্বল করা ; হতবুদ্ধি করা ; Perplex ; confuse.

Bewildered (বিউয়িল্ডার্ড্), *p. a.* বিহ্বল ; Confused ; উদ্‌ভ্রান্ত ; Perplexed ; কিংকর্ত্তব্যবিমূঢ় ; Not knowing what to do.

Bewilderment (বিউয়িল্ডার্মেণ্ট্), *n.* বিহ্বলতা ; Perplexity.

Bewitch (বিউয়িচ্), *v. t.* মোহিত করা ; Fascinate or charm ; মন্ত্রাদি দ্বারা মুগ্ধ বা বশ করা ; Cast magic spell on.

Bewitchery (বিউয়িচারি), *n.* সম্মোহন ; বশীকরণ ; Fascination.

Bewitching (বিউয়িচিং), *a.* সম্মোহক ; মনোমুগ্ধকর ; Fascinating ; charming (a *bewitching* smile).

Bewitchment (বিউয়িচ্‌মেণ্ট্), *n.* মোহিনী শক্তি ; সম্মোহন ; Power of charming ; fascination ; মুগ্ধকরণ ; An act of bewitching.

Beyond (বিয়ণ্ড্), *prep.* দূরে ; On the farther side of ; (সময় সম্বন্ধে) পরেও ; Later than (*beyond* six o'clock) ; বাহিরে ; Out of the reach of ; আরও ; More than ; ব্যতীত ; Except :—*ad.* দূরে ; At a distance ; তাহা ছাড়া ; Besides :—*n.* ভবিষ্যৎ জীবন ; পরজন্ম ; The future life (the life *beyond*—পরজীবন) ; অজ্ঞাত বস্তু ; The unknown. **Beyond one's depth**—ডুব জলে । **Go beyond**—অতিক্রম করা ; Surpass ; প্রতারণা করা ; Deceive. **Be beyond oneself**—হতবুদ্ধি হওয়া ; Be perplexed. **Beyond compare**—অতুলনীয় ; Incomparable. **Beyond control**—নিয়ন্ত্রণাতীত ; Uncontrollable. **Beyond dispute**—অবিসংবাদিতরূপে ; Indisputable. **Beyond doubt**—নিঃসংশয়িতরূপে ; Surely. **Beyond measure**—অপরি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মিতরূপে ; Exceedingly. **Beyond expectation**—আশাতিরিক্ত ; More than what is expected. **It is beyond me**—আমি ইহা বুঝিতে পারি না ; I cannot understand it.

Bezel (বেজ্লে্), *n.* মণি-বেষ্টন বা ঘড়ির কাচাধার ; Groove holding watch-glass or gem.

Bhang (ভাং), *n.* নেশায় ব্যবহৃত ভাং।

Bi- (বাই-), *pref.* সাধারণতঃ দ্বিত্বার্থ বোধক শব্দের পূর্ব্বে সংযুক্ত হয় (*bi*-weekly ; *bi*-annual, etc.).

Bias (বাইয়াস্), *n.* সরল রেখা হইতে বক্র গমন, তির্য্যক রেখা ; A turning away from a straight line ; a slanting line ; গোলাকৃতি বস্তুর একদিকের ভার ; Weight in balls which makes them deviate from the straight line ; প্রবণতা ; ঝোঁক ; পক্ষপাতিত্ব ; Inclination ; partiality :—*v. t.* একদিকে নত করা ; Incline to one side ; পূর্ব্ব হইতে পক্ষপাতদুষ্ট করা ; Prejudice.

Biased, Biassed (বায়াস্ট্), *a.* ঝোঁক অথবা টান-বিশিষ্ট ; Having a bias ; পূর্ব্ব হইতে আসক্ত অথবা পক্ষপাতী ; Predisposed ; prejudiced.

Bib (বিব্), *n.* শিশুর বক্ষোবস্ত্র ; Child's chin-cloth :—*v. i. t.* অত্যধিক বা বারবার পান করা ; Drink much or often.

Bible (বাইব্ল্), *n.* খ্রীষ্টীয় ধর্ম্মপুস্তক ; The holy scriptures of the Christians (cap. B).

Biblical (বিব্লিক্যাল্), *a.* বাইবেল-সম্বন্ধীয়, বাইবেলের অন্তর্গত ; Of or contained in the Bible. *ad.* = biblically.

Bibliographer (বিব্লিয়গ্র্যাফার্), *n.* গ্রন্থাদির ইতিবৃত্তজ্ঞ ; One versed in the history of books ; গ্রন্থাদির ইতিবৃত্তলেখক ; Writer of bibliography.

Bibliography (বিব্লিয়গ্র্যাফি), *n.* কোন এক বিষয়ের বা কোন এক লেখকের গ্রন্থ-বিবরণী ; A list of books on any subject or of any author. *a.* = bibliographic, bibliographical. *ad.* = bibliographically.

Bicameral (বাইক্যামার‍্যাল্), *a.* দুইটি ব্যবস্থাপক সভা-সমন্বিত (বিধান সভা ও বিধান পরিষদ্‌বিশিষ্ট) ; Having two legislative chambers.

Bicarbonate (বাইকার্‌বনেট্), *n.* (দ্বঙ্গারাম্ল) রাসায়নিক পদার্থ-বিশেষ।

Bicentenary (বাইসেন্‌টিন্যারি), **Bicentennial** (বাইসেন্‌টেনিয়াল্), *n.* দ্বিশততমবর্ষীয় উৎসব ; Festival of the two-hundredth anniversary :—*a.* দ্বিশততমবর্ষীয় ; Of the two-hundredth anniversary.

Bicephalus (বাইসেফ্যালাস্), *a.* দ্বিশিরস্ক ; Double-headed.

Biceps (বাইসেপ্‌স্), *n.* বাহুর সম্মুখস্থ মাংসপেশী ; The large muscle on the front of the upper arm.

Bicker (বিকার্), *v. i.* কলহ করা ; Quarrel ; (নদী, বৃষ্টি সম্বন্ধে) পাহাড়ের ভিতর দিয়া বা পাথরের উপর দিয়া সশব্দে প্রবাহিত হওয়া ; Brawl ; চড়বড় শব্দ করা ; Patter ; (আলো সম্বন্ধে) কাঁপিতে কাঁপিতে দীপ্তি পাওয়া ; Flash fitfully.

Bickering (বিকারিং), *n.* কলহ ; Quarrelling ; ঠুংঠাং বা খটাখট শব্দ ; A clattering noise.

Bicycle (বাইসিক্‌ল্), *n.* সাইকেল ; দ্বিচক্রযান :—*v. i.* সাইকেলে চড়া।

Bid (বিড্), *v. t. i.* আদেশ করা ; Command ; নিলাম ডাকা ; Offer a price at an auction. **Bid good-bye, farewell, etc.**—বিদায় ইত্যাদি জানান। **Bid fair to**—আশা প্রদান করা ; সম্ভব বোধ হওয়া ; Offer a good prospect ; seem likely to :—*n.* নিলাম ডাক ; Offer of price at auctions ; কোন কাজের জন্য দাবীকৃত মূল্য ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

The price at which a piece of work will be done. *pr. p.*=bidding. *p. t.*=bid, bade. *p. p.*=bid, bidden. **Make a bid for**—লাভ করিবার চেষ্টা করা ; Try to obtain.

Biddable (বিডেব্‌ল্), *a.* বাধ্য ; Obedient.

Bidden (বিড্‌ন্), *p. p.* of **Bid**.

Bidder (বিডার্), *n.* যে নিলাম ডাকে ; One who offers a price at an auction.

Bidding (বিডিং), *n.* আদেশ ; Command ; নীলামে ডাক ; Offering a price at a sale.

Bide (বাইড্)—Archaic and poetic form of **Abide**. **Bide one's time**—সুসময়ের বা সুবিধার প্রতীক্ষা করা ; Wait for a good chance.

Biennial (বাইয়েনিয়্যাল্), *a.* দ্বিবার্ষিক ; Lasting two years :—*n.* দ্বিবর্ষস্থায়ী উদ্ভিদ্ ; Plant that lasts two years ; প্রত্যেক দ্বৈবার্ষিকী অনুষ্ঠান ; Every second anniversary. *ad.*=biennially.

Bier (বীয়ার্), *n.* শববাহনের গাড়ী বা কাঠামো ; A stand or frame of wood on which a coffin or corpse is placed and carried to the grave.

Bifid (বাইফিড্) *a.* দুই ভাগে বিভক্ত ; চেরা ; Cleft in two.

Bi-focal (বাই-ফোকাল্), *a.* দ্বিকেন্দ্রী ; দুই রকমের দুই খণ্ড কাচবিশিষ্ট (চশমা) ; Having two foci (esp. of combined distant and near vision spectacles.)

Bifold (বাইফোল্ড্), *a.* দ্বিগুণিত ; Twofold.

Bifoliate (বাইফোলিয়েট্), *a.* দ্বিপত্র ; Of two leaves.

Biform (বাইফর্ম্), *a.* দ্বিমূর্ত্তি, যুগলমূর্ত্তি ; Having two forms or shapes.

Bifurcate (বাইফার্‌কেট্), *v. t. i.* দ্বিশাখায় বিভক্ত করা বা হওয়া ; Divide into two branches :—*a.* দ্বিশাখাবিশি Having two branches.

Bifurcation (বাইফার্‌কেশন্), দ্বি-শাখায় ভাগ ; Division into t branches.

Big (বিগ্), *a.* বড় ; বৃহৎ ; Bulky large or great ; গুরুত্বপূর্ণ ; Importa (the *big* event) ; গর্ভবতী ; Pre nant ; স্ফীত ; Distended ; অহঙ্কারপূ Boastful (*big* words) ; উদার, মহ Generous, noble (a *big* heart **Big-bellied**—নাদাপেটা ; Having big belly. **Talk big**—লম্বা-চওড়া ক বলা।

Bigamist (বিগ্যামিস্ট্), *n.* দ্বিপত্নীক দ্বিভর্তৃকা ; One with two husband or two wives at the same time.

Bigamous (বিগ্যামাস্), *a.* দ্বিবিবা সংক্রান্ত ; Of bigamy. *ad.*=bigam ously.

Bigamy (বিগ্যামি), *n.* এককালে দু পত্নী বা দুই পতি গ্রহণ ; Act of havi two wives or husbands at o and the same time.

Bight (বাইট্), *n.* বাঁক ; ক্ষুদ্র উপসাগ Bend of the shore ; small bay দড়ির ফাঁস ; Loop of a rope.

Bigot (বিগট্), *n.* গোঁড়া ; ধর্ম্মা Blind zealot.

Bigoted (বিগটিড্), *a.* নিজ মত বিশ্বাসের প্রতি অন্ধ অনুরাগী ; গোঁ ও সংকীর্ণচেতা, একগুঁয়ে ; Strongl holding to one's opinions an beliefs ; narrow-minded an obstinate.

Bigotry (বিগট্রী), *n.* গোঁড়ামি ধর্ম্মান্ধতা ; Blind or excessive zea esp. in religious matters.

Bigwig (বিগ্‌উয়িগ্), *n.* প্রধান লো ভারিক্কি লোক ; Important person.

Bike (বাইক্), *n.* & *v. i.* সাইকেল সাইকেল চালান।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bilateral (বাইল্যাটার‍্যাল্), *a.* দ্বিপার্শ্ব ; Of, on, with two sides ; দুই পক্ষের মধ্যে সম্পাদিত, বিরাজমান ইত্যাদি ; Done, existing, etc. between two parties (*bilateral* treaties).

Bilbo (বিল্‌বো), *n.* তরবারি ; Sword (*pl.*=bilbos).

Bilboes (বিল্‌বোজ্), *n.* বন্দীদের লোহার শিকলবিশেষ ; Iron bar with sliding shackles for prisoners.

Bile (বাইল্), *n.* পিত্তরস। খিটখিটে মেজাজ ; Bad temper.

Bilge (বিল্‌জ্), *n.* পিপার মধ্যভাগের উন্নত অংশ ; The belly of a cask ; জাহাজের তলদেশের প্রশস্ততম অংশ ; The broadest part of a ship's bottom : —*v. i.* জাহাজের তলায় ছিদ্র হইয়া যাওয়া ; Spring a leak in the bilge of a ship ; স্ফীত হওয়া ; Bulge, swell out.

Biliary (বিলিয়্যারি), *a.* পিত্ত-সম্বন্ধীয় ; Of the bile.

Bilingual (বাইলিংগুয়্যাল্), *a.* দ্বৈভাষিক ; Containing or expressed in two languages.

Bilinguist (বাইলিংগুয়িস্ট্), *n.* দ্বিভাষী ; One who speaks two languages.

Bilious (বিলিয়াস্), *a.* পিত্তাধিক্য-জনিত ; Caused by too much bile (a *bilious* complaint) ; পিত্তাধিক্য-বশতঃ অসুস্থ ; Suffering from troubles caused by too much bile ; রুক্ষ-মেজাজী ; Ill-tempered.

Bilk (বিল্ক্), *v. t.* প্রবঞ্চনা করা ; Deceive ; পাওনা টাকা শোধ না করিয়া এড়াইয়া যাওয়া ; Evade payment of (a creditor, a bill).

Bill (বিল্), *n.* পক্ষীর চঞ্চু ; Beak of a bird ; গাছপালা কাটিবার বা ছাঁটিবার অস্ত্রবিশেষ ; A kind of hatchet used in pruning, etc. ; বর্শা ও রণকুঠারের মত একপ্রকার অস্ত্র ; A combination of spear and battle-axe ; টাকার হিসাব, মূল্য-পত্র ; Account of money ; বিধেয়ক, প্রস্তাবিত আইনের পাণ্ডুলিপি বা খসড়া ; Draft of a proposed law ; ঘোষণা-পত্র, বিজ্ঞাপন-পত্র ; (*law*) Declaration in writing ; advertisement-placard ; নির্দ্ধারিত দিবসে টাকা দিবার অঙ্গীকার-পত্র, হুণ্ডি ; Written engagement to pay a sum of money on a fixed date (a *bill* of exchange) :—*v. t.* বিজ্ঞাপনপত্রে ঘোষণা করা ; Announce on bills, posters, etc. **Bill of exchange**—হুণ্ডি ; বরাত-চিঠি ; Order to pay money on a certain date. **Bill of lading**—পোতাধ্যক্ষ কর্তৃক প্রদত্ত জাহাজে বোঝাই করা মালের রসিদ, বহন-পত্র ; The ship-master's detailed receipt to consignor of goods. **Bill of fare**—খাদ্যদ্রব্যের তালিকা ; A list of food dishes, etc.

Billet (বিলিট্), *n.* কাহারও উপর সৈনিকগণের আহার ও বাসস্থান জোগাইবার আদেশ ; Order directing a person to lodge and board soldiers ; জ্বালানি চেলা কাঠ ; Thick piece of fire-wood :—*v. t.* সৈন্যদিগের বাসস্থান দেওয়া ; Quarter (soldiers) *on* (town, householder, etc. *in*, *at*).

Billet-doux (বিলি-ডু), *n.* প্রেমপত্র ; Love-letter.

Billhook (বিল্‌হুক্), *n.* এক প্রকার দা বা কাটারি ; Short, heavy knife with a hooked point.

Billiards (বিলিয়ার্ড্জ্), *n.* ক্রীড়া-বিশেষ ; A kind of indoor game.

Billion (বিলিয়ন্), *n.* মহাপদ্ম ; A million millions (1,000,000,000,000).

Billow (বিলো), *n.* বিশাল তরঙ্গ ; (কাব্যে) সাগর ; Great wave ; the sea :—*v. i.* তরঙ্গায়িত হওয়া ; Roll or rise like waves.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Billowy (বিলোয়ি), *a.* তরঙ্গায়িত ; তরঙ্গময় ; Swelling into billows ; wavy.

Bill-poster (বিল্-পোস্টার্), **Bill-sticker** (বিল্-স্টিকার্), *n.* দেওয়ালে যে বিজ্ঞাপন-পত্র আটকায় ।

Billy-goat (বিলি-গোট্), *n.* ছাগ ; Male goat.

Biltong (বিল্টং), *n.* শুট্‌কি মাংসের ফালি ; Strips of sun-dried meat.

Bimetallism (বাইমেট্যালিজ্‌ম্), *n.* অর্থের প্রমাণ মূল্যরূপে স্বর্ণ রৌপ্য উভয়বিধ ধাতু-প্রচলন রীতি ; Use as legal tender of two metals (gold & silver) as a standard of value for money. *a.*=bimetallic.

Bimonthly (বাইমান্‌থ্‌লি), *a.* দ্বৈমাসিক ; Occurring once in two months ; মাসে দুবার এমন ; Twice a month.

Bin (বিন্), *n.* শস্য, কয়লা, মদ্যপূর্ণ বোতল প্রভৃতি রাখিবার বেত বা কাষ্ঠনির্ম্মিত আধার ; Wicker or wooden receptacles for coal, corn, wine-bottles, etc. **Dust bin**—ময়লা ফেলার পাত্র ।

Bind (বাইণ্ড্), *v. t. i.* বন্ধন করা ; Fasten (*bind* hand and foot) ; (বই ইত্যাদি) বাঁধান ; Fasten (sheets of book) into cover ; কাজ করিতে বাধ্য করা ; Place under a legal obligation to serve ; কঠিন করা বা হওয়া ; Grow hard or stiff, harden (clay *binds* when heated) ; সংযত করা ; Restrain ; আইনসম্মত বাধ্যতা আরোপ করা ; Put legal obligation on (*bind* to good behaviour). *p. t.* & *p. p.*=bound. *p. p.* (arch.)=bounden. **Bound apprentice to**—শিক্ষানবীশরূপে নিযুক্ত । **I will be bound**—আমি দায়িত্ব লইব । **Bounden duty**—বাধ্যতামূলক কর্ত্তব্য ।

Binder (বাইণ্ডার্), *n.* দপ্তরি ; Book-binder ; বন্ধনী ; A thing that fastens.

Bindery (বাইণ্ডারি), *n.* দপ্তরিখানা ; Book-binder's establishment.

Binding (বাইণ্ডিং), *a.* অবশ্য-পালনীয় ; Obligatory (with *on*) :—*n.* পুস্তকের মলাট ; Covering of a book.

Binocular (বাইনকিউল্যার্), *a.* দুই চক্ষুর উপযোগী ; For two eyes :—*n.* দুই চক্ষুর উপযোগী দূরবীক্ষণ ; Field glass.

Binomial (বাইনোমিয়্যাল্), *a.* দুই নাম বা শব্দ যুক্ত ; Consisting of two names or terms :—*n.* দ্বৈরাশিক বা দ্বিরাশিক সংখ্যা ; (*Algebra*) A quantity consisting of two terms or parts.

Biographer (বাইয়গ্র্যাফার্), *n.* জীবনী-লেখক ; Writer of a biography.

Biographic (বাইয়গ্র্যাফিক্), **Biographical** (বাইয়গ্র্যাফিক্যাল্), *a.* জীবন-বৃত্তান্ত-সম্বন্ধীয় ; Relating to biography. *ad.*=biographically.

Biography (বাইয়গ্র্যাফি), *n.* জীবন-চরিত, জীবনী-সাহিত্য ; The history of the life and character of a particular person ; literature dealing with person's lives.

Biologist (বাইয়লজিস্ট্), *n.* জীব-বিদ্যাবিৎ ; One versed in biology.

Biology (বাইয়লজি), *n.* জীববিদ্যা ; Science of life or of organised beings. *a.*=biological. *ad.*=biologically.

Bioscope (বাইয়স্কোপ্), *n.* চলচ্চিত্র-প্রদর্শক যন্ত্র ; Apparatus for the exhibition of moving pictures.

Bipartite (বাইপার্টাইট্), *a.* দুই অংশে সমবিভক্ত ; Divided into two like parts (*bipartite* leaf) ; দুই পক্ষ-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সংক্রান্ত ; In which two parties are concerned (*bipartite* treaty).

Biped (বাইপেড্), *n.* দ্বিপদবিশিষ্ট জীব ; Animal having two feet :—*a.* দ্বিপদ ; Having two feet. *a.*=bipedal.

Biplane (বাইপ্লেন্), *n.* উপর-নীচে অবস্থিত দুইটি পক্ষবিশিষ্ট বিমান ; An aeroplane with two wings.

Biquadratic (বাইকোয়াড্র্যাটিক্), *n.* (বীজগণিতে) চতুর্গুণিত বর্গ ; (*Algebra*) A quantity twice squared :—*a.* চতুর্গুণিত ; Twice squared or raised to the fourth power.

Birch (বার্চ্), *n.* ভূর্জ্জ বৃক্ষ ; দণ্ডদানের দণ্ড ; Name of a tree ; rod of punishment, consisting of a birch twig or twigs.

Birchen (বার্চেন্), *a.* বার্চ্চকাষ্ঠে নির্ম্মিত ; Made of birch.

Bird (বার্ড্), *n.* পক্ষী। **Bird of paradise**—উজ্জ্বল পক্ষবিশিষ্ট পক্ষী। **Game bird**—শিকারযোগ্য তিতির-জাতীয় পাখী ; (গ্রাম্য) চটুলা রমণী। **Bird of passage**—যাযাবর পাখী ; Migratory bird ; যে লোক অনবরত স্থান বদলায় ; A person who never stays in one place for long. **Bird's-eye**—একপ্রকার তামাক ; A kind of tobacco. **Bird's-eye view**—উপর হইতে দৃষ্ট সহরাদির এককালীন দৃশ্য ; A wide view of town, etc. as seen from above ; উপরে উপরে মোটামুটি দর্শন ; A superficial view ; কোন বিষয়ের মোটামুটি ভাব বা সারসংগ্রহ ; A general survey of a subject. **Birds of the same feather**—সমপ্রকৃতিক লোকগণ ; Men of similar character. **Kill two birds with one stone**—একসাথে দুই উদ্দেশ্য সাধন করা।

Bird-cage (বার্ড্-কেজ্), *n.* পক্ষিপিঞ্জর ; Cage to confine birds in.

Bird-catcher (বার্ড্-ক্যাচার্), *n.* ব্যাধ ; Fowler.

Bird-fancier (বার্ড্-ফ্যান্সিয়ার্), *n.* যাহার পাখী পুষিবার ও পাখীর তথ্য সংগ্রহ করিবার সখ আছে।

Bird-lime (বার্ড্-লাইম্), *n.* পক্ষী ধরিবার আঠা ; Sticky substance used to catch birds.

Bird-shot (বার্ড্-শট্), *n.* পাখী মারিবার ছোট গুলি ; Small shot for shooting birds.

Birth (বার্থ্), *n.* জন্ম ; The act of coming into life ; কুল ; বংশ ; বংশ-মর্য্যাদা ; Lineage ; dignity of family ; প্রসব ; Bringing forth ; উৎপত্তি, আদি ; Origin ; beginning ; সম্ভ্রান্তবংশ ; Noble lineage ; সম্ভ্রান্ত-বংশীয় লোক ; High-born people (men of *birth* and education). **Give birth to**—জন্ম দেওয়া ; Bear ; উৎপাদন করা ; Produce.

Birth-control (বার্থ্-কন্ট্রোল্), *n.* গর্ভনিরোধ-প্রক্রিয়া ; Methods of preventing undesired sexual conception.

Birthday (বার্থ্ডে), *n.* জন্মদিন ; Day on which one is born ; জন্মতিথিপূজা, জন্মদিনোৎসব ; The anniversary of one's birth.

Birth-mark (বার্থ্-মার্ক্), *n.* জন্ম-চিহ্ন ; Some mark on one's body at or from birth.

Birthplace (বার্থ্প্লেস্), *n.* জন্মভূমি ; Place where one is born.

Birth-rate (বার্থ্-রেট্), *n.* হাজার-করা জন্মহার ; The number of births per thousand in a place during a certain period.

Birthright (বার্থ্রাইট্), *n.* জন্মগত অধিকার ; Right to which a person is entitled by birth (freedom is everybody's *birthright*).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Biscuit (বিস্কিট্), *n.* বিস্কুট।

Bisect (বাইসেক্ট্), *v. t.* দুই সমান অংশে বিভক্ত করা ; Cut in two equal parts.

Bisection (বাইসেক্শন্), *n.* দুই সমান অংশে বিভাগ ; Division into two equal parts.

Bisector (বাইসেক্টর্), *n.* সমদ্বিখণ্ডক রেখা ; Bisecting line.

Bisexual (বাইসেক্স্যুয়্যাল্), *a.* উভলিঙ্গ ; Having both sexes (in the same individual) ; স্ত্রীপুরুষ উভয়-সম্বন্ধীয় ; Of both sexes.

Bishop (বিশপ্), *n.* বিশপ, উচ্চপদস্থ ধর্ম্মযাজক ; A high Christian ecclesiastical dignitary ; দাবা খেলার গজ ; One of the pieces in the game of chess.

Bishopric (বিশ্প্রিক্), *n.* বিশপের পদ বা অধিকার ; Office or jurisdiction of a Bishop.

Bismuth (বিজ্‌মাথ্), *n.* ধাতুবিশেষ।

Bison (বাইসন্), *n.* এক জাতীয় বন্য ষণ্ড বা মহিষ (ইউরোপের লিথুয়ানিয়া ও আমেরিকায় পাওয়া যায়) ; A class of wild ox or buffalo.

Bit (বিট্), *n.* ঘোড়ার মুখে প্রবিষ্ট লাগামের লৌহময় অংশ, খলিন ; Iron part of a bridle inserted into the horse's mouth (take the *bit* between one's teeth—দুর্দ্দান্ত হইয়া উঠা) ; টুক্‌রা ; অত্যল্প পরিমাণ ; A small piece or amount ; অল্পমূল্যের মুদ্রা ; A small coin (an anna *bit*) ; তুরপুন ; Small tool for boring holes. **Give a person a bit of one's mind**—স্পষ্ট ভাবে মনের কথা বলা, উদ্দিষ্ট ব্যক্তির দোষ দেখাইয়া তিরস্কার করা ; Speak plainly, pointing out his faults and scolding him. **Bit by bit**—ক্রমে ক্রমে ; অল্প অল্প করিয়া ; Gradually ; slowly. **Not a bit**—মোটেই না। **Do one's bit**—যতটুকু পারা যায় ততটুকু করা ; Do one's share of duty. **A bit at a time**—একটু একটু করিয়া ; By slow degrees. **A bit of a coward**—একটু ভীতু।

Bitch (বিচ্), *n.* স্ত্রীকুকুর, শৃগাল বা নেকড়ে বাঘ ; A female dog, fox or wolf ; (গ্রাম্য) দুশ্চরিত্রা স্ত্রীলোক।

Bite (বাইট্), *v. t. i.* দন্তাঘাত করা, দংশন করা ; হুল ফুটান ; Crush or tear with the teeth ; sting ; জোরে ধরা ; Hold fast ; যন্ত্রণা দেওয়া ; Cause hurt, pain or injury. **Bite off**—দাঁত দিয়া কাটিয়া আনা। **Bite at**—কামড়াইতে চেষ্টা করা ; Try to bite. *p. t.*=bit. *p. p.*=bit or bitten :—*n.* দংশন ; Grasp by the teeth ; কামড় ; গ্রাস ; Morsel ; a mouthful ; দংশনক্ষত ; Wound made by biting (mosquito *bites*) ; যন্ত্রণা ; Pain (the *bite* of his wound did not allow him to sleep).

Biting (বাইটিং), *a.* তীব্র ; কন্‌কনে ; Sharp ; severe ; ব্যঙ্গাত্মক ; Sarcastic (*biting* remarks). **Biting cold**—কন্‌কনে শীত।

Bitter (বিটার্), *a.* তিক্ত, তেঁতো। তীব্র ঝাল ; Sharp ; উগ্র ; Virulent ; নির্ম্মম ; Relentless ; কষ্টদায়ক ; Painful ; দুঃখজনক ; Causing sorrow ; দুঃসহ ; Hard to bear (*bitter* hardships) ; তীব্র ; Severe (a *bitter* quarrel) ; দ্বেষপূর্ণ, ঘৃণাজনিত ; Filled with or caused by envy or hate (*bitter* enemies). **To the bitter end**—কষ্টের চরম সীমা পর্য্যন্ত (fight *to the bitter end*). *ad.*=bitterly.

Bittern (বিটার্ণ্), *n.* বকজাতীয় পক্ষী ; Bird of the heron family found in Europe.

Bitterness (বিটার্‌নিস্), *n.* তিক্ততা ; Quality of being bitter ; গভীর

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মনোবেদনা ; Deep distress of mind ; তীব্র ব্যঙ্গোক্তি ; Biting sarcasm.

Bitters (বিটার্স্), *n.* উদ্ভিদ্ হইতে উৎপন্ন তিক্ত পানীয়বিশেষ ; Bitter liquor prepared from herbs or roots.

Bitumen (বিটিউমেন্), *n.* দাহ্য খনিজ পদার্থবিশেষ (আল্‌কাতরা, পেট্রোলিয়ম) ; Various inflammable mineral substances. *a.*=bituminous.

Bivalve (বাইভ্যাল্‌ভ্), *n.* ঝিনুকজাতীয় বা দ্বিপুটক জন্তু ; Animal having a shell in two halves or parts which open and shut ; দ্বিদল বীজকোষ ; Seed-vessel of like kind :—*a.* দ্বিপুটক ; With two valves. *a.*= bivalvular.

Bivouac (বিভুয়াক্), *n.* (রাত্রিকালে সৈন্যদের) তাঁবুবিহীন ছাউনী ; Temporary encampment (of soldiers for the night) without tents, etc. :—*v. i.* এরূপ ছাউনীতে রজনী যাপন করা ; Pass the night in a bivouac.

Bi-weekly (বাই-উয়িক্‌লি), *a.* যাহা সপ্তাহে দুইবার হয় ; যাহা দুই সপ্তাহে একবার হয় ; Occurring twice every week or once every two weeks :— *n.* সপ্তাহে দুইবার প্রকাশিত পত্রিকা ; A periodical issuing twice a week.

Bi-yearly (বাই-ইয়ার্লি), *adj.* or *adv.* বৎসরে দুইবার সংঘটিত ; বৎসরে দুইবার ; Occurring twice a year ; twice a year.

Bizarre (বিজ্জার্), *a.* অদ্ভুত ; কিম্ভূত-কিমাকার, অবাস্তব ; Odd ; grotesque ; fantastic. *n.*=bizarrerie.

Blab (ব্লাব্), *v. t. i.* বক্‌বক্ করা ; Talk too much, and indiscreetly ; গোপনীয় বিষয় প্রকাশ করিয়া ফেলা ; Let out secrets :—*n.* গুপ্ত বিষয় প্রকাশ-কারী ; Blabber.

Blabber (ব্লাবার্), *n.* বাচাল ; Chatterer.

Black (ব্ল্যাক্), *a.* কাল। অন্ধকারাবৃত ; Very dark or gloomy (*black* night) ; রাগ প্রকাশক ; Sullen ; গভীর অন্যায় বা পাপপূর্ণ ; Monstrous ; wicked (*black* treachery) ; নৈরাশ্য-জনক, দুঃখময় ; Dismal (*black* despair) :—*n.* ঘোর কৃষ্ণবর্ণ বা আলোকের অনুপস্থিতি বশতঃ বর্ণহীনতা ; Darkest colour, or colourlessness due to absence of light ; আফ্রিকা দেশীয় কৃষ্ণবর্ণ লোক ; Negro ; দুঃখসূচক কৃষ্ণবর্ণ পরিধেয় ; Black dress indicating mourning ; কাল দাগ বা নোংরা ; A black spot or dirt :—*v. t.* কৃষ্ণবর্ণ করা ; অপরিষ্কৃত বা কলঙ্কিত করা ; Make black ; soil or stain ; (জুতায়) কালি লাগান ; Polish with blacking. **In black and white**—ছাপার অক্ষরে বা হাতের লেখায় ; In writing or print. **Look black at one**—রাগ বা অসন্তোষের দৃষ্টিতে তাকানো ; Look at with anger or disapproval. **Beat black and blue**—See **Beat**.

Blackamoor (ব্ল্যাক্যামুর্), *n.* কৃষ্ণবর্ণ নর বা নারী ; Black man or woman ; কাফ্রি ; A Negro.

Black-and-tan (ব্ল্যাক্-অ্যাণ্ড্-ট্যান্), *n.* (আয়র্লণ্ডের) অতিরিক্ত পুলিশদল ; Auxiliary Irish police.

Black art (ব্ল্যাক্ আর্ট্), *n.* যাদুবিদ্যা ; Witchcraft.

Black ball (ব্ল্যাক্ বল্), *n.* "না"-সূচক কৃষ্ণবর্ণ গুটিকা ; Ball of black colour, used as a negative in voting.

Black-beetle (ব্ল্যাক্-বীট্‌ল্), *n.* তেলা-পোকা ; আরশুলা ; Cockroach.

Blackberry (ব্ল্যাক্‌বেরি), *n.* কালজাম জাতীয় ফল ; Fruit of the bramble.

Blackbird (ব্ল্যাক্‌বার্ড্), *n.* কোকিল জাতীয় পক্ষী ; A kind of European song bird.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Black board (ব্ল্যাক্ বোর্ড), *n.* বিদ্যালয়ে অঙ্কপাত করিবার কৃষ্ণবর্ণ কাঠের ফলক।

Black-book (ব্ল্যাক্-বুক্), *n.* বদমায়েস ও সন্দেহাধীন লোকের বা আইনতঃ নিষিদ্ধ জিনিসের তালিকা ; List of offenders, suspects or condemned things. **Be in one's black-books**—কাহারও অপ্রীতির পাত্র হওয়া।

Blackcap (ব্ল্যাক্ক্যাপ্), *n.* মৃত্যু-দণ্ডাদেশ-প্রদানকালীন বিচারপতি কর্ত্তৃক পরিহিত টুপি ; Cap put on by English judges at the time of pronouncing sentence of death.

Black-death (ব্ল্যাক্-ডেথ্), *n.* চতুর্দ্দশ শতাব্দীর প্রসিদ্ধ মহামারী (ইহা এসিয়া ও ইউরোপকে বিধ্বস্ত করিয়াছিল)।

Blacken (ব্ল্যাকেন্), *v. t. i.* কৃষ্ণবর্ণ করা বা হওয়া ; Make or grow black ; (চরিত্রের) দুর্নাম করা ; Speak ill of (one's character).

Blackflag (ব্ল্যাক্ফ্ল্যাগ্), *n.* জল-দস্যুর কৃষ্ণবর্ণ পতাকা ; Flag of a pirate (from its colour) ; অপরাধীর প্রাণ-দণ্ডের পর কারাগারে উত্তোলিত কৃষ্ণবর্ণ পতাকা ; Flag hoisted over a prison after execution of a criminal.

Black friar (ব্ল্যাক্ ফ্রায়ার্), *n.* খৃষ্টধর্ম্মে দীক্ষিত যাজক-সম্প্রদায়বিশেষ ; Friar of the Dominican order.

Blackguard (ব্ল্যাগার্ড্), *n.* & *a.* অসাধু ও অশ্লীলভাষী লোক ; Dishonest, foul-mouthed fellow ; scoundrel : —*v. i.* অশ্লীল গালি বর্ষণ করা ; Revile in scurrilous language.

Blackguardly (ব্ল্যাগার্ড্লি), *a.* অসাধু ও নীতিজ্ঞান বর্জ্জিত ; Dishonourable and immoral.

Black-head (ব্ল্যাক্-হেড্), *n.* মুখের বা গায়ের কাল তিল ; A small black pimple on the skin.

Blackhole (ব্ল্যাক্হোল্), *n.* সৈন্যদের কয়েদখানা, অন্ধকূপ ; Military lock-up.

Blacking (ব্ল্যাকিং), *n.* জুতা পালিশ করিবার কাল কালি ; Substance used for blacking shoes and boots.

Blackish (ব্ল্যাকিশ্), *a.* ঈষৎ কৃষ্ণবর্ণ ; Somewhat black.

Black lead (ব্ল্যাক্ লেড্), *n.* পেন্সিলাদি প্রস্তুত করিবার একপ্রকার কৃষ্ণবর্ণ ধাতু সীসক ; Black mineral used in making pencils, etc. ; graphite.

Blackleg (ব্ল্যাক্লেগ্), *n.* ঠগ জুয়াচোর ; Swindler ; শ্রমিক ধর্ম্মঘটের সময়ে যে বাহিরের লোক মালিকের হইয়া কাজ করে। (মার্কিণ দেশে) ঠগ জুয়াড়ী ; A swindling gambler esp. in racing. [**Black-book.**

Black list (ব্ল্যাক্ লিস্ট্)—Same as

Blackmail (ব্ল্যাক্মেল্), *n.* ভয় দেখাইয়া টাকা আদায় ; Extortion of money by using threats ; ভয় দেখাইয়া গৃহীত অর্থ ; The money thus obtained : —*v. t.* টাকা না দিলে কোন নিন্দনীয় গোপন কথা প্রকাশ করিয়া দিবার ভয় দেখানো ; Threaten to tell something discreditable about a man unless he buys silence by paying money. *n.* =blackmailer.

Black mark (ব্ল্যাক্ মার্ক্), *n.* অপরাধের চিহ্নস্বরূপ নামের পাশে দাগ ; Mark set against a name as a record of offence.

Black market (ব্ল্যাক্ মার্কিট্), *n.* চোরা বাজার ; Clandestine sale of goods at a rate higher than the usual. **Black marketing**—চোরা-কারবার।

Black-out (ব্ল্যাক্-আউট্), *n.* অপ্রদীপ নিষ্প্রদীপ রাত্রি।

Blackout (ব্ল্যাক্আউট্), *v. t.* এরূপ ভাবে আলোক আবৃত করা যাহাতে বাহির বা আকাশ হইতে উহা দেখা না যায় নিষ্প্রদীপ করা ; Make light invisible from outside or from air.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Black-sheep (ব্ল্যাক্-শীপ্), *n.* বদমাইস ; Scoundrel.

Blackshirt (ব্ল্যাক্শার্ট্), *n.* ইতালীয় ফ্যাসিস্ট দলের সভ্য ; A member of the Italian Fascist party.

Blacksmith (ব্ল্যাক্স্মিথ্), *n.* কর্ম্মকার ; A worker in iron.

Bladder (ব্ল্যাডার্), *n.* বস্তি, মূত্রস্থলী ; Urinary vessel ; বায়ু বা বারিপূর্ণ ক্ষুদ্র থলি ; Thin bag distended with air or liquid (a football *bladder*).

Blade (ব্লেড্), *n.* পত্র, ফলক ; Long and narrow leaf (a *blade* of grass) ; অস্ত্রের ফলক ; Cutting part of a sword or knife ; ক্ষেপণীর প্রশস্ত অংশ ; Flat part of an oar.

Blain (ব্লেন্), *n.* স্ফোটক ; Inflamed sore.

Blame (ব্লেম্), *v. t.* দোষারোপ করা ; Find fault with :—*n.* নিন্দাবাদ, দোষারোপ ; Censure ; কুফলের দায়িত্ব ; Responsibility for the bad result (bear the *blame*). *a.*=blamable.

Blameful (ব্লেম্ফুল্), *a.* দোষযুক্ত ; Full of faults.

Blameless (ব্লেম্লিস্), *a.* নির্দ্দোষ ; অনিন্দ্য ; Innocent ; irreproachable.

Blameworthy (ব্লেম্ওয়ার্দি), *a.* নিন্দার্হ ; Deserving blame.

Blanch (ব্লান্শ্), *v. t. i.* শুভ্র করা বা হওয়া ; Make or become white ; (ভয়ে, শীতে) পাণ্ডুবর্ণ করা বা হওয়া ; Make, become pale (with fear, cold, etc.).

Bland (ব্লাণ্ড্), *a.* কথায় বা আচরণে ভদ্র ; Gentle and polite in speech and manner ; (আবহাওয়া) স্নিগ্ধ ; মৃদু ; Mild. *ad.*=blandly.

Blandishment (ব্ল্যাণ্ডিশ্মেণ্ট্), *n.* (usu. *pl.*) (সাধারণতঃ অন্যায় কাজে) প্ররোচিত করিবার জন্য প্রযুক্ত মনোহর মিষ্ট বচন ও আচরণ ; তোষামোদ ; Charmingly sweet words and action applied for wheedling one into doing something which (usually) he ought not to do ; flattery.

Blank (ব্ল্যাঙ্ক্), *a.* ফাঁকা ; অলিখিত ; Empty, without writing (*blank* sheet, space) ; ভাবহীন, উদাস ; Void of interest, expression, etc. (a *blank* look). **Look blank**—ফ্যাল্ ফ্যাল্ করে চেয়ে থাকা, হতভম্ব হয়ে যাওয়া ঃ —*n.* শূন্যস্থান ; An empty space (fill up the *blanks*) ; শূন্যতা ; Emptiness. **Blank cartridge**—গুলিহীন টোটা বা বারুদ। **Blank cheque**—যে চেকে টাকা বসাইবার স্থান শূন্য থাকে, গ্রহীতা ইচ্ছামত উহা বসাইয়া লয়। **Blank-shot**—ফাঁকা আওয়াজ। **Blank verse**—অমিত্রাক্ষর ছন্দে রচিত কবিতা।

Blanket (ব্ল্যাঙ্কিট্), *n.* কম্বল ; লুই ; Woollen cover for a bed.

Blankly (ব্ল্যাঙ্ক্লি), *ad.* অসহায়ভাবে ; ভাবলেশহীন মুখে ; সোজাসুজি ; Helplessly ; vacuously ; pointblank ; flatly (stare, reply *blankly*).

Blare (ব্লেয়ার্), *n.* তূর্য্যধ্বনিবৎ, উচ্চ চীৎকার ; Sound like that of a trumpet :—*v. i. t.* তূর্য্যধ্বনি করা, উচ্চনিনাদ করা ; Make sound of trumpet ; make a loud sound (as of a trumpet).

Blaspheme (ব্ল্যাস্ফীম্), *v. t. i.* ঈশ্বরের নিন্দা করা ; গালি দেওয়া ও শপথ করা ; Speak of God in terms of irreverence ; curse and swear.

Blasphemer (ব্ল্যাস্ফীমার্), *n.* ঈশ্বরদ্বেষী ; One who speaks of God in irreverent terms.

Blasphemous (ব্ল্যাস্ফিমাস্), *a.* (লোক সম্বন্ধে) ঈশ্বরের নিন্দাকারী ; (Of persons) using blasphemy ; (ভাষা সম্বন্ধে) ঈশ্বর বা ধর্ম্মদ্বেষপূর্ণ ; (Of lan-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

guage) containing blasphemy. *ad.*=blasphemously.

Blasphemy (ব্ল্যাস্‌ফীমি), *n.* ঈশ্বরনিন্দা, পবিত্র জিনিসের নিন্দা ; অপবিত্র ভাষা ; Contemptuous talk about God and sacred things ; profane language.

Blast (ব্লাস্ট্), *n.* (তূর্য্যাদি বাদ্যযন্ত্রের) উচ্চ ধ্বনি ; Sound of a wind-instrument ; বাতাসের ঝাপ্‌টা ; Forcible rush of air ; (বারুদের) সশব্দ বিস্ফোরণ ; An explosion :—*v. t.* বিস্ফোরক দ্বারা সশব্দে উড়াইয়া দেওয়া ; Blow up (rock, etc.) with explosives ; ধ্বংস করা, মারিয়া ফেলা, ঠাণ্ডায় বা উত্তাপে নষ্ট করা ; Blight, cause something to die, harm with great heat or cold.

Blasted (ব্লাস্টিড্), *a.* অনিষ্টকর প্রভাব-দ্বারা ক্ষতিগ্রস্ত ; Blighted ; অভিশপ্ত ; Cursed.

Blast-furnace (ব্লাস্ট্-ফার্‌নেস্), *n.* লৌহাদি ধাতু গলাইবার উনন বা চুল্লী ; A furnace for melting ores of metal.

Blatant (ব্লেট্যাণ্ট্), *a.* হট্টগোলকারী ; Noisy and rough ; চীৎকার করিয়া কথা বলিতে অভ্যস্ত ; Loud in speech. *ad.*= blatantly.

Blaze (ব্লেজ্), *n.* উজ্জ্বল অগ্নিশিখা ; A bright flame ; উজ্জ্বল আলোক ; A bright light ; বর্ণদীপ্তি ; A bright show of colour (a *blaze* of colour). **In a blaze**—প্রজ্বলিত ; On fire :—*v. i.* জ্বলিয়া উঠা ; Burst into a flame ; (আলোক সম্বন্ধে) উজ্জ্বল কিরণ দেওয়া ; Shine brightly :—*v. t.* ঘোষণা করা ; Proclaim. **Blaze up**—হঠাৎ অগ্নি-শিখায় প্রজ্বলিত হওয়া ; Burst into flame suddenly ; (*fig.*) হঠাৎ ক্রুদ্ধ হওয়া ; Become angry suddenly.

Blazer (ব্লেজ্রার্), *n.* খেলোয়াড়ের রঙীন জামা ; Coloured coat of a sportsman.

Blazing (ব্লেজ্রিং), *a.* অত্যুজ্জ্বল Shining brightly ; জ্বলমান ; Burning brightly.

Blazon (ব্লেজ্রন্), *v. t.* প্রচার করা Proclaim (*blazon* abroad) :— গৌরবসূচক নক্‌সা (বিশেষতঃ) বর্ম্ম উপরে ; Coat of arms, esp. on shield. *n.*=blazonment.

Blazonry (ব্লেজ্রন্‌রি), *n.* কুল-চিহ্নাদি-কুলজি-তত্ত্ব ; Heraldic devices, etc. art of blazoning.

Bleach (ব্লীচ্), *v. t. i.* শাদা করা বা হওয়া ; Make or become white. *n.*= bleacher.

Bleak (ব্লীক্), *a.* বিবর্ণ ; Pale or colourless ; জনশূন্য ; Desolate ; অনাবৃত ; Bare ; শীতল বায়ু-তাড়িত Swept by cold winds ; নিরানন্দ Cheerless.

Blear (ব্লীর্), *a.* ঝাপ্‌সা, ছানি-পড়া Filmy ; ক্ষীণদৃষ্টি ; Dim-sighted :— *v. t.* অস্পষ্ট করা ; Make dim.

Blear-eyed (ব্লীর্-আইড্), *a.* ক্ষীণদৃষ্টি চক্ষুবিশিষ্ট ; With blear eyes.

Bleat (ব্লীট্), *v. i. t.* ভ্যা ভ্যা শব্দ করা Cry as a sheep ; ধীরে ধীরে অবোধ বোকার মত বলা ; Speak feebly or foolishly :—*n.* ভেড়া, ছাগল ইত্যাদির ডাক ; The cry of a sheep, goat or calf. *n.*=bleater.

Bled (ব্লেড্), *p. t.* & *p. p.* of **Bleed.**

Bleed (ব্লীড্), *v. i. t* রক্ত ক্ষরিত হওয়া Lose blood ; গাছের রসাদি ক্ষরণ হওয়া Lose sap or juice ; (*fig.*) দুঃখ, দয়া সহানুভূতি বোধ করা ; Feel sorrow, pity or sympathy (heart *bleeds* for the poor) ; রক্ত মোক্ষণ করা ; Take blood from ; বলপূর্ব্বক টাকা গ্রহণ করা Extort money from.

Bleeding (ব্লীডিং), *n.* রক্তস্রাব ; রক্ত বাহির করণ ; Discharge of blood

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

operation of letting blood :—*a.* রক্তাপ্লুত; Shedding blood.

Blemish (ব্লেমিশ্), *n.* দোষ ; কলঙ্ক ; Stain ; taint ; ত্রুটি ; A defect :—*v. t.* সৌন্দর্য্য বা উৎকর্ষ নষ্ট করা ; Spoil the beauty or perfection of. **Without blemish**—ত্রুটিহীন, নির্দ্দোষ ; Perfect, faultless.

Blench (ব্লেন্চ্), *v. i.* ভয়ে সঙ্কুচিত হওয়া ; Shrink back in fear.

Blend (ব্লেণ্ড্), *v. t. i.* মিশ্রিত করা বা হওয়া ; Mix together, be mixed ; (রং সম্বন্ধে) পরস্পর মিলিয়া যাওয়া ; Pass imperceptibly into one another (colours *blend* well) :—*n.* মিশ্রণ ; Mixture. *p. t.*= blended. *p. p.*=blended, blent.

Bless (ব্লেস্), *v. t.* সুখী করা ; সৌভাগ্যশালী করা ; Make happy ; make prosperous ; আশীর্ব্বাদ করা ; কাহারও জন্য আশীর্ব্বাদ প্রার্থনা করা ; Wish happiness or good to ; ask God's favour for (the priest *blessed* the people) ; প্রশংসা বা স্তব করা ; Praise ; পবিত্র করা ; Make sacred or holy (the tree is *blessed* by the priest). *p. t.* & *p. p.*=blessed or blest. **Bless me !**—হা কপাল ! **I am blest if I know**—কী আশ্চর্য্য ! আমি মোটেই জানি না। **I have not a penny to bless myself with**—আমি অতি গরীব।

Blessed (ব্লেসিড্), **Blest** (ব্লেস্ট্), *a.* সৌভাগ্যশালী ; সুখী ; Prosperous ; happy ; স্বর্গসুখ-প্রাপ্ত ; In paradise (esp. as *n.* the *blessed*) ; পবিত্র ; Hallowed.

Blessing (ব্লেসিং), *n.* আশীর্ব্বাদ ; ঈশ্বরের প্রসাদ বা অনুগ্রহ প্রার্থনা। সুখদায়ক বস্তু, ভগবানের দান ; Means of happiness (good health is a *blessing*) ; the gift of God (rain in proper time is a great *blessing*). **A blessing in disguise**—শাপে বর ; Unwelcome event that proves fortunate in the end.

Blest (ব্লেস্ট্), *a.* See **Blessed.**

Blew (ব্লু), *p. t.* of **Blow.**

Blight (ব্লাইট্), *n.* উদ্ভিদের রোগবিশেষ। ক্ষতি, ক্ষতিকারক বস্তু ; ক্ষতির কারণ ; Injury, injurious thing, the cause of i njury ; ক্ষয় ; Decay ; ধ্বংস ; Ruin ; অনিষ্টকর প্রভাব ; Baneful influence :—*v. t.* অনিষ্টকর প্রভাবে অভিভূত করা ; Exert a baneful influence on ; ক্ষতি করা, ধ্বংস করা ; Injure, ruin (his father's death *blighted* his hopes of higher education).

Blind (ব্লাইণ্ড্), *a.* অন্ধ ; Without sight ; বুঝিতে বা বিচার করিতে অসমর্থ (*blind* to faults) ; অবিবেচনাপ্রসূত ; Without thought or reason (*blind* haste) ; ছিদ্রহীন ; Without an opening ; একদিকে বন্ধ ; Closed at one end (a *blind* lane). **Turn one's blind eye to**—না দেখার ভাণ করা। **Blind to**—বুঝিতে অক্ষম। **Blind alley** or **lane**—কাণা বা বন্ধ গলি ; Lane without any outlet :—*v. t.* অন্ধ করা ; Deprive of sight ; প্রবঞ্চনা করা ; চক্ষু ঝলসাইয়া দেওয়া ; Deceive ; dazzle ; বিচার-বুদ্ধিহীন করা ; Make it impossible to judge or understand well :—*n.* পরদাবিশেষ ; Screen (esp. on roller) ; ছল ; অজুহাত ; Pretext.

Blindfold (ব্লাইণ্ড্ফোল্ড্), *a.* & *ad.* বদ্ধচক্ষু বশতঃ দেখিতে অপারগ ; Having the eyes covered so that one cannot see ; অজ্ঞানান্ধ ; অবিবেকী ; Having the mental eye obscured ; thoughtless ; reckless :—*v. t.* চক্ষু বন্ধ করা ; Cover the eyes.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Blinding (ব্লাইণ্ডিং), *a.* দৃষ্টি আচ্ছন্নকারী ; Tending to obscure sight (*blinding* snow).

Blindly (ব্লাইণ্ড্‌লি), *ad.* অন্ধবৎ ; In a blind manner ; বিবেচনাশূন্য হইয়া ; Thoughtlessly.

Blindman's-buff (ব্লাইণ্ড্‌ম্যান্‌স্‌-বাফ্‌), *n.* কাণামাছি খেলা ; Game in which a blindfolded player hunts out the rest of the company.

Blindness (ব্লাইণ্ড্‌নিস্‌), *n.* অন্ধত্ব ; Want of sight ; বিবেচনাহীনতা, নির্ব্বুদ্ধিতা ; Want of discernment, folly.

Blind-worm (ব্লাইণ্ড্‌-ওয়ার্ম্‌), *n.* কেঁচো ; Slow-worm.

Blink (ব্লিঙ্ক্‌), *v. t. i.* চক্ষু পিট্‌ পিট্‌ করা ; Open and shut the eyes quickly ; (দূরবর্ত্তী আলো সম্পর্কে) মিট্‌ মিট্‌ করা ; Shine in an unsteady way ; আলো জ্বালা ও নিভান ; Turn (lights) on and off quickly :—*n.* ক্ষণিক দৃষ্টিপাত ; Glance ; আলোর ক্ষণিক চমক ; A momentary gleam of light.

Blinkers (ব্লিঙ্কার্স্‌), *n.* (usu. *pl.*) ঘোড়ার চক্ষুর ঠুলি ; Horse's eye-screens.

Bliss (ব্লিস্‌), *n.* পরম সুখ ; স্বর্গীয় আনন্দ ; Felicity ; beatitude ; স্বর্গবাস ; Being in heaven.

Blissful (ব্লিস্‌ফুল্‌), *a.* পরম সুখী ; Very happy.

Blister (ব্লিস্টার্‌), *n.* ফোস্কা :—*v. t. i.* ফোস্কা উঠা ; Become covered with blisters ; ফোস্কা উৎপাদন করা ; Raise blisters on.

Blistery (ব্লিস্টারি), *a.* ফোস্কাপূর্ণ ; Full of blisters.

Blithe (ব্লাইদ্‌), **Blithesome** (ব্লাইদ্‌সাম্‌), *a.* প্রফুল্ল ; আনন্দিত ; Gay ; joyous.

Blitz (ব্লিট্‌স্‌), *n.* (চলতি) (আকাশ হইতে) দ্রুত প্রচণ্ড আক্রমণ ; A rapid violent attack, esp. from the air :—*v. t.* এইরূপ আক্রমণে ধ্বংস করা ; Damage or destroy by such an attack (*blitzed* towns).

Blitzkrieg (ব্লিট্‌স্‌ক্রীগ্‌), *n.* বিদ্যুৎগতি যুদ্ধ, দ্রুত জয়লাভের উদ্দেশ্যে প্রচণ্ড আক্রমণ ; Lightning war, a violent campaign intended to bring speedy victory.

Blizzard (ব্লিজ্‌র্ার্ড্‌), *n.* ভয়ঙ্কর তুষার-ঝড় ; A severe snow-storm.

Bloat (ব্লোট্‌), *v. t. i.* স্ফীত করা বা হওয়া ; Swell, inflate, become inflated ; ধূম দ্বারা শুষ্ক করা ; Dry by smoke (*bloated* herring).

Bloated (ব্লোটেড্‌), *a.* স্ফীতকায় ; Fat and large ; স্ফীত ; Swollen ; গর্ব্বিত ; Puffed up (*bloated* with over-eating, *bloated* with pride).

Blob (ব্লব্‌), *n.* (মোম বা রঙের) ক্ষুদ্র বড়ি ; A small, round mass (*e.g.* of wax or paint) ; রঙের ছোপ ; A spot of colour ; (তরল দ্রব্যের) এক ফোঁটা ; A drop of liquid.

Bloc (ব্লক্‌), *n.* একই উদ্দেশ্যে মিলিত একদল লোক, সম্প্রদায় বা দেশ ; A group of persons, societies or countries working together for a common purpose (Anglo-American *bloc*).

Block (ব্লক্‌), *n.* কুঁদা ; কাষ্ঠখণ্ড বা প্রস্তর-খণ্ড ; Heavy piece of timber or stone ; বধ্য-কাষ্ঠ ; Wood on which criminals were beheaded ; পিণ্ড ; Mass of matter ; বহু অংশে বিভক্ত বিশাল অট্টালিকা ; A very large building divided into shops, etc. ; বাধা ; Hindrance ; obstacle ; কপিকল ; A pulley ; টুপি ইত্যাদি প্রস্তুত

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করিবার ছাঁচ; Wooden mould on which a hat is formed; ছাপিবার জন্য ক্ষোদাই করা কাষ্ঠ বা ধাতুফলক; Piece of wood or metal engraved for printing; অনেকগুলি জিনিসের একত্র সমাবেশ (a *block* of seats in a theatre):—*v. t.* বাধা দেওয়া; গঠন করা; Obstruct; shape; কার্য্যকরী হইতে বাধা দেওয়া; Make it impossible to act. **Block letters**—ছাপার মত বড় হাতের লেখা; Capital letters resembling those used in printing. **A chip of the old block**—পিতার অনুরূপ পুত্র।

Blockade (ব্লকেড্), *n.* সৈন্য বা পোতদ্বারা যুদ্ধকালীন অবরোধ; Shutting up by troops or ships:—*v. t.* জাহাজ বা সৈন্যদ্বারা অবরোধ করা; Besiege with troops or by ships. **Raise a blockade**—অবরোধের কার্য্যকলাপ বন্ধ করা; Stop the act of shutting-up of a place.

Blockhead (ব্লক্‌হেড্), *n.* নির্ব্বোধ, বোকা ব্যক্তি; A stupid fellow.

Blockhouse (ব্লক্‌হাউস্), *n.* কাষ্ঠনির্ম্মিত দুর্গ; Structure of heavy timber or logs having its sides loopholed for musketry.

Blockish (ব্লকিশ্), *a.* কাষ্ঠখণ্ড-সদৃশ; মূর্খ; নির্ব্বোধ; Like a block; stupid.

Blond, Blonde (ব্লণ্ড্), *a.* & *n.* স্বর্ণাভ কেশ ও বর্ণবিশিষ্ট (ব্যক্তি, সাধারণতঃ স্ত্রীলোক =Blonde); (Person, generally woman) having light auburn hair and complexion; জরির রেশমী ফিতা-বিশেষ; A kind of silk lace.

Blond-lace (ব্লণ্ড্-লেস্), *n.* জরির রেশমী ফিতা-বিশেষ; Lace made of silk.

Blood (ব্লাড্), *n.* শোণিত; The red liquid in the body; আত্মীয়; Kindred; বংশ; Lineage (of the same *blood*); মেজাজ; স্বভাব; Temper of mind; ক্রোধ; Passion (his *blood* is up=ক্রোধে উত্তেজিত):—*v. t.* প্রথম রক্তের আস্বাদন দেওয়া; Give first taste of blood to (hound); রক্তপাত করা; Bleed. **Bad blood**—শত্রুতা; Enmity. **Blood boils**—রাগে রক্ত গরম হইয়া উঠা; Is greatly enraged. **Blue blood**—আভিজাত্য, উচ্চবংশ। **Flesh and blood**—রক্তমাংসের শরীর; Corporeal body. **Half-blood** (হাফ্-ব্লাড্)—বৈমাত্রেয় বা বৈপিত্রেয় সম্পর্ক; Relationship through one parent. **In cold blood**—বিচারপূর্ব্বক; বিনা উত্তেজনায়; Deliberately; free from excitement. **Blood and iron**—নির্ম্মম পশুবলের প্রয়োগ। **Blood is thicker than water**—রক্তসম্বন্ধের একটা সত্যকার গুরুত্ব আছে। **Runs in the blood**—বংশের বৈশিষ্ট্য। **Blood royal**—রাজরক্ত, রাজবংশ। **Fresh blood**—সম্প্রদায় বা পরিবারের ভিতর অন্তর্ভুক্ত নূতন লোক। **Blood-circulation**—রক্ত-সংবহন, রক্ত-সঞ্চলন। **Blood test**—রক্ত পরীক্ষা। **Blood transfusion**—একজনের শিরা হইতে রক্ত গ্রহণ করিয়া অপরের শরীরে প্রবেশ করানোর প্রক্রিয়া।

Blood-feud (ব্লাড্-ফিউড্), *n.* রক্তপাত-হেতু বিবাদ।

Blood-guiltiness (ব্লাড্-গিল্টিনিস্), *n.* রক্তপাতের অপরাধ; Guilt of shedding blood.

Blood-guilty (ব্লাড্-গিল্টি), *a.* হত্যাপরাধী; Guilty of shedding blood.

Blood-heat (ব্লাড্-হীট্), *n.* মনুষ্য-শোণিতের তুল্য তাপমাত্রা; Degree of heat equal to that of human blood (approximately 98.4° Fahr.).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bloodhound (ব্লাড্-হাউণ্ড্), *n.* তীক্ষ্ণ ঘ্রাণশক্তিবিশিষ্ট একজাতীয় কুকুর।

Bloodless (ব্লাড্‌লিস্), *a.* রক্তহীন ; Having no blood ; শোণিতপাতবিহীন ; Without the shedding of blood ; অনুভূতিহীন, নিষ্ঠুর ; Unfeeling and cold-hearted. *ad.*=bloodlessly. *n.* =bloodlessness.

Blood-letting (ব্লাড্-লেটিং), *n.* রক্তমোক্ষণ ; Surgical bleeding.

Blood-poisoning (ব্লাড্-পয়্‌জ়নিং), *n.* বিসর্পরোগবিশেষ ; Serious state of health on account of septic matter in the blood (esp. through a wound).

Blood-pressure (ব্লাড্-প্রেশার্), *n.* রক্তের চাপ, একপ্রকার ব্যাধি ; A kind of disease.

Blood-relation (ব্লাড্-রিলেশন্), *n.* জ্ঞাতি, স্বগোত্র ; One related by blood, not marriage.

Bloodshed (ব্লাড্‌শেড্), *n.* বহু লোককে একসঙ্গে বধ ; হত্যা ; Slaughter ; murder ; রক্তপাত ; Act of spilling blood.

Bloodshot (ব্লাড্‌শট্), *a.* লাল ; রক্তবর্ণ ; Red ; flushed with blood (*bloodshot* eyes).

Blood-stained (ব্লাড্-স্টেণ্ড্), *a.* হত্যাপরাধে কলঙ্কিত ; Guilty of murder ; রক্তের দাগযুক্ত ; Stained with blood.

Blood-sucker (ব্লাড্-সাকার্), *n.* জলৌকা, জোঁক ; Leech ; নিষ্ঠুর অর্থশোষক ব্যক্তি ; Extortioner.

Blood-thirsty (ব্লাড্-থার্স্টি), *a.* শোণিত-পিপাসু ; নিষ্ঠুর ; Wanting to kill ; cruel. *n.*=blood-thirstiness.

Blood-vessel (ব্লাড্-ভেসেল্), *n.* রক্তবহা-নাড়ী, রক্তনালী, ধমনী ; Vessel in which blood circulates, artery, vein.

Bloody (ব্লাডি), *a.* রক্তাক্ত ; Stain with blood ; নিষ্ঠুর ; হত্যাকা Cruel ; murderous ; রক্তপাত-সমন্বি নিষ্ঠুরতার পরিচায়ক ; Attended wi bloodshed (*bloody* battle) ; ma ked by cruelty :—*ad.* কদর্য্যভা নিরতিশয়ভাবে ; Damnably ; very :—*v. t.* রক্তাক্ত করা ; Stain with blo *n.*=bloodiness. *ad.*=bloodily.

Bloody-flux (ব্লাডি-ফ্লাক্স্), রক্তামাশয় ; Dysentery.

Bloom (ব্লুম্), *n.* মুকুল ; Blossom পুষ্পের প্রস্ফুটিত অবস্থা ; Opening flowers ; florescence ; নবযৌবন Beginning of youth or manhood গণ্ডরাগ ; Blush on the cheek ; উৎকর্ষ ; Highest perfection ; সৌন্দ Beauty. **In bloom**—পুষ্পময় ; Ha ing flowers :—*v. i.* মুকুলিত হওয়া Put forth blossoms ; পূর্ণ সৌন্দর্য্য চরম উৎকর্ষ প্রাপ্ত হওয়া ; Be in fu beauty and perfection.

Bloomer (ব্লুমার্), *n. pl.* স্ত্রীলোকে ব্যায়াম-কালীন পোষাক ; A woman trouser costume ; ভুল ; Blunder :— *a.* স্ত্রীলোকের পোষাক-সম্বন্ধীয়।

Blooming (ব্লুমিং), *a.* কুসুমিত Flowering ; লাবণ্যযুক্ত ; Thriving health, beauty and vigour.

Bloomy (ব্লুমি), *a.* কুসুমিত ; উন্নতিশীল ; Flowery ; flourishing.

Blossom (ব্লসম্), *n.* পুষ্পমুকুল ; ফলপ্র ফুল ; Flower-bud ; flower th precedes fruit ; পুষ্প ; Flower :— *v. i.* পুষ্পিত বা মুকুলিত হওয়া ; Pu forth blossoms or flowers. **In blossom**—পুষ্প সমন্বিত ; Havin flowers.

Blot (ব্লট্), *n.* কলঙ্ক ; (বিশেষত কালির) দাগ ; A spot (esp. of ink) a fault, a blemish :—*v. t.* (-tt- (কালির) দাগ করা ; Make a spot

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(esp. with ink); কলঙ্কিত করা, সুনামে কলঙ্ক লেপন করা; Sully fair name; শোষক কাগজ দিয়া কালি শুষিয়া লওয়া; Dry with blotting-paper. **Blot out**—সম্পূর্ণ ঢাকিয়া ফেলা; মুছিয়া ফেলা; ধ্বংস করা।

Blotch (ব্লচ্), *n.* ফোড়া; ফুস্‌কুড়ি, চর্ম্মের উপরিস্থ ছোপের মত দাগ; A large, irregular patch or spot on the skin; কালির বা রংয়ের দাগ; A dab of ink or colour:—*v. t.* ছোপের মত দাগ করা; Mark with blotches.

Blotched (ব্লচ্‌ট্), **Blotchy** (ব্লচি), *a.* জাবড়া দাগযুক্ত; Full of blotches.

Blotter (ব্লটার্), *n.* একখণ্ড কালি-শোষক কাগজ; A piece of blotting-paper.

Blotting-paper (ব্লটিং-পেপার্), *n.* শোষক কাগজ; Paper used for absorbing ink.

Blouse (ব্লাউজ্), *n.* ঢিলা বহির্ব্বাস; আলখিল্লা; Loose outer garment; ব্লাউজ; A kind of loose-fitting bodice.

Blow (ব্লো), *n.* প্রহার; আঘাত; Stroke or knock; তীব্র মানসিক কষ্ট; দুর্ভাগ্য; বিপদ্; An unpleasant shock; a misfortune; a disaster (the creation of Pakistan is a great *blow* to the cause of Hindu-Moslem unity):—*v. i. t.* ফুৎকার দেওয়া, ফুঁ দেওয়া। বহা; (wind *blows*); হাঁপান; Pant; বাজা, বাজান; Sound as a trumpet; মুকুলিত বা প্রস্ফুটিত হওয়া; Blossom or bloom; বাতাসে বহিয়া লইয়া যাওয়া; Cause to move (by wind); ফুৎকারদ্বারা বুদ্‌বুদ্ প্রস্তুত করা; Form bubbles by blowing; বাতাস চালাইয়া পরিষ্কার করা (*blow* your nose=নাক ঝাড়)। *pr. p.* =blowing. *p. t.*=blew. *p. p.*= blown. **At a or one blow**—এককোপে বা আঘাতে; একবারে; By a single stroke or effort. **Blow for blow**—প্রতিশোধ; Tit for tat. **Come to blows**—হাতাহাতি আরম্ভ করা; Begin fighting. **Exchange blows**—হাতাহাতি করা; Fight. **Blow over**—কাটিয়া যাওয়া (যেমন—মেঘ, বিপদ্); Pass off. **Blow down**—ভূমিসাৎ করা; Prostrate by wind. **Blow off**—ছাড়িয়া দেওয়া; Let off. **Blow hot and cold,** or **blow hot and cold in the same breath**—এককালে অনুগ্রহ বা নিগ্রহ প্রকাশ করা; একমুখে দুই রকম বলা; Appear both to favour and to oppose. **Blow one's own trumpet**—আপনার ঢাক আপনি বাজান; আত্মগুণ কীর্ত্তন করা; Sound one's own praises; proclaim one's own merits. **Blow out**—ফুৎকারে নিবাইয়া দেওয়া; Extinguish by breath. **Blow out one's brains**—গুলি করিয়া মাথা গুঁড়াইয়া দেওয়া (সাধারণতঃ নিজের)। **Blow up**—বায়ুপূর্ণ করা; Fill with air; বিদীর্ণ হওয়া; Explode (the powder *blew up*); বিস্ফোরণ দ্বারা ধ্বংস করা, ভাঙ্গিয়া উন্মুক্ত করা; Destroy or break open with an explosion. **Strike the first blow**—প্রথমে আক্রমণ করা; Be the first to attack.

Blower (ব্লোয়ার্), *n.* গন্‌গনে আগুন করিবার নিমিত্ত বাতাস দিবার জন্য ব্যবহৃত যন্ত্রবিশেষ। ফুঁ দিয়া যে লোক দ্রব্যাদি প্রস্তুত করে (A glass *blower*).

Blown (ব্লোন্), *p. a.* ক্লান্ত; স্ফীত; নির্গুণ; Tired; swelled; worthless. *p. p.* of **Blow.**

Blowpipe (ব্লোপাইপ্), *n.* অগ্নিতে ফুৎকার দিবার বাঁকা নল।

Blowy (ব্লোয়ি), *a.* বায়ুপূর্ণ; Windy.

Blowzed (ব্লাউজ্‌ড্); **Blowzy** (ব্লাউজি), *a.* রক্তবদন, নোংরা ও অপরিচ্ছন্ন; Red-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

faced, dirty-looking and dishevelled.

Blubber (ব্লাবার্), *n.* তিমি মৎস্যাদির মেদ ; Fat of whales and other large sea-animals :—*v. i.* চীৎকার করিয়া কাঁদা ; Weep noisily.

Bludgeon (ব্লাজন্), *n.* মাথা মোটা বেঁটে লাঠি, লগুড়, গদা ; A short thick stick with a heavy end, a club :—*v. t.* এইরূপ লাঠির দ্বারা বারবার আঘাত করা ; Strike again and again with such a stick.

Blue (ব্লু), *n.* নীলবর্ণ। নীল পরিচ্ছদ ইত্যাদি ; Blue clothes, etc. (dressed in *blue*) ; আকাশ ; Sky ; সমুদ্র ; Sea (the *blue*) :—*pl.* বিষণ্ণতা ; Depression :—*a.* নীল। বিমর্ষ ; হতাশ ; Low in spirit ; depressed ; নীল পোষাক পরিহিত ; Dressed in blue :—*v. t.* নীলবর্ণ করা ; Make blue. **Look, feel blue**—ভীত, ভগ্নোৎসাহ দেখান, বোধ করা ; Look feel, nervous, depressed. **True blue**—বিশ্বাসী ; Faithful. **A bolt from the blue**—বিনা মেঘে বজ্রাঘাত, সম্পূর্ণ অপ্রত্যাশিত জিনিস ; Something quite unexpected. **An Oxford or Cambridge blue**—উক্ত বিশ্ববিদ্যালয়ের হইয়া যে ফুটবল ইত্যাদি খেলিয়াছে। **Out of the blue**—অজানা স্থান হইতে ; অপ্রত্যাশিতভাবে ; From an unknown source ; in an unexpected manner.

Bluebeard (ব্লুবিয়ার্ড্), *n.* স্ত্রীঘাতী নায়ক ; স্ত্রীঘাতী ; Husband of many wives murdered by him.

Bluebell (ব্লুবেল্), *n.* ঘণ্টাকৃতি ফুলের গাছবিশেষ।

Blueblood (ব্লুব্লাড্), *n.* See **Blood.**

Blue-book (ব্লু-বুক্), *n.* ইংলণ্ডীয় ব্যবস্থাপক সভার বা রাজসভার বিবরণী পুস্তক ; Parliamentary Privy reports.

Blue-bottle (ব্লু-বট্‌ল্), *n.* ভন্‌ভনে মাছি।

Blue-jacket (ব্লু-জ্যাকিট্), *n.* রণপোতে নাবিক ; A sailor in the navy.

Blue-print (ব্লু-প্রিন্ট্), *n.* প্রতিটি গৃহাদির নক্সা ফোটোর সাহায্যে মূল প্রাথমিক পরিকল্পনা ; A preliminary plan.

Blue-stocking (ব্লু-স্টকিং), সাহিত্যানুরাগিণী বা পাণ্ডিত্যাভিমানিনী রমণী, বিদুষী ; Literary or pedantic lady, woman who prides herself on her learning.

Blue-vitriol (ব্লু-ভিট্রিয়ল্), *n.* তুঁতে।

Bluff (ব্লাফ্), *a.* সৎ ও সরল কিন্তু রূঢ় ; Rough but frank ; খাড়া ; Steep :—*n.* সাগর ও নদীর অভিমুখীন সমুন্নত তট ; উপকূল ; High steep bank overlooking a sea or river ; ধাপ্পা ; Boastful swagger :—*v. t. i.* ধাপ্পা দেওয়া ; Deceive by swagger.

Bluish (ব্লুয়িশ্), *a.* ঈষৎ নীল ; Slightly blue.

Blunder (ব্লাণ্ডার্), *v. t. i.* গুরুতর ভুল করা ; অন্ধের মতো পথ হাতড়ান ; হঠাৎ খুঁজিয়া পাওয়া ; Make serious mistake ; move blindly ; find by fluke :—*n.* গুরুতর ভুল ; Gross mistake. **Blunder into, on, upon**—হঠাৎ পাওয়া ; Find by accident. **Blunder out**—চিন্তা না করিয়া বলিয়া ফেলা।

Blunderbuss (ব্লাণ্ডার্‌বাস্), *n.* বন্দুক বিশেষ ; A kind of gun.

Blunt (ব্লাণ্ট্), *a.* স্পষ্টভাষী ; Outspoken ; ভোঁতা ; Having a dull edge or point ; স্থূলবুদ্ধি ; Dull in understanding :—*v. t.* ধার ভোঁতা করা ; Dull the edge or point.

Bluntly (ব্লাণ্ট্‌লি), *ad.* অভদ্র, কর্কশভাবে ; In a rough, impolite manner.

Blur (ব্লার্), *n.* দৃষ্টির অস্পষ্টতা ; Indis-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

tinctness of vision; দাগ; কলঙ্ক; Blot; stain :—*v. t.* দাগ করা; Blot; stain; অস্পষ্ট করা; Make indistinct (mists *blurred* the view); কালি দিয়া জোবড়ান; Smear with ink; নিষ্প্রভ করা; Dim (perception). *a.*=blurring. *p. a.*=blurred.

Blurt (ব্লার্ট্), *v. t.* বিবেচনা না করিয়া হুট্ করিয়া বলিয়া ফেলা; Utter suddenly, without thought (with *out*).

Blush (ব্লাশ্), *n.* গোলাপী আভা, রক্তিমাভা; লজ্জাজনিত রক্তিমা; Rosy tint :—*v. i.* আরক্তিম হওয়া; Redden; লজ্জাবশতঃ গণ্ডদেশ রক্তিমবর্ণ হওয়া; Become red in the face, out of shame or confusion. **At the first blush**—প্রথম দৃষ্টিপাতে; At the first sight.

Bluster (ব্লাস্টার্), *v. i.* (বাতাস, তরঙ্গ সম্বন্ধে) বেগে প্রবাহিত হওয়া; Storm violently; দম্ভভরে বলা; Utter overbearingly :—*n.* তর্জ্জন-গর্জ্জন; দাম্ভিক ভাষা; Threat; boastful language.

Blusterer (ব্লাস্টারার্), *n.* দাম্ভিক; Swaggerer.

Blustering (ব্লাস্টারিং), *n.* সশব্দ প্রবাহ; Noisy blowing as of a blast of wind; দম্ভোক্তি; Swaggering :—*a.* প্রবল বাত্যাবিক্ষুব্ধ; Stormy; কোলাহলময়; Tumultuous; দম্ভপূর্ণ; Boastful. *ad.*=blusteringly.

Bo, Boh (বো), *intj.* শিশুদিগের ভয়োৎপাদক শব্দ; Word used to frighten children.

Boa (বোয়া), *n.* বোড়া সাপ; অজগর সর্প; A snake of python type; মহিলাদিগের সর্পাকার গলবন্ধ; Serpent-like neck-wrap for women.

Boa-constrictor (বোয়া-কন্স্ট্রিক্টর্), *n.* অজগর।

Boar (বোর্), *n.* বন্য শূকর; A wild pig. *a.*=boarish.

Board (বোর্ড্), *n.* কাষ্ঠফলক; তক্তা; A long, tnin, flat piece of timber; বিশেষ উদ্দেশ্যে ব্যবহৃত তক্তা বা কাষ্ঠফলক (notice-*board*); নির্দ্দিষ্ট মূল্যে বা কোন কাজের বিনিময়ে আহার (*board* and lodging); জাহাজ ইত্যাদির উপরিভাগ; Deck of a ship, etc.; কাজ ইত্যাদি করিবার টেবিল; A table at which people sit to do business, etc.; মোটা কাগজ; Thick stiff paper (card*board*); পরিচালক-সমিতি, পর্ষদ্; A group of persons entrusted with management (school *board*) :—*pl.* রঙ্গমঞ্চ; The stage (on the *boards*) :—*v. t. i.* ফলকদ্বারা আচ্ছাদিত করা; Cover with boards; জাহাজ, ট্রেণ ইত্যাদিতে প্রবেশ করা; Enter a ship, train, etc.; অর্থ গ্রহণ করিয়া খাদ্য দেওয়া; Provide with food at fixed price; খাদ্যগ্রহণ করা; Get meals. **Above board**—প্রকাশ্যে; Openly. **On board**—জাহাজস্থিত; In the ship.

Boarder (বোর্ডার্), *n.* যে মূল্য দিয়া অপরের ঘরে আহার করে; One who receives food for a price; জাহাজে প্রবেশকারী; One who boards a ship.

Boarding (বোর্ডিং), *n.* খাদ্য ও বাসস্থান যোগান বা গ্রহণ; Providing or receiving rooms and meals.

Boarding-house (বোর্ডিং-হাউস্), *n.* আহার ও বাসের বাড়ী; House in which persons are provided with food and lodging for a price.

Boarding-school (বোর্ডিং-স্কুল্), *n.* ছাত্রগণের আহার ও বাসস্থানের ব্যবস্থা-সমন্বিত বিদ্যালয়; School in which the scholars receive board and lodging as well as instruction.

Boast (বোস্ট্), *v. i. t.* অহঙ্কার করা; Brag, speak proudly; আছে বলিয়া

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

গর্ব্বিত হওয়া; Have something of which one may be justly proud (the city *boasts* a fine sports stadium) :—*n.* দম্ভপূর্ণ উক্তি; Vainglorious statement; গর্ব্বের বিষয় বা বস্তু; Fact, thing one is proud of.

Boaster (বোস্টার্), *n.* দাম্ভিক; Braggart.

Boastful (বোস্ট্‌ফুল্), *a.* (লোক-সম্বন্ধে) গর্ব্বিত; Given to boasting; (বাক্যাদি-সম্বন্ধে) দম্ভপূর্ণ, আত্মশ্লাঘাপূর্ণ; Showing self-praise.

Boat (বোট্), *n.* নৌকা; Small open vessel; ক্ষুদ্র পোত; Small ship or steamer :—*v. i. t.* নৌকায় যাওয়া; Sail in a boat; নৌকায় রাখা, বহন করা; Place, carry in a boat. **In the same boat**—একই বিপদ বা ঝুঁকি লইয়া; With the same dangers to face. **Burn one's boats**—পশ্চাৎপদ হওয়ার উপায় না রাখা।

Boat-hook (বোট্-হুক্), *n.* নৌকা টানিবার বা ঠেলিবার লোহার আঁকড়া; Iron hook to pull or push a boat.

Boat-house (বোট্-হাউস্), *n.* নৌকা রাখিবার চালা; A shed for a boat.

Boatman (বোট্‌ম্যান্), *n.* নাবিক, দাঁড়ী, নৌকাবাহক; Man who manages a boat, rower of a boat.

Boat-race (বোট্-রেস্), *n.* বিশেষরূপে নির্ম্মিত বাইচের নৌকার প্রতিযোগিতা; বাইচ খেলা; Race between specially built rowing-boats.

Boatswain (বোস্‌ন্), *n.* মাঝি-মাল্লার সর্দ্দার; মাঝি; সারেঙ্গ; Officer who has charge of the boats, sails, rigging, anchors, etc. of a ship, and who also summons the crew.

Bob (বব্), *n.* ঝাঁকুনি; Jerk; দোলক-পিণ্ড; Pendant; ছোট করিয়া ছাঁটা চুল; Hair cut short; এক শিলিং; One shilling :—*v. t. i.* দোলান; Dangle (চুল) ছোট করিয়া কাটা; Cut (hair) short. *pr. p.*=bobbing. *p. p.*=bobbed.

Bobbin (ববিন্), *n.* (সেলাইকল ইত্যাদিতে) সূতা জড়াইবার নলি।

Bobbinet (ববিনেট্), *n.* একপ্রকার সুন্দর জালের ন্যায় সূতার ফিতা; A kind of fine netted cotton lace made by machines.

Bobby (ববি), *n.* পাহারাওয়ালা; Policeman.

Bobtail (বব্‌টেল্), *n.* ছিন্ন পুচ্ছ; লেজ কাটা; Tail cut short; ইতর লোক; The rabble. *a.*=bobtailed—(বেঁড়ে)।

Bob-wig (বব্-উয়িগ্), *n.* ক্ষুদ্র পরচুলা; Short wig with ends curled up.

Bode (বোড্), *v. t. i.* ভাবী শুভাশুভ প্রকাশ করা; Prophesy; foreshadow. **Bode ill, well**—শুভ বা অশুভ প্রকাশ করা।

Bodeful (বোড্‌ফুল্), *a.* ভাবী শুভাশুভ লক্ষণসূচক; Ominous.

Bodice (বডিস্), *n.* কাঁচুলি; Close fitting upper part of a woman's dress. [a body

Bodied (বডিড্), *a.* শরীরী; Having

Bodiless (বডিলিস্), *a.* অশরীরী; Incorporeal.

Bodily (বডিলি), *a.* শারীরিক; Of or in the body (*bodily* fear) :—*adv.* সশরীরে; In person; সমগ্রভাবে; As a whole (rose *bodily*).

Bodkin (বড্‌কিন্), *n.* মোটা সূঁচ; Blunt, thick needle; মাথার কাঁটা; Long hair-pin.

Body (বডি), *n.* দেহ; শরীর; Frame of an animal; গাত্র; মাথা, হাত, পা বাদে সর্ব্বশরীর; The trunk of the body without the head, arms and legs; ভূমিকাবর্জ্জিত দলিল; Document minus

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

preamble; হাত ও গলা-বেষ্টক বর্জ্জিত জামা; Upper garment minus sleeves and collar; ব্যক্তি; An individual (*somebody*, *anybody*); একদল লোক; A group of people (a legislative *body*; large *bodies* of the unemployed); মৃতদেহ; A dead person or animal; প্রধানতম অংশ; The most important part of anything (the *body* of the machine); রাশি, পরিমাণ, পদার্থ; A mass or quantity (a *body* of water; heavenly *body*): —*v. t.* আকৃতি-বিশিষ্ট করা; Produce in a definite shape; মনে রূপায়িত করা; Give mental shape to. *pr. p.* =bodying. *p. p.*=bodied. **Body-guard**—দেহরক্ষী; Escort. **Body-politic** (বডি-পলিটিক্)—রাষ্ট্র; State. **Body-servant**—খানসামা; Valet. **In a body**—সকলে একত্র হইয়া; All together. **Keep body and soul together**—কায়ক্লেশে জীবন ধারণ করা; Support oneself with difficulty.

Boer (বোয়ার্), *n.* দক্ষিণ আফ্রিকার ওলন্দাজ উপনিবেশিক; One of the Dutch colonists of South Africa.

Bog (বগ্), *n.* জলা; A marsh; কাদাময়, পাঁকপূর্ণ জমি; A wet, soft piece of ground :—*v. t.* (-gg-) পঙ্কে নিমগ্ন করা; Submerge in bog.

Bogey, Bogy (বোগি), *n.* ভূত; জুজু; Goblin; bug-bear. *pl.*=bogeys, bogies.

Boggy (বগি), *a.* জলাময়; পঙ্কিল; Marshy; miry.

Bogie, Bogey (বোগি), *n.* রেললাইনের চারি চাকার গাড়ী-বিশেষ; Trolley.

Bogle (বোগ্‌ল্), *n.* ভূত; জুজু; Bug-bear; spectre.

Bogus (বোগাস্), *a.* কৃত্রিম; মেকি; বাজে; Counterfeit; false; sham.

Bohemian (বোহিমিয়ান্), *a.* প্রচলিত সামাজিক রীতিনীতি লঙ্ঘনকারী; Socially unconventional; নীতিহীন ও অসংযত চরিত্রবিশিষ্ট; Of loose and irregular habits :—*n.* প্রচলিত সামাজিক রীতি অনুযায়ী চলে না এমন ব্যক্তি; A person who is socially unconventional; আদর্শ ও লক্ষ্যহীন ভবঘুরে; বেদিয়াবৎ জাতিবিশেষ; অসচ্চরিত্র ব্যক্তি; Restless vagabond; gipsy; person of immoral habits; বোহিমিয়া-বাসী; Inhabitant of Bohemia. *n.*=Bohemianism.

Boil (বয়িল্), *v. i. t.* ফুটিয়া উঠা; Bubble up by heat; সিদ্ধ হওয়া; Be boiled in water or other liquid; ফুটন্ত জলে সিদ্ধ করা; Cook in boiling water; ফুটান; Bring liquid to boiling point; অত্যন্ত উত্তেজিত বা ক্রুদ্ধ হওয়া; Be excited or angry (blood *boils*) :—*n.* ব্রণ; স্ফোটক, ফোঁড়া; A painful swelling on the body. **Boil away**—ফুটাইয়া বাষ্পাকারে উড়াইয়া দেওয়া; Boil until the whole quantity evaporates. **Boil down**—ফুটাইয়া কমান; Make less by boiling. **Boil over**—উথলাইয়া পড়া; Flow over the side.

Boiler (বয়্‌লার্), *n.* ইঞ্জিনের যে অংশে বাষ্প প্রস্তুত হয়; That part of a steam-engine in which the steam is generated; জল ফুটাইবার পাত্র; Vessel for boiling water; রান্নার কাজে ব্যবহৃত ফুটন্ত জলের পাত্র; A boiling-tank of kitchen range.

Boiling (বয়্‌লিং), *n.* স্ফুটন; Bubbling up of any liquid by the action of heat; জলে সিদ্ধ করিয়া রন্ধন; Act of cooking food by boiling in water :—*a.* ফুটন্ত; Bubbling; রাগে বা গরমে ফুলিতেছে এমন; Swelling with heat

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

or passion. **Boiling hot**—অত্যন্ত গরম।

Boiling-point (বয়্‌লিং-পয়িণ্ট্), *n.* স্ফুটনাঙ্ক; The point at which any liquid boils.

Boisterous (বয়িস্টারাস্), *a.* প্রচণ্ড; Violent; কোলাহলপূর্ণ; Noisy.

Bold (বোল্ড্), *a.* সাহসী; Having courage; সাহসপূর্ব্বক সম্পাদিত; Executed with boldness; প্রগল্‌ভ; নির্লজ্জ; Too forward; impudent; স্পষ্ট; Clear and easy to see, well-marked (*bold* handwriting, outline); খাড়া; Steep or abrupt. **Make bold**—সাহস বা প্রগল্‌ভতা করা; Venture, take the liberty. **Make bold with**—আলোচনা করিতে সাহসী হওয়া; To tackle, to deal with.

Bold-faced (বোল্ড্-ফেস্ট্), *a.* নির্লজ্জ; ধৃষ্ট; Impudent.

Bole (বোল্), *n.* (গাছের) গুঁড়ি; ডাঁটা; Trunk of a tree; stem.

Boll (বোল্), *n.* বীজকোষ; শুঁটি; আধার; ঢেঁড়ি (পোস্তের); Pod or capsule of a plant (cotton *boll*).

Bolshevik (বল্‌শেভিক্), **Bolshevist** (বল্‌শেভিস্ট্), *n.* রুশীয় সাম্যবাদী; A member of the Russian party which advocates government by the working classes; বিপ্লবী; Any revolutionary.

Bolshevism (বল্‌শেভিজ্‌ম্), *n.* বিপ্লববাদ; বলশেভিকগণের মত; Revolution; doctrines of the Bolshevist.

Bolster (বোল্‌স্টার্), *n.* কোল-বালিশ; Long round pillow or cushion:—*v. t.* বালিশ দিয়া তুলিয়া ধরা; Support with a pillow; সমর্থন করা; Support (usu. with *up*).

Bolstered (বোল্‌স্টার্ড্), *a.* সমর্থিত; অবলম্বিত; Supported; স্ফীত; Swelled out.

Bolt (বোল্ট্), *n.* তীর; Arrow; অশনি; Thunderbolt (a *bolt* from the blue); অর্গল, বল্ট্; Bar or used to fasten door, etc.; আকস্মিক ভাবে দ্রুত পলায়ন; A quick, sudden escape:—*v. t. i.* অর্গলবদ্ধ করা; Fasten with a bolt; তাড়াতাড়ি গলাধঃকরণ করা; Swallow hastily; বেগে প্রস্থান করা; Dart off; বেগে ছুটিয়া যাওয়া; Rush away:—*ad.* সম্পূর্ণরূপে; Quite (*bolt* upright—সোজাভাবে)। **Bolt from the blue**—See **Blue.**

Bolter, Boulter (বোল্টার্), *n.* চালুনি; ছাঁকনা; Sieve.

Bolus (বোলাস্), *n.* বৃহৎ বটিকা; Large pill.

Bomb (বম্), *n.* বোমা, বিস্ফোরক গোলা—*v. t.* বোমা ফেলা; Drop bombs.

Bombard (বম্বার্ড্), *v. t.* গোলা উড়াইয়া দেওয়া; গোলা নিক্ষেপ করা; Batter with shot and shell; অভিযোগাদি দ্বারা বিরক্ত করা; Worry with questions, complaints, etc.

Bombardier (বম্বার্‌ডিয়ার্), *n.* গোলন্দাজ সৈনিক; Artillery soldier.

Bombardment (বম্‌বার্ড্‌মেণ্ট্), গোলাবর্ষণ; Act of bombarding.

Bombasine, Bombazine (বম্‌ব্যাজিন্), *n.* রেশম বা সূতা মিশ্রিত বা বিশুদ্ধ মোটা পশমী কাপড়বিশেষ; A twilled woollen cloth mixed with silk or cotton or quite pure.

Bombast (বম্বাস্ট্), *n.* দীর্ঘ আড়ম্বরপূর্ণ ভাষা; High-sounding, inflated language.

Bombastic (বম্ব্যাস্টিক্), *a.* শব্দাড়ম্বরপূর্ণ; স্ফীত; High-sounding; inflated.

Bomber (বমার্), *n.* বোমারু সৈনিক; বিমান; Soldier or aeroplane using bombs.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Bomb-proof (বম্-প্রুফ্), *a.* বোমা বা গোলাদ্বারা অভেদ্য; Secure against the force of bombs (*bomb-proof shelter*).

Bomb-shell (বম্-শেল্), *n.* বিস্ফোরক-পূর্ণ গোলা; Bomb; আকস্মিক বিস্ময়; A sudden surprise :—*v. t.* বোমা ফেলা বা ছোঁড়া; Throw or drop bombs on.

Bona fide (বোনা ফাইডি), *ad.* or *a.* প্রকৃত (ভাবে); Genuine(ly); বিশ্বস্ত (ভাবে); Sincere(ly); সরল বিশ্বাসে; In good faith.

Bona fides (বোনা ফাইডীজ্), *n.* বিশ্বস্ততা; Honest intention, sincerity.

Bonbon (বন্‌বন্), *n.* চিনির মিঠাই; A thing made of sugar.

Bond (বণ্ড্), *n.* বন্ধন; বন্ধনী; Anything that binds; সংযোগ; Union; অঙ্গীকার; Promise; প্রতিজ্ঞাপত্র; খত; তমসুক; Written agreement; a writing of obligation to pay a sum or to perform a contract :—*v. t.* শুল্কাধীন করিয়া মাল রাখা; Place goods in bond. **In bond**—শুল্কাধীন, সরকারী গুদামঘরে শুল্ক না দেওয়া পর্য্যন্ত রক্ষিত; (of goods) kept in a warehouse until duties have been paid on them. **In bonds**—শৃঙ্খলাবদ্ধ, কারারুদ্ধ; Not free, in prison :—*a.* কারারুদ্ধ বা দাসত্ব-শৃঙ্খলে আবদ্ধ; In a state of servitude or captivity; bound (*bond* slave).

Bondage (বণ্ডিজ্), *n.* দাসত্ব, বন্দিত্ব; Slavery; captivity; অবরোধ অবস্থা; Subjection to restraint or influence.

Bonded (বণ্ডিড্), *a.* See **In bond.** **Bonded warehouse**—শুল্কাধীন পণ্যাগার, শুল্ক দিলে যে পণ্য ছাড়িয়া দেওয়া হয়।

Bond-maid (বণ্ড্-মেড্), *n.* ক্রীতদাসী; Female slave.

Bond(s)man [বণ্ড্(জ্)ম্যান্], *n.* ক্রীতদাস; Slave.

Bond-servant (বণ্ড্-সার্‌ভ্যাণ্ট্), *n.* ক্রীতদাস; Slave.

Bond-service (বণ্ড্-সার্‌ভিস্), *n.* দাসত্ব; Slavery.

Bond-slave (বণ্ড্-স্লেভ্), *n.* ক্রীতদাস; গোলাম; Slave.

Bondwoman (বণ্ড্‌ওম্যান্), *n.* ক্রীতদাসী; Woman slave.

Bone (বোন্), *n.* অস্থি, হাড় :—*v. t.* অস্থি পৃথক্ করা; Take the bones out of. **A bone of contention**—বিবাদের বিষয়; A subject of dispute. **As dry as a bone**—সম্পূর্ণ নীরস; Quite dry. **To the bone**—সম্পূর্ণভাবে; Completely; নিরতিশয়; Extremely (chilled *to the bone*).

Boned (বোণ্ড্), *a.* অস্থিমান্; Having bones.

Bone-dust (বোন্-ডাস্ট্), *n.* সাররূপে প্রযুক্ত অস্থিচূর্ণ; Pulverised bone used as manure.

Boneless (বোন্‌লিস্), *a.* অস্থিহীন; Without bones.

Bone-setter (বোন্-সেটার্), *n.* অস্থি-যোজক; One who sets dislocated bones.

Bonfire (বন্‌ফায়ার্), *n.* উৎসবাগ্নি; বহ্ন্যুৎসব; Large fire made as an expression of public joy. **Make a bonfire of**—পুড়াইয়া ফেলা; Burn up.

Bonnet (বনিট্), *n.* স্ত্রীলোকদিগের মস্তকাবরণ; Covering for the head worn by females; মটর গাড়ীর ইঞ্জিনের ঢাকনি; Cover of the engine in a motor-car. *a.*=bonneted.

Bonny (বনি), *a.* সুশ্রী, সুন্দর, প্রিয়দর্শন; Pretty; প্রফুল্ল; Gay; দেখিতে স্বাস্থ্যবান্; Healthy-looking.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bonus (বোনাস্), *n.* অধিবৃত্তি, লভ্যাংশ বা বেতন বাদেও উপরি-পাওনা ; Something extra, esp. a payment above dividends or wages.

Bony (বোনি), *a.* অস্থিময় ; Full of bones (*bony* fish) ; বড় বড় অস্থি-বিশিষ্ট ; Having large or prominent bones (a tall, *bony* fellow) ; অস্থিবৎ, অস্থিবৎ শক্ত ; Hard, or like bone in some way.

Boo, Booh (বূ), *intj.* অননুমোদন বা অবজ্ঞাসূচক শব্দ ; Sound expressing disapprobation or contempt :—*v. i. t.* 'বূ' শব্দ করা ; Utter 'boo' ; hoot :—*n.* 'বূ' শব্দ ; The sound 'boo'.

Booby (বুবি), *n.* পক্ষিবিশেষ। নির্ব্বোধ ব্যক্তি ; A silly, awkward fellow.

Book (বুক্), *n.* খাতা ; পুস্তক ; Collection of sheets of paper, etc. bound together ; a poem or any literary work :—*pl.* ব্যবসায়ের হিসাবপত্র ; Business accounts ; গ্রন্থখণ্ড ; A volume ; অধ্যায় ; সর্গ ; স্কন্ধ ; A division of a volume ; বাইবেল ; *The* Bible :—*v. t.* হিসাবের বহিতে সন্নিবিষ্ট করা ; পুস্তকে লেখা ; Enter or register in a book ; write in a book ; কোন স্থানে যাইবার বা বসিবার টিকিট ক্রয় করা ; Secure a passage or seat by purchasing a ticket. **In one's good** or **bad books**—কাহারও অনুরাগ বা বিরাগের পাত্র ; In one's favour or disfavour. **Bring to book**—দোষের জন্য কৈফিয়ৎ জিজ্ঞাসা করা, তিরস্কার করা ; Take one to task. **Be booked**—পলায়নের সম্ভাবনা-রহিত অবস্থায় পড়া ; Be in for something without chance of escape. **Blank book**—শাদা (অলিখিত) খাতা।

Book-account (বুক্-অ্যাকাউন্ট্), *n.* খাতায় লিখিত দেনাপাওনার হিসাব ; Account of debit or credit entered in a book.

Bookbinder (বুক্‌বাইণ্ডার্), *n.* দপ্তরী ; One who binds books.

Bookbinding (বুক্‌বাইণ্ডিং), *n.* পুস্তক বাঁধা ; Act of binding books.

Bookcase (বুক্‌কেস্), *n.* পুস্তক রাখিবার তাক্ বা আলমারি ; Almirah for holding books.

Book-club (বুক্-ক্লাব্), *n.* গ্রন্থ-ক্রয় সমিতি ; Association of persons who buy new books for circulation among themselves.

Book-debt (বুক্-ডেট্), *n.* খাতার বাকি বা দেনা ; Debt standing against a person in an account-book.

Bookie—See **Book-maker.**

Booking-clerk (বুকিং-ক্লার্ক্), *n.* টিকিট-বিক্রেতা ; Ticket-seller.

Booking-office (বুকিং-অফিস্), *n.* রেলস্টেশন, থিয়েটার ইত্যাদিতে টিকিট কিনিবার ঘর ; An office at a railway station, theatre, etc. where tickets are sold.

Bookish (বুকিশ্), *a.* পুস্তকপ্রিয় ; গ্রন্থাসক্ত ; পুঁথিগত, পাণ্ডিত্যপ্রকাশক ; Given to reading ; more acquainted with books than with men ; pedantic.

Book-keeper (বুক্-কীপার্), *n.* খাতাঞ্চী ; হিসাব-রক্ষক ; Accountant.

Book-keeping (বুক্-কীপিং), *n.* হিসাব রাখিবার বিদ্যা ; Art of keeping accounts systematically.

Book-learning (বুক্-লার্ণিং), *n.* পুঁথিগত বিদ্যা ; Learning got from books, as opposed to practical knowledge.

Booklet (বুক্‌লিট্), *n.* পুস্তিকা ; Diminutive of book.

Book-maker (বুক্-মেকার্), *n.* গ্রন্থ সঙ্কলক ; Compiler of books ; যে ব্যক্তি

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

ঘোড়দৌড়ে বাজি ধরিয়া জীবিকা অর্জ্জন করে; One who makes a living by taking bets on horses (শেষোক্ত অর্থে Bookies হয়)।

Book-mark (বুক্-মার্ক্), *n.* পুস্তক-চিহ্ন; পুস্তক-নিশানা; Something placed in a book to mark a particular page or passage.

Book-plate (বুক্-প্লেট্), *n.* যে পৃষ্ঠায় গ্রন্থ-প্রণেতার নামাদি মুদ্রিত হয়; Label usually pasted inside the cover of a book, bearing the owner's name or peculiar device.

Book-post (বুক্-পোস্ট্), *n.* ডাকঘরের পুস্তক-প্রেরণ বিভাগ; Department in the post-office for the transmission of books.

Bookseller (বুক্‌সেলার্), *n.* পুস্তক-বিক্রেতা।

Bookstall (বুক্‌স্টল্), *n.* পুস্তক-বিক্রয়ের দোকান; A book-shop.

Bookworm (বুক্‌ওয়ার্ম্), *n.* পুস্তকনাশক কীট; Worm that eats holes in books; অত্যন্ত পঠনশীল ব্যক্তি, গ্রন্থকীট; A hard reader.

Boom (বুম্), *n.* পাইল-দণ্ড; Large pole by which a sail is stretched; নদীর বা বন্দরের মুখের এক পার হইতে অপর পার পর্য্যন্ত বিস্তারিত শিকল বা কাষ্ঠ-খণ্ড; A chain or bar laid across a river or the entrance to a harbour; গম্ভীর গর্জ্জন, গম্ভীর ধ্বনি; A hollow roar, as of the sea; সহসা বাজার গরম; A sudden rise of prices (a *boom* in the cotton market); সহসা কারবারের খুব চলতি; A sudden briskness of business (*oppo.*=slump):—*v. i.* গম্ভীর শব্দ বা গর্জ্জন করা; Make a deep sound or roar (guns *boomed*); উন্নতি হওয়া; Become prosperous (business is *booming*); সফল ও সুবিদিত হওয়া; Be successful and well-known (he is *booming* as a poet).

Boomerang (বুমেরাং), *n.* অস্ট্রেলিয়ার আদিবাসীদের অস্ত্রবিশেষ (ইহা ছুঁড়িলে আবার নিক্ষেপকারীর নিকট ফিরিয়া আসে); (*fig.*) যে যুক্তি বা প্রস্তাব যুক্তিকারী বা প্রস্তাবকারীর নিজেরই অসুবিধা সৃষ্টি করে; The argument or proposal that recoils on the author of it.

Boon (বুন্), *n.* উপহার; বর; দান; অনুগ্রহ; A present; gift; favour; আবেদন; Prayer or petition. **A boon companion**—স্ফূর্ত্তিবাজ সঙ্গী; A pleasant, merry or jolly companion.

Boor (বুর্), *n.* কৃষক; চাষা; Peasant; a rustic; অসভ্য ও নিরক্ষর ব্যক্তি; Rude and illiterate person; কদাচারী নর; Ill-bred person.

Boorish (বুরিশ্), *a.* গেঁয়ো; অসভ্য; চাষাড়ে; Rustic; rude in manners.

Boot (বুট্), *v. i.* (*impersonal*) লাভ-জনক হওয়া; Be of gain (what *boots* it to weep?—কাঁদিয়া লাভ কি?):—*n.* চর্ম্ম-পাদুকা; A leather covering for the feet and legs; দোষী ব্যক্তি-দিগের ক্লেশ দিবার যন্ত্রবিশেষ; An instrument of torture:—*pl.* জুতায় কালি দিবার জন্য নিযুক্ত ভৃত্য; Servant at an inn, who blacks the boots. **Heart in one's boots**—ভয়ে অন্তরাত্মা শুকাইয়া গিয়াছে এমন। **To boot**—অধিকন্তু; In addition. **The boot is on the other leg**—দোষ বা দায়িত্ব অন্য লোকের।

Booth (বুদ্), *n.* অস্থায়ী কুটীর; চালাঘর; Temporary shed. **Polling-booth**—ভোট লইবার স্থান; Temporary shed for collecting votes.

Boot-jack (বুট্-জ্যাক্), *n.* পাদুকা খুলিবার যন্ত্রবিশেষ; Instrument for drawing off boots.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Bootlace (বুট্‌লেস্), *n.* জুতার ফিতা ; String or leather strip for lacing boots.

Bootless (বুট্‌লিস্), *a.* লাভহীন ; Useless ; পাদুকাশূন্য ; Without boots.

Bootmaker (বুট্‌মেকার্), *n.* বুট জুতা-নির্ম্মাতা ; One who makes boots.

Boot-tree (বুট্-ট্রি), **Boot-last** (বুট্-লাস্ট্), *n.* পাদুকার ফর্ম্মা ; A block to shape a boot.

Booty (বুটি), *n.* লুণ্ঠিত দ্রব্য ; লুঠ ; A pillage (of war or robbery).

Booze (বুজ্), *v. i.* অতিরিক্ত মদ্যপান করা ; Drink deeply.

Boozy (বুজি), *a.* মাতাল ; Drunk.

Bo-peep (বো-পীপ্), *n.* বালকদিগের লুকোচুরি খেলা ; Game among children in which one peeps behind something and cries 'Bo'.

Boracic (বোর্‌্যাসিক্), *a.* সোহাগা-সংক্রান্ত ; Of borax.

Borax (বোর্‌্যাক্স্), *n.* সোহাগা ; A mineral salt used in medicine.

Border (বর্ডার্), *n.* কিনারা, প্রান্ত ; ধার ; Margin ; edge ; সীমান্ত ভূমি ; Frontier ; পাড়, প্রান্তবর্ত্তী সরু রেখা ; A narrow strip forming the edge of something (a coloured *border* round a dress) :—*v. i. t.* প্রান্তে থাকা ; Touch at the edge or extremity ; adjoin ; প্রায় তুল্য হওয়া ; সন্নিহিত হওয়া ; Approach ; come near (my house *borders* on yours) ; পাড় বসান ; Adorn with a border. *a.*=borderless.

Borderer (বর্ডারার্), *n.* সীমান্ত দেশ-বাসী ; One who dwells on the border of a country.

Borderland (বর্ডার্‌ল্যাণ্ড্), *n.* সীমান্ত ভূমি ; Land that forms a border ; মানসিক দুই অবস্থার মধ্যদেশ ; Something between two states of mi[illegible] etc. (*borderland* between sleep[illegible] and waking).

Bore (বোর্), *v. t.* ছিদ্র করা, বিদ্ধ ক[illegible] Pierce so as to form a hole ; বি[illegible] বা ক্লান্ত করা ; Weary ; make tir[illegible] (*with* subject, etc.). **Bored** [illegible] **death**—অত্যন্ত বিরক্ত বা অবসন্ন ; Ve[illegible] much bored indeed :—*n.* ছি[illegible] Hole made by boring ; কামা[illegible] ছিদ্রের পরিমাণ ; বন্দুকের ছিদ্রের আয়[illegible] Size of cavity of a firearm ; বিরক্তি[illegible] কারক ব্যক্তি বা বস্তু ; Person [illegible] thing that wearies by tedio[illegible] repetition ; বান ; জলোচ্ছ্বাস ; Ti[illegible] flood in an estuary. *n.*=bore[illegible] boredom.

Bore (বোর্), *p. t.* of **Bear.**

Boreal (বোরিয়্যাল্), *a.* উদীচ্য ; উত্ত[illegible] দিক্ বা উত্তর বায়ুসম্বন্ধীয় ; Northern ; pertaining to the north or nor[illegible] wind.

Boreas (বোরিয়্যাস্), *n.* (কাব্যে) উত্ত[illegible] বায়ু ; The north wind.

Boredom (বোর্ডাম্), *n.* বিরক্তি ; ক্লান্তি ; State of being bored ; wear[illegible]ness.

Born (বর্ণ্), *p. p.* of **bear** জন্মগ্র[illegible] প্রকৃতিগত ; By birth or nature (*bo*[illegible] rich, *born* poet) ; জাত (*born* [illegible] poor parents). **Be born**—জন্ম[illegible] করা (*was born* on 25th June, 1910 [illegible] **Born with silver spoon i[illegible] mouth, Born under a luck[illegible] star**—ঐশ্বর্য্যের বা সৌভাগ্যের অধিকা[illegible] রূপে জাত।

Borne (বোর্ণ্), *p. p.* of **Bear** [illegible] দিয়াছে ; Given birth to (the wo[illegible] man has *borne* a child) ; জাত, [illegible] হইতে উৎপন্ন ; Produced (*borne* b[illegible] a beggar woman) ; স্থানান্তরে নী[illegible] Carried (*borne* in a letter).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Borough (বারা), *n.* ইংলণ্ডের মহাসভায় প্রতিনিধি প্রেরণাধিকারপ্রাপ্ত নগর ; A town that sends members to Parliament ; স্বায়ত্তশাসন-ক্ষমতা-বিশিষ্ট সহর ; A town or city that has power of self-government.

Borrow (বরো), *v. t.* ঋণ গ্রহণ করা ; Obtain on loan of trust (money *of, from* one) ; অনুকরণ করা ; Copy ; অন্যের লিখিত বা আবিষ্কৃত জিনিস ব্যবহার করা ; To use things composed or invented by others. **In borrowed plumes**—অন্যের সম্মান নিজের বলিয়া গ্রহণ।

Borrower (বরোয়ার্), *n.* ঋণ-গ্রহণকারী ; One who borrows.

Borstal (বোর্স্ট্যাল্), *n.* অপ্রাপ্তবয়স্ক অপরাধীদের চরিত্র শোধনের জন্য সংশোধন-সাপেক্ষ কারাবরোধ (উক্ত নামের স্থান হইতে কথাটি আগত)। **Borstal system**—উক্ত চরিত্র সংশোধন পদ্ধতি।

Bosc(k)age (বস্কিজ্), *n.* (কাব্যে) বন ; ঘন পত্রসমূহ ; Thicket ; thick foliage. [sense.

Bosh (বশ্), *n.* নিরর্থক বাক্য ; Non-

Bosk (বস্ক্), **Bosket** (বস্কিট্), *n.* কুঞ্জ ; Grove.

Bosky (বস্কি), *a.* গুল্মাবৃত ; অরণ্যময় ; Bushy ; woody.

Bosom (বুজ্‌ম্), *n.* বক্ষঃস্থল ; The breast ; আলিঙ্গন ; Embrace ; অন্তঃকরণ ; Heart ; বিশাল বিস্তৃতি ; An expanse (on the *bosom* of the sea) :—*v. t.* বক্ষঃস্থলে রাখা ; Enclose in the bosom ; cherish ; গোপন করা ; Conceal :—*a.* অন্তরঙ্গ ; Intimate (*bosom* friend). **Keep in one's bosom**—প্রকাশ না করা ; Not reveal.

Boss (বস্), *n.* স্ফীতি ; সমুন্নত অলঙ্কার ; উত্তাঙ্গ ; Stud or knob ; raised ornament ; protuberant part ; প্রভু ; প্রধান কারিকর ; Master ; chief workman or superintendent :—*v. t.* আদেশ প্রদান করা ; Give orders to ; নিয়ন্ত্রণ করা ; Control.

Bossy (বসি), *a.* সমুন্নত ; অলঙ্কৃত ; Raised ; studded.

Botanic (বট্যানিক্), **Botanical** (বট্যানিক্যাল্), *a.* উদ্ভিদ্‌বিদ্যা-সম্বন্ধীয় ; Pertaining to botany. *ad.*=botanically.

Botanist (বট্যানিস্ট্), *n.* উদ্ভিদ্‌তত্ত্ববিৎ ; One skilled in botany.

Botanize (বট্যানাইজ্), *v. i.* উদ্ভিদ্‌বিদ্যা শিক্ষা করিবার জন্য তরুলতা অনুসন্ধান করা ; Seek for and investigate plants.

Botany (বট্যানি), *n.* উদ্ভিদ্‌বিদ্যা বা উদ্ভিদ্‌বিজ্ঞান ; Science of plants.

Botch (বচ্), *n.* কদর্য্য তালি ; Clumsy patch ; কদর্য্যভাবে কৃত কাজ ; A poor, clumsy piece of work :—*v. t.* তালি দেওয়া ; তালি দিয়া নষ্ট করা ; Patch ; spoil by patch-work.

Both (বোথ্), *a.* উভয়, দুই, একজোড়ার দুইটি ; The pair of (*both* the brothers) :—*pron.* উভয় ব্যক্তি বা বস্তু ; Both persons or things (*both* of them are dead) :—*ad.* দুইই একত্রে বা একই সময়ে ; Two things at the same time or at once (we *both* went) :—*conj.* একপক্ষে, আরও ; On one side, as well (it is *both* good and cheap).

Bother (বদার্), *v. t. i.* বিরক্ত করা বা হওয়া ; কষ্ট পাওয়া ; Be, or cause trouble to ; worry ; কষ্ট করা ; Take trouble (don't *bother* to bring the thing for me) :—*intj.* কি জ্বালাতন ; Word of impatience :—*n.* বিরক্তকারী ; One who bothers ; বিরক্তি ; Annoyance. *n.*=botherer.

Botheration (বদারেশন্), *n.* বিরক্তি ; বিরক্তির কারণ ; Annoyance ; cause

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

of trouble :—*intj.* আঃ কি জ্বালাতন (what a *botheration*) !

Bothersome (বদার্‌সাম্‌), *a.* বিরক্তি-জনক ; বিরক্তিকর ; Annoying.

Bottle (বট্‌ল্‌), *n.* বোতল। বোতলস্থিত বস্তু ; Contents of a bottle :—*v. t.* বোতলে পূর্ণ করা ; Put in bottles. **Bottle-neck**—অত্যন্ত সঙ্কীর্ণ পথ ; Very narrow outlet for traffic ; উৎপাদনের পথে অন্তরায় ; Anything obstructing even flow of production. **Bottle up** (anger)—সংযত করা ; Keep under control.

Bottled (বট্‌ল্‌ড্‌), *p. a.* বোতলে রক্ষিত ; Kept in a bottle (*bottled* fruit).

Bottle-green (বট্‌ল্‌-গ্রীন্‌), *n.* গাঢ় সবুজবর্ণ ; Dark green colour :—*a.* গাঢ় সবুজবর্ণবিশিষ্ট ; Of dark green colour.

Bottom (বটম্‌), *n.* তলদেশ ; The lowest part of anything ; ভিত্তি ; Foundation, basis ; জলের তলার জমি ; The ground under water (the *bottom* of the sea) ; পোত ; জলের তলায় জাহাজের অংশ ; A ship ; the part of a ship under water ; আসন ; Seat ; (চলতি) পাছা ; The part of the body on which one sits ; (*fig.*) হৃদয়ের অন্তস্তল, প্রকৃতি, অনুভূতি ; Nature, feelings (thank you from the *bottom* of my heart) :—used as *adj.* নিম্নতম ; Lowest (the *bottom* shelf) :—*v. t.* সংস্থাপন করা ; অবলম্বন করা ; Found ; rest upon ; তল-বিশিষ্ট করা ; Furnish with a seat :—*v. i.* স্থাপিত হওয়া ; Be based. *a.*=bottomed. **At bottom**—প্রকৃতপক্ষে ; মূলতঃ ; In reality ; essentially. **Get to the bottom of**—কোন বিষয় সম্বন্ধে সব কিছু জানা ; Find out all about. **Go, send to the bottom**—ডুবিয়া যাওয়া ; ডোবান ; Sink. **Be at the bottom of**—মূলে থাকা ; Underlie the cause.

Bottomless (বটম্‌লিস্‌), *a.* অতল ; Very deep. **Bottomless pit** নরক ; Hell.

Boudoir (বুডোয়ার্‌), *n.* স্ত্রীলোকের নিজ কক্ষ বা বেশগৃহ ; Lady's private apartment or dressing-room.

Bough (বাউ), *n.* শাখা ; A branch of a tree.

Bought (বট্‌), *p. t.* & *p. p.* of **Buy**.

Boulder (বোল্ডার্‌), *n.* জলাদি দ্বারা গোলাকার প্রাপ্ত প্রস্তরখণ্ড ; স্থানান্তরিত উপলখণ্ড ; A mass of rock made round by water or the weather ; detached rock.

Boulevard (বুল্‌ভার্‌), *n.* বীথিকা ; বৃক্ষশ্রেণী-শোভিত প্রশস্ত রাস্তা ; Broad street bordered with trees.

Bounce (বাউন্স্‌), *v. i. t.* জমিন লাফাইয়া উঠা ; (Of ball, etc.) spring up after striking the ground লাফাইয়া উঠা ; Jump up from chair etc. esp. in anger ; দর্প করা ; Boast আস্ফালন করা ; Talk big :—চমকাইয়া, হঠাৎ ; Startlingly (come *bounce* against, into) :—*n.* ভূমি স্পর্শে লম্ফ ; Rebound from ground অকস্মাৎ লম্ফ ; Sudden leap আকস্মিক গুরু আঘাত ; Heavy sudden blow ; অসঙ্কুচিতভাবে মিথ্যা কথন Bold lie ; দর্প ; Boast ; বড়াই Boastfulness ; অতিভাষণ ; Exaggeration.

Bouncer (বাউন্সার্‌), *n.* উল্লম্ফক ; One who bounces ; ষণ্ডা, দুর্ব্বলের উপর অত্যাচারী ; Bully ; মিথ্যাবাদী ; Liar প্রকাণ্ড মিথ্যা ; A great lie.

Bouncing (বাউন্সিং), *a.* বৃহৎ ও ভারী Large and heavy ; (বালিকা সম্বন্ধে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

বেশ লম্বাচওড়া স্ফূর্ত্তিবাজ ; Big and hearty (a *bouncing* girl).

Bound (বাউণ্ড্), *p. t.* & *p. p.* of **Bind.**

Bound (বাউণ্ড্), *n.* সীমা ; Limit (usu. *pl.*) ; আকস্মিক দ্রুত লম্ফ ; A spring or jump ; আইনতঃ যে অঞ্চলে প্রবেশ করা যায় ; The area which one may lawfully enter ; (*sing.*) সীমারেখা ; Boundary-line :—*v. t.* সীমাবদ্ধ করা ; Limit ; সংযত করা ; Restrain ; সীমা নির্দ্দেশ করা ; Define the boundaries of :—*v. i.* লম্ফ দেওয়া ; Leap :—*a.* বদ্ধ ; Confined ; নৈতিক বন্ধনে বাধ্য ; Under a moral obligation ; বাধ্য বা যাইতে প্রস্তুত ; উদ্দিষ্ট ; Compelled or ready to go ; destined (homeward *bound*). *a.*=bounded. **Out of bounds**—অনুমতিপ্রাপ্ত অঞ্চলের বাইরে ; Beyond the permitted area (the hotel is *out of bounds* to soldiers). **Set bounds to**—সীমার মধ্যে রাখা ; Keep within limits. **Leaps and bounds**—খুব দ্রুত ; Very quickly.

Boundary (বাউণ্ডারি), *n.* সীমা ; Limit.

Bounden (বাউণ্ডেন্), *a.* অবশ্যকরণীয় ; Morally imperative. **Bounden duty**—অবশ্যকর্ত্তব্য কার্য্য ; Obligatory duty.

Bounder (বাউণ্ডার্), *n.* রূঢ়, অসভ্য ব্যক্তি ; Rude, vulgar person ; ভুঁইফোঁড় ; Upstart.

Boundless (বাউণ্ড্লিস্), *a.* অসীম ; বিশাল ; Without limits ; vast.

Bounteous (বাউণ্টিয়াস্), **Bountiful** (বাউণ্টিফুল্), *a.* বদান্য ; উদার ; Munificent ; generous ; (জিনিস সম্বন্ধে) প্রচুর ; Plentiful (*bounteous* crops).

Bounty (বাউণ্টি), *n.* বদান্যতা ; দানশীলতা ; দান ; Generosity ; liberality in bestowing gifts ; munificence ; পারিতোষিক ; Reward.

Bouquet (বুকে), *n.* ফুলের তোড়া ; Bunch of flowers.

Bourgeois (বার্জয়িস্), *n.* ছাপিবার ক্ষুদ্র অক্ষরবিশেষ ; A kind of small type (9 point) between long primer and brevier :—(বুর্জ্রুওয়া), *n.* মধ্যম শ্রেণীর লোক ; Middle-class people :—*a.* মধ্যম শ্রেণীর মনোভাবসম্পন্ন ; Having the habits and ways of thinking of the middle class.

Bourgeoisie (বুর্জোয়াজ্রী), *n.* মধ্যম শ্রেণীর নাগরিক ; বণিকদল ; The middle class of citizens, esp. traders.

Bourgeon (বার্জান্), *v. i.* অঙ্কুরিত হওয়া ; বর্দ্ধিত হওয়া ; Bud ; grow :—*n.* অঙ্কুর ; A shoot.

Bourn, Bourne (বুর্ণ্), *n.* (কাব্যে) সীমা ; Limit ; গন্তব্যস্থান ; Goal, destination.

Bourne (বুর্ণ্), *n.* ক্ষুদ্র নদী ; Small stream.

Bourse (বুর্স্), *n.* বিদেশীয়, বিশেষতঃ প্যারীনগরীর, টাকার বাজার ; Foreign money-market, esp. that of Paris.

Bout (বাউট্), *n.* প্রতিদ্বন্দ্বিতা, শক্তিপরীক্ষা ; A contest ; এক ক্ষেপ কাজ ; A period of activity or exercise (a drinking *bout*) ; অসুখের আক্রমণ ; A fit of illness (a *bout* of influenza).

Bovine (বোভাইন্), *a.* ষণ্ডজাতীয় ; Of oxen ; নিস্তেজ ; জড় ; Dull ; inert.

Bow (বাউ), *v. t. i.* নত করা ; Bend ; নমস্কার করা ; Bend in token of respect ; দমন করা ; Subdue ; অবনত হওয়া ; বশ্যতা স্বীকার করা ; Stoop ; yield :—*n.* নমস্কার, প্রণাম, অভিবাদন ; Salutation.

Bow (বো), *n.* বক্রাকৃতি বস্তু ; Anything in the form of a curve ; ধনুক ; Weapon to shoot arrows ; পোতাগ্র,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জাহাজের গলুই ; Stern or prow of a ship ; বেহালা প্রভৃতি বাদ্যযন্ত্রের ছড় ; A slender rod with horse hair on it, used in playing the violin, etc. : —*v. t. i.* ছড়ি দিয়া বাজান ; Play on a stringed instrument with the bow.

Bowels (বাওয়িল্‌জ্‌), *n. pl.* অন্ত্র ; নাড়িভুঁড়ি ; Intestines ; সমবেদনা ; দয়া ; কোমলতা বা স্নেহ ; Tender feelings ; কোনও জিনিসের অভ্যন্তর ; The innermost part of anything.

Bower (বাওয়ার্‌), *n.* নিকুঞ্জ ; Arbour.

Bowery (বাওয়ারি), *a.* নিকুঞ্জময় ; ছায়াবিশিষ্ট ; Containing bowers ; shady.

Bowie-knife (বোয়ি-নাইফ্‌), *n.* ছুরিকা-বিশেষ ; Long knife.

Bowl (বোল্‌), *n.* বাটি ; A deep, round, hollow dish ; বাটির মধ্যস্থ জিনিস ; The contents of such a dish ; খোল ; Hollow part of anything ; কলিকা, কলকে ; The part of the tobacco-pipe in which tobacco is placed ; কাষ্ঠনির্ম্মিত ক্রীড়া-গোলক ; Wooden ball used for rolling along the ground :—*v. t. i.* বল নিক্ষেপ করা ; Throw a ball ; বল খেলা ; Play with bowls. **Bowl out** —বল-দ্বারা উইকেটে আঘাত করা ; (In cricket) knock down a wicket by bowling.

Bow-legged (বো-লেগড্‌), *a.* ধনুকের মত বাঁকা পা ; Having the legs curved out at the knees.

Bowler (বোলার্‌), *n.* ক্রিকেট্‌ খেলার বলক্ষেপক ; One who bowls in cricket.

Bowline (বোলিন্‌), *n.* পাইলকে বায়ুমুখে রাখিবার রজ্জু ; Rope used to make the sail keep close to the wind.

Bowling-green (বোলিং-গ্রীন্‌), *n.* ক্রিকেট্‌ খেলার জন্য তৃণাবৃত সমতল ক্ষেত্র ; Level plot of grassy land kept smooth for bowling.

Bowman (বোম্যান্‌), *n.* ধনুর্দ্ধর ; Archer.

Bowshot (বোশট্‌), *n.* শরক্ষেপ-দূরত্ব ; অল্পদূরবর্ত্তী স্থান ; Distance to which an arrow can be shot from a bow ; place not far distant.

Bowsprit (বোস্প্রিট্‌), *n.* পালদণ্ড ; Pole projecting from the stem of a ship to carry the sail forward.

Bowstring (বোস্ট্রিং), *n.* ধনুর জ্যা বা ছিলা ; String of a bow.

Bow window (বো উয়িণ্ডো), *n.* অর্দ্ধ-বৃত্তাকার গবাক্ষ বা জানালা ; Semi-circular window.

Bow-wow (বাউ-য়াউ), *n.* ভেউ ভেউ ; কুকুরের ডাক ; Dog's bark ; কুকুর ; Dog.

Bowyer (বোইয়ার্‌), *n.* ধনুক-নির্ম্মাতা বা বিক্রেতা ; Bow-maker or seller.

Box (বক্‌স্‌), *n.* বাক্স। বাক্সের অভ্যন্তরস্থ বস্তু ; Contents of a box ; নাট্যশালায় বসিবার ঘেরা স্থানবিশেষ ; Enclosed seats in a theatre, etc. ; শকট-চালকের বসিবার আসন ; The driver's seat on a carriage ; ছোট কুটির বা কাঠের আশ্রয়স্থল (sentry-*box*) ; হস্তদ্বারা কর্ণে আঘাত ; A blow on the ear with the hand :—*v. t. i.* মুষ্টি-প্রহার করা ; Strike with the hand or fist ; মুষ্টিযুদ্ধ করা ; Fight with the fists ; বাক্সের মধ্যে রাখা ; Enclose in a box. **Box up**—বাক্সে বা স্বল্পপরিসর স্থানে আবদ্ধ করিয়া রাখা ; Shut up in a box or a smalls pace.

Boxer (বক্‌সার্‌), *n.* মুষ্টিযোদ্ধা।

Boxing (বক্‌সিং), *n.* মুষ্টিযুদ্ধ ; Act of fighting with the fist.

Box-office (বক্স্‌-অফিস্‌), *n.* থিয়েটারাদিতে টিকিট-বিক্রয়ের স্থান ; The place

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

in a theatre, etc. where tickets are sold.

Boy (বয়), *n.* বালক ; A male child ; পুত্র ; A son (has three *boys* and two girls) ; ভৃত্য ; Servant. **Boy scout**—বালকদিগের দেহ, মন ও চরিত্রের উন্নতিবিধায়ক প্রতিষ্ঠানের সভ্য ; Member of an organisation of boys formed to develop mental and physical alertness and strong character [founded in 1908 by William Baden-Powell]. **Boy scouts**—উক্ত প্রতিষ্ঠান ; The said organisation.

Boycott (বয়্‌কট্), *v. t.* (কাহারও সহিত) সামাজিক বা বাণিজ্য-বিষয়ক সকল সম্পর্ক বর্জ্জন করা ; Refuse social or commercial relations with (person, class) :—*n.* এইরূপ বর্জ্জন পদ্ধতি ; Such system. *n.*=boycotter.

Boyhood (বয়্‌হুড্), *n.* বালকত্ব ; বাল্যাবস্থা ; State of being a boy.

Boyish (বয়িশ্), *a.* বালক-সুলভ, বালক-বৎ ; Of or like a boy.

Brace (ব্রেস্), *n.* আশ্রয় ; Support ; বন্ধন-বস্ত্র ; বন্ধনী ; Bandage ; that which holds anything tightly ; যুগল ; A pair (a *brace* of hares) ; মুদ্রণে সংযোজক চিহ্ন, [ ] ; In printing, a sign connecting two or more words or lines ; গর্ত্ত করিবার যন্ত্র ; A tool for making holes (*brace* and bit) :—*pl.* পেনটুলন ঝুলাইয়া রাখিবার ফিতা ; Straps that suspend pantaloons, etc. :—*v. t.* ধারণ করা ; Clasp ; দৃঢ় করা ; Tighten ; দৃঢ়ভাবে ধরিয়া থাকা ; Hold firmly ; স্বাস্থ্য ও শক্তি দান করা ; Give health and strength to (a cup of tea will *brace* you up when you feel tired).

Bracelet (ব্রেস্‌লেট্, ব্রেস্‌লিট্), *n.* বলয় ; বালা ; Ornament for the wrist.

Bracing (ব্রেসিং), *a.* বলদায়ক, স্বাস্থ্যকর ; Giving strength or health (a *bracing* climate).

Bracken (ব্র্যাকেন্), *n.* একরকম পাতা-বাহার গাছ ; Fern.

Bracket (ব্র্যাকিট্), *n.* দেওয়ালগিরির ডাল ; Support projecting from a wall :—*pl.* মুদ্রণে সংযোজক চিহ্ন, [ ] ; বন্ধনী ; In printing, the marks, [ ], used to enclose one or more words :—*v. t.* ব্র্যাকেট্ চিহ্নের মধ্যে রাখা ; Put within brackets ; দেওয়াল সংলগ্ন ব্র্যাকেটের উপরে রাখা ; Place on brackets.

Brackish (ব্র্যাকিশ্), *a.* লবণাক্ত ; Salt-[ish.

Bract (ব্র্যাক্ট্), *n.* মঞ্জরী-পত্র ।

Brad (ব্র্যাড্), *n.* মস্তকহীন ক্ষুদ্র পেরেক বা কাঁটা ; Small nail with no head.

Bradawl (ব্র্যাডল্), *n.* ছিদ্র করিবার কাঁটা ; Awl to pierce holes.

Bradshaw (ব্র্যাড্‌শ), *n.* রেলের সময় ও ভাড়া-নির্দ্দেশক বহি ; Railway time and fare-table.

Brae (ব্রে), *n.* পর্ব্বত-পার্শ্ব ; Hill-side.

Brag (ব্র্যাগ্), *v. i. t.* (-gg-) বড়াই করা ; Boast :—*n.* বড়াই, দম্ভপূর্ণ কথা ; Boastful talk ; একপ্রকার তাস খেলা ; A kind of game at cards.

Braggadocio (ব্র্যাগ্যাডোশিও), *n.* দাম্ভিক ; Boaster ; বৃথা দম্ভ ; Empty boasting.

Braggart (ব্র্যাগার্ট্), *a.* দাম্ভিক, বড়াই-কারী ; Boastful :—*n.* যে লোক হামবড়া ভাব দেখাইয়া বেড়ায় ; বড়াইকারী লোক ; A noisy, boastful person.

Brahma (ব্রহ্ম), *n.* ব্রহ্মা ; সৃষ্টিকর্ত্তা ; Self-existing and invisible Creator of the universe.

Brahman (ব্রাহ্মন্), **Brahmin** (ব্রাহ্মিন্), *n.* ব্রাহ্মণ । *a.*=Brah-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

manic, Brahmanical, Brahminic, Brahminical. *fem.*=Brahminee.

Brahmanism (ব্রাহ্মনিজ্‌ম্), **Brahminism** (ব্রাহ্মিনিজ্‌ম্), *n.* হিন্দুজাতির ধর্ম্মীয় ও সামাজিক সংগঠন; Hindu religious and social system.

Braid (ব্রেড্), *v. t.* পাট করা; বুনা, বিনুনি করা; Plait; entwine:—*n.* দড়ি; রজ্জু; String; cord; খোঁপা; Plaited tress of hair. *p. p.*= braided.

Brail (ব্রেল্), *n.* পাল তুলিবার রজ্জু; Ropes to haul up or truss up sails:—*v. t.* পাইল তোলা; Haul up by the brails.

Braille (ব্রেল্), *n.* অন্ধ ব্যক্তির লিখনাদির প্রণালী; System of writing and printing for the blind.

Brain (ব্রেন্), *n.* মস্তিষ্ক; Mass of nervous matter within the skull; বুদ্ধি ও জ্ঞানের আধার; Seat of sensation and intellect:—*pl.* মগজ; বুদ্ধি; Substance of the brain; intellect:—*v. t.* মস্তিষ্ক চূর্ণ করা; Dash out the brains of. *a.*=brained. **Brain wave**—অপ্রত্যাশিত প্রেরণা; Sudden inspiration; চমৎকার কল্পনা; Bright idea. **Beat one's brains**—কিছু ভাবিয়া বাহির করিবার জন্য প্রাণপণ চেষ্টা করা।

Brain-fag (ব্রেন্-ফ্যাগ্), *n.* স্নায়বিক অবসাদ; Nervous exhaustion.

Brain-fever (ব্রেন্-ফিভার্), *n.* মস্তিষ্ক-প্রদাহ; Inflammation of the brain.

Brainless (ব্রেনলিস্), *a.* বুদ্ধিহীন; নির্ব্বোধ; Without brains; stupid.

Brain-pan (ব্রেন্-প্যান্), *n.* মাথার খুলি; করোটী; Skull; cranium.

Brain-sick (ব্রেন্-সিক্), *a.* মাথা-পাগলা; Crazed. *n.*=brain-sickness.

Brain(s)-trust [ব্রেন(জ্‌)-ট্রাস্ট্], *n.* প্রশ্নকারিগণকে উত্তর দিবার জন্য রেডিওর নামী বিশেষজ্ঞ দল; A group of re-puted experts for answering questions from listeners over the radio.

Brain-work (ব্রেন্-ওয়ার্ক্), *n.* মানসিক পরিশ্রম; Mental labour.

Brainy (ব্রেনি), *a.* চালাক; Mentally smart; উদ্ভাবনশীল; Inventive (a *brainy* fellow).

Brake (ব্রেক্), *n.* ফার্ণজাতীয় গাছ; Fern; ঝোপ; Thicket; পাটা; Instrument to break flax or hemp; চক্রাদির গতিরোধক যন্ত্র, রোধক; Instrument for checking the speed or motion of wheels, etc.; মাটির চাঙ্গড় ভাঙ্গিবার যন্ত্র; Heavy harrow.

Brakeman (ব্রেক্‌ম্যান্), **Brakesman** (ব্রেক্‌স্‌ম্যান্), *n.* চক্রাদির গতিনিয়ামক যন্ত্রের চালক; One who manages brakes; রেলগাড়ীর ব্রেক্‌নিয়ন্ত্রণকারী; Man employed to manage the brake of a railway train.

Brake-van (ব্রেক্-ভ্যান্), *n.* ব্রেক কসিবার গাড়ী; In railway trains, the guard's compartment furnished with powerful brakes.

Bramble (ব্র্যাম্ব্‌ল্), *n.* কাঁটা গাছের ঝোপ; Prickly creeping shrub. *a.*= brambly.

Bran (ব্র্যান্), *n.* ভূষি, তুঁষ; Husks. *a.* =branny.

Branch (ব্রাঞ্চ্), *n.* শাখা; Bough; বাহু; Arm; উপবিভাগ; Subdivision; department (Logic is a *branch* of knowledge); শাখানদী; A river flowing out of another; একই বংশের শাখা; Line of descent from the same family:—*v. i.* শাখা বিস্তার করা; Send out branches; শাখায় বিভক্ত করা; Divide into branches. *a.*=branchy.

Brand (ব্র্যাণ্ড্), *n.* জ্বলন্ত কাষ্ঠখণ্ড;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Piece of burning wood ; তপ্ত লৌহের দাগ ; Mark made with a hot iron ; কলঙ্কচিহ্ন ; Mark of infamy ; ব্যবসায়ের নিদর্শন ; Trademark ; রকম ; Kind ; তরবারি ; Sword :—*v. t.* জ্বলন্ত লৌহ-দ্বারা চিহ্নিত করা ; Mark anything with red-hot iron ; অপযশ করা ; Stigmatise ; কলঙ্কের উপযুক্ত বলিয়া নির্দ্দেশ করা ; Point out as deserving disgrace (he was *branded* as a thief). *a.*=branded. *n.*=brander.

Brandish (ব্রাণ্ডিশ্), *v. t.* (অস্ত্র) ঘুরান ; Wave or flourish (weapon) : —*n.* অস্ত্র-পরিচালন ; Flourish (of a weapon).

Brand-new (ব্রাণ্ড্-নিউ), **Bran-new** (ব্রান্-নিউ), *a.* আনকোরা, সম্পূর্ণ নূতন ; Quite new.

Brandy (ব্রাণ্ডি), *n.* তীব্র সুরা ।

Brass (ব্রাস্), *n.* পিত্তল । প্রগল্‌ভতা ; Impudence ; পিত্তলনির্ম্মিত পাত্রাদি ; Anything made of brass (*brass dishes*).

Brassband (ব্রাস্‌ব্যাণ্ড্), *n.* পিত্তল-নির্ম্মিত বাদ্যযন্ত্র-বাদক-সম্প্রদায় ; Band of musicians who play on brass instruments.

Brassfounder (ব্রাস্‌ফাউণ্ডার্), *n.* পিত্তলের ঢালাইকর ; One who makes articles in cast brass.

Brassiere (ব্রাসিয়ার্), *n.* কাঁচুলি, বডিস্ ; Woman's underbodice supporting breasts.

Brass-plate (ব্রাস্-প্লেট্), *n.* গৃহদ্বারে সংলগ্ন গৃহস্বামীর নাম ইত্যাদি যুক্ত পিত্তল-ফলক ; Plate made of brass bearing the name, etc. of the householder and fixed to the door of the house.

Brassy (ব্রাসি), *a.* পিত্তল-সম্বন্ধীয় বা পিত্তলবৎ ; Of or like brass ; নির্লজ্জ ; Impudent.

Brat (ব্র্যাট্), *n.* শিশুর অবজ্ঞাসূচক নাম ; Contemptuous name for a child.

Bravado (ব্র্যাভেডো, ব্র্যাভাডো), *n.* বাহাদুরি, মৌখিক সাহসিকতা প্রদর্শন ; Show of boldness without much real courage :—*pl.* ঐরূপ কাজ ; An instance of this. *pl.*=bravados, bravadoes.

Brave (ব্রেভ্), *a.* সাহসী ; Having no fear, courageous ; চমৎকার ; সুন্দর ; Excellent; handsome ; গুণবান্ ; সাধু ; প্রশংসনীয় ; Worthy ; honest ; admirable ; সুদৃশ্য পোষাক পরিহিত ; Finely dressed ; (যে কাজে) সাহসের দরকার হয় ; Requiring courage :—*v. t.* তুচ্ছ করা ; সাহসের সহিত সম্মুখীন হওয়া ; Defy ; face with courage. *ad.*=bravely.

Bravery (ব্রেভারি), *n.* সাহস ; বীরত্ব ; Courage ; heroism.

Bravo (ব্রাভো), *n.* সাহসী দুর্বৃত্ত ; ভাড়াটিয়া ঘাতক ; Daring villain ; assassin :—*intj.* বাহবা ! সাবাস ! সাধু সাধু ! Well done ! *pl.*=bravos, bravoes.

Brawl (ব্রল্), *n.* তুমুল ঝগড়া ; A noisy quarrel :—*v. i.* চেঁচাইয়া ঝগড়া করা ; Quarrel noisily ; (নদীপক্ষে) কুল কুল খল্ খল্ করিয়া বহিয়া যাওয়া ; Flow with a murmuring sound. *n.*=brawler.

Brawling (ব্রলিং), *a.* কলহপ্রিয় ; Quarrelsome.

Brawn (ব্রন্), *n.* জরান শূকর-মাংস ; The pickled flesh of the pig ; মাংস-পেশী ; Muscle ; বল ; Strength.

Brawny (ব্রনি), *a.* মাংসল ; বলবান্ ; Fleshy ; strong ; পেশল ; Muscular.

Bray (ব্রে), *v. i.* গর্দ্দভের মত চীৎকার করা ; Utter a harsh cry, as an ass ; কর্কশ শব্দ করা ; Make a harsh, grating noise :—*n.* গর্দ্দভের চীৎকার ; The cry of an ass ; কর্কশ শব্দ ; Harsh grating sound.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Braze (ব্রেজ্), *v. t.* দস্তা ও পিতল দিয়া জোড়া ; Solder with an alloy of zinc and brass.

Brazen (ব্রেজ্জেন্), *a.* পিত্তল-সম্বন্ধীয় বা নির্ম্মিত ; Of or made of, brass ; নির্লজ্জ ; Impudent.

Brazen-faced (ব্রেজ্জন্-ফেস্ট্), *a.* নিতান্ত নির্লজ্জ ; Remarkably impudent.

Brazier (ব্রেঝার্), *n.* অগ্নিকটাহবিশেষ ; Pan for holding lighted charcoal ; কাংস্যকার ; A worker in brass.

Brazilian (ব্রেজ্জিলিয়্যান্), *a.* ব্রেজিল দেশীয় ; Belonging to Brazil in South America :—*n.* ব্রেজিল দেশবাসী ; Inhabitant of Brazil.

Breach (ব্রীচ্), *n.* ছিদ্র ; নিয়মভঙ্গ ; বিবাদ ; Break or opening ; infringement ; quarrel ; কর্ত্তব্যকর্ম্মে অবহেলা ; Neglect of duty ; বিচ্ছেদ ; Separation :—*v. t.* ছিদ্র করা ; Make a breach or opening. **Breach of contract**—চুক্তিভঙ্গ ; Violation of agreement. **Breach of promise**—প্রতিজ্ঞাভঙ্গ ; Non-observance of promise. **Breach of the peace**—শান্তিভঙ্গ, দাঙ্গা-হাঙ্গামা ; Riot, affray.

Bread (ব্রেড্), *n.* রুটি । খাদ্যদ্রব্য ; জীবিকা ; Provisions in general ; livelihood. **Earn one's bread**—জীবিকা অর্জ্জন করা ; Make enough money to live on.

Bread-basket (ব্রেড্-বাস্কিট্), *n.* রুটির টুকরি ; Basket for holding bread ; (*slang*) উদর ; Stomach.

Bread-fruit (ব্রেড্-ফ্রুট্), *n.* ফলবিশেষ । ইহা সেঁকিলে রুটির মত খাওয়া যায় ।

Bread-stuff (ব্রেড্-স্টাফ্), *n.* আটা ; ময়দা ; Flour ; রুটির উপাদান ; Anything of which bread is made.

Breadth (ব্রেড্থ্), *n.* বিস্তৃতি ; প্রসার ; Extent from side to side ; width ; উদারতা ; Liberality (of mind). **In breadth**—বিস্তৃত ; Broad. **To a hair's breadth**—একেবারে ঠিক ঠিক ; Exactly.

Bread-winner (ব্রেড্-উয়িনার্), পরিবারের জীবিকার্জ্জক ; One who earns a living for the family.

Break (ব্রেক্), *v. t. i.* ভাঙ্গা, ভেঙ্গে যাওয়া ; Cause to come or come into two or more pieces (he *broke* his leg ; glass *breaks* easily) ; আঘাত করা, ক্ষত করা ; Wound or hurt (I didn't *break* my skin) ; বিদীর্ণ করা বা হওয়া ; Divide or part by force বেগে খোলা ; Open by force ; চূর্ণ করা ; দুর্ব্বল করা ; Destroy ; weaken ; দমন করা ; Subdue ; পেষণ করা ; Crush ; লঙ্ঘন করা ; Infringe (*break* a law, promise) ; কিছুক্ষণের জন্য থামা বা থামান, ব্যাঘাত করা ; Stop or cause to stop for a time, interrupt (*break* journey) ; অতিক্রম করা ; Do better (*break* the record) ; ধ্বংস করা, নষ্ট করা ; Ruin (a *broken* man) ; জ্ঞাপন করা ; Tell, make known (*break* the news) ; আরম্ভ হওয়া ; Begin (day *broke*). *p. t.*=broke. *p. p.*=broken :—*n.* ভঙ্গ ; ছিদ্র ; বিরতি ; বাধা ; State of being broken ; opening ; pause ; interruption ; প্রারম্ভ ; Beginning (the *break* of day). **Break away**—হঠাৎ ছাড়াইয়া পলাইয়া যাওয়া ; Run away abruptly, as from prison. **Break down**—ধ্বংস করা ; অভিভূত করা ; ভাঙ্গিয়া পড়া ; বশ্যতা স্বীকার করা ; Destroy ; overwhelm ; come down by breaking ; give way. **Break ground**—মৃত্তিকা খনন করা ; Open the earth, as for planting or excavation ; কোন কার্য্য আরম্ভ করা ; Begin to execute any plan. **Break in**—বলপূর্ব্বক প্রবেশ করা ; Force in. **Break loose**—বলপূর্ব্বক

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মুক্ত হওয়া ; Extricate oneself forcibly. **Break off**—পৃথক্ করা ; Separate by breaking ; শেষ করা ; ভঙ্গ করা ; Put an end to ; dissolve. **Break open**—ভাঙ্গিয়া খুলিয়া ফেলা ; Open by breaking. **Break out**—হঠাৎ আবির্ভূত হওয়া ; Appear suddenly (fire *broke out*). **Break up**—ভঙ্গ হওয়া ; শেষ করা ; ভাগ বা পৃথক্ হওয়া ; Disperse ; put an end to ; be divided or separated into parts. **Break through**—বলপূর্ব্বক প্রবেশ করা ; Enter forcibly ; অগ্রাহ্য করা ; Disregard. **Break with**—বিবাদ করা ; Fall out. **Without a break**—অবিরত ; Continuously. **Break a horse**—অশ্বকে পোষ মানান। **Voice breaks**—(আবেগে) কণ্ঠরোধ হওয়া। **Break the ice**—প্রথম লজ্জার ভাব কাটাইয়া দেওয়া।

Breakable (ব্রেক্যাব্‌ল্), *a.* ভঙ্গুর ; Brittle. **Breakables**—ভঙ্গুর জিনিস-সকল।

Breakage (ব্রেকিজ্), *n.* ভাঙ্গাটুটার ধরতি ; Allowance for articles broken.

Break-down (ব্রেক্-ডাউন্), *n.* ভাঙ্গন ; Collapse ; স্বাস্থ্যভঙ্গ ; Failure of health.

Breaker (ব্রেকার্), *n.* ভঙ্গকারী ; One that breaks :—*pl.* বিশাল তরঙ্গ ; Heavy wave. **Breakers ahead**—আসন্নবিপদ্ ; Hidden danger at hand.

Breakfast (ব্রেক্‌ফাস্ট্), *n.* প্রাতরাশ ; First meal of the day :—*v. i.* প্রাতঃকালে ভোজন করা ; Eat the first meal.

Breakneck (ব্রেক্‌নেক্), *a.* বিপজ্জনক ; দুর্ঘটনার সম্ভাবনাযুক্ত ; Dangerous ; likely to cause accident (at a *breakneck* speed).

Break-up (ব্রেক্-আপ্), *n.* ভাঙ্গন ; বিলয় ; Disintegration ; collapse (*break-up* of the Mogul Empire).

Breakwater (ব্রেক্‌ওয়াটার্), *n.* ঊর্ম্মি-বেগনিবারণার্থ বাঁধ ; Mound built to break the force of the waves.

Breast (ব্রেস্ট্), *n.* বক্ষঃ ; The chest ; স্তন ; Organ that secretes milk ; হৃদয় ; The heart ; অনুভূতি ; The feelings :—*v. t.* সাহসের সহিত বাধা দেওয়া ; Oppose manfully ; তরঙ্গাদির সহিত সংগ্রাম করা ; Struggle (*with* waves). **Infant at the breast, Baby at the breast**—দুগ্ধপোষ্য শিশু ; Suckling baby. **Make a clean breast of**—সমস্ত অকপটে স্বীকার করা বা প্রকাশ করা ; Make a full and frank confession. **Breast deep** or **Breast high**—এক বুক উঁচু বা গভীর ; Deep or high as the breast. **Breast-bone**—উরঃফলক।

Breast-knot (ব্রেস্ট্-নট্), *n.* বক্ষের উপর ধারণার্থ ফিতার পুষ্পগুচ্ছ ; Knot of ribbons worn on the breast.

Breast-plate (ব্রেস্ট্-প্লেট্), *n.* উরস্ত্রাণ ; A piece of armour for the breast.

Breast-work (ব্রেস্ট্-ওয়ার্ক্), *n.* আত্ম-রক্ষার্থ আবক্ষ মাটির প্রাকার ; Defensive earth work breast-high.

Breath (ব্রেথ্), *n.* শ্বাসপ্রশ্বাস ; Air taken into and sent out of the body ; বায়ুপ্রবাহ ; A very slight breeze (not a *breath* of air) ; মুহূর্ত্ত-কাল ; Instant. **In one breath**—একনিঃশ্বাসে, পর পর দ্রুত ; In quick succession (says yes and no *in one breath*). **Out of breath**—নিঃশ্বাস লইতে কষ্ট হইতেছে এমন ; Not able to breathe quick enough. **Below one's, under the breath**—অনুচ্চস্বরে ; In a low voice. **In the same breath**—যুগপৎ, একই সময়ে ; At the same instant. **Catch, hold**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

one's breath—(জয় বা উত্তেজনায়) মুহূর্ত্ত-কাল দম বন্ধ করা ; Cease breathing for a time because of fear or excitement. **Draw breath**—জীবিত থাকা ; Live ; শ্বাসপ্রশ্বাসের কার্য্য করা ; Breathe. **Take breath**—থামা ; Pause ; বিশ্রাম গ্রহণ করা ; Rest. **With bated breath**—চাপা নিঃশ্বাসে ; রুদ্ধ শ্বাসে। **Take (one's) breath away**—চমকিত করা ; Startle, render breathless with astonishment.

Breathe (ব্রীদ্), *v. i. t.* শ্বাস প্রশ্বাস লওয়া ; Inhale and exhale air ; জীবিত থাকা ; Live ; বিশ্রাম করা ; Rest ; থামা ; Pause ; শ্বাসক্রিয়ার দ্বারা গ্রহণ করা ও ত্যাগ করা ; Draw in and give out by breathing ; প্রকাশ করা ; Express (don't *breathe* a word) ; অনুপ্রবিষ্ট করান ; Infuse (*breathe* new life into one). **Breathe one's last**—শেষ নিঃশ্বাস ত্যাগ করা, মরা ; Die.

Breathing (ব্রীদিং), *n.* শ্বাসক্রিয়া ; Respiration. **Breathing time**—শ্বাস গ্রহণ ও প্রশ্বাস ফেলিবার মধ্যকালীন মুহূর্ত্ত অর্থাৎ সামান্য অবকাশ ; A slight respite.

Breathless (ব্রেথ্‌লিস্), *a.* রুদ্ধশ্বাস ; মৃত ; Out of breath ; dead ; যাহাতে দম বন্ধ হইয়া আসে এমন (in a *breathless* hurry).

Breech (ব্রীচ্), *n.* বন্দুক ইত্যাদি আগ্নেয়াস্ত্রের পশ্চাদ্‌ভাগ ; Hinder part of a gun or other fire-arms.

Breeches (ব্রীচিস্), *n. pl.* পাজামা-বিশেষ ; Trousers (riding *breeches*).

Breech-loader (ব্রীচ্-লোডার্), *n.* টোটার বন্দুক ; Fire-arm that receives the load at the breech.

Breech-loading (ব্রীচ্-লোডিং), *a.* যাহার পশ্চাদ্ভাগ দিয়া গুলি বারুদ প্রভৃতি ভরা যায় এরূপ ; Receiving the charge at the breech.

Breed (ব্রীড্), *v. t.* প্রসব করা ; উৎপাদন করা ; তা' দেওয়া ; Bring forth ; beget ; hatch ; সংঘটন করা ; Cause ; অভিহিত করা ; Contrive ; শিক্ষা দেওয়া ; Train up ; প্রতিপালন করা ; Bring up :—*v. i.* সন্তানোৎপাদন করা ; Produce offspring :—*n.* বংশ ; জাতি ; Race ; tribe ; শাবক ; সন্তানসন্ততি ; Offspring ; progeny. *p. t.* & *p. p.* = bred. *n.* = breeder. **Bred in the bone**—বংশগত ; Hereditary.

Breeding (ব্রীডিং), *n.* শিক্ষা ; Education ; ব্যবহার ; Manners ; উৎপাদন ; প্রজনন ; Act of producing. **Good breeding**—সংশিক্ষা।

Breeze (ব্রীজ্), *n.* মৃদুমন্দ বায়ু, সমীরণ ; Gentle wind.

Breezy (ব্রীজি), *a.* (আবহাওয়া সম্পর্কে) মৃদু বাতাস হিল্লোলিত ; With light winds blowing ; (স্থান সম্বন্ধে) বায়ু সঞ্চালিত ; Open to the winds ; স্ফূর্ত্তিযুক্ত, প্রফুল্ল ; Gay and cheerful (*breezy* manner).

Brengun (ব্রেন্‌গান্), *n.* হালকা মেসিন গানবিশেষ ; A light machine gun.

Brethren (ব্রেদ্রেন্), *n.* ভ্রাতৃবর্গ, সমশ্রেণীর জনগণ। *pl.* of **Brother.**

Breviary (ব্রীভিয়্যারি), *n.* রোমান ক্যাথলিকদিগের দৈনিক স্তোত্র-সংগ্রহ ; Book containing the daily service of the Roman Catholic churches.

Brevier (ব্রিভিয়ার্), *n.* ছাপিবার এক প্রকার ছোট অক্ষর ; A kind of small printing type.

Brevity (ব্রেভিটি), *n.* স্বল্পতা, সংক্ষিপ্ততা ; Conciseness ; shortness (*brevity* of speech, life) ; বাক্য-সংক্ষেপ ; Shortness of expression (*brevity* is the soul of wit).

Brew (ব্রু), *v. t. i.* (মিশাইয়া, ফুটাইয়া) পানীয় প্রস্তুত করা ; Prepare a drink (by mixing, boiling, etc.) (*brew*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

bear, tea); পাকাইয়া তোলা বা উঠা; Cause, bring or come about (they are *brewing* mischief); মনাইয়া আসা; Gather (storm is *brewing*).

Brewage (ব্রুয়িজ্), *n.* চোলাই-করা দ্রব্য; Anything brewed; মিশ্রিত পানীয়; Mixed drink.

Brewer (ব্রুয়ার্), *n.* সুরা-প্রস্তুতকারী; শুঁড়ী; One who brews.

Brewery (ব্রুয়ারি), **Brewhouse** (ব্রু-হাউস্), *n.* ভাঁটিখানা; Place for brewing.

Briar (ব্রায়ার্), *n.* কণ্টকীলতা; বন্য-গোলাপের সাধারণ নাম; Prickly plant; common name for the wild rose; তামাকের পাইপ তৈয়ারী করিতে ব্যবহৃত এক প্রকার গাছের শিকড়।

Briary (ব্রায়ারি), *a.* সকণ্টক; Prickly; thorny.

Bribe (ব্রাইব্), *n.* উৎকোচ, ঘুষ; প্রলোভন; Something given to influence or corrupt the conduct; allurement :—*v. t.* উৎকোচ দ্বারা বশীভূত করা; Influence or corrupt by a bribe.

Briber (ব্রাইবার্), *n.* উৎকোচ-দাতা; One who bribes.

Bribery (ব্রাইবারি), *n.* উৎকোচ দান বা গ্রহণ; Practice of giving or taking bribes.

Bric-a-brac (ব্রিক্-আ-ব্র্যাক্), *n.* কৌতূহলোদ্দীপক বা প্রাচীন সামগ্রী (চিনা-মাটির বাসনপত্র, পুরাতন আসবাবপত্র); Articles of curiosity or antiquity.

Brick (ব্রিক্), *n.* ইট বা ইটের মত জিনিস। (চলতি) দয়ালু ব্যক্তি; A generous man. **Brick up**—ইট গাঁথিয়া (দরজা ইত্যাদি) বন্ধ করিয়া দেওয়া।

Brick-bat (ব্রিক্-ব্যাট্), *n.* ইষ্টকখণ্ড, ঢিল; Piece of brick, usually used as a missile.

Brick-dust (ব্রিক্-ডাস্ট্), *n.* শুর্‌কি; Powdered brick.

Brick-field (ব্রিক্-ফিল্ড্), *n.* ইটখোলা; Field where bricks are made.

Brick-kiln (ব্রিক্-কিল্ন্), *n.* ইটের পাঁজা; Piles of brick; ভাটি; Kiln in which bricks are burnt.

Brick-layer (ব্রিক্-লেয়ার্), *n.* রাজ-মিস্ত্রী; Mason.

Brick-laying (ব্রিক্-লেয়িং), *n.* ইষ্টক স্থাপত্য; Act of building with bricks.

Brickwork (ব্রিক্ওয়ার্ক্), *n.* ইষ্টকের গাঁথুনি; Structure built of bricks.

Bridal (ব্রাইড্যাল্), *n.* বিবাহ; বিবাহোৎসব, পরিণয়-ভোজ; Wedding; marriage-feast :—*a.* বিবাহ-সম্বন্ধীয়; Nuptial.

Bride (ব্রাইড্), *n.* নব বিবাহিত বধূ; বিয়ের কনে; Woman newly married, or engaged to be married.

Bride-chamber (ব্রাইড্-চেম্বার্), *n.* বাসরঘর; Nuptial apartment.

Bridegroom (ব্রাইড্গ্রুম্), *n.* পাত্র, বর; Man about to be married or newly married.

Bridesmaid (ব্রাইড্জ্‌মেড্), *n.* নিতকনে; Young maid attending a bride at a wedding.

Bridesman (ব্রাইড্জ্‌ম্যান্), *n.* নিতবর; Young bachelor attending a bridegroom at his marriage.

Bridewell (ব্রাইড্ওয়েল্), *n.* চরিত্র সংশোধনাগার; কারাগার; House of correction; gaol.

Bridge (ব্রিজ্), *n.* সেতু; Structure built over a river; নাকের শিরদাঁড়া; Upper part of the nose; একপ্রকার তাস খেলা; A kind of card-game :—*v. t.* সেতুবিশিষ্ট করা; Build a bridge over.

Bridge-head (ব্রিজ্-হেড্), *n.* (কোন

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দেশের) সীমান্ত নদীর অপর পারে অবস্থিত ঘাঁটি, যেখান হইতে সহজে শত্রু-দেশে হানা দেওয়া যায়, সেতুমুখ ; Post held on far side of frontier river giving access to the enemy's country.

Bridle (ব্রিড্‌ল্), *n.* অশ্বরশ্মি, বল্গা, লাগাম বা রাশ ; Head-gear of horse's harness, consisting of bit, rein, etc. :—*v. t. i.* লাগাম দেওয়া ; Put a bridle on ; দমন করা ; Restrain ; check ; সগর্ব্বে মস্তক উত্তোলন করিয়া থাকা ; Hold up the head proudly or affectedly.

Bridle-path (ব্রিড্‌ল্-পাথ্), **Bridle-road** (ব্রিড্‌ল্-রোড্), *n.* ঘোড়া চলিবার (গাড়ী নয়) উপযুক্ত রাস্তা ; Road or path fit for riders and not for vehicles.

Brief (ব্রীফ্), *a.* সংক্ষিপ্ত ; Short ; ক্ষণিক ; Lasting only for a short time :—*n.* মোকদ্দমার সংক্ষিপ্ত বিবরণ ; Short account of a client's case :—*v. t.* (ব্যারিষ্টার বা উকিলকে) মোকদ্দমা সংক্ষেপে বুঝাইয়া দেওয়া ; Instruct (a barrister) by brief ; (ব্যারিষ্টার বা উকিল) নিয়োগ করা ; Employ (a barrister). **Be brief**—সংক্ষেপে বল ; Speak shortly. **In brief**—সংক্ষেপে ; Shortly. **To be brief**—সংক্ষেপতঃ ; To be short. **Hold a brief for**—কোন মোকদ্দমার উকিল নিযুক্ত হওয়া ; কোন বিষয়ের সমর্থন করা; Be engaged as a counsel for ; support anything. **Take a brief**—কোন মোকদ্দমার ভার গ্রহণ করা ; Take the responsibility of a suit.

Briefless (ব্রীফ্‌লিস্), *a.* মোকদ্দমাশূন্য ; পসারহীন ; Without a brief ; (lawyer) without practice.

Briefness (ব্রীফ্‌নিস্), *n.* সংক্ষেপ ; Brevity ; conciseness.

Brier (ব্রায়ার্)—Same as **Briar.**

Briery (ব্রায়ারি)—Same as **Briar**

Brig (ব্রিগ্), *n.* পোতবিশেষ ; A sh with two masts and squa sails.

Brigade (ব্রিগেড্), *n.* সৈন্যদলবিশে Body of soldiers, consisting several regiments ; বিশেষ উদ্দে সংগঠিত দলবিশেষ ; A group persons organized for a speci purpose (a fire *brigade*) :—*v.* সৈন্যদল রচনা করা ; Form into brig des.

Brigade-major (ব্রিগেড্-মেজর্), সহকারী সেনানায়কবিশেষ ; Officer w helps a brigadier.

Brigadier (ব্রিগেডিয়ার্), **Brigadier general** (ব্রিগেডিয়ার্-জেনার‍্যাল্), সৈন্যদল-নায়ক ; Officer commandi a brigade.

Brigand (ব্রিগ্যাণ্ড্), *n.* দস্যু, রাহাজা Robber, esp. one of a band a tacking travellers on th road.

Brigandage (ব্রিগ্যাণ্ডিজ্), *n.* দস্যুবৃ রাহাজানি ; Conduct of brigands.

Brigantine (ব্রিগ্যাণ্টিন্), *n.* পো বিশেষ ; Light two-masted vessel.

Bright (ব্রাইট্), *a.* উজ্জ্বল ; Shining স্বচ্ছ ; পরিষ্কৃত ; সুন্দর ; Transparent clear ; beautiful ; প্রফুল্ল, সু Cheerful and happy (*bright* faces বুদ্ধিমান্ ; চতুর ; সুদক্ষ ; Quick-witted clever ; skilful.

Brighten (ব্রাইটেন্), *v. t. i.* উজ্জ্বল কর Make bright ; উজ্জ্বলতর করা বা হও Make or grow brighter ; প্রফুল্ল কর Cheer ; সুখী করা ; Make happ (*brighten* the lives of t poor).

Bright's disease (ব্রাইট্‌স্ ডিজ়ীজ় *n.* মূত্ররোগবিশেষ ; A kidn disease.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Brightsome (ব্রাইট্‌সাম্), *a.* উজ্জ্বল; Bright.

Brill (ব্রিল্), *n.* মৎস্য-বিশেষ; A kind of fish.

Brilliance (ব্রিলিয়্যান্স্), **Brilliancy** (ব্রিলিয়্যান্সি), *n.* অতি উজ্জ্বলতা; Great brightness; জাঁকজমক; Splendour; প্রভা; Lustre; অসাধারণ কর্ম্ম-প্রতিভা; Ability of a high order.

Brilliant (ব্রিলিয়্যান্ট্), *a.* উজ্জ্বল; দীপ্তিমান্; Sparkling; glittering; গৌরবান্বিত; Splendid :—*n.* উৎকৃষ্ট-জাতীয় হীরক; Diamond of the finest cut and brilliance.

Brilliantine (ব্রিলিয়্যান্টীন্), *n.* তৈল-জাতীয় কেশের প্রসাধনবিশেষ; An oily dressing for the hair to make it glossy.

Brim (ব্রিম্), *n.* কিনারা; Margin or brink of a river or lake; পাত্রের উপরিপ্রান্ত; Upper edge of a vessel: —*v. t. i.* প্রান্ত পর্য্যন্ত পূর্ণ করা বা হওয়া; Fill or be full to the brim. *pr. p.*= brimming. *p. t.* & *p. p.*=brimmed. **To the brim**—কানায় কানায়; To the edge or rim; hence, entirely. **Brim over**—কানা উপ্‌চাইয়া পড়িয়া যাওয়া; Be so full that some flows over.

Brimful (ব্রিম্‌ফুল্), *a.* কানায় কানায় পূর্ণ; Full to the brim.

Brimless (ব্রিম্‌লিস্), *a.* কিনারা বা কানাশূন্য; Having no brim.

Brimmer (ব্রিমার্), *n.* পরিপূর্ণ পাত্র; Full cup.

Brimming (ব্রিমিং), *a.* কানায় কানায় পূর্ণ; Full to the brim; উচ্ছলিতপ্রায়; About to overflow.

Brimstone (ব্রিম্‌স্টোন্), *n.* গন্ধক; Sulphur.

Brindled (ব্রিণ্ড্‌ল্ড্), *a.* চিত্রবিচিত্র; Variegated.

Brine (ব্রাইন্), *n.* সমুদ্র; Sea (the *brine*); লবণাম্বু; Salt water; অশ্রু; Tears.

Bring (ব্রিং), *v. t.* আনয়ন করা; বহন করা; Fetch; carry; উৎপন্ন করা; সংগ্রহ করা; Produce; procure; প্রবর্ত্তিত করা; Introduce. *p. t.* & *p. p.* =brought. **Bring about**—সংসাধন করা; ঘটান; Accomplish; cause to happen. **Bring back**—স্মরণ করান; Cause to remember. **Bring down**—অবনমিত করা; Abase; কমান; Lower (*bring down* the price of rice). **Bring forth**—প্রসব করা; Give birth to. **Bring forward**—সম্মুখে উপস্থাপিত করা (*bring* the matter *forward*). **Bring home to**—সম্পূর্ণরূপে হৃদয়ঙ্গম করান; Cause to realize. **Bring in**—আনয়ন করা; প্রবর্ত্তিত করা; Introduce; উৎপাদন করা; Produce; সংগ্রহ করা; Collect. **Bring on**—ঘটান; Cause to happen. **Bring out**—প্রকাশ করা; Expose; publish. **Bring over**—স্বপক্ষে আনয়ন করা; Cause one to change sides or opinion. **Bring round**—চৈতন্য সম্পাদন করা; Restore to consciousness. **Bring to bear**—প্রয়োগ করা; Apply (*bring* more pressure *to bear* on him). **Bring to life**—পুনর্জ্জীবিত করা; Resuscitate. **Bring to light**—প্রকাশ করা; Discover. **Bring to pass**—সম্পন্ন করা; Accomplish. **Bring under**—বশীভূত করা; Subdue. **Bring up**—প্রতিপালন করা; শিক্ষা দেওয়া; Rear; educate. **Bring up the rear**—(সৈন্যদলের) সবচেয়ে শেষে মার্চ করা; March last.

Brinish (ব্রাইনিশ্), *a.* লোণাজলের মত; Like brine; ঈষৎ লবণাক্ত; Saltish.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Brinjal (ব্রিঞ্জল্), *n.* বেগুন।

Brink (ব্রিঙ্ক্), *n.* তীর ; প্রান্ত ; Edge or border of a steep place. **On the brink of**—ধারে ; প্রান্তে ; On the edge of ; নিকটবর্ত্তী ; On the point of (*on the brink of* destruction).

Briny (ব্রাইনি), *a.* লবণাক্ত ; Saltish ; সামুদ্রিক ; Pertaining to the sea.

Briquet, Briquette (ব্রিকেট্), *n.* কয়লার গুল ; Small block of coal-dust.

Brisk (ব্রিস্ক্), *a.* সতেজ, স্ফূর্ত্তিযুক্ত ; চতুর ; তৎপর ; কর্ম্মচঞ্চল ; Lively ; clever ; sharp ; active (*brisk* walk, trade, habit).

Brisket (ব্রিস্কিট্), *n.* জন্তুর বক্ষঃস্থল (খাদ্যমাংস সম্পর্কে) ; Animal's breast.

Bristle (ব্রিস্‌ল্), *n.* দৃঢ় ক্ষুদ্র লোম ; কুঁচি ; শূকরের লোম ; Stiff short hair, as of swine :—*v. i. t.* খাড়া করা ; Cause to rise in bristles ; খাড়া হইয়া থাকা ; Stand erect ; (*fig.*) মেজাজ দেখান ; Show temper (with *up*) ; ঘনসন্নিবিষ্ট হইয়া থাকা, পূর্ণ হওয়া (*with* difficulties, problems).

Bristled (ব্রিস্‌ল্‌ড্), *a.* কুঁচিযুক্ত ; Having bristles.

Bristly (ব্রিস্‌লি), *a.* কুঁচির মত (শক্ত ও খারাল) ; Like bristles ; কর্কশ, অমসৃণ ; Rough (*bristly* chin).

Britain (ব্রিটেন্), *n.* গ্রেট্-ব্রিটেন্ ; Great Britain.

Britannia (ব্রিট্যানিয়া), *n.* ব্যক্তিরূপে কল্পিত গ্রেট্-ব্রিটেন্ দেশ ; Personification of Great Britain.

Britannic (ব্রিট্যানিক্), *a.* গ্রেট্-ব্রিটেন্-সম্বন্ধীয় ; Of Great Britain.

British (ব্রিটিশ্), *a.* ব্রিটন্ রাজ্য বা জাতি-সম্বন্ধীয় ; Pertaining to Great Britain or its people.

Britisher (ব্রিটিশার্), *n.* গ্রেট্-ব্রি অধিবাসী ; A native of G Britain.

Briton (ব্রিটন্), *n.* ব্রিটেন্‌বাসী ; N of Britain.

Brittle (ব্রিট্‌ল্), *a.* ভঙ্গুর, কিন্তু ভঙ্গপ্রবণ ; Hard but broken.

Broach (ব্রোচ্), *v. t.* ছিদ্র Pierce ; আলোচনার সূত্রপাত Bring up (a subject) for cussion :—*n.* ফোড়নকাঠি ; Bo bit. *n.* = broacher.

Broad (ব্রড্), *a.* প্রশস্ত (narrow) Large across (roads) ; চতুর্দ্দিকে প্রসারিত ; Exte (*broad* ocean) ; (usu. *predi.*) প্রস্থবিশিষ্ট ; Of specified bre (30ft. *broad*) ; স্থূল ; কদর্য্য ; Coa indelicate (*broad* humo (of pronunciation) বিশেষ জোর Strong marked (*broad* acce পূর্ণ, প্রকাশ্য, স্পষ্ট ; Full, man (*broad* daylight) ; প্রধান, সা Main, general (*broad* outlin উদার ; Liberal (*broad* min **Broad-minded**—উদারচেতা। **Br hint**—অভ্রান্ত ইঙ্গিত ; A hint cannot be mistaken. **Broa speaking**—মোটামুটি বলিতে *i. e.* neglecting minor ex tions.

Broadcast (ব্রড্‌কাস্ট্), *n.* বে বার্ত্তা, বেতার প্রচারিত যে কোন অ Anything transmitted by rad —*ad.* সবিস্তারভাবে ; Diffusedly ; large :—*a.* উপ্ত ; বিস্তৃতভাবে বি সর্ব্বতোব্যাপ্ত ; Sown ; disper widely ; widely spread :—*v.* ছড়ান ; Scatter ; (বীজ ইত্যাদি) Scatter (seed, etc.) ; (সংবাদাদি চতুর্দ্দিকে ব্যাপ্ত করা ; Dissemin

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

widely; বেতারযোগে প্রেরণের জন্য সঙ্গীতাদি করা; Speak, sing, etc. for wireless transmission. *p. t.* = broadcasted. *p. p.* = broadcast: —(*attrib.* use) বেতারে প্রচার-সম্বন্ধীয়; *broadcast* licences, programmes).

broadcast—(*fig.*) Scatter চারিদিকে বিতরণ করা; Distribute freely.

Broadcaster (ব্রড্‌কাস্টার্), *n.* যে বেতারে প্রচার করে; One who transmits by radio.

Broadcasting (ব্রড্‌কাস্টিং), *n.* বেতারযোগে সংবাদ ও সঙ্গীতাদি প্রেরণ; Sending out of wireless messages for general reception.

Broadcloth (ব্রড্‌ক্লথ্), *n.* বনাত; Fine woollen cloth.

Broaden (ব্রড্‌ন্), *v. t. i.* চওড়া করা বা হওয়া; Make or become broad.

Broad gauge (ব্রড্ গেজ্)—রেল-লাইনের মধ্যবর্ত্তী ব্যবধানের মাপবিশেষ, ৫৬½ ইঞ্চির বেশী; Distance of more than 56½ inches between rails.

Broadside (ব্রড্‌সাইড্), *n.* রণপোতের একপার্শ্বস্থিত সমুদয় কামান; All the guns on one side of a ship of war; জলের উপরিস্থিত জাহাজের পার্শ্বদেশ; Side of a ship above water.

Broadsword (ব্রড্‌সোর্ড্), *n.* চওড়া ফলবিশিষ্ট তরবারি; Sword with a broad blade and the cutting edge.

Brobdingnag (ব্রব্‌ডিংন্যাগ্), *n.* দৈত্যপুরী; Land of giants (*cf.* Lilliput).

Brobdingnagian (ব্রব্‌ডিংন্যাগিয়্যান্), *n.* অতিকায় ব্যক্তি; Gigantic person: —*a.* অতিকায়; Gigantic (from *Gulliver's Travels*).

Brocade (ব্রকেড্), *n.* বুটিতোলা রেশমী বস্ত্র, কিংখাব; Silk stuff, woven with variegated gold and silver threads and raised flowers.

Brocaded (ব্রকেডিড্), *a.* বুটিদার; Worked with gold and silver or with raised flowers.

Brochure (ব্রশুর্), *n.* (সেলাই করা) পুস্তিকা; Stitched pamphlet.

Brog (ব্রগ্), *n.* তুরপুন; Drill.

Brogue (ব্রোগ্), *n.* পাদুকা-বিশেষ; Stout coarse shoe.

Broil (ব্রয়িল্), *n.* কলহ; Quarrel:—*v. t. i.* আগুনে ঝলসাইয়া রান্না করা বা হওয়া; Cook or be cooked, by direct contact with fire; ঝলসাইয়া যাওয়া, গরমে সিদ্ধ হওয়া; Be grilled or greatly heated (*broiling* hot day).

Broiler (ব্রয়লার্), *n.* আগুনে ঝলসাইয়া যে রাঁধে; One who cooks by broiling; কাবাব প্রস্তুত করিবার লোহার ঝাঁঝরি; Gridiron.

Broke (ব্রোক্), *p. t.* of **Break.**

Broken (ব্রোক্‌ন্), *a.* ভগ্ন; Rent asunder; অসম্পূর্ণ; Incomplete; দুর্ব্বল; অবনত; Infirm; humbled. *p. p.* of **Break.** **Broken language**—ভাঙ্গা ভাষা (যেমন, ভাঙ্গা হিন্দী); Imperfect language. **Broken man**—বিপদ্ ও শোকে মুহ্যমান ব্যক্তি; Man crushed by misfortune and grief. **In broken accents**—ভাঙ্গা গলায়; In a faltering tone. **Broken ground**—অসমতল ভূমি। **Broken number**—ভগ্নাংশ। **Broken money**—রেজগী। **Broken tea**—ছাঁকিয়া লইবার পর অবশিষ্ট চায়ের পাতা।

Broken-down (ব্রোক্‌ন্-ডাউন্), *a.* (অশ্বসম্বন্ধে) কাজের অনুপযুক্ত; Unfit for work; (যন্ত্রোপকরণ সম্পর্কে)

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অকেজো, জীর্ণ; Useless, worn-out; (লোকসম্বন্ধে) ভগ্নস্বাস্থ্য, অসুস্থ; Broken in health, ill.

Broken-hearted (ব্রোক্‌ন্‌-হার্টেড্‌), *a.* মনমরা; ভগ্নোৎসাহ; Depressed; crushed by grief.

Broker (ব্রোকার্‌), *n.* দালাল; A negotiator between the two parties in business.

Brokery (ব্রোকারি), *n.* দালালের পেশা, দালালি; The business or calling of a broker.

Brokerage (ব্রোকারিজ্‌), *n.* দালালি; Commission charged by a broker.

Bromide (ব্রোমাইড্‌), *n.* স্নায়ুর শান্তিকারক ঔষধ; A medicine used to calm the nerves. **Bromide-paper**—ব্রোমাইডের আবরণযুক্ত কাগজবিশেষ (ফটোমুদ্রণে ব্যবহৃত)।

Bronchi (ব্রংকাই), **Bronchia** (ব্রঙ্কিয়া), *n. pl.* শ্বাসনালীর শাখা যাহা ফুস্‌ফুসে প্রবেশ করে; ক্লোমশাখা। *a.*=bronchial, bronchic. *sing.*=bronchius.

Bronchitis (ব্রঙ্কাইটিস্‌), *n.* শ্বাসনালীর ঝিল্লীর প্রদাহ। [Goitre.

Bronchocele (ব্রঙ্কোসিল্‌), *n.* গলগণ্ড;

Bronze (ব্রঞ্জ্‌), *n.* তামা ও টিন মিশ্রিত ধাতুবিশেষ; Alloy of copper and tin; ব্রঞ্জ বর্ণ; Colour of bronze:—*v. t.* ব্রঞ্জের রঙ করা; Give the appearance of bronze to:—*a.* ব্রঞ্জদ্বারা নির্ম্মিত; Made of bronze; ব্রঞ্জবর্ণ; Coloured like bronze. *a.*=bronzed. **The Bronze age**—যে প্রাগৈতিহাসিক যুগে মনুষ্যজাতি ব্রঞ্জনির্ম্মিত যন্ত্র ব্যবহার করিত; Prehistoric age, when men used implements of bronze.

Bronzy (ব্রঞ্জি), *a.* ব্রঞ্জবৎ; Like bronze.

Brooch (ব্রোচ্‌), *n.* বস্ত্র আঁটিবার সুন্দর পিন; Ornamental pin for fastening any article of dress: ব্রোচ্‌ দ্বারা অলঙ্কৃত করা; Adorn a brooch.

Brood (ব্রুড্‌), *v. t. i.* ডিমে তা Hatch; আচ্ছাদন করা; C অধিকক্ষণ চিন্তায় নিবিষ্ট থাকা; about something for a lon (*brooding* over his misfortu উপরে উপবেশন করা; Sit over শাবক; Offspring. *a.*=broo

Brooder (ব্রুডার্‌), *n.* কৃত্রিম (মুরগীর) ডিম ফুটাইবার যন্ত্র; I ment of hatching eggs by ar heat.

Brook (ব্রুক্‌), *n.* ক্ষুদ্র নদী; A stream:—*v. t.* সহ্য করা; P with. [Little

Brooklet (ব্রুক্‌লিট্‌), *n.* ক্ষু

Broom (ব্রুম্‌), *n.* ঝাঁটা; Long-h ed sweeping-brush.

Broom-stick (ব্রুম্‌-স্টিক্‌), *n.* হাতল; The handle of a broo

Broth (ব্রথ্‌), *n.* সুরুয়া; ঝোল; S

Brothel (ব্রথেল্‌), *n.* বেশ্যালয়; of prostitution.

Brother (ব্রাদার্‌), *n.* সহোদর of the same parents; কুটুম্ব; আত্মীয়; Relative; kinsman; ব্যক্তি; Fellow-creature; Co-religionist; এক সমাজস্থ বৃত্তিধারী ব্যক্তি; Member of the society or profession; Associate. *pl.*=brothers, bre

Brothers in arms—এক করিয়াছে এমন সৈন্যগণ; Soldie have fought together.

Brother-german (ব্রাদার্‌-জ *n.* সহোদর; Brother havin same father and mother.

Brotherhood (ব্রাদারহুড্‌), *n.* State of being a brother; সম্প্রদায়; Association.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Brother-in-law (ব্রাদার্-ইন্-ল), *n.* ভাসুর ; দেবর ; শ্যালক ; ভগিনীপতি ইত্যাদি ; Brother of a husband or wife ; sister's husband, etc.

Brotherless (ব্রাদার্লিস্), *a.* ভ্রাতৃহীন ; Having no brother.

Brother-like (ব্রাদার্-লাইক্), **Brotherly** (ব্রাদার্লি), *a.* ভ্রাতৃসদৃশ ; সদয় ; স্নেহময় ; Fraternal ; kind ; affectionate. *n.*=brotherliness.

Brougham (ব্রুয়াম্), *n.* অশ্বযানবিশেষ ; Light and close four-wheeled carriage.

Brought (ব্রট্), *p. t.* & *p. p.* of **Bring.**

Brow (ব্রাউ), *n.* কপাল ; Forehead ; ভ্রূ ; Eyebrow ; শিখর-প্রান্ত ; Edge of a cliff.

Browbeat (ব্রাউবীট্), *v. t.* ধমক দিয়া বা ভ্রূকুটি করিয়া ভয় দেখান বা কাজ করান ; Frighten by shouting or looking sternly at (*browbeat* a person into doing).

Brown (ব্রাউন্), *a.* পিঙ্গল ; কটা ; বাদামী ; Of a dark or dusty colour inclining to red or yellow :—*n.* পিঙ্গলবর্ণ ; Dark-reddish colour :—*v. t. i.* পিঙ্গলবর্ণ করা বা হওয়া ; Make or become brown.

Brownie (ব্রাউনি), *n.* স্কট্লণ্ডদেশীয় সদয়-স্বভাব ঘরো ভূত ; In Scotland, a kind of good-humoured domestic spirit ; কন্যাপ্রনিধির অল্পবয়স্ক সভ্যা ; A junior member (8-11) of the Girl Guides.

Browning (ব্রাউনিং), *n.* আধুনিক পিস্তল ; Modern type of pistol.

Brownish (ব্রাউনিশ্), *a.* ঈষৎ পিঙ্গল ; Somewhat brown.

Brown study (ব্রাউন্ স্টাডি)—জাগর স্বপ্ন ; Reverie.

Browse (ব্রাউজ্), *v. t. i.* ঘাস, ডালপালা খাওয়া ; Feed on grass, shrubs or trees ; উপভোগের নিমিত্ত বইয়ের এখানে ওখানে পড়া ; Read here and there (in a book or books) for enjoyment :—*n.* গবাদি পশুর হরিৎ খাদ্য ; Green fodder ; (গবাদির) ইতস্ততঃ ঘাস গাছ-পালা ভোজন ; The act of browsing.

Bruin (ব্রুইন্), *n.* ভল্লুক ; Bear.

Bruise (ব্রুজ্), *v. t. i.* চূর্ণ করা ; Crush ; থেঁতলান ; Contuse ; আঘাতে বিবর্ণ করা ; Discolour by a blow :—*n.* ক্ষত ; আঘাত ; স্ফীতি ; Contusion.

Bruiser (ব্রুজার্), *n.* মল্ল ; Boxer.

Bruit (ব্রুট্), *v. t.* গুজব ছড়ান ; Spread (report) about.

Brummagem (ব্রাম্যাজিম্), *a.* জাল ; কৃত্রিম ; Counterfeit ; জমকাল ও সস্তা ; Showy and cheap.

Brunette (ব্রুনেট্), *n.* অগৌর বর্ণ চর্ম্ম, পিঙ্গল বা কালো চুল ও চক্ষু বিশিষ্টা রমণী ; A woman with dark skin, hair and eyes.

Brunt (ব্রাণ্ট্), *n.* আক্রমণের প্রচণ্ডতা ; Utmost violence of an onset ; আঘাত ; Force of a blow ; shock. **Bear the brunt of**—ধাক্কা সামলান ; Endure the main force of.

Brush (ব্রাশ্), *n.* মার্জ্জনী ; তূলি ; Instrument for removing dust ; hair-pencil used by painters ; ঝোপ ; Brushwood ; সামান্য যুদ্ধ ; Skirmish :—*v. t. i.* ঝাড়া ; Sweep ; মৃদুভাবে ঘর্ষণ করা ; Touch when passing (he *brushed* past me) ; তূলিদ্বারা চিত্র করা ; Paint with a brush ; মৃদুভাবে বুলান ; Move over lightly. **Brush aside**—দৃষ্টি বা মনোযোগ না দেওয়া ; Pay no or not much attention to. **Brush off**—হাত দিয়া বা বুরুশ দিয়া ঝাড়িয়া ফেলা ; Remove with the hands or with a brush. **Brush up**—পরিষ্কার করা ; Clean with a brush ; উন্নতি করা ; সংস্কার করা ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Improve (*brush up* your English in the vacation); চক্‌চকে করা; Brighten.

Brushwood (ব্রাশ্‌উড্), *n.* ঝোপ; গুল্মপুঞ্জ; Thicket; close bushes.

Brushy (ব্রাশি), *a.* কর্কশ; খস্‌খসে; Rough; rugged.

Brusque (ব্রুস্ক্), *a.* অসভ্য; অশিষ্ট; Rude. *n.*=brusqueness, brusquerie.

Brutal (ব্রুট্যাল্), *a.* পশু-সম্বন্ধীয়; পশুবৎ; Pertaining to a brute; like a brute; নির্দ্দয়; নৃশংস; Cruel.

Brutality (ব্রুট্যালিটি), *n.* পশুত্ব; নির্দ্দয়তা; Quality of being brutal; savageness; cruelty.

Brutalize (ব্রুট্যালাইজ্), *v. t.* নির্দ্দয় করা; পশুবৎ করা; Render unkind; make brutal.

Brute (ব্রুট্), *n.* পশু; Beast; নৃশংস লোক; Savage or unfeeling person :—*a.* হিতাহিত-জ্ঞানশূন্য; মূর্খ; Irrational; stupid; পশুসদৃশ; Brute-like; দৈহিক প্রাধান্য-ঘটিত; Involving prominence of the body (as oppo. to morality or intellect—*brute* force, *brute* majority); অসভ্য; Uncivilized.

Brutish (ব্রুটিশ্), *a.* পশুবৎ; Like a beast; নির্দ্দয়; নিষ্ঠুর; Cruel; কামপরায়ণ; পশুধর্ম্মাক্রান্ত; Carnal; bestial.

Bubble (বাব্‌ল্), *n.* বুদ্‌বুদ্, বিম্ব; Bladder of water; অসার বস্তু; Anything empty; ছায়া; বৃথা কল্পনা; প্রতারণা; False shadow; vain project; fraud :—*v. i.* জলবুদ্‌বুদ্ উঠা; Rise in bubbles.

Bubbly (বাব্‌লি), *a.* বুদ্‌বুদ্‌পূর্ণ; Abounding in bubbles.

Bubo (বিউবো), *n.* বাগী; গ্রন্থিস্ফীতি; Swelling in the groin. *pl.*=buboes.

Bubonic (বিউবনিক্), *a.* গ্রন্থিস্ফীতি-উৎপন্ন (*bubonic* plague).

Buccaneer (বাক্যানীয়ার্), *n.* বোম্বেটে; জলদস্যু; Pirate.

Buck (বাক্), *n.* পুরুষজাতীয় মৃগ, ছাগ, মেষ, শশক প্রভৃতি জন্তু; Male of the deer, goat, sheep, hare, rabbit, etc.; বেশভূষাসক্ত ব্যক্তি; Dandy :—*v. t. i.* (অশ্বাদির) মাথা নীচু করিয়া লাথি দেওয়া; Jump with the head down (said of horses, etc.). **Buck up**—অধিকতর প্রফুল্ল, তৎপর করা বা হওয়া; Make or become more cheerful or ready for greater efforts; উত্তেজিত করা; To stimulate.

Bucket (বাকিট্), *n.* বালতি; Pail.

Bucketful (বাকিট্‌ফুল্), *n.* বালতিপূর্ণ; As much as a bucket will hold.

Buck-hound (বাক্-হাউণ্ড্), *n.* এক প্রকার শিকারী কুকুর।

Buckish (বাকিশ্), *a.* সৌখীনভাবাপন্ন; Dandified.

Buckle (বাক্‌ল্), *n.* বক্‌লস্; Instrument for fastening straps :—*v. t. i.* বক্‌লস্‌দ্বারা সংবদ্ধ করা; Fasten with a buckle; নত হওয়া; Bend; সোৎসাহে কর্ম্মে প্রবৃত্ত হওয়া; Begin work in earnest (with *to*).

Buckler (বাক্‌লার্), *n.* ঢালবিশেষ; A kind of shield.

Buckram (বাক্‌র্যাম্), *n.* মাড়-দেওয়া মোটা কাপড়; Coarse linen or cloth made stiff with glue :—*a.* কড়া, শক্ত; Stiff.

Buck-shot (বাক্-শট্), *n.* বন্দুকের এক রকম বড় গুলি; A large kind of shot used for killing deer.

Buck-skin (বাক্-স্কিন্), *n.* হরিণ প্রভৃতির চামড়া হইতে নির্ম্মিত নরম ও মজবুত মৃগচর্ম্ম, মেষচর্ম্ম ইত্যাদি; Strong soft leather made of the skin of deer, goat, etc. :—*pl.* চর্ম্মনির্ম্মিত পা-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জামা; Breeches made of buck-skin.

Bucolic (বিউকলিক্), *a.* গ্রাম্য; Pastoral; রাখাল-সম্বন্ধীয়; Of shepherds :—*n.* রাখালিয়া কাব্য; পল্লী-গাথা; Pastoral poem.

Commissariat (কমিসেরিয়্যাট্), সৈন্যদের রসদ যোগাইবার দপ্তর ; Department for supply of provisions to the soldiers.

Commissary (কমিস্যারি), *n.* প্রতিনিধি ; Delegate ; সেনাদলের রসদ যোগাইবার দপ্তরের ভারপ্রাপ্ত কর্মচারী ; Officer charged with supply of provisions for an army ; খাদ্য বিভাগের কর্তা ; The head of a state department (also *commissar*, U. S. S. R.).

Commission (কমিশন্), *n.* (অন্য কাজ) সম্পাদন ; Act of doing something (usu. wrong) ; পরওয়ানা ; Warrant of committing something ; trust to a person (*commission officer*) ; দালালি ; দস্তুরি ; Brokerage ; কোন কার্য্য সাধনার্থ নিয়োজিত ব্যক্তি ; A body of persons constituted to discharge a trust (a Royal *commission* was sent to India) ; (কাহাকেও) অর্পিত কার্য্য ভার ; Task committed to a person ; এরূপ লোকের ক্ষমতা ; Such a person's authority :—*v. t.* অর্পণ করা ; কার্য্যের ভার দেওয়া ; নিয়োগ করা ; Give a commission to ; appoint.

Commissionaire (কমিশনেয়র্), উর্দ্দি পরিহিত হোটেলাদির দারোয়ান ; door-keeper in uniform at a hotel, theatre, etc.

Commissioner (কমিশনার্), ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ; রাজকীয় কোন বিভাগ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Commissure

কর্ত্তৃত্বপ্রাপ্ত কর্ম্মচারী ; One who holds authority for the doing of something ; officer in charge of some department of the public service.

Commissure (কমিশ্যুর্), *n.* সংযোগকারী গ্রন্থিবেষ্টনী ; Band of connecting tissue.

Commit (কমিট্), *v. t.* (-tt-) সমর্পণ করা ; ভারার্পণ করা ; Entrust ; give in charge or trust ; (খারাপ কাজ) করা ; Do (a bad act) [*commit* a crime] ; প্রতিশ্রুবদ্ধ করা ; Pledge (he did not *commit* himself to do the work). **Commit to memory**—মুখস্থ করা ; Learn by heart. **Commit to paper or writing**—লেখা ; Write.

Commitment (কমিট্‌মেণ্ট্), *n.* বাগ্‌দান, অঙ্গীকার ; A thing to which one is committed, a pledge or promise (I have various *commitments*).

Committal (কমিট্যাল্), *n.* কারাগারে প্রেরণ ; Committing to prison ; বাগ্‌দান, অঙ্গীকার ; Committing to oneself.

Committee (কমিটী), *n.* কর্ম্মনির্ব্বাহক সভা ; Body of persons chosen to consider and manage any business.

Commix (কমিক্স্), *v. t.* একত্র মিশ্রিত করা ; Mix together :—*v. i.* মিশ্রিত হওয়া ; Mix.

Commixture (কমিক্‌শ্চার্), *n.* মিশ্রণ ; State of being mixed ; মিশ্রিত দ্রব্য ; Compound.

Commode (কমোড্), *n.* মলমূত্রত্যাগের পাত্র ; Close-stool.

Commodious (কমোডিয়াস্), *a.* প্রশস্ত, যথেষ্ট স্থানযুক্ত ; Having plenty of space (a *commodious* apartment).

Commodity (কমোডিটি), *n.* পণ্যদ্রব্য ; পণ্য ; Goods ; merchandise.

Commodore (কমডোর্), *n.* যুদ্ধজাহাজসমূহের প্রধান নায়ক ; Commander of a squadron.

Common (কমন্), *a.* সাধারণ ; Belonging equally to many (*common* property) ; সর্ব্বত্র ব্যাপ্ত, সচরাচর দৃষ্ট ; Widespread, usual and ordinary (*common* flower) ; সুলভ ; Easy to be had ; ইতর ; Vulgar ; সস্তা, বাজে ; Cheap and nasty :—*n.* সাধারণভূমি ; গোষ্ঠ ; Tract of ground open to the use of all :—*pl.* জনসাধারণ ; Common people. **Common law**—অলিখিত ব্যবস্থা ; Unwritten law. **Commonsense**—কাণ্ডজ্ঞান ; Good practical sense in ordinary matters. **Common gender**—উভয়লিঙ্গ (*e.g.*, parent). **Common noun**—নামবাচক বিশেষ্য। **By common consent**—সকলের মত লইয়া ; Everyone agreeing. **The House of Commons**—ইংলণ্ডের লোকসভা, জনগণকর্ত্তৃক নির্ব্বাচিত ব্যবস্থাপক সভা। **In common**—অন্যের সহিত সমানভাবে (they have nothing *in common*).

Commonalty (কমন্যাল্‌টি), *n.* সাধারণ লোক ; Common people.

Commoner (কমনার্), *n.* সাধারণ ব্যক্তি ; Gentleman, not a peer. **The Great Commoner**—উইলিয়াম পিট (পিতা) ; The elder William Pitt.

Commonly (কমন্‌লি), *ad.* সাধারণতঃ, অধিকাংশ স্থলে ; Generally, for the most part.

Commonplace (কমন্‌প্লেস্), *a.* সচরাচর ব্যবহৃত ; তুচ্ছ ; Ordinary ; hackneyed ; trite :—*n.* সচরাচর ব্যবহৃত মন্তব্য ; Trite remark.

Common-room (কমন্‌-রুম্), *n.* স্কুল বা কলেজের ছাত্রদের বসিবার ঘর ; Meeting-room for students of schools and colleges.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Commonwealth (কমন্‌ওয়েল্‌থ্), *n.* গণতন্ত্র, সাধারণতন্ত্র ; Republic ; রাজ্যের সমগ্র প্রজাসম্প্রদায়, জনরাষ্ট্র, রাষ্ট্রমণ্ডল ; The whole body of people in a state.

Commotion (কমোশন্), *n.* গোলমাল ; আন্দোলন ; Agitation ; প্রচণ্ড আলোড়ন ; A violent disturbance.

Communal (কমিউন্যাল্), *a.* সাম্প্রদায়িক ; বিভিন্ন ধর্ম্মের বা জাতির সম্প্রদায়-সংক্রান্ত ; Of the different religious or racial communities ; সাধারণ ; Of the commonalty for the common use. **Communal award**—সাম্প্রদায়িক রোয়েদাদ।

Communalism (কমিউন্যালিজ্‌ম্), *n.* সাম্প্রদায়িকতা ; Adherence and partiality to a community.

Communalist (কমিউন্যালিস্ট্), *n.* সাম্প্রদায়িকতাবাদী ; One who favours or supports communalism.

Commune (কমিউন্), *v. i.* অন্তরঙ্গভাবে আলাপ করা ; Talk together intimately ; মনে মনে ঘনিষ্ঠ সংস্পর্শে আসা (*commune* with God) :—*n.* প্রজাসভা ; Corporation ; শাসনাদির সুবিধার জন্য রাজ্যবিভাগ ; Small territorial administrative district.

Communicable (কমিউনিক্যাব্‌ল্), *a.* কথনযোগ্য ; That may be communicated ; সংক্রামক ; Contagious.

Communicate (কমিউনিকেট্), *v. t. i.* সংবাদাদি প্রদান করা ; Give news, etc. ; (with *to*) সংক্রমিত হওয়া ; Be contagious ; পত্র ব্যবহার করা ; সংবাদাদি আদান-প্রদান করা ; Give or exchange news, letters, etc. (*with*) ; সংলগ্ন থাকা ; Be connected (the room *communicates* with the bath).

Communication (কমিউনিকেশন্), *n.* জ্ঞাপন, কথাবার্ত্তা, পত্র বা সংবাদদ্বারা মনোভাব প্রকাশ ; Intercourse by w[illegible] letters or messages ; যাতায়াতের [illegible] বা ব্যবস্থা, সমাযোজন ; Conne[illegible] passage or means of commu[illegible] tion.

Communicative (কমিউনিকে[illegible] *a.* প্রগল্‌ভ ; যে সহজেই সকল কথা [illegible] ফেলে, পেটপাতলা ; Ready to talk [illegible] give information.

Communicator (কমিউনিকেট্[illegible]), বার্ত্তা আদান-প্রদানকারী ; Person [illegible] thing that communicates ; [illegible] বার্ত্তার সংবাদ-প্রেরক যন্ত্রের অংশ ; Pa[illegible] telegraph instrument used [illegible] sending message.

Communion (কমিউনিয়ন্), *n.* [illegible] কথোপকথন ; Mutual intercou[illegible] খ্রীষ্টের ভোজের উৎসব ; Celebration [illegible] the Lord's Supper (Holy C[illegible] *munion*).

Communique (কমিউনিকে), সরকারী ইস্তাহার ; Official anno[illegible] ment.

Communism (কমিউনিজ্‌ম্), সাম্যবাদ ; Doctrine of comm[illegible] of property among all the peo[illegible]

Communist (কমিউনিস্ট্), *n.* [illegible] সমবণ্টনের পক্ষপাতী ; সাম্যবাদী ; [illegible] who advocates that all th[illegible] should be held in common. [illegible] communistic.

Community (কমিউনিটি), *n.* [illegible] অধিকার বা ভোগ ; Common pos[illegible] sion or enjoyment ; সম্প্রদায় ; [illegible] politic ; জনসাধারণ ; People [illegible] general.

Commutation (কমিউটেশন্), পরিবর্ত্তন ; Interchange ; বিনিময় ; [illegible] change ; লঘূকরণ, গুরু দণ্ডের [illegible] লঘু দণ্ডদান ; A reduction of pu[illegible] ment or penalty.

Commutative (কমিউটেটিভ্), *a.* [illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Commute

বর্ত্তনীয় ; বিনিময়-সম্বন্ধীয় ; Interchangeable ; relating to exchange.

Commute (কমিউট্), *v. t.* বিনিময় করা ; Exchange ; দণ্ড লঘু করা ; Exchange a punishment for one less severe ; এক রকম দেনা-পাওনার বিনিময়ে অন্যরূপ দেনা-পাওনার ব্যবস্থা করা ; Exchange one method of payment for another.

Compact (কম্প্যাক্ট্), *a.* দৃঢ় ; আঁটসাঁট ; নিবিড় ; Firm ; close ; dense ; সংক্ষিপ্ত ; দৃঢ়-সংবদ্ধ ; Brief ; close.

Compact (কম্প্যাক্ট্), *n.* চুক্তি ; An agreement.

Companion (কম্প্যানিয়ন্), *n.* সঙ্গী ; সহচর ; Comrade ; an associate ; অংশভাগী, সুখে-দুঃখে সমান ভোগী (a faithful *companion*) ; সমরুচিসম্পন্ন ব্যক্তি (he is an excellent *companion*) ; সহচরী, সঙ্গিনী ; A woman who is paid to live with another woman ; দুইটির একটি ; One of a pair ; ক্ষুদ্র গ্রন্থ, নিদর্শনী ; A handbook or guide (everybody's *companion*) :—*v. t. i.* সহগমন করা ; Accompany.

Companionable (কম্প্যানিয়ন্যাব্‌ল্), *a.* মিশুক ; মনোমত ; Sociable ; agreeable.

Companionship (কম্প্যানিয়ন্‌শিপ্), *n.* সাহচর্য্য ; Fellowship ; association.

Company (কাম্প্যানি), *n.* একদল লোক ; A group of persons assembled ; সহদল ; A group of persons who have joined together ; সঙ্গ ; Being with another (I am glad of your *company*) ; বণিক্-সমিতি ; Corporation ; firm ; সেনাদল ; Body of 100 foot-soldiers. **In company**—একাকী নয় ; Not alone. **Part company**—কাহারও সহিত বিচ্ছিন্ন হওয়া ; Leave a person. **In company (with)**—দলের সঙ্গে (he went there *in company, in company with* others). **Keep company (with)**—বন্ধুত্ব করা ; Be friendly (with).

Comparable (কম্প্যার্যাব্‌ল্), *a.* তুলনীয় ; That may be compared. *ad.* = comparably.

Comparative (কম্প্যারেটিভ্), *a.* আপেক্ষিক ; Not positive or absolute ; তুলনামূলক ; Pertaining to comparison ; (*gram.*) উৎকর্ষ বা অপকর্ষ-বাচক ; Expressing greater or less degree of quality.

Comparatively (কম্প্যারেটিভ্‌লি), *ad.* অপেক্ষাকৃত ; By way of comparison.

Compare (কম্পেয়ার্), *v. t. i.* পরস্পরের সম্বন্ধ পরীক্ষা করা ; তুলনা করা ; Examine together (*with*) ; liken (*to*) ; তুল্য হওয়া ; Be like or equal :—*n.* তুলনা ; Comparison. **Beyond compare**—অতুলনীয়ভাবে (brilliant *beyond compare*).

Comparison (কম্প্যারিজ্‌ন্), *n.* তুলনা দ্বারা নির্ণয় ; Comparative estimate of things ; তুলনা ; The act of comparing ; তারতম্য-বোধার্থ বিশেষণ পদের রূপান্তর-সাধন ; Inflection of an adjective. **In comparison with**—তুলনা করিলে। **Bear** or **stand comparison with**—তুলনায় নিতান্ত হীন হওয়া (you cannot *stand comparison with* that meritorious boy).

Compartment (কম্পার্ট্‌মেণ্ট্), *n.* অংশ ; Division of any enclosed space ; গাড়ীর অংশ ; গৃহের অংশ ; Subdivision of a carriage ; one of the divisions of a room.

Compass (কাম্প্যাস্), *n.* পরিধি ; Circumference ; সীমা ; Boundary ; পরিসর ; Area ; দিঙ্‌নির্ণয় যন্ত্র, দিঙ্-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নির্ণায়ক ; Instrument used to determine the cardinal points :—*v. t.* বেষ্টন করা ; Surround ; প্রদক্ষিণ করা ; অবরোধ করা ; Go round ; besiege ; প্রাপ্ত হওয়া ; Obtain ; ষড়্‌যন্ত্র করা ; Contrive a plot.

Compasses (কাম্প্যাসেস্), *n. pl.* বৃত্তাদি অঙ্কিত করিবার যন্ত্র ; Instrument consisting of two movable legs, for describing circles, etc.

Compassion (কম্প্যাশন্), *n.* সহানুভূতি ; অনুকম্পা ; দয়া ; Sympathy ; fellow-feeling ; pity (have *compassion* for others).

Compassionate (কম্প্যাশনেট্), *a.* পরদুঃখকাতর ; Sympathising.

Compatibility (কম্প্যাটিবিলিটি), *n.* যোগ্যতা ; উপযোগিতা ; Suitability ; consistency.

Compatible (কম্প্যাটিব্‌ল্), *a.* যোগ্য ; উপযুক্ত ; সুসঙ্গত ; Suitable ; fit ; consistent (*with*).

Compatriot (কম্প্যাট্রিয়ট্), *n.* স্বদেশবাসী ; Fellow-countryman.

Compeer (কম্পীয়ার্), *n.* বয়স্য ; Companion or colleague ; সমপদস্থ ব্যক্তি ; An equal.

Compel (কম্পেল্), *v. t.* (-ll-) বাধ্য করা ; Oblige, force. *a.*=compellable. *n.*=compeller.

Compendious (কম্পেন্‌ডিয়াস্), *a.* সংক্ষিপ্ত ; ক্ষুদ্র ; Brief ; short.

Compendium (কম্পেণ্ডিয়াম্), *n.* সংক্ষিপ্তসার ; Abridgement.

Compensate (কম্পিন্‌সেট্), *v. t. i.* প্রতিদান করা ; Recompense ; ক্ষতিপূরণ করা ; Make amends for.

Compensation (কম্পিন্‌সেশন্), *n.* প্রতিদান ; Recompense ; ক্ষতিপূরণ ; Compensating.

Compensatory (কম্পেন্‌সেটরি), *a.* ক্ষতিপূরক ; Making amends.

Compensatory allowance—ক্ষতি পূরণ হিসাবে ভাতা, পূর্ত্তি অর্থিদেয়।

Compere (কম্‌পেয়ার্), *n.* ইত্যাদিতে যে শিল্পীদের পরিচয় করা দেয় ; Introducer of artists an entertainment.

Compete (কম্পীট্), *v. t.* পাইবার জন্য চেষ্টা করা ; প্রতিযো করা ; Contend for a prize ; try get something which others want.

Competence (কম্পিটেন্স্), **Competency** (কম্পিটেন্সি), *n.* কর্ম্মদক্ষ Ability ; স্বচ্ছন্দে বাস করিবার যথেষ্ট আয় ; An income large enou to live in comfort.

Competent (কম্পিটেণ্ট্), *a.* উপযু Fit ; কর্ম্মদক্ষ ; Having suffici ability.

Competition (কম্পিটিশন্), *n.* প্র যোগিতা ; Rivalry ; contest.

Competitive (কম্পেটিটিভ্), প্রতিযোগিতামূলক ; Having to with competition (*competit* examination).

Competitor (কম্পেটিটর্), *n.* প্রতি প্রতিযোগী ; Rival or opponent ; who competes.

Compilation (কম্পিলেশন্), *n.* সঙ্ক Act of compiling ; সঙ্কলিত গ্রন্থ That which is collected togeth as book.

Compile (কম্পাইল্), *v. t.* সঙ্কলন ক Select and put together (to *pile* a dictionary). *n.*=compiler.

Complacence (কম্‌প্লেসেন্স্), **Complacency** (কম্‌প্লেসেন্সি), *n.* প্রসাদ ; সুখ ; Self-satisfaction pleasure.

Complacent (কম্‌প্লেসেণ্ট্), *a.* তৃপ্ত, প্রসন্ন ; Self-satisfied.

Complain (কম্‌প্লেন্), *v. i. t.* কি

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

করা; অসন্তোষ প্রকাশ করা; Lament; murmur; অভিযোগ করা; Accuse.

Complainant (কম্‌প্লেন্যান্ট্), *n.* অভিযোক্তা; বাদী; Prosecutor or plaintiff.

Complaint (কম্‌প্লেন্ট্), *n.* বিলাপ, অসন্তোষ প্রকাশ; An expression of dissatisfaction; পীড়া; Disease (a heart *complaint*); অভিযোগ; Charge against any one or thing; অসন্তোষের কারণ; A cause of dissatisfaction (my chief *complaint* is...).

Complaisance (কম্‌প্লিজ্যান্স্), *n.* সৌজন্য, শিষ্টাচার; ভদ্রতা; Courtesy; civility.

Complaisant (কম্‌প্লিজ্যান্ট্), *a.* শিষ্ট; সুশীল; ভদ্র, বিনয়ী; Courteous; well-bred; polite.

Complement (কম্‌প্লিমেন্ট্), *n.* পূরক; That which completes or fills up; পূর্ণ সংখ্যা; Full number; বিধেয়ের পূরক শব্দ; The word or words that complete the predicate.

Complementary (কম্‌প্লিমেন্ট্যারি), *a.* অভাবপূরক; পরিপূরক; Supplying a deficiency; fully completing (*complementary* angles).

Complete (কম্‌প্লীট্), *a.* পূর্ণ; Entire; সমাপ্ত; Finished; concluded; একেবারে, সম্পূর্ণ; Thorough (a *complete* stranger):—*v. t.* শেষ করা; Finish; সম্পন্ন করা; Accomplish.

Completely (কম্‌প্লীট্‌লি), *ad.* সম্পূর্ণভাবে; Fully; পরিপাটিরূপে; Thoroughly.

Completion (কম্‌প্লিশন্), *n.* সমাপ্তি; Accomplishment; পূর্ণাবস্থা; Perfect state; সমাপন; Act of completing.

Complex (কম্‌প্লেক্স্), *a.* জটিল; দুরূহ; Complicated; difficult; মিশ্রিত; Composite (a *complex* sentence).

Complexion (কম্‌প্লেক্‌শন্), *n.* (মুখের) বর্ণ; Colour of the skin, esp. of the face; আকার-প্রকার; General appearance.

Complexional (কম্‌প্লেক্‌শন্যাল্), *a.* বর্ণসংসৃষ্ট; বর্ণমূলক; Depending on or pertaining to complexion.

Complexity (কম্‌প্লেক্‌সিটি), *n.* জটিলতা; Intricacy; জটিল বিষয়; A thing that is complex.

Compliance (কম্‌প্লায়্যান্স্), *n.* সম্মতি; Consent; বশ্যতা; Disposition to comply; আদেশানুসারে কার্য্যকরণ; Act of complying. **In compliance with**—আদেশানুসারে বা ইচ্ছানুসারে।

Compliant (কম্‌প্লায়্যান্ট্), *a.* শিষ্ট; বিনয়ী; Civil; submissive.

Complicacy (কম্‌প্লিক্যাসি), *n.* জটিলতা; Complexity.

Complicate (কম্‌প্লিকেট্), *v. t.* জড়িত করা; অধিকতর জটিল বা দুরূহ করা; Make complex; make more difficult (that *complicates* matter):—*a.* জটিল; Intricate.

Complicated (কম্‌প্লিকেটেড্), *a.* বহু অংশে গঠিত; বুঝিতে বা করিতে দুরূহ; Made up of many parts; difficult to do or understand (a *complicated* piece of business).

Complication (কম্‌প্লিকেশন্), *n.* জটিল অবস্থা; A confused condition; জটিলতা সৃষ্টিকারী বস্তু; Something that makes a matter difficult; রোগের উপরে অন্যান্য উপসর্গ; New ailments in addition to what a person is suffering from.

Complicity (কম্‌প্লিসিটি), *n.* কুকর্ম্মের সহকারিতা; Condition of being an accomplice.

Compliment (কম্‌প্লিমেন্ট্), *n.* শিষ্টাচার; অভিনন্দন; A polite act,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

showing admiration, etc. ; প্রশংসা-প্রকাশ ; An expression of admiration :—*pl.* অভিনন্দন ; Greetings (*compliments* of the season) :—*v. t.* প্রশংসা করা ; অভিনন্দন জানান ; Praise ; congratulate.

Complimentary (কম্‌প্লিমেণ্ট্যারি), *a.* সম্মানসূচক ; প্রশংসাসূচক ; Expressing praise or admiration ; বিনামূল্যে সাদরে প্রদত্ত (*complimentary* ticket).

Comply (কম্‌প্লাই), *v. i.* সম্মত হওয়া ; স্বীকৃত হওয়া ; Agree ; consent ; অন্যের ইচ্ছানুসারে কার্য্য করা ; Yield to the wishes of another ; সম্মতি দেওয়া ; Assent to. *p. t.* & *p. p.*=complied. *n.*=complier.

Componendo (কম্‌পোনেন্‌ডো), *n.* যোগক্রিয়া ; Act of adding.

Component (কম্‌পোনেণ্ট্), *n.* উপাংশ ; মিশ্রিত পদার্থের উপাদান ; One of the elements of a compound :—*a.* উপাদানীভূত ; অংশীভূত ; Constituent.

Comport (কম্‌পোর্ট্), *v. t.* আচরণ করা ; Behave ; conduct,—with a reflexive pronoun :—*v. i.* সম্মত হওয়া ; উপযুক্ত হওয়া ; Agree ; suit.

Comportable (কম্‌পোর্ট্যাব্‌ল্), *a.* উপযুক্ত ; সঙ্গত ; Suitable ; consistent.

Comportment (কম্‌পোর্ট্‌মেণ্ট্), *n.* আচরণ ; Behaviour.

Compose (কম্‌পোজ্), *v. t.* একত্র করা ; Put together ; রচনা করা ; Write as an author ; মীমাংসা করা ; Settle ; সান্ত্বনা দেওয়া ; স্থির করা ; Pacify ; quiet ; মুদ্রাক্ষর বিন্যাস করা ; Set up types.

Composed (কম্‌পোজ্‌ড্), *a.* শান্ত ; স্থির ; Calm ; tranquil ; মীমাংসিত ; স্থিরীকৃত ; Settled ; adjusted.

Composedly (কম্‌পোজ্‌ড্‌লি), *ad.* শান্তভাবে ; Calmly.

Composer (কম্‌পোজ্‌রার্), *n.* সুরকার ; One who composes, esp. music.

Composite (কম্‌পজ্‌রিট্), *a.* মিশ্রিত ; Composed of two or more distinct parts. **Composite carriage** —যে রেলগাড়ীতে নানা শ্রেণীর কামরা থাকে।

Composition (কম্‌পোজ্‌রিশন্), *n.* রচনা ; প্রবন্ধ ; Writing ; মিশ্রণ ; Mixture ; একত্রীকৃত সংস্থিতি, রচনা ; Formation ; মীমাংসা ; সন্ধি ; Adjustment ; agreement ; রফা ; বন্দোবস্ত ; Discharge of a debt by paying a part ; সংশ্লেষণ ; Synthesis ; অক্ষরবিন্যাস ; Act of setting up types.

Compositor (কম্‌পজ্‌রিটর্), *n.* কম্পোজিটর ; অক্ষরযোজক ; One who sets up types.

Compost (কম্‌পস্ট্), *n.* সার ; মিশ্রসার ; Mixture for manure.

Composure (কম্‌পোজ্‌রার্), *n.* স্থৈর্য্য ; Calmness ; আত্মস্থতা, উদ্বেগহীনতা ; Self-possession.

Compote (কম্‌পোট্), *n.* মোরব্বা ; Fruit in syrup.

Compound (কম্‌পাউণ্ড্), *v. t. i.* মিশ্রিত করা বা হওয়া ; একত্র করা বা হওয়া ; Mix or combine ; আপোষে মিটাইয়া ফেলা ; Settle amicably :—*a.* যৌগিক ; মিশ্র ; সঙ্কর ; অসরল ; Composed of elements, ingredients or parts ; not simple :—*n.* মিশ্রিত বা যৌগিক পদার্থ ; Mass, made up of a number of parts ; বাড়ীর সংলগ্ন বেষ্টিত স্থান ; Enclosure in which houses stand. **Compound eye**—ক্ষুদ্র ক্ষুদ্র চোখের সমষ্টি, পুঞ্জাক্ষি। **Compound interest** —চক্রবৃদ্ধি (হারে সুদ)।

Compounder (কম্‌পাউণ্ডার্), *n.* ঔষধ মিশ্রণকারী, মিশ্রকী ; One who mixes different kinds of medicine.

Comprehend (কম্‌প্রিহেণ্ড্), *v. t.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্তর্ভুক্ত করা; Include; হৃদয়ঙ্গম করা; Understand fully.

Comprehensible (কম্‌প্রিহেন্সিব্‌ল্), *a.* বোধগম্য; That can be understood.

Comprehension (কম্‌প্রিহেন্‌শন্), *n.* বোধশক্তি; Capacity of the mind to understand; অন্তর্ভুক্তির ক্ষমতা বা অন্তর্ভুক্তি; The power or act of including.

Comprehensive (কম্‌প্রিহেন্‌সিভ্), *a.* ব্যাপক; বিস্তীর্ণ; Including much (a *comprehensive* description); অধিক ধীশক্তিসম্পন্ন; Having the quality to understand much.

Compress (কম্‌প্রেস্), *v. t.* সংক্ষিপ্ত করা; সঙ্কুচিত করা; চাপিয়া ক্ষুদ্র করা; Bring within narrow limits; press together; condense :—*n.* ক্ষতস্থানে দিবার জন্য নেকড়ার গদি; Folds of linen, used in surgery to apply due pressure to any part. *n.*=compressor.

Compressibility (কম্‌প্রেসিবিলিটি), *n.* সঙ্কোচনশীলতা; The property that bodies have of being reduced in bulk by pressure.

Compressible (কম্‌প্রেসিব্‌ল্), *a.* সঙ্কোচনশীল; That may be compressed.

Compression (কম্‌প্রেশন্), *n.* সঙ্কোচন; সংযমন; Act of forcing into a narrow compass.

Comprise (কম্‌প্রাইজ্), *v. t.* অন্তর্ভুক্ত করা; গঠন করা; Include; consist of (parts); ধারণ করা; Contain.

Compromise (কম্প্রমাইজ্), *n.* রফা; আপোষ-মীমাংসা; Settlement of difference by mutual promise or concession :—*v. t.* আপোষে নিষ্পত্তি করা; Adjust and settle by mutual agreement and concessions; বিপদ্‌গ্রস্ত করা; Put to hazard; বিজড়িত করা; Involve.

Comptroller (কম্প্‌ট্রোলার্)—See **Controller.**

Compulsion (কম্‌পাল্‌শন্), *n.* বলপ্রয়োগ; Coercion; বাধ্যবাধকতা; Necessity.

Compulsory (কম্‌পাল্‌সরি), *a.* আবশ্যিক; That must be done or had (*compulsory* primary education). *ad.*= compulsorily.

Compunction (কম্‌পাঙ্ক্‌শন্), *n.* অনুশোচনা; Remorse; বিবেকদংশন; Pricking of conscience.

Compunctious (কম্‌পাঙ্ক্‌শাস্), *a.* অনুতপ্ত; Repentant.

Computable (কম্পিউট্যাব্‌ল্), *a.* গণনীয়; That can be numbered or reckoned.

Computation (কম্‌পিউটেশন্), *n.* গণনা; হিসাব; Calculation; estimate.

Compute (কম্‌পিউট্), *v. t.* গণনা করা; সংখ্যা করা; হিসাব করা; Count; number; estimate; calculate.

Computor (কম্‌পিউটর্), *n.* মুহুরী; হিসাবকারী; One who computes.

Comrade (কম্‌রেড্, কাম্‌রিড্), *n.* সহচর; সঙ্গী; Intimate companion; associate.

Con (কন্), *v. t.* মুখস্থ করা; যত্নসহকারে অধ্যয়ন করা; Commit to memory; study carefully (*con* a lesson). *pr. p.*=conning. *p. t.* & *p. p.*= conned.

Con (কন্)—Contraction of Latin *contra* :—*ad.* বিরুদ্ধে; Against. **Pro and con**—স্বপক্ষে ও বিপক্ষে; For and against (the *pros and cons* of a thing).

Concatenation (কন্‌ক্যাটিনেশন্), *n.* শৃঙ্খলা; শ্রেণীপরম্পরা; একত্র সংবদ্ধ শৃঙ্খল-শ্রেণী; Series of links united.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Concave (কন্‌কেভ্), *a.* অবতল ; With hollow curved inward ; of interior carvature (*oppo.*=convex) : —*n.* খিলান ; ফাঁপা বস্তুর ভিতর-পিঠ ; শূন্যগর্ভ স্থান ; Arch ; vault ; hollow.

Concavity (কন্‌ক্যাভিটি), *n.* ফাঁপা বস্তুর ভিতর-দিক্ ; Inner surface of a concave, or hollow body.

Conceal (কন্‌সীল্), *v. t.* গোপন করা ; লুক্কায়িত করা ; Keep secret ; hide.

Concealment (কন্‌সীল্‌মেণ্ট্), *n.* গোপন ; Secrecy ; লুকাইবার জায়গা ; Hiding-place.

Concede (কন্‌সীড্), *v. t. i.* স্বীকার করা ; সত্য বলিয়া স্বীকার করা ; Grant ; admit to be true ; অধিকার ইত্যাদি দেওয়া ; Grant (a right or privilege) ; (কাহাকেও) পাইতে অনুমতি দেওয়া ; Allow to have.

Conceit (কন্‌সীট্), *n.* আত্মশ্লাঘা ; অহমিকা ; Vanity ; over-estimation of one's own self ; (প্রাচীন ব্যবহার) সরস ও বুদ্ধিদীপ্ত বাক্য বা উপমা ; A humorous, witty and clever expression or comparison. **Out of conceit with**—(কাহারও প্রতি) অতীত প্রীতিহীন, অসন্তুষ্ট ; No longer pleased with.

Conceited (কন্‌সীটেড্), *a.* আত্মাভিমানী ; দাম্ভিক ; Vain ; egotistical.

Conceivable (কন্‌সীভ্যাব্‌ল্), *a.* বোধগম্য ; That may be understood ; অনুমেয় ; Imaginable.

Conceive (কন্‌সীভ্), *v. t. i.* গর্ভে ধারণ করা ; Receive into the womb and breed ; কল্পনা করা ; চিন্তা করা ; Comprehend ; imagine ; গর্ভবতী হওয়া ; Become pregnant.

Concentrate (কন্‌সেন্‌ট্রেট্), *v. t. i.* কেন্দ্রীভূত করা ; একত্র করা ; Bring to a common centre or point ; সন্নিকৃষ্ট করা, অল্পায়তন করা ; জমাট করা ; Bring into a closer union or narrower compass ; condense ; একই বিষয়ে সমস্ত মন অর্পণ করা ; Employ all one's attention upon a certain object. **Concentrated**—ঘনীভূত।

Concentration (কন্‌সেন্‌ট্রেশন্), সমাহরণ, এক কেন্দ্রে মিলন ; ঘনীভূতকরণ ; Act of bringing to a common centre ; condensation ; একাগ্রতা ; Keeping of the mind fixed on something. **Concentration of mind**—মনের একাগ্রতা। **Concentration camp**—বন্দীশিবির।

Concentrative (কন্‌সেন্‌ট্রেটিভ্), কেন্দ্রাভিসারী ; Tending to concentrate.

Concentric (কন্‌সেন্‌ট্রিক্), *a.* সমকেন্দ্রীয় ; সমকেন্দ্র ; Having a common centre.

Concept (কন্‌সেপ্ট্), *n.* ধারণা, মনোভাব ; Notion ; কল্পিত বিষয় ; Thing conceived.

Conception (কন্‌সেপ্‌শন্), *n.* গর্ভধারণ ; Act of conceiving ; মনোভাব ধারণা ; Notion ; idea ; ধারণাশক্তি ; Faculty of forming an idea. *a.*=conceptive.

Conceptualism (কন্‌সেপ্‌চুয়্যালিজ্‌ম্) *n.* বস্তু-নিরপেক্ষ বস্তুর সাধারণ ধর্ম্মের জ্ঞান হইতে পারে এরূপ মতবাদ ; Doctrine that general properties can be conceived in the mind apart from any concrete embodiment.

Concern (কন্‌সার্ণ্), *n.* উদ্বেগ ; Anxiety ; সংস্রব ; Relation ; ব্যবসায়-প্রতিষ্ঠান ; Firm or enterprise :—*v. t.* সংস্রব রাখা ; Relate ; সংসৃষ্ট হওয়া ; Affect or interest ; অস্বস্থী করা ; Make uneasy (his illness *concerns* me).

Concerned (কন্‌সার্ণ্‌ড্), *a.* সংসৃষ্ট ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Having connection with; উদ্বিগ্ন; Anxious (much *concerned* about his illness); মনোযোগী; Interested.

Concerning (কন্‌সার্ণিং), *prep.* সম্বন্ধে; বিষয়; About; regarding.

Concernment (কন্‌সার্ণমেণ্ট্), *n.* ব্যাপার; Affair; উদ্বেগ; Anxiety; আবশ্যকতা; Importance.

Concert (কন্‌সার্ট্), *n.* যোগ; মতের মিল; যোগদান; Union; agreement in a design or plan; একতান সঙ্গীত; Musical harmony; সঙ্গীতানুষ্ঠান; Musical entertainment. **In concert**—সকলে মিলিয়া; All together (*with*).

Concerted (কন্‌সার্টিড্), *a.* অনেকজন কর্তৃক পরিকল্পিত বা ব্যবস্থাকৃত; Planned or arranged by several (*concerted* action). [বিশেষ।

Concertina (কন্‌সার্টিন্যা), *n.* বাদ্যযন্ত্র-

Concerto (কন্‌চের্‌টো), *n.* গানবিষয়ক রচনা; Composition for solo instrument(s) accompanied by orchestra.

Concession (কন্‌সেশন্), *n.* অনুমোদন; দান বা অর্পণ; বাদ-সাদ, রেয়াত; Act of granting or conceding; অনুগ্রহ; রেয়াত; দান; Grant; thing conceded.

Concessionaire (কন্‌সেশনেয়ার্), *n.* অনুগৃহীত ব্যক্তি; One who has obtained a concession.

Concessive (কন্‌সেসিভ্), *a.* অনুমোদনসূচক; শর্তসূচক; Implying an admission (*e. g., although*, a conj. implying an admission).

Conch (কংক্), *n.* শঙ্খ; বাদ্যশঙ্খ; Marine shell; (*myth.*) shell used as a trumpet.

Conchology (কংকলজি), *n.* শঙ্খবিজ্ঞান; Science of shell and of shell-fish.

Conciliate (কন্‌সিলিয়েট্), *v. t.* রাজি করান; অনুরক্ত করা; সন্তুষ্ট করা; Win over; reconcile; make friendly; শান্ত করা; Pacify.

Conciliation (কন্‌সিলিয়েশন্), *n.* অনুরঞ্জন; সন্তুষ্টিসাধন; Act of winning over; propitiation; পুনর্ম্মিলন; Reconciliation; শান্তকরণ; Pacification.

Conciliator (কন্‌সিলিয়েটর্), *n.* শান্তিকারক; Peace-maker.

Conciliatory (কন্‌সিলিয়েটরি), *a.* অনুরঞ্জক; শান্তিজনক; প্রীতিজনক; Winning; pacific; friendly (a *conciliatory* spirit).

Concinnity (কন্‌সাইনিটি), *n.* রচনাশৈলীর পরিচ্ছন্নতা; Neatness of literary style.

Concise (কন্‌সাইস্), *a.* সংক্ষিপ্ত; Brief.

Concision (কন্‌সিঝ্ন্), *n.* সংক্ষেপ; Conciseness.

Conclave (কন্‌ক্লেভ্), *n.* পোপ নির্ব্বাচনার্থ ধর্ম্মাধ্যক্ষগণের গুপ্তসভা; Private meeting of cardinals for election of Pope.

Conclude (কন্‌ক্লুড্), *v. t. i.* শেষ করা বা হওয়া; Bring to an end; come to an end; নিষ্পত্তি করা; Settle; সিদ্ধান্তে উপনীত হওয়া; Arrive at a judgement by reasoning.

Concluding (কন্‌ক্লুডিং), *a.* অন্তিম; চরম; Final; শেষ ভাগের; Closing.

Conclusion (কন্‌ক্লুঝ্ন্), *n.* শেষ; অবসান; সমাপ্তি; Close; termination; end; সিদ্ধান্ত; অনুমান; Deduction or inference; নিষ্পত্তি; বিচার; Final determination; judgement; সর্ব্বশেষ অংশ; Last part. **Foregone conclusion**—পূর্ব্ব হইতে স্থিরীকৃত বিষয়; Predetermination. **In conclusion**—অবশেষে; At last.

Conclusive (কন্‌ক্লুসিভ্), *a.* শেষ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চূড়ান্ত ; নিঃসন্দিগ্ধ ; Final ; decisive ; definite.

Concoct (কন্‌কক্‌ট্), *v. t.* মিশ্রিত করিয়া প্রস্তুত করা ; Prepare by mixing together ; মিথ্যা সাজান ; Fabricate.

Concoction (কন্‌কক্‌শন্), *n.* অভিসন্ধি ; Contrivance ; প্রস্তুতকরণ ; Preparation ; মিশ্রিত তরল পদার্থ বা সাজান গল্প ; Concocted liquid or story.

Concomitance (কন্‌কমিট্যান্স্), *n.* একত্রে অবস্থিতি ; Co-existence.

Concomitant (কন্‌কমিট্যান্ট্), *a.* সহগামী ; সংযুক্ত ; Accompanying ; attending (*concomitant* circumstances) :—*n.* সহগামী বস্তু ; A thing that goes with another (sleeplessness is often a *concomitant* of anxiety).

Concord (কঙ্কর্ড্), *n.* মিলন ; একতা ; Harmony ; union ; অন্বয় ; Agreement or proper relation of words in a sentence ; একতান, সুরের মিল ; Concert.

Concordance (কন্‌কর্ড্যান্স্), *n.* ঐক্য ; Agreement ; নির্ঘণ্ট ; Index ; glossary.

Concordant (কন্‌কর্ড্যান্ট্), *a.* ঐক্যতানিক ; মিলিত ; Harmonious ; united.

Concordat (কন্‌কর্‌ড্যাট্), *n.* সন্ধি ; [Compact.

Concourse (কংকোর্স্), *n.* জনতা ; সমবায় ; Assemblage of men or things ; জনমণ্ডলীর মিলন স্থল ; A place where crowds have gathered ; একসঙ্গে প্রবহণ বা সঞ্চরণ ; Flowing or moving together.

Concrete (কন্‌ক্রীট্), *a.* জমাটবদ্ধ ; Formed into one mass ; বাস্তব ; Real ; স্থূল ; মূর্ত্ত ; Conceived as an object with its attributes (*oppo.* = abstract) :—*n.* মিশ্রপিণ্ড ; Compounded mass ; বালি, সিমেণ্ট প্রভৃতি গৃহ-নির্ম্মাণের উপাদানসমূহের মিশ্রণ ; Compound mixture of cement, sand, pebbles, etc. used in building ; *v. t. i.* জমাটবদ্ধ করা বা হওয়া ; Form or be formed into a mass ; জমিয়া হওয়া ; Hardened by being solidified.

Concrete number—বদ্ধ সংখ্যা। **Concrete noun**—বস্তুবাচক বিশেষ্য। **In the concrete**—বাস্তবক্ষেত্রে ; In the sphere of reality.

Concretion (কন্‌ক্রীশন্), *n.* পিণ্ড ; তাল ; Lump ; পাথুরী ; Solid growth in animal bodies ; ঘনীভবন ; Coagulation.

Concubinage (কংকিউবিনিজ্), *n.* স্ত্রী-পুরুষের অবৈধ সহবাস ; Cohabitation of man and woman without being married.

Concubine (কংকিউবাইন্), *n.* উপপত্নী ; Woman who cohabits with a man without being married.

Concupiscence (কংকিউপিসেন্স্), *n.* কামুকতা ; Sexual lust.

Concupiscent (কংকিউপিসেন্ট্), *a.* কামুক ; Indulging in sexual lust.

Concur (কন্‌কার্), *v. i.* (-rr-) এক স্থানে মিলিত হওয়া ; Coincide ; একমত হওয়া ; সম্মত হওয়া ; Agree ; assent to ; একসময়ে ঘটা ; Occur together.

Concurrence (কন্‌কারেন্স্), *n.* মিলন ; যোগ ; Union ; সম্মতি ; Consent ; একযোগে কর্ম্মকরণ ; Joint action.

Concurrent (কন্‌কারেন্ট্), *a.* একত্র মিলনশীল ; Existing together ; সহগামী ; Co-operating ; accompanying. **Concurrent list**—সহগামী সূচী। **Concurrent jurisdiction**—সহাধিকার-ক্ষেত্র।

Concussion (কন্‌কাশ্‌ন্), *n.* দুই বস্তুর আকস্মিক সংঘর্ষণে দারুণ আঘাত ; Violent shock caused by

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

sudden contact of two bodies; আলোড়ন; Agitation. **Concussion of the brain**—প্রচণ্ড আঘাতে মস্তিষ্কের গুরুতর আলোড়ন বা ক্ষতি; Injury of the brain from heavy blow.

Condemn (কন্‌ডেম্), *v. t.* তিরস্কার করা; নিন্দা করা; Censure; blame; দণ্ডবিধান করা; Pronounce judicial sentence against (*condemned* to death); অকর্ম্মণ্য স্থির করা; Pronounce unfit for use or service; দোষী সাব্যস্ত করা; Pronounce guilty; বাজেয়াপ্ত হইয়াছে এইরূপ স্থির করা; Declare to be forfeited.

Condemnable (কন্‌ডেম্‌ন্যাব্‌ল্), *a.* দণ্ডার্হ; Deserving punishment; নিন্দনীয়; Censurable.

Condemnation (কন্‌ডেম্‌নেশন্), *n.* নিন্দা; দোষারোপ; Blame; দণ্ড; Punishment; নিন্দার কারণ; Cause of blame; ভর্ৎসনা; Censure.

Condemnatory (কন্‌ডেম্‌ন্যাটরি), *a.* দণ্ডসূচক; নিন্দাসূচক; Containing or implying condemnation.

Condensation (কন্‌ডেন্‌সেশন্), *n.* ঘনীভবন; ঘনীভূতকরণ; Act of making or being dense; ঘনীভূত বস্তু; That which is made dense.

Condense (কন্‌ডেন্স্), *v. t. i.* ঘন করা বা হওয়া; Make or become dense; চাপিয়া ক্ষুদ্র আয়তন করা; Compress into a smaller compass; বাষ্প হইতে তরল পদার্থে বা তরল পদার্থ হইতে কঠিন পদার্থে পরিণত হওয়া; Be reduced from vapour to liquid or from liquid to solid.

Condenser (কন্‌ডেন্সার্), *n.* বাষ্পকে জলরূপে পরিণত করিবার পাত্র; Apparatus for reducing vapours to a liquid form; তড়িৎ সংগ্রহ করিবার যন্ত্র; Appliance for storing electricity.

Condescend (কন্‌ডিসেণ্ড্), *v. i* প্রসন্ন হওয়া; হীনতা স্বীকার করা; Vouchsafe; lower oneself; দয়াশীল হওয়া; Be gracious.

Condescending (কন্‌ডিসেণ্ডিং), *a.* শিষ্টাচারী; বিনীত; Courteous; submissive.

Condescension (কন্‌ডিসেন্‌শন্), *n.* শিষ্টাচার; নম্রতা; অনুকম্পা; Courtesy; submissiveness; favour.

Condign (কন্‌ডাইন্), *a.* যথোপযুক্ত; সমুচিত; Adequate; well-deserved (*condign* punishment).

Condiment (কণ্ডিমেণ্ট্), *n.* আচার; চাট্‌নি; মসলা; Sauce; a seasoning.

Condition (কণ্ডিশন্), *n.* দশা, অবস্থা; State (I am now in a terrible *condition*); কড়ার; শর্ত্ত; Terms of agreement; stipulation; পদমর্য্যাদা; Rank (men of all *conditions*):—*pl.* পরিবেশ, পারিপার্শ্বিক অবস্থা; Circumstances (under existing *conditions*):—*v. t.* যে শর্ত্তে মিটমাট হইবে তাহা স্বীকার করা; Agree upon; নিয়ন্ত্রিত করা; Regulate (choice is *conditioned* by supply); ঠিক বা যোগ্য করা; Make fit. **On condition that**—যদি; Provided that. **Condition precedent**—যে শর্ত্ত পূরণ না হইলে দলিলাদি কার্য্যকরী হয় না; The condition that must be fulfilled before a bequest, etc. becomes valid.

Conditional (কণ্ডিশন্যাল্), *a.* শর্ত্তমূলক; সপ্রতিবন্ধ, সাপেক্ষ; Containing or depending on certain terms; (*gram.*) শর্ত্তসূচক (a *conditional* clause). *ad.*=conditionally.

Conditioned (কণ্ডিশণ্ড্), *a.* শর্ত্তমূলক, সপ্রতিবন্ধ; Having a condition, conditional.

Condole (কণ্ডোল্), *v. i.* সহানুভূতি প্রকাশ করা; Sympathise in sorrow.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Condolence (কন্‌ডোলেন্স্), *n.* পরদুঃখে দুঃখপ্রকাশ : Expression of grief for another's sorrow (accept my *condolences*). **Condolence meeting** —শোকসভা।

Condonation (কন্‌ডনেশন্), *n.* ক্ষমা ; Forgiveness.

Condone (কন্‌ডোন্), *v. t.* ক্ষমা করা ; Forgive.

Conduce (কণ্ডিউস্), *v. i.* সাধন বা উৎপন্ন করিতে সাহায্য করা ; Tend to produce or effect (good health *conduces* to happiness).

Conducive (কণ্ডিউসিভ্), *a.* সহায়ক ; Such as to contribute to (fresh air is *conducive* to health).

Conduct (কণ্ডাক্‌ট্), *v. t. i.* পথ প্রদর্শন করা ; Lead, guide or direct ; পরিচালন করা ; নির্ব্বাহ করা ; বহন করা ; Manage ; carry ; পথে সঙ্গে যাইয়া রক্ষা করা ; Escort ; সঞ্চালিত করা ; Transmit, as heat, electricity, etc. ; (*reflex.*) ব্যবহার করা ; Behave (he *conducts* himself well) :—*n.* পরিচালন, পথ-প্রদর্শন ; Guidance ; সেনাপতিত্ব ; Generalship ; ব্যবহার ; Behaviour; ব্যবস্থা, পরিচালন; Management. **Conduct of business**—কার্য্য-পরিচালন।

Conduction (কণ্ডাক্‌শন্), *n.* সঞ্চালন, পরিবহণ ; Transmission.

Conductive (কণ্ডাক্‌টিভ্), *a.* সঞ্চালন-গুণবিশিষ্ট ; পরিবাহী ; Having the quality or power of conducting.

Conductivity (কণ্ডাক্‌টিভিটি), *n.* পরিবাহিতা ; বস্তুর তাপ এবং বিদ্যুৎসঞ্চালন-শক্তি ; Power that bodies have of transmitting heat and electricity.

Conductor (কণ্ডাক্‌টর্), *n.* পথপ্রদর্শক ; Guide ; নায়ক ; নেতা ; Chief ; leader ; ব্যবস্থাপক ; Manager ; পরিবাহী ; সঞ্চালনী-শক্তি-বিশিষ্ট পদার্থ ; Substance capable of transmitting electric[illegible] heat, etc. ; বিজলীদণ্ড ; Lightn[illegible] rod ; ট্রামগাড়ী প্রভৃতির পরিচালক ; O[illegible] in charge of a public veh[illegible] *fem.*=conductress.

Conduit (কান্‌ডিট্), *n.* জলের [illegible] পয়ঃপ্রণালী ; Channel or pipe for [illegible] conveyance of water ; aqueduc[illegible]

Cone (কোন্), *n.* শঙ্কু, গোলাকার [illegible] ক্রমসঙ্কীর্ণ চূড়াকার শীর্ষবিশিষ্ট বস্তু ; S[illegible] pointed figure with a circ[illegible] base ; দেবদারুজাতীয় বৃক্ষের ফল ; C[illegible] ical fruit of ever-green trees, as [illegible] the pine, fir, etc.

Coney, Cony (কোনি), *n.* শশক ; [illegible] গোস ; Rabbit.

Confabulate (কন্‌ফ্যাবিউলেট্), [illegible] গল্প করা ; Chat. *n.*=confabulati[illegible] confabulator. *a.*=confabulatory.

Confection (কন্‌ফেক্‌শন্), *n.* মিঠা[illegible] Sweetmeat ; মোরব্বা ; Comf[illegible] মিশ্রণ ; Composition ; মিশ্র [illegible] Mixture of drugs.

Confectioner (কন্‌ফেক্‌শনার্), [illegible] মোদক, ময়রা ; One who makes [illegible] sells sweetmeats.

Confectionery (কন্‌ফেক্‌শনারি), [illegible] মিষ্টান্ন ; Sweetmeats ; মিঠাই[illegible] দোকান ; Place for making or s[illegible] ing sweetmeats ; ময়রার ব্যবস[illegible] কারবার ; Business of a conf[illegible] tioner.

Confederacy (কন্‌ফেডার‍্যাসি), *n.* [illegible] মৈত্রী ; League ; alliance ; সন্ধি[illegible] আবদ্ধ ব্যক্তি, রাজ্য বা জাতি ; Pers[illegible] states or nations united by [illegible] league.

Confederate (কন্‌ফেডারেট্), *v. t.* [illegible] সন্ধি করা ; Ally ; সন্ধিদ্বারা [illegible] হওয়া ; Unite in a league :— সন্ধিবদ্ধ ব্যক্তি ; One united [illegible] a league ; মিত্র ; দুষ্কর্ম্মে সহ[illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Ally; accomplice :—*a.* সন্ধিবদ্ধ; Bound by a treaty.

Confederation (কন্‌ফেডারেশন্), *n.* সমাজ; চুক্তি অনুযায়ী মিলন; League; alliance; সন্ধিবদ্ধ ব্যক্তি বা জাতি; Parties to a league.

Confer (কন্‌ফার্), *v.* (*imperative*) দেখিয়া দেখ; Compare (abbr. = *cf.*).

Confer (কন্‌ফার্), *v. t. i.* (-rr-) দান করা; অর্পণ করা; Give; bestow (with *on*); কথোপকথন করা, পরামর্শ করা; Converse (with *with*).

Conferee (কন্‌ফারী), *n.* দানগ্রহীতা; One on whom something is conferred.

Conference (কন্‌ফারেন্স্), *n.* কথোপকথন; Formal discourse; পরামর্শসভা, সম্মেলন; Meeting for discussion.

Conferment (কন্‌ফার্‌মেণ্ট্), *n.* সম্মান ইত্যাদি প্রদান; The act of giving or granting (honours, etc.).

Confess (কন্‌ফেস্), *v. t. i.* (দোষ) স্বীকার করা; Own; acknowledge; সত্য বলিয়া স্বীকার করা; Admit as true; পাপ স্বীকার করা বা পাপস্বীকার শ্রবণ করা; Make or hear a confession.

Confessed (কন্‌ফেস্‌ট্), *p. a.* স্বীকৃত; Acknowledged; সুস্পষ্ট; Evident.

Confessedly (কন্‌ফেসেড্‌লি), *ad.* সর্ব্বসম্মতিক্রমে, সকলের স্বীকারোক্তিতে; Admittedly, avowedly.

Confession (কন্‌ফেশন্), *n.* স্বীকার; Acknowledgement; পুরোহিতের নিকট পাপস্বীকার; Acknowledgement of one's sins to a priest; ধর্ম্মমত সম্বন্ধে দৃঢ়স্বীকৃতি; Declaration of one's religious belief.

Confessional (কন্‌ফেশন্যাল্), *n.* পাপস্বীকার শ্রবণার্থ পুরোহিতের আসন বা কক্ষ; Seat or enclosed recess where a priest hears confessions :—*a.* পাপ-স্বীকার-সম্বন্ধীয়; Pertaining to confession.

Confessor (কন্‌ফেসর্), *n.* পাপ-শ্রোতা পুরোহিত; Priest who hears confessions.

Confidant (কন্‌ফিড্যাণ্ট্), *n.* যে লোকের নিকট গুপ্ত কথা ব্যক্ত করা যায়; Person to whom secrets can be entrusted. *fem.* = confidante.

Confide (কন্‌ফাইড্), *v. i. t.* পূর্ণমাত্রায় বিশ্বাস করা; নির্ভর করা; Trust wholly; rely; বিশ্বাস করিয়া কোন ব্যক্তির হস্তে সমর্পণ করা; Intrust or commit to the charge of.

Confidence (কন্‌ফিডেন্স্), *n.* বিশ্বাস; Trust; সাহসিকতা; Boldness; গুপ্ত কথা; Secret (they exchanged *confidences*). **In confidence**—গোপনে। **Take a person into one's confidence**—কাহাকেও গুপ্ত কথা প্রকাশ করা।

Confident (কন্‌ফিডেণ্ট্), *a.* অতি বিশ্বাসী; Very trustful; সাহসী; Bold; সুনিশ্চিত; Positive (with *of*).

Confidential (কন্‌ফিডেন্‌শ্যল্), *a.* বিশ্বস্ত; বিশ্রব্ধ, গোপনীয়; Trustworthy; secret.

Confidentially (কন্‌ফিডেন্‌শ্যালি), *ad.* গোপনে; In private.

Confiding (কন্‌ফাইডিং), *a.* সরলবিশ্বাসী; Credulous; প্রত্যয়শীল; বিশ্বাসপরায়ণ; Trustful.

Configuration (কন্‌ফিগিউরেশন্), *n.* বহিরাকৃতি; External form; গ্রহগণের আপেক্ষিক অবস্থান; Relative position of the planets. *v.* = configurate.

Confine (কন্‌ফাইন্), *n.* ধার; সীমা; Border; limit; (generally in *pl.*) অবরোধ; কয়েদ; Confinement;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

prison :—*v. t.* বদ্ধ করা ; কারারুদ্ধ করা ; Shut up ; imprison.

Confined (কন্‌ফাইণ্ড্), *a.* সীমাবদ্ধ ; Limited ; কারারুদ্ধ ; Imprisoned ; সঙ্কীর্ণ ; Narrow. **Be confined**—আঁতুড় ঘরে থাকা ; Be in child-bed.

Confinement (কন্‌ফাইন্‌মেণ্ট্), *n.* অবরোধ ; কারাবরোধ ; নির্জ্জনবাস ; Restraint ; imprisonment ; seclusion ; সন্তান-প্রসব ; Child-birth.

Confirm (কন্‌ফার্‌ম্), *v. t.* দৃঢ় করা ; Make firm ; অনুমোদন করা ; Ratify ; নিশ্চিত করা ; Render certain ; খ্রীষ্টান ধর্ম্মে পূর্ণ অধিকার বা দীক্ষা প্রদান করা ; Admit to full Christian privileges ; admit to full communion. *n.*= confirmer.

Confirmation (কন্‌ফার্‌মেশন্), *n.* দৃঢ়ীকরণ ; Act of confirming ; অনুমোদন ; Convincing testimony ; সমর্থন ; Ratification ; খ্রীষ্টধর্ম্মে পূর্ণ দীক্ষা ; Rite by which one is admitted to full communion.

Confirmative (কন্‌ফার্‌ম্যাটিভ্), **Confirmatory** (কন্‌ফার্‌ম্যাটরি), *a.* দৃঢ়ীকরণক্ষম ; সমর্থক ; Having the power of confirming.

Confirmed (কন্‌ফার্ম্‌ড্), *a.* স্থিরীকৃত ; Settled ; সুপ্রতিষ্ঠিত ; Strongly established (*confirmed* drunkard).

Confiscable (কন্‌ফিস্‌ক্যাব্‌ল্), *a.* বাজেয়াপ্ত হইবার যোগ্য ; Liable to be seized for the public treasury.

Confiscate (কন্‌ফিস্‌কেট্), *v. t.* ক্রোক করা ; বাজেয়াপ্ত করা ; Adjudge to be forfeited to the State.

Confiscation (কন্‌ফিস্‌কেশন্), *n.* বাজেয়াপ্ত করণ, উপগ্রহণ ; Act of confiscating.

Confiscator (কন্‌ফিস্‌কেটর্), *n.* ক্রোককর্ত্তা ; One who confiscates.

Confiscatory (কন্‌ফিস্‌ক্যাটরি), *a.* ক্রোককরণযোগ্য ; Effecting forfeiture.

Conflagration (কন্‌ফ্ল্যাগ্রেশন্), প্রকাণ্ড অগ্নিদাহ ; A wide-spread fire ; মহাযুদ্ধের আরম্ভ ; Outbreak of a great war.

Conflict (কন্‌ফ্লিক্‌ট্), *n.* পরস্পর সংঘর্ষ ; Violent collision ; বিবাদ ; Contest ; বিরোধ ; A strong disagreement :—*v. i.* বিরোধী হওয়া ; Be in opposition (my interests *conflicts* with yours).

Conflicting (কন্‌ফ্লিক্‌টিং), *a.* পরস্পর বিরোধী ; Clashing ; বিরুদ্ধ ; Contradictory ; বিপরীত ; Contrary.

Confluence (কন্‌ফ্লুয়েন্স্), *n.* সঙ্গমস্থল ; একত্র প্রবহণ ; Junction of two or more streams of water flowing together ; জনতা ; Concourse.

Confluent (কন্‌ফ্লুয়েণ্ট্), *a.* মিলিত একীভূত ; Merging into one :—মিলিত নদীর একটি ; A stream uniting and flowing with another.

Conflux (কন্‌ফ্লাক্‌স্)—Same as **Confluence.**

Conform (কন্‌ফর্‌ম্), *v. t. i.* অনুরূপ করা ; Make like ; সম্মত হওয়া ; আদেশমত কার্য্য করা ; Comply with ; yield or obey ; অনুরূপ হওয়া ; be of the same form (with *to*).

Conformable (কন্‌ফর্‌ম্যাব্‌ল্), অনুরূপ ; Similar ; উপযোগী ; Suitable ; বাধ্য ; Obedient. *ad.*=conformably.

Conformation (কন্‌ফর্‌মেশন্), গঠন ; আকার ; Particular form, shape or structure (the *conformation* of the land).

Conformist (কন্‌ফর্‌মিস্ট্), *n.* যে ইংলণ্ডীয় চার্চ্চের ধর্ম্মোপদেশ স্বীকার করে ; One who conforms, especially

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

to the worship of the Established Church.

Conformity (কন্‌ফর্‌মিটি), *n.* সাদৃশ্য ; তুল্যতা ; মিল ; Likeness ; similarity ; agreement ; মিল রাখিয়া কাজ ; Action that corresponds to what is laid down as rule or model. **In conformity with**—অনুসারে ; Doing accordingly.

Confound (কন্‌ফাউণ্ড্), *v. t.* মিশ্রিত করা ; Mingle ; বিশৃঙ্খল করা ; Throw into disorder ; ভুল করা ; Mistake for another ; হতবুদ্ধি করা ; Perplex ; বিস্মিত করা ; Astonish ; ব্যর্থ করা ; Defeat (plan, hope).

Confraternity (কন্‌ফ্রাটার্‌নিটি), *n.* ভ্রাতৃসঙ্ঘ, সম্প্রদায় ; Brotherhood, guild.

Confrere (কন্‌ফ্রের্), *n.* সমব্যবসায়ী ; Colleague ; সহকর্মী ; Fellow member of a profession, scientific body, etc.

Confront (কন্‌ফ্রাণ্ট্), *v. t.* (সাহসের সহিত) সম্মুখীন হওয়া ; Face (boldly) ; মুখোমুখি আনা ; Bring face to face (I am *confronted* by many difficulties) ; মুখোমুখি থাকা, বিপরীত দিকে থাকা (my house *confronts* yours).

Confuse (কন্‌ফিউজ্), *v. t.* এলোমেলো বা বিশৃঙ্খলিত করা ; Throw into disorder ; মনের মধ্যে গুলাইয়া ফেলা ; Mix up mentally ; পার্থক্য বুঝিতে না পারা ; Fail to see the difference between (I *confuse* the names of U. K. and U. S. A.).

Confusedly (কন্‌ফিউজ্‌ড্‌লি), *ad.* বিশৃঙ্খলভাবে, হতভম্বের মত ; In a confused manner.

Confusion (কন্‌ফিউঝ্‌ন্), *n.* গোলমাল, বিশৃঙ্খল অবস্থা ; Disorder (in the *confusion* that followed he left the place) ; লজ্জা, অপ্রতিভ অবস্থা ; Shame, embarrassment ; ভ্রমবশতঃ এক বিষয় বা পদার্থকে অন্য বিষয় বা পদার্থ বলিয়া গ্রহণ ; Mistaking one thing for another.

Confutable (কন্‌ফিউট্যাব্‌ল্), *a.* খণ্ডনীয় ; Refutable.

Confutation (কন্‌ফিউটেশন্), *n.* খণ্ডন ; Refutation.

Confute (কন্‌ফিউট্), *v. t.* খণ্ডন করা ; অপ্রমাণ করা ; মিথ্যা বলিয়া প্রতিপন্ন করা ; Refute ; prove to be false.

Conge (কংঝে), *n.* বিনা আড়ম্বরে বিদায়দান ; 'পত্রপাঠ বিদায়' ; Dismissal without ceremony.

Congeal (কন্‌জীল্), *v. t. i.* জমাট বাঁধান বা বাঁধা ; Cause to freeze or freeze ; কঠিন করা ; Turn from a fluid to a solid state by cold ; ঘন হওয়া ; Coagulate. *a.*=congealable.

Congelation (কন্‌জিলেশন্), *n.* ঘনীভূতকরণ ; ঘন করিবার প্রক্রিয়া ; Act or process of congealing ; ঘনীভবন ; Coagulation, concretion.

Congenial (কন্‌জীনিয়্যাল্), *a.* সহানুভূতিসম্পন্ন ; Sympathetic ; সমরুচিবিশিষ্ট ; Of the same taste ; উপযুক্ত ; Suitable ; মনোমত ; Agreeable (climate *congenial* to one's health).

Congenital (কন্‌জেনিট্যাল্), *a.* জন্মাবধি বিদ্যমান ; সহজাত ; Existing from the time of birth. **Congenital disease**—জন্ম-সঞ্চারিত রোগ ; Disease or deformity dating from birth.

Conger (কংগার্), *n.* বৃহৎ সামুদ্রিক বাইন মৎস্য ; Large sea eel.

Congeries (কঞ্জেরীজ্), *n. sing.* & *pl.* সংগৃহীত বস্তুনিচয়, স্তূপ ; Gathered mass.

Congest (কঞ্জেস্ট্), *v. i.* অতিশয় সঞ্চিত হওয়া ; Accumulate excessively.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Congested (কন্‌জেস্‌টিড্‌), *a.* অতিরিক্ত জনসমাকীর্ণ ; Overcrowded.

Congestion (কন্‌জেস্‌চন্‌), *n.* রক্তজমা ; পূর্ণতা ; Accumulation of blood ; fullness ; অতিরিক্ত জনসমাকীর্ণতা ; Overcrowded condition.

Conglomerate (কন্‌গ্লমারেট্‌), *a.* রাশীকৃত ; Gathered into a mass :—*n.* পরস্পর-গ্রথিত প্রস্তর-খণ্ড-রচিত শৈল ; Rock composed of pebbles cemented together :—*v. t. i.* রাশীকৃত করা বা হওয়া ; Gather or be gathered into a round body.

Conglomeration (কন্‌গ্লমারেশন্‌), *n.* রাশীকরণ ; Collection of things ; রাশীকৃত অবস্থা ; The state of being conglomerate ; বিভিন্ন স্থান হইতে সংগৃহীত বিভিন্ন পদার্থের মিশ্র স্তূপ ; A mixed collection of a number of separate things from different places.

Congou (কংগূ), *n.* একজাতীয় কৃষ্ণবর্ণ চা ; Species of black tea.

Congratulate (কন্‌গ্র্যাটিউলেট্‌), *v. t.* অভিনন্দন করা ; Wish joy to another. *n.*=congratulator. **Congratulate oneself**—আপনাকে ভাগ্যবান্‌ জ্ঞান করা ; Consider oneself lucky.

Congratulation (কন্‌গ্র্যাটিউলেশন্‌), *n.* (usu. *pl.*) অভিনন্দন ; অপরের সৌভাগ্য হেতু আনন্দ প্রদর্শন ; Act of congratulating ; an expression of joy at the good fortune of another.

Congratulatory (কন্‌গ্র্যাটিউলেটরি), *a.* অভিনন্দনসূচক ; Expressing congratulation.

Congregate (কংগ্রিগেট্‌), *v. t. i.* সমবেত করা ; Assemble ; জড় করা ; Gather together ; একত্র দলবদ্ধ হওয়া ; Flock together.

Congregation (কংগ্রিগেশন্‌), *n.* ধর্ম্মসভা ; Assembly, particularly f divine worship ; জনসমবায় ; Asse bly (*cf. audience*, for the peo in a theatre, etc.).

Congregational (কংগ্রিগেশন্যাল্‌), জনসমবায়-বিষয়ক. সভা-বিষয়ক ; Pe taining to a congregation.

Congress (কংগ্রেস্‌), *n.* সভা ; Meeti রাজনীতিঘটিত বিষয়ের আন্দোলনার্থ ম মহাসভা ; Meeting of ambassad or deputies ; conference ; আমেরি যুক্তরাষ্ট্রের সাধারণ ব্যবস্থাপক স Federal legislature of the Unite States and other American re publics. **Indian National Co gress**—ভারতের জাতীয় মহাসভা।

Congressional (কংগ্রেসান্যাল্‌), মহাসভা-সম্পর্কিত ; Having to do wi a congress (*congressional* debates

Congruence (কংগ্রুয়েন্স্‌), *n.* ঐক সঙ্গতি ; উপযোগিতা ; Agreement consistency ; suitableness ; fitness

Congruent (কংগ্রুয়েণ্ট্‌), *a.* উপযো ঐক্যবিশিষ্ট ; Suitable ; agreeing সর্ব্বসম ; Equal in all respects ; রূপ ; Correspondent.

Congruity (কংগ্রুয়িটি), *n.* ঐক Agreement ; সঙ্গতি ; Consistency.

Congruous (কংগ্রুয়াস্‌), *a.* সঙ্গ উপযোগী ; Consistent ; suitable ; ঐ যুক্ত ; Fit.

Conic (কনিক্‌), **Conical** (কনিক্যা *a.* মোচাকৃতি ; শঙ্কুর আকৃতিবিশি Having the form of or pertain to a cone.

Conics (কনিক্‌স্‌), *n.* জ্যামিতিশা অংশ-বিশেষ ; শঙ্কু-গণিত ; Part Geometry, which treats of t cone and its sections.

Conifer (কোনিফার্‌), *n.* মোচাকৃতি ক্ষুদ্র ফলপ্রসূ গাছ ; দেবদারুজাতীয় গা Cone-bearing plant.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Coniferous (কনিফারাস্), *a.* মোচাকৃতি ক্ষুদ্র ক্ষুদ্র ফলপ্রসূ; Cone-bearing.

Conjecturable (কন্‌জেক্‌চার্যাব্‌ল্), *a.* অনুমেয়; That may be conjectured.

Conjectural (কন্‌জেক্‌চার্যাল্), *a.* অনুমানিক; Depending upon conjecture.

Conjecture (কন্‌জেক্‌চার্), *n.* অনুমান; Guess; ধারণা; Idea :—*v. t. i.* অনুমান করা; আন্দাজ করা; Infer on slight evidence; guess.

Conjoin (কন্‌জয়িন্), *v. t. i.* সংযুক্ত করা বা হওয়া; Join together or unite.

Conjoint (কন্‌জয়িন্ট্), *a.* সংযুক্ত; United (*conjoint* action).

Conjugal (কন্‌জুগ্যাল্), *a.* দাম্পত্য; Matrimonial (*conjugal* happiness).

Conjugate (কন্‌জুগেট্), *v. t.* ধাতুরূপ করা; Give the various inflections or parts of a verb; সংযুক্ত করা; Join together :—(কন্‌জুগিট্), *n.* সমধাতু বা শব্দান্ত হইতে উৎপন্ন শব্দ; Word agreeing in derivation with another word :—*a.* সংলগ্ন, অনুবন্ধী; Joined.

Conjugation (কন্‌জুগেশন্), *n.* ধাতুরূপ; Scheme of verbal inflection; সংযোজন; Joining together.

Conjunct (কন্‌জাঙ্ক্‌ট্), *a.* পরস্পরের সহায়ক; Associated with, or assisting another, of two or more (*conjunct* professor).

Conjunction (কন্‌জাঙ্ক্‌শন্), *n.* সংযোগ; মিলন; Union; association; যুগপৎ সংঘটন; Simultaneous occurrence; সংযোজকাদি অব্যয় শব্দ; Connective word (*e.g.*, and). **In conjunction with**—একত্রে মিলিয়া; Together with.

Conjunctional (কন্‌জাঙ্ক্‌শন্যাল্), *a.* সংযোগ বা সংযোজক-অব্যয়-বিষয়ক; Pertaining to conjunction or a conjunction.

Conjunctive (কন্‌জাঙ্ক্‌টিভ্), *a.* সংযোজক; Connective; সংযোজক অব্যয়রূপে ব্যবহৃত; Serving as a conjunction.

Conjuncture (কন্‌জাঙ্ক্‌চার্), *n.* সংযোগ; ঘটনার যোগাযোগ; Connection; combination of circumstances; সন্ধিক্ষণ; সঙ্কটকাল; Critical time; crisis.

Conjuration (কন্‌জুরেশন্), *n.* সনির্ব্বন্ধ অনুরোধ; Earnest or solemn entreaty; যাদুমন্ত্রপ্রয়োগ; Incantation.

Conjure (কন্‌জুর্), *v. t.* সনির্ব্বন্ধ অনুরোধ করা; Implore earnestly :—(কান্‌জার্), *v. t. i.* ভেল্কী দেখান; Produce magical feats.

Conjurer, Conjuror (কান্‌জারার্), *n.* যাদুকর; Enchanter.

Conjuring (কন্‌জারিং), *n.* ভেল্কী-প্রদর্শন বা ভেল্কী দেখানর বিদ্যা; The act or art of performing clever tricks.

Conk (কঙ্ক্), *n.* (*slang*) নাসিকা; Nose. *a.*=conky.

Connate (কনেট্), *a.* সহজাত; Congenital.

Connatural (কন্যাচার্যাল্), *a.* একজাতীয়; সহজাত; স্বভাবসংসৃষ্ট; Connected by nature or birth; inherent; innate.

Connect (কনেক্‌ট্), *v. t. i.* সংযোগ করা; একত্র করা; Join; combine; আত্মীয় সম্বন্ধে যুক্ত করা (well-*connected*); উভয়ের মধ্যে সম্বন্ধ দেখান; Show the relation between (*connect* crime with insanity); ঠিক মত যুক্ত হওয়া; Be suited for joining on to (this train *connects* with another at Siliguri).

Connectedly (কনেক্‌টেড্‌লি), *ad.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সংযোজিতভাবে ; In a connected manner.

Connection (কনেক্‌শন্), *n.* যোগ ; সংযোজন ; সংলগ্নতা ; Junction ; union ; coherence ; কুটুম্বিতা ; সম্পর্ক ; Relationship ; কুটুম্ব বা আত্মীয় ; Relative.

Connective (কনেক্‌টিভ্), *a.* সংযোজক ; Having the power of connecting : —*n.* সংযোজক অব্যয় ; Word that connects sentences or words. *ad.* =connectively.

Connexion (কনেক্‌শন্)—Same as **Connection. In this connexion** —এই সম্পর্কে। **In connexion with** —সম্বন্ধে ; With reference to.

Connivance (কনাইভ্যান্স্), *n.* উপেক্ষা ; অজ্ঞতার ভাণ ; Voluntary oversight of a fault ; pretended ignorance ; পরোক্ষ সম্মতি ; Indirect consent.

Connive (কনাইভ্), *v. i.* উপেক্ষা করা ; Wink at a fault. *n.*=conniver.

Connoisseur (কন্যাসার্), *n.* শিল্প-সঙ্গীতাদির বিচক্ষণ বিচারক ; Critical judge of, in art, music, etc.

Connotation (কনটেশন্), *n.* অর্থ ; Meaning ; মৌলিক অর্থের অতিরিক্ত তাৎপর্য্য ; What is implied in addition to the primary signification. *a.*=connotative. *v.*=connotate.

Connote (কনোট্), *v. t.* বিষয় ব্যতীত অন্তর্নিহিত অর্থ (গুণ-ভাবাদি) প্রকাশ করা ; Signify attributes in addition to the primary meaning ; (চলতি) অর্থ প্রকাশ করা ; Mean ; include in the meaning.

Connubial (কনিউবিয়্যাল্), *a.* বিবাহ-সম্বন্ধীয় ; Matrimonial.

Conoid (কোনয়িড্), *n.* মোচাকৃতি বস্তু ; Anything like a cone in form. *a.*= conoidal.

Conquer (কঙ্কার্), *v. t.* পরাজিত করা ; বশীভূত করা ; Vanquish ; subdue ; অতিক্রম করা ; Surmount ; [illegible] দ্বারা লাভ করা ; Gain by perse[illegible] ance :—*v. i.* জয়ী হওয়া ; Be [illegible] torious.

Conqueror (কঙ্কারার্), *n.* জয়ী, [illegible] One who conquers.

Conquest (কঙ্কোয়েস্ট্), *n.* [illegible] Victory ; জয়লব্ধ বস্তু ; That [illegible] is conquered or won. **Make conquest of**—(কাহারও) [illegible] বা প্রীতি লাভ করা ; Win the love [illegible] affection of.

Consanguineous (কন্‌স্যাংগুইনিয়[illegible]) *a.* সগোত্র ; সপিণ্ড ; Of the [illegible] family or descent.

Consanguinity (কন্‌স্যাংগুইনিটি) [illegible] সগোত্রতা, জ্ঞাতিত্ব ; Relationship [illegible] blood.

Conscience (কন্‌শেন্স্), *n.* ন্যায়[illegible] বোধশক্তি ; বিবেক ; Faculty by [illegible] we distinguish right from wro[illegible] moral sense ; ন্যায়পরতা ; [illegible] Justice ; honesty. **In all [illegible] science**—নিশ্চয়ই ; Certainly. [illegible] **clear conscience**—নিষ্পাপ [illegible] **Qualms of conscience**—[illegible] নির্ব্বেদ ; আত্মগ্লানি ; Pangs ari[illegible] from one's moral sense.

Conscientious (কন্‌শিয়েন্‌শাস্) [illegible] ন্যায়বান্ ; ধর্ম্মভীরু ; Upright ; scru[illegible] lous ; বিবেকী ; Obedient to [illegible] science.

Conscious (কন্‌শাস্), *a.* সজ্ঞা[illegible] Having the faculty of consci[illegible] ness ; পরিজ্ঞাত ; Aware ; সজ্ঞান ; [illegible] possession of one's senses ; [illegible] sible ; (অনুভূতি ইত্যাদি সম্বন্ধে) [illegible] দ্বারা উপলব্ধ ; Realized by one[illegible] (he spoke with *conscious* su[illegible] riority). [আত্মচেতনতা [illegible]

Consciously (কন্‌শাস্‌লি), *ad.* সজ্ঞা[illegible]

Consciousness (কন্‌শাস্‌নিস্), *n.* [illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Conscript

জ্ঞান, চেতনা; Knowledge of what passes in one's mind; প্রত্যক্ষ জ্ঞান; Immediate knowledge.

Conscript (কন্‌স্‌ক্রিপ্‌ট্), *n.* বাধ্যতামূলক তালিকাভুক্ত সৈন্য; One enrolled by compulsion to serve as a soldier or sailor :—(কান্‌স্‌ক্রিপ্‌ট্), *v. t.* সৈন্যদলভুক্ত হইতে কাহাকেও বাধ্য করা; Force (a person) to serve in the army or navy.

Conscription (কন্‌স্‌ক্রিপ্‌শন্), *n.* জোর করিয়া সৈন্যদলভুক্ত বা নাবিকদলভুক্ত করণ; Forced enrolment for naval or military service. **Conscription of wealth**—যুদ্ধের সময় ধনীদের নিকট হইতে অধিক খাজনা গ্রহণ।

Consecrate (কন্‌সিক্রেট্), *v. t.* দেবসেবায় উৎসর্গ করা; Dedicate to the service of God; পবিত্র করা; Make sacred.

Consecrated (কন্‌সিক্রেটেড্), *a.* উৎসর্গীকৃত; পবিত্রীকৃত, পূত; Dedicated; made sacred; hallowed.

Consecration (কন্‌সিক্রেশন্), *n.* উৎসর্গ; Dedication; পবিত্রীকরণ, পূতীকরণ; Act of consecrating.

Consecution (কন্‌সিকিউশন্), *n.* ঘটনা-পরম্পরা, পারম্পর্য্য; Sequence.

Consecutive (কন্‌সেকিউটিভ্), *a.* ধারাবাহিক; পর পর; Following in order or continuously (on *consecutive* days).

Consensus (কন্‌সেন্‌সাস্), *n.* সকলের মতের ঐক্য; Agreement of all in opinion.

Consent (কন্‌সেন্ট্), *n.* মতের একতা; Concurrence; মিলন; Harmony; সম্মতি; Acquiescence :—*v. i.* একমত হওয়া; Concur; সম্মতি দেওয়া; Acquiesce (*consent* to a proposal). **Age of consent**—সহবাসের আইনসম্মত বয়স।

Consentaneous (কন্‌সেন্টেনিয়াস্), *a.* সঙ্গত; Consistent; অনুসারী; Accordant.

Consentient (কন্‌সেন্‌শন্ট্), *a.* একমত; Agreeing in opinion.

Consequence (কন্‌সিকোয়েন্স্), *n.* ফল; Result (in *consequence* of—ফলে, বশতঃ); প্রভাব; গুরুত্ব; Influence; importance (it is of no *consequence*). **A person of consequence**—উচ্চপদস্থ লোক; Person of high rank or position.

Consequent (কন্‌সিকোয়েন্ট্), *a.* ফলস্বরূপ আগত; Following as a result *on* or *upon* (something) :—*n.* অনুবর্ত্তী বিষয়; কারণের কার্য্য বা ফল; That which follows; natural effect of a cause.

Consequential (কন্‌সিকোয়েন্‌শ্যল্), *a.* অনুবর্ত্তী; Following as a result; আত্মগরিমাপূর্ণ, আত্মশ্লাঘী; Pretending to be of consequence.

Consequently (কন্‌সিকোয়েন্ট্‌লি), *ad.* অতএব; Therefore; সুতরাং; Hence; ফলস্বরূপে; As a matter of consequence.

Conservable (কন্‌সার্‌ভ্যাব্‌ল্), *a.* রক্ষণীয়; That may be conserved.

Conservancy (কন্‌সার্‌ভ্যান্সি), *n.* তত্ত্বাবধান; Supervision; ভালরূপ রক্ষণ; Preservation.

Conservation (কন্‌সার্‌ভেশন্), *n.* রক্ষা; Preservation; নিত্যতা; Invariability.

Conservatism (কন্‌সার্‌ভেটিজ্‌ম্), *n.* রক্ষণশীলতা; Tendency to keep things as they are; পরিবর্ত্তনের প্রতি বিরাগ; Opposition to change.

Conservative (কন্‌সার্‌ভ্যাটিভ্), *a.* রক্ষণশীল; Wishing to keep things as they are; খুব কম; Purposely low (*conservative* estimate of one's

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

income) :—*n.* রক্ষণশীল ব্যক্তি, সংস্কার-বিরোধী ; One opposed to changes and progress ; ব্রিটেনের রক্ষণশীল দলের সদস্য ; Member of the Conservative Party in Britain.

Conservator (কন্‌সার্‌ভেটর্‌), *n.* যাদুঘরের বা অরণ্যের রক্ষক ; Custodian of a museum or a forest, etc. *fem.*= conservatrix. **Conservator of forests**—বনপাল।

Conservatory (কন্‌সার্‌ভ্যাটরি), *n.* সঙ্গীত বা শিল্প বিদ্যালয় ; A school of music or art ; বিদেশীয় বৃক্ষলতাদি রক্ষা করিবার গৃহ ; Green house ; ভাণ্ডার ; Store-house.

Conserve (কন্‌সার্‌ভ্‌), *v. t.* রক্ষা করা ; Preserve ; মোরব্বা করা ; আচার করা ; Preserve in sugar ; pickle :—*n.* (usu. *pl.*) মোরব্বা ; Fruit preserved by sugar.

Consider (কন্‌সিডার্‌), *v. t. i.* চিন্তা করা ; Ponder ; বিবেচনা করা ; Think ; গণনায় আনা ; Take into account.

Considerable (কন্‌সিডার্‌যাব্‌ল্‌), *a.* গণ্য-মান্য ; Important ; অনল্প ; Not small (*considerable* distance).

Considerably (কন্‌সিডার্‌যাব্‌লি), *ad.* অনেক, প্রচুরভাবে ; Much, a great deal (*considerably* colder to-day).

Considerate (কন্‌সিডারেট্‌), *a.* অপরের মনোভাব ইত্যাদির প্রতি সহানুভূতিবিশিষ্ট ; Thoughtful for (the feelings of) others.

Consideration (কন্‌সিডারেশন্‌), *n.* বিচার ; বিবেচনা ; Deliberation ; contemplation ; উদ্দেশ্য ; কারণ ; Motive ; reason (on no *consideration* shall I agree to your proposal) ; চুক্তির মূল কারণ ; Material cause of a contract ; ক্ষতিপূরণ ; Compensation ; গুরুত্ব ; Importance. **Under consideration**—বিবেচনাধীন। **Take into consideration**—বিবেচনা করা। **no consideration**—কিছুতেই না ; no case.

Considering (কন্‌সিডারিং), *p.* ধরিলে ; বিবেচনা করিলে ; In view of.

Consign (কন্‌সাইন্‌), *v. t.* সমর্পণ করা ; হস্তান্তর করা ; Give to another ; mally ; transfer ; দ্রব্য বিক্রয়ার্থে কারবারীর হস্তে অর্পণ করা ; Entrust goods another for sale ; নির্দ্দিষ্ট করা ; apart ; রক্ষা করিবার ভার দেওয়া ; Commit for permanent preservation ; মজুত বা জমা রাখা ; Depose ; রেলে বা স্টীমারে পাঠান ; Transmit rail or steamer.

Consignee (কন্‌সাইনী), *n.* যাহাকে পাঠান যায় বা যাহাকে বিশ্বাস করিয়া কোন বস্তু ন্যস্ত করা যায় ; One whom anything is consigned intrusted.

Consigner (কন্‌সাইনার্‌), **Consignor** (কন্‌সাইনর্‌), *n.* প্রেরক ; ভারার্পণকারী ; One who makes a consignment.

Consignment (কন্‌সাইন্‌মেণ্ট্‌), ভারার্পণ ; Act of consigning ; বিক্রয়ার্থ প্রেরিত দ্রব্য ; Goods sent for sale ; চালান ; Writing by which a thing is made over.

Consist (কন্‌সিস্ট্‌), *v. i.* হওয়া ; গঠিত রচিত হওয়া ; Be ; exist ; be composed of (with *of*) ; নিহিত থাকা ; Lie in (happiness *consists* plain living).

Consistence (কন্‌সিস্‌টেন্স্‌), **Consistency** (কন্‌সিস্‌টেন্সি), *n.* স্থৈর্য্য ; দৃঢ়তা ; Stability ; firmness ; ঘনত্ব ; Degree of density ; সার ; Substance ; সামঞ্জস্য ; মিলন ; Agreement ; congruity ; uniformity.

Consistent (কন্‌সিস্‌টেণ্ট্‌), *a.* দৃঢ় ; দৃঢ় ; Fixed ; firm ; উপযুক্ত ; Suitable ; সমান ; Uniform ; সঙ্গত ; Compatible

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Consolable (কন্‌সোল্যাব্‌ল্‌), *a.* আশ্বাসনীয় ; সান্ত্বনীয় ; That may be comforted.

Consolation (কন্‌সোলেশন্‌), *n.* সান্ত্বনা ; দুঃখাপনোদন ; Solace ; alleviation of misery ; স্বাচ্ছন্দ্য ; Comfort ; সান্ত্বনাকারী ঘটনা বা অবস্থা ; A fact or circumstance that makes one less sad. **Consolation prize**—প্রায় সান্ত্বনা করিতে যে অসমর্থ হইয়াছে তাহাকে প্রদত্ত পুরস্কার।

Consolatory (কন্‌সোল্যাটরি), *a.* সান্ত্বনাদায়ক ; প্রবোধক ; Tending to soothe or impart comfort (*consolatory letter*).

Console (কন্‌সোল্‌), *v. t.* সান্ত্বনা করা ; প্রবোধ দেওয়া ; আশ্বাস দেওয়া ; Solace ; comfort ; soothe.

Consolidate (কন্‌সলিডেট্‌), *v. t. i.* দৃঢ় করা বা হওয়া ; কঠিন করা ; Make or become solid ; harden or make dense ; একত্র করা ; Unite ; সঙ্কুচিত করা ; Compress.

Consolidation (কন্‌সলিডেশন্‌), *n.* দৃঢ়ীকরণ ; দৃঢ়ীভবন ; Act of making or becoming firm or solid.

Consols (কন্‌সল্‌স্‌), *n. pl.* (ইংলণ্ডের) কেন্সলীর কাগজ ; British government securities, consolidated in 1751 into a single stock (short for consolidated annuities).

Consonance (কন্‌সন্যান্স্‌), *n.* সুরের মিল ; Agreement of sounds ; সঙ্গতি ; ঐক্য ; মিল ; সামঞ্জস্য ; Agreement of one thing with another ; state of agreement.

Consonant (কন্‌সন্যান্ট্‌), *a.* সঙ্গত ; ঐক্যযুক্ত ; অনুযায়ী ; Agreeing ; congruous ; consistent ; ঐকতানিক ; Harmonious :—*n.* ব্যঞ্জনবর্ণ ; Letter which cannot be perfectly sounded without a vowel. *a.*=consonantal.

Consort (কন্‌সোর্ট্‌), *n.* সঙ্গী ; স্ত্রী কিংবা স্বামী ; Companion ; husband or wife ; সহগামী পোত ; Accompanying ship ; অন্তরঙ্গ সহচর ; Intimate associate :—*v. i.* সঙ্গে থাকা ; Associate.

Conspectus (কন্‌স্‌পেক্‌টাস্‌), *n.* সারসংগ্রহ ; Synopsis.

Conspicuous (কন্‌স্‌পিকিউয়াস্‌), *a.* সুস্পষ্ট ; Manifest ; অনায়াসবোধ্য ; Clearly perceived or understood ; প্রসিদ্ধ ; বিশিষ্ট ; Eminent ; remarkable. **Make oneself conspicuous**—নিজেকে জাহির করিয়া বেড়ান ; Behave in a way that attracts attention.

Conspicuously (কন্‌স্‌পিকিউয়াস্‌লি), *ad.* সুস্পষ্টভাবে ; Manifestly.

Conspiracy (কন্‌স্পিরাসি), *n.* ষড়্‌যন্ত্র ; Plotting together for an evil purpose.

Conspirator (কন্‌স্পিরেটর্‌), *n.* ষড়্‌যন্ত্রকারী ; চক্রান্তকারী ; Plotter ; one who conspires.

Conspire (কন্‌স্‌পায়ার্‌), *v. i.* ষড়্‌যন্ত্র করা ; চক্রান্ত করা ; কুমন্ত্রণা করা ; Plot together ; hatch treason ; সম্মত হওয়া ; Agree.

Constable (কন্‌স্ট্যাব্‌ল্‌), *n.* পাহারাওয়ালা ; Policeman. *n.*=constableship. **Special constable**—বিশেষ উপলক্ষে পুলিশরূপে নিযুক্ত লোক।

Constabulary (কন্‌স্ট্যাবিউল্যারি), *a.* কোনও সহর বা জেলার সকল পাহারাওয়ালা ; The whole number of constables in a town or district.

Constancy (কন্‌স্ট্যান্সি), *n.* স্থিরতা ; অপরিবর্ত্তনশীলতা ; অপরিবর্ত্তনীয়তা ; Stability ; immutability ; স্থির প্রতিজ্ঞা ; দৃঢ়তা ; Unshaken determination ; fortitude ; একানুরক্তি ; Faithfulness.

Constant (কন্‌স্ট্যান্ট্‌), *a.* অপরিবর্ত্তনীয় ; ধ্রুবক ; Unchangeable ; অবিচলিত ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিশ্বস্ত ; Firm in purpose ; faithful ; নিয়মিত ; Regular ; অবিরত ; Continual ; দৃঢ় ; Fixed :—*n.* ধ্রুবক ; অপরিবর্ত্তনীয় বস্তু ; That which remains unchanged ; অপরিবর্ত্তনীয় শক্তি ; Invariable quantity or force. **Constant quantity**—ধ্রুবক সংখ্যা বা পরিমাণ।

Constantly (কন্‌স্ট্যান্ট্‌লি), *ad.* অবিরত ; Continually ; সর্ব্বদা ; Always.

Constellation (কন্‌স্টেলেশন্), *n.* নক্ষত্রপুঞ্জ ; A number of fixed stars.

Consternation (কন্‌স্টার্‌নেশন্), *n.* ত্রাস ; Paralysing sense of calamity.

Constipate (কন্‌স্টিপেট্), *v. t.* কোষ্ঠবদ্ধ করা ; Render costive.

Constipation (কন্‌স্টিপেশন্), *n.* কোষ্ঠবদ্ধতা ; Costiveness.

Constituency (কন্‌স্টিটিউয়েন্সি), *n.* নির্ব্বাচকমণ্ডলী ; Whole body of electors or voters ; নির্ব্বাচনক্ষেত্র ; A town or district represented by a person in Parliament, etc.

Constituent (কন্‌স্টিটিউয়েণ্ট্), *a.* প্রয়োজনীয়, উপাদান-সম্বন্ধীয় ; Necessary ; elemental (a *constituent* part) ; নিয়োগক্ষম ; Having the power of appointing :—*n.* উপাদান ; Elemental part ; নির্ব্বাচন-কর্ত্তা ; One who assists to elect a representative to an office ; পার্লামেণ্ট সভার জন্য প্রতিনিধি-নির্ব্বাচক ; One of those who elect a representative in Parliament. **Constituent Assembly**—গণ-পরিষদ্, সংবিধান-সভা।

Constitute (কন্‌স্টিটিউট্), *v. t.* স্থাপিত করা ; Establish ; গঠন করা ; Compose ; নিয়োগ করা ; Appoint.

Constitution (কন্‌স্টিটিউশন্), *n.* গঠন ; সংস্থান ; Formation ; শরীর বা মনের স্বাভাবিক অবস্থা ; Natural condition of body or mind ; বিধিসমূহ ; Sys of laws and customs ; শাস Established form of governm

Constitutional (কন্‌স্টিটিউশন্ল *a.* আভ্যন্তরিক ; স্বাভাবিক ; Inter natural ; আইনসঙ্গত ; Legal ; তান্ত্রিক ; Relating to constitu শরীর-সম্বন্ধীয় ; Physical :—*n.* জন্য সামান্য ভ্রমণ ; A short walk for sake of one's health. *ad.*=co tutionally. **Constitutio government**—নিয়মতান্ত্রিক প্রণালী ; Government where ruler is subject to fixed laws.

Constitutionalism (কন্‌স্টিটিউশন লিজ্‌ম্), *n.* নিয়মতন্ত্রবাদ ; প্রতিষ্ঠিত শাসন প্রণালীর প্রতি আসক্তি ; Principle constitutional government ; ad rence to a constitution.

Constitutionalist (কন্‌স্টিটিউশন লিস্ট্), *n.* নিয়মতান্ত্রিক শাসন-প্রণা পক্ষপাতী ; One who favours a co titutional government.

Constitutive (কন্‌স্টিটিউটিভ্), মৌলিক ; Elemental ; ব্যবস্থাপ Having power to enact ; গঠনশী Formative.

Constrain (কন্‌স্ট্রেন্), *v. t.* দমন করা বাধ্য করা ; Restrain ; compel ; করা ; Confine.

Constrainable (কন্‌স্ট্রেন্যাব্‌ল্), বাধ্য ; That may be forced repressed.

Constrained (কন্‌স্ট্রেন্‌ড্), *a.* Compelled ; বিড়ম্বিত ; Embarrass *ad.*=constrainedly.

Constraint (কন্‌স্ট্রেণ্ট্), *n.* অবরো Confinement ; বাধ্যতা ; বিপন্নতা Compulsion ; embarrassment.

Constrict (কন্‌স্ট্রিক্ট্), *v. t.* সঙ্কু করা ; বদ্ধ করা ; Contract ; bind.

Constricted (কন্‌স্ট্রিক্টেড্),

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

সঙ্কীর্ণ; সীমাবদ্ধ; Narrowed; limited (*constricted* outlook).

Constriction (কন্‌স্ট্রিক্‌শন্), *n.* সঙ্কোচ; সঙ্কীর্ণতা; Contraction; compression.

Constrictive (কন্‌স্ট্রিক্‌টিভ্), *a.* সঙ্কোচশীল; Prone to contract.

Constrictor (কন্‌স্ট্রিক্‌টর্), *n.* সঙ্কোচকারী; That which contracts; সর্পবিশেষ; Large species of serpent.

Constringent (কন্‌স্ট্রিন্‌জেন্ট্), *a.* সঙ্কোচক্ষম; সঙ্কোচক; Having the power of contracting.

Construct (কন্‌স্ট্রাক্‌ট্), *v. t.* নির্ম্মাণ করা, গাঁথিয়া তোলা; Build; উদ্ভাবিত করা; রচনা করা; সঙ্কলন করা; Devise; compose; compile. *n.*=constructer.

Construction (কন্‌স্ট্রাক্‌শন্), *n.* নির্ম্মাণ; রচনা; Act of constructing; অর্থ; Meaning; ব্যাখ্যা; Interpretation; পদবিন্যাস; Syntactical arrangement; জ্যামিতির চিত্রাঙ্কনপ্রণালী; Manner of drawing figures and diagrams in mathematics; অট্টালিকা; Building. *a.*=constructional.

Constructive (কন্‌স্ট্রাক্‌টিভ্), *a.* নির্ম্মাণক্ষম; Having ability to construct; গঠনমূলক; Pertaining to construction; আনুমানিক; Not direct or expressed, but inferred.

Constructor (কন্‌স্ট্রাক্‌টর্), *n.* নির্ম্মাতা; One who constructs; অট্টালিকানির্ম্মাণের তত্ত্বাবধায়ক; Overseer.

Construe (কন্‌স্ট্রু), *v. t.* ব্যাখ্যা করা; অনুমান করা; ভাষান্তরিত করা; Interpret; infer; translate; ব্যাকরণের নিয়মানুসারে বিভিন্ন পদের সংযোগ সাধন করা; Combine words grammatically.

Consubstantial (কন্‌সাব্‌স্‌ট্যান্‌শ্যল্), *a.* একজাতীয়; Of the same substance or nature. *n.*=consubstantiality.

Consul (কন্‌সাল্), *n.* রোমরাজ্যের দুইজন প্রধান ম্যাজিষ্ট্রেটের মধ্যে অন্যতর; অধিনায়ক; Among the Romans, one of the two chief magistrates of the State; কোন রাষ্ট্রের বিদেশস্থ প্রতিনিধি, দূত; Officer appointed by a State to protect the interests of its citizens abroad.

Consular (কন্‌সিউল্যার্), *a.* অধিনায়কীয়; রোমীয় ম্যাজিষ্ট্রেট বা রাষ্ট্রপ্রতিনিধি-সম্পর্কীয়; Pertaining to a consul.

Consulate (কন্‌সিউলেট্), *n.* দূতস্থান; Office, residence or jurisdiction of a consul; দূতের পদ; The position of a consul.

Consulship (কন্‌সাল্‌শিপ্), *n.* রোমীয় ম্যাজিষ্ট্রেট্ বা রাষ্ট্রপ্রতিনিধির পদ বা কার্য্যকাল; Office, or term of office, of a consul.

Consult (কন্‌সাল্ট্), *v. t. i.* পরামর্শ লওয়া বা করা; Seek advice of (*with*); উপদেশ প্রার্থনা করা; অনুকূলে মীমাংসা বা কার্য্য করা; Apply to for information or advice (*consult* a doctor, dictionary); (কাহারও সম্বন্ধে) বিবেচনা করা; Consider.

Consultant (কন্‌সাল্‌ট্যান্ট্), *n.* পরামর্শকারী; One who consults; চিকিৎসক; Physician.

Consultation (কন্‌সাল্‌টেশন্), *n.* মন্ত্রণা; পরামর্শ; Deliberation; সমিতি; সভা; Council for deliberation. *a.*=consultative.

Consumable (কন্‌সিউম্যাব্‌ল্), *a.* ক্ষয়শীল; ধ্বংসনীয়; That may be destroyed.

Consume (কন্‌সিউম্), *v. t. i.* সম্পূর্ণ বিনষ্ট করা; Destroy utterly; দগ্ধ করা; Burn up; ব্যয় করা; Spend; গ্রাস করা; Swallow up; ক্রমে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ক্রমে ক্ষয়প্রাপ্ত হওয়া ; Waste away slowly.

Consumer (কন্‌সিউমার্‌), *n.* ব্যবহারের জন্য দ্রব্যের ক্রেতা ; User of products (*oppo.* = producer).

Consummate (কন্‌সামেট্‌), *v. t.* শেষ করা ; সুসম্পূর্ণ করা ; Finish ; complete ; যৌন মিলনদ্বারা বিবাহকার্য্য আইনমতে সম্পূর্ণ করা ; Make marriage legally complete by sexual intercourse (*consummate* marriage) :—(কন্‌সামিট্‌), *a.* চূড়ান্ত ; সম্পূর্ণ ; Perfect ; complete *consummate* skill).

Consummation (কন্‌সামেশন্‌), *n.* পূর্ণতা ; পরিসমাপ্তি ; Completion ; perfection.

Consumption (কন্‌সাম্‌শন্‌), *n.* বিনাশ ; ধ্বংস ; Decay ; destruction ; ক্ষয় ; অপচয় ; Waste ; loss ; ক্ষয়কাশ ; Phthisis ; ব্যয় ; Act of consuming ; শিল্পজাত বস্তুর ব্যবহার ; Use of the products of industry.

Consumptive (কন্‌সাম্‌টীভ্‌), *a.* ক্ষয়কারী ; Wasting ; ক্ষয়রোগাক্রান্ত ; Affected with consumption.

Contact (কন্‌ট্যাক্‌ট্‌), *n.* সংস্পর্শ ; Touch ; the condition of being in touch with, or brought together ; যে ব্যক্তি সংক্রামক রোগের সংস্পর্শে আসিয়া ঐ রোগ বিস্তারের কারণ-স্বরূপ হয় ; Person likely to spread contagious disease through contact with a patient :—*v. t.* কাহারও সংস্পর্শে আসা ; Get into touch with a person. **Come into contact with**—সংস্পর্শে আসা ; Touch.

Contagion (কন্‌টেজন্‌), *n.* সংস্পর্শদ্বারা রোগ-উৎপাদন, রোগ-সংক্রমণ ; Transmission of a disease by contact.

Contagious (কন্‌টেজাস্‌), *a.* সংক্রামক ; ছোঁয়াচে ; Catching ; infectious.

Contain (কন্‌টেন্‌), *v. t.* ধারণ ; Comprise ; দমন করা ; Restrain ;

Containable (কন্‌টেন্যাব্‌ল্‌), *a.* যোগ্য ; That may be contained ;

Container (কন্‌টেনার্‌), *n.* রাখিবার মত পাত্র, বাক্সাদি ; A pot, bottle, etc. used for something in.

Contaminate (কন্‌ট্যামিনেট্‌), কলুষিত করা ; Pollute ; corrupt.

Contamination (কন্‌ট্যামিনেশন্‌), অপবিত্রতা ; কলুষিত করণ ; Pollution ; defilement.

Contemn (কন্‌টেম্‌), *v. t.* অবজ্ঞা ঘৃণা করা ; Disregard ; despise ; contemner.

Contemplate (কন্‌টেম্‌প্লেট্‌), *v.* ধ্যান করা ; Meditate on ; মনস্থ Intend ; অনুশীলন করা ; Study মনোযোগপূর্ব্বক দেখা ; Consider attively.

Contemplation (কন্‌টেম্‌প্লেশন্‌), চিন্তা ; মনোনিবেশ ; Meditation ; Holy meditation ; অনুশীলন ; St **In contemplation**—অভি Intended.

Contemplative (কন্‌টেম্‌প্লেটিভ্‌), চিন্তাশীল ; ধ্যানপরায়ণ ; Thoughtful meditative ; অধ্যয়নশীল ; Employed in study.

Contemporaneous (কন্‌টেম্‌পোরেনিয়াস্‌), *a.* সমসাময়িক ; Belonging to existing at the same time ([*contemporaneous* events].

Contemporary (কন্‌টেম্‌পরারি), সমসাময়িক ; Being or existing the same time :—*n.* সমসাময়িক সমবয়স্ক লোক ; One who lives the same time with another person of the same age ; এক প্রকাশিত সংবাদপত্র ; Newspaper lished during the same period.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Contempt (কন্‌টেম্প্‌ট্), *n.* ঘৃণা ; Disdain ; অপমান ; Disgrace ; আদালত-অবমাননা (*contempt* of court). **Hold in contempt**—ঘৃণার চোখে দেখা। **Bring into contempt**—ঘৃণিত করা। **Fall into contempt**—ঘৃণিত হওয়া, অবমানিত হওয়া।

Contemptible (কন্‌টেম্প্‌টিব্‌ল্), *a.* নীচ; নিকৃষ্ট ; ঘৃণার্হ ; Vile ; mean ; despicable.

Contemptuous (কন্‌টেম্প্‌টিউয়াস্), *a.* ঘৃণাপূর্ণ ; Scornful (a *contemptuous* look).

Contend (কণ্টেণ্ড্), *v. i.* বিবাদ করা ; প্রতিযোগিতা করা ; Quarrel ; vie ; তর্কবিতর্ক করা ; Argue ; চেষ্টা করা : Strive. **Contending passions**—মনের যে সকল বিভিন্ন আবেগের বশে কিংকর্ত্তব্যবিমূঢ় হইতে হয়।

Content (কণ্টেণ্ট্), *a. predi.* সন্তুষ্ট ; Satisfied :—*v. t.* সন্তুষ্ট করা ; পরিতৃপ্ত করা ; Appease :—*n.* পরিমাণ ; Measure or capacity ; সন্তোষ ; Satisfaction :—*pl.* ভিতরকার বস্তু বা বিষয় ; What is contained in something ; আধারস্থ বস্তুসমুদয় ; পুস্তকের সূচীপত্র ; List of subjects treated of in a book ; index. **To one's heart's content**—পরম পরিতোষ সহকারে (he took his meal *to his heart's content*).

Contented (কন্‌টেন্‌টেড্), *a.* পরিতুষ্ট ; সন্তুষ্ট ; Quiet ; easy in mind. *ad.*= contentedly.

Contention (কন্‌টেন্‌শন্), *n.* বিবাদ ; Quarrel ; তর্ক ; Controversy ; debate :—*pl.* যুক্তি ; Argument.

Contentious (কন্‌টেন্‌শাস্), *a.* কলহপ্রিয় ; Quarrelsome ; বিবাদ-সম্বন্ধীয় ; Relating to contention or strife ; মোকদ্দমাপ্রিয় ; Litigious ; বাদানুবাদপূর্ণ ; Full of contention.

Contentment (কন্‌টেণ্ট্‌মেণ্ট্), *n.* তৃপ্তি ; সন্তোষ ; Gratification ; satisfaction.

Conterminous (কন্‌টার্‌মিনাস্), *a.* সীমান্তস্থিত ; Having the same boundaries ; সমভাবে বিস্তৃত ; Co-extensive (*with*).

Contest (কণ্টেস্ট্), *v. t. i.* চেষ্টা করা ; Strive for ; আপত্তি করা ; Dispute ; বিবাদ করা ; প্রতিযোগিতা করা ; Contend ; vie :—*n.* বিবাদ ; যুদ্ধ ; Conflict ; battle ; বাদানুবাদ ; শ্রেষ্ঠতার জন্য প্রতিযোগিতা ; Struggle for superiority ; তর্কবিতর্ক ; Controversy ; debate.

Contestable (কন্‌টেস্ট্যাব্‌ল্), *a.* বিবাদার্হ ; That may be disputed.

Contestant (কন্‌টেস্ট্যাণ্ট্), *n.* প্রতিযোগী ; One who takes part in a contest.

Context (কন্‌টেক্‌স্ট্), *n.* বাক্যপ্রসঙ্গ ; সূত্র ; Parts of a discourse that precede or follow the text quoted.

Contextual (কন্‌টেক্স্‌টিউয়াল্), *a.* প্রসঙ্গের বা সূত্রের সঙ্গে আবদ্ধ ; Connected with a context.

Contiguity (কণ্টিগিউয়িটি), *n.* সান্নিধ্য ; Nearness of situation or place.

Contiguous (কণ্টিগিউয়াস্), *a.* সংলগ্ন ; নিকটস্থ ; Adjoining ; near.

Continence (কণ্টিনেন্‌স্), *n.* জিতেন্দ্রিয়তা ; সতীত্ব ; Voluntary restraint of one's desires ; chastity.

Continent (কণ্টিনেণ্ট্), *n.* মহাদেশ ; Large extent of land containing many countries ; ব্রিটিশ দ্বীপপুঞ্জ ব্যতীত সমগ্র ইউরোপ ; The mainland of Europe as distinct from the British Isles (with capital C) :—*a.* জিতেন্দ্রিয় ; মিতাচারী ; ধর্ম্মনিষ্ঠ ; Restraining the indulgence of

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

passions ; temperate ; virtuous. *ad.* =continently.

Continental (কন্টিনেন্ট্যাল্), *a.* মহাদেশ-সম্বন্ধীয় ; Pertaining to a continent ; ব্রিটিশ দ্বীপপুঞ্জ ব্যতীত সমগ্র ইউরোপ-সম্পর্কিত ; Relating to Europe as distinct from the British Isles (*continental* novels).

Contingency (কন্টিন্‌জেন্সি), *n.* দৈবঘটনা ; আকস্মিক ঘটনা ; A chance happening ; কিছু ঘটিবার সম্ভাবনা ; The possibility that something may happen ; সম্ভাব্য ক্ষেত্রে কিছু ঘটিলে পর অন্য কিছু ঘটিবার সম্ভাবনা ; Something may happen if something else happens (be ready for any *contingency*).

Contingent (কন্টিন্‌জেন্ট্), *a.* সাপেক্ষ ; Conditional ; সম্ভাব্য ; That may happen :—*n.* সম্ভাব্য ঘটনা ; A possible event ; সৈন্যের দল ; A quota of draft of troops.

Continual (কন্টিনিউয়্যাল্), *a.* অবিরত ; ক্রমাগত ; Unceasing ; incessant.

Continually (কন্টিনিউয়্যালি), *ad.* অবিরামভাবে ; Incessantly ; ক্রমাগত ; Frequently.

Continuance (কন্‌টিনিউয়্যান্স্), *n.* স্থায়িত্ব ; Permanence ; অবস্থিতি ; Stay ; ধারাবাহিকতা ; Uninterrupted succession.

Continuation (কন্‌টিনিউয়েশন্), *n.* ধারাবাহিকতা ; বিস্তৃতি ; Constant succession ; extension.

Continuative (কন্‌টিনিউয়েটিভ্), *a.* ধারাবাহিক ; Serving as a continuation.

Continue (কন্‌টিনিউ), *v. t. i.* শেষ না করা ; বর্দ্ধিত করা ; Prolong ; protract ; যুক্ত করা ; Unite without break ; ক্রমাগত চালান ; Go on with ; বিস্তার করা ; Extend ; বজায় রাখা ; Keep up ; অবস্থান করা ; Stay ; [illegible] হওয়া ; Last ; অবিশ্রান্তরূপে একই [illegible] ব্যাপৃত থাকা ; Persevere.

Continued (কন্‌টিনিউড্), *a.* বিস্তৃত ; Extended ; অপ্রতিহত ; Uninterrupted. **Continued product**—[illegible] গুণফল।

Continuity (কন্‌টিনিউয়িটি), *n.* নিরবচ্ছিন্নতা ; অনবচ্ছেদ ; Uninterrupted connection (in *continuity* of subject in a dictionary) ; বেতার [illegible] ঠানের বিভিন্ন বিষয়কে সংযুক্ত করিবার [illegible] ঘোষকের মন্তব্য ; চলচ্চিত্রে বিভিন্ন [illegible] ঠিকমত বিন্যাস।

Continuous (কন্‌টিনিউয়াস্), [illegible] অবিচ্ছিন্ন ; Uninterrupted ; সংযুক্ত ; Connected.

Contort (কন্‌টোর্ট্), *v. t.* আকুঞ্চিত করা ; মোচড়াইয়া দেওয়া ; Write twist together.

Contortion (কন্‌টোর্‌শন্), *n.* আকুঞ্চন বক্রীকরণ ; Violent twisting ; distortion. *n.* =contortionist.

Contour (কন্‌টুর্), *n.* সীমাসূচক রেখা ; Outline ; বিভিন্ন রঙের প্রভেদ রেখা ; [illegible] line separating parts of different colours (in a map or painting).

Contra (কন্‌ট্রা), *pre.* or *pr[illegible]* বিরুদ্ধে ; Against ; counter.

Contraband (কন্‌ট্র্যাব্যাণ্ড্), *a.* নিষিদ্ধ ; Prohibited :—*n.* বে-আইনী বাণিজ্য ; নিষিদ্ধ-পণ্য ; Illegal traffic ; prohibited goods ; smuggled goods.

Contrabandist (কন্‌ট্র্যাব্যাণ্ডিস্ট্), *n.* শুল্ক-প্রতারক ; Smuggler.

Contraception (কন্‌ট্র্যাসেপ্‌শন্), *n.* গর্ভনিরোধ ; Prevention of child-birth.

Contraceptive (কন্‌ট্র্যাসেপ্‌টিভ্), *a.* গর্ভনিরোধক ; Preventive of uterine conception :—*n.* গর্ভনিরোধক ঔষধ ; Preventive of uterine conception.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Contract (কন্‌ট্রাক্‌ট্), *v. t. i.* সংক্ষিপ্ত করা বা হওয়া; কমান; Make or become smaller or shorter in size; সঙ্কুচিত করা; Wrinkle; বাগ্‌দান করা; Betroth; উপার্জ্জন করা; Acquire; আনন্দ করা; Bring on, as a disease; চুক্তি করা; ফুরণ করা; Make or enter into, a contract with; bargain for.

Contract (কন্‌ট্রাক্‌ট্), *n.* নিয়ম; চুক্তি; Agreement between parties, imposing obligations and conferring rights upon each other; নিয়মপত্র; একরারনামা; Bond; writing containing the terms of an agreement.

Contractile (কন্‌ট্রাক্‌টাইল্), *a.* সঙ্কোচনীয়; সঙ্কোচনক্ষম; Tending to contract; having power to contract.

Contraction (কন্‌ট্রাক্‌শন্), *n.* সংক্ষেপকরণ; Contracting; সংক্ষিপ্ত শব্দ; Word shortened by rejecting a part of it.

Contractor (কন্‌ট্রাক্‌টর্), *n.* ঠিকাদার; চুক্তিকারী; One who engages to do a certain work at a stipulated price; ঠিকাদার গৃহনির্ম্মাতা; A builder who works by contract.

Contradict (কন্‌ট্রাডিক্‌ট্), *v. t.* অস্বীকার করা; প্রতিবাদ করা; Deny; gainsay :—*v. i.* বিপরীত বা বিরুদ্ধ হওয়া; Be opposite to (the reports *contradict* each other).

Contradiction (কন্‌ট্রাডিক্‌শন্), *n.* অস্বীকার; প্রতিবাদ; বৈপরীত্য; Denial; opposition; inconsistency. **A contradiction in terms**—পরস্পর-বিরোধী শব্দ সম্বলিত উক্তি (*e. g.*, a generous miser).

Contradictory (কন্‌ট্রাডিক্‌টরি), *a.* বিপরীত; Affirming the contrary; অসঙ্গত; বিরুদ্ধ; পরস্পর-বিরোধী; Inconsistent; conflicting.

Contradistinction (কন্‌ট্রাডিস্‌টিঙ্ক্‌শন্), *n.* গুণবৈষম্যদ্বারা, বা একত্র উপস্থিতি অন্যত্র অনুপস্থিতি দ্বারা, প্রভেদ-প্রদর্শন; Distinction by qualities opposite, or present in one but absent in another.

Contradistinguish (কন্‌ট্রাডিস্‌টিংগুয়িশ্), *v. t.* বিপরীত গুণদ্বারা বিভিন্ন করা; Distinguish by contrast.

Contraposition (কন্‌ট্রাপোজ়িশন্), *n.* বৈপরীত্য, বৈষম্য; Antithesis; contrast.

Contrariety (কন্‌ট্রারাইটি), *n.* বিরুদ্ধতা; বৈপরীত্য; অনৈক্য; Opposition; repugnance; inconsistency.

Contrariwise (কন্‌ট্রারিওয়াইজ্), *ad.* পক্ষান্তরে; On the other hand; বিপরীত দিকে; In the opposite way.

Contrary (কন্‌ট্রারি), *a.* প্রতিকূল; Acting against; অসঙ্গত; Inconsistent :—*n.* বিপরীত-গুণবিশিষ্ট পদার্থ; Thing having opposite qualities :—*ad.* বিপরীতভাবে; In a contrary manner; প্রতিকূলভাবে; Antagonistically. **On the contrary**—পক্ষান্তরে; On the other hand. **To the contrary**—প্রতিকূলে; বিপরীত দিকে; Adversely; in the opposite direction.

Contrast (কন্‌ট্রাস্ট্), *v. t. i.* তুলনা দ্বারা পার্থক্য দেখান; Compare so that differences may be seen; বিপরীত হওয়া; Be very different from (actions *contrast* with promises) :—*n.* বৈপরীত্য বা বৈষম্য প্রদর্শন; Exhibition of differences.

Contravene (কন্‌ট্রাভীন্), *v. t. i.* আপত্তি করা, বিরুদ্ধে যাওয়া; Oppose; লঙ্ঘন করা; Infringe (law).

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Contravention (কন্‌ট্র্যাভেন্‌শন্‌), *n.* বিরোধ ; Opposition ; খণ্ডন ; ভঙ্গ ; Defeating the operation or effect, as of a law, or a treaty (in *contravention* of).

Contribute (কন্‌ট্রিবিউট্‌), *v. t. i.* চাঁদা দেওয়া ; Give one's portion to a common stock ; ঘটিতে সাহায্য করা ; Help to bring about ; কোন পরিণামে আনা ; Lead to ; সংবাদ-পত্রাদিতে লেখা ; Write for newspapers, magazines, etc. (*to*).

Contribution (কন্ট্রিবিউশন্‌), *n.* সাধারণ উদ্দেশ্য সাধনার্থ সাহায্যদান ; Payment of each man's share of some common expense ; চাঁদা ; Anything given to a common stock ; কর ; ট্যাক্স ; Imposition levied on a conquered town or country.

Contributor (কন্ট্রিবিউটর্‌), *n.* অংশ-দাতা ; করদাতা ; One who contributes ; সংবাদপত্রাদির লেখক ; One who writes in the periodicals.

Contributory (কন্ট্রিবিউটরি), *a.* করদ ; অংশদানকারী ; Paying tribute to the same sovereign ; paying a share ; সাহায্যকারী ; Helping.

Contrite (কন্‌ট্রাইট্‌), *a.* অনুতপ্ত ; Penitent.

Contrition (কন্ট্রিশন্‌), *n.* অনুতাপ ; Remorse ; অনুশোচনা ; Penitence.

Contrivance (কন্‌ট্রাইভ্যান্স্‌), *n.* উপায়োদ্ভাবন ; Act of devising ; উদ্ভাবিত বিষয় ; কৌশল ; উপায় ; পরিকল্পনা ; মতলব ; Thing contrived ; artifice ; plan ; invention ; design.

Contrive (কন্ট্রাইভ্‌), *v. t. i.* কোন মতলব বা পন্থা উদ্ভাবন করা ; Devise ; invent (ways and means) ; মতলব আঁটা ; Plan out ; কার্য্যসাধন করা ; Manage.

Contriver (কন্‌ট্রাইভার্‌), *n.* যে ভাল ব্যবস্থা করিতে পারে (বিশেষতঃ গৃহস্থালি বিষয়ে) ; One who can manage things (esp. household affairs) economically and cleverly.

Control (কন্টোল্‌), *v. t.* দমন করা ; শাসন করা ; Restrain ; govern ; শাসন ; নিয়ন্ত্রণ ; Government ; regulation (lose, get, gain *control* of) ; নৈতিক শক্তি ; Moral power ; আদেশ করিবার ক্ষমতা বা কর্ত্তৃত্ব ; Authority to direct or command ; প্রভুত্ব ; Influence (he has good *control* over his class). **Keep under control**—বশে রাখা। **Beyond control**—শাসনের বহির্ভূত (some children are *beyond control*). **Out of control**—নিয়ন্ত্রণের অতীত (the car was *out of control*).

Controllable (কন্টোল্যাব্‌ল্‌), দমনীয় ; শাসনীয় ; নিয়ন্ত্রণযোগ্য ; That may be checked or restrained.

Controller, Comptroller (কন্ট্রোলর্‌), *n.* হিসাবাধ্যক্ষ ; হিসাব-পরীক্ষক ; One who checks the accounts of others ; নিয়ামক ; One who controls.

Controversial (কন্ট্রভার্‌শ্যল্‌), *a.* বিতর্ক বা বিতর্ক-সম্বন্ধীয় ; Relating to dispute.

Controversialist (কন্ট্রভার্‌শ্যালিস্ট্‌), *n.* তার্কিক ; Disputant.

Controversy (কন্ট্রভার্‌সি), *n.* বিতর্ক ; বিরোধ ; Dispute ; discussion ; quarrel. **Beyond controversy**—মতান্তরের অতীত ; অনিবার্য্য ; With no two opinions (on the matter) ; certain.

Controvert (কন্ট্রভার্ট্‌), *v. t.* অস্বীকার করা ; খণ্ডন করা ; বাদানুবাদ করা ; Oppose ; refute ; argue against.

Contumacious (কন্‌টিউমেশাস্‌), অবাধ্য ; একগুঁয়ে ; Obstinate ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

born; আদেশ-লঙ্ঘনকারী; Disobedient to lawful authority.

Contumacy (কন্‌টিউম্যাসি), *n.* অবাধ্যতা; একগুঁয়েমি; Disobedience; stubbornness; আদেশ-লঙ্ঘন; Contempt of lawful authority.

Contumely (কন্‌টিউমীলি), *n.* ঔদ্ধত্য; দম্ভ; Insolence; contempt.

Contuse (কন্‌টিউজ্), *v. t.* চোট দেওয়া; থেঁতলে করা; Bruise; crush.

Contusion (কন্‌টিউঝ্‌ন্), *n.* পেষণ; থেঁতলান; আঘাত; Act of bruising, or state of being bruised; bruise.

Conundrum (কনান্‌ড্রাম্), *n.* প্রহেলিকা; Riddle.

Convalesce (কন্‌ভ্যালেস্), *v. i.* পীড়া উপশমান্তে স্বাস্থ্যলাভ করা; Recover health and strength after sickness.

Convalescence (কন্‌ভ্যালেসেন্স্), *n.* পীড়া উপশমান্তে স্বাস্থ্য এবং বল লাভ; Recovery of health after sickness.

Convalescent (কন্‌ভ্যালেসেন্ট্), *a.* পুনঃ স্বাস্থ্যলাভোন্মুখ; Gradually recovering health:—*n.* যে ক্রমে রোগমুক্ত হইতেছে; One who is recovering from an illness.

Convene (কন্‌ভীন্), *v. i. t.* সমবেত হওয়া; মিলিত হওয়া; Meet; assemble; একত্র আহ্বান করা; Call together (*convene* a meeting).

Convener (কন্‌ভীনার্), *n.* সভার আহ্বায়ক বা আহ্বানকারী; One who convenes.

Convenience (কন্‌ভীনিয়েন্স্), *n.* উপযোগিতা; Fitness; সুবিধা; সুখস্বাচ্ছন্দ্য; Commodiousness; ease. **A marriage of convenience**—কোনও সুবিধার জন্য বিবাহ, প্রেমের বিবাহ নয়; A marriage made for the sake of gaining some advantage, not for love.

Convenient (কন্‌ভীনিয়েন্ট্), *a.* উপযুক্ত; Suitable; সুবিধাজনক; Commodious.

Conveniently (কন্‌ভীনিয়েন্ট্‌লি), *ad.* সুবিধাজনকভাবে; Advantageously.

Convent (কন্‌ভেন্ট্), *n.* খ্রীষ্টীয় মঠ বা ধর্ম্মশালা; Monastery or nunnery.

Conventicle (কন্‌ভেন্টিক্‌ল্), *n.* উপাসনা-সমিতি; Assembly for worship.

Convention (কন্‌ভেন্‌শন্), *n.* (আইনতঃ বা সাধারণের সম্মতি বা আহ্বানবশতঃ) মিলন, সম্মেলন; দেশাচার; প্রচলন বা রীতিনীতি; Union; usage; প্রতিনিধি-সভা; Assembly of delegates or representatives; নিয়মপত্র; কড়ার; Agreement made before a treaty.

Conventional (কন্‌ভেন্‌শন্যাল্), *a.* সামাজিক; শিষ্টাচারসম্পন্ন; Behaving according to usual custom; formally polite; প্রচলিত; ব্যবহারসিদ্ধ; Customary; sanctioned by usage; মামুলী; Not new or original (*conventional* design).

Conventionalism (কন্‌ভেন্‌শন্যালিজ্‌ম্), *n.* সর্ব্ববাদিসম্মত বা প্রচলিত রীতি; প্রচলিত ভাষা; That which is established by custom; conventional phrase.

Conventual (কন্‌ভেন্‌টিউয়্যাল্), *a.* ধর্ম্মশালা বা মঠ-সংসৃষ্ট; Belonging to a convent.

Converge (কন্‌ভার্‌জ্), *v. i. t.* একই বিন্দুর অভিমুখীন হওয়া বা করা; Incline to one point; cause to converge.

Convergence (কন্‌ভার্‌জেন্স্), *n.* এককেন্দ্রাভিমুখতা; Tendency to one point.

Convergent (কন্‌ভার্‌জেন্ট্), *a.* এককেন্দ্রাভিমুখী, অভিসারী; Tending to one point.

Conversable (কন্‌ভার্‌স্যাব্‌ল্), *a.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সম্ভাষণপ্রিয় ; সামাজিক ; Ready or free to converse ; sociable.

Conversant (কন্‌ভার্‌স্যাণ্ট্), *a.* ঘনিষ্ঠ ভাবে পরিচিত ; Intimately acquainted ; অভিজ্ঞ ; দক্ষ ; Well-informed ; skilful ; সম্পর্কীয় ; Having concern. **Conversant with**—বিশেষরূপে অবগত ; Familiarly acquainted with.

Conversation (কন্‌ভার্‌সেশন্), *n.* আলাপ, কথোপকথন ; Familiar intercourse ; গল্প ; Chat.

Conversational (কন্‌ভার্‌সেশন্যাল্), *a.* আলাপ-সম্বন্ধীয় ; Pertaining to conversation.

Conversationalist (কন্‌ভার্‌সেশন্যালিস্ট্), *n.* সম্ভাষণপটু বা আলাপপটু ব্যক্তি ; One who excels in conversation.

Converse (কন্‌ভার্‌স্), *v. i.* কথোপকথন করা ; আলাপ করা ; গল্প করা ; Hold intercourse ; talk familiarly :—*n.* আলাপ ; কথাবার্ত্তা ; Familiar talk ; conversation ; (জ্যামিতি) বিরুদ্ধ বা বিপরীত প্রতিজ্ঞা ; Change in the form of a proposition, inverting its order and making the conclusion the premise :—*a* বিপরীত ; প্রতিলোম ; Opposite.

Conversely (কন্‌ভার্‌স্‌লি), *ad.* বিপরীতক্রমে ; In the opposite way.

Conversion (কন্‌ভার্‌শন্), *n.* ভাবান্তরপ্রাপ্তি, পরিবর্ত্তন ; Change from one state to another ; ধর্ম্ম-পরিবর্ত্তন ; Change from one religion to another ; প্রতিজ্ঞার শব্দবিন্যাসের পরিবর্ত্তন ; Act of interchanging the terms of proposition.

Convert (কন্‌ভার্ট্), *v. t.* পরিবর্ত্তিত করা ; Change from one state to another ; অন্য ধর্ম্মে দীক্ষিত করা ; Change from one religion to another ; নিয়োগ করা ; Apply to one's use :—*n.* ধর্ম্মান্তরে দীক্ষিত ব্যক্তি ; A converted person.

Convertible (কন্‌ভার্টিব্‌ল্), *a.* পরিবর্ত্তনযোগ্য ; Capable of being converted (paper money is rarely convertible into gold).

Convex (কন্‌ভেক্‌স্), *a.* স্ফীতোদর ; উচ্চ ; Rising into a round form on the outside :—*n.* উত্তল বস্তু ; Convex body (*oppo.* = concave). **Convex concave**—ন্যূব্জোত্তল ; Convex on one side and concave on the other.

Convexity (কন্‌ভেক্‌সিটি), *n.* গোলক বস্তুর উত্তলতা ; Roundness of form on the outside.

Convey (কন্‌ভে), *v. t.* বহন করা ; Carry ; সমর্পণ করা ; Make over ; জ্ঞাপন করা ; জ্ঞাত করা ; Communicate.

Conveyance (কন্‌ভেয়্যান্স্), *n.* বহন ; Act of conveying ; হস্তান্তরকরণ ; Transference ; গাড়ী-ইত্যাদি যান ; Vehicle.

Conveyancer (কন্‌ভেয়্যান্সার্), সম্পত্তির হস্তান্তর-পত্র-লেখক ; কোবালা-লেখক উকীল ; Lawyer employed to draw up writings by which property is transferred to another.

Conveyancing (কন্‌ভেয়্যান্সিং), দলিল-লিখন ; হস্তান্তর-পত্র-লেখকের কাজ ; Business of drawing deeds and other writings for transferring property.

Conveyer (কন্‌ভেয়ার্), *a.* বহনকারী ব্যক্তি বা বস্তু ; A person or thing that conveys.

Convict (কন্‌ভিক্‌ট্), *v. t.* অপরাধী সাব্যস্ত করা ; Pronounce guilty :—*n.* অপরাধী ; আসামী ; Criminal.

Conviction (কন্‌ভিক্‌শন্), *n.* [illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Convince

প্রমাণ করণ; Act of finding guilty; দণ্ডাজ্ঞা; Verdict of guilt; ভ্রম নিরাকরণ; Act of convincing one of error; দৃঢ় বিশ্বাস; A firm belief. **Carry conviction**—সত্যতা সম্বন্ধে বিশ্বাস উৎপাদন করা; স্পষ্টতঃই সত্য হওয়া; Be convincing, be evidently true (his story does not *carry conviction*).

Convince (কন্‌ভিন্স্), *v. t.* প্রমাণ প্রয়োগে বিশ্বাস জন্মান; তর্কে পরাভূত করা; Satisfy by proof; overcome by argument (person *of* fact). *a.*= convincible.

Convincing (কন্‌ভিন্‌সিং), *a.* সন্দেহ-ভঞ্জক, বিশ্বাসজনক; Leaving no doubt.

Convivial (কন্‌ভিভিয়্যাল্), *a.* উৎসব-সম্বন্ধীয়; সামাজিক; প্রফুল্ল; Festal; social; jovial.

Conviviality (কন্‌ভিভিয়্যালিটি), *n.* সানন্দচিত্ততা; Good humour.

Convocation (কন্‌ভকেশন্), *n.* সভার আহ্বান; Act of calling together by summons; সমাবর্ত্তন-উৎসব, খ্রীষ্টীয় ধর্ম্ম-যাজক বা বিশ্ববিদ্যালয়াধ্যক্ষদিগের সভা; Meeting of the clergy or of the heads of a university.

Convoke (কন্‌ভোক্), *v. t.* সমাহূত করা; সমবেত হইবার জন্য আহ্বান করা; Convene; summon to meet.

Convolute (কন্‌ভল্যূট্), **Convoluted** (কন্‌ভল্যূটেড্), *a.* জড়ান; গুটান; Coiled or spiral.

Convolution (কন্‌ভল্যূশন্), *n.* জড়ান; ভাঁজ; Twisting; fold.

Convoy (কন্‌ভয়্), *v. t.* (যুদ্ধজাহাজ, সৈন্য ইত্যাদি সম্বন্ধে) পাহারা দিয়া লইয়া যাওয়া; Escort :—*n.* স্থানান্তরগামী জাহাজাদির রক্ষার্থ নিযুক্ত সৈন্য বা রণপোত; Protecting force or battleship accompanying ships.

Convulse (কন্‌ভাল্‌স্), *v. t.* প্রকম্পিত করা; আন্দোলিত করা; Agitate violently; মাংসপেশীর সঙ্কোচনদ্বারা আক্ষিপ্ত করা; Affect by violent and irregular spasms, as the muscular parts of the body; প্রবলবেগে সঙ্কুচিত করা; Contract violently.

Convulsion (কন্‌ভাল্‌শন্), *n.* স্নায়বিক আক্ষেপ, খিঁচুনি; তড়কা; Spasm; তুমুল ও আকস্মিক আন্দোলন; A violent and sudden disturbance (a *convulsion* of nature).

Convulsive (কন্‌ভাল্‌সিভ্), *a.* খেঁচুনি-যুক্ত; মাংসপেশীর সঙ্কোচক; Attended with convulsions (a *convulsive* laughter).

Cony, Coney (কোনি), *n.* খরগোশ; Rabbit. *pl.*=conies, coneys.

Coo (কূ), *v. i. t.* কপোত বা ঘুঘুর মত শব্দ করা; Cry, as a pigeon or dove; কোমল, প্রেমের বা আদরের স্বরে কথাবার্ত্তা বলা; Talk or say, in adoring, amorous, or soft voice.

Cook (কুক্), *v. t.* রন্ধন করা; Prepare food by heating :—*n.* পাচক; রাঁধুনি; A person who cooks. **Cook up**—সাজান; Concoct (a story, etc.).

Cooker (কুকার্), *n.* রন্ধন করিবার পাত্র বা উনান; Cooking apparatus or stove; রন্ধনযোগ্য ফলাদি; Fruit, etc. that cooks well.

Cookery (কুকারি), *n.* পাক-প্রণালী; Art of cooking.

Cool (কূল্), *a.* শীতল; Moderately cold; অনুত্তেজিত, শান্ত; Calm; নির্লজ্জ; Impudent; উদাসীন; Showing little enthusiasm or interest (*cool* reception) :—*n.* ঠাণ্ডা জিনিস (যেমন, বাতাস, স্থান); Something that is cool, esp. cool air, a cool place or time (the *cool* of the early morning) :—*v. t. i.* শীতল করা বা হওয়া;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Make or become cold. **Cool down, off**—ঠাণ্ডা হওয়া; শান্ত হওয়া, উদাসীন হইয়া পড়া; Become or get cool or less enthusiastic. **Cool-headed**—স্থিরবুদ্ধি; ধীর; Judicious; unexcited.

Cooler (কূলার্), *n.* শীতল করিবার বা রাখিবার পাত্র; Vessel for cooling.

Coolie, Cooly (কূলি), *n.* মুটে; Porter.

Coolness (কুল্‌নিস্), *n.* শীতলতা; The state of being cool; মতবিরোধে বন্ধুপ্রীতির অভাব, অমিল; An absence of friendship owing to difference of opinion; a disagreement.

Coomb, Combe (কূম্), *n.* পর্ব্বতের খাড়াই মধ্যে স্বল্প উপত্যকা; Steep, short valley.

Coop (কূপ্), *n.* খাঁচা; Cage; ক্ষুদ্র জন্তুর খোঁয়াড়; Pen for small animals :—*v. t.* আবদ্ধ করা; Confine in a narrow compass; পিঞ্জরাবদ্ধ করা; Cage.

Cooper (কূপার্), *n.* পিপানির্ম্মাতা; One who makes barrels.

Cooperage (কূপারিজ্), *n.* পিপানির্ম্মাণ-কারীর মজুরি; Price paid for a cooper's work; পিপানির্ম্মাণ-কার্য্য; Business of a cooper; পিপা-নির্ম্মাতার দোকান; Workshop of a cooper.

Co-operate (কো-অপারেট্), *v. i.* সহ-যোগিতা করা; Work together to bring about a result.

Co-operation (কো-অপারেশন্), *n.* সহযোগিতা; Working together for a common purpose. **In co-operation with**—সহযোগে, সহকারিতায়; Working with.

Co-operative (কো-অপারেটিভ্), *a.* সহকারী; Operating jointly. **Co-operative society**—সমবায়-সমিতি।

Co-operative credit society—সমবায়-ঋণদান-সমিতি।

Co-operator (কো-অপারেটর্), *n.* সহ-কারী ব্যক্তি; সহকর্ম্মী; One who co-operates.

Co-opt (কো-অপ্ট্), *v. t.* সমিতির অন্তর্ভুক্ত সভ্যগণের ভোটদ্বারা অতিরিক্ত সভ্য নির্ব্বাচন করা; Elect into a body by the votes of its members.

Co-ordinate (কো-অর্ডিন্যাট্), *a.* সমপদস্থ; তুল্য; Equal in rank or order :—*n.* সমপদস্থ ব্যক্তি বা বস্তু; Person or thing of the same rank or another; স্থানাঙ্ক; Each of a system of magnitudes used to fix position of point, etc. (কো-অর্ডিনেট্), *v. t.* তুল্য করা; Make equal in rank.

Co-ordination (কো-অর্ডিনেশন্), *n.* সহযোজন; সমাবস্থাসংঘটন; সমন্বয়; The act of co-ordinating; the state of being co-ordinate.

Coot (কূট্), *n.* জলচর পক্ষিবিশেষ।

Cop (কপ্), *n.* (*slang*) পুলিস; Policeman. [আঁটা-বিশেষ

Copal (কোপ্যাল্), *n.* কহরোবা; বার্নিস;

Copartner (কোপার্ট্‌নার্), *n.* অংশীদার; Sharer.

Copartnership (কোপার্ট্‌নারশিপ্), **Copartnery** (কোপার্ট্‌নারি), *n.* শরিকানি; Joint interest.

Cope (কোপ্), *n.* শিরস্ত্রাণ; টুপি; Head-gear; ধর্ম্মযাজকের পরিচ্ছদ; Priest's vestment :—*v. i.* প্রতিযোগিতা করা; Vie (*with*); পারিয়া (আঁটিয়া) উঠা; Grapple successfully (*with*).

Copernican (কোপার্ণিক্যান্), *a.* কোপার্ণিকাস-সম্বন্ধীয়; Relating to Copernicus, the famous astronomer who held that the planets including the earth move round the sun.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...ya Samaj Foundation Chennai and eGangotri

Coping (কোপিং), *n.* প্রাচীরের মাথার ঢালুভাবে স্থান; The top part of a wall, sloping to throw off rain. **Coping stone**—কোনও কাজের শেষ কারুকুটি; The finishing touch to a piece of work.

Copious (কোপিয়াস্), *a.* প্রচুর; Abundant.

Copiously (কোপিয়াস্‌লি), *ad.* পর্য্যাপ্তভাবে; Plentifully.

Copper (কপার্), *n.* তাম্র; তাম্রপাত্র; তাম্রমুদ্রা। (*slang*) পুলিশ; Policeman :—*v. t.* তামা দিয়া মোড়া; Cover with copper.

Copperas (কপার্যাস্), *n.* তুঁতে; Sulphate of copper.

Copperplate (কপার্‌প্লেট্), *n.* তাম্রফলক; Plate of polished copper.

Coppice (কপিস্), **Copse** (কপ্‌স্), *n.* ক্ষুদ্র বৃক্ষের বন; Wood of small growth.

Copra (কপ্রা), *n.* নারিকেলের শুষ্ক শাঁস; Dried kernel of a cocoanut.

Copsewood (কপ্‌স্‌উড্), *n.* ঝোপজঙ্গল; Coppice.

Copula (কপিউল্যা), *n.* বন্ধনী; Bond or tie; উদ্দেশ্য ও বিধেয়বাচক শব্দের যোজক শব্দ; In logic, the word joining the subject and the predicate.

Copulate (কপিউলেট্), *v. i.* সঙ্গম করা; Have sexual intercourse.

Copulation (কপিউলেশন্), *n.* সঙ্গম, সহবাস; Sexual union.

Copulative (কপিউলেটিভ্), *a.* সংযোজক; That unites :—*n.* সংযোজক শব্দ; Conjunction that unites ideas as well as words. **Copulative verb**—যে অপেক্ষমাণ অসমাপিকা ক্রিয়া উদ্দেশ্য ও বিধেয়কে সংযুক্ত করে; Intransitive verb of incomplete predication.

Copy (কপি), *n.* অনুকরণ; Imitation; প্রতিলিপি; Transcript from an original; মুদ্রাঙ্কন জন্য হস্তলিপি; Manuscript for printing; একখানি পুস্তক; Single book (500 *copies* were sold); আদর্শ Pattern :—*v. t.* প্রতিলিপি করা; Transcribe; নকল বা অনুকরণ করা; Imitate; পরীক্ষায় টোকা (punished for *copying* during the examination).

Copy-book (কপি-বুক্), *n.* আদর্শ-লিপি; Book for practising writing.

Copyist (কপিস্ট্), *n.* নকলনবিস; One who copies; নকলকারী; Imitator.

Copyright (কপিরাইট্), *n.* গ্রন্থকার, চিত্রকর ইত্যাদি লোকের গ্রন্থ বা চিত্রের উপর একচেটিয়া অধিকার; Exclusive legal right to an original work for a certain number of years :—*a.* উক্ত অধিকার দ্বারা রক্ষিত; Protected by copyright (a *copyright* book).

Coquet (ককেট্), *v. i.* ছেনালি করা; প্রণয়ে প্রতারণা করা; Flirt; trifle in love (*with*).

Coquetry (ককিট্রি), *n.* ভালবাসার ভাণ; ছেনালি; Flirting; trifling in love.

Coquette (ককেট্), *n.* ছেনাল মেয়ে; A flirt.

Coquettish (ককেটিশ্), *a.* ছেনালের মত; Like a coquette.

Coracle (কর‍্যাক্‌ল্), *n.* চর্ম্মাবৃত ক্ষুদ্র নৌকা বা ডিঙ্গি; A small boat covered with skin.

Coral (কর‍্যাল্), *n.* পলা; প্রবাল; প্রবালকীট :—*a.* প্রবালনির্ম্মিত; প্রবালসদৃশ; Made of coral; resembling coral. **Coral island**—প্রবাল-দ্বীপ। **Coral-reef**—প্রবাল-প্রাচীর; Bank formed by the growth and deposit of coral.

Coralline (কর‍্যালাইন্), *a.* প্রবালবৎ; প্রবালপূর্ণ; Like or containing coral.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Cord (কোর্ড্), *n.* রজ্জু ; Rope ; শরীরের রজ্জুবৎ অংশ (the spinal *cord*) :—*v. t.* রজ্জুদ্বারা বন্ধন করা ; Fasten with ropes.

Cordage (কোর্ডিজ্), *n.* রজ্জুসমূহ ; দড়াদড়ি ; Cords and ropes taken together.

Cordial (কোর্ডিয়্যাল্), *a.* আন্তরিক ; সহৃদয় ; Hearty ; sincere (a *cordial* welcome) ; উত্তেজক ; Stimulating ; বলকারক ; Invigorating (a *cordial* drink) :—*n.* বলকারক ঔষধ ; Medicine that revives the spirits.

Cordiality (কোর্ডিয়্যালিটি), *n.* সরলতা ; প্রগাঢ় স্নেহ ; Sincerity ; warmth of regard ; সহৃদয়তা ; আন্তরিক আগ্রহ ; Warmth of heart.

Cordially (কর্ডিয়্যালি), *ad.* আন্তরিকতার সহিত ; সহৃদয়তার সহিত ; Sincerely ; heartily.

Cordite (কোর্ডাইট্), *n.* ধূমবিহীন বারুদবিশেষ ; A kind of smokeless explosive.

Cordon (কোর্ডন্), *n.* সম্মানসূচক ফিতা ; Ribbon bestowed as a badge of honour ; কোনও নির্দ্দিষ্ট অঞ্চলে গমনাগমন বন্ধ করিবার জন্য পুলিশ, সৈন্যাদি বা জাহাজ ইত্যাদির বেষ্টনী ; A line of men, etc. and ships, to prevent people from entering or leaving a certain area.

Core (কোর্), *n.* ফলের শাঁস ; Inner part of fruit ; অন্তঃকরণ ; Heart ; অন্তস্তল ; Inner part (true to the *core*) :—*v. t.* অভ্যন্তরস্থ পদার্থ বাহির করা, কোরা ; Take out the core or inner parts of fruit.

Co-religionist (কো-রিলিজনিস্ট্), *n.* একধর্ম্মাবলম্বী ; One of the same religion with another.

Corer (কোরার্), *n.* কুরুণি ; An instrument for removing the core.

Co-respondent (কো-রিস্পণ্ডেন্ট্) বিবাহ-বিচ্ছেদের মামলায় ব্যভিচারের অভিযুক্ত পরপুরুষ বা পরস্ত্রী ; Man or woman accused in a divorce suit of adultery with another's wife or husband.

Coriander (করিয়্যাণ্ডার্), *n.* ধনিয়া গাছ বা ধনিয়া ; A kind of plant or its seed. **Coriander-seed**—ধনিয়া

Corinthian (কোরিন্থিয়্যান্), *a.* করিন্থ-নামক নগর-সম্বন্ধীয় ; Pertaining to Corinth :—*n.* করিন্থ নগরবাসী ; Native of Corinth ; সদানন্দ পুরুষ ; Gay person.

Cork (কোর্ক্), *n.* কর্ক ; ছিপি ; Outer bark of the cork tree, of which stoppers are made :—*v. t.* ছিপি দ্বারা বন্ধ করা ; Stop with a cork. *a.* = corky.

Corkjacket (কোর্ক্ জ্যাকিট্), *n.* সন্তরণ সহায়ক একবিধ কর্কযুক্ত কোর্ত্তা ; A belt of cork.

Corkscrew (কর্ক্স্ক্রু), *n.* ছিপি খুলিবার পেঁচ ; Instrument for drawing corks.

Cormorant (কোর্মর‍্যাণ্ট্), *n.* সমুদ্রের অতিভোজী পক্ষিবিশেষ ; A kind of voracious sea-bird ; একজন Glutton.

Corn (কোর্ণ্), *n.* ধান্যাদি শস্য ; Grain ; পায়ের কড়া ; Hard, horny excrescence on the feet :—*v. t.* মাংস লবণ মাখাইয়া রক্ষা করা ; Preserve (meat) by sprinkling with salt.

Cornea (কোর্ণিয়া), *n.* অক্ষিগোলকের আবরণ।

Cornel (কর্ণেল্), *n.* একজাতীয় বৃক্ষ ; Tree yielding small edible cherries. *a.* = cornelian.

Cornelian (কোর্ণীলিয়্যান্), *n.* মূল্যবান প্রস্তর ; Precious stone.

Corner (কোর্ণার্), *n.* কোণ ; A

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...ya Samaj Foundation Chennai and eGangotri

নিভৃত কোণ; Nook; চরম সুদূরবর্ত্তী স্থান; Remote place (in every *corner* of the world) :—*v. t.* কোণ-ঠাসা করা; Drive into a corner. **Corner kick or shot**—কোণ হইতে বল মারা। **Corner market**—একচেটিয়া কারবার। **A tight corner**—সঙ্কীর্ণ অবস্থা; A dangerous or difficult situation. **Drive a person into a corner**—কাহাকেও সঙ্কীর্ণ অবস্থায় ফেলা; Put a man into a difficult situation.

Corner-stone (কর্ণার্-স্টোন্), *n.* প্রধান ভিত্তি-প্রস্তর; Principal stone uniting the two walls of a building at a corner; অত্যাবশ্যক বিষয়; Something of very great importance; ভিত্তি; A foundation (industry is the *corner-stone* of his success).

Cornet (কোর্ণিট্), *n.* বাদ্যযন্ত্র-বিশেষ; শিঙ্গা; A kind of musical instrument.

Corn-exchange (কোর্ণ্-এক্স্চেঞ্জ্), *n.* শস্যের বাজার; Mart of selling corn.

Corn-factor (কোর্ণ্-ফ্যাক্টর্), *n.* শস্যের গোদার; Wholesale dealer in corn.

Corn-flour (কোর্ণ্-ফ্লাওয়ার্), *n.* ময়দা; সূক্ষ্মচূর্ণ; Finely ground meal of Indian corn or maize.

Cornice (কোর্ণিস্), *n.* কার্ণিস্; Highest projection on a wall or column.

Corn-mill (কর্ণ্-মিল্), *n.* শস্যপেষণ-যন্ত্র; Mill for grinding corn.

Corn-rent (কর্ণ্-রেণ্ট্), *n.* নগদ টাকার পরিবর্ত্তে শস্যদ্বারা প্রদত্ত কর; Rent paid in corn instead of money.

Corney (কর্ণি), *a.* কঠিন; Strong or hard; শস্যোৎপাদক; শস্যপূর্ণ; Producing corn; containing corn.

Corolla (করল্যা), *n.* (পুষ্পের) দলমণ্ডল; Inner part of a flower.

Corollary (করল্যারি), *n.* অনুমান, অনুসিদ্ধান্ত; Consequence drawn from the demonstration of a proposition; inference or deduction from recognised facts; স্বাভাবিক ফল; A natural consequence or result.

Corona (করোন্যা), *n.* কার্ণিসের অংশ-বিশেষ; Projected portion of cornice; সূর্য্যগ্রহণে (সর্ব্বগ্রাসকালীন) আলোক-মণ্ডল; Halo of white light seen round the disc of the sun or the moon in total eclipse of the sun (now known to belong to the sun); চাঁদের বা সূর্য্যের চারিধারে ছটামণ্ডল; Small disc of light round the sun or the moon. *pl.*= coronae. [মালা; Wreath.

Coronal (করন্যাল্), *n.* কিরীট; Crown;

Coronal (করোন্যাল্), *a.* মস্তকের ঊর্দ্ধ-ভাগ-সম্বন্ধীয়; Pertaining to the top of the head.

Coronation (করনেশন্), *n.* রাজ্যাভি-ষেক; Act or solemnity of crowning a sovereign.

Coroner (করনার্), *n.* অপঘাত-মৃত্যুর কারণ অনুসন্ধানকারী কর্ম্মচারী, আশুমৃত-পরীক্ষক; Officer entrusted to enquire into deaths by accidents or violence.

Coronet (করনিট্), *n.* মুকুট; Small crown; পুষ্প বা রত্নাদির মস্তকাভরণ; Ornamental head-dress.

Corporal (কোর্‌পর‍্যাল্), *n.* সর্ব্বনিম্নপদস্থ সৈনিক কর্ম্মচারী; Lowest officer of an infantry. *n.*=corporalship.

Corporal (কোর্‌পর‍্যাল্), *a.* শারীরিক; Of the body (*corporal* punishment); পাঞ্চভৌতিক; Material.

Corporate (কোর্‌পর‍্যাট্), *a.* আইন

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দ্বারা গঠিত ; Incorporated ; উক্ত প্রকার সমিতি-সম্পর্কীয় ; Belonging to a corporation ; মিলিত ; United.

Corporation (কোর্‌পরেশন্), *n.* আইন দ্বারা গঠিত সভা ; পৌরসভা ; A group of persons allowed by law to act as one person ; the body of persons who are elected to manage the municipal affairs of a town or city (the Calcutta *Corporation*).

Corporeal (কোর্‌পোরিয়্যাল্), *a.* দেহী ; পাঞ্চভৌতিক ; Having a body ; material.

Corps (কোর্), *n.* সৈন্যদল ; Body of soldiers ; সৈন্যাকারে সংগঠিত দল ; An organised body. *pl.*=corps (কোর্‌জ্) ।

Corpse (কোর্‌প্‌স্), *n.* শব ; The dead body of a person.

Corpse-candle (কোর্‌প্‌স্-ক্যাণ্ড্‌ল্), *n.* আলেয়া ; Will-o-the-wisp.

Corpulence (কোর্‌পিউলেন্স্), **Corpulency** (কোর্‌পিউলেন্সি), *n.* স্থূলতা ; Excessive fatness.

Corpulent (কোর্‌পিউলেণ্ট্), *a.* স্থূলকায়, মোটা ; মাংসল ; Fat ; fleshy.

Corpuscle (কোর্‌পাস্‌ল্), **Corpuscule** (কোর্‌পাস্‌কিউল্), *n.* জৈব পদার্থের ক্ষুদ্র ক্ষুদ্র অথচ বিশিষ্ট অংশ, বিশেষতঃ মেরুদণ্ডী প্রাণীর রক্তের লাল কণিকাসমূহ ; Minute body forming distinct part of an organism, esp. (*pl.*) particles forming large part of the blood in vertebrates. *a.*= corpuscular. **Red corpuscle**—রক্তের লোহিত কণিকা। **White corpuscle**—রক্তের শ্বেত কণিকা।

Corral (কর্‌য়াল্), *n.* অশ্ব বা গরু প্রভৃতির খোঁয়াড় ; Enclosure for the horse or cattle :—*v. t.* খোঁয়াড়ে আবদ্ধ করা ; Confine in a corral.

Correct (করেক্‌ট্), *v. t.* সংশোধন করা ; Rectify ; শাসন করা ; দণ্ডবিধান ক Reform ; punish :—*a.* বিশুদ্ধ ; সত্য ; Free from faults ; ri true.

Correction (করেক্‌শন্), *n.* সংশো Amendment ; দণ্ড ; শাসন ; Pu ment ; discipline ; সংশোধন ক যাহা বসান হয় ; What is put in pl of a mistake. **Under correct** —ভুল হইতে পারে ইহা জানিয়া ; Ad ting the possibility of error.

Correctitude (করেক্‌টিটিউড্), ঠিক আচরণ ; Correct behaviour.

Corrective (করেক্‌টিভ্), *a.* সংশো ক্ষম ; Having the power to corr —*n.* সংশোধক পদার্থ ; That w corrects.

Correctness (করেক্‌ট্‌নেস্), বিশুদ্ধতা, প্রমাদহীনতা ; State of b correct.

Corrector (করেক্‌টর্), *n.* সংশো He who or that which corrects

Correlate (করিলেট্), *v. i. t.* প সম্বন্ধযুক্ত হওয়া বা করা ; Be mut related, bring into correlati —*n.* সম্বন্ধযুক্ত দুইটি জিনিসের এ Each of two related things.

Correlation (করিলেশন্), *n.* পার সম্বন্ধ ; অনুবন্ধ ; Mutual relation

Correlative (করিলেটিভ্), *a.* পারস্পরিক সম্বন্ধবিশিষ্ট (শব্দ বা বিষয়) ; word or thing related to an word or thing (*e. g.*, either··· or

Correspond (করিস্‌পণ্ড্), *v. i.* হওয়া ; Suit or agree (*with*) ; হওয়া ; Be adequate ; চিঠিপত্রাদি পত্রদ্বারা সংবাদাদি আদান-প্রদান ক Communicate by letters (w

Correspondence (করিস্‌পণ্ড্ *n.* ঐক্য ; Agreement ; পত্র লেখা Exchange of letters ; লিখিত প Letters.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Correspondent (করিস্‌পণ্ডেণ্ট্), *a.* অনুরূপ; Corresponding *to* or *with* :—*n.* (সংবাদপত্রাদির) সংবাদদাতা ; A person employed by newspaper to send it news and comments.

Corresponding (করিস্‌পণ্ডিং), *a.* অনুরূপ; Suiting ; পত্র-ব্যবহারকারী ; Carrying on correspondence by letters.

Corridor (করিডোর্), *n.* বারান্দা ; সরবরাহান ; Passage-way to apartments independent of each other ; এক দেশের অধিকারে অন্য দেশের মধ্যবর্ত্তী সংকীর্ণ ভূখণ্ড (সমুদ্রপথে বা অন্যত্র সংলগ্ন) ; A narrow strip of territory that goes through another territory to secure access to the sea, etc. (the Polish *corridor*).

Corrigenda (করিজেণ্ড্যা), *n. pl.* শুদ্ধিপত্রসমূহ ; Corrections to be made in a book. *sing.*=corrigendum.

Corrigible (করিজিব্‌ল্), *a.* সংশোধনীয় ; That may be corrected ; amenable to correction.

Corroborant (কর্‌বর‍্যাণ্ট্), **Corroborative** (করবরেটিভ্), *a.* পোষক ; সমর্থনকারী ; Confirmatory :—*n.* সমর্থনকারী বিষয় ; That which corroborates.

Corroborate (করবরেট্), *v. t.* দৃঢ় করা ; সমর্থন করা ; Confirm (*corroborate* a theory).

Corroboration (করবরেশন্), *n.* সমর্থন ; Confirmation ; সমর্থনকারক বস্তু ; That which corroborates.

Corrode (করোড্), *v. t. i.* ক্রমশঃ ক্ষয় করা বা হওয়া ; Eat or be eaten away by degrees ; ক্ষয় করা ; Consume ; মরিচা পড়ান ; Rust.

Corrosion (করোঝ্‌ন্), *n.* ক্ষয় ; Wasting away ; ক্ষয় প্রাপ্তির অবস্থা ; The state of being corroded.

Corrosive (করোসিভ্), *a.* ক্ষয়শীল ; ক্ষয়কারক ; Consuming :—*n.* ক্ষয়কারক পদার্থ ; That which corrodes.

Corrugate (করুগেট্), *v. t. i.* ভাঁজ করা ; Form folds ; ঢেউ-তোলা হওয়া ; Bend into wavy ridges. **Corrugated iron**—ঢেউতোলা টিন।

Corrugation (করুগেশন্), *n.* সঙ্কোচন ; Act of being formed into wrinkles.

Corrupt (করাপ্ট্), *v. t. i.* বিকৃত করা ; Debase ; পচাইয়া ফেলা বা যাওয়া ; Change from a sound to a putrid state ; দূষিত করা বা হওয়া ; Vitiate ; নষ্ট করা ; Waste ; উৎকোচ প্রদান করা ; Bribe ; ভ্রমপূর্ণ করা ; Falsify :—*a.* পচা ; Rotten ; দূষিত ; Vitiated ; অসাধু ; Dishonest ; নীতিহীন ; Morally bad.

Corruptible (করাপ্‌টিব্‌ল্), *a.* দূষিত বা বিকৃত হইবার যোগ্য ; Liable to be corrupted.

Corruption (করাপ্‌শন্), *n.* দোষ ; পচন ; বিকৃতি ; Taint ; rottenness ; পচা বস্তু ; Putrid matter ; পাপ ; Sin, vice ; উৎকোচ প্রদান বা গ্রহণ ; Depravity ; bribery ; (ভাষা সম্পর্কে) অপকৃষ্টকরণ ; Making impure.

Corsage (কোর্‌সাঝ্), *n.* স্ত্রীলোকদিগের কাঁচুলি ; Bodice for ladies.

Corsair (কোর্‌সেয়ার্), *n.* জলদস্যু ; Pirate ; দস্যুপোত ; Piratical vessel.

Corse (কোর্‌স্), *n.* শব ; Poetic form of *corpse*.

Corselet, Corslet (কোর্‌স্‌লিট্), *n.* উরস্ত্রাণ ; Armour for the breast. *a.* =corseleted.

Corset (কোর্‌সিট্), *n.* (usu. *pl.*) কাঁচুলি ; A pair of stays for ladies.

Cortege (কোর্টেঝ্), *n.* অনুচরবর্গ ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Train of attendants ; শবানুযাত্রিদল ; Funeral procession.

Cortex (কোর্টেক্স্), *n.* বল্কল ; Bark of a tree ; বহিরাবরণ ; Outer covering. *pl.*=cortices.

Cortical (কোর্টিক্যাল্), *a.* বল্কল-সম্বন্ধীয় ; Pertaining to bark ; বহির্দ্দেশীয় ; External.

Corticated (কোর্টিকেটিড্), *a.* বল্কল-বিশিষ্ট বা বল্কলবৎ ; Having or like a bark.

Coruscate (করাস্কেট্), *v. i.* ঝক্মক্ করা ; Sparkle.

Coruscation (করাস্কেশন্), *n.* ছটা ; আভা ; Sudden flash of light ; চমক ; Glittering.

Corvee (কর্ভে), *n.* বেগার কাজ আদায় ; A system of exacting unpaid labour.

Corvette (কোর্ভেট্), *n.* একপ্রকার রণতরী ; A kind of warship.

Corvine (কোর্ভাইন্), *a.* কাক-সম্বন্ধীয় ; Pertaining to the crow.

Corymb (করিম্ব্), *n.* পুষ্পগুচ্ছ-বিশেষ ; Flower-cluster with flattish top.

Co-signatory (কো-সিগ্ন্যাটরি), *n.* সহ-স্বাক্ষরকর্ত্তা ; One who signs along with others.

Cosmetic (কজ্মেটিক্), *n.* (usu. *pl.*) অঙ্গরাগ ; Preparation used to beautify hair or skin.

Cosmic (কজ্মিক্), **Cosmical** (কজ্মিক্যাল্), *a.* জাগতিক ; Relating to the world. **Cosmic rays**—মহাজাগতিক রশ্মি।

Cosmogony (কজ্মগনি), *n.* বিশ্বের উৎপত্তিতত্ত্ব ; Theory of the origin and creation of the universe.

Cosmographer (কজ্মগ্র্যাফার্), *n.* বিশ্বসংগঠনতত্ত্ববিৎ ; One versed in cosmography ; বিশ্বতত্ত্বলেখক ; One who writes cosmography.

Cosmographic (কজ্মগ্র্যাফিক্), **Cosmographical** (কজ্মগ্র্যাফিক্যাল্), *a.* বিশ্বতত্ত্ব-সম্বন্ধীয় ; Relating to cosmography.

Cosmography (কজ্মগ্র্যাফি), *n.* বিশ্বনির্ম্মাণ-কৌশলতত্ত্ব ; Science of the constitution of the universe ; বিবরণ ; Description of the world. *n.*=cosmographer.

Cosmology (কজ্মলজি), *n.* বিশ্বতত্ত্ব ; Science of the world. *a.*=cosmological. *n.*=cosmologist.

Cosmopolitan (কজ্মপলিট্যান্), সার্ব্বভৌমিক ; বিশ্বজনীন ; Belonging to all parts of the world ; সংস্কারমুক্ত ; Free from national prejudices :—*n.* জাতীয় সংস্কার-মুক্ত ব্যক্তি ; A cosmopolitan person.

Cosmopolitan (কজ্মপলিট্যান্), **Cosmopolite** (কজ্মপলাইট্), *n.* বিশ্বনাগরিক ; A citizen of the world. *abs. n.*=cosmopolitanism.

Cosmos (কজ্মস্), *n.* বিশ্বব্রহ্মাণ্ড ; The ordered universe (*oppo.*=chaos) ভাবাদির সুশৃঙ্খলতা ; The ordered system of ideas, etc.

Cossack (কস্যাক্), *n.* রুষিয়া দেশের ও দক্ষিণ প্রদেশবাসী যুদ্ধপ্রিয় লোক ; One of a warlike tribe in the east and south of Russia. [Fond

Cosset (কসিট্), *v. t.* আদর করা

Cost (কস্ট্), *n.* মূল্য ; Price ; ব্যয় ; Expense ; ক্ষতি ; Loss (at the cost of) :—*pl.* মোকদ্দমার ব্যয় ; Expenses of a lawsuit :—*v. i.* খরচ লাগা ; Be bought for ; আবশ্যক করা ; Require. **At any cost, At all costs**—ক্ষতি হউক না কেন ; At any expense.

Costal (কস্ট্যাল্), *a.* পঞ্জর-সম্বন্ধীয় ; the ribs of the body.

Costard (কস্ট্যার্ড্), *n.* বড় আপেল ; Large apple ; মাথা ; Head.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Costarmonger (কস্ট্যার্‌মাঙ্গার্‌), *n.* ফল-ফেরিওয়ালা ; Itinerant seller of fruit ; ফল-বিক্রেতা ; Seller of apples and other fruits ; একপ্রকার গালাগালি ; A term of abuse.

Cost-free (কস্ট্‌-ফ্রী), *a.* ব্যয়বিহীন ; Free of charge.

Costive (কস্টিভ্‌), *a.* কোষ্ঠবদ্ধ ; Constipated.

Costiveness (কস্টিভ্‌নিস্‌), *n.* কোষ্ঠবদ্ধতা ; Constipation.

Costly (কস্ট্‌লি), *a.* মূল্যবান্‌ ; Valuable ; মহার্ঘ ; Dear ; বহুব্যয়সাপেক্ষ ; Entailing a heavy expenditure.

Costume (কস্টিউম্‌), *n.* পরিচ্ছদ-সজ্জা ; Style of dress ; পরিচ্ছদ ; Dress. **A costume play**—ঐতিহাসিক নাটক।

Costumier (কস্টিউমিয়ার্‌), *n.* পরিচ্ছদ প্রস্তুতকারক বা বিক্রেতা ; Maker of or dealer in costumes.

Cosy, Cozy (কোস্ত্রি), *n.* চা-দানির উত্তাপ রক্ষার জন্য তুলাভরা আবরণ ; A quilted cover for a tea-pot to retain warmth :—*a.* আরামদায়ক ; Comfortable ; সুখকর ; Snug.

Cot (কট্‌), *n.* কুটীর ; Cottage ; দোলনা ; Cradle ; গো-মেষাদির খোঁয়াড় ; Enclosure for sheep or cattle ; ছোট খাট ; Light bedstead.

Cote (কোট্‌), *n.* গৃহপালিত ক্ষুদ্র প্রাণীর বাসা ; Shed, stall or shelter for animals (dove-*cote*).

Coterie (কোটারি), *n.* বন্ধুদিগের দল ; Party of friends ; কোন উদ্দেশ্যে সমষ্টিবদ্ধ ব্যক্তিবর্গ ; Set of persons associated by exclusive interests.

Cotillon (কটিলন্‌), **Cotillion** (কটিলিয়ন্‌), *n.* নৃত্যবিশেষ ; Brisk dance by eight persons.

Cottage (কটিজ্‌), *n.* কুটীর ; Small neat dwelling.

Cottager (কটিজার্‌), *n.* কুটীর-বাসী ; One who lives in a hut.

Cotter (কটার্‌), *n.* কীলকাকৃতি কাষ্ঠখণ্ড বা লৌহদণ্ড ; Wedge-shaped piece of wood or iron ; চাবি ; Key.

Cotton (কট্‌ন্‌), *n.* কার্পাস-বস্ত্র ; Cloth made of cotton ; তুলা ; কার্পাস :—*a.* কার্পাস-নির্ম্মিত ; Made of cotton. **Cotton-plant**—কার্পাস বৃক্ষ ; Plant yielding cotton. **Cotton-press**—তুলার গাঁইট বাঁধিবার যন্ত্র ; Machine for pressing bales of cotton.

Cotton-spinner (কট্‌ন্‌-স্পিনার্‌), *n.* কার্পাসসূত্র প্রস্তুতকারক ; One who spins cotton.

Cotton-tree (কট্‌ন্‌-ট্রী), *n.* শিমুল গাছ ; Tree yielding a substance like cotton. [পেঁজা তুলা ; Raw cotton.

Cotton-wool (কট্‌ন্‌-উল্‌), *n.* কাঁচা বা

Cotyledon (কটিলীডন্‌), *n.* বীজ-পত্র ; Seed-leaf.

Couch (কাউচ্‌), *v. t. i.* ভাষায় সাজান ; Put (a thought, etc.) in language (*couched* in elegant language) ; বিশ্রাম করা ; শয়ন করা ; Repose ; lie down (only in *p. p.*, *couched* in sleep) ; আক্রমণার্থে ওঁৎ পাতিয়া থাকা ; Lie ready to spring on or attack :—*n.* পালঙ্ক ; শয্যা ; Place for rest ; bed ; আরাম-কেদারা-বিশেষ ; Lounge-like sofa.

Couchant (কাউচ্যাণ্ট্‌), *a.* ওঁৎ-পাতা অবস্থায় অবস্থিত ; In a couching attitude or posture.

Cougar (কুগ্যার্‌), *n.* মার্কিনদেশের বিড়ালজাতীয় বৃহদাকার জন্তু ; A large American feline beast.

Cough (কফ্‌), *n.* কাশি ; Expulsion of air from the lungs or noise made by it :—*v. t. i.* কাশা ; Make cough.

Could (কুড্‌), *p. t.* of **Can.**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Coulter (কোল্টার্), *n.* লাঙ্গলের ফাল ; Fore-iron of a plough.

Council (কাউন্সিল্), *n.* মন্ত্রণা-সভা ; পরিষদ্ ; Assembly met for consultation. **Legislative council**—রাষ্ট্রপরিষদ্।

Councillor (কাউন্সিলর্), *n.* মন্ত্রণা-সভার সভ্য ; Member of a council.

Counsel (কাউন্সেল্), *n.* পরামর্শ ; উপদেশ ; Consultation ; advice ; ব্যারিষ্টার ; কৌঁসুলি ; Barrister :—*v. t.* (*-ll-*) পরামর্শ দেওয়া ; Advise. **Take** or **hold counsel with**—পরামর্শ করা ; Consult.

Counsellor (কাউন্সেলর্), *n.* পরামর্শ-দাতা ; One who advises another ; ব্যবহারাজীব ; Advocate.

Count (কাউণ্ট্), *v. t. i.* সংখ্যা গণনা করা ; Number (*count* twenty) ; আরোপ করা ; Ascribe ; বিবেচনা করা ; Consider ; সমষ্টি করা ; Sum up ; গণ্য করা ; Esteem ; প্রয়োজনীয় বা মূল্যবান্ হওয়া ; Have value (every minute *counts*). **Count for little** or **nothing**—কোনও কাজের না হওয়া ; Be of little or no value or importance. **Count on** or **upon**—নির্ভর করা : Rely on :—*n.* গণনা ; Reckoning ; সংখ্যা ; সমষ্টি ; Number ; total amount. **Take count of**—গণনার মধ্যে আনা, গণ্য করা (*take* no *count of* what he says).

Count (কাউণ্ট্), *n.* সম্মানসূচক উপাধি-বিশেষ ; Foreign title of nobility corresponding to English Earl. *fem.*=countess.

Countenance (কাউণ্টিন্যান্স্), *n.* আকৃতি ; অবয়ব ; Look ; aspect ; মুখ-মণ্ডলের ভাব ; Features ; নৈতিক সমর্থন ; Moral support :—*v. t.* উৎসাহ দেওয়া ; সমর্থন করা ; Encourage ; support.

Counter (-কাউণ্টার্), *n.* গণক ; who or that which counts ; গণ্য ব্যবহৃত ধাতুখণ্ডাদি ; Piece of metal etc. used in reckoning ; দোকান টেবিল, পট্টক, পাটা ; Shop-table :—বিরুদ্ধে ; Against (run *counter* to) —*pref.* বিপরীত দিকে (*counter* mark) প্রতিরূপ বা নকল ; Correspondent (*counter*part) :—*v. t.* বিপরীত করা ; Act in opposition to.

Counteract (কাউণ্টার্‌য়্যাক্ট্), *v.* বিফল করা ; বাধা দেওয়া ; নিবারণ করা ; Defeat ; hinder ; prevent.

Counteraction (কাউণ্টার্‌য়্যাক্শন্), *n.* বাধা ; বিপরীত ক্রিয়া ; Hindrance ; action in opposition.

Counter-attack (কাউণ্টার্-য়্যাটাক্), *v. t. i.* & *n.* পাল্টা আক্রমণ (করা) ; Return attack (after close of enemy's attack).

Counter-attraction (কাউণ্টার্-য়্যাট্রাক্শন্), *n.* বিপরীত আকর্ষণ ; বিপরীত Attraction of contrary tendency ; rival attraction.

Counterbalance (কাউণ্টার্‌ব্যালান্স্), *v. t.* সমভার করা ; Weigh against with an equal weight :—*n.* সমভার Equal weight.

Counterblast (কাউণ্টার্‌ব্ল্যাস্ট্), *n.* তীব্র প্রতিবাদ ; Energetic declaration against something.

Countercharge (কাউণ্টার্‌চার্জ্), *n.* বিপরীত অভিযোগ ; পাল্টা অভিযোগ ; Charge in opposition to another ; counter-charge against another.

Countercheck (কাউণ্টার্‌চেক্), *n.* বাধা দেয় বা প্রতিহত করে ; ক্রোধের প্রত্যুত্তর ; তোকাতুকি জবাব ; Anything that hinders or stops ; retort.

Counterclaim (কাউণ্টার্‌ক্লেম্), *n.* বিপরীত দাবী ; পাল্টা দাবী ; Claim

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

up against another ; claim set up by a defendant in a suit.

Counter-clockwise (কাউন্টার্-ক্লক্-ওয়াইজ্), *a. & ad.* বামাবর্ত্ত , বামাবর্ত্তে, ঘড়ির কাঁটার গতির বিপরীতে।

Counter-current (কাউন্টার্-কারেন্ট্), *n.* প্রতিকূল স্রোত ; Current flowing in an opposite direction.

Counter-evidence (কাউন্টার্-এভিডেন্স্), *n.* কাটান প্রমাণ ; বিরুদ্ধ প্রমাণ ; Evidence brought forward in opposition to other evidence.

Counterfeit (কাউন্টার্ফিট্), *v. t.* জাল করা; নকল করা ; Forge ; copy :—*n.* জাল; Something false, copied, or fake :—*a.* কৃত্রিম ; Fake ; without right ; কপট ; False ; অপ্রকৃত ; Not genuine.

Counterfoil (কাউন্টার্ফয়েল্), *n.* চেকের মুড়ি; প্রতিপত্র; Corresponding part of a cheque, receipt, etc.

Countermand (কাউন্টার্মাণ্ড্), *v. t.* আদেশ রহিত করা ; বাধা দেওয়া ; Revoke; oppose :—*n.* পূর্ব্বাদেশ প্রত্যাহার ; Revocation of a former order.

Countermarch (কাউন্টার্মার্চ্), *v. i.* প্রত্যাবর্ত্তন করা ; March back :—*n.* প্রত্যাবর্ত্তন ; Marching back.

Countermine (কাউন্টার্মাইন্), *v. t.* গোপনে ব্যর্থ করা; Frustrate by secret means :—*n.* শত্রুনির্ম্মিত খাতের প্রতিকূলে খনিত খাত ; Mine formed in opposition to that of an enemy ; প্রতিকূল কৌশল ; Counterplot.

Countermove (কাউন্টার্মুভ্), **Countermovement** (কাউন্টার্মুভ্মেণ্ট্), *n.* বিরুদ্ধ চাল ; Contrary movement.

Counterpane (কাউন্টার্পেন্), *n.* শয্যার আস্তরণ ; Coverlet for a bed ; বিছানার চাদর ; Bedsheet.

Counterpart (কাউন্টার্পার্ট্), *n.* সম্পূর্ণ অনুরূপ ব্যক্তি বা বস্তু ; A person or thing corresponding closely to another ; যে জিনিসটি হইলে একটি পূর্ণ জিনিস হয় ; A thing which fits into another to make a complete whole.

Counterplot (কাউন্টার্প্লট্), *n.* প্রতিকূল মন্ত্রণা ; Plot opposed to another plot :—*v. i.* প্রতিচক্রান্ত করা ; Plot against in order to foil another plot.

Counter-point (কাউন্টার্-পয়েন্ট্), *n.* সঙ্গৎ হিসাবে একটি সুরের সহিত অপর সুর যোজন ; A melody added to another melody as an accompaniment ; সুর সংযোগের কৌশল ; The art or method of combining melodies.

Counterpoise (কাউন্টার্পয়িজ্), *n.* সমভার ; Equal weight ; সমবল ; Equal force or power acting in opposition :—*v. t.* দুইদিক সমান করা, সমভার করা ; Counterbalance.

Counterpoison (কাউন্টার্পয়জ্ন্), *n.* বিষঘ্ন বিষ ; Poison which counteracts another poison.

Counter-reformation (কাউন্টার্-রিফর্মেশন্), *n.* ধর্ম্মসংস্কারের বিরুদ্ধে ধর্ম্মসংস্কার ; Movement of religious reformation undoing the original one.

Counter-revolution (কাউন্টার্-রেভল্যুশন্), *n.* প্রতিবিপ্লব ; Subsequent revolution in order to counteract a former revolution.

Countersign (কাউন্টার্সাইন্), *v. t.* প্রতিস্বাক্ষর করা ; Sign a document in addition to the signature of another :—*n.* সামরিক সঙ্কেত বা শব্দ ; Military watchword ; প্রতিস্বাক্ষর ; Countersignature.

Countersignature (কাউন্টার্সিগ্নে-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চার্), *n.* প্রতিস্বাক্ষর ; Name counter-signed to a writing.

Counter-statement (কাউন্টার্-স্টেট্-মেণ্ট্), *n.* প্রত্যুক্তি ; Contrary statement.

Countess (কাউন্টিস্), *n.* কাউন্ট-পত্নী ; আর্ল-পত্নী ; Wife of a count or earl.

Counting-house (কাউন্টিং-হাউস্), *n.* টাকাকড়ির কাজের জন্য নির্দ্দিষ্ট গৃহ বা বাড়ী ; A building or room for financial business (*e.g.*, in a bank).

Countless (কাউন্ট্লিস্), *a.* অসংখ্য ; অগণ্য ; Innumerable.

Countri(y)fied (কাণ্ট্রিফায়েড্), *a.* গেঁয়ো হাবভাব ও আচার-ব্যবহারযুক্ত ; Rustic in appearance and manners.

Country (কাণ্ট্রি), *n.* দেশ ; Region ; স্বদেশ ; Native land ; পল্লীগ্রাম ; Rural region ; ভূখণ্ড (passed through a densely populated *country*) ; কোনও দেশের লোক ; People of a country (no *country* wants war) : —*a.* গ্রাম্য ; Rural ; অসভ্য ; Rude.

Country dance (কাণ্ট্রি ডান্স্), *n.* গ্রাম্য নৃত্য-বিশেষ ; A kind of rural English dance.

Countryman (কাণ্ট্রিম্যান্), *n.* কৃষক ; Rustic ; স্বদেশবাসী ; One born in the same land. *fem.*=countrywoman.

Countryseat (কাণ্ট্রিসীট্), *n.* পল্লী-ভবন ; Seat in the country.

Country-side (কাণ্ট্রি-সাইড্), *n.* পল্লী-অঞ্চল ; পল্লীগ্রাম-সন্নিহিত ভূভাগ ; Particular rural district.

County (কাউন্টি), *n.* প্রদেশ ; Shire ; যুক্তরাজ্যের জেলাবিশেষ ; Territorial division of U. K. (England, Scotland and Wales).

Coup (কূ), *n.* আঘাত, ঘা ; কৌশল ; Stroke ; move.

Coup-d'-etat (কু-ডা-এটা), *n.* বে-আইনী বা জবরদস্তিমূলকভাবে শাসন-পরিবর্ত্তন ; Violent or illegal change of government.

Coupe (কূপে), *n.* রেলগাড়ীর শেষভাগে দুইজন আরোহীর উপযোগী ছোট কামরা ; রেলগাড়ীর শেষভাগে আধা কাম্‌রা ; Half compartment at the end of a railway carriage.

Couple (কাপ্‌ল্), *n.* যুগ্ম ; Pair ; দম্পতি ; Married pair :—*v. t.* যুক্ত করা ; Join ; মনে মনে সংযুক্ত করা ; Associate mentally.

Couplet (কাপ্‌লিট্), *n.* পদ্যের পরস্পর মিলযুক্ত পঙ্‌ক্তিযুগল ; শ্লোক ; Two lines of verse that rhyme with each other.

Coupling (কাপ্‌লিং), *n.* (দুইটি রেলগাড়ীর কামরার) সংযোজক ; That which connects (esp. two railway carriages) ; সংযোগ ; Connection.

Coupon (কূপন্), *n.* টাকা বা বস্তুবিশেষ পাইবার টিকিটের অংশবিশেষ ; Detachable ticket entitling holder to obtain something.

Courage (কারিজ্), *n.* সাহস ; বীরত্ব ; সাহসিকতা ; Bravery ; valour ; daring. **Take courage**—সাহসী হওয়া ; Be brave. **Take one's courage in both hands**—কোন কঠিন বা দুঃসাহসিককর কাজের জন্য সম্পূর্ণ উদ্যত হওয়া।

Courageous (কারেজাস্), *a.* সাহসী ; নির্ভীক ; Brave ; fearless.

Courier (কুরিয়ার্), *n.* বার্ত্তাবহ ; messenger ; সংবাদপত্রের নাম ; Name of a newspaper ; ভ্রমণের ব্যবস্থা করিবার জন্য নিযুক্ত ব্যক্তি ; A person engaged to arrange details of a travel.

Course (কোর্স্), *n.* গতি ; Act of moving from one point to another ; গতিপথ ; A path, channel, etc. for

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

moving (the *course* of a river); দৌড়ের ইত্যাদির মাঠ; Ground marked out for races, games, etc.; গতির দিক্; The direction in which the movement takes place (is the ship on her right *course*?); অভ্যস্ত ব্যবহার; A habitual conduct; কার্য্যপদ্ধতি; A method of doing something; এক বারে পরিবেশিত ভোজনের অংশ, আহারকালে এক ডিশ খাদ্য; (a dinner of five *courses*); ক্রমোন্নতি; Progress of anything; কার্য্যপরম্পরা; Succession of acts:—*v. t. i.* অনুসরণ করা; পশ্চাদ্ধাবন করা; Pursue; chase; বেগে ধাবমান হওয়া; Move with speed. **In course of**—কালক্রমে। **In the course of**—ব্যাপিয়া; During. **Of course**—স্বভাবতঃ; Naturally.

Courser (কোর্‌সার্), *n.* দ্রুতগামী অশ্ব; A swift horse.

Coursing (কোর্সিং), *n.* শিকারী কুকুর লইয়া মৃগয়াকরণ; Hunting with gray-hounds.

Court (কোর্ট), *n.* গৃহপ্রাঙ্গণ; Court-yard; বেষ্টিত স্থান; Space surrounded by houses; বিচারালয়; আদালত; Hall of justice; বিচারপতি; Judge; প্রাসাদ; Palace of a sovereign; রাজসভাসদ্‌বর্গ; Collective body of persons composing the retinue of a sovereign; শিষ্টতা; ভদ্রতা; Politeness; civility:—*v. t.* পাইতে চেষ্টা করা; Try to obtain; প্রণয় বা অনুগ্রহ প্রার্থনা করা; Seek the favour or love of; ডাকিয়া আনা; Invite (*court* defeat, disaster).

Courteous (কার্টিয়াস্), *a.* বিনীত; শিষ্ট; Polite; respectful.

Courtesan, Courtezan (কোর্টিজ্যান্), *n.* বেশ্যা; Prostitute.

Courtesy (কার্টিসি), *n.* ভদ্রতা; Civility; সৌজন্য; সম্মান-প্রদর্শন; Act of civility or respect; অনুগ্রহ; Favour.

Courtezan—See **Courtesan.**

Court-house (কোর্ট্-হাউস্), *n.* বিচারালয়; House in which courts are held.

Courtier (কোর্টিয়ার্), *n.* রাজ-সভাসদ্; Man who attends the courts of sovereigns.

Courtliness (কোর্ট্‌লিনিস্), *n.* শিষ্টতা; Complaisance with dignity.

Courtly (কোর্ট্‌লি), *a.* শিষ্ট; সুসভ্য; Very polite; refined.

Court-martial (কোর্ট্-মার্শ্যাল্), *n.* সামরিক বিচারালয়; Judicial court of naval and military officers. *pl.*= courts-martial.

Courtship (কোর্ট্‌শিপ্), *n.* বিবাহের পূর্ব্বে প্রেমপ্রার্থনা; পূর্ব্বরাগ; Act of wooing with intent to marry.

Courtyard (কোর্ট্‌ইয়ার্ড্), *n.* অঙ্গন; Space enclosed by buildings.

Cousin (কাজ্রিন্), *n.* খুড়তুত, জ্যেঠতুত, মামাত, মাসতুত, পিসতুত ভাই বা ভগিনী (also called *first cousin*). **Second cousin**—বাবা বা মায়ের খুড়তুত, মামাত ইত্যাদি ভাই বা ভগিনীর ছেলে বা মেয়ে।

Cousin-german (কাজ্রিন্-জার্‌ম্যান্), *n.* সর্ব্বাপেক্ষা ঘনিষ্ঠ সম্পর্কীয় অর্থাৎ সাক্ষাৎ খুড়তুত ইত্যাদি ভাই-ভগিনী; First cousin. *pl.*=cousins-german.

Cove (কোভ্), *n.* উপসাগর; Small inlet, creek or bay; বালক কিংবা মনুষ্য; Boy or man; কুব্জপৃষ্ঠ খিলান; Concave arch or vault.

Covenant (কাভিন্যান্ট্), *n.* চুক্তি; Contract; নিয়ম-পত্র; Writing containing the terms of agreement or contract:—*v. t. i.* নিয়ম-পত্রদ্বারা বদ্ধ করা বা হওয়া; চুক্তি করা; Enter into a formal agreement; contract.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Covenanted (কভিনান্টিড্), *a.* চুক্তিবদ্ধ ; Bound by a covenant.

Cover (কাভার্), *v. t.* ঢাকা ; Place something over ; আচ্ছাদিত করা ; Overspread ; লুক্কায়িত করা ; Conceal ; গোপন করা ; Disguise ; আশ্রয় দেওয়া ; Shelter ; কিছুদূর যাওয়া বা ভ্রমণ করা ; Go or travel a certain distance (we *covered* fifty miles in one day) ; আর্থিক দিক্ দিয়া রক্ষা করা ; Protect financially (*covered* by insurance) :—*n.* আবরণ ; That which is spread over another thing ; পর্দ্দা ; ঢাক্নি ; Screen ; গোপন ; Concealment ; মেজ-বস্ত্র ; Table-cloth. **Under cover (of)** —লুক্কায়িত হইয়া ; Hidden by (*under cover of* darkness),

Covering (কাভারিং), *n.* আবরণ ; Anything spread over another ; বস্ত্র ; Garments ; বিছানার চাদর ইত্যাদি ; Bed-clothes.

Coverlet (কাভার্লিট্), *n.* বিছানার চাদর, শয্যাবরণী ; Bed-cover.

Covert (কাভার্ট্), *a.* গুপ্ত ; Secret ; রক্ষিত ; Sheltered ; আশ্রিত ; Under protection :—*n.* আশ্রয় ; Shelter ; ঝোপ ; Thicket.

Covertly (কাভার্ট্লি), *ad.* গুপ্তভাবে ; Secretly.

Coverture (কাভার্চার্), *n.* আচ্ছাদন ; Covering ; স্বামীর অধীনাবস্থা ; The wife's position under husband's care.

Covet (কাভিট্), *v. t.* আকাঙ্ক্ষা করা ; Desire eagerly ; অন্যায় লোভ করা ; Wish for something that belongs to another. *a.*=covetable.

Covetous (কাভিটাস্), *a.* লোলুপ ; Eager to obtain ; অর্থগৃধ্নু ; Avaricious.

Covey (কাভি), *n.* (একত্র উড্ডীয়মান) তিতির পক্ষীর দল ; Brood of partr ges (flying together).

Cow (কাউ), *n.* গাভী ; Female of bull. *pl.*=cows, kine :—*v. t.* ভ করা ; Make afraid.

Coward (কাউয়ার্ড্), *n.* কাপু Timid person :—*a.* ভীরু ; Timid

Cowardice (কাউয়ার্ডিস্), *n.* ভীরু কাপুরুষতা ; Want of courage.

Cowardly (কাউয়ার্ড্লি), *a.* ভী কাপুরুষ ; Timid ; নীচ ; Ba mean.

Cow-boy (কাউ-বয়), *n.* রাখাল বালক Boy employed to tend cows.

Cow-catcher (কাউ-ক্যাচার্), *n.* ইঞ্জিনের সম্মুখস্থ পথপরিষ্কারক লৌহ কাঠাম ; Iron apparatus in fr of locomotives to clear obstr tions.

Cow-dung (কাউ-ডাং), *n.* গোবর Excrement of cows.

Cower (কাওয়ার্), *v. i.* জড়সড় হইয়া ভীত হওয়া ; Crouch ; shrink throu fear ; নতজানু হইয়া বসা ; Sit by bend ing the knees.

Cowherd (কাউহার্ড্), *n.* রাখাল One who tends cows.

Cowhide (কাউহাইড্), *n.* গোচর্ম্ম Hide of a cow ; গোচর্ম্মনির্ম্মিত কশা Whip made of cowhide.

Cow-house (কাউ-হাউস্), *n.* গো-শালা Shed for keeping cows.

Cowl (কাউল্), *n.* সন্ন্যাসীদিগের মস্তক-বরণ ; Monk's hood ; ধূমনির্গম আবরণ ; Cover for a chimney th turns with the wind.

Cow-pox (কাউ-পক্স্), *n.* গো-বসন্ত Small pimples that appear on t teats of cows.

Cowry, Cowrie (কাউরি), *n.* কড়ি Small shell used as money South Asia and Africa.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Cowslip (কাউস্লিপ্), *n.* পুষ্পবিশেষ ; Species of primrose.

Coxcomb (কক্স্কোম্), *n.* খোষপোষাকী ; মূর্খ ; Vain showy fellow ; fool ; ঠাট্টার টুপিবিশেষ ; A kind of cap worn by jesters in olden times.

Coxswain (কক্সোয়েন্, কক্সন্)—See **Cockswain.**

Coy (কয়্), *a.* লজ্জাশীল ; বিনীত ; Shy ; modest.

Coz (কাজ্)—A contraction of **Cousin.**

Cozen (কাজ্ন্), *v. t. i.* তোষামোদ করা ; প্রতারণা করা ; Flatter ; cheat.

Cozenage (কাজ্নেজ্), *n.* প্রবঞ্চনা ; Fraud.

Cozy (কোজ্রি)—See **Cosy.**

Crab (ক্র্যাব্), *n.* কাঁকড়া। কর্কটরাশি ; Fourth sign in the zodiac ; বুনো আতা ; Wild apple.

Crabbed (ক্র্যাবিড্, ক্র্যাবেড্), *a.* খিট্-খিটে ; Peevish ; (of handwriting) দুর্ব্বোধ্য ; Difficult.

Crack (ক্র্যাক্), *v. i. t.* চিড় খাওয়া বা খাওয়ান ; Break or cause to break partially ; শব্দ করিয়া ভাঙা ; Break by a sudden sharp blow ; কট্ করিয়া কোন শব্দ করা বা করান ; মটকান বা মটকাইয়া দেওয়া ; Make or cause a thing to make a loud noise (*crack* the joints of fingers) ; গলার স্বর ভাঙ্গিয়া যাওয়া বা পরিবর্ত্তিত হওয়া ; Suffer change of tone :—*n.* ছিদ্র ; ফাটল ; Narrow breach ; chink or fissure ; আকস্মিক তীব্র শব্দ ; Burst of sound ; বিকৃতি ; ক্ষিপ্ত ব্যক্তি ; Craziness of intellect ; crazy person. **Crack of doom**—প্রলয় ; End of the world. **Crack a joke**—সহসা তীব্র ব্যঙ্গোক্তি করা ; Utter a jest. **Crack** (a person) **up**—অতিশয় প্রশংসা করা ; Praise highly. **Crack-brain**—বিকৃতমস্তিষ্ক ব্যক্তি ; Crazy fellow.

Cracked (ক্র্যাক্ট্), *a.* চিড়-খাওয়া ; Having a crack or cracks ; (স্বর সম্বন্ধে) কর্কশ ; Rough and harsh ; (চলতি) পাগলাটে ; Rather mad.

Cracker (ক্র্যাকার্), *n.* বিদীর্ণকারী ; One who or that which cracks ; পটকা ; বোমা ; Noisy fire-work ; বিস্কুট ; Hard biscuit.

Crack-jaw (ক্র্যাক্-জ), *a.* দুরুচ্চার্য্য ; Hard to pronounce.

Crackle (ক্র্যাক্ল্), *v. i.* মন্দ মন্দ চড়্ চড়্ শব্দ করা ; Make slight abrupt snapping noises ; পুনঃ পুনঃ অল্প বিদারণ-শব্দ করা ; Give out slight but frequent cracks :—*n.* অল্প ফট্ ফট্ শব্দ ; Slight crack.

Cracknel (ক্র্যাক্নেল্), *n.* বিস্কুট ; Hard brittle biscuit.

Cracksman (ক্র্যাক্স্ম্যান্), *n.* সিঁধেল চোর ; Burglar.

Cradle (ক্রেড্ল্), *n.* দোলা ; Rocking bed for infants ; শৈশবাবস্থা ; Infancy :—*v. t.* দোলায় শায়িত করা ; শান্ত করা ; Lay in a cradle ; quiet ; লালনপালন করা ; Nurse in infancy. **From the cradle**—শৈশবাবস্থা হইতে ; From infancy.

Craft (ক্রাফ্ট্), *n.* কৌশল, নৈপুণ্য ; Skill ; শঠতা, ধূর্ত্ততা ; Cunning ; ব্যবসায় ; শিল্পবিদ্যা ; Trade ; manual art ; নৌকা ; Boat ; বিমান ; Aeroplane (air-*craft*).

Craftsman (ক্র্যাফ্ট্স্ম্যান্), *n.* শ্রমশিল্পী ; কারিকর ; ব্যবসায়-বিশেষে প্রবৃত্ত ব্যক্তি ; Mechanic ; artificer ; one engaged in a trade.

Crafty (ক্রাফ্টি), *a.* নিপুণ ; ধূর্ত্ত ; প্রবঞ্চক ; Dexterous ; cunning ; deceitful.

Crag (ক্র্যাগ্), *n.* উচ্চ বন্ধুর পর্ব্বত Steep rugged rock.

Craggy (ক্র্যাগি), **Cragged** (ক্র্যাগ্ড্),

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

a. ভগ্ন প্রস্তরপূর্ণ; বন্ধুর; Full of broken rocks; rough.

Crake (ক্রেক্), *n.* পক্ষিবিশেষ; দাঁড়-কাক; A kind of bird; raven.

Cram (ক্র্যাম্), *v. t. i.* ঠাসিয়া পূরা; Stuff; অতিরিক্তরূপে ভোজন করা বা করান; Eat or feed greedily; পরীক্ষার উপযোগী বিষয় দ্বারা মন পূর্ণ করা; Fill mind with facts, etc. required for examination; না বুঝিয়া মুখস্থ করা; Commit facts to memory without serious study :—*n.* পরীক্ষার জন্য না বুঝিয়া মুখস্থ বিষয়; Cram-work for examination.

Crammer (ক্র্যামার্), *n.* যে শিক্ষক ছাত্র-দিগকে মুখস্থ করাইয়া পরীক্ষা-দানার্থ প্রস্তুত করায়; A teacher who crams students for examination; যে ছাত্র কেবল মুখস্থ করে; A student who crams.

Cramp (ক্র্যাম্প্), *n.* আক্ষেপ; খেঁচুনী; Painful spasmodic contraction of muscles; লৌহাদির আঁকড়া-বিশেষ; A metal instrument to hold together timbers, stones, etc. :—*v. t.* খিল ধরান; Affect with spasms; আঁকড়া দিয়া আবদ্ধ করা; Fasten with a cramp; বৃদ্ধি বা গতি বাধাপ্রাপ্ত হওয়া; Prevent movement or growth (this *cramped* his progress).

Crampons (ক্র্যাম্পন্স্), *n.* বরফের উপরে উঠিবার জন্য জুতার তলায় কাঁটা-বিশেষ।

Crampy (ক্র্যাম্পি), *a.* আক্ষেপযুক্ত; আক্ষেপজনক; Diseased with cramp; producing cramp.

Cranberry (ক্র্যান্‌বেরি), *n.* লালবর্ণ জম্বু-বিশেষ; Red berry of acid taste.

Crane (ক্রেন্), *n.* সারস পক্ষী; বক-বিশেষ। ভারী বস্তু উঠাইবার যন্ত্র; Machine for raising heavy weights :—*v. t. i.* উত্তোলন করা; Raise [illegible] a crane); কিছু দেখিবার জন্য [illegible] প্রসারিত করা; Stretch out the [illegible] in order to observe something.

Cranial (ক্রেনিয়্যাল্), *a.* মস্তকের [illegible] সম্বন্ধীয়; Pertaining to the skull.

Cranium (ক্রেনিয়াম্), *n.* মাথার [illegible] Skull of an animal. *pl.*=crania.

Crank (ক্র্যাঙ্ক্), *n.* যন্ত্রের ঘুরাই[illegible] হাতলবিশেষ; Arm or handle [illegible] turning the main shaft.

Cranky (ক্র্যাঙ্কি), *a.* (যন্ত্রাদি [illegible] অচল; Out of order; দৃঢ় নয়; N[illegible] steady; (লোক সম্বন্ধে) অসুস্থ; No[illegible] good health; বদ্‌মেজাজী; B[illegible] tempered; পাগলাটে; Eccentric; অদ্ভুত কল্পনাবিশিষ্ট; Having stra[illegible] and foolish ideas.

Crannied (ক্র্যানীড্), *a.* ছিদ্রযু[illegible] Having crannies.

Cranny (ক্র্যানি), *n.* ছিদ্র; ফা[illegible] Open crack; chink.

Crape (ক্রেপ্), *n.* সূক্ষ্ম বস্ত্রবিশেষ; Th[illegible] cloth.

Crash (ক্র্যাশ্), *n.* মড়্ মড়্ শ[illegible] Noise, as of something breaking —*v. i. t.* হুড়্ মুড়্ শব্দ হওয়া; Make [illegible] noise, as of things breaking; হু[illegible] মুড়্ করিয়া ভাঙ্গিয়া পড়া; Fall to pieces with a loud noise; সশব্দে খণ্ড খণ্ড করা; Break into pieces violently.

Crash-dive (ক্র্যাশ্-ডাইভ্), *n.* দু[illegible] জাহাজের হঠাৎ খাড়াভাবে ডুব; (O[illegible] submarine) sudden and deep dive.

Crass (ক্র্যাস্), *a.* অত্যন্ত বোক[illegible] Grossly stupid; সংবেদনহীন; Wit[illegible]out sensibility. *n.*=crassitude.

Crate (ক্রেট্), *n.* জিনিসপত্র লইয়া যাইবা[illegible] জন্য বেতের বা কাঠের বড় খাঁচাবিশে[illegible] A large open-work case of wood[illegible] bars or wicker or cane for conveying goods.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

Crater (ক্রেটার্), *n.* আগ্নেয়গিরির মুখ; Mouth of a volcano; বোমাদি বিস্ফোরণের ফলে মাটিতে গভীর গর্ত্ত; A hole made in the ground by the explosion of a bomb or shell.

Cravat (ক্রাভ্যাট্), *n.* একরকম গলবন্ধ; A kind of neck-cloth.

Crave (ক্রেভ্), *v. t. i.* প্রার্থনা করা; বাঞ্ছা করা; Ask earnestly; beg; আকাঙ্ক্ষা করা; Long for (with *for*); অনুনয়-বিনয় করা; Implore.

Craven (ক্রেভন্), *n.* কাপুরুষ; A coward:—*a.* কাপুরুষ; নীচ; Cowardly; mean.

Craving (ক্রেভিং), *n.* তীব্র আকাঙ্ক্ষা; A strong desire.

Craw (ক্র), *n.* পক্ষীর পাকস্থলী; Stomach of fowls.

Craw-fish (ক্র-ফিশ্), **Cray-fish** (ক্রে-ফিশ্), *n.* চিংড়ি মাছ; River lobster.

Crawl (ক্রল্), *v. i.* বুকে হাঁটিয়া যাওয়া; Creep; অতি ধীরে যাওয়া; Move feebly:—*n.* ধীর চলন; হামাগুড়ি; Slow creeping motion.

Crayon (ক্রেয়ন্), *n.* রঙ্গীন খড়ির পেন্সিল; Pencil of coloured chalk:—*v. t.* খড়ির পেন্সিল দিয়া খসড়া চিত্র করা বা নক্সা করা; Sketch with a crayon.

Craze (ক্রেজ্), *v. t.* উন্মত্ত করা; বুদ্ধি বিকৃত করা; Render insane; impair the intellect of:—*n.* কোনও বিষয়ে ব্যক্তিগত বা সাধারণ আসক্তি বা উন্মাদনা; Individual or general mania (*for*; a *craze* for stamp collecting).

Crazed (ক্রেজ্ড্), *a.* মাথা-পাগলা; Crazy; অত্যন্ত উত্তেজিত, আগ্রহদীপ্ত; Very much excited; filled with enthusiasm.

Crazy (ক্রেজি), *a.* উন্মত্ত; বিকৃতবুদ্ধি; Insane; crack-brained; নিরাপদ্ নয় এমন; ভাঙ্গিয়া পড়িতে পারে এমন; Unsafe; ready to fall to pieces; অতিশয় আগ্রহান্বিত; Filled with enthusiasm.

Creak (ক্রীক্), *v. i.* কড় কড়্ বা ক্যাঁচ্ কোঁচ্ শব্দ করা; Make a sharp, harsh, grating noise:—*n.* কড়্ কড়্ শব্দ; Sound produced by creaking. *a.*=creaky.

Cream (ক্রীম্), *n.* ননী, দুগ্ধের সর; Oily scum of milk; সারাংশ; Best part of anything. **Cream-laid paper**—চিঠি লিখিবার মসৃণ নবনী রঙের কাগজ।

Creamery (ক্রীমারী), *n.* মাখন, দুগ্ধ, পনির প্রভৃতির কারখানা বা দোকান; Shop or workshop for selling or making butter, milk, cheese, etc.

Creamy (ক্রীমি), *a.* সরময়; সরসদৃশ; Full of, or like cream.

Crease (ক্রীস্), *n.* ভাঁজের দাগ; Mark made by folding:—*v. t. i.* ভাঁজ করিয়া চিহ্নিত করা বা হওয়া; Make crease or creases; become full of creases.

Create (ক্রিয়েট্), *v. t.* সৃষ্টি করা; জন্মান; Bring into being; cause to exist; উৎপাদন করা; Produce; উৎপন্ন করা; Beget; পদবী-যুক্ত করা; Give rank to (*create* a baron).

Creation (ক্রিয়েশন্), *n.* সৃষ্টি; Act of creating; জগৎ; বিশ্ব; World; universe; সৃষ্ট বস্তু; Anything created.

Creative (ক্রিয়েটিভ্), *a.* সৃজনক্ষম; That has power to create.

Creator (ক্রিয়েটর্), *n.* স্রষ্টা; সৃষ্টিকর্ত্তা; জগদীশ্বর; Maker, especially the Supreme Being. **The Creator**—God.

Creature (ক্রীচার্), *n.* প্রাণী; জন্তু; মনুষ্য; Animated being; animal; man; অধীন লোক; Servile dependant. **Creature comforts**—আহার ও পানীয়; Food and drink; পার্থিব স্বাচ্ছন্দ্য; Material comforts.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Creche (ক্রেশ্), *n.* শ্রমিক স্ত্রীলোকের কার্য্যকালে শিশুরক্ষার স্থান ; Asylum for very young children during their mother's working hours.

Credence (ক্রীডেন্স্), *n.* প্রত্যয় ; Trust ; বিশ্বাস ; Belief. **Give credence to**—বিশ্বাস করা ; Believe.

Credenda (ক্রীডেণ্ডা), *n. pl.* বিশ্বাসের বিষয়সমূহ ; Articles of faith. *sing.*= credendum.

Credentials (ক্রীডেন্শ্যাল্স্), *n. pl.* আস্থাপত্র ; পরিচয়-পত্র ; Letters of introduction or recommendation.

Credibility (ক্রেডিবিলিটি), *n.* বিশ্বাস-যোগ্যতা ; Trustworthiness.

Credible (ক্রেডিব্ল্), *a.* প্রত্যয়যোগ্য ; That can be believed.

Credit (ক্রেডিট্), *n.* শ্রদ্ধা ; Esteem ; যশ ; সম্মান ; Reputation ; honour ; অর্থবান্ বা ঋণশোধে সমর্থ বলিয়া খ্যাতি ; Reputation of having wealth or ability to quit debts ; ধারে বিক্রয় ; Sale on trust ; আকলন, জমা ; Side of an account in which payments are entered ; বিশ্বাস ; Belief ; সাধু চরিত্র ; Good character (a man of the highest *credit*) :—*v. t.* বিশ্বাস করা ; Trust ; ধারে বিক্রয় করা ; Sell on trust ; আরোপ করা ; Attribute ; জমার দিকে খাতায় তোলা ; Enter on the credit side. **Do one credit, Do credit to one**—সম্মান বা যোগ্যতা প্রমাণ বা প্রতিপাদন করা ; Show that one deserves honour or good reputation (the work *does you credit*). **Reflect credit on**—সম্মানিত করা ; Honour (this *reflects credit on* you).

Creditable (ক্রেডিট্যাব্ল্), *a.* বিশ্বাস-যোগ্য ; সম্মানজনক ; Trustworthy ; bringing honour.

Creditor (ক্রেডিটর্), *n.* উত্তমর্ণ ; One to whom a debt is due.

Credulity (ক্রিডিউলিটি), *n.* বিশ্বাস-শীলতা ; বিশ্বাসপ্রবণতা ; Excessive easiness of belief ; readiness to believe.

Credulous (ক্রেডিউলাস্), *a.* বিশ্বাসী, বিশ্বাসপ্রবণ ; অসন্দিগ্ধ ; Apt to believe without sufficient evidence ; unsuspecting.

Creed (ক্রীড্), *n.* ধর্ম্মমত, কোনও নীতির বিশ্বাস ; Any system of principles professed or believed.

Creek (ক্রীক্), *n.* খাঁড়ি ; Small inlet or bay of the sea or river ; নদীর বাঁক ; Sudden bend of a river.

Creeky (ক্রীকি), *a.* বক্রাকার ; Winding.

Creel (ক্রীল্), *n.* মাছ ধরার বা রাখার ঝুড়ি বা খালুই ; Wicker basket, especially an angler's basket.

Creep (ক্রীপ্), *v. i.* বুকে হাঁটিয়া যাওয়া ; Crawl ; ধীরে ধীরে যাওয়া ; Move slowly ; অতর্কিতভাবে প্রবেশ করা ; Steal in ; লতাইয়া যাওয়া ; Grow along, as a plant ; আঁৎকাইয়া উঠা, গা ছম্ ছম্ করা ; Shudder at. *p. t.* & *p. p.*= crept.

Creeper (ক্রীপার্), *n.* লতা ; Creeping plant ; ক্ষুদ্র পক্ষিবিশেষ ; Genus of small climbing birds.

Creepy (ক্রীপি), *a.* শঙ্কাজনক ; রোমাঞ্চকর ; Given to creeping ; having a creeping of the flesh.

Cremate (ক্রিমেট্), *v. t.* দাহ করা, শবদাহ করা ; Burn (a dead body) to ashes.

Cremation (ক্রিমেশন্), *n.* শবদাহ ; Burning of the dead. **Crematory ground**—শ্মশান।

Cremator (ক্রিমেটর্), *n.* শবদাহকারী ; Person who cremates.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Crematorium (ক্রিম্যাটোরিয়াম্), **Crematory** (ক্রিম্যাটরি), *n.* শ্মশান, শবদাহ করিবার অগ্নিকুণ্ড, গৃহাদি; Establishment for burning dead bodies.

Creole (ক্রীয়োল্), *n.* ইউরোপীয়দিগের বংশজাত আমেরিকার লোক; Native of Spanish America and the West Indies descended from European ancestors.

Creosote (ক্রীয়সোট্), *n.* একপ্রকার কার্বলিক তৈল; An oily, colourless liquid.

Crepe (ক্রেপ্), *n.* ক্রেপ কাপড়।

Crepitate (ক্রেপিটেট্), *v. i.* চট্ চট্ শব্দ করা; Make a crackling noise.

Crepitation (ক্রেপিটেশন্), *n.* চট্ চট্ শব্দ; Small, sharp, crackling noise.

Crept (ক্রেপ্ট্), *p. t.* & *p. p.* of **Creep.**

Crepuscular (ক্রিপাস্কিউল্যার্), *a.* গোধূলি-সম্বন্ধীয়; Of or pertaining to twilight.

Crescendo (ক্রিসান্ডো), *ad., adj.* & *n.* (সঙ্গীতাংশ) ক্রমবর্দ্ধমান উচ্চতাবিশিষ্ট; (*fig.*) ক্রমে পরাকাষ্ঠার দিকে ঊর্দ্ধগতি; Progress towards a climax.

Crescent (ক্রেসেন্ট্), *n.* অর্দ্ধচন্দ্র; Increasing moon; অর্দ্ধচন্দ্র-চিহ্নিত তুর্কী পতাকা; Figure of the new moon borne in the Turkish flag :—*a.* বর্দ্ধিষ্ণু; Growing; অর্দ্ধচন্দ্রাকার; Figured like the growing moon.

Cress (ক্রেস্), *n.* হেলঞ্চা, শুশুনি প্রভৃতি শাক।

Cresset (ক্রেসিট্), *n.* পথ-প্রদর্শক বা স্বচ্ছন্দানী আলোকাধার; Fire-basket hung to give light, esp. placed in a lighthouse, wharf.

Crest (ক্রেস্ট্), *n.* শিখা; ঝুঁটি; Tuft of feathers on the head of some birds; শিরস্ত্রাণের উপরিস্থ পক্ষগুচ্ছ; Tuft of feathers on the top of a helmet; কুক্কুটের ঝুঁটি; Comb of a cock; কুলচিহ্ন; Armorial ensign; কোনও জিনিসের শীর্ষস্থান; The top of anything (*crest* of a wave) :—*v. t. i.* শিখা-দ্বারা অলঙ্কৃত করা, শিখাবিশিষ্ট করা; Furnish or adorn with a crest; শীর্ষস্থানে উঠা; Get to the top of.

Crestfallen (ক্রেস্ট্ ফল্ন্), *a.* ভগ্নোৎসাহ; Mortified by defeat or failure.

Cretaceous (ক্রিটেশাস্), *a.* খড়িময়; Composed of or like chalk.

Cretonne (ক্রেটন্), *n.* খাট, চৌকি, চেয়ার প্রভৃতি আচ্ছাদনার্থ ছাপান শক্ত কার্পাস-বস্ত্র; Strong printed cotton fabric used for curtains or for covering furniture.

Crevasse (ক্রিভ্যাস্), *n.* চিড়; তুষারস্তূপের ফাট; Crack in a glacier.

Crevice (ক্রেভিস্), *n.* ছিদ্র; ফাট; ফাটল; চিড়; Crack; rent; gap; opening.

Crew (ক্রূ), *n.* দল; Company; gang; নাবিকদল; Body of sailors.

Crew (ক্রূ), *p. t.* of **Crow.**

Crewel (ক্রূয়িল্), *n.* সূচিকার্য্যের জন্য একপ্রকার সূক্ষ্ম পশমী সূতা; Worsted yarn for embroidery.

Crib (ক্রীব্), *n.* পশ্বাদির ভোজনপাত্র; Manger; শিশুশয্যা; Child's bed; কুটীর; Cottage :—*v. t. i.* আবদ্ধ করা; Confine; অপরের লেখা দেখিয়া টোকা; Copy the work done by another.

Cribbage (ক্রিবিজ্), *n.* একপ্রকার তাস-খেলা; Game at cards.

Crick (ক্রিক্), *n.* ফিক্ বেদনা; A sudden sharp pain in a muscle.

Cricket (ক্রিকিট্), *n.* ঝিঁঝি পোকা; A kind of insect; ব্যাট্বল খেলা; Game with bats and a ball; পাদানি; Footstool :—*v. i.* ব্যাট্বল লইয়া খেলা করা; Play at cricket.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Cricketer (ক্রিকেটার্), *n.* ব্যাট্‌বল-ক্রীড়ক ; One who plays at cricket.

Cried (ক্রাইড্), *p. t.* & *p. p.* of **Cry**.

Crier (ক্রায়ার্), *n.* ঘোষক ; নকীব ; An officer who makes public announcements in court of justice or in a town.

Crime (ক্রাইম্), *n.* আইনতঃ অপরাধ ; A serious offence against the law ; নির্ব্বুদ্ধিতার কাজ ; A foolish ill-judged action (it would be a *crime* to send him at dead of night).

Criminal (ক্রিমিন্যাল্), *a.* দোষ-সম্বন্ধীয় ; Relating to crime ; পাপী ; অপরাধী ; Guilty of crime :—*n.* অপরাধী ব্যক্তি ; One guilty of crime. **Criminal court**—ফৌজদারী আদালত।

Criminality (ক্রিমিন্যালিটি), *n.* অপরাধিত্ব ; Guiltiness.

Criminate (ক্রিমিনেট্), *v. t.* অভিযুক্ত করা ; Accuse.

Crimination (ক্রিমিনেশন্), *n.* অভিযোগ ; Accusation.

Criminative (ক্রিমিনেটিভ্), **Criminatory** (ক্রিমিনেটরি), *a.* অপবাদপূর্ণ ; Involving accusation.

Criminology (ক্রিমিনলজি), *n.* অপরাধতত্ত্ব ; The science of crimes and criminals.

Crimp (ক্রিম্প্), *a.* ভঙ্গপ্রবণ ; Brittle :—*n.* যে ব্যক্তি ভুলায় ; One who decoys :—*v. t.* ধৃত করা ; ভুলান ; Seize ; decoy ; চুনট করা ; Plait. *n.*=crimper.

Crimple (ক্রিম্প্‌ল্), *v. t.* সঙ্কুচিত করা ; কোঁকড়ান ; Contract ; curl.

Crimson (ক্রিম্‌জ্‌ন্), *a.* গাঢ় লাল ; Deep red :—*v. t. i.* লাল করা বা হওয়া ; Make or become red ; (লজ্জায়) রক্তিমাভ হওয়া ; Blush.

Cringe (ক্রিঞ্জ্), *v. i.* অবনত হওয়া ; হীনভাবে তোষামোদ করা ; Crouch, servility ; fawn.

Crinkle (ক্রিংক্‌ল্), *v. t. i.* তরঙ্গায়িত করা বা হওয়া ; Be cause to become wavy or cre —*n.* কুঞ্চন রেখা ; সামান্য Wrinkle ; a small fold or cre

Crinoline (ক্রিনোলিন্), *n.* কাঁকড়ে মড়ে সায়াবিশেষ ; Stiff hooped coat ; জাহাজের চতুর্দ্দিকস্থ আবরণ ; Wiring round ships protection.

Cripple (ক্রিপ্‌ল্), *n.* খোঁড়া Lame person :—*v. t.* পঙ্গু Make lame ; অসমর্থ করা ; Disa

Crisis (ক্রাইসিস্), *n.* সঙ্কটকাল, ক্ষণ ; Critical time or tu point ; অত্যন্ত বিপদের সময় ; Tim acute danger. *pl.*=crises.

Crisp (ক্রিস্প্), *a.* ভঙ্গপ্রবণ ; Br ঢেউ-খেলান ; Undulating ; কোঁক Curled ; সতেজ ; Lively :—*v.* কোঁকড়ান ; কুঞ্চিত করা ; Curl or tw আকুঞ্চিত করা বা হওয়া ; Make or come crisp ; চাপ দিয়া ছোট ছোট করা ; Press into short folds.

Criterion (ক্রাইটীরিয়ন্), *n.* নির্ মানদণ্ড ; Standard of judgem বিচারের নীতি ; A principle by w a thing is judged. *pl.*=criteria.

Critic (ক্রিটিক্), *n.* সমালোচক ; দর্শী ; সূক্ষ্মদর্শী ; Judge of literary artistic merit ; carper ; care observer.

Critical (ক্রিটিক্যাল্), *a.* দোষগুণ-বি সম্বন্ধীয় ; Relating to criticism ; গ্রাহী ; Fault-finding ; সঙ্কটপূর্ণ ; D gerous ; সন্ধিক্ষণের নিকটবর্ত্তী ; Ne turning point (the *critical* ment).

Criticism (ক্রিটিসিজ্‌ম্), *n.* বিচার বিদ্যা ; Art of judging

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

merits and faults ; সমালোচনা ; Review.

Criticize (ক্রিটিসাইজ্), *v. t.* দোষগুণ বিচার করা, সমালোচনা করা ; নিন্দা করা ; Judge ; make remark on ; censure.

Critique (ক্রিটিক্), *n.* সমালোচনামূলক প্রবন্ধ ; Review ; সমালোচনা-বিদ্যা ; The art of criticism.

Croak (ক্রোক্), *v. t. i.* ভেকের মত কর্কশ শব্দ করা ; Make a low, harsh sound like that of a frog ; অশুভ ঘোষণা করা ; অসন্তোষ প্রকাশ করা ; Forebode evil ; grumble ; কা কা করা ; Caw :—*n.* ভেক বা দাঁড়কাকের শব্দ ; Sound of a frog or raven.

Crochet (ক্রোশি), *n.* একপ্রকার সূক্ষ্ম জাল-বুনন ; Fancy netting made by means of a small hook.

Crock (ক্রক্), *n.* মৃত্তিকা-নির্ম্মিত পাত্র ; কলসী ; Earthen vessel ; cup.

Crockery (ক্রকারি), *n.* মৃন্ময়পাত্রাদি ; Earthenware vessels, plates, etc.

Crocodile (ক্রকডাইল্), *n.* কুম্ভীর ; Large amphibious reptile ; কপট শত্রু ; Hypocritical enemy. **Crocodile tears**—মায়াকান্না ; Affected tears ; কৃত্রিম দুঃখ ; Pretended grief.

Crocus (ক্রোকাস্), *n.* বাসন্তীপুষ্পবিশেষ ; Early spring flower.

Croesus (ক্রীসাস্), *n.* ধনকুবের ; Wealthy person.

Croft (ক্রফ্ট্), *n.* বসতবাটীর সন্নিকটস্থ ক্ষেত্রখণ্ড ; Small arable field near a house.

Crone (ক্রোন্), *n.* (অবজ্ঞার্থে) বৃদ্ধা স্ত্রীলোক ; Old woman.

Crony (ক্রোনি), *n.* প্রিয়বন্ধু ; সুহৃদ্ ; Familiar friend.

Crook (ক্রুক্), *n.* বাঁক ; বাঁকা জিনিস ; Bend or turn ; anything bent ; মেষপালকের যষ্টি ; Shepherd's staff ; জালিয়াৎ, জুয়াচোর ; A cheat or a swindler :—*v. t. i.* বক্র করা বা হওয়া ; Bend into a crook. **By hook or by crook**—যেন তেন প্রকারেণ ; By any means whatever.

Crook-backed (ক্রুক্-ব্যাক্ট্), *a.* কুঁজো ; Hunchbacked.

Crooked (ক্রুকেড্), *a.* বক্র ; Bent ; অসরল ; Not straightforward.

Croon (ক্রুন্), *v. t. i.* গুন্ গুন্ করা ; Hum :—*n.* গুন্ গুন্ করিয়া একঘেয়ে গান ; Low monotonous singing.

Crooner (ক্রুনার্), *n.* যে গুন্ গুন্ করিয়া গান গায় ; One who croons.

Crop (ক্রপ্), *n.* শস্য ; Produce of fields ; সংগৃহীত শস্য ; Anything gathered or cropped ; পক্ষীর গলার থলি ; Craw of a bird :—*v. t. i.* (জন্তু সম্বন্ধে) ঘাস পাতা খাইয়া ছোট করিয়া দেওয়া ; Graze, eat grass, etc. by biting off (the cow has *cropped* the grass short) ; ছোট করিয়া কাটা ; Cut short (*cropped* hair) ; বীজ বপন করা ; Sow seed. **Crop up**—অকস্মাৎ আবির্ভূত হওয়া ; Appear unexpectedly.

Cropful (ক্রপ্ফুল্), *a.* পূর্ণোদর ; [Satiated.

Cropper (ক্রপার্), *n.* ছেদনকারী ; One who or that which crops ; প্রচণ্ড পতন ; A heavy fall.

Croquet (ক্রোকি), *n.* ক্রীড়া-বিশেষ ; A kind of game.

Crore (ক্রোর্), *n.* কোটি ; Sum amounting to ten millions.

Crosier, Crozier (ক্রোঝিয়ার্), *n.* প্রধান ধর্ম্মাধ্যক্ষের ক্রুশ-দণ্ড ; Bishop's or abbot's pastoral staff.

Cross (ক্রস্), *n.* বধকাষ্ঠ ; ক্রুশ ; Gibbet ; যে দণ্ডকাষ্ঠে যীশুখ্রীষ্টের প্রাণবধ করা হয় ; খ্রীষ্টধর্ম্মের চিহ্ন ; Instrument on which Christ suffered ; emblem of the Christian religion ; গবাদি পশুর জাতি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সঙ্করত্ব-প্রাপ্তি ; Mixture of two breeds ; ক্লেশ ; Affliction :—*v. t. i.* ক্রুশদ্বারা চিহ্নিত করা ; Mark with a cross ; পার হইয়া যাওয়া ; Pass over ; ঢেরা টানিয়া কাটিয়া দেওয়া ; Cancel by drawing cross lines ; ব্যর্থ করা ; Thwart ; সংমিশ্রিত করা ; Intermix breeds ; হস্তক্ষেপ করা ; Interfere ; আড়াআড়িভাবে থাকা ; Lie athwart :—*a.* পাশাপাশি ; আড়াআড়ি ; Transverse ; oblique ; খিট্‌খিটে ; Peevish. **Cross multiplication**—তির্য্যক্ (×) গুণন, বজ্রগুণন। **Cross section**—প্রস্থচ্ছেদ। **Cross action**—পাল্‌টা-মোকদ্দমা।

Cross-bar (ক্রস্-বার্), *n.* দুইটি কাষ্ঠখণ্ডের উপর স্থাপিত কাষ্ঠখণ্ড ; A bar of wood fixed across two others (*e. g.*, over goal posts).

Cross-beam (ক্রস্-বীম্), *n.* ছোট ছোট কড়ি ধরিয়া রাখার জন্য আড়াআড়িভাবে স্থাপিত বিশাল কড়ি ; A large beam stretching across smaller beams in a building.

Cross-bow (ক্রস্-বো), *n.* একরকম ধনুক ; A kind of bow placed crosswise on a wooden stock.

Cross-bred (ক্রস্-ব্রেড্), *a.* খচ্চর-জাতীয় ; সঙ্কর-জাতীয় ; Produced by a mixture of two breeds ; hybrid.

Cross-breed (ক্রস্-ব্রীড্), *n.* খচ্চর ; সঙ্কর জাতি ; Offspring of two breeds ; hybrid.

Cross-examination (ক্রস্-এগ্‌জ্যামিনেশন্), *n.* জেরা ; Testing a witness of the opposite party.

Cross-examine (ক্রস্-এগ্‌জ্যামিন্), *v. t.* জেরা করা ; Examine a witness of the opposite party.

Cross-grained (ক্রস্-গ্রেণ্ড্), *a.* বিপর্য্যস্ত-ভাবে সজ্জিত (তন্তু) ; Having the fibres crossed ; বদ্‌মেজাজী ; Bad-tempered ; বেয়াড়া ; Diffi... deal with.

Crossing (ক্রসিং), *n.* উত্তরণ ; ... crossing ; পার হইবার স্থান ; ... for passing ; চৌমাথা ; Inter... of roads. **Level crossing** ... লাইন ও রাস্তার মিলনস্থল ; A ... where a railway crosses a ro...

Cross-legged (ক্রস্-লেগ্‌ড্), *a.* ... ভাবে এক পায়ের উপর অপর পা ... Keeping one leg on another ... crosswise manner.

Crossly (ক্রস্‌লি), *ad.* বেঁকিয়া ... রুক্ষভাবে ; In a cross manner.

Cross-purpose (ক্রস্-পার্‌পাস্), ... বিরুদ্ধাভিপ্রায় ; Counter or opp... purpose. **Be at cross-purp...** বিতর্ক বা পরিকল্পনাকালে একজ... একজনকে বুঝিতে ভুল করা ; Ha... misunderstanding with an... person in argument or m... plans.

Cross-question (ক্রস্-কোয়েস্চ্‌ন্) ... জেরা করা ; Cross-examine.

Cross-reference (ক্রস্-রেফারেন্স) ... একই পুস্তকে সেই পুস্তকের কোনও ... উল্লেখ ; A reference from one ... of a book to another (see p... a *cross-reference*).

Cross-road (ক্রস্-রোড্), *n.* আড়... পথ ; এড়ো পথ ; Road cro... another.

Cross-section (ক্রস্-সেক্‌শন্) ... প্রস্থচ্ছেদ, দৈর্ঘ্যের সমকোণে কর্ত্তিত ... A piece cut at right angles t... length ; সমগ্র ব্যক্তি বা বস্তুর প্রতি... স্বরূপ নির্ব্বাচিত ব্যক্তি বা বস্তু (a ... *section* of students).

Crosswise (ক্রস্‌ওয়াইজ্), *ad.* ... আকারে ; In the form of a c... আড়াআড়িভাবে ; Across.

Cross-word puzzle (ক্রস্-...

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

ভিড় করা ; Press together in numbers.

Crown (ক্রাউন্), *n.* রাজমুকুট ; State-cap of royalty ; রাজা ; Sovereign ; চূড়া, মাথার চাঁদি ; Top of the head ; সম্মান ; পুরস্কার ; Honour ; reward ; মালা ; Any garland ; ৫ শিলিং মূল্যের মুদ্রাবিশেষ ; A five-shilling piece :—*v. t.* অভিষেক করা ; Invest with royal power ; সুশোভিত করা ; সম্মানিত করা ; Adorn ; dignify ; সমাপ্ত করা ; Complete. **Crown Colony**—রাজার প্রত্যক্ষ শাসনাধীন উপনিবেশ ; A colony under the direct vigilance of the Crown. **Crown lawyer**—ফৌজদারী বিভাগের সরকারী উকীল ; A public prosecutor. **Crown Prince**—যুবরাজ ; Heir-apparent to a sovereign's throne. **Crown witness**—ফৌজদারী মোকদ্দমায় সরকারের পক্ষের সাক্ষী ; A witness on behalf of the Crown in a criminal case. **To crown all**—সর্ব্বশেষে ও সর্ব্বোপরি ; Lastly and best or worst of all.

Crowning (ক্রাউনিং), *n.* অভিষিক্তকরণ ; Act of crowning :—*a.* চরম ; Final.

Crownlet (ক্রাউন্‌লেট্), *n.* ক্ষুদ্র কিরীট ; A small crown.

Crow's-foot (ক্রোজ্-ফুট), *n.* চোখের নিকট কুঞ্চন-রেখা ; Small wrinkle about the eye.

Crozier—Same as **Crosier**.

Crucial (ক্রূশ্‌ল্), *a.* প্রামাণিক ; কঠোর ; Testing ; severe ; চূড়ান্ত ; Final. **Crucial test**—বিষম বা চূড়ান্ত পরীক্ষা ; A severe and final examination or ordeal.

Crucible (ক্রূসিব্‌ল্), *n.* ধাতু বা আর কিছু গলাইবার মাটির মুচি ; Earthen, or porcelain pot for melting ores, metals or other things.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Crucifix (ক্রূসিফিক্স্), *n.* ক্রুশে বিদ্ধ খ্রীষ্টের প্রতিমূর্ত্তি ; Representation of a cross with Christ upon it.

Crucifixion (ক্রূসিফিক্শন্), *n.* ক্রুশ-কাষ্ঠে মৃত্যু ; ক্রুশারোহণ ; Death on the cross, especially that of Christ.

Cruciform (ক্রূসিফর্ম্), *a.* ক্রুশাকার ; In the form of a cross.

Crucify (ক্রূসিফাই), *v. t.* ক্রুশে প্রাণবধ করা ; Put to death on a cross.

Crude (ক্রূড্), *a.* অপক্ক ; Raw ; অপরিপক্ক ; Immature ; অপরিণত ; Hasty and ill-considered ; অমার্জ্জিত, স্থূল ; Not having grace, taste or refinement (*crude* manners).

Crudely (ক্রুড্লি), *ad.* স্থূলভাবে ; Coarsely.

Crudity (ক্রূডিটি), *n.* অপক্কতা ; Raw-[ness.

Cruel (ক্রূয়িল্), *a.* নিষ্ঠুর ; Merciless ; নিষ্ঠুরতাসূচক ; যন্ত্রণাদায়ক ; Showing cruelty ; painful (a *cruel* blow).

Cruelty (ক্রূয়িল্টি), *n.* নিষ্ঠুরতা ; Inhumanity ; নৃশংসতা ; Barbarous treatment.

Cruet (ক্রূয়িট্), *n.* চাটনি ইত্যাদি রাখিবার পাত্র ; Phial for sauce, vinegar, etc.

Cruise (ক্রূজ্), *v. i.* আমোদের জন্য বা শত্রু-জাহাজের অন্বেষণে সমুদ্রে ঘুরিয়া বেড়ান ; Sail about the sea for pleasure or looking for the enemy's ships :—*n.* যে কোন রকমের সমুদ্র-ভ্রমণ ; A sea-voyage of any kind.

Cruiser (ক্রূজার্), *n.* যুদ্ধপোত ; War-ship adapted for cruising.

Crumb (ক্রাম্), *n.* রুটির টুক্‌রা ; A very small piece of bread :—*v. t.* অতিশয় ক্ষুদ্র ক্ষুদ্র টুক্‌রা করা ; Break into very small pieces.

Crumble (ক্রাম্ব্ল্), *v. t. i.* টুক্‌রা টুক্‌রা করা ; Break into pieces ; ক্ষয় হওয়া ; Deteriorate.

Crumby (ক্রামি), *a.* খণ্ডময় ; Full of crumbs ; soft.

Crumpet (ক্রাম্পিট্), *n.* কোমল বিশেষ ; A kind of soft cake.

Crumple (ক্রাম্প্ল্), *v. t. i.* ভাঁজ কুঞ্চিত করা বা হওয়া ; Crease or [illegible] creased. **Crumple up**—[illegible] কুঁচকাইয়া ফেলা (*crumple up* a[illegible] of paper).

Crunch (ক্রাঞ্চ্), *v. t. i.* কড়্ মড়্ শব্দ করিয়া চর্ব্বণ করা। কড়্ মড়্ শব্দ [illegible] Emit crunch :—*n.* কড়্ মড়্ শব্দ ; Sound made by chewing [illegible] food or treading on ground.

Crupper (ক্রাপার্), *n.* অশ্বের পু[illegible] Harness under the h[illegible] tail.

Crusade (ক্রূসেড্), *n.* ধর্ম্মযুদ্ধ ; [illegible] eval military expedition to re[illegible] Palestine ; কোনও দুষ্কর্ম্মের [illegible] অভিযান ; Campaign or mov[illegible] against recognized evil (a cr[illegible] against drunkenness).

Crusader (ক্রূসেডার্), *n.* ধর্ম্ম[illegible] One engaged in a crusade.

Cruse (ক্রূস্), *n.* পেয়ালা ; [illegible] Small cup or bottle ; মৃ[illegible] Earthenware vessel.

Crush (ক্রাশ্), *v. t. i.* ভাঙ্গিয়া [illegible] নিঙ্ড়ান ; Break ; squeeze ; [illegible] করা ; Beat down ; দমন করা ; [illegible] down ; সঙ্কুচিত হইয়া কোথাও বা [illegible] বিষয়ে প্রবেশ করা ; Squeeze [illegible] way (*into*, etc.) :—*n.* প্রবল [illegible] Violent pressure ; ঘন ভি[illegible] dense crowd.

Crust (ক্রাস্ট্), *n.* কঠিন আবরণ ; [illegible] covering ; পৃথিবীর বাহিরের কঠি[illegible] Solid exterior of the earth :—[illegible] কঠিন আবরণে আচ্ছাদিত করা ; C[illegible] with a crust ; জমাট বাঁধিয়া কঠি[illegible] রণে পরিণত হওয়া ; Gather i[illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

Crustacea

hard crust. **Crust of the earth** —ভূত্বক।

Crustacea (ক্রাস্‌টেশিয়া), *n. pl.* ক্রিস্টি মাছ, কাঁকড়া প্রভৃতি; Animals with a shell coating.

Crustacean (ক্রাস্‌টেশন্), *n.* কঠিনাবরণ জীবসমূহের অন্যতম; One of the crustacea.

Crustaceous (ক্রাস্‌টেশাস্), *a.* কঠিনাবরণ জীব-সম্বন্ধীয়; Pertaining to the crustacea or shell-fish.

Crusty (ক্রাস্টি), *a.* কঠিন আবরণযুক্ত; Having a hard exterior; কর্কশ; খিঁচিটে; Surly; peevish.

Crutch (ক্রাচ্), *n.* খঞ্জের যষ্টি; Support used by cripples.

Crux (ক্রাক্স্), *n.* জটিল সমস্যা; Knotty point.

Cry (ক্রাই), *v. i. t.* চীৎকার করা; Utter a loud voice; প্রার্থনা করা; Pray; ক্রন্দন করা; বিলাপ করা; Weep; বিলাপ করা; প্রচার করা; Proclaim (*cry one's wares*). *p. t.* & *p. p.*= cried:—*n.* শব্দ, চীৎকার; Any sound; ক্রন্দন; Lamentation; ঘোষণা, প্রচার; Proclamation; নীতি-সূত্র; Watch-word (battle-*cry*). *pl.*= cries. *n.*=crier. **Cry down**—নিন্দা করা; Censure. **Cry for**—দাবী করা; Demand; কোনও জিনিসের জন্য কাঁদা; Weep in order to get something. **Cry in the wilderness**—অরণ্যে রোদন করা; Cry where there is no one to hear the crier. **Cry out**—উচ্চৈঃস্বরে চীৎকার করা; Shout. **Cry up**—প্রশংসা করা, গুণকীর্ত্তন করা; Extol.

Crying (ক্রায়িং), *a.* মনোযোগ আকর্ষণ-কারী; Calling for notice; compelling attention and regard; বিশেষ দুঃখের; নিদারুণ: Flagrant (a *crying* need).

Crypt (ক্রিপ্ট্), *n.* মাটির নিম্নস্থ গৃহ; সমাধি-গৃহ; Vault, esp. one below church used as burial place. *a.*=cryptal.

Cryptic (ক্রিপ্‌টিক্), *a.* গুপ্ত; Hidden; রহস্যপূর্ণ অর্থসূচক; Of mysterious import (a *cryptic* remark).

Crystal (ক্রিস্ট্যাল্), *n.* স্ফটিক; Transparent mineral; উৎকৃষ্ট কাচ; Superior glass.

Crystalline (ক্রিস্ট্যালাইন্), *a.* স্ফটিকময়; Consisting of crystal; স্বচ্ছ; Transparent; স্ফটিকবৎ; Like crystal.

Crystallization (ক্রিস্ট্যালাইজ্রেশন্), *n.* স্ফটিকে পরিণতি বা পরিণত করণ; কেলাসন; দানা বাঁধা; Act of crystallising.

Crystallize (ক্রিস্ট্যালাইজ্), *v. t. i.* স্ফটিকে পরিণত করা; Reduce to the form of a crystal; দানা বাঁধা; Assume a crystalline form.

Cub (কাব্), *n.* বন্য পশুশাবক; Young of a fox, bear, and other wild beasts; (বয়স্কাউটে) শাবচার।

Cube (কিউব্), *n.* ঘনক্ষেত্র; Solid body with six equal square sides; কোন সংখ্যার তৃতীয় শক্তি বা তাহার ঘনফল; Third power of a number (as $2\times2\times2=8$):—*v. t.* কোন সংখ্যাকে তৃতীয় শক্তিতে উন্নীত করা বা তাহার ঘনফল নির্ণয় করা; Raise to the third power. **Cube root**—ঘনমূল।

Cubeb (কিউবেব্), *n.* কাবাবচিনি; Small spicy berry.

Cubic (কিউবিক্), **Cubical** (কিউবিক্যাল্), *a.* ঘনক্ষেত্রফল-সম্বন্ধীয়; ঘন; Pertaining to or having the form or properties of a cube.

Cubiform (কিউবিফর্ম্), *a.* ঘনক্ষেত্রাকার; Cube-shaped.

Cubism (কিউবিজ্‌ম্), *n.* চিত্রাঙ্কন-পদ্ধতি-বিশেষ; A style of painting.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Cubist (কিউবিস্ট্), *n.* ঐ পদ্ধতির চিত্রকর ; A painter who practises cubism.

Cubit (কিউবিট্), *n.* এক হস্ত বা ১৮ ইঞ্চি পরিমাণ ; Measure of length equal to the arm from the elbow to the tip of the middle-finger, 18 inches.

Cuckold (কাকল্ড্), *n.* অসতী স্ত্রীর স্বামী ; Husband of an adulterous wife.

Cuckoo (কুকু), *n.* কোকিল।

Cucumber (কিউকাম্বার্), *n.* শসা গাছ বা ফল।

Cud (কাড্), *n.* জাবর, রোমন্থন ; Food brought from the first stomach back into the mouth and chewed again. **Chew the cud**—রোমন্থন করা, জাবর কাটা ; Ruminate ; গভীরভাবে চিন্তা করা ; Reflect deeply.

Cuddie, Cuddy (কাডি), *n.* গর্দ্দভ ; Ass ; নির্ব্বোধ ব্যক্তি ; Fool.

Cuddle (কাড্ল্), *v. t. i.* আলিঙ্গন করা ; আদর করা ; Embrace ; fondle ; ঘেঁষাঘেঁষি করিয়া আরামে শুইয়া থাকা ; Lie close and snug together :—*n.* গাঢ় আলিঙ্গন ; Close embrace.

Cuddy (কাডি), *n.* জাহাজের কক্ষ বা রন্ধনশালা ; Small cabin or cook-room of a ship.

Cudgel (কাজেল্), *n.* গদা ; মুগুর ; Heavy stick ; club :—*v. t.* (*-ll-*) গদাদ্বারা প্রহার করা ; Beat with a cudgel. **Cudgel one's brains**—কোন কঠিন সমস্যার সমাধান বা কিছু মনে করিবার জন্য দারুণ চিন্তা করা ; Think hard to solve a difficult problem or to remember something.

Cue (কিউ), *n.* খেলিবার দণ্ডবিশেষ ; Rod used in playing billiards ; অভিনেতার ইঙ্গিত-সূচক সূত্র ; Last words of an actor's speech serving as a hint to the next actor ; ইঙ্গিত ; Hint.

Cuff (কাফ্), *n.* চপেটাঘাত ; Blow with fists ; জামার আস্তিনের কপ ; End of sleeve :—*v. t.* চপেটাঘাত করা ; Strike with the open hand.

Cuirass (কুয়িরাস্), *n.* উরস্ত্রাণ বিশেষ ; Defensive covering for the breast.

Cuirassier (কুয়িরাসীর্), *n.* উরস্ত্রাণধারী সৈনিক ; Soldier armed with a cuirass.

Cuisine (কুইজ্রীন্), *n.* রন্ধন-প্রণালী ; Cooking methods ; রন্ধনশালা ; Kitchen.

Cul-de-sac (কাল্-ডা-স্যাক্), *n.* বন্ধ গলি ; A passage with an opening at one end only ; (*fig.*) যে স্থান হইতে নিস্তার নাই ; A situation from which there is no escape.

Culinary (কিউলিন্যারি), *a.* রন্ধন-সম্বন্ধীয় ; রন্ধন-সম্পর্কীয় ; Pertaining to the kitchen, or to the art of cookery.

Cull (কাল্), *v. t.* নির্ব্বাচন করা ; বাছাই করা ; সংগ্রহ করা ; Select from many ; pluck out ; gather.

Cullender (কালেণ্ডার্), *n.* চালুনি ; ঝাঁঝরী ; Strainer.

Culminate (কাল্মিনেট্), *v. i.* সর্ব্বোচ্চ সীমা প্রাপ্ত হওয়া ; Reach the highest point.

Culmination (কাল্মিনেশন্), সর্ব্বোচ্চ সীমা ; The highest point (the *culmination* of one's hopes).

Culpability (কাল্প্যাবিলিটি), নিন্দনীয়তা ; দোষাবহতা ; Liability to blame.

Culpable (কাল্প্যাব্ল্), *a.* নিন্দনীয় ; Blameworthy ; অপরাধমূলক ; Criminal.

Culpably (কাল্প্যাব্লি), *ad.* অপরাধ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

ভাবে, নিন্দনীয়ভাবে ; In a blameworthy manner.

Culprit (কাল্‌প্রিট্‌), *n.* অপরাধী ব্যক্তি ; অভিযুক্ত ব্যক্তি ; Criminal ; person accused of crime.

Cult (কাল্‌ট্‌), *n.* ধর্ম্মানুষ্ঠান-পদ্ধতি ; System of religious belief ; কোনও ব্যক্তি বা বস্তুর প্রতি গভীর শ্রদ্ধা বা ভক্তি ; Great respect, or devotion, shown to a person, or a thing (the *cult* of Gandhi).

Cultivate (কাল্‌টিভেট্‌), *v. t.* কর্ষণ করা ; Till ; উন্নতি সাধন করা ; অনুশীলন করা ; Improve ; practise ; অধ্যয়ন করা ; Study ; সুসভ্য করা ; Civilize.

Cultivated (কাল্‌টিভেটেড্‌), *a.* কর্ষিত (*cultivated* land) ; মার্জ্জিত, সভ্য, সুরুচিসম্পন্ন (a *cultivated* man).

Cultivation (কাল্‌টিভেশন্‌), *n.* কৃষিকার্য্য ; Tillage of land ; উন্নতিসাধন ; Cultivating ; চরম উন্নতি ; A high state of development.

Cultivator (কাল্‌টিভেটর্‌), *n.* কৃষক ; One who tills or prepares land for crops ; লাঙ্গল-বিশেষ ; A sort of harrow.

Cultural (কাল্‌চারাল্‌), *a.* সংস্কৃতি বা কৃষ্টি-সম্পর্কীয় ; Having to do with culture (*cultural* studies).

Culture (কাল্‌চার্‌), *n.* কর্ষণ ; Tillage ; অনুশীলন ; Cultivation ; শিক্ষা ; Instruction ; উৎকর্ষসাধন ; সংস্কৃতি, কৃষ্টি, সুরুচি ; শোভনীয় আচরণ ; Advancement ; refinement ; রেশম পোকা, মৎস্য, মৌমাছি ইত্যাদির চাষ বা পালন ; The rearing of silk worms, fish, bees, etc. ; পরীক্ষাগারে উৎপন্ন জীবাণুর বৃদ্ধিসাধন ; A growth of bacteria produced in a laboratory (a *culture* of typhoid germs) :—*v. t.* কর্ষণ করা ; উন্নত করা ; Cultivate ; improve. *a.*=cultural.

Cultured (কাল্‌চার্ড্‌), *a.* শিক্ষিত ; মার্জ্জিত, সভ্য ; কর্ষিত ; Educated ; refined ; civilized ; tilled.

Culvert (কাল্‌ভার্ট্‌), *n.* সাঁকো ; খিলানবিশিষ্ট পয়োনালী ; Arched water-course.

Cum (কাম্‌), *pre.* সহিত ; With (*e. g.*, Rail-cum-bus, etc.).

Cumber (কাম্‌বার্‌), *v. t.* অনাবশ্যক জিনিসে ভারাক্রান্ত করা ; Trouble or burden with something useless :—*n.* ভার ; ঝঞ্ঝাট ; Encumbrance ; বাধা ; Hindrance.

Cumbersome (কাম্বার্‌সাম্‌), *a.* কষ্টকর ; Troublesome ; ভারী ; Heavy.

Cumbrous (কাম্‌ব্রাস্‌), *a.* অবরোধক ; ভারী ; ঝঞ্ঝাটপূর্ণ ; Obstructing ; heavy.

Cumin, Cummin (কামিন্‌), *n.* লতা-বিশেষ ; জীরা।

Cumulative (কিউমিউলেটিভ্‌), *a.* ক্রমবর্দ্ধিষ্ণু ; Increasing by successive addition.

Cumulus (কিউমিউলাস্‌), *n.* পুঞ্জীভূত মেঘ ; Heaped-up mass of cloud. *pl.*=cumuli (কিউমিউলাই)।

Cuneiform (কিউনীফর্ম্‌), *a.* কীলকাকার ; Wedge-shaped.

Cunning (কানিং), *a.* ধূর্ত্ত ; চতুর ; দক্ষ ; Artful ; crafty ; skilful :—*n.* ধূর্ত্ততা ; প্রতারণা ; চাতুরী ; Artifice ; deceit ; skill.

Cup (কাপ্‌), *n.* পানপাত্র ; পেয়ালা ; বাটি ; Small drinking vessel ; যাহা পানপাত্রে থাকে ; Content of a cup ; একচুমুক বা ঢোক ; Draught ; (*fig.*) খানিকটা দুঃখ বা সুখ ; Draught of sorrow or joy (his *cup* of happiness is full) ; পাত্রবৎ জিনিস (a corn-*cup*) :—*v. t.* রক্ত-মোক্ষণ করা ; Draw out blood from the body by means of a cupping glass. **In**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

one's cup—মত্ত ; Drunk, intoxicated.

Cup-bearer (কাপ্-বেয়ারার্), *n.* (রাজপরিবারের) মদ্য পরিবেষক ; One who serves wine, esp. in a royal household.

Cupboard (কাবার্ড্), *n.* থালা, বাসন, খাবার প্রভৃতি রাখিবার তাক ; Place for keeping victuals, dishes, etc.

Cupful (কাপ্ফুল্), *a.* এক বাটি ; So much as one cup can hold.

Cupid (কিউপিড্), *n.* (রোমান্দের) মদনদেব ; Roman god of love.

Cupidity (কিউপিডিটি), *n.* লোভ ; ধনলিপ্সা ; Covetousness ; avarice.

Cupola (কিউপোলা), *n.* গোলাকার প্রাসাদ-শৃঙ্গ ; গম্বুজ ; Spherical vault on the top of an edifice ; dome.

Cupping-glass (কাপিং-গ্লাস্), *n.* দেহ হইতে রক্ত বাহির করিবার কাচের পাত্র ; Small glass-vessel shaped like a cup for drawing blood out.

Cupreous (কিউপ্রিয়াস্), *a.* তামামিশ্রিত ; Coppery.

Cur (কার্), *n.* খেঁকি কুকুর ; Degenerate dog ; ইতর লোক ; Churlish fellow. *a.*=curish.

Curable (কিউর‍্যাব্‌ল্), *a.* আরোগ্যসাধ্য ; That may be cured. *n.*= curability.

Curacy (কিউর‍্যাসি), *n.* যাজকবৃত্তি ; Office and work of a curate.

Curate (কিউরেট্), *n.* সহকারী যাজক ; Parish priest's assistant.

Curative (কিউরেটিভ্), *a.* রোগনিবারণক্ষম ; Tending to cure (*curative* value of sunshine).

Curator (কিউরেটর্), *n.* তত্ত্বাবধায়ক ; অধ্যক্ষ ; Superintendent ; অভিভাবক ; Guardian or trustee. *fem.*= curatrix.

Curb (কার্ব্), *v. t.* দমন করা ; Restrain (*curb* one's tongue) :— প্রতিবন্ধক ; Check ; ঘোটকের মুখ-শৃঙ্খল ; Part of a bridle.

Curd (কার্ড্), *n.* দধি ; ছানা।

Curdle (কার্ড্‌ল্), *v. i. t.* দধিবৎ হওয়া ; Coagulate ; জমিয়া যাওয়া ; Congeal ; দধি বা ছানা প্রস্তুত করা ; জমাট করা ; Cause or turn into curd, congeal (blood *curdled* at the sight).

Curdy (কার্ডি), *a.* ছানাময় ; দধি বা ছানাবৎ ; Like, or full of, curd.

Cure (কিওর্), *n.* আরোগ্য ; Act of healing ; ঔষধ ; Remedy for disease ; আত্মার তত্ত্বাবধান ; যাজকত্ব ; Care of souls ; spiritual charge of a parish ; চিকিৎসা ; রোগীর শুশ্রূষা ; Treatment of the sick ; care of the sick :—*v. t.* আরোগ্য করা ; Heal ; শুষ্ক ও লবণাক্ত করিয়া রক্ষা করা ; Prepare for preservation by drying, salting, etc. ; দোষমুক্ত করা ; Get rid of (an evil) ; কাহারও দোষের প্রতিকার করা (*cure* a man of bad habits).

Cureless (কিওর্‌লিস্), *a.* অচিকিৎস্য ; অনারোগ্য ; Incurable.

Curfew (কার্‌ফিউ), *n.* সন্ধ্যাকালীন ঘণ্টাধ্বনি ; Ringing of a bell at a fixed evening hour (orig. to put out all fires and lights) ; সান্ধ্য আইন ; Signal or time after which inhabitants may not be abroad.

Curio (কিউরিও), *n.* কৌতূহলোদ্দীপক পদার্থ ; Curiosity. *pl.*=curios.

Curiosity (কিউরিয়সিটি), *n.* কৌতূহল ; Inquisitiveness ; কৌতূহলজনক বিষয় ; Object of curiosity ; দুষ্প্রাপ্য পদার্থ ; Rare thing.

Curious (কিউরিয়াস্), *a.* কৌতূহলী ; Inquisitive ; (মন্দ অর্থে) অপরের বিষয় জানিতে ইচ্ছুক ; (In a bad sense)

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

eager to know what does not concern one (a *curious* neighbour); নৈপুণ্য-সহকারে নির্ম্মিত; Skilfully made; অদ্ভুত; অপূর্ব্ব; Strange; rare.

Curl (কার্ল্), *v. t. i.* কুঞ্চিত করা বা হওয়া; Twist, or get twisted; make into curls :—*n.* কুঞ্চিত কুন্তল; Ringlet of hair.

Curlew (কার্লিউ), *n.* সারসজাতীয় পক্ষিবিশেষ।

Curling-irons (কার্লিং-আয়রন্স্), **Curling-tongs** (কার্লিং-টংস্), *n.* চুল কোঁকড়াইবার যন্ত্র; Instrument for curling hair. [curls.

Curly (কার্লি), *a.* তরঙ্গায়িত; Having

Curly-headed (কার্লি-হেডেড্), *a.* কুঞ্চিত অলকযুক্ত; Having curly hair.

Curmudgeon (কার্মাজন্), *n.* কৃপণ; রুক্ষ-মেজাজী ব্যক্তি; Miser; a bad-tempered fellow.

Curr (কার্), *v. i.* পেচকের বা বিড়ালের ন্যায় শব্দ করা; Cry like an owl or purr like a cat.

Currant (কার্যান্ট্), *n.* একপ্রকার শুষ্ক আঙ্গুর বা কিস্‌মিস্; Small variety of dried grape; করঞ্চা, বৈঁচি ইত্যাদি।

Currency (কারেন্সি), *n.* প্রচলন; রেওয়াজ; The state of being generally accepted; দেশের প্রচলিত মুদ্রা; Money current in a country.

Current (কারেন্ট্), *n.* স্রোত; Stream; বিদ্যুৎ-প্রবাহ (electric *current*); গতি; General course (*current* of thought, events) :—*a.* প্রচলিত; Circulating; সাধারণ; General; সাধারণ-সম্মত; Generally received; বর্ত্তমান; Present in its course.

Curricle (কারিকল্), *n.* দ্বিচক্র যান-বিশেষ; দুই ঘোড়ার গাড়ী; Open carriage with two wheels, drawn by two horses abreast.

Curriculum (কারিকিউলাম্), *n.* বিশ্ব-বিদ্যালয়ে নির্দ্ধারিত পাঠ্যক্রম; Specified course of study at a university. *pl.* = curricula.

Currier (কারিয়ার্), *n.* চর্ম্ম-সংস্কারক; One who dresses tanned leather.

Currish (কারিশ্), *a.* খেঁকি কুকুরের মত; Like a cur: খিট্‌খিটে; Peevish.

Curry (কারি), *n.* আচার; Highly spiced condiment; মাছ বা মাংসের তরকারি; Dish of cooked fish or meat :—*v. t.* চর্ম্ম-সংস্কার করা; Dress leather; খররা-দ্বারা ঘোড়ার গাত্র মার্জ্জন করা; Rub down and dress a horse. **Curry favour (with)**—তোষামোদ করিয়া অনুগ্রহ লাভের চেষ্টা করা; Seek favour by flattery.

Curry-comb (কারি-কোম্), *n.* খররা; Comb of iron for horses.

Curry-powder (কারি-পাউডার্), *n.* গুঁড়া মসলা।

Curse (কার্স্), *v. t. i.* অভিশাপ দেওয়া; Imprecate evil upon; খারাপ কথা বলা; Use bad language against (he *cursed* the man); অভিশাপ হইয়া দাঁড়ান; Be a curse to :—*n.* অমঙ্গলেচ্ছা; অভিশাপ; Malediction; imprecation; decree or invocation of destruction or punishment; অমঙ্গলজনক বস্তু; A trouble or evil (gambling is a *curse*).

Cursed (কার্সিড্), *a.* অভিশপ্ত; Accursed; ঘৃণ্য; Abominable.

Cursive (কার্সিভ্), *a.* টানা লেখায় লিখিত; In running script :—*n.* টানা লেখা; Running script.

Cursorial (কার্সোরিয়াল্), *a.* ধাবনোপযোগী অঙ্গসমন্বিত (পক্ষী প্রভৃতি); Having limbs adapted for running (*e. g.*, *cursorial* birds, etc.).

Cursory (কার্সরি), *a.* দ্রুত, ভাসা-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ভাসা ; Hasty ; superficial ; inattentive (*cursory* glance).

Curt (কার্ট্), *a.* অতি সংক্ষিপ্ত ; Over-concise ; অভদ্রভাবে সংক্ষিপ্ত ; Rudely brief (*curt* reply).

Curtail (কার্টেল্), *v. t.* সংক্ষিপ্ত করা ; Abridge ; সংকোচন করা ; Contract ; হ্রাস করা ; Diminish. *n.*=curtailment.

Curtain (কার্টন্), *n.* মশারি । যবনিকা ; পর্দ্দা ; Cloth-hanging used to screen the stage from the spectators ; screen :—*v. t.* মশারি-দ্বারা আবৃত করা ; Enclose with curtains ; পর্দ্দা দিয়া ঘেরা ; Screen. **Curtain lecture**—গৃহিণীর তাড়না বা ভর্ৎসনা ; Admonitions given in bed by a wife to her husband. **Drop the curtain**—অভিনয় শেষ করা ; Close the performance ; শেষ করা ; End. **Curtain-fire**—গোলাবারুদের বাঁধ ; Barrage.

Curtilage (কার্টিলিজ্), *n.* বাস্তু প্রাঙ্গণ ; Area attached to a dwelling-house.

Curtsy, Curtsey (কার্ট্সি), *n.* আনতদেহ ও নতজানু হইয়া স্ত্রীলোকের নমস্কার ; Feminine salutation made by bending knees and lowering body :—*v. i.* নতজানু হইয়া নমস্কার করা ; Make a curtsy.

Curule (কিউরূল্), *a.* বিচারপতি-সম্বন্ধীয় ; Magisterial. [Bending.

Curvature (কার্ভেচার্), *n.* বক্রতা ;

Curve (কার্ভ্), *a.* বক্র ; Crooked :—*n.* আনত বস্তু ; বক্র রেখা ; খিলান ; Anything bent ; bent line ; arch :—*v. t. i.* বক্র করা বা হওয়া ; Bend.

Curvet (কার্ভেট্), *n.* অশ্বের উল্লম্ফন ; Horse's frisky leap :—*v. i.* লম্ফ-প্রদান করা ; উল্লম্ফন করা ; Leap ; frisk.

Curvilinear (কার্ভিলিনিয়্যার্), *a.* বক্ররেখা-বেষ্টিত ; Bounded by curved lines.

Cushat (কুশ্যাট্), *n.* বন্য কপোত ; Wood-pigeon.

Cushion (কুশন্), *n.* উপাধান ; গদি ; Pillow for a seat ; soft pad to be placed on a chair :—*v. t.* গদি দিয়া আবৃত করা ; Furnish with a cushion (*cushioned* seat).

Custard (কাস্টার্ড্), *n.* দুগ্ধ, অণ্ড ও চিনি মিশ্রিত সুস্বাদু খাদ্যবিশেষ ; Mixture of milk and eggs, sweetened and flavoured. [আতা

Custard-apple (কাস্টার্ড্-আপ্ল্), *n.*

Custodian (কাস্টোডিয়্যান্), *n.* অভিভাবক ; Guardian ; তত্ত্বাবধায়ক ; Caretaker.

Custody (কাস্টডি), *n.* তত্ত্বাবধান ; জিম্মা ; Guardianship ; care ; অবরোধ ; Imprisonment ; রক্ষণ ; Preservation.

Custom (কাস্টম্), *n.* দ্রব্যাদি ক্রয়ে দোকানে পুনঃ পুনঃ গমনাগমন ; Practice of frequenting a shop for the purchase of goods ; দেশাচার ; প্রথা ; রীতি ; Usage ; long-established practice :—*pl.* আমদানি ও রপ্তানি করা দ্রব্যের শুল্ক ; Duties imposed on imports and exports. **Custom-house**—শুল্ক-ভবন ; House where customs are paid.

Customary (কাস্টম্যারি), *a.* প্রথানুযায়ী ; According to custom ; চিরপ্রচলিত ; Held by custom. *ad.*=customarily.

Customer (কাস্টমার্), *n.* ক্রেতা ; Buyer ; খরিদ্দার ; Patron.

Cut (কাট্), *v. t. i.* কাটা ; বিদীর্ণ করা ; বিভক্ত করা বা হওয়া ; Sever or be severed ; divide or be divided ; পার হইয়া যাওয়া ; Pass through ; পরস্পর বিভক্ত করা ; Cross each other ; মর্ম্মবেদনা দেওয়া ; Affect

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

deeply; তাড়াতাড়ি যাওয়া; Go quickly; কাটিয়া কমান; Reduce by cutting (have your hair *cut*):—আঘাত; Stroke; বিদারণ; বিভাজন; Cleaving or dividing; ছিন্ন অংশ; খণ্ড; ক্ষত; Cleft; a piece cut off; wound; পরিহাস; Sarcasm; প্রণালী; Canal; গঠন; Shape; ক্ষোদিত কারু-কার্য্য; Carving or engraving. **A short cut**—সোজা পথ; Short route; সহজ উপায়; Easy way. **Cut and dry** or **dried**—পূর্ব্ব হইতে প্রস্তুত; Ready-made. **Cut a dash** or **a figure**—সকলের নজরে পড়া; বড়লোক হওয়া; Make a conspicuous appearance. **Cut a joke**—কৌতুক করা; Be witty and sociable. **Cut down**—খরচা কমান; Reduce expenses of. **Cut the coat according to the cloth**—আয় বুঝিয়া ব্যয় করা; Keep one's expenses within one's means. **Cut short**—সংক্ষিপ্ত করা; Abridge; কোনরূপ বাধা দিয়া হঠাৎ বন্ধ করা; Hinder from proceeding by sudden interruption. **Cut to the quick**—মর্ম্মে আঘাত করা; Wound one's sensibilities deeply.

Cutaneous (কিউটেনিয়াস্), *a.* ত্বক্-সম্বন্ধীয়; Pertaining to the skin.

Cutchery (কাচারি), *n.* আদালত; Court; কার্য্যালয়; কাছারী; Office.

Cute (কিউট্), *a.* চতুর; চালাক; বুদ্ধিমান্; Shrewd; clever.

Cuticle (কিউটিক্ল্), *n.* ত্বক্; কৃত্তিক্; Outermost skin.

Cutlass (কাট্ল্যাস্), *n.* বাঁকান তরবারি-বিশেষ; Broad, curving sword with but one cutting edge.

Cutler (কাট্লার্), *n.* ছুরি, কাঁচি, তরবারি-নির্ম্মাতা বা বিক্রেতা; One who makes or deals in cutlery.

Cutlery (কাট্লারি), *n.* ছুরি-কাঁচির ব্যবসায়; Trade of a cutler; ছুরি, কাঁচি প্রভৃতি যন্ত্র; Cutting instruments in general.

Cutlet (কাট্লিট্), *n.* ভাজিবার জন্য মাংসখণ্ড; A fried piece of meat.

Cutpurse (কাট্পার্স্), *n.* গাঁটকাটা; Pickpocket.

Cutter (কাটার্), *n.* কর্ত্তনকারী; One who, or instrument which, cuts; ছোট জাহাজবিশেষ; Vessel with one mast; জামা প্রভৃতির জন্য কাপড়-কাটা দর্জ্জি; Person who cuts cloth for garments.

Cut-throat (কাট্-থ্রোট্), *n.* গলাকাটা; খুনে; Murderer:—*a.* সাংঘাতিক, ভয়ঙ্কর; Deadly (*cut-throat* competition).

Cutting (কাটিং), *n.* পাহাড়-কাটা গহ্বর বা পথ (a railway *cutting*); সংবাদপত্রের কর্ত্তিত অংশ (press *cuttings*); নূতন গাছ করিবার জন্য গাছের কাটা ডাল; A piece cut off a plant to grow a new plant:—*a.* মর্ম্মান্তিক; Painful; বিদ্রূপপূর্ণ; Satirical; উগ্র; Severe; কর্ত্তনকারী; Able to cut.

Cutto, Cuttoe (কাটো), *n.* বড় ছুরি; Large knife.

Cut-water (কাট্-ওয়টার্), *n.* জাহাজের অগ্রভাগের সূক্ষ্মাংশ; The edge of ship's stem.

Cyanic (সাইয়্যানিক্), *a.* নীলবর্ণ; Blue; সাইয়্যানজেন-বিশিষ্ট; Of or containing cyanogen.

Cyanide (সাইয়্যানাইড্), *n.* সাইয়্যান-জেন-মিশ্রিত বিষাক্ত দ্রব্য; Compound of cyanogen.

Cycle (সাইক্ল্), *n.* নিয়মিত কালক্রম; Interval of time in which events recur in a certain order; কালচক্র; খ-মণ্ডলের কল্পিত বৃত্ত; Round of time; imaginary circle or orbit in the

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

heavens ; সাইকেল। *a.*=cyclic, cyclical.

Cyclist (সাইক্লিস্ট্), *n.* সাইকেল আরোহণকারী ; Person who rides a cycle.

Cycloid (সাইক্লয়েড্), *n.* বৃত্তাকার ক্ষেত্র ; বক্ররেখা-বিশেষ ; Figure like a circle ; curve made by a point in a circle.

Cyclone (সাইক্লোন্), *n.* প্রবল ঘূর্ণিবাত্যা ; Whirlwind of extensive circuit. *a.*=cyclonic.

Cyclopaedia, Cyclopedia (সাইক্লোপিডিয়া), *n.* বিশ্বকোষ ; Book of universal knowledge. *a.*=cyclopedic.

Cyclopean (সাইক্লোপীয়্যান্), **Cyclopic** (সাইক্লোপিক্), *a.* প্রকাণ্ড ; ভয়ানক ; Vast ; terrific.

Cyclops (সাইক্লপ্স্), *n.* রাক্ষস-বিশেষ ; Giant with one eye. *pl.*=cyclopses (সাইক্লোপ্সীজ্), cyclopes.

Cyclostyle (সাইক্লোস্টাইল্), *n.* নকল করিবার ছোট যন্ত্র ; Apparatus for multiplying copies of a writing.

Cygnet (সিগ্নিট্), *n.* হংস-শাবক ; Young swan.

Cylinder (সিলিণ্ডার্), *n.* বেলন, নলাকার বস্তু ; Roller-shaped body.

Cylindrical (সিলিণ্ড্রিক্যাল্), *a.* নলাকার ; নলাকার বস্তুর মত ; Having the form or properties of a cylinder.

Cymbal (সিম্ব্যাল্), *n.* করতাল ; Basin-like musical instrument of brass, beaten together in pairs.

Cynic (সিনিক্), *n.* (cap. C) এক-জাতীয় গ্রীক্ দার্শনিক ; The member of a Greek sect of philosophers. অর্থ ও বিলাসাদির প্রতি যাহার বিদ্বেষ ; he who affects contempt for wealth, luxury, etc. ; ছিদ্রান্বেষী ; Fault-finder.

Cynical (সিনিক্যাল্), *a.* কর্কশ ; রূঢ়প্রকৃতি ; Surly and snarling ; austere ; ঘৃণাপূর্ণ ; Contemptuous. মানুষের মঙ্গল সম্বন্ধে সন্দিহান ; Incredulous of human goodness ; বিদ্রূপকারী ; Sneering.

Cynicism (সিনিসিজ্ম্), *n.* মানুষের শিল্প-সৌন্দর্য্য ও বিলাসাদির প্রতি বিদ্বেষ ; Misanthropy ; সিনিকের মতবাদ ; Ideas and opinions of a cynic. ঘৃণাপূর্ণ উক্তি ; Cynical remark or statement.

Cynosure (সাইনশূর্), *n.* উত্তর-কেন্দ্রস্থিত নক্ষত্রমণ্ডল ; Constellation of the Lesser Bear ; লক্ষ্যের বা মনোযোগের কেন্দ্রস্থল ; Centre of attention (*cynosure* of all eyes).

Cypher (সাইফার্)—Same as **Cipher**.

Cypress (সাইপ্রিস্), *n.* বৃক্ষবিশেষ ; Coniferous tree ; শোক-চিহ্ন ; Emblem of mourning.

Cyst (সিস্ট্), *n.* পূঁযকোষ ; জীবদেহের বিকৃত পদার্থধারী কোষ ; Bag containing morbid matter.

Czar, Tsar, Tzar (জ্জার্), *n.* রুষ-সম্রাটের উপাধি বা পদবী ; The title of the former emperor of Russia.

Czarina, Ts(z)arina (জ্জারীনা), *n.* রুষ-সম্রাজ্ঞী ; Empress of Russia.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

D

D, d, (ডী)—ইংরেজী বর্ণমালার চতুর্থ অক্ষর; Fourth letter in the English alphabet.

Dab (ড্যাব্), *v. t. i.* ধীরে ধীরে আঘাত করা; Strike gently; লেপন করা; Besmear:—*n.* মৃদু আঘাত; Gentle blow; ছাবড়া খানিকটা জিনিস; A small quantity that is dabbed on some thing (a few *dabs* of paint).

Dabble (ড্যাব্ল্), *v. t. i.* ছিটাইয়া দেওয়া; সিক্ত করা; Sprinkle; moisten; জলক্রীড়া করা; Play in water with hands or feet; ভাসাভাসা ভাবে কোন কার্য্য করা; Work in a superficial manner (*dabble* in politics).

Dabbler (ড্যাব্লার্), *n.* যে ব্যক্তি ভাসাভাসা-সহকারে কার্য্য করে; One who does things in a superficial or negligent way.

Dabchick (ড্যাব্চিক্), *n.* পানকৌড়ি; Small waterfowl.

Dace (ডেস্), **Dare** (ডেয়ার্), **Dart** (ডার্ট), *n.* ক্ষুদ্র মৎস্য-বিশেষ; Small river-fish.

Dacoit (ড্যাকয়িট্), *n.* দস্যু; ডাকাত; Robber.

Dacoity (ড্যাকয়িটি), *n.* ডাকাতি; [Robbery.

Dactyl (ড্যাক্টিল্), *n.* ইংরেজি ছন্দের চরণবিশেষ; Poetical foot, consisting of one accented syllable followed by two unaccented ones. *a.*= dactylic.

Dad (ড্যাড্), **Daddy** (ড্যাডি), *n.* বাবা; Father,—a word used by children.

Daddle (ড্যাড্ল্), *v. i.* টলিতে টলিতে চলা; Walk unsteadily.

Daffodil (ড্যাফোডিল্), *n.* বসন্তকালীন পীত পুষ্পবিশেষ।

Daft (ডাফ্ট্), *a.* দুর্ব্বলচিত্ত; পাগল; নির্ব্বোধ; Weak-minded; insane; silly.

Dagger (ড্যাগার্), *n.* ছোরা; Short sword; চিহ্নবিশেষ; Mark of reference (†). **At daggers drawn**—পরস্পরের প্রতি খড়্গহস্ত; In bitter enmity. **Look daggers**—ঘৃণাপূর্ণ দৃষ্টিতে তাকান; Look spitefully.

Dahlia (ডেলিয়া), *n.* উদ্যানজ রঙ্গীন পুষ্পের বৃক্ষবিশেষ; A garden plant with bright-coloured flowers.

Daily (ডেলি), *a.* দৈনিক; Happening every day:—*ad.* প্রতিদিন; Every day:—*n.* দৈনিক সংবাদপত্র; Paper published every day.

Dainty (ডেন্টি), *a.* সুস্বাদু; মুখরোচক; Delicious to the taste; পরিপাটি; Neat; খুঁতখুতে; Fastidious; সুরুচি-সম্পন্ন; Of delicate tastes:—*n.* সুখাদ্য দ্রব্য; Delicacy.

Dairy (ডেরি), *n.* দুগ্ধমন্থনালয়; দুগ্ধাগার; Place for making butter and cheese; shop for supplying milk:—*a.* গোরক্ষণ ও গব্যাদি প্রস্তুতকরণবিষয়ক; Pertaining to the keeping of cows, and making of butter and cheese.

Dairy-farm (ডেরি-ফার্ম্), *n.* গোরক্ষণ-স্থান; গব্যাদি প্রস্তুত ও বিক্রয়ের দোকান; Farm for the keeping of cows; shop for producing and selling milk, butter, etc.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Dairymaid (ডেরিমেড্), *n.* গোয়ালিনী ; Female manager of a dairy.

Dairyman (ডেরিম্যান্), *n.* গোয়ালা ; দুগ্ধব্যবসায়ী ; Dealer in milk, etc.

Dais (ডেইস্), *n.* উচ্চ আসন ; চন্দ্রাতপাচ্ছাদিত আসন ; Raised or canopied seat.

Daisied (ডেস্ত্রিড্), *a.* ডেজিপুষ্পশোভিত ; Covered with daisies.

Daisy (ডেস্ত্রি), *n.* তারার মত দেখিতে ঘাসের ফুলবিশেষ ; A very common star-shaped flower growing wild in the grass.

Dale, Dell (ডেল্), *n.* উপত্যকা ; Valley.

Dalliance (ড্যালিয়্যান্স্), *n.* পরস্পর আলিঙ্গন ; Interchange of embraces ; প্রেমের ভাণ ; Love-making.

Dally (ড্যালি), *v. t.* তুচ্ছ বিষয়ে বা আলস্য করিয়া অনর্থক সময় নষ্ট করা ; Waste time in idleness or in trifles ; প্রেমালিঙ্গন করা ; Fondle ; বিহার করা ; খেলা করা ; Sport ; play. *n.*=dallier. *p. t.* & *p. p.* =dallied.

Dam (ড্যাম্), *v. t.* (*-mm-*) বাঁধদ্বারা প্রবাহ রোধ করা ; Keep back water by a bank ; বন্ধ করা ; আবদ্ধ করা ; Shut up ; confine :—*n.* বাঁধ ; জাঙ্গাল ; Embankment to keep back water ; আবদ্ধ জল ; Water thus confined.

Damage (ড্যামিজ্), *n.* ক্ষতি ; অনিষ্ট ; Any loss ; injury :—*pl.* ক্ষতিপূরণ ; Compensation for loss :—*v. t. i.* ক্ষতি করা ; বিকৃত করা ; Harm ; impair. **A damaging admission** —মোকদ্দমা প্রভৃতিতে স্বার্থের প্রতিকূল স্বীকারোক্তি ; Any admission which will injure one's interest in a suit.

Damask (ড্যাম্যাস্ক্), *n.* বুটিদার কাপড় ; Figured silk or linen ; লালবর্ণ ; colour :—*a.* লোহিত ; লাল ; red colour like that of the D ask rose :—*v. t.* কাপড়ের উপর তোলা ; Form flowers on cloth.

Dame (ডেম্), *n.* গৃহিণী ; Mistre প্রৌঢ়া রমণী ; Matron.

Damn (ড্যাম্), *v. t. i.* নরক ভোগ দেওয়া ; Doom to hell ; অভি দেওয়া ; Curse ; টিটকারি দে নিন্দা করা ; Condemn ; censu —*n.* উচ্চারিত অভিশাপ ; Utte curse.

Damnable (ড্যাম্ন্যাব্ল্), *a.* নরকভো যোগ্য ; Deserving damnation ; যোগ্য ; জঘন্য ; অনিষ্টকর ; Conde able ; odious ; pernicious.

Damnation (ড্যাম্নেশন্), *n.* নরক অনন্ত শাস্তি ; Eternal punishment hell (usu. in *excl.*).

Damnatory (ড্যাম্ন্যাটরি), *a.* নিন্দা Censurable.

Damned (ড্যাম্ড্), *a.* নিন্দ Damnable :—*adv.* (with *adj.* on বিরক্তিকর ভাবে (*damned* hot).

Damp (ড্যাম্প্), *a.* স্যাঁতসেঁ কুজ্ঝটিকাময় ; Moist ; foggy *n.* আর্দ্রতা ; কুজ্ঝটিকা ; Moistu fog ; বিষণ্ণতা ; Depression :— ভূগর্ভোত্থিত প্রাণনাশক বাষ্প ; Noxi vapours issuing from the earth *v. t.* ঈষৎ আর্দ্র করা ; শীতল ক Moisten ; chill ; ভগ্নোৎসাহ ক Discourage.

Dampen (ড্যাম্পেন্), *v. t. i.* স্যাঁতসেঁ করা বা হওয়া ; Make moist or come damp.

Damper (ড্যাম্পার্), *n.* নিরুৎসাহক ব্যক্তি বা বস্তু ; A person or thing t discourages ; হাপরে বা উনানে নিয়ন্ত্রক লোহার পাত ; A movable i plate in a furnace to regulate

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

rate of burning; কাগজ বা টিকিট ...ছিড়িবার যন্ত্র; Contrivance for ...ting paper, stamps, etc..

Damsel (ড্যাম্‌জ্রেল্), *n.* বালিকা; Girl; অবিবাহিতা অল্পবয়স্কা স্ত্রীলোক; Young unmarried woman.

Damson (ড্যাম্‌জ্‌ন্), *n.* কুল; Plum.

Dance (ডান্স্), *v. i. t.* নৃত্য করা বা ...; ইতস্ততঃ লাফাইয়া বা খেলা করিয়া ...; Move nimbly or toss up and down; frisk :—*n.* নৃত্য; Regulated movement of the feet.

Dancer (ডান্সার্), *n.* নর্ত্তক বা নর্ত্তকী; One who practises dancing.

Dancing (ডান্সিং), *n.* নৃত্য বা নৃত্য-বিদ্যা; Act or art of moving in the dance.

Dancing-girl—খেমটাওয়ালী, (পেশাদার) নর্ত্তকী; Professional dancer.

Dancing-master—নৃত্য শিক্ষক; Teacher of dancing.

Dandelion (ড্যাণ্ডিলিয়ন্), *n.* একপ্রকার ...ফুলের নতাবিশেষ; Common plant with a yellow flower.

Dandify (ড্যাণ্ডিফাই), *v. t.* ফুলবাবু ...; Dress like a fop.

Dandle (ড্যাণ্ড্‌ল্), *v. t.* কোলে করিয়া (শিশুকে) নাচান; Move up and down (*e. g.*, child) on the knee or in the arms.

Dandruff (ড্যাণ্ড্রাফ্), *n.* মরামাস, ...; Scurf on the head.

Dandy (ড্যাণ্ডি), *n.* ফুলবাবু, পোষাকী ...; A person who pays too much attention to his clothes.

Dandyism (ড্যাণ্ডিজ্‌ম্), *n.* বাবুগিরি; Foppishness.

Dane (ডেন্), *n.* ডেন্‌মার্কবাসী; দিনেমার; Native of Denmark.

Danger (ডেঞ্জার্), *n.* বিপদ্; অনিষ্ট; ...বিপৎ-সঙ্কেত; Position of railway signal directing stoppage or caution. **Danger zone**—বিপদ্‌পূর্ণ অঞ্চল।

Dangerous (ডেঞ্জারাস্), *a.* বিপজ্জনক; Perilous.

Dangerously (ডেঞ্জারাস্‌লি), *ad.* বিপজ্জনকভাবে; Not safely.

Dangle (ড্যাঙ্গ্‌ল্), *v. i. t.* দোলায়মান হওয়া; Hang loosely; দোলান; Swing.

Dangler (ড্যাঙ্গ্‌লার্), *n.* যে ব্যক্তি অন্যের, বিশেষতঃ স্ত্রীলোকের, অনুসরণ করে; One who dangles about others, especially about women.

Daniel (ড্যানিয়েল্), *n.* নিরপেক্ষ অথবা সুবিজ্ঞ বিচারক; An upright or wise judge; অসাধারণ জ্ঞানী ব্যক্তি; Person of infallible knowledge.

Danish (ডেনিশ্), *a.* ডেন্‌মার্ক-দেশীয়; Belonging to Denmark.

Dank (ড্যাঙ্ক্), *a.* সিক্ত; Moist; স্যাঁতসেঁতে; Damp (*dank* vegetation).

Dapper (ড্যাপার্), *a.* তৎপর; Smart; পরিচ্ছন্ন; Neat.

Dapple (ড্যাপ্‌ল্), *v. t. i.* ফুট্ ফুট্ চিহ্নে চিত্রিত করা; Variegate with rounded spots :—*a.* নানা বর্ণে চিত্রিত; Variegated :—*n.* ডোরা ডোরা দাগ; One of the spots on a dappled animal (*dappled* deer).

Dare (ডেয়ার্), *v. t.* সাহস করা; Venture (*dare* he do it?); যুদ্ধে আহ্বান করা; Challenge. *p. t.* & *p. p.*=dared. *p. p.*=durst (seldom used). **Dare-devil**—দুঃসাহসিক লোক; Reckless fellow. **Dare say**—মনে হয়; Perhaps.

Daring (ডেয়ারিং), *a.* সাহসী; নির্ভীক; Bold; fearless :—*n.* সাহসিকতা; দুঃসাহসিক উদ্যম; Boldness; hazardous attempt.

Dark (ডার্ক্), *a.* অন্ধকারময়; Without light; মেঘাচ্ছন্ন; Clouded;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কৃষ্ণবর্ণ ; Black ; দুর্ব্বোধ্য ; Obscure ; দুর্জ্ঞেয় ; Mysterious ; বিষণ্ণ ; Gloomy ; গুপ্ত ; Secret ; অশিক্ষিত ; Ignorant :—*n.* অন্ধকার ; Darkness ; অস্পষ্টতা ; গোপনীয়তা ; Obscurity ; secrecy ; মূর্খতা ; Ignorance. **Be in the dark about**—কোন বিষয় অবগত না হওয়া বা না বোঝা ; Not know about or not understand fully. **Dark Continent**—আফ্রিকা ; Africa.

Darken (ডার্ক্‌ন্), *v. t. i.* তিমিরাচ্ছন্ন করা বা হওয়া ; Make or grow dark.

Darkness (ডার্ক্‌নিস্), *n.* অন্ধকার ; Absence of light ; অজ্ঞতা ; Ignorance.

Darksome (ডার্ক্‌সাম্), *a.* তিমিরাচ্ছন্ন ; অন্ধকারময় ; বিষণ্ণ ; Rather dark ; obscure ; gloomy.

Darling (ডার্লিং), *n.* স্নেহপাত্র ; Favourite :—*a.* প্রিয় ; Beloved.

Darn (ডার্ণ্), *v. t. i.* রিপু করা ; Mend by sewing :—*n.* রিপু-করা অংশ ; Place mended by darning. *n.*= darner.

Darnel (ডার্ণেল্), *n.* একপ্রকার আগাছা ; Weed growing in corn.

Darning (ডার্ণিং), *n.* রিপুকর্ম্মের জিনিস ; Thing to be darned.

Dart (ডার্ট্), *n.* ছোট বর্শা ; Short lance ; বিদ্ধ করিবার বস্তু ; That which pierces :—*v. t. i.* হঠাৎ নিক্ষেপ করা ; Hurl suddenly ; সবলে ত্যাগ করা ; বর্ষণ করা ; Send or shoot forth ; শীঘ্র বহির্গত হওয়া ; Start or shoot forth rapidly.

Darwinism (ডার্‌উয়িনিজ্‌ম্), *n.* ডারুয়িন প্রবর্ত্তিত ক্রমবিবর্ত্তনবাদ ; Theory of the origin of species propounded by Charles Darwin.

Dash (ড্যাশ্), *v. t. i.* সজোরে নিক্ষেপ করা ; Throw violently ; ভগ্ন করা ; Break ; ছিটান ; Sprinkle ; [illegible] করা ; Mix ; ব্যর্থ করা ; Frus[illegible] ধ্বংস করা ; Destroy (all [illegible] were *dashed*) ; বেগে ধাবমান [illegible] ধাক্কা লাগা ; Rush with s[illegible] ness ; strike against :—*n.* [illegible] সংঘর্ষণ ; আঘাত ; Violent str[illegible] collision ; তরল পদার্থের ধারা [illegible] শব্দ (the *dash* of the waves [illegible] rocks) ; সামান্য মিশ্রিত অংশ ; ([illegible] with a *dash* of brandy) ; [illegible] শক্তি ; উৎসাহ ; Spirit ; stre[illegible] energy (he is famous fo[illegible] *dash*) ; চিহ্নবিশেষ ; A mark (—) [illegible] break in a sentence. D[illegible] **board**—মোটর গাড়ীর সম্মুখে [illegible] জায়গা ও ইঞ্জিনের ব্যবধান [illegible] Partition between engine [illegible] front seat of motor car. [illegible] **a dash for, at**—অত্যন্ত দ্রুত [illegible] হওয়া ; Rush quickly and vi[illegible] ly ; আক্রমণ করা ; Attack.

Dashing (ড্যাশিং), *a.* সাহসী ; [illegible] Bold ; hasty and rash ; [illegible] Spirited.

Dastard (ড্যাস্টার্ড্), *n.* বর্ব্বর [illegible] Brutal coward :—*a.* ভীরু ; [illegible] ardly.

Dastardly (ড্যাস্টার্ড্‌লি), *a.* [illegible] Cowardly :—*ad.* [illegible] চিতভাবে ; In a timid or co[illegible] manner.

Data (ডেটা), *n. pl.* স্বীকৃত [illegible] উপাত্ত ; Known or admitted [illegible] *sing.*=datum.

Dataller (ডে-টেলার্), *n.* দি[illegible] Workman engaged and pa[illegible] the day.

Date (ডেট্), *n.* কাল ; তারিখ ; [illegible] at which anything happens ; ঘটনার সময় ; Time of any [illegible] খর্জ্জুর ; Fruit of the date-pa[illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

Dateless *v. t.* তারিখ দেওয়া ; সময় বা তারিখ লেখা ; Put in date ; affix the date to ; আরম্ভ হওয়া ; Begin. **Date-sugar**—খেজুর চিনি। **From date**—আজ হইতে ; From to-day. **Out of date**—সেকেলে ; Antiquated. **Up to date**—আধুনিক ; প্রগতিশীল ; Modern ; meeting or according to the latest requirements.

Dateless (ডেট্‌লিস্), *a.* তারিখবিহীন ; Without any date ; অতিশয় পুরাতন ; Very old.

Date-palm (ডেট্-পাম্), *n.* খেজুর ; A [kind of fruit.

Date-tree (ডেট্-ট্রী), *n.* খেজুর গাছ ; Tree bearing dates.

Dative (ডেটিভ্), *a.* সম্প্রদানকারক-সম্বন্ধীয় ; Pertaining to the dative case :—*n.* সম্প্রদানকারক ; Dative case. **Dative case**—সম্প্রদানকারক।

Datum (ডেটাম্)—See **Data.**

Daub (ডব্), *n.* মোটামুটি চিত্র ; Coarse painting ; লেপন ; Plastering ; Bemsmearing :—*v. t.* মোটামুটি (অনিপুণ ভাবে) চিত্রাঙ্কন করা ; Paint coarsely ; লেপন করা ; Plaster.

Dauber (ডবার্), *n.* স্থূল চিত্রকর ; Coarse painter.

Dauby (ডবি), *a.* চট্‌চটে ; Sticky ; অযথাভাবে চিত্রিত ; Badly painted.

Daughter (ডটার্), *n.* কন্যা ; Female child.

Daughter-in-law (ডটার্-ইন্-ল), *n.* পুত্রবধূ ; Son's wife.

Daughterly (ডটার্‌লি), *a.* কন্যোচিত ; Becoming a daughter.

Daunt (ডণ্ট্), *v. t.* ভগ্নোৎসাহ করা ; ভীত করা ; Discourage ; frighten.

Dauntless (ডণ্ট্‌লিস্), *a.* নির্ভীক ; Fearless.

Dauphin (ডফিন্), *n.* ফ্রান্সদেশীয় যুবরাজের উপাধি ; The title of the eldest son of the king of France.

Dauphiness (ডফিনিস্), *n.* ফ্রান্সের যুবরাজ-পত্নী ; Dauphin's wife.

Davenport (ড্যাভেন্‌পোর্ট্), *n.* লিখিবার ছোট সুন্দর ডেস্ক্ বা মেজ ; Small ornamental writing-desk.

Davit (ড্যাভিট্), *n.* জাহাজে নোঙ্গর তুলিবার কাষ্ঠখণ্ডবিশেষ ; Small piece of timber used in raising an anchor : —*pl.* জাহাজে বোট তুলিবার যন্ত্র ; Instrument for raising boats on the ship.

Davy (ডেভি), **Davy-lamp** (ডেভি-ল্যাম্প্), *n.* খনিতে ব্যবহার্য্য একপ্রকার তার-জড়িত গ্যাসনিরোধক লণ্ঠন ; Miner's wire-gauze safety-lamp.

Daw (ড), *n.* দাঁড়কাক ; Jackdaw.

Dawdle (ডড্‌ল্), *v. i. t.* অনর্থক সময় নষ্ট করা ; আস্তে আস্তে কার্য্য করা ; Waste time ; be very slow.

Dawn (ডন্), *n.* ঊষা ; Day-break ; আরম্ভ ; Beginning :—*v. i.* প্রভাত হওয়া ; Begin to show day ; বিকসিত হওয়া ; Begin to appear.

Dawning (ডনিং), *n.* প্রভাত ; Day-break ; পূর্ব্বদিক্ ; The East ; আরম্ভ ; Beginning.

Day (ডে) *n.* দিন ; A period of twenty-four hours ; দিনমান ; সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত কাল ; Day-time ; the time between sunrise and sunset ; দিনের কার্য্যকাল ; The working hours of the day (are you in favour of an eight-hour *day ?*) ; কাল ; Age ; period. **All day long**—সমস্ত দিন ; Whole day, from morning to evening. **Day after day**—প্রত্যহ ; Every day. **Day by day**—দিন দিন ; Day after day. **Day of judgement**—শেষ বিচারের দিন (যে দিন ভগবান্ আমাদের পাপপুণ্যের বিচার করিবেন) ; Day when final judgement will be pronounced on us by

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

God. **Every other day**—একদিন অন্তর ; Every alternate day. **Have one's day**—ভাল সময় পাওয়া ; Have one's time of prosperity. **The other day**—সেদিন ; Not long before. **This day week**—সপ্তাহ পরে এই দিন ; Corresponding day of the next week. **To-day**—অদ্য ; On this day. **To this day**—আজ পর্য্যন্ত ; Even now. **By day**—দিনের বেলা ; During the day. **To win the day**—সংগ্রামে বা প্রতিযোগিতায় জয়ী হওয়া ; Be victorious in a contest.

Day-book (ডে-বুক্), *n.* জাবেদা খাতা ; দৈনিক ক্রয়-বিক্রয়ের হিসাবের পুস্তক ; Book in which merchants, etc. enter the transactions of every day.

Day-break (ডে-ব্রেক্), *n.* প্রভাত ; Dawn.

Day-dream (ডে-ড্রীম্), *n.* দিবা-স্বপ্ন ; আকাশ-কুসুম ; Reverie ; visionary scheme.

Day-labour (ডে-লেবার্), *n.* দিন-মজুরি ; Labour performed by the day.

Day-labourer (ডে-লেবারার্), *n.* দিন-মজুর ; One who works by the day.

Daylight (ডেলাইট্), *n.* আলোক ; Light of day.

Day-school (ডে-স্কুল্), *n.* যে বোর্ডিং-বিহীন বিদ্যালয়ে দিবাভাগে পড়ান হয় ; School, without boarding, held during the day.

Day-time (ডে-টাইম্), *n.* দিনমান ; Period from sunrise to sunset.

Daze (ডেজ্), *v. t.* ঝল্‌সাইয়া দেওয়া ; Dazzle ; হতবুদ্ধি করা ; Bewilder ; stupefy :—*n.* হতভম্ব অবস্থা ; Dazed state (in a *daze*).

Dazzle (ড্যাজ্‌ল্), *v. t. i.* ঝল্‌সাইয়া দেওয়া ; Overpower with any strong light ; হতবুদ্ধি বা দৃষ্টিশক্তিহীন করা ; ঝক্‌মকিয়ে উঠা ; Dim or blind by a gla light ; shine forth.

Dazzling (ড্যাজ্‌লিং), *a.* ঝ উজ্জ্বল ; অতীব প্রখর ; Excess brilliant.

Deacon (ডীকন্), *n.* নিম্নপদস্থ য বিশেষ ; Lowest order of clergy ; ecclesiastical officer. =deaconess. *a.*=deaconal.

Deaconry (ডীকন্‌রি), **Deacon** (ডীকন্‌শিপ্), *n.* ডীকনের পদ বা ম Office or rank of a deacon.

Dead (ডেড্), *a.* মৃত ; Lifel স্পন্দহীন ; নিশ্চল ; Motion অকর্ম্মণ্য ; Unprofitable ; জড় ; (*dead* matter) ; নিস্তেজ ; অ Dull ; lustreless ; সম্পূর্ণ ; C plete (*dead* stop) ; গভীর ; D অপ্রচলিত ; Obsolete (*dead* guage) :—*n.* পূর্ণ নিস্তব্ধতার ব Time of great stillness :— সম্পূর্ণরূপে ; Completely (*dead* tir **At dead of night, In the d of night**—গভীর রাত্রে ; At night. **The dead**—মৃত ব Those who are dead. D **drunk**—বেহুঁস মাতাল ; Comple drunk. **Dead heat**—ঘো প্রভৃতির একপ্রকার চটা Race in which two or more petitors are equal. **Dead let** —যে পত্র অবিলি হইয়া ডাকঘরে থাকে ; Letter in the post-office delivered and unclaimed ; অ বিধি ; Law no longer obser **Dead loss**—অপূরণীয় ক্ষতি ; L with no chance of recovery ; without compensation. D **march**—শবযাত্রাকালীন বাদ্য ; P of solemn music played at fu processions. **Dead shot**— লক্ষ্য ব্যক্তি ; Unerring marks

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Dead stock—অবিক্রীত মাল ; Materials lying unsold. **Dead weight**—অতিরিক্ত বা কষ্টকর ভার ; Heavy or oppressive burden.

Deaden (ডেড্‌ন্), *v. t.* নির্জ্জীব করা ; Make lifeless ; অসাড় করা ; Make insensible (*to*) ; নিস্তেজ করা ; Make spiritless.

Dead-house (ডেড্-হাউস্), *n.* মৃতদেহ রক্ষা করিবার গৃহ ; Morgue.

Dead-light (ডেড্-লাইট্), *n.* পোতাভ্যন্তরে বৃষ্টিরোধক বাতায়ন-কাষ্ঠ ; Storm-shutter for a cabin window.

Dead-lock (ডেড্-লক্), *n.* অচল অবস্থা ; State of affairs in which it is impossible either to advance or to recede.

Deadly (ডেড্‌লি), *a.* সাংঘাতিক ; Mortal ; মারাত্মক ; Fatal ; চিরপ্রতিকূল ; Desperately hostile.

Dead-struck (ডেড্-স্ট্রাক্), *a.* ভয়বিহ্বল ; Struck with horror.

Deaf (ডেফ্), *a.* বধির ; Wanting in the sense of hearing ; অমনোযোগী ; Inattentive. **Deaf to reason**—একগুঁয়ে ; Obstinate in one's opinions. **Turn a deaf ear to**—কর্ণপাত না করা ; Refuse to hear.

Deafen (ডেফ্‌ন্), *v. t.* (উচ্চ-শব্দে) বধির করা ; Make deaf esp. by a loud noise.

Deaf-mute (ডেফ্-মিউট্), *n.* কালা ও বোবা ; One who is both deaf and dumb.

Deal (ডীল্), *n.* অংশ ; পরিমাণ ; Portion ; quantity (a good *deal* of) ; তাস-বণ্টন ; Act of distributing cards ; দেবদারু তক্তা ; Fir or pine board ; ব্যবসায়ের চুক্তি ; A business agreement (a well, it is a *deal*) :—*v. t. i.* ভাগ করা ; Distribute ; ব্যবসায় করা ; Transact business ; কার্য্য করা ; ভাল বা মন্দ ব্যবহার করা ; Act ; behave well or ill ; তাস বণ্টন করা ; Distribute cards ; (ঘুঁষি) মারা ; Deliver (a blow). *p. t.* & *p. p.*=dealt. **Deal in**—(কোন কিছুর) কারবার বা কেনাবেচা করা ; Buy and sell things (he *deals in* rice). **Deal with**—সম্পর্কে আসা ; Have relations with (he is easy to *deal with*) ; স্থির করা ; ব্যবস্থা করা ; Settle ; manage (*deal with* a matter) ; আচরণ করা ; Treat (*deal* fairly *with* him) ; বিষয়ীভূত হওয়া ; Be about (the book *deals with* radio engineering).

Dealer (ডীলার্), *n.* ব্যবসায়ী ; Trader ; তাস-বণ্টক ; One who distributes cards.

Dealing (ডীলিং), *n.* ব্যবহার ; Conduct ; ব্যবসায় ; Trade.

Dean (ডীন্), *n.* খ্রীষ্টধর্ম্মের উপাচার্য্য ; Dignitary in cathedral and collegiate churches ; (বিশ্ববিদ্যালয়ে) কোনও বিভাগের অধ্যক্ষ ; The head of a department.

Dear (ডীয়ার্), *a.* মহার্ঘ ; Costly ; প্রিয় ; Greatly beloved :—*n.* প্রিয়পাত্র ; Darling.

Dearly (ডীয়ার্‌লি), *ad.* অত্যন্ত ; Very much ; চড়া দামে ; At a high price (victory was *dearly* bought).

Dearness (ডীয়ার্‌নেস্), *n.* মহার্ঘতা ; The state of being dear ; চড়া দাম ; Great cost. **Dearness allowance**—মাগ্‌গী ভাতা।

Dearth (ডার্থ্), *n.* (খাদ্যের) দুষ্প্রাপ্যতা ; অভাব ; Scarcity (of food) ; want.

Death (ডেথ্), *n.* মৃত্যু ; Demise ; মৃত্যুর কারণ ; Cause of death ; বিনাশ ; লয় ; Annihilation. **Put to death**—বধ করা ; Kill. **Death sentence**—মৃত্যুদণ্ড ; ফাঁসির হুকুম ; Capital punishment. **Death-bed**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

—মৃত্যু-শয্যা ; Bed on which a person dies. **Death-blow**—সাংঘাতিক আঘাত ; Mortal wound ; বিনাশের কারণ ; Cause of destruction.

Deathless (ডেথ্‌লিস্), *a.* অমর ; Immortal (*deathless* fame).

Death-like (ডেথ্-লাইক্), *a.* মৃত্যুবৎ ; Resembling death ; নিস্তব্ধ ; Still (*death-like* silence).

Death-rate (ডেথ্-রেট্), *n.* মৃত্যুর শতকরা হার ; Comparative estimate of deaths among the people of a place during a certain period of time.

Death-rattle (ডেথ্-র‍্যাট্‌ল্), *n.* মৃত্যু-কালে গলার ঘড়্ ঘড়্ শব্দ ; Rattling noise in the throat of a dying person.

Death-roll (ডেথ্-রোল্), *n.* মৃতের তালিকা ; List of the dead.

Death's-door (ডেথ্‌স্-ডোর্), *n.* মর-মর অবস্থা ; আসন্ন মৃত্যু ; Near approach to death ; point of death.

Death's-man (ডেথ্‌স্-ম্যান্), *n.* জল্লাদ ; Executioner.

Death-warrant (ডেথ্-ওয়র‍্যাণ্ট্), *n.* বধাদেশ ; Order for the execution of a criminal.

Debacle (ডিবাক্‌ল্), *n.* আকস্মিক বিপদ্ ; A sudden disaster ; ছত্রভঙ্গ ; ঊর্দ্ধশ্বাসে পলায়ন ; Rout ; stampede.

Debar (ডিবার্), *v. t.* (*-rr-*) বহিষ্কৃত করা ; বর্জ্জন করা ; বাধা দেওয়া ; Exclude ; shut out ; hinder ; বঞ্চিত করা ; Deprive ; নিবারণ করা ; Prevent.

Debark (ডিবার্ক্), *v. t. i.* জাহাজ বা নৌকা হইতে নামা বা নামান ; Disembark.

Debarkation (ডীবার্কেশন্), *n.* জাহাজ হইতে অবতরণ ; Disembarkation.

Debase (ডিবেস্), *v. t.* নিকৃষ্ট করা ; Degrade ; অপকৃষ্ট দ্রব্য মিশ্রিত করা ; Adulterate.

Debasement (ডিবেস্‌মেণ্ট্), *n.* [illegible] Degradation ; অপকৃষ্ট দ্রব্য [illegible] Adulteration.

Debatable (ডিবেট্যাব্‌ল্), *a.* বিতর্ক যুক্তিতর্ক দ্বারা বিচার্য্য ; Disputable.

Debate (ডিবেট্), *n.* তর্কবিতর্ক ; [illegible] Contention in words or argument ; dispute :—*v. t. i.* তর্ক করা ; [illegible] tend for in argument ; [illegible] করা ; Join in a debate. **Debating society**—বিতর্ক-সভা ; Society practising discussion.

Debater (ডিবেটার্), *n.* বিতর্ক [illegible] কারী ; Disputant.

Debauch (ডিবচ্), *n.* অমিতাচার [illegible] temperance ; লাম্পট্য ; Lewdness ; *v. t.* দুশ্চরিত্র করা ; বিপথে লইয়া [illegible] Cause a person to be immo[illegible] mislead.

Debauchee (ডেবশী), *n.* লম্পট ; [illegible]

Debauchery (ডিবচারি), *n.* [illegible] Sensuality ; অতিরিক্ত অমিতা[illegible] Excessive intemperance.

Debenture (ডিবেঞ্চার্), *n.* [illegible] Bond given by railway or [illegible] companies for borrowed money.

Debilitate (ডিবিলিটেট্), *v. t.* [illegible] করা ; Weaken.

Debility (ডিবিলিটি), *n.* দুর্ব্বলতা Weakness. **Nervous debility** স্নায়বিক দুর্ব্বলতা।

Debit (ডেবিট্), *n.* হিসাব-বহির [illegible] দিক্ ; কোনও খরচ লিখন, বিকলন ; [illegible] tor's side of an account ; [illegible] entry there :—*v. t.* খরচ [illegible] Charge with debt.

Debonair (ডেবনেয়ার্), *a.* সুসভ্য ; [illegible] Gentle ; courteous ; প্রফুল্ল ; [illegible] hearted and gay.

Debouch (ডিবুশ্), *v. i.* সঙ্কীর্ণ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

Debris

...হইতে বহির্গত হওয়া ; March out of a narrow place. [Ruins ; rubbish.

Debris (ডেব্রী), *n.* ভগ্নাবশেষ ; রাবিশ ;

Debt (ডেট্), *n.* ঋণ ; That which is due from one person to another ; ...তা ; Obligation ; liability ; পাপ ; Sin. **Bad debts**—অনাদায়ী ঋণ ; Debts which cannot be wholly recovered. **Debt of honour**—...দি, জুয়াখেলা প্রভৃতির ঋণ (যে ঋণ না দিলে আইনে বাধ্য করিতে পারে না অথচ ...কের মর্য্যাদাহানি হয়) ; Debt not recognised by law but binding in honour (*e.g.*, gambling and betting debts). **Contract** or **incur a debt, Run into debt**—ধার করা ; Borrow money.

Debtor (ডেটর্), *n.* ঋণী, খাতক ; One who owes a debt.

Debunk (ডীবাঙ্), *v. t.* (ব্যক্তি বা বস্তু সম্বন্ধে) ভ্রান্ত ধারণা প্রকাশ করা ; Expose false ideas concerning (a person, institution).

Debus (ডিবাস্), *v. t. i.* মোটরবাস হইতে মালপত্রাদি নামান বা নামা ; Unload (stores, etc.) or alight from motor buses.

Dormancy (ডর্‌ম্যান্সি), *n.* নিদ্রিতাবস্থা ; নিদ্রা ; বিরতি ; Quiescence ; sleep ; abeyance.

Dormant (ডর্‌ম্যাণ্ট্), *a.* সুপ্ত ; গুপ্ত ; Sleeping ; concealed ; অন্তর্নিহিত ; Latent.

Dormitory (ডর্‌মিটরি), *n.* বহুশয্যাবিশিষ্ট শয়নাগার ; Bed-room with many beds.

Dormouse (ডোর্‌মাউস্), *n.* ইঁদুর-জাতীয় জন্তু-বিশেষ। *pl.*=dormice.

Dorr (ডর্)—Same as **Dor.**

Dorsal (ডোর্‌স্যাল্), *a.* পৃষ্ঠ দেশের ; পৃষ্ঠদেশে ; Of or on the back.

Dose (ডোস্), *n.* এককালীন সেব্য ঔষধের মাত্রা ; এক দাগ ; Quantity of medicine administered at one time ; অরুচির বস্তু ; Anything nauseous :—*v. t.* ঔষধের মাত্রা করা ; Form into doses.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...ya Samaj Foundation Chennai and eGangotri

Dost (ডাস্ট্)—Second person, sing., present, indicative of the verb **Do.**

Dot (ডট্), *n.* ফুটকি ; বিন্দু ; Small spot; mark :—*v. t.* (*-tt-*) বিন্দু দ্বারা চিহ্নিত করা ; Mark with dots ; এখানে ওখানে স্থাপন ; Place here and there.

Dotage (ডোটিজ্), *n.* অত্যধিক অনুরাগ ; Excessive fondness ; বার্দ্ধক্যবশতঃ বুদ্ধিনাশ ; Feeble-minded senility.

Dotal (ডোটাল্), *a.* যৌতুক বা স্ত্রীধন-বিষয়ক ; Pertaining to dowry or dower.

Dotard (ডোটার্ড্), *n.* বার্দ্ধক্যপ্রযুক্ত বিকৃতমতি ব্যক্তি ; One showing the weakness of old age ; বাহাত্তরে লোক ; Old fool.

Dote (ডোট্), *v. i.* অত্যন্ত ভালবাসা জানান ; বোকার মত অনুরাগী হওয়া ; Show excessive love ; be foolishly fond of.

Doth (ডাথ্)—3rd person, singular, present, indicative of the verb **Do.**

Doting (ডোটিং), *a.* অত্যনুরাগী ; বার্দ্ধক্যজনিত মতিভ্রষ্ট ; Foolishly fond ; having the intellect impaired by old age.

Double (ডাব্ল্), *a.* দ্বিগুণ ; জোড়া ; Twofold ; in pairs ; শঠ ; অসরল ; Deceitful ; insincere :—*v. t.* দ্বিগুণ করা ; Multiply by two ; ভাঁজ করা ; Fold ; (অন্তরীপ) ঘুরিয়া গমন করা ; Pass round (a headland) :—*v. i.* দ্বিগুণ হওয়া ; Increase to twice as much :—*n.* দ্বিগুণ ; Twice as much : —*ad.* দ্বিগুণ ; Twice (*double* the price); জোড়ায় জোড়ায় ; In pair, or pairs (to ride *double*). **Double entry**—দ্বিপক্ষ বিবরণে দুই প্রস্থ হিসাব রাখিবার রীতি। **Double Rule of Three**—ত্রৈরাশিক (অঙ্কশাস্ত্রে)।

Double-barrelled (ডাব্ল্-ব্যারেল্ড্), *a.* দোনলা ; Having two barrels.

Double-crown (ডাব্ল্-ক্রাউন্), *n.* ২০ × ৩০ ইঞ্চি মাপের কাগজ ; Paper 20 × 30 inches in size.

Double-dealer (ডাব্ল্-ডীলার্), *n.* কপট লোক ; Deceitful person.

Double-dealing (ডাব্ল্-ডীলিং), *n.* কপটাচার ; প্রতারণামূলক ব্যবহার ; Deceit ; duplicity.

Double-decker (ডাব্ল্-ডেকার্), *n.* দুইটী পাটাতন-বিশিষ্ট জাহাজ, ট্রামগাড়ী বা বাস ; Double-decked ship, tram-car or bus.

Double-edged (ডাব্ল্-এজ্ড্), *a.* দুই দিকে ধারাল ; Having two edges ; দুই পক্ষে অনিষ্টকারী ; Damaging to the user as well as to the opponent.

Double-faced (ডাব্ল্-ফেস্ট্), *a.* কপটী ; Hypocritical.

Doublet (ডাব্লিট্), *n.* এক জোড়ার একটি ; One of a pair ; আঁট জামা-বিশেষ ; Close-fitting garment ; সমপ্রকৃতিজ শব্দ ; Words etymologically the same.

Double-tongued (ডাব্ল্-টাংগ্ড্), *a.* প্রবঞ্চক ; Deceitful.

Doubling (ডাব্লিং), *n.* দ্বিগুণিত করণ ; ভাঁজ ; Act of making double ; fold.

Doubly (ডাব্লি)—See **Double.**

Doubt (ডাউট্), *v. i. t.* সন্দিগ্ধচিত্ত হওয়া ; সংশয়াপন্ন হওয়া ; অনিশ্চিত হওয়া ; Hesitate ; suspect ; be uncertain ; সন্দেহ করা ; অবিশ্বাস করা ; Hold in doubt ; distrust :—*n.* সন্দেহ ; অনিশ্চয়তা ; Suspicion ; uncertainty of mind.

Doubtful (ডাউট্ফুল্), *a.* সন্দিগ্ধ ; অনিশ্চিত ; Suspicious ; not confident ; অবিশ্বাস্য ; Not trustworthy ; অস্পষ্ট ; Obscure.

Doubtless (ডাউট্লিস্), **Doubtlessly**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(ডাউট্‌লিস্‌লি), *ad.* নিঃসন্দেহে ; নিশ্চিত ; Having no doubt ; without doubt ; certainly.

Douceur (ডূসার্‌), *n.* অর্থ-দান ; উৎকোচ ; Gratuity ; bribe.

Douche (ডুশ্‌), *n.* শরীরে নলের মধ্য দিয়া প্রযুক্ত জলধারা ; ডুশ ; Jet of water applied to body externally or internally ; apparatus for doing this.

Dough (ডো), *n.* রুটির বা লুচির নেচি, ভিজা ময়দার তাল ; Soft unbaked paste.

Doughty (ডাউটি), *a.* সাহসী ; বলবান্‌ ; বলিষ্ঠ ; Brave ; strong ; stout. *ad.*= doughtily. *n.*=doughtiness.

Doughy (ডোয়ি), *a.* নরম ; কোমল ; Soft.

Dour (ডুর্‌), *a.* কঠোর, একগুঁয়ে ; Grim ; stubborn.

Douse (ডাউস্‌), *v. t. i.* জলমগ্ন করা ; Plunge into water ; হঠাৎ জলে পড়া ; জলে ঝাঁপ দেওয়া ; Fall suddenly into water ; plunge into water.

Dove (ডাভ্‌), *n.* ঘুঘু ; বন্য পারাবত ; Pigeon ; প্রীতি বা প্রণয়সূচক আহ্বান বা অভিধা ; Word of endearment.

Dovecot (ডাভ্‌কট্‌), **Dovecote** (ডাভ্‌-কোট্‌), *n.* পায়রার খোপ ; Small box for pigeons.

Dovelet (ডাভ্‌লিট্‌), **Doveling** (ডাভ্‌লিং), *n.* ছোট ঘুঘু ; ঘুঘুর বাচ্চা ; Young or small dove.

Dovetail (ডাভ্‌টেল্‌), *n.* একপ্রকার কাষ্ঠ-সংযোগ-প্রণালী ; A kind of carpenter's joint :—*v. t. i.* সংযোগ করা ; Fit one thing into another.

Dowager (ডাওয়েজার্‌), *n.* স্ত্রীধনবিশিষ্টা বিধবা ; Woman with title or property derived from her late husband (to distinguish her from the wife of her husband's heir).

Queen dowager—বিধবা রাজ[illegible] Widow of a deceased king.

Dowdy (ডাউডি), *a.* কুৎসিত ; কদাকার রমণী ; Awkward, ill-dressed :—*n.* [illegible] man.

Dower (ডাউয়ার্‌), *n.* স্ত্রীধন ; বাহাতে ভরণ-পোষণের জন্য বিধবাকে প্রদত্ত [illegible] সম্পত্তি ; Widow's share for life [illegible] husband's estate.

Dowered (ডাউয়ার্ড্‌), *a.* স্ত্রীধন-[illegible] Furnished with dower.

Dowerless (ডাউয়ার্‌লিস্‌), *a.* স্ত্রীধনহী[illegible] Without dower.

Down (ডাউন্‌), *n.* কোমল পালক [illegible] সূক্ষ্ম কেশ ; Soft feathers or ha[illegible] বালুকাময় অনুর্ব্বরা ভূমি ; Tract [illegible] sandy, level, barren land :— মেষ চরাইবার পার্ব্বত্য ভূমি ; Tract [illegible] hilly land, used for pastur[illegible] sheep :—*ad.* মাটির উপরে ; নিম্নে ; [illegible] the ground ; below :—*pre.* নি[illegible] মুখে ; নিম্নে ; Along a descent ; fro[illegible] a higher to a lower position [illegible] state :—*a.* হতাশ ; Dejected ; [illegible] Low. **Down train**—শেষ সীমা হইতে ফেরত রেলগাড়ী ; Railway train [illegible]ning back from the chief termi[illegible]

Up and down—ইতস্ততঃ ; এ[illegible] এদিকে একবার ওদিকে ; Here a[illegible] there ; backward and forward.

Ups and downs—সুদিন দুর্দি[illegible] Reverses of fortune.

Downcast (ডাউন্‌কাস্ট্‌), *a.* অবনত (Of eyes) looking down ; [illegible] সাহ ; নিরাশ ; (Of person) dej[illegible]ed ; sad. [Degradati[illegible]

Downfall (ডাউন্‌ফল্‌), *n.* অবনতি ; [illegible]

Down-hearted (ডাউন্‌-হার্টেড্‌), হতাশ ; নিরুৎসাহ ; Dejected spirits.

Downhill (ডাউন্‌হিল্‌), *a.* ক্রমনি[illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

Downpour
ঢাল; Descending; sloping :—*n.* ঢালুতা; Declivity.
Downpour (ডাউন্‌পোর্), *n.* প্রচুর বৃষ্টি-পাত; Heavy fall of rain, etc.
Downright (ডাউন্‌রাইট্), *a.* সরল, অকপট; Plain; artless; স্পষ্ট; অনিহিত; Undisguised; absolute; সোজাসুজি :—*ad.* স্পষ্টাক্ষরে; In plain terms; ঠিক সোজা; Perpendicularly; সম্পূর্ণরূপে; Thoroughly. **Downright falsehood**—ডাহা মিথ্যা।
Downstairs (ডাউন্‌স্টেয়ার্স্), *a.* নিম্ন-তলস্থ; নীচতলার; Below; in a lower story :—*ad.* সিঁড়ির নীচে; নীচের তলায়; To or in a lower part of a house :—*n.* নীচের তলা; Lower part of a house.
Downtrodden (ডাউন্‌ট্রড্‌ন্), *a.* পদ-দলিত; Trodden under foot; উৎ-পীড়িত; Oppressed.
Downward (ডাউন্‌ওয়র্ড্), *a.* নিম্ন-গামী; Moving downwards.
Downward (ডাউন্‌ওয়র্ড্), **Downwards** (ডাউন্‌ওয়র্ড্‌স্), *ad.* নিম্নদিকে; নীচে; Below; অধিকতর প্রাচীনকাল হইতে; From a time more ancient.
Downy (ডাউনি), *a.* কোমল; শান্তিপ্রদ; অবসাদকবিশিষ্ট; Soft; soothing; covered with down.
Downy (ডাউনি), *n.* স্ত্রীধন, নববধূর যৌতুক ধন; Property which a woman brings to her husband at marriage.
Dowse (ডাউস্)—Same as **Douse.**
Doxology (ডক্‌সলজি), *n.* ভজন; স্তব; স্তোত্র; Hymn expressing praise and honour to God.
Doyen (ডোয়েন্), *n.* সহকর্ম্মীদের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ; The senior member of a body of colleagues.
Doze (ডোজ্), *v. i.* তন্দ্রাভিভূত হওয়া; Sleep lightly :—*n.* তন্দ্রা; Light sleep. *a.*=dozy. *n.*=dozer.
Dozed (ডোজ্‌ড্), *a.* তন্দ্রালু; Drowsy.
Dozen (ডাজ্‌ন্), *n.* & *a.* বারো; Twelve. [*n.*=doziness.
Dozy (ডোজ্রি), *a.* তন্দ্রালু; Drowsy.
Drab (ড্র্যাব্), *n.* বেশ্যা; Prostitute; মেটে রং; Dull brown colour.
Drabble (ড্র্যাব্‌ল্), *v. t.* কর্দ্দমাক্ত করা; Besmear with mud.
Drachm (ড্র্যাম্)—Same as **Dram.**
Drachma (ড্র্যাক্‌ম্যা), *n.* গ্রীক্‌দিগের ওজন বা মুদ্রা-বিশেষ; Greek silver coin; Greek weight.
Draconian (ড্র্যাকোনিয়্যান্), **Draconic** (ড্র্যাকনিক্), *a.* এথেন্সের ব্যবস্থাকর্ত্তা ড্র্যাকো-প্রণীত আইনবৎ কঠোর; Rigorous as the laws of Draco, the Athenian. **Draconian code**—অতি কঠোর শাসন-প্রণালী; Very severe code. [Refuse; waste matter.
Draff (ড্র্যাফ্), *n.* আবর্জ্জনা; মল; গাদ;
Draft (ড্রাফ্‌ট্), *n.* ভারবহন; Act of drawing, esp. of loads by beasts; টাকা দিবার আজ্ঞাপত্র; হুণ্ডি; Order for the payment of money; bill; সৈন্যদল বা জাহাজ হইতে সেনাগ্রহণ; Selection of men from an army or a ship; নক্সা; Design; মুসাবিদা; পাণ্ডুলেখ, খসড়া; Rough sketch; rough copy of a document; জাহাজ বা নৌকা নিমজ্জিত হইবার জলের গভীরতা; Depth of water necessary for a ship or boat to sink :—*v. t.* নক্সা করা; মুসাবিদা করা, খসড়া করা; Draw an outline of; রচনা করিয়া লেখা; Compose and write. [A game.
Drafts (ড্রাফ্‌টস্), *n. pl.* ক্রীড়া-বিশেষ;
Draftsman (ড্রাফ্‌ট্‌স্‌ম্যান্), *n.* নক্সা-কারী; One who draws plans. *abs.* *n.*=draftsmanship.
Drag (ড্র্যাগ্), *v. t. i.* টানা; Draw

In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

along by main force; মাটির উপর দিয়া হিঁচড়াইয়া লওয়া বা যাওয়া; Be drawn along in the ground; টানিয়া টানিয়া চলা; Trail or go heavily; জাল দিয়া মৎস্য ধরা; Fish with a drag net :—*n.* টানা-জাল; A net for dragging along; ভারী চাষের মই; Heavy harrow; উন্নতির বাধা; Check on progress.

Draggle (ড্র্যাগ্‌ল্), *v. t. i.* মাটির উপর দিয়া টানিয়া ময়লা করা; Make dirty by dragging on the ground; ভিজা বা ময়লা হওয়া; Become wet or dirty.

Drag-net (ড্র্যাগ্-নেট্), *n.* টানা-জাল; Net to be dragged or drawn along the bottom of water to catch fish.

Dragoman (ড্র্যাগম্যান্), *n.* ব্যাখ্যাকারী; দোভাষী; Interpreter in Eastern countries. *pl.*=dragomans.

Dragon (ড্র্যাগন্), *n.* পক্ষযুক্ত অগ্নি-উদ্গারী কল্পিত সর্প; Fire-breathing imaginary winged snake; নক্ষত্র-মণ্ডল-বিশেষ; Northern constellation figured like a dragon. [A fish.

Dragonet (ড্র্যাগনেট্), *n.* মৎস্যবিশেষ;

Dragonfly (ড্র্যাগন্‌ফ্লাই), *n.* জল-ফড়িং, গঙ্গা-ফড়িং; A kind of insect.

Dragon-shell (ড্র্যাগন্-শেল্), *n.* কড়ি; Cowry.

Dragoon (ড্র্যাগূন্), *n.* অশ্বারোহী সৈন্য; Cavalryman :—*v. t.* সৈন্যদের অত্যাচারে সমর্পণ করা; সামরিক বল প্রয়োগদ্বারা বাধ্য করা; Give up to the rage of soldiers; compel by military force.

Drain (ড্রেন্), *v. t.* জল ছেঁচিয়া ফেলা; Draw off; শুষ্ক করা; Make dry; পরিস্রুত করা; Filter; নর্দ্দমা দিয়া জল নিকাশ করা; Clear off water by drains :—*v. i.* ক্রমে ক্রমে নির্গত হওয়া; Flow off gradually :—*n.* পয়োনালী; নর্দ্দমা; Channel, etc. carrying water, sewage, etc., sewer; ক্ষয়; Constant outlet (a *drain* on country's wealth).

Drainage (ড্রেনিজ্), *n.* জলনির্গমন; Draining; জল-নির্গমন-প্রণালী; System of drains in a town; নির্গত পদার্থ; What is drained.

Drainer (ড্রেনার্), *n.* ছাঁকনী-বিশেষ; Utensil on which articles are placed to drain; হ্রদাদি হইতে প্রবহমান জলপ্রবাহ; Stream from a lake; নর্দ্দামা-নির্ম্মাতা; Constructor of drain. [d

Drake (ড্রেক্), *n.* পাতিহাঁস (পুং); Mal

Dram (ড্রাম্), *n.* পরিমাণ-বিশেষ; Contraction of Drachm; one sixteenth of an ounce (avoirdupois); (in apothecary's weight) 60 grains or one-eighth of an ounce.

Drama (ড্রামা), *n.* মনুষ্যজীবন-ঘটনাবলীর বিবৃতি; নাটক; Representation of actions in human life; play; theatrical entertainment; নাট্যসাহিত্য; Dramatic literature.

Dramatic (ড্র্যাম্যাটিক্), **Dramatical** (ড্র্যাম্যাটিক্যাল্), *a.* নাটক-সম্বন্ধীয়; নাটকীয়; Pertaining to the drama.

Dramatis personae (ড্র্যাম্যাটিস্ পার্সোনী), *n. pl.* কুশীলবগণ, নাটোল্লিখিত ব্যক্তিগণ; (List of) characters in a play.

Dramatist (ড্র্যাম্যাটিস্ট্), *n.* নাটক-লেখক; নাট্যকার; Writer of plays.

Dramatize (ড্র্যাম্যাটাইজ্), *v.* নাটক-আকারে পরিণত করা; Give the form of a drama to. *n.*=dramatization.

Dram-shop (ড্র্যাম্-শপ্), *n.* কুচরা-মদের দোকান; Public house for the sale of wine in retail.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

Drank

Drank (ড্রাঙ্ক্), *p. t.* of **Drink.**

Drape (ড্রেপ্), *v. t.* বস্ত্রদ্বারা আচ্ছাদিত করা; Cover with cloth.

Draper (ড্রেপার্), *n.* বস্ত্রবিক্রেতা; One who deals in cloth.

Drapery (ড্রেপারি), *n.* বস্ত্রবিক্রেতার ব্যবসা; Occupation of a draper; বস্ত্র; Cloth or woollen goods in general; ঝালর বা পর্দা; Hangings; curtains.

Drastic (ড্রাস্টিক্), *a.* ক্ষমতাশালী; অতি সক্রিয়; Active; very powerful; সবেগ; প্রচণ্ড; Vigorous; violent; কঠোর; Severe (*drastic* punishment):—*n.* বিরেচক ঔষধ; Purging medicine.

Draught (ড্রাফ্ট্), *n.* এক ঢোক; A quantity of liquor drunk at a time; টানা; Act of drawing; বায়ুপ্রবাহ; Current of air; পোত নিমজ্জিত হইবার যোগ্য জলের গভীরতা; Depth of water necessary for a ship to sink; জালের মধ্যে একবারে যত মৎস্য পড়ে, এক ক্ষেপের মৎস্য; Quantity of fishes taken by once drawing the net:—*v. t.* see **Draft.**

Draught-house (ড্রাফ্ট্-হাউস্), *n.* পায়খানা; Privy.

Draughts (ড্রাফ্ট্স্), *n.* সতরঞ্চ খেলা; Game on chess-board.

Draughtsman (ড্রাফ্ট্স্ম্যান্), *n.* নক্সানবিস; Draftsman. *abs. n.* = Draughtsmanship.

Draw (ড্র), *v. t.* আকর্ষণ করা; টানা; Pull along; drag; প্রলোভিত করা; Entice; শ্বাস গ্রহণ করা; Inhale; লম্বা করা; Lengthen; (তরবারি) নিষ্কোষিত করা; Unsheathe; বর্ণনা করা; Describe; অনুমান করা; Deduce; (নাড়ী) বাহির করা; Take out; সিদ্ধান্ত করা; Deduce from premises; টাকা চাওয়া; Call for money:—*v. i.* টানা; Pull; অঙ্কন বা চিত্রাঙ্কন করা; Practise drawing; সরিয়া যাওয়া; উপস্থিত হওয়া; Move; approach. *p. t.* = drew. *p. p.* = drawn:—*n.* আকর্ষণ; Act of drawing; আকৃষ্ট পদার্থ; Anything drawn; যে খেলায় কোন দলেরই জয়-পরাজয় হয় না; Drawn game; লটারির তারিখ; Drawing of lots. **Draw about**—টানা; Drag. **Draw back**—প্রত্যাগমন করা; পেছন ফেরা; পশ্চাৎপদ হওয়া; Retire; retreat. **Draw in**—প্রলোভিত করা; Allure; সংগ্রহ করা; Collect; কমান; Minimise. **Draw off**—প্রত্যাগমন করা; Withdraw; বাহির করিয়া লওয়া; Take away from; বিষয়ান্তরে আকৃষ্ট হওয়া; Be engaged in another job. **Draw on**—প্রলোভিত করা; Allure; চেক কাটিয়া বা অন্য কোন রকমে টাকা লওয়া; Ask or obtain payment by a written bill or draft; (সময়) নিকট হওয়া; Advance or approach (used of time); অতিরিক্ত খাটান; Tax; লিখিবার বা বলিবার উপকরণ সংগ্রহ করা; Collect materials from. **Draw out**—টানিয়া লম্বা করা; বাহির করা; রচনা করা; Lengthen by pulling; take out; compose. **Draw up**—স্থগিত হওয়া; Come to a stand; যুদ্ধক্ষেত্রে শ্রেণীবদ্ধ হইয়া দণ্ডায়মান হওয়া; Range in battle; মুসাবিদা করা; খসড়া করা; Draft; উত্তোলন করা; Lift; নিকটে আনা; Bring near.

Drawback (ড্রব্যাক্), *n.* অসুবিধা; Loss of advantage.

Drawbridge (ড্রব্রিজ্), *n.* যে সেতু উঠান ও নামান যায়; Bridge to be drawn up or aside.

Drawee (ড্রয়ী), *n.* যার নামে হুণ্ডি কাটা হয়; Person on whom a bill or draft is drawn.

Drawer (ড্রয়ার্), *n.* হুণ্ডিদাতা; One

In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

who draws a bill or draft ; যে চেকে স্বাক্ষর করে ; One who signs the cheque ; নক্সা-লেখক ; Draughtsman ; টানা দেরাজ ; Sliding box in a case ; আকর্ষক ব্যক্তি বা পদার্থ ; Person or thing that draws :—*pl.* ইজের ; Two-legged under-garment.

Drawing (ড্রয়িং), *n.* চিত্র ; Picture ; টানা ; Act of pulling ; অঙ্কনবিদ্যা ; Art of representing objects on a plane surface by means of lines and shades, etc.

Drawing-master (ড্রয়িং-মাস্টার্), *n.* চিত্র-শিক্ষক ; Teacher of drawing.

Drawing-room (ড্রয়িং-রুম্), *n.* সভা-গৃহ ; বৈঠকখানা ; Room for the reception of company ; parlour.

Drawl (ড্রল্), *v. t. i.* টানিয়া টানিয়া কথা বলা ; Utter words in a slow, lengthened tone :—*n.* থামিয়া থামিয়া বাক্যোচ্চারণ ; Slowness of speech.

Drawn (ড্রন্), *p. p.* of **Draw** :—*a.* অমীমাংসিত ; Undecided (a *drawn* game). [Drag-net.

Draw-net (ড্র-নেট্), *n.* টানা-জাল ;

Draw-well (ড্র-ওয়েল্), *n.* টানিয়া জল তুলিবার কূপ, ইঁদারা ; Deep well with rope and bucket for drawing water. [Drag.

Dray (ড্রে), *n.* চক্রহীন শকট ;

Dread (ড্রেড্), *n.* ভয় ; Awe ; ভয়ের বস্তু ; Object of fear :—*v. t.* অত্যন্ত ভয় করা ; Fear greatly :—*a.* ভয়ানক ; Awful. [Terrible.

Dreadful (ড্রেড্ফুল্), *a.* ভয়ানক ; ভীষণ ;

Dreadless (ড্রেড্লিস্), *a.* অকুতোভয় ; নির্ভীক ; Intrepid.

Dreadnaught, Dreadnought (ড্রেড্-নট্), *n.* দুর্ভেদ্য-রণতরী-বিশেষ ; A kind of invincible man-of-war.

Dream (ড্রীম্), *n.* স্বপ্ন ; Thoughts in sleep ; কল্পনা ; কাল্পনিক বিষয় ; Idle reveries ; vain fancy :—*v. i.* দেখা ; Have images in the during sleep :—*v. t.* কল্পনা স্বপ্নাবেশে দেখা ; Imagine or see in a dream. *p. t.* & *p. p.*=dre *ad.*=dreamingly.

Dreamer (ড্রীমার্), *n.* স্বপ্নদর্শক ; who dreams ; কল্পনাবিলাসী One who is not practical visionary.

Dreamland (ড্রীম্ল্যাণ্ড্), *n.* স্বপ্ন Land of dreams.

Dreamless (ড্রীম্লিস্), *a.* স্বপ্ন Free from dreams. [Dre

Dreamt (ড্রেম্ট্), *p. t.* & *p. p.*

Dreamworld (ড্রীম্ওয়ার্ল্ড্), *n.* রাজ্য ; World of illusions.

Dreamy (ড্রীমি), *a.* স্বপ্নাবিষ্ট ; G to reverie ; অব্যবহারিক ; Unpr cal ; অস্পষ্ট ; Vague. [Gloomi

Dreariness (ড্রীয়ারিনিস্), *n.* বিষণ্ণ

Dreary (ড্রীয়ারি), *a.* বিষণ্ণ ; নিরা ভীষণ ; Gloomy ; cheerless ; dis *ad.*=drearily.

Dredge (ড্রেজ্), *n.* জল হইতে কর্দ্দ উত্তোলন করিবার যন্ত্র ; Machine taking up mud, etc. from the of a stream :—*v. t.* (মাংসাদি ময়দা ছড়াইয়া দেওয়া ; তরকারিতে দেওয়া ; Scatter flour on (etc.) ; যন্ত্রবিশেষদ্বারা ধরা বা সংগ্রহ Catch or gather with a dredge কর্দ্দম-যন্ত্রে কাটিয়া গভীর করা ; Dee with a dredge.

Dredger (ড্রেজার্), *n.* ছাঁকনিবি পাঁক তুলিবার যন্ত্রবিশেষ ; যে লোক জাল দিয়া মাছ ধরে ; Utensil dredging ; dredging-machi one who fishes with a dredge.

Dreggy (ড্রেগি), *a.* কর্দ্দমপূর্ণ ; Muddy ; foul. *n.*=dregginess.

Dregs (ড্রেগ্জ্), *n. pl.* গাদ ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

Dregs; sediment. **To the dregs**—তলা পর্যন্ত; To the bottom.

Drench (ড্রেঞ্চ্), *v. t.* সিক্ত করা; Soak; wet thoroughly.

Dress (ড্রেস্), *v. t.* বিন্যাস করা; Address; পরিধান করা; Put on; প্রস্তুত করা; রন্ধন করা; Prepare for use; cook; সজ্জিত করা; Deck (ক্ষত) পরিষ্কার করা; Cleanse (a sore):—*v. i.* বেশবিন্যস্ত হওয়া; Arrange oneself in a line; সজ্জিত হওয়া; Clothe oneself:—*n.* পরিচ্ছদ; Clothes; স্ত্রীলোকের ঘাগ্‌রা; Lady's gown; বস্ত্র-পরিধান-রীতি; Style of dress. **Dress circle**—See **Circle.**

Dresser (ড্রেসার্), *n.* বিন্যাসকারী; One who dresses; যে টেবিলের উপর মাংসাদি প্রস্তুত করা হয়; Kitchen side-board with shelves; অস্ত্রচিকিৎসকের সহকারী; Surgeon's assistant; রঙ্গমঞ্চের রূপসজ্জাকর; One who helps to dress actors; অস্ত্রোপচারের যন্ত্রবিশেষ; Surgical instrument; খাদ্যাদি রাখিবার জন্য তাক; A kind of cupboard for keeping dishes.

Dressing (ড্রেসিং), *n.* বস্ত্র; Clothes, ক্ষতস্থানে প্রযুক্ত মলম ইত্যাদি; Ointment, etc. applied to a wound; ভূমির জন্য সার; Manure spread on land; কাপড়ের মাড় বা কলপ; Matter spread over cloth to make it stiff and glossy.

Dressing-case (ড্রেসিং-কেস্), *n.* প্রসাধনের আলমারি; ডাক্তারের যন্ত্রাদি রাখিবার বাক্স; Case of articles used in dressing one's self; box for keeping the instruments of a doctor.

Dressing-gown (ড্রেসিং-গাউন্), *n.* বস্ত্র পরিধান করিবার সময় পরিহিত ঢিলা জামা-বিশেষ; Loose garment used at the time of dressing.

Dressing-room (ড্রেসিং-রুম্), *n.* পোষাকঘর; Apartment for dressing in.

Dress-maker (ড্রেস্-মেকার্), *n.* মেয়েদের পোষাকের মেয়ে দর্জি; Woman making women's dresses.

Dressy (ড্রেসি), *a.* পোষাকপ্রিয়; Fond of dress. [**Dress.**

Drest (ড্রেস্ট্), *p. t.* & *p. p.* of

Drew (ড্রু), *p. t.* of **Draw.**

Dribble (ড্রিব্‌ল্), *v. i.* ফোঁটা ফোঁটা পড়া; Fall in small drops; লাল পড়া; Slaver, as a child:—*v. t.* ফোঁটা ফোঁটা পড়িতে দেওয়া; বিন্দু বিন্দু করিয়া ফেলা; Let fall in drops; throw down in drops; ফুটবল খেলায় বল পায়ে করিয়া গড়াইয়া গড়াইয়া লইয়া যাওয়া; Work (football) on with repeated touches of feet.

Dribblet, Driblet (ড্রিব্‌লেট্), *n.* ক্ষুদ্র ফোঁটা; Very small drop; অল্প পরিমাণ; Very small quantity.

Drier (ড্রায়ার্), *n.* শুষ্ক করিবার যন্ত্র; শীঘ্র করিয়া রঙ্ শুকাইবার জিনিস; Machine for drying things; substance used to dry paints quickly.

Drift (ড্রিফ্‌ট্), *n.* বেগ; Impulse; force; যাহা তাড়িত হয়; What is driven; ঝোঁক, প্রবণতা; বাক্যের মোটামুটি অর্থ; Tendency; brief sense of words:—*v. t.* সঞ্চালিত করিয়া স্তূপাকার করা; Drive into heaps:—*v. i.* তাড়িত হওয়া; রাশীকৃত হওয়া; Be driven along by chance; form in heaps.

Driftless (ড্রিফ্‌ট্‌লিস্), *a.* লক্ষ্যশূন্য; Without aim; উদ্দেশ্যহীন; Purposeless.

Drift-wood (ড্রিফ্‌ট্-উড্), *n.* জলদ্বারা চালিত কাষ্ঠ; Wood drifted by water.

In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Drill (ড্রিল্), *v. t.* সৈন্যদিগকে শিক্ষা দেওয়া; Train soldiers; কাহাকেও কোন বিদ্যায় শিক্ষিত করা; Instruct in the rudiments of any branch of knowledge; তুরপুনদ্বারা ছিদ্র বা বিদ্ধ করা; Pierce or bore with a drill; সারি সারি (বীজ) বপন করা; Sow (seeds) in rows:—*v. i.* যুদ্ধশিক্ষার জন্য একত্র হওয়া; Muster for military or other exercises:—*n.* বীজ বপন করিবার সারি বা খাত; Furrow to put seeds into; তুরপুন; Instrument for boring holes; একপ্রকার মোটা কার্পাস-বস্ত্র; A kind of coarse cotton cloth.

Drilling (ড্রিলিং), *n.* পা-জামার জন্য মোটা সূতী কাপড়; Coarse cotton cloth, used for trousers.

Drily (ড্রাইলি)—See **Dry.**

Drink (ড্রিঙ্ক্), *v. t.* পান করা; Swallow, as liquid; ইন্দ্রিয়দ্বারা গ্রহণ করা; Take in through the senses:—*v. i.* মদ্যপান করা; Swallow (liquors):—*n.* পানীয়; Liquid for drinking; মদ্য; Wine. **Drink deep**—অতিরিক্ত পান করা; Drink to excess. **Drink one's health, Drink to the health**—মদ্যপানকালে কাহারও মঙ্গল কামনা করা; Wish one's good health in drinking.

Drinkable (ড্রিঙ্ক্যাব্‌ল্), *a.* পানীয়; Fit for drinking:—*n.* esp. in *pl.* পানীয় দ্রব্য সকল; Things fit to be drunk.

Drinker (ড্রিঙ্কার্), *n.* যে পান করে; One who drinks; মাতাল; Drunkard.

Drinking-bout (ড্রিঙ্কিং-বাউট্), *n.* পানোৎসব; Drunken revelry.

Drink-offering (ড্রিঙ্ক্-অফারিং), *n.* তর্পণ; Libation.

Drip (ড্রিপ্), *v. i. t.* বিন্দু বিন্দু পড়া; Fall in drops; ফোঁটা ফোঁটা করিয়া পড়িতে দেওয়া; Let fall in drops:—*n.* ফোঁটার আকারে পতন; Falling drops; ছাদের ধার বা কিনারা; Eaves of a roof; কানাচের ছাঁচ; Eaves.

Dripping (ড্রিপিং), *n.* ঝরমান বা ক্ষরিত রস; That which falls in drops, as fat from meat in roasting; বিন্দু বিন্দু পতন; Falling drops.

Drive (ড্রাইভ্), *v. t. i.* ঠেলিয়া দেওয়া; বলপূর্ব্বক অগ্রসর করা; Push forward; compel to go forward; গাড়ী চালান; Guide a carriage; ক্ষিপ্র চালিত করা; Hurry on; তাড়াইয়া লইয়া যাওয়া; Force along; চালিত হওয়া; Be forced along; গাড়ীতে যাওয়া; Go in a carriage. *p. t.*=drove. *p. p.* driven:—*n.* প্রবলবেগে ক্ষেপণ; গাড়ীতে গমন; Propelling (as of a ball in cricket, etc.); ride in a carriage; শকটযানে অতিক্রান্ত পথ; Road passed over in a carriage; (বাধাসত্ত্বেও) কর্ম্মক্ষমতা; Capacity for doing things (in the face of hindrance or obstacle) [a man of great *drive*]; বিশেষ প্রচেষ্টা; A special effort (as in hoarding *drive*).

Drivel (ড্রিভ্‌ল্), *v. i.* লালা বা নিষ্ঠীবন পড়া; Run at mouth or nose; বাজে আসক্ত হওয়া; নির্ব্বোধের মত কার্য্য করা; আবল-তাবল বকা; Dote; be foolish; speak like an idiot:—*n.* লালা; Slaver; অর্থহীন বাক্য; Nonsense.

Driveller (ড্রিভ্‌লার্), *n.* যাহার মুখ দিয়া লাল পড়ে; Slabberer; মূর্খ বা নির্বোধ ব্যক্তি; Idiot; fool.

Driven (ড্রিভ্‌ন্), *p. p.* of **Drive.**

Driver (ড্রাইভার্), *n.* গাড়োয়ান; Coachman; রেলগাড়ী-চালক; Engineman.

Drizzle (ড্রিজ্‌ল্), *v. i.* গুঁড়ি গুঁড়ি হওয়া; Rain in small drops:—

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

গুঁড়ি গুঁড়ি বৃষ্টি ; Small drops of rain. *a.*=drizzly.

Droll (ড্রোল্), *a.* অদ্ভুত ; মজার ; Odd ; queer ; amusing.

Drollery (ড্রোলারি), *n.* ভাঁড়ামি ; ভাঁড়ামো ; তামাসা ; Buffoonery ; sport-ive tricks ; fun.

Drone (ড্রোন্), *n.* পুং-মধুমক্ষিকা ; Male of the honey-bee ; গুন্ গুন্ শব্দ ; Humming sound ; অলস, নিষ্কর্ম্মা লোক ; Lazy, idle fellow :—*v. t. i.* গুন্ গুন্ শব্দ করা ; Buzz ; একঘেয়ে কথা বলা ; Talk in a dull monotonous tone.

Droonish (ড্রোনিশ্), *a.* অলস ; নিষ্ক্রিয় ; Lazy ; inactive.

Droop (ড্রুপ্), *v. i. t.* মস্তক অবনত করা ; Hang down the head ; ক্ষীণ হওয়া ; অবসন্ন হওয়া ; কৃশ হওয়া ; দুর্ব্বল হওয়া ; Grow weak ; faint ; decline ; হেঁট করা ; Hang down :—*n.* নত ভাব বা অবস্থা ; Drooping state. *ad.*=droopingly.

Drop (ড্রপ্), *v. i. t.* বিন্দু বিন্দু পড়া ; Fall in small particles ; হঠাৎ পতিত হওয়া ; Fall suddenly ; হঠাৎ শেষ হওয়া ; Come to an end suddenly ; নিম্নে পতিত হওয়া ; Fall lower ; বিন্দু বিন্দু পড়িতে দেওয়া ; যাইতে দেওয়া ; Let fall in drops ; let go ; পড়িতে দেওয়া ; Let fall ; পরিত্যাগ করা ; Dismiss ; নামান ; Lower ; পত্র পাঠান ; Send by dropping into the post-office box :—*n.* বিন্দু ; ফোঁটা ; Small quantity ; কর্ণভূষণ ; দুল ; Earring ; কাঠের অংশ-বিশেষ ; Part of a shutter ; রঙ্গমঞ্চের যবনিকা ; Curtain of a theatrical stage. **Drop out** কোন বিষয়ে অংশ গ্রহণ করিতে বিরত হওয়া ; Stop taking part in something.

Droplet (ড্রপ্লিট্), *n.* অতি ক্ষুদ্র বিন্দু ; Little drop. **Droplet infection**—থুথু, কফ ইত্যাদি দ্বারা যে সংক্রমণ ঘটিয়া থাকে। [বিশেষ।

Dropper (ড্রপার্), *n.* ফোঁটা ফেলিবার যন্ত্র-

Droppings (ড্রপিংস্), *n. pl.* ফোঁটা-কারে পতিত বস্তুসমুদয় ; Things which fall in drops ; পশু অথবা পক্ষীর বিষ্ঠা ; Dung of beasts or birds.

Drop-scene (ড্রপ্-সীন্), *n.* থিয়েটারের বা রঙ্গমঞ্চের পট ; যবনিকা ; Painted curtain which drops before the theatrical stage.

Dropsical (ড্রপ্সিক্যাল্), *a.* শোথ-সম্বন্ধীয় ; উদরী-রোগাক্রান্ত ; Pertaining to, or affected with dropsy.

Dropsy (ড্রপ্সি), *n.* শোথ ; উদরী রোগ।

Dross (ড্রস্), *n.* ময়লা ; গাদ ; মরিচা ; অব্যবহার্য্য বস্তু ; Scum of metals ; refuse ; rust ; waste matter.

Drossy (ড্রসি), *a.* অপরিষ্কৃত ; Impure. *n.*=drossiness.

Drought (ড্রাউট্), *n.* অনাবৃষ্টি ; Want of rain ; পিপাসা ; Thirst ; শুষ্কতা ; Dryness.

Droughty (ড্রাউটি), *a.* বৃষ্টিশূন্য ; অতি-শুষ্ক ; তৃষিত ; Wanting rain ; very dry ; thirsty. *n.*=droughtiness.

Drouth (ড্রাউথ্)—Same as **Drought.**

Drove (ড্রোভ্), *p. t.* of **Drive.**

Drove (ড্রোভ্), *n.* চলন্ত পশুর পাল ; Moving herd or flock ; চলন্ত জনতা ; Crowd in motion.

Drover (ড্রোভার্), *n.* পশুচালক ; পশু-বিক্রেতা ; Driver of, or dealer in, cattle.

Drown (ড্রাউন্), *v. t. i.* জলমগ্ন করা ; Drench ; জলে ডুবাইয়া বধ করা ; Suffocate in water ; পরাজিত করা ; অভিভূত করা ; Overpower ; over-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

come ; জলে ডুবিয়া মারা ; Be suffocated in water.

Drowse (ড্রাউজ্), *v. i.* ঝিমান ; নিদ্রায় ঢুলা ; তন্দ্রাভিভূত হওয়া ; নিদ্রালু হওয়া ; Slumber ; nod the head in slumber ; be heavy with sleep.

Drowsy (ড্রাউজ্রি), *a.* নিদ্রালু ; অলস ; নিষ্ক্রিয় ; Sleepy ; sluggish ; dull. *ad.*=drowsily. *n.*=drowsiness.

Drub (ড্রাব্), *v. t.* (যষ্টির দ্বারা) প্রহার করা ; Beat with a stick.

Drubbing (ড্রাবিং), *n.* ঠেঙ্গানি ; যষ্টি-প্রহার ; Cudgelling.

Drudge (ড্রাজ্), *v. i.* বিরক্তিকর বা হেয় কাজে কঠোর পরিশ্রম করা ; Work hard at a distasteful or hateful work :—*n.* কঠোর পরিশ্রমকারী মজুর ; Menial servant ; hard-working labourer.

Drudgery (ড্রাজারি), *n.* মজুরগিরি ; বিরক্তিকর খাটুনি ; Hard labour ; uninteresting toil.

Drug (ড্রাগ্), *n.* ঔষধ ; Any substance used in medicine ; অবিক্রেয় পণ্যদ্রব্য ; Unsalable commodity :—*v. t. i.* ঔষধমিশ্রিত করা ; Mix with drugs ; ঔষধ ব্যবস্থা করা ; Administer drugs ; ঔষধ গ্রহণ করা ; Take in drugs ; ঔষধদ্বারা অচেতন করা ; Stupefy by drugs.

Druggist (ড্রাগিস্ট্), *n.* ঔষধ-বিক্রেতা ; Dealer in medicines.

Druid (ড্রুয়িড্), *n.* কেল্ট্‌দিগের পুরোহিত ; Celtic priest. *fem.*= Druidess. *a.*=druidical.

Druidism (ড্রুয়িডিজ্‌ম্), *n.* ড্রুয়িড্ পুরোহিতদিগের উপদিষ্ট ধর্ম্মমত বা আচরিত ক্রিয়াকলাপ ; Doctrines taught by the Druids ; practices of Druids.

Drum (ড্রাম্), *n.* ঢোল ; রণ-ঢক্কা ; Kinds of musical instruments ; কর্ণপটহ ; Tympanum of the ear ; পিপা ; Barrel :—*v. i.* ঢোল বা Beat a drum ; অঙ্গুলির দ্বারা বা Beat with the fingers.

Drumhead (ড্রাম্‌হেড্), *n.* ঢোলের উপরের চামড়া ; Skin of drum ; কপিকল তুলিবার যন্ত্রের উপরিভাগ ; Upper portion of a capstan.

Drum-major (ড্রাম্-মেজর্), *n.* সৈন্য দলের প্রধান ঢক্কাবাদক ; Chief drummer of a regiment.

Drummer (ড্রামার্), *n.* ঢাকী ; One who beats a drum.

Drumstick (ড্রাম্‌স্টিক্), *n.* ঢোল বাজাইবার কাঠি ; Stick for beating a drum.

Drunk (ড্রাঙ্ক্), *p. p.* of Drink. *a.* মাতাল ; Intoxicated.

Drunkard (ড্রাঙ্কার্ড্), *n.* মদ্যপায়ী ; One given to intoxication.

Drunken (ড্রাঙ্কেন্), *a.* মাতাল ; Given to drunkenness.

Drunkenness (ড্রাংকেন্‌নিস্). মাতলামি ; Habitual intemperance.

Drupe (ড্রুপ্), *n.* বদরীজাতীয় কঠিন ফল ; Stone-fruit as the peach etc.

Dry (ড্রাই), *a.* শুষ্ক ; Free from moisture ; বৃষ্টিহীন ; Free from rain ; রসহীন ; Free from juice ; অনুদ্যম ; Not giving milk ; তৃষ্ণার্ত্ত ; Thirsty ; শক্ত, কঠিন ; Hard ; মদ্যাদি বিক্রয়হীন ; Free from sale of intoxicants ; অশ্রুশূন্য ; Not shedding tears ; আকর্ষণহীন, নীরস ; Uninteresting (subject) ; স্পষ্ট ; অলঙ্কারশূন্য ; Plain ; unembellished :—*v. t. i.* শুষ্ক করা বা হওয়া ; Make or become dry. *ad.* =drily, dryly. *n.*=dryness, dryness ; dryer. **Dry-day**—মদ্যবিক্রয় বন্ধ দিবস। **Dry as a bone**—অতি শুষ্ক ; সম্পূর্ণ শুষ্ক ; Quite dry or uninteresting. **To go dry**—মদ্য বর্জ্জন করা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Dryad To adopt liquor prohibition. Cut and dried—See Cut.

Dryad (ড্রাইয়াড্), *n.* বনদেবী ; Wood-nymph.

Dryasdust (ড্রাইয়াজ্‌ডাস্ট্), *a.* সম্পূর্ণ শুষ্ক ; Very dry ; uninteresting :—*n.* নীরস প্রত্নতত্ত্ববিদ্ বা ঐতিহাসিক ; Dull antiquary or historian.

Dry-clean (ড্রাই-ক্লীন্), *v. t.* জল না দিয়া বস্ত্রাদি সাফ করা ; Clean clothes without using water.

Dryer (ড্রাইয়ার্), *n.* শীঘ্র শুকাইবার জন্য রঙে মিশ্রিত পদার্থবিশেষ ; A substance added to paint to make it dry quickly.

Dry-eyed (ড্রাই-আইড্), *a.* অশ্রুহীন ; [Tearless.

Drygoods (ড্রাইগুড্স্), *n.* (শস্যাদি) তরল দ্রব্য ; Non-liquid goods (*corn*, etc.); কাপড়, ফিতা ইত্যাদি ; Drapery, etc. distinguished from groceries, etc.

Dry-light (ড্রাই-লাইট্), *n.* অব্যাহত পরিষ্কার আলোক ; Clear unobstructed light ; পক্ষপাতহীন দৃষ্টি ; Unprejudiced view.

Dry-measure (ড্রাই-মেজ্‌র্), *n.* শুষ্ক দ্রব্য-মান ; Measure of volume for dry or coarse articles.

Dry-nurse (ড্রাই-নার্স্), *n.* যে ধাত্রীকে স্তন্য পান করাইতে হয় না ; One who feeds a child without suckling.

Dry-rot (ড্রাই-রট্), *n.* কাষ্ঠের জীর্ণতা-সাধন ; Decay of timber converting the substance into dry powder ; নৈতিক বা সামাজিক অবনতি ; Moral or social decay.

Dry-salter (ড্রাই-স-টার্), *n.* ঔষধ-বিক্রেতা ; শুষ্কমাংস-বিক্রেতা ; Dealer in drugs, dried meats, etc.

Dry-saltery (ড্রাই-স-টারি), *n.* শুষ্ক-মাংস-বিক্রেতার কার্য্য ; Business of a dry-salter.

Dryshod (ড্রাইশড্), *a.* পা বা জুতা না ভিজাইয়া ; Having the feet or shoes dry.

Dual (ডিউয়্যাল্), *a.* দ্বৈত ; Twofold. *v.*=dualize.

Dualism (ডিউয়্যালিজ্‌ম্), *n.* দ্বৈতনীতি বা ব্যবস্থা ; Dual principles ; দ্বৈতবাদ ; System which is founded on a double principle of mind and matter.

Dualist (ডিউয়্যালিস্ট্), *n.* দ্বৈতবাদী ; Believer in dualism. *a.*=dualistic.

Duality (ডিউয়্যালিটি), *n.* দ্বিত্ব ; State of being two.

Dub (ডাব্), *v. t.* নাইট্ উপাধি দান করা ; উপাধি প্রদান করা ; Confer knighthood on, by striking the shoulder with a sword ; confer any dignity on ; আখ্যা প্রদান করা ; Style. *n.*= dubber.

Dubiety (ডিউবায়িটি), *n.* সন্দিগ্ধতা, সংশয় ; Doubtfulness.

Dubious (ডিউবিয়াস্), *a.* সন্দিগ্ধ ; Doubtful ; দ্ব্যর্থক ; অস্পষ্ট ; অনিশ্চিত ; Ambiguous ; obscure ; uncertain.

Dubitate (ডিউবিটেট্), *v. i.* দ্বিধা করা ; ইতস্ততঃ করা ; Hesitate.

Ducal (ডিউক্যাল্), *a.* ডিউক-সংক্রান্ত ; Of a duke.

Ducat (ডাকাট্), *n.* ইটালী প্রভৃতি দেশে পূর্ব্বে প্রচলিত প্রায় চার টাকা দামের স্বর্ণ-মুদ্রাবিশেষ ; Gold coin worth about *shilling* nine, formerly current in Italy, etc.

Duchess (ডাচিস্), *n.* ডিউক-পত্নী ; Wife of a duke. [Dukedom.

Duchy (ডাচি), *n.* ডিউকের অধিকার ;

Duck (ডাক্), *v. t. i.* কিয়ৎক্ষণ জলমগ্ন করা ; Dip for a moment in water ; ডুব দেওয়া ; Dive ; সহসা মাথা হেঁট করা ; Lower the head suddenly :—*n.* পাতিহংসী ; Female water-fowl

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(*mas.*=drake) ; মস্তক অবনমন ; Sudden stooping of the head ; প্রিয়জন ; Darling. **Play ducks and drakes**—ছিনিমিনি খেলা অর্থাৎ অপব্যয় করা ; Squander.

Ducker (ডাকার্), *n.* নীচ খোসামুদে ; পানকৌড়ি ; ডুবুরী ; Fawner ; a kind of diving bird ; diver.

Duckling (ডাক্‌লিং), *n. dim.* হংস-শাবক ; Young duck. [passage.

Duct (ডাক্‌ট্), *n.* নল ; নালী ; Tube ;

Ductile (ডাক্‌টাইল্, ডাক্‌টিল্), *a.* সহজে পরিচালনীয় ; নমনীয় ; Easily led or drawn out ; docile ; malleable ; flexible.

Ductility (ডাক্‌টিলিটি), *n.* নমনীয়তা ; Plasticity ; docility.

Dudgeon (ডাজ্‌ন্), *n.* অসন্তোষ ; অপ্রসন্নতা ; ক্রোধ ; Ill-will ; grudge ; resentment.

Due (ডিউ), *a.* দেয় ; That ought to be paid ; উপযুক্ত ; Proper ; পূর্ব্বনির্দ্দিষ্ট ; Under engagement (to arrive, etc.) [the train is *due* to arrive at 7 P. M.] :—*n.* ঋণ ; ন্যায়ানুগত স্বত্ব ; Debt ; just title ; পণ ; পুরস্কার ; Fee ; emolument ; দাবি ; Claim ; প্রাপ্য ; That which is owed :—*ad.* ঠিকরূপে ; Exactly (went *due* east).

Duel (ডিউয়েল্), *n.* দ্বন্দ্বযুদ্ধ ; Combat between two persons :—*v. i.* দ্বন্দ্বযুদ্ধ করা ; Fight in a single combat.

Duelling (ডিউয়েলিং), *n.* দ্বন্দ্বযুদ্ধ ; Fighting in a duel :—*a.* দ্বন্দ্বযুদ্ধরত ; Employed in a duel.

Duellist (ডিউয়িলিস্ট্), *n.* দ্বন্দ্বযোদ্ধা ; পালোয়ান ; One who is in the habit of fighting duels.

Duenna (ডিউয়িন্যা), *n.* বৃদ্ধা ধাত্রী ; পরিচারিকা ; Elderly woman in waiting ; governess.

Duet (ডিউয়েট্), *n.* দ্বৈত সঙ্গীত, দুই মিলিত হইয়া গান বা বাদ্য করিবার রচিত গান ; Piece of music com for two performers, vocal or strumental.

Duffer (ডাফার্), *n.* অকর্ম্মণ্য বা লোক ; Inefficient, useless or person ; যে লোক দামী বলিয়া চোরাই জিনিস বিক্রয় করে ; One sells trash as valuable, pretend it to be smuggled, stolen, etc.

Dug (ডাগ্), *p. t.* & *p. p.* of Dig —*n.* পশুর স্তন বা বাঁট ; Nipple a beast.

Dugong (ডুগংগ্), *n.* একপ্রকার তৃণভোজী সামুদ্রিক জীব ; Large b vorous mammal of Indian seas

Dug-out (ডাগ্-আউট্), *n.* শালতি ; Canoe made by hollow a tree-trunk ; পরিখার মধ্যে সৈন্য আশ্রয়স্থান ; Underground sh for troops in trenches.

Duke (ডিউক্), *n.* ইংলণ্ডের সুবর্ণ অব্যবহিত নিম্নপদ ; The highest of of nobility next below the Prin রাজা ; Sovereign ; prince. *fem* duchess. *abs. n.*=dukeship.

Dukedom (ডিউক্‌ডম্), *n.* ডি উপাধি, পদবী বা অধিকার ; Title, r or territories of a duke.

Dulcet (ডাল্‌সিট্), *a.* সুমিষ্ট ; সুমধু Sweet ; melodious. [Swee

Dulcify (ডাল্‌সিফাই), *v. t.* মিষ্ট

Dulcimer (ডাল্‌সিমার্), *n.* বাদ্য বিশেষ ; সেতার ; তানপুরা ; A musi instrument.

Dull (ডাল্), *a.* স্থূলবুদ্ধি ; Stup ভোঁতা ; Blunt ; বিষণ্ণ ; নিরানন্দ ; S cheerless ; মেঘাচ্ছন্ন ; Cloudy ; অ অনুজ্জ্বল ; Dim ; obscure ; Uninteresting (a *dull* lectu নিস্তেজ ; Sluggish ; মন্থর ; S

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

শূন্যহীন; Wanting liveliness :—*v. t.* মূর্খ করা; Make stupid; ভোঁতা করা; Blunt; নিরুৎসাহ করা; Damp; নিস্তেজ করা; Deprive of activity :—*v. i.* নির্বোধ হওয়া; নির্ব্বোধ হওয়া; Become dull. **Dull market**—মন্দা বাজার।

Dullard (ডালার্ড্), *n.* বোকা লোক; Blockhead.

Dullness, Dulness (ডাল্‌নিস্), *n.* নিরানন্দতা; Cheerlessness; মূঢ়তা; Stupidity.

Dull-sighted (ডাল্-সাইটেড্), *a.* ক্ষীণ-দৃষ্টি; Having weak sight.

Dull-witted (ডাল্-উয়িটেড্), *a.* স্থূল-বুদ্ধি; Not smart.

Duly (ডিউলি), *ad.* উপযুক্তরূপে; উপযুক্ত সময়ে; Fitly, properly; timely.

Dumb (ডাম্), *a.* বোবা; Speechless; নিঃশব্দ; Soundless. **Dumb show**—মূক অভিনয়; Pantomime.

Dumb-bell (ডাম্-বেল্), *n.* ডম্বল; Weight swung for exercise.

Dumbfound (ডাম্‌ফাউণ্ড্), *v. t.* অবাক্ করা; হতবুদ্ধি করা; Strike dumb; confuse greatly; বিস্ময়ান্বিত করা; Astonish.

Dummy (ডামি), *n.* বোবা; One who is dumb; স্থূলবুদ্ধি লোক; Thick-witted fellow; সাক্ষিগোপাল; One who plays merely a nominal part in an action; নকল জিনিস; Sham article; ব্রিজ বা হুয়িষ্ট খেলায় প্রদর্শিত হাত। অভিনয়, নকল; Representation (a *dummy* gun) :—*a.* মেকি; Sham.

Dump (ডাম্প্), *n.* ধপাস্ শব্দ; তাল বা ঢিপি; মরলা ফেলিবার স্থান; Thud; Lump; place for the deposit of refuse matters :—*v. t.* বোঝাই খালি করা; Unload; ফেলিয়া দেওয়া; Throw down; অল্প দরে বিক্রয় করা; Sell at a low price.

Dumpish (ডাম্পিশ্), *a.* বিষণ্ণ; Depressed in spirits.

Dumpling (ডাম্প্‌লিং), *n.* গোলাকৃতি পিষ্টক-বিশেষ; Small round pudding.

Dumps (ডাম্প্‌স্), *n. pl.* বিষাদ; অন্ধকার; Melancholy; gloom.

Dumpy (ডাম্পি), *a.* ক্ষুদ্র ও স্থূল; Short and stout.

Dun (ডান্), *a.* পিঙ্গলবর্ণ; Of dull greyish brown :—*v. t.* পাওনা টাকার নিমিত্ত তাগাদা করা; Demand a debt :—*n.* তাগিদ-দার; Importunate creditor; তাগাদা; Demand for payment. *n.* = dunner.

Dunce (ডান্স্), *n.* নির্ব্বোধ ব্যক্তি; Dolt.

Dunderhead (ডাণ্ডার্‌হেড্), *n.* মূর্খ লোক; Dunce. *a.* = dunderheaded.

Dune (ডিউন্), *n.* (সমুদ্র-উপকূলে) বালিয়াড়ি; Mound of sand on the seashore.

Dung (ডাং), *n.* গোবর; পশ্বাদির বিষ্ঠা; The excrement of animals :—*v. t.* সার দেওয়া; Manure with dung. *a.* = dungy.

Dungeon (ডান্‌জন্), *n.* কারাগার; পাতালঘর; Close, dark prison; cell underground.

Dunghill (ডাংহিল্), *n.* গোবরাদির স্তূপ, সারগাদা; Manure heap.

Dungy (ডাঙ্গি), *a.* গোময়পূর্ণ; Full of dung; কদর্য্য; Nasty; vile.

Duodecennial (ডিউওডেসেনিয়্যাল্), *a.* দ্বাদশবার্ষিক; Occurring every twelfth year.

Duodecimal (ডিউওডেসিম্যাল্), *a.* দ্বাদশ; Twelfth :—*n. pl.* দ্বাদশিক গণনা-পদ্ধতি; System of numbering the area of a rectangle, when the length and the breadth are stated in feet and inches.

Duodecimo (ডিউওডেসিমো), *n.* ২৪ পেজী বা বার পাতার ফরমার পুস্তক;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Book with sheet folded in twelve leaves.

Duodenum (ডিউওডীনাম্), *n.* গ্রহণী, ক্ষুদ্রান্ত্রের প্রথম অংশ ; First of the small intestines next stomach. *a.*=duodenal.

Dupable (ডিউপ্যাব্‌ল্), *a.* সহজে প্রতারণা-যোগ্য ; Capable of being easily duped. *n.*=dupability.

Dupe (ডিউপ্), *n.* যে সহজে প্রতারিত হয় ; One who is easily cheated :—*v. t.* প্রতারণা করা ; Deceive ; ঠকান ; Make a fool of.

Dupery (ডিউপারি), *n.* জুয়াচুরি ; Art of deceiving.

Duple (ডিউপ্‌ল্), *a.* দ্বিগুণ ; Two-fold :—*v. t.* দ্বিগুণ করা ; Double.

Duplex (ডিউপ্লেক্স্), *a.* দ্বিগুণ ; Double.

Duplicate (ডিউপ্লিকেট্), *a.* প্রতিরূপ ; Exactly like another ; দ্বিগুণ ; Two-fold :—*n.* প্রতিলিপি, অনুলিপি ; Copy :—*v. t.* দ্বিগুণ করা ; প্রতিলিপি করা ; Double ; make a copy. *n.*= duplication, duplicator. *a.*=duplicative.

Duplicator (ডিউপ্লিকেটর্), *n.* প্রতিলিপি করিবার যন্ত্র ; An apparatus for making copies.

Duplicity (ডিউপ্লিসিটি), *n.* কপটতা, প্রতারণা ; Deceitfulness.

Durability (ডিউর‍্যাবিলিটি), *n.* স্থায়িত্ব ; Power of lasting.

Durable (ডিউর‍্যাব্‌ল্), *a.* স্থায়ী ; সুদৃঢ় ; Lasting ; hardy. *n.*=durability, durableness. *ad.*=durably.

Durance (ডিউর‍্যান্স্), *n.* কয়েদ, অবরোধ ; Imprisonment.

Duration (ডিউরেশন্), *n.* স্থিতিকাল ; Time that is taken or lasts.

Durbar (ডার্‌বার্), *n.* দরবার ; অভ্যর্থনা-গৃহ ; Audience chamber ; levee.

Duress(e) (ডিউরিস্), *n.* বলপূর্ব্বক অবরোধ ; Forcible restraint ; ভয় প্রদর্শন বা অবৈধভাবে জোরজবরদস্তি ; Threats or other illegal compulsion (under *duress*).

During (ডিউরিং), *prep.* ব্যাপিয়া ; For the time it lasts.

Durst (ডার্‌স্ট্), *p. t.* of **Dare.**

Durwan (ডারোয়ান্), *n.* দ্বারবান ; Door-keeper.

Dusk (ডাস্ক্), *n.* গোধূলি সময় ; ঈষৎ অন্ধকার ; Twilight ; partial darkness.

Duskish (ডাস্কিশ্), *a.* ঈষৎ কৃষ্ণবর্ণ, সামান্য কৃষ্ণাভ ; Rather dusk ; slightly dark or black.

Dusky (ডাস্কি), *a.* অনুজ্জ্বল ; কৃষ্ণবর্ণ ; Partially dark or obscure ; dark-coloured ; বিষণ্ণ ; বিষাদময় ; Sad, gloomy. *ad.*=duskily. *n.*=duskiness.

Dust (ডাস্ট্), *n.* ধূলি ; গুঁড়া ; মৃত্তিকা ; Earth in powder ; powder ; earth ; পুষ্পরেণু ; Pollen of the anther of flowers ; আবর্জ্জনা ; Refuse ; কবর ; Grave :—*v. t.* ধূলি ঝাড়া ; Free from dust ; ধূলা ছড়ান ; গুঁড়া করা ; Sprinkle with dust ; reduce to powder. **Beat out dust**—ধূলা ঝাড়া। **Throw dust in one's eyes**—কাহাকে ঠকান ; Deceive.

Dustbin (ডাস্ট্‌বিন্), *n.* জঞ্জাল ফেলিবার আধার বা পাত্র ; Bucket for holding dirt and filth.

Dust-cart (ডাস্ট্-কার্ট্), *n.* রাস্তার ময়লা-ফেলা গাড়ী ; Cart for carrying away dirt and filth from the thoroughfares.

Duster (ডাস্টার্), *n.* ঝাড়ন ; ঝুরু ; Cloth or brush for removing dust.

Dustman (ডাস্ট্‌ম্যান্), *n.* ঝাড়ুদার ; Scavenger ; sweeper.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Dusty (ডাস্টি), *a.* ধূলিময়; Covered with dust; ধূলির মত; Like dust; ধূসরবর্ণ; Of the colour of dust.

Dutch (ডাচ্), *a.* হল্যাণ্ড-দেশীয় বা হল্যাণ্ডের ভাষা-সম্বন্ধীয়; Of the people or language of Holland :—*n.* হল্যাণ্ডের ভাষা; Language of Holland.

Duteous (ডিউটিয়াস্)—Same as **Dutiable** (ডিউটিয়্যাব্‌ল্), *a.* শুল্ক ধার্য্য করিবার উপযোগী; Subject to the imposition of customs duty.

Dutiful (ডিউটিফুল্), *a.* কর্ত্তব্যপরায়ণ; শ্রদ্ধাবান্; আজ্ঞানুবর্ত্তী; Expressive of a sense of duty; respectful; obedient.

Dutifully (ডিউটিফুলি), *ad.* কর্ত্তব্য-পরায়ণতার সহিত; With a sense of duty.

Duty (ডিউটি), *n.* বাধ্যতা; কর্ত্তব্য; Obligation; বশ্যতা; সামরিক কার্য্য; Obedience; military service; শুল্ক; Tax on goods.

Dumvir (ডিউয়াম্‌ভির্), *n.* একই পদে একত্র কার্য্যকারী ব্যক্তিদ্বয়ের মধ্যে একজন; রোমদেশীয় বিচারকদ্বয়ের মধ্যে একজন; One of the two men holding the same office jointly; one of the two Roman magistrates.

Dumvirate (ডিউয়াম্‌ভিরেট্), *n.* প্রাচীন রোমের শাসনপ্রণালী-বিশেষ; একই পদে দুই ব্যক্তির সমাবেশ; Form of government in ancient Rome; union of two men in the same office.

Dwarf (ডোয়ার্ফ্), *n.* বামন; Manikin :—*v. t.* খর্ব্ব করা; Hinder from growing.

Dwarfish (ডোয়ার্ফিশ্), *a.* অতি ক্ষুদ্র; Very small.

Dwell (ডোয়েল্), *v. i.* থাকা; বাস করা; Live in a place; inhabit. *p. t.* & *p. p.*=dwelt. **Dwell upon** or **on**—বিস্তারিত বর্ণনা করা; Discourse upon; অধিকক্ষণ কোন বিষয় লইয়া আলোচনা করা; Continue on.

Dweller (ডোয়েলার্), *n.* বাসিন্দা; অধিবাসী; One who dwells.

Dwelling (ডোয়েলিং), *n.* বাসস্থান; বাড়ী; Habitation; house.

Dwelling-house (ডোয়েলিং-হাউস্), *n.* বসতবাটী; House intended for residence.

Dwelling-place (ডোয়েলিং-প্লেস্), *n.* বাসস্থান; Place of residence.

Dwindle (ডুয়িণ্ড্‌ল্), *v. i.* ক্ষয়প্রাপ্ত হওয়া; ক্রমশঃ কমিয়া যাওয়া; ক্ষীণ হওয়া; Waste away; become less; grow feeble; ভ্রষ্ট হওয়া; Degenerate :—*v. t.* ক্ষয় করান; কমান; Make less :—*n.* ক্ষয়; Decline.

Dyad (ডাইয়্যাড্), *n.* যুগ্ম; জোড়া; Couple; group of two.

Dyarchy (ডায়ার্কি), *n.* দ্বৈত শাসন-তন্ত্র; Government by two.

Dye (ডাই), *v. t.* রঙ্ করা; Tinge :—*n.* রঙ্; Tinge.

Dyeing (ডায়িং), *n.* পরিরঞ্জন; রঞ্জনী-বিদ্যা; Art or practice of colouring cloth, etc.

Dyer (ডাইয়ার্), *n.* যে বস্ত্রাদি রঙ্ করে; রঞ্জক; One whose trade is to dye cloth.

Dye-stuff (ডাই-স্টাফ্), *n.* রঙ্ করিবার দ্রব্য; Material used in dyeing.

Dying (ডায়িং), *a.* মুমূর্ষু; Expiring; about to die; মরণশীল; Mortal; মৃত্যুকালীন; মরণ-সম্বন্ধীয়; Occurring at the time of death; pertaining to death :—*n.* মৃত্যু; Death.

Dying declaration মুমূর্ষুর উক্তি, মুমূর্ষু লোকের এজাহার বা জবানবন্দী; Statement made by one just before one's death.

Dyke (ডাইক্)—Same as **Dike.**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Dynamic (ডাইন্যামিক্), *a.* গতীয়, গতি-বিজ্ঞান-সম্বন্ধীয় ; Of dynamics (*oppo.* =static) ; গতিময়, প্রাণবন্ত, কর্ম্মশীল ; Of motive or energizing force.

Dynamics (ডাইন্যামিক্স্), *n. pl.* গতি-বিদ্যা বা গতিবিজ্ঞান ; Science treating of the action of force. *n.*= dynamist.

Dynamite (ডাইন্যামাইট্), *n.* বিস্ফোরক-বিশেষ, ডিনামাইট্ ; Powerful explosive agent :—*v. t.* ডিনামাইট্ দিয়া ফাটান ; Blow up with dynamite.

Dynamo (ডাইন্যামো), *n.* তাড়িতোৎপাদক যন্ত্র ; Machine converting mechanical into electric energy.

Dynamometer (ডাইন্যামমিটার্), *n.* শক্তিক্ষয়ের পরিমাপক যন্ত্র ; Instrument for measuring energy expended.

Dynast (ডাইন্যাস্ট্), *n.* কোনও রাজ-বংশের শাসক বা লোক ; A ruler or member of a dynasty.

Dynastic (ডাইন্যাস্টিক্), *a.* রাজবংশসম্পর্কীয় ; Belonging to a dynasty.

Dynasty (ডিন্যাস্টি), *n.* রাজবংশ ; Race or family of a sovereign.

Dyne (ডাইন্), *n.* শক্তি-পরিমাপক একক ; Unit of force.

Dysenteric (ডিসেন্টেরিক্), *a.* রক্তামাশয়-ঘটিত ; Relating to dysentery.

Dysentery (ডিসেন্টেরি), *n.* রক্তামাশয় ; Disease of the entrails or bowels ; রক্তাতিসার ; Bloody-flux. *a.*=dysenteric.

Dyspepsia (ডিস্‌পেপ্‌সিয়া), *n.* অজীর্ণতা ; অগ্নিমান্দ্য ; Indigestion.

Dyspeptic (ডিস্‌পেপ্‌টিক্), *a.* অজীর্ণ-রোগগ্রস্ত ; অজীর্ণ-রোগাক্রান্ত ; অজীর্ণ হইতে উৎপন্ন ; Afflicted with, pertaining to, or arising from indigestion :—*n.* অজীর্ণ-রোগাক্রান্ত ব্যক্তি ; One afflicted with dyspepsia.

E

E, e (ঈ)—ইংরেজী বর্ণমালার পঞ্চম অক্ষর ; 5th letter of the English alphabet.

Each (ঈচ্), *a.* প্রত্যেক ; Every one (*each* man, boy) :—*pron.* প্রত্যেক ব্যক্তি বা বস্তু ; Every person or thing (*each* of them received two rupees) :—*adv.* একটি একটি করিয়া ; Apiece (they cost a pice *each*).

Each other—পরস্পর (they like *each other*).

Eager (ঈগার্), *a.* ব্যগ্র ; উৎসুক ; অধীর ; Earnest ; keenly desirous ; impatient.

Eagerly (ঈগার্‌লি), *ad.* আগ্রহ সহিত ; Earnestly.

Eagerness (ঈগার্‌নিস্), *n.* উৎসুক্য ব্যগ্রতা ; Ardour ; earnestness.

Eagle (ঈগ্‌ল্), *n.* ঈগল পক্ষী।

Eagle-eyed (ঈগ্‌ল্-আইড্), *a.* তীক্ষ্ণদৃষ্টি ; সূক্ষ্মদর্শী ; Keen-sighted ; discerning.

Eaglet (ঈগ্‌লিট্, ঈগ্‌লেট্), *n.* ঈগল শাবক ; Young eagle.

Eagre (ঈগার্, এগার্), *n.* নদীর বান ; Large tidal wave in a river.

Ear (ঈয়ার্), *n.* কর্ণ। সঙ্গীত বিচার ক্ষমতা ; Power of judging harmony

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Ear-ache মনোযোগ; Attention; শস্যের মঞ্জরী, শীষ; Head of corn :—*v. t.* লাঙ্গল দেওয়া; কর্ষণ করা; Plough; till :—*v. i.* শীষ ফলা; Form ear. **Be all ear**—সম্পূর্ণ মনোযোগী হওয়া; Be all attention. **Give or lend ear to**—কথা; কাহারও কথায় কান দেওয়া; Listen to. **Over head and ears**—একেবারে নিমগ্ন; Deeply absorbed or involved. **Poison one's ears**—কান-কথা দেওয়া; Tell one something that is prejudicial to another. **Pull by the ear**—কান মলা। **Turn a deaf ear to**—কর্ণপাত না করা; Refuse to listen to.

Ear-ache (ঈয়ার্-এক্), *n.* কর্ণশূল; Pain in the ear.

Ear-drop (ঈয়ার্-ড্রপ্), **Ear-ring** (ঈয়ার্-রিং), *n.* কর্ণভূষণ; দুল; Ring or ornament for the ear.

Ear-drum (ঈয়ার্-ড্রাম্), *n.* কর্ণ-পটহ; Tympanum.

Eared (ঈয়ার্ড্), *a.* কর্ণবিশিষ্ট; শীষযুক্ত; [Having ears.

Ear-hole (ঈয়ার্-হোল্), *n.* কানের গর্ত; Aperture of the ear.

Earl (আর্ল্), *n.* মার্কুইসের অধস্তন সম্ভ্রান্ত ব্যক্তি; English nobleman next after the marquis. *fem.*=countess.

Earldom (আর্ল্ডম্), *n.* আর্লের পদ বা অধিকার; Dignity or jurisdiction of an earl.

Earless (ঈয়ার্লিস্), *a.* শীষশূন্য; কর্ণহীন; Without ears.

Early (আর্লি), *a.* & *ad.* শীঘ্র; Soon; অন্যের পূর্ব্বে; In advance of others; কোনও সময়ের প্রারম্ভে; To the beginning of some portion of time (*early morning*). **Early and late**—সকল সময়ে; সর্ব্বদা; Always. **Keep early hours**—সকাল সকাল শয়ন ও উত্থান করা; Go to bed and rise early.

Earmark (ঈয়ার্মার্ক্), *n.* মেষের কর্ণে চিহ্ন; Mark on a sheep's ears; পরিচায়ক চিহ্ন; Distinctive mark :—*v. t.* পরিচায়ক চিহ্নে চিহ্নিত করা; Put an earmark to.

Earn (আর্ন্), *v. t.* উপার্জ্জন করা, প্রাপ্ত হওয়া; Acquire; উপযুক্ত হওয়া; Deserve.

Earnest (আর্ণিস্ট্), *a.* উৎসুক; ব্যগ্র; অকপট; Eager; solicitous; sincere; স্থিরসঙ্কল্প; Determined :—*n.* আন্তরিকতা; Seriousness (in *earnest*); দাদন; বায়না; Pledge; money paid as instalment, esp. to confirm contract, etc. (*earnest* money); প্রথম ফল; First fruits.

Earnestly (আর্ণেষ্ট্লি), *ad.* আন্তরিকতার সহিত; Sincerely; আগ্রহের সহিত; Eagerly.

Earnings (আর্ণিংজ্), *n. pl.* উপার্জ্জিত ধন; মাহিনা; লাভ; Money earned; wages; stipend.

Ear-pick (ঈয়ার্-পিক্), *n.* কান-খুস্কি; Implement for cleansing the ear.

Ear-ring (ঈয়ার্-রিং), *n.* মাকড়ি; কান-বালা; Ornamental ring for the ear.

Ear-shot (ঈয়ার্-শট্), *n.* শুনিতে পাইবার মত দূরত্ব; Hearing distance.

Earth (আর্থ্), *n.* মৃত্তিকা; ভূমি; ভূতল; Soil; land; ground; পৃথিবী; World in which we dwell; ময়লা; Dirt :—*v. t.* গোর দেওয়া; মৃত্তিকার ভিতরে লুকাইয়া রাখা; Bury; hide in earth; বৈদ্যুতিক শক্তি মৃত্তিকার সহিত সংযোগ করা; Connect (conductor) to earth :—*v. i.* মৃত্তিকার ভিতরে প্রবেশ করা; মাটির ভিতর গর্ত্ত করা; Run under ground; burrow.

Earth-born (আর্থ্-বর্ন্), *a.* পার্থিব; পৃথিবীজাত; Born of the earth.

Earthen (আর্থেন্), *a.* মৃন্ময়; ক্ষণভঙ্গুর; Made of clay; frail.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Earthenware (আর্থ্‌ন্‌ওয়েয়্‌), *n.* মৃন্ময়-পাত্র ; মাটির বাসন ; Crockery ; pottery.

Earthly (আর্থ্‌লি), *a.* পার্থিব ; ঐহিক ; সাংসারিক ; Belonging to the earth, worldly (*earthly* possessions) ; নীচ ; Vile.

Earthly-minded (আর্থ্‌লি-মাইণ্ডেড্‌), *a.* নীচমনাঃ ; সংসারাসক্ত ; Having the mind intent on earthly things.

Earthquake (আর্থ্‌কোয়েক্‌), *n.* ভূমি-কম্প ; Shaking of the earth.

Earthwork (আর্থ্‌ওয়ার্ক্‌), *n.* রেলপথ প্রস্তুত করিবার জন্য মাটি কাটার কাজ ; বাঁধ ; Removing of earth in making railways ; embankment.

Earthworm (আর্থ্‌ওয়ার্ম্‌), *n.* কেঁচো। নীচ ব্যক্তি ; Sordid person.

Earthy (আর্থি), *a.* পৃথিবী-সম্বন্ধীয়, পার্থিব ; Relating to the earth ; মৃন্ময় ; Consisting of earth ; নিরতিশয় বিষয়ানুরাগী ; Grossly material ; স্থূল ; অপরিষ্কৃত ; Gross ; not refined.

Ear-trumpet (ঈয়ার্‌-ট্রাম্পিট্‌), *n.* শ্রবণসহায়ক যন্ত্র ; Instrument to assist deaf persons.

Earwax (ঈয়ার্‌ওয়্যাক্‌স্‌), *n.* কানের খইল ; কর্ণমল।

Earwig (ঈয়ার্‌উয়িগ্‌), *n.* কানকোটারি ; কেন্নো।

Ear-witness (ঈয়ার্‌-উয়িট্‌নেস্‌), *n.* স্বকর্ণে শ্রবণ করিয়া যে সাক্ষ্য প্রদান করে ; One who can give testimony to a fact from his own hearing.

Ease (ঈজ্‌), *n.* আরাম ; বিরাম ; বিশ্রাম ; Comfort ; quiet ; rest ; অনায়াসত্ব ; Facility ; উদ্বেগহীনতা ; কষ্টশূন্যতা ; Freedom from anxiety, trouble, etc. :—*v. t.* আরাম দেওয়া ; শান্ত করা ; Relieve ; calm ; নিরুদ্বেগ করা ; Free from anxiety. **Ease off**—কম কষ্টকর বা সহজ হওয়া বা করা ; Become or cause to become less troublesome or tense (the situation *eased off*) :—*v. i.* (with *reflex.*) মলমূত্রাদি ত্যাগানন্তর সুস্থবোধ করা ; Feel comfort after attending nature's call. **At(one's) ease**—স্বচ্ছন্দে সুস্থিরচিত্তে ; Without pain or anxiety. **Stand at ease**—(সামরিক) ফাঁক করিয়া সহজভাবে দাঁড়ান ; Stand with the legs apart in a restful position. **Ill at ease**—উদ্বিগ্ন ; Anxious ; অস্বাচ্ছন্দ্যকর ; Uncomfortable.

Easeful (ঈজ্‌ফুল্‌), *a.* বিশ্রামদায়ক ; At rest ; আরামদায়ক ; স্বচ্ছন্দকর ; Soothing ; comfortable.

Easel (ঈজ্‌ল্‌), *n.* চিত্রফলক, চিত্রকর পাটা ; Painter's frame.

Easement (ঈজ্‌মেণ্ট্‌), *n.* আরাম ; সাহায্য ; Relief ; assistance ; পথাধিকার ; Right of way ; লাগোয়া সংলগ্ন চালা ; Supplementary building.

Easily (ঈজ্‌লি), *ad.* অনায়াসে ; সহজে ; With ease.

East (ঈস্ট্‌), *n.* পূর্ব্বদিক্‌ ; The point in the heavens where the sun rises ; প্রাচ্যদেশ ; Orient :—*ad.* পূর্ব্বদিকে ; Towards the east :—পূর্ব্বদিগ্বর্ত্তী ; On the east.

East-end (ঈস্ট্‌-এণ্ড্‌), *n.* লণ্ডন নগরের পূর্ব্বাঞ্চল, এখানে প্রধানতঃ দরিদ্রের বাস ; Eastern part of London, where the poor people normally live.

Easter (ঈস্টার্‌), *n.* যীশুর পুনরুত্থান পর্ব্ববিশেষ ; Festival of Christ's Resurrection.

Easterly (ঈস্টার্‌লি), *a.* পূর্ব্বদিক্‌ হইতে আগত ; Coming from the east (*easterly* wind) ; পূর্ব্বাভিমুখী ; Towards the east :—*ad.* পূর্ব্বদিকে ; পূর্ব্বাভিমুখে ; On or towards the east

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Eastern (ঈস্টার্ণ্), *a.* পূর্ব্বদেশীয়; প্রাচ্য; Of the east; oriental.

Easternmost (ঈস্টার্ণ্মোস্ট্), *a.* সর্ব্বাপেক্ষা পূর্ব্বদিগ্বর্ত্তী; Situated in the farthest east.

East-Indiaman (ঈস্ট্-ইণ্ডিয়্যাম্যান্), *n.* পূর্ব্ব-দেশীয় বাণিজ্য নিয়োজিত জাহাজ; Vessel engaged in East-Indian trade.

Eastward (ঈস্ট্ওয়ার্ড্), *ad.* পূর্ব্ব-দিকে; Towards the east :—*a.* পূর্ব্বদিগ্বর্তী; Facing the east.

Eastwards (ঈস্ট্ওয়ার্ড্স্), *ad.* Same as **Eastward.**

Easy (ঈজি), *a.* সহজ; Not difficult; স্বচ্ছন্দ; Free from discomfort or pain; সহজলভ্য; Easily gained (money); সচ্ছল; Not straitened in money matters :—*ad.* সহজভাবে; In an easy manner (take it *easy*; mathematics comes *easy* to him).

Easy-chair (ঈজি-চেয়ার্), *n.* আরাম-কেদারা; Arm-chair for rest.

Easy-going (ঈজি-গোয়িং), *a.* অলস; Idle; হৈ-চৈ করিতে ভালবাসে না, যেমন রহিয়াছে তাহাতেই সন্তুষ্ট; Not fussy, content to leave things as they are.

Eat (ইট্), *v. t.* ভক্ষণ করা; খাওয়া; Take as a meal; ক্ষয় করা; Corrode; ক্রমশঃ ক্ষয় করা; Consume gradually :—*v. i.* খাওয়া; Take food. *p. t.*=ate. *p. p.*=eaten. **Eat away**—ক্ষয় হইয়া নষ্ট হওয়া; Destroy gradually. **Eat one's words**—হীন-ভাবে নিজের ভুল স্বীকার করা; Retract abjectly.

Eatable (ইটাব্ল্), *a.* ভক্ষণযোগ্য; Usually edible :—*n.* (usu. *pl.*) খাদ্যদ্রব্য; Anything used as food.

Eater (ইটার্), *n.* ভক্ষক; ক্ষয়কারী পদার্থ; One who eats; corrosive substance.

Eating-house (ঈটিং-হাউস্), *n.* হোটেল; Restaurant.

Eau-de-cologne (ওডিকলোন্), *n.* ওডিকলোন-নামক সুগন্ধি দ্রব্য; Perfume made at Cologne.

Eaves (ঈভ্স্), *n. pl.* ঘরের ছাঁইচ; Overhanging edges of a roof.

Eavesdrop (ঈভ্স্ড্রপ্), *v. t. i.* আড়ি পাতিয়া শুনা; Listen to what is not intended for the hearer.

Eavesdropper (ঈভ্স্ড্রপার্), *n.* যে আড়ি পাতিয়া শুনে; One who tries to overhear private conversation.

Ebb (এব্), *n.* ভাটা; Retiring of the tide; অবনতি; হ্রাস; Decline or decay :—*v. i.* ভাটা পড়া; Flow back; হ্রাস পাওয়া; Decay.

Ebb-tide (এব্-টাইড্), *n.* ভাটা; Ebbing or retiring tide.

E-boat (ঈ-বোট্), *n.* জাহাজ জলমগ্ন করিবার যন্ত্র-বিশেষ; Motor torpedo.

Ebon (এবন্), *a.* আবলুস কাষ্ঠে গঠিত; আবলুস কাষ্ঠের মত কৃষ্ণবর্ণ; Made of ebony; black as ebony.

Ebonite (এবনাইট্), *n.* কঠিনীকৃত রবার-বিশেষ; Vulcanite.

Ebony (এবনি), *n.* আবলুস কাষ্ঠ; A kind of hard black wood.

Ebullience (ইবালিয়েন্স্), **Ebulliency** (ইবালিয়েন্সি), *n.* উচ্ছ্বাস; Exuberance; উথলাইয়া পতন; Overflowing; boiling over.

Ebullient (ইবালিয়েন্ট্), *a.* ফুটন্ত; Boiling over; উচ্ছ্বসিত; Exuberant.

Ebullition (এবুলিশন্), *n.* ফুটিয়া উঠন; Boiling, effervescence; ক্রোধ-প্রকাশ; Outward display of anger.

Ecarte (একার্টে), *n.* একরকম তাস খেলা; A kind of game at cards.

Ecce Homo (এক্সি হোমো), *n.* যীশু-খ্রীষ্টের কণ্টকমুকুট-পরিহিত প্রতিকৃতি;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Picture of Jesus Christ wearing crown of thorns (*lit.* Behold the man).

Eccentric (ইক্‌সেন্‌ট্রিক্), *a.* কেন্দ্রত্যাগী ; ঔৎকেন্দ্রিক ; Deviating from the centre ; অদ্ভুত ; খামখেয়ালী ; Odd ; whimsical :—*n.* খামখেয়ালী ব্যক্তি ; An eccentric or whimsical person.

Eccentric (ইক্‌সেন্‌ট্রিক্), *n.* ভিন্ন কেন্দ্রাশ্রিত বৃত্ত ; Circle not having the same centre as another.

Eccentricity (এক্‌সেন্‌ট্রিসিটি), *n.* ঔৎকেন্দ্রতা ; কেন্দ্রীয় দূরত্ব ; Distance of the centre of a planet's orbit from the centre of the sun ; খামখেয়ালী ব্যবহার ; মাথা-পাগলামি ; Singularity of conduct ; whimsicality ; capriciousness.

Ecclesiast (ইক্লীজ্রিয়্যাস্ট্), *n.* আচার্য্য ; যাজক ; পুরোহিত ; Priest ; clergyman ; ecclesiastic.

Ecclesiastes (ইক্লীজ্রিয়্যাস্টীজ্), *n.* বাইবেলের অধ্যায়-বিশেষ ; One of the books of the Old Testament.

Ecclesiastic (ইক্লীজ্রিয়্যাস্টিক্), *n.* পাদরী ; Clergyman.

Ecclesiastical (ইক্লীজ্রিয়্যাস্টিক্যাল্), *a.* যাজকীয় ; Of the church. *ad.*= ecclesiastically.

Echo (একো), *n.* প্রতিধ্বনি ; Reverberation ; পুনরুক্তি ; Repetition ; যে ব্যক্তি স্বয়ং না বুঝিয়া অন্যের মতে বা বাক্যে সায় দেয় ; One who repeats or approves the words or ideas of another without understanding them properly :—*v. t. i.* প্রতিধ্বনিত করা বা হওয়া ; Resound or reverberate ; পুনরুচ্চারণ করা ; Repeat (a thing said).

Eclat (এক্লা), *n.* শোভা ; আড়ম্বর ; Splendour ; show ; উচ্চ সুখ্যাতি, প্রশংসা ; Applause ; গৌরব ; Prestige.

Eclectic (ইক্‌লেক্‌টিক্), *a.* সারগ্রাহী ; Choosing the best out of every thing :—*n.* সর্ব্বদর্শন সংগ্রহকারী ব্যক্তি ; One who selects opinions from different systems ; উদার-স্বভাব ব্যক্তি ; A man of catholic views.

Eclipse (ইক্লিপ্‌স্), *n.* (সূর্য্য বা চন্দ্র) গ্রহণ ; Interception of light of the sun or the moon by another body ; অন্ধকার ; নিষ্প্রভতা ; Darkness ; loss of brilliancy :—*v. t.* গ্রাস করা ; Intercept ; মেঘাচ্ছন্ন করা ; Darken ; শ্রেষ্ঠ হওয়া ; অতিক্রম করা ; Outshine ; surpass.

Ecliptic (ইক্লিপ্‌টিক্), *n.* ক্রান্তিবৃত্ত ; Yearly path of the sun ; সৌর কক্ষবৃত্ত ; Sun's apparent orbit ; গ্রহণ রেখা ; Line in which eclipses take place :—*a.* গ্রহণ বা অয়ন-মণ্ডল-সম্বন্ধীয় ; Of ecliptic.

Eclogue (এক্‌লগ্), *n.* গ্রাম্য কবিতা ; [Pastoral poem.

Economic (ঈকনমিক্), *a.* অর্থনীতি-সম্বন্ধীয় ; Of economics.

Economical (ঈকনমিক্যাল্), *a.* মিতব্যয়ী ; Frugal.

Economics (ঈকনমিক্‌স্), *n.* স্বত্ব-অর্থবিজ্ঞান ; অর্থবিদ্যা ; Political economy.

Economist (ইকনমিস্ট্), *n.* মিতব্যয়ী ; One who is economical ; অর্থনীতিজ্ঞ ; One versed in political economy.

Economize (ইকনমাইজ্), *v. t.* পরিমিত ব্যয় করা ; Spend money cautiously.

Economy (ইকনমি), *n.* মিতব্যয়িতা ; Thriftiness ; সংসারযাত্রা-নির্ব্বাহ ; Household management (domestic economy) ; অর্থনীতি ; A system of political economy. **Political Economy** (পলিটিক্যাল্ ইকনমি) — রাজনীতি-বিজ্ঞান ।

Ecstasy (এক্‌স্‌ট্যাসি), *n.* উন্মাদ, হর্ষ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Edgeless (এজ্‌লিস্), *a.* ভোঁতা ; Blunt.

Edgetool (এজ্‌টুল্), *n.* তীক্ষ্ণাস্ত্র ; Tool with a sharp edge.

Edgeways (এজ্‌ওয়েজ্‌), **Edgewise** (এজ্‌ওয়াইজ্‌), *ad.* পাশাপাশি ; কিনারার দিকে ; Sideways.

Edging (এজিং), *n.* কিনারা ; ধার ; ঝালর ; Border ; fringe.

Edgy (এজি), *a.* ধারাল ; ধারসমন্বিত ; Sharp ; with edge.

Edibility (এডিবিলিটি), *n.* ভক্ষণীয়তা ; Fitness for eating.

Edible (এডিব্‌ল্), *a.* ভক্ষ্য, ভক্ষণীয় ; Fit to be eaten, eatable :—*n.* ভোজ্য, খাদ্য ; Anything eatable.

Edict (ঈডিক্‌ট্), *n.* রাজাজ্ঞা ; নির্দ্দেশ ; Order of a king ; ordinance, decree.

Edification (এডিফিকেশন্), *n.* নৈতিক উন্নতি সাধন ; Moral improvement.

Edifice (এডিফিস্), *n.* অট্টালিকা ; প্রাসাদ ; Large building or house.

Edify (এডিফাই), *v. t.* নৈতিক উন্নতি সাধন করা ; Improve morally.

Edifying (এডিফায়িং), *a.* শিক্ষাপ্রদ ; উন্নতিসাধক ; Instructive ; improving.

Edile (ঈডাইল্), *n.* সরকারী গৃহাদির তত্ত্বাবধায়ক রোমীয় কর্ম্মচারী ; Roman magistrate having the charge of public buildings. *n.*=edileship.

Edit (এডিট্) *v. t.* (গ্রন্থ বা সংবাদপত্র) সম্পাদন করা ; Prepare (a book or newspaper) for publication.

Edition (ইডিশন্), *n.* গ্রন্থপ্রকাশ, সংস্করণ ; এক সংস্করণের যাবতীয় গ্রন্থসংখ্যা ; Publication or republication of a book ; number of copies published at one time.

Edition de luxe (ইডিশন্ ডি লুক্‌স্), *n.* রাজসংস্করণ ; Handsome edition.

Editor (এডিটর্), *n.* সম্পাদক ; One

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

who edits a book or journal. *fem.*=editress.

Editorial (এডিটোরিয়্যাল্), *a.* সম্পাদকীয় ; Pertaining to an editor :—*n.* সম্পাদকীয় প্রবন্ধ ; Newspaper leader.

Editorship (এডিটর্‌শিপ্), *n.* সম্পাদকের কার্য্য বা পদ ; Business or office of an editor.

Educate (এডিউকেট্), *v. t.* শিক্ষা দেওয়া ; Instruct. *n.*=educator.

Education (এডিউকেশন্), *n.* শিক্ষা ; শিক্ষাদান ; Instruction ; training.

Educational (এডিউকেশন্যাল্), *a.* শিক্ষাবিষয়ক ; Relating to education.

Educationist (এডিউকেশনিস্ট্), *n.* শিক্ষাব্রতী ; Promoter of education, one versed in education.

Educative (এডিউকেটিভ্), *a.* শিক্ষাপ্রদ ; শিক্ষা-সম্বন্ধীয় ; Imparting instruction ; relating to education.

Educe (ইডিউস্), *v. t.* বাহির করা ; উৎপাদন করা ; নিষ্কর্ষণ করা ; Draw out ; cause to appear ; extract :—*n.* অনুমানজাত সিদ্ধান্ত ; Inference.

Educible (এডিউসিব্‌ল্), *a.* নিষ্কাশন-যোগ্য ; উৎপাদনীয় ; That may be educed. [Inference.

Educt (ইডাক্ট্), *n.* অনুমানজাত সিদ্ধান্ত ;

Eduction (ইডাক্‌শন্), *n.* নিষ্কাশন ; উৎপাদন ; Act of educing.

Eductor (ইডাক্‌টর্), *n.* উৎপাদক ; নিষ্কাশক ; One who or that which educes.

Eel (ঈল্), *n.* বাইন মাছ।

E'en (ঈন্)—A contraction of **Even.**

E'er (এয়ার্)—A contraction of **Ever.**

Eerie, Eery (ঈরি), *a.* ভীতিজনক ; ভীতিশীল ; Causing fear ; timorous. *ad.*=eerily. *n.*=eeriness.

Effable (এফ্যাব্‌ল্), *a.* প্রকাশ্য ; Capable of being uttered or expressed.

Efface (ইফ্‌ফেস), *v. t.* মুছিয়া ফেলা ; নষ্ট করা ; Blot out ; destroy. effacement.

Effaceable (ইফ্‌ফেস্যাব্‌ল্), *a.* নীয় ; That can be rubbed out.

Effect (ইফ্‌ফেক্ট্), *n.* কর্ম্মফল ; Result ; consequence ; Efficacy ; যাথার্থ্য ; Reality ; Profit ; সমাপ্তি ; Completion ; দ্রব্যাদি ; সম্পত্তি ; Goods ; prop —*v. t.* উৎপন্ন করা ; সম্পন্ন Produce ; accomplish. *n.*=effec effector. **In effect**— Virtually. **Of no effect**— Ineffectual. **Take effect**— হওয়া ; Be effectual. **To the same effect**—একই মর্ম্মের ; Of the same import.

Effectible (ইফ্‌ফেক্টিব্‌ল্), *a.* সম্পাদ সাধ্য ; Practicable ; feasible.

Effective (ইফ্‌ফেক্টিভ্), *a.* ফলোৎপা ক্ষমতাশালী ; Efficacious ; pow ful.

Effectual (ইফ্‌ফেক্‌টিউয়্যাল্), *a.* ফল পাদক, ইষ্টফলপ্রদ ; Producing desired result. *ad.*=effectual *n.*=effectuality.

Effectuate (ইফ্‌ফেক্‌টিউয়েট্), *v.* সম্পন্ন করা ; Accomplish. *n.*=effe tuation.

Effeminacy (ইফ্‌ফেমিন্যাসি), স্ত্রীজনোচিত ভাব ; Womanishness womanliness.

Effeminate (ইফ্‌ফেমিনেট্), *a.* জনোচিত ; ইন্দ্রিয়পরতন্ত্র ; Woman womanly ; voluptuous :—*v. t.* মেয়েলী ভাবাপন্ন করা বা হওয়া ; ই করা ; Make or become effe nate ; weaken.

Effendi (এফ্‌ফেণ্ডি), *n.* তুরস্ক-দে সম্ভ্রমসূচক উপাধি ; মহাশয় ; Turk title of distinction ; Sir.

Efferent (এফ্‌ফারেণ্ট্), *a.* র

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

vapours rising from decaying matters. *pl.*=effluvia. *a.*=effluvial.

Efflux (এফ্‌ফ্লাক্‌স্), **Effluxion** (এফ্‌ফ্লাক্‌শন্), *n.* নিঃসরণ ; নির্গমন ; Flowing out ; emanation.

Effort (এফ্‌ফর্ট্), *n.* চেষ্টা ; বলপ্রয়োগ ; Attempt ; struggle.

Effortless (এফ্‌ফর্ট্‌লিস্), *a.* উদ্যমবিহীন ; Making no effort.

Effrontery (এফ্‌ফ্রাণ্টারি), *n.* ধৃষ্টতা ; নির্লজ্জতা ; নির্লজ্জ সাহস ; Impudence ; shamelessness ; shameless boldness.

Effulge (এফ্‌ফাল্‌জ্, ইফ্‌ফাল্‌জ্), *v. i.* চক্ চক্ করা ; জ্যোতিঃ প্রকাশ করা ; Shine ; beam.

Effulgence (ইফ্‌ফাল্‌জেন্স্), *n.* উজ্জ্বলতা ; দীপ্তি ; Flood of light, great lustre or brightness.

Effulgent (ইফ্‌ফাল্‌জেণ্ট্), *a.* উজ্জ্বল ; দীপ্যমান ; জমকাল ; Shining forth ; extremely bright ; splendid.

Effuse (ইফ্‌ফিউজ্), *v. t.* নিঃসরণ করা ; ঢালা ; ফেলা ; Pour out ; spill ; shed.

Effusion (ইফ্‌ফিউঝ্‌ন্), *n.* ভাবোচ্ছ্বাস ; কবিতা ; Outpouring of emotion or sentiment ; poem.

Effusive (ইফ্‌ফিউসিভ্), *a.* নির্গমনশীল ; Gushing.

Eft (এফ্‌ট্), *n.* একপ্রকার টিক্‌টিকি ; A kind of lizard.

Egad (ইগ্যাড্), *int.* হাঃ ! Exclamation of exultation or surprise ; হা ভগবান্ ; By God !

Egg (এগ্), *n.* ডিম :—*v. t.* উত্তেজিত করা ; Instigate ; উৎসাহিত করা ; Urge. **Egg-flip**—ডিম্বমিশ্রিত পানীয়বিশেষ ; A drink made of wine with eggs, sugar, etc. [Brinjal.

Egg-apple (এগ্‌-য়্যাপ্‌ল্), *n.* বেগুন ;

Egg-cup (এগ্‌-কাপ্), *n.* ডিম রাখিবার বাটি ; Cup for keeping eggs.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Egg-plant (এগ্-প্ল্যান্ট্), *n.* বেগুন গাছ ; Brinjal-plant.

Egg-shaped (এগ্-শেপ্ট্), *a.* ডিম্বাকার ; Oval.

Eglantine (এগ্ল্যান্টাইন্), *n.* একজাতীয় গোলাপ পুষ্প ; A species of rose.

Ego (এগো), *n.* আত্মা ; অহম্ ; Self.

Egoism (এগোয়িজ্ম্), *n.* অহমিকা ; Self-opinionatedness ; স্বার্থমূলক নীতিবাদ ; Theory of morality based on self-interest (*cf.* altruism).

Egoist (এগোয়িস্ট্), *n.* স্বার্থবাদী ; A believer in egoism ; স্বার্থপর লোক ; A selfish person.

Egoistic (এগোয়িস্টিক্), **Egoistical** (এগোয়িস্টিক্যাল্), *a.* আত্মানুরাগপ্রদর্শী ; আত্মানুরাগ-সম্বন্ধীয় ; Manifesting or relating to egoism. *ad.* = egoistically.

Egotism (এগটিজ্ম্), *n.* অস্মিতা ; Frequent use of the pronoun I ; আত্মশ্লাঘা ; Self-conceit.

Egotist (এগটিস্ট্), *n.* আত্মাভিমানী বা আত্মশ্লাঘী ব্যক্তি ; One full of egotism.

Egotistic (এগটিস্টিক্), **Egotistical** (এগটিস্টিক্যাল্), *a.* আত্মশ্লাঘী ; দাম্ভিক ; Conceited. *ad.* = egotistically.

Egregious (ইগ্রীজাস্), *a.* গুরুতর (খারাপ অর্থে) ; বিখ্যাত ; Enormous (in a bad sense) ; distinguished.

Egress (ঈগ্রেস্), *n.* বহির্গমন ; Going out ; বাহিরে যাইবার পথ ; Way out.

Egret (ঈগ্রেট্), *n.* বক-বিশেষ ; Lesser white heron.

Egyptian (ঈজিপ্শ্ন্), *a.* মিশর-দেশীয় ; Belonging to Egypt :—*n.* মিশরবাসী ; Native of Egypt.

Eh (এ), *int.* প্রশ্ন বা বিস্ময়সূচক অব্যয় ; Expression of inquiry or surprise.

Eider (আইডার্), **Eider-duck** (আইডার্-ডাক্), *n.* উত্তর মহাসাগরীয় হংস-বিশেষ ; Arctic duck.

Eider-down (আইডার্-ডাউন্), সামুদ্রিক হংসের কোমল পালক ; feathers of the eider-duck.

Eight (এট্), *a.* আট, অষ্ট ; Twice four :—*n.* আট, আট সংখ্যা ; number greater than seven by unit.

Eighteen (এটীন্), *a.* & *n.* আঠার ; [Twice-

Eighteenth (এটীন্থ্), *a.* আঠারো ; *n.* অষ্টাদশ সংখ্যা।

Eightfold (এট্ফোল্ড্), *a.* আট-গুণ ; Eight times any quantity.

Eighth (এট্থ্), *a.* অষ্টম ; Next in order after the seventh :—*n.* অষ্টম ভাগ ; Eighth part. *ad.* = eighthly.

Eightieth (এটিয়েথ্), *a.* & *n.* অশীতিতম বা অশীতিতম সংখ্যা।

Eighty (এটি), *a.* & *n.* অশীতি ; অশীতি সংখ্যা।

Either (আইদার্, ঈদার্), *a.* & *p.* দু'য়ের মধ্যে এক ; অন্যতর ; প্রত্যেক ; one of two ; the one or the other ; each of two :—*ad.* (in *neg.* & *int. neg.*) ও (I don't like cinema either, I don't like theatre, *either*, *conj.* অথবা ; Correlative to or.

Ejaculate (ইজ্যাকিউলেট্), *v. t.* হঠাৎ উচ্চারণ করা ; Utter suddenly ; হঠাৎ চেঁচান ; Utter ejaculation. *a.* ejaculative.

Ejaculation (ইজ্যাকিউলেশন্), *n.* হঠাৎ চীৎকার বা উচ্চারণ ; Sudden utterance.

Ejaculatory (ইজ্যাকিউলেটরি), *a.* হঠাৎ উচ্চারণীয় ; To be uttered in short earnest sentences.

Eject (ইজেক্ট্), *v. t.* নিক্ষেপ করা ; প্রক্ষেপ করা ; Throw out ; cast forth ; দূর করা ; বহিষ্কার করা ; অধিকার হরণ করা ; উচ্ছেদ করা ; রহিত করা ; Expel

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Ejection (ইজেক্‌শন্), *n.* নিক্ষেপ ; দূরীকরণ ; বহিষ্করণ ; বমন ; Discharge ; expulsion ; vomiting.

Ejectment (ইজেক্‌ট্‌মেণ্ট্), *n.* বেদখল ; Expulsion ; ভূমির অধিকার পুনরুদ্ধার জন্য মোকদ্দমা ; Action for the recovery of the possession of land.

Ejector (ইজেক্‌টর্), *n.* বেদখলকারী ; বহিষ্কারক ; One who ejects or dispossesses another of his land.

Eke (ইক্), *v. t.* (with *out*) উঞ্ছ বৃত্তি দ্বারা অভাব পূরণ করা বা বেতন বাড়ান ; To supply the deficiencies of (*eke* out one's salary with odd jobs) ; Increase ; prolong :—*ad.* আরও ; Also.

Elaborate (ইল্যাবরেট্), *v. t.* শ্রমদ্বারা উন্নত করা ; উন্নত করা ; Produce with labour ; improve :—*a.* পরিশ্রমসিদ্ধ ; Wrought with labour ; সুসম্পন্ন ; highly finished.

Elaborately (ইল্যাবরেট্‌লি), *ad.* বিস্তারিতভাবে ; In detail.

Elaboration (ইল্যাবরেশন্), *n.* উন্নতিকরণ ; বিবরণ ইত্যাদি যোগকরণ ; Improving by extension ; adding details to ; বিবরণ দিয়া বর্দ্ধন ; The state of being spread out in detail ; যোগ করা জিনিস, বিবরণাদি ; A detail added. *a.*=elaborative.

Eland (ইল্যাণ্ড্), *n.* দক্ষিণ আফ্রিকার মৃগবিশেষ ; A South African antelope.

Elapse (ইল্যাপ্‌স্), *v. i.* ধীরে ধীরে অতিবাহিত হওয়া ; বহিয়া যাওয়া ; Pass away silently ; glide away.

Elastic (ইল্যাস্টিক্), *a.* স্থিতিস্থাপক ; Springy. *ad.*=elastically.

Elasticity (ইল্যাস্টিসিটি), *n.* স্থিতিস্থাপকতা ; Springiness.

Elate (ইলেট্), *a.* উৎফুল্ল ; উৎক্ষিপ্ত ; Exalted ; puffed up :—*v. t.* উল্লসিত করা ; উৎফুল্ল করা ; Exalt the spirit of ; elevate ; গর্ব্বিত করা ; Make proud.

Elated (ইলেটেড্), *a.* গর্ব্বিত, বিজয়-গর্ব্বে স্ফীত ; Puffed up with the pride of success.

Elation (ইলেশন্), *n.* উল্লাস ; বিজয়গর্ব্ব ; High spirits ; joy and pride.

Elbow (এল্‌বো), *n.* কনুই ; Joint of the arm ; মোড় অথবা বাঁক ; Sharp turn or bend :—*v. t.* কনুই দ্বারা ধাক্কা মারা ; Push with the elbow ; ঠেলাঠেলি করা ; Jostle (he boarded the car after much *elbowing*). **At one's elbow**—নিকটে ; At hand.

Elbow-chair (এল্‌বো-চেয়ার্), *n.* হাতরাখা চেয়ার ; Arm-chair.

Elbow-room (এল্‌বো-রূম্), *n.* চলাফেরা বা কাজ করিবার মত মুক্ত স্থান ; Room to move freely.

Eld (এল্‌ড্), *n.* বৃদ্ধাবস্থা ; প্রাচীনকাল ; Old age ; olden time.

Elder (এল্ডার্), *a.* জ্যেষ্ঠ ; (দুইজনের মধ্যে) অগ্রজ ; Older ; prior in origin :—*n.* বয়োজ্যেষ্ঠ ব্যক্তি ; One who is older ; senior ; পূর্ব্বপুরুষ ; Ancestor :—*pl.* গুরুজন ; Superiors.

Elderly (এল্ডার্‌লি), *a.* বৃদ্ধ, প্রৌঢ় ; Rather old. *n.*=elderliness.

Eldership (এল্ডার্‌শিপ্), *n.* বয়োজ্যেষ্ঠতা ; State of being older.

Eldest (এল্ডেস্ট্), *a.* জ্যেষ্ঠ ; বৃদ্ধতম ; [Oldest.

El Dorado (এল্ ডোরাডো), *n.* কাল্পনিক স্বর্ণবহুল স্থান, সোনার লঙ্কা ; Fictitious country abounding in gold. *pl.*= El Dorados.

Elect (ইলেক্‌ট্), *v. t.* নির্ব্বাচন করা ; মনোনীত করা ; পছন্দ করা ; Choose :—

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

a. মনোনীত ; কোন পদের জন্য নির্ব্বাচিত ; Chosen (the President *elect*) :—*n.* নির্ব্বাচিত ব্যক্তি ; One chosen.

Election (ইলেক্‌শন্), *n.* ভোট দ্বারা নির্ব্বাচন ; Choice by vote.

Electioneer (ইলেক্‌শনীয়ার্), *v. i.* রাজনীতিক্ষেত্রে নির্ব্বাচনের জন্য ভোট সংগ্রহের চেষ্টা করা ; Busy oneself in political elections.

Electioneering (ইলেক্‌শনীয়ারিং), *n.* মতভিক্ষা ; ভোটভিক্ষা ; Soliciting of votes.

Elective (ইলেক্‌টিভ্), *a.* নির্ব্বাচনে নিযুক্ত ; Appointed by election ; নির্ব্বাচনের অধিকারযুক্ত ; Entitled to elect ; (পাঠ্যক্রম সম্বন্ধে) ঐচ্ছিক ; Optional (*elective* subjects). *ad.*= electively.

Elector (ইলেক্‌টর্), *n.* নির্ব্বাচক ; Voter. *fem.*=electress.

Electoral (ইলেক্‌টর্যাল্), *a.* নির্ব্বাচন-সম্বন্ধীয় ; Of elections.

Electorate (ইলেক্‌টরেট্), *n.* নির্ব্বাচক-মণ্ডলী ; Whole body of electors.

Electric (ইলেক্‌ট্রিক্), *a.* বৈদ্যুতিক ; Of electricity :—*n.* বৈদ্যুতিক পদার্থ ; Electric substance.

Electrical (ইলেক্‌ট্রিক্যাল্), *a.* Same as **Electric.**

Electrician (ইলেক্‌ট্রিশন্), *n.* তড়িৎ-তত্ত্ববিৎ ; One who is versed in the science of electricity.

Electricity (ইলেক্‌ট্রিসিটি), *n.* বৈদ্যুতিক শক্তি ; বিদ্যুৎ, তাড়িত শক্তি ; Electrical energy ; তাড়িত-বিজ্ঞান ; Science of electricity.

Electrify (ইলেক্‌ট্রিফাই), **Electrize** (ইলেক্‌ট্রাইজ্), *v. t.* বৈদ্যুতিক শক্তি সঞ্চারিত করা ; Charge with electricity ; চমকিত করা ; Startle ; উত্তেজিত করা ; Excite. *a.*=electrifiable. *n.*= electrification.

Electrocute (ইলেক্‌ট্রকিউট্), বৈদ্যুতিক শক্তির দ্বারা প্রাণ বিনা Execute by electricity. *n.*= trocution.

Electrogild (ইলেক্‌ট্রোগিল্ড্), তড়িৎপ্রবাহের সাহায্যে গিল্টি করা ; by the help of electric curre

Electrolyse (ইলেক্‌ট্রলাইজ্), বৈদ্যুতিক ক্রিয়ার সাহায্যে বিশ্লি Decompose by galvanic acti

Electrolysis (ইলেক্‌ট্রলিসিস্), তড়িৎ-বিশ্লেষণ ; Process of ch decomposition by electricity.

Electro-magnet (ইলেক্‌ট্রো-ম্যা *n.* তড়িৎ-চুম্বক ; Iron rod re magnetic by electric current.

Electro-magnetism (ইলেক্‌ট্রো-ম্যাগ্‌নেটিজ্‌ম্), *n.* তড়িৎ ও চুম্বকের সম্বন্ধীয় বিজ্ঞান ; Branch of which treats of the relati electricity to magnetism.

Electrometer (ইলেক্‌ট্রমিটার্), তড়িৎ-পরিমাপক যন্ত্র।

Electron (ইলেক্‌ট্রন্), *n.* ই পরমাণু ; তড়িৎ-অণু ; Infinitely particles.

Electroplate (ইলেক্‌ট্রপ্লেট্), তাড়িৎ সাহায্যে পাত্রাদির উপর (বা অন্য ধাতুর) গিল্টি করা ; C spoons, dishes, etc. with silv the use of electricity :—*n.* সাহায্যে রূপার (বা অন্য ধাতুর) করা জিনিস ; Electro- article.

Electroscope (ইলেক্‌ট্রস্কোপ্), যন্ত্রদ্বারা তড়িতের স্থিতি বা ধর্ম্ম পারা যায় ; Instrument indi the presence or quality of el city.

Electrotype (ইলেক্‌ট্রটাইপ্), তড়িৎ প্রক্রিয়ায় প্রস্তুত তাম্রময় অক্ষর —*v. t.* তড়িৎ-প্রক্রিয়ার দ্বারা অক্ষ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Electuary প্রস্তুত করা ; Copy with the help of electricity. *a.*=electrotypic. *n.*= electrotypist.

Electuary (ইলেক্টিউয়ারি), *n.* অবলেহ-বিশেষ ; A form of medicine to be taken by licking it up.

Eleemosynary (এলিয়ীমজিন্যারি), *a.* দান-সম্বন্ধীয় ; Of charity ; ভিক্ষার উপরে নির্ভর ; Dependent on alms ; বদান্য ; Charitable.

Elegance (এলিগ্যান্স্), **Elegancy** (এলিগ্যান্সি), *n.* সৌন্দর্য্য ; শোভা ; Beauty ; refinement ; কমনীয়তা ; Gracefulness.

Elegant (এলিগ্যান্ট্), *a.* সুচারু ; রমণীয় ; পরিষ্কৃত ; সুশ্রী ; Graceful ; refined ; polished ; beautiful. *ad.*=elegantly.

Elegiac (এলিজায়াক্), *a.* শোকসূচক ; Mournful :—*n. pl.* শোকসূচক গান ; শোকজ্ঞাপক কবিতা ; Elegiac verses.

Elegist (এলিজিস্ট্), *n.* শোকসঙ্গীত-লেখক ; অন্ত্যেষ্টিগাথা-লেখক ; Writer of elegies.

Elegy (এলিজি), *n.* বিষাদ-সঙ্গীত ; শোকসূচক গান ; অন্ত্যেষ্টি-গাথা ; Mournful poem ; funeral song.

Element (এলিমেণ্ট্), *n.* উপাদান ; Component part ; (রসায়নে) মৌলিক পদার্থ ; Unanalysable substance ; প্রাকৃতিক শক্তি-নিচয় ; Forces of nature (Plural of the *elements*) :—*pl.* উপক্রমণিকা ; সূত্র-সূত্র বা তত্ত্ব ; Rudiments of anything ; একটু ছিটা, স্পর্শ বা অতি সামান্য ; A small quantity, or touch, or mixture. **The four elements**—ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ; Earth, water, fire and air.

Elemental (এলিমেণ্ট্যাল্), *a.* ভৌতিক ; মূল-সম্বন্ধীয় ; Pertaining to elements or first principles.

Elementary (এলিমেণ্ট্যারি), *a.* প্রাথমিক ; Primary ; উপক্রমণিকা-সম্বন্ধীয় ; মূলপদার্থ-বিষয়ক ; Rudimentary ; সামান্য ; Slight.

Elephant (এলিফ্যাণ্ট্), *n.* হাতী।

Elephantiasis (এলিফ্যান্টাইয়াসিস্), *n.* গোদ।

Elephantine (এলিফ্যান্টাইন্), *a.* হস্তি-সম্বন্ধীয় ; Of an elephant ; অতি বৃহৎ ; Very large.

Elevate (এলিভেট্), *v. t.* উত্তোলন করা ; Lift up ; উন্নত করা ; Raise morally or intellectually ; স্ফীত করা ; Swell.

Elevation (এলিভেশন্), *n.* উত্তোলন ; Raising up ; উচ্চতা ; Height ; মর্য্যাদা ; উচ্চপদ ; Dignity ; উচ্চ স্থান ; Elevated place.

Elevator (এলিভেটর্), *n.* উত্তোলন-কারী, উত্তোলক ; Person or thing that lifts up.

Eleven (ইলেভ্ন্), *a.* & *n.* একাদশ বা একাদশ সংখ্যা।

Eleventh (ইলেভ্ন্থ্), *a.* একাদশ :—*n.* একাদশাংশ, একাদশ সংখ্যা। **At the eleventh hour**—একেবারে শেষ সময়ে ; At the very last moment ; ঠিক সময়ে ; Just in time.

Elf (এল্ফ্), *n.* পরী ; বামন ; Fairy ; dwarf ; চাতুরীপূর্ণ লোক ; Tricky fellow. *pl.*=elves. **Elf-fire**—আলেয়া ; The ignis-fatuus.

Elfin (এল্ফিন্), *a.* ভৌতিক ; Of elves :—*n.* বামন ; শিশু ; Dwarf ; child.

Elfish (এল্ফিশ্), **Elvish** (এল্ভিশ্), *a.* ক্ষুদ্র অশরীরীর মত ; অপকারক ; Elf-like ; mischievous.

Elicit (ইলিসিট্), *v. t.* বাহির করা ; প্রকাশ করা ; সিদ্ধান্ত করা ; Draw out ; bring to light ; deduce. *n.*= elicitation.

Elide (ইলাইড্), *v. t.* স্বর বা শব্দমাত্রা লোপ করা ; Omit a syllable or a vowel.

Eligibility (এলিজিবিলিটি), *n.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নির্ব্বাচিত হইবার যোগ্যতা ; বাঞ্ছনীয়তা ; Fitness to be elected ; desirableness.

Eligible (এলিজিব্‌ল্), *a.* নির্ব্বাচিত হইবার যোগ্য ; উপযুক্ত ; বাঞ্ছনীয় ; Fit to be chosen ; legally qualified ; desirable.

Eliminate (ইলিমিনেট্), *v. t.* পরিত্যাগ করা ; অপসারিত করা ; Remove.

Elimination (এলিমিনেশন্), *n.* বাদ, অপনয়ন, বর্জ্জন ; Removal, removing.

Elision (ইলিঝ্‌ন্), *n.* (স্বর বা শব্দমাত্রার) লোপ ; বিলোপ ; Omission of a vowel or syllable.

Elite (এলীট্), *n.* সমাজের সর্ব্বোৎকৃষ্ট লোকসমূহ ; The best people in a group (*coll. sing.* with *def. art.* ; the *elite* of the society).

Elixir (ইলিক্‌সার্), *n.* জীবনীশক্তিবর্দ্ধক সুরাবিশেষ ; Alchemist's preparation designed to prolong life ; সর্ব্বরোগহর ঔষধ ; Panacea ; sovereign remedy.

Elizabethan (ইলিজ্‌বীথ্যান্), *a.* রাণী এলিজাবেথের বা তাঁহার সমসাময়িক ; Pertaining to Queen Elizabeth or her time.

Elk (এল্‌ক্), *n.* হরিণ-বিশেষ ; Largest species of deer.

Ell (এল্), *n.* সওয়া গজ ; 3¾ ft.

Ellipse (ইল্‌লিপ্‌স্), *n.* ডিম্বাকার ক্ষেত্র ; উপবৃত্ত ; Oval figure bounded by a regular curve ; (*gram.*) শব্দের লোপ ; Omission of words.

Ellipsis (ইল্‌লিপ্‌সিস্), *n.* উহ্য শব্দ ; Omission of a word or words. *pl.*=ellipses.

Elliptic (ইল্‌লিপ্‌টিক্), **Elliptical** (ইল্‌লিপ্‌টিক্যাল্), *a.* বৃত্তাভাস-সম্বন্ধীয় ; ডিম্বাকৃতি ; Pertaining to an ellipse ; oval ; বর্জ্জিতাংশ ; অঙ্গহীন ; Having a part omitted ; defective. *ad.*= elliptically.

Elm (এল্‌ম্), *n.* বৃক্ষ-বিশেষ।

Elocution (ঈলোকিউশন্), *n.* বক্তৃতা ; Oratory. *a.*=elocutionary.

Elocutionist (ঈলোকিউশনিস্ট্) বাক্‌পটু ; বাগ্মিতাশিক্ষক ; One versed in elocution ; teacher of elocution.

Eloge (এলঝ্), *n.* মৃত ব্যক্তির সম্বন্ধে আলোচনা ; Discourse in honour of a deceased person.

Elogium (ইলোজিয়াম্), **Elogy** (ইলজি), *n.* স্তুতিবাদ, প্রশংসা ; Panegyric or eulogy.

Elongate (ঈলংগেট্), *v. t.* দীর্ঘ করা ; বিস্তার করা ; Lengthen ; extend.

Elongation (ঈলংগেশন্), *n.* দীর্ঘকরণ ; Making longer ; দীর্ঘীকৃত অংশ ; The part (of a line, etc.) made longer.

Elope (ইলোপ্), *v. i.* গোপনে পলায়ন করা ; Run away (especially of a woman with her lover).

Elopement (ইলোপ্‌মেণ্ট্), *n.* গোপন পলায়ন ; Secret departure, especially of a woman with her lover.

Eloquence (এলোকোয়েন্স্), বাগ্মিতা ; Oratory.

Eloquent (এলোকোয়েণ্ট্), *a.* বাগ্মী ; Speaking persuasively and well.

Else (এল্‌স্), *ad.* নতুবা ; নচেৎ ; ইতর ; Otherwise ; besides ; instead (follows *inter. pron.* & *adv.* and *indef. pron.*).

Elsewhere (এল্‌স্‌হোয়্যার্), *ad.* অন্যত্র ; In another place.

Elucidate (ইল্‌সিডেট্), *v. t.* ব্যাখ্যা করা, বিস্তারিত বর্ণনা করা ; Explain ; illustrate ; স্পষ্ট করা ; Make clear. *n.*=elucidator.

Elucidation (ইল্‌সিডেশন্), ব্যাখ্যা ; বিশদীকরণ ; Explanation ; exposition.

Elucidative (ইল্‌সিডেটিভ্),

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Elude

cidatory (ইল্‌সিডেটরি), *a.* ব্যাখ্যা-কারী; Explanatory.

Elude (ইলুড্‌), *v. t.* এড়ান ; পলায়ন করা; বিফল করা; Evade ; escape by stratagem ; frustrate. *a.*=eludible.

Elusion (ইলুঝন্‌), *n.* পরিহার ; কৌশল-দ্বারা পলায়ন ; Evasion ; escape by artifice.

Elusive (ইলুসিভ্‌), *a.* প্রতারণাপূর্ণ ; ছলনা; Deceptive ; evasive.

Elusory (ইলুসরি), *a.* ভুয়া ; প্রতারণাময় ; Evasive ; deceitful. *n.*= elusoriness.

Elysian (ইলিজিয়ান্‌), *a.* অত্যন্ত সুখ-কর ; দিব্য ; Exceedingly delightful ; heavenly.

Elysium (ইলিজিয়াম্‌), *n.* স্বর্গ ; রমণীয় স্থান ; Abode of the happy souls ; delightful place.

Emaciate (ইম্যাশিয়েট্‌, ইমেশিয়েট্‌), *v. t. i.* কৃশ করা বা হওয়া ; নষ্ট করা ; Make or become lean ; waste :— *a.* কৃশ ; কাহিল ; Lean ; thin.

Emaciated (ইম্যাসিয়েটেড্‌), *a.* কৃশ ; কাহিল ; Thin ; weak.

Emaciation (ইম্যাসিয়েশন্‌), *n.* কৃশতা ; Leanness ; কৃশ করণ বা হওন ; Act of making or becoming lean.

Emanant (এম্যানান্ট্‌), *a.* নির্গমনশীল ; Issuing from.

Emanate (এম্যানেট্‌), *v. i.* নির্গত হওয়া ; নিঃসৃত হওয়া ; উৎপন্ন হওয়া ; Arise ; proceed from some source ; issue ; spring.

Emanation (এম্যানেশন্‌), *n.* নির্গমন ; নিঃসরণ ; নিঃসৃত পদার্থ ; Issuing ; emanation ; what issues. *a.*=emanative, emanational, emanatory.

Emancipate (ইম্যান্‌সিপেট্‌), *v. t.* মুক্ত করা ; উদ্ধার করা ; Set free ; liberate. *n.*=emancipator.

Emancipation (ইম্যান্‌সিপেশন্‌), *n.* দাসত্ব বা বন্ধন-মোচন ; স্বাধীনতা ; Liberation ; freedom.

Emancipationist (ইম্যান্‌সিপেশ-নিস্ট্‌), *n.* দাসত্ব-মোচনের পক্ষাবলম্বী ; Advocate of emancipation of slaves.

Emasculate (ইম্যাস্‌কিউলেট্‌), *v. t.* খোজা করা, পুরুষত্বহীন করা ; Castrate :—(ইম্যাস্‌কিউল্যাট্‌). *a.* খোজা, পুরুষত্বহীন ; Castrated. *n.*=emasculation.

Embalm (ইম্‌বাম্‌), *v. t.* সুগন্ধি বস্তুদ্বারা (শব) রক্ষা করা ; সুবাসিত করা ; Preserve (a dead body) from decay with aromatic drugs ; perfume ; যত্ন-সহকারে রক্ষা করা ; Preserve carefully. *n.*=embalmer, embalming.

Embank (ইম্‌ব্যাঙ্ক্‌), *v. t.* বাঁধ দিয়া বেষ্টন করা ; বাঁধ দিয়া রক্ষা করা ; Enclose or defend with a dike.

Embankment (ইম্‌ব্যাঙ্ক্‌মেণ্ট্‌), *n.* বাঁধ ; প্রাকার ; Bank ; mound.

Embargo (ইম্বার্‌গো), *n.* রোধ, বন্দরে জাহাজ গমনাগমনের সরকারী নিষেধাজ্ঞা ; Government order forbidding ships to arrive at or leave a port (the German ships were under an *embargo* at the English port) ; বাধা ; Impediment ; কিছুকাল বাণিজ্য স্থগিত করণ ; Suspension of trade, by authority (gold *embargo*). *pl.*=embargoes :—*v. t.* যাইতে নিষেধ করা ; জাহাজের উপর নিষেধাজ্ঞা জারি করা ; Lay an embargo on. **Gold embargo**—নোট ইত্যাদি যখন সোনায় পরিণত করা যায় না বা সোনা যখন রপ্তানী করা চলে না।

Embark (ইম্বার্ক্‌), *v. t.* জাহাজ বা নৌকাতে স্থাপিত করা, পোতারূঢ় করা ; Put on board a ship :—*v. i.* কোন কার্য্যে প্রবৃত্ত হওয়া ; Engage in any

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

affair ; জাহাজে আরোহণ করা ; Go on board a ship.

Embarkation (এম্বার্‌কেশন্), *n.* পোতারোপণ বা পোতারোহণ ; জাহাজে আরোপিত দ্রব্য-সম্ভার ; Act of putting or going on board a vessel ; that which is embarked.

Embarrass (ইম্বার্‌র্যাস্), *v. t.* হতবুদ্ধি করা ; দায়গ্রস্ত করা ; Perplex ; encumber.

Embarrassment (ইম্‌ব্যার্‌র্যাস্‌মেণ্ট্), *n.* বিব্রত হওন বা বিব্রত অবস্থা ; মানসিক বিহ্বলতা ; Embarrassing or being embarrassed ; confusion ; দেনাগ্রস্ত অবস্থা ; The condition of being in debt ; বিব্রতকারী বস্তু, বিব্রত হইবার কারণ ; A thing that embarrasses, a cause of confusion.

Embassy (এম্‌ব্যাসি), *n.* দৌত্যকার্য্য ; Function of an ambassador ; দূতগণ ; অন্য রাজগণ কর্ত্তৃক প্রেরিত সংবাদ ; Person or persons on an embassy ; message sent by other rulers ; রাজদূত ও তাঁহার কর্ম্মচারী ; Ambassador and his staff ; রাষ্ট্রদূতস্থান, দূতাবাস ; দূতগণের বাসভবন ; Residence of ambassadors.

Embattle (ইম্‌ব্যাট্‌ল্), *v. t.* যুদ্ধার্থে (সৈন্য) শ্রেণীবদ্ধ করা ; Arrange in order of battle ; যুদ্ধার্থে অস্ত্রাদির দ্বারা সজ্জিত করা ; Equip for warfare.

Embay (ইম্বে), *v. t.* উপসাগরে (জাহাজ) আনা বা তাড়িত হইয়া আসা ; Bring ships, or drive them by force (of wind) into bay ; আবদ্ধ করা ; Enclose in a bay.

Embed (ইম্বেড্), *v. t.* নিহিত করা ; Lay, as in a bed.

Embellish (ইম্বেলিশ্), *v. t.* সুশোভিত করা ; সজ্জিত করা ; Decorate ; adorn. *n.*=embellisher.

Embellishment (ইম্বেলিশ্‌মেণ্ট্), *n.* সুশোভিতকরণ ; ভূষণ ; সৌন্দর্য্য ; Decoration ; ornament.

Embers (এম্বার্‌স্), *n. pl.* জ্বলন্ত কয়লা ; Live pieces of coal or wood ; dying fire.

Embezzle (ইম্‌বেজ্‌ল্), *v. t.* আত্মসাৎ করা ; Misappropriate.

Embezzlement (ইম্‌বেজ্‌লমেণ্ট্), গচ্ছিত ধন অপহরণ ; আত্মসাৎকরণ ; Misappropriation.

Embitter (ইম্বিটার্), *v. t.* তিক্ত অসুখজনক করা ; Make bitter.

Emblazon (ইম্‌ব্লেজন্), *v. t.* কৌলিক সূচক চিহ্নদ্বারা শোভিত করা ; Adorn with figures of heraldry ; উজ্জ্বল করা ; Celebrate ; প্রশংসা করা ; Extol. *n.*=emblazonment.

Emblazonry (ইম্‌ব্লেজ্‌নরি), *n.* কৌলিক কৌশল ; ঢালের উপরিস্থিত চিহ্নাঙ্কণ ; Art of adorning ; pictures on shields.

Emblem (এম্‌ব্লিম্), *n.* নিদর্শন ; প্রতীক ; Symbol ; token :—*v. t.* প্রতীক দ্বারা চিহ্নিত করা ; Symbolize.

Emblematic (এম্‌ব্লিম্যাটিক্), **Emblematical** (এম্‌ব্লিম্যাটিক্যাল্), *a.* প্রতীকবিশিষ্ট ; নিদর্শনস্বরূপ ; Symbolical ; representing. *ad.*=emblematically.

Emblematize (এম্‌ব্লিম্যাটাইজ্), *v.* কোন নিদর্শন বা চিহ্ন-দ্বারা প্রকাশ করা ; Represent by an emblem.

Embodiment (ইম্‌বডিমেণ্ট্), অবয়ববিশিষ্টকরণ ; প্রতিরূপ ; সংহিতা ; Act or state of embodying ; complete system like an organic body ; state of being embodied.

Embody (ইম্‌বডি), *v. t.* দেহী করা ; শরীরী করা ; Clothe with a body.

Embolden (ইম্‌বোল্‌ডেন্), *v. t.* সাহসী করা ; উৎসাহিত করা ; Make bold ; encourage.

Embonpoint (অঁবঁপঁ), *n.* সাবলীল

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Embonpo'r... সৌন্দর্য্য ; D...
. pl. জলন্ত ...
al or wood ...
), v. t. ...
te.
...বেড্রেলমেণ্ট ...
; আহ্বান...
), v. t. ...
e bitter.
), v. t. ...
করা ; ...
eraldry ; ...
প্রশংসা ...
nment.
...ন্দ্রি), n. ...
...রিস্থিত চিত্র...
pictures
. নিদর্শন ; ...
v. t. প্রতীক ...
ze.
...াটিক্), Emb...
...ক্যাল্), a. ...
ymbolical ;
blematically
...ম্যাটাইজ্), ...
...রা প্রকাশ ...
blem.
...ডিমেণ্ট ...
...তরূপ ; ...
odying ; ...
an organ...
embodied.
v. t. দেহী ...
ith a body.
Make b...
...ন্), v. t. ...
n. সাধারণ...

Emborder

ব্যক্তির দৈহিক স্থূলতা ; Plumpness (usu. of women).

Emborder (এম্‌বর্ডার্), *v. t.* ধারযুক্ত করা ; পাড়দ্বারা শোভিত করা ; সীমাবিশিষ্ট করা ; Adorn with a border ; border.

Embosom (এম্‌বুজ্‌ম্), *v. t.* বেষ্টন করা ; Enclose ; আদর করা ; আলিঙ্গন করা ; Caress ; embrace.

Emboss (ইম্‌বস্), *v. t.* বুটাদ্বারা অঙ্কিত করা ; ক্ষোদিত করা ; অলঙ্কারদ্বারা সজ্জিত করা ; Cover with protuberances ; engrave ; ornament. *n.*=embosser.

Embossment (ইম্‌বস্‌মেণ্ট্), *n.* সমুন্নত অলঙ্কার ; Prominence like a boss.

Embouchure (অঁবুশুর্), *n.* মোহনা, নদীর মুখ ; Mouth or opening, as of a river ; বাঁশীতে ফুঁ দিবার জন্য মুখ লাগাইবার অংশ ; Part of a wind musical instrument applied to the mouth.

Embowel (ইম্‌বাউয়িল্), *v. t.* নাড়ীভুঁড়ি বাহির করা ; Eviscerate. *n.*=embowelment.

Embower (ইম্‌বাউয়ার্), *v. t.* কুঞ্জবনে করা ; ছায়ান্বিত করা ; Place in a bower ; shelter with trees.

Embrace (ইম্‌ব্রেস্), *v. t.* আলিঙ্গন করা ; Fold in the arms ; অন্তর্ভুক্ত করা ; Include ; সর্ব্বান্তঃকরণে গ্রহণ করা ; Take eagerly :—*n.* আলিঙ্গন ; Folding in the arms. *n.*=embracement, embracer.

Embrasure (ইম্‌ব্রেঝার্), *n.* কামান দিবার জন্য দেওয়ালের মধ্যবর্ত্তী ছিদ্র ; Opening in a wall for a gun.

Embrocate (এম্‌ব্রোকেট্), *v. t.* মালিশ করা ; Rub.

Embrocation (এম্‌ব্রোকেশন্), *n.* মালিশকরণ ; মালিশ ; Act of embrocating ; lotion used.

Embroider (ইম্‌ব্রইডার্), *v. t.* সূচী দ্বারা বুটি বা চিকণ তোলা ; Decorate with needle-work. *n.*=embroiderer.

Embroidery (ইম্‌ব্রইডারি), *n.* সুন্দর সূচিকর্ম্ম ; চিকণের কাজ ; Ornamental needle-work ; অলঙ্কার ; Decoration.

Embroil (ইম্‌ব্রয়িল্), *v. t.* জড়িত করা ; বিব্রত করা ; Entangle ; perplex.

Embroilment (ইম্‌ব্রয়িল্‌মেণ্ট্), *n.* গোলমাল ; বিরক্তি ; Perplexity ; disturbance.

Embryo (এম্‌ব্রিও), **Embryon** (এম্‌ব্রিয়ন্), *n.* ভ্রূণ ; গর্ভস্থ সন্তান ; মূল ; আদিমাবস্থা ; Germ of an organised being in any state of ante-natal development ; root ; beginning. **In embryo**—অবিকসিত ; Undeveloped. *pl.*=embryos, embryons.

Embryology (এম্‌ব্রিয়লজি), *n.* ভ্রূণতত্ত্ব ; Science treating of the embryo of animals. *n.*=embryologist. *a.*=embryologic, embryological.

Embryonic (এম্‌ব্রিয়নিক্), *a.* ভ্রূণসম্বন্ধীয় ; মৌলিক ; Relating to an embryo ; rudimentary.

Embus (ইম্‌বাস্), *v. t. i.* বাসে তুলিয়া দেওয়া বা উঠা ; Put (men, stores) or get into motor vehicles.

Emend (ইমেণ্ড্), *v. t.* সংশোধন করা ; Amend ; correct.

Emendation (ইমেণ্ডেশন্), *n.* সংশোধন ; Correction ; পুস্তকাদির সংশোধিত অংশ ; Something that is emended (in a book, etc.).

Emendator (ইমেণ্ডেটর্), *n.* সংশোধক ; One who corrects.

Emendatory (ইমেন্‌ডেটরি), *a.* সংশোধনাত্মক ; Contributing to correction.

Emerald (এমার‍্যাল্ড্), *n.* পান্না ; Precious stone of a green sparkling colour ; ছাপার অক্ষর-বিশেষ ; Small

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

printing-type. **The Emerald Isle** —আয়র্‌ল্যাণ্ড ; Ireland.

Emerge (ইমার্জ্), *v. i.* নির্গত হওয়া ; দৃষ্টিপথে পতিত হওয়া ; Issue ; come into view.

Emergence (ইমার্‌জেন্স্), **Emergency** (ইমার্‌জেন্সি), *n.* জরুরী অবস্থা, অত্যয়, সংকট ; Sudden and unexpected occurrence ; (*attri.* use) জরুরী অবস্থায় ব্যবহৃত (*emergency* ward).

Emergent (ইমার্জেন্ট্), *a.* অত্যাবশ্যক ; Urgent ; আকস্মিক ; Sudden.

Emeritus (ইমেরিটাস্), *a.* সম্মান-সহকারে কর্ম্ম হইতে অবসরপ্রাপ্ত ; Honourably retired from office.

Emersion (ইমার্‌শন্), *n.* উত্থান ; গ্রহণের পর গ্রহাদির মোক্ষ ; Act of rising ; reappearance after eclipse (of sun, etc.).

Emery (এমারি), *n.* পালিশের জন্য কঠিন ধাতু ; শিরীষের গুঁড়া। **Emery-paper**—শিরীষ কাগজ।

Emetic (ইমেটিক্), *a.* বমনকারক ; Causing vomiting :—*n.* বমনকারক ঔষধ ; Medicine that causes vomiting.

Emigrant (এমিগ্র্যান্ট্), *a.* অন্যদেশবাসী, প্রবসিত ; Emigrating :—*n.* প্রবসিত ব্যক্তি ; A person who leaves his own country to settle in another. *oppo.* =immigrant.

Emigrate (এমিগ্রেট্), *v. t. i.* স্বদেশত্যাগপূর্ব্বক অন্য দেশে বাস করা ; Leave one's country to settle in another.

Emigration (এমিগ্রেশন্), *n.* এক দেশ ত্যাগপূর্ব্বক দেশান্তরে বাস করিবার জন্য গমন ; Leaving one's country to settle in another.

Eminence (এমিনেন্স্), *n.* উচ্চতা ; Height ; খ্যাতি ; উচ্চপদ ; Distinction ; high rank.

Eminent (এমিনেন্ট্), *a.* বিখ্যাত, উচ্চ ; উন্নত ; সম্ভ্রান্ত ; উচ্চপদস্থ ; Distinguished ; high ; lofty ; exalted in rank or office.

Emir (এমির্), *n.* আরব রাজপুত্র ; Arab prince ; আমীর ; Lord.

Emissary (এমিস্যারি), *n.* গুপ্ত সংবাদ দেওয়ার জন্য প্রেরিত দূত ; One sent on a mission (esp. odious or underhand).

Emission (ইমিশন্), *n.* নির্গমন ; এক কালে নিঃসৃত বস্তু ; Act of emitting ; that which is issued at one time.

Emit (ইমিট্), *v. t.* বিকীর্ণ করা ; নিঃসরণ করা ; Throw ; send out ; issue.

Emmet (এমিট্), *n.* পিপীলিকা ; Ant.

Emollient (ইমলিয়েন্ট্), *a.* উপশমকারী ; Softening :—*n.* প্রলেপ ; External application to allay irritation.

Emolument (ইমলিউমেন্ট্), *n.* (usu. in *pl.*) লাভ ; সুবিধা ; Profit ; advantage ; বেতন ; পরিভৃতি ; Salary ; fees.

Emotion (ইমোশন্), *n.* মনের সুগভীর অনুভূতি ; আবেগ ; Strong feeling ; excitement.

Emotional (ইমোশন্যাল্), *a.* আবেগময় ; Full of emotion ; ভাবোদ্দীপক ; Rousing emotion.

Empanel (ইম্প্যানেল্), **Empark** (এম্পার্ক্)—Same as **Impanel**, **Impark**.

Emperil (এম্পেরিল্), *v. t.* বিপন্ন করা ; Endanger.

Emperor (এম্পারার্), *n.* সম্রাট্ ; Sovereign. *fem.*=empress.

Emphasis (এম্ফ্যাসিস্), *n.* শব্দের বলের সহিত উচ্চারণ ; মর্ম্মস্পর্শিভাবে প্রকাশ ; Stress laid on a word or syllable ; impressiveness of expression. *pl.* =emphases.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Emphasize (এম্‌ফ্যাসাইজ্‌), *v. t.* জোর দেওয়া, গুরুত্বযুক্ত করা; Make emphatic.

Emphatic (ইম্‌ফ্যাটিক্‌), *a.* প্রবল; Forcible; (শব্দ সম্বন্ধে) জোর বা ঝোঁকের সহিত উচ্চারিত; Uttered with or requiring emphasis. *ad.*=emphatically.

Empire (এম্‌পায়ার্‌), *n.* সাম্রাজ্য; Dominion of an emperor.

Empiric (এম্‌পিরিক্‌), *a.* ভূয়োদর্শনলব্ধ; অভিজ্ঞতাজনিত; Known only by experience; resting on experience :—*n.* যে কেবল পরীক্ষা ও পর্যবেক্ষণের উপর নির্ভর করে; হাতুড়ে চিকিৎসক; One who relies only upon experiment and observation; quack.

Empirical (এম্‌পিরিক্যাল্‌), *a.* Same as Empiric. *ad.*=empirically.

Empiricism (এম্‌পিরিসিজ্‌ম্‌), *n.* অভিজ্ঞতাই বা বহুদর্শিতাই যাবতীয় জ্ঞানের মূল এই মত; Doctrine that all knowledge is derived from experience.

Emplacement (ইম্‌প্লেস্‌মেণ্ট্‌), *n.* কামান স্থাপন; Putting in position; কামান বসাইবার পাটাতন; Platform for the guns.

Emplane (এম্‌প্লেন্‌), *v. t. i.* বিমানে উঠা বা রাখা; Go or put on board an aeroplane.

Employ (ইম্‌প্লয়্‌), *v. t.* নিযুক্ত করা; কাজে রাখা; Keep at work; employ :—*n.* চাকুরি; Service (in the employ of=employed by). *n.*=employer. *a.*=employable.

Employe, Employee (এম্‌প্লয়ি), *n.* নিযুক্ত ব্যক্তি; ভৃত্য; One who is employed.

Employment (ইম্‌প্লয়্‌মেণ্ট্‌), *n.* কার্য্যে নিযুক্তি; The state of being employed; চিরাভ্যস্ত কার্য্য; Regular occupation.

Emporium (এম্‌পোরিয়াম্‌), *n.* বাণিজ্যস্থান; বড় বাজার বা দোকান; Centre of trade; a large market or shop.

Empower (ইম্‌পাউয়ার্‌), *v. t.* ক্ষমতা প্রদান করা; Authorize.

Empress (এম্‌প্রিস্‌), *n.* সম্রাজ্ঞী; সম্রাট্‌পত্নী; Wife of an emperor.

Empressement (অঁপ্রেস্‌মঁ), *n.* আন্তরিকতা; Cordiality.

Emptiness (এম্‌টিনিস্‌), *n.* শূন্যতা; সাররাহিত্য; Vacuity; want of matter.

Empty (এম্‌টি), *a.* শূন্য; খালি; Void (*empty* room); অসার; Hollow; unsubstantial (*empty* words); পরিত্যক্ত; Deserted; নির্ব্বোধ; Lacking sense; নিষ্ফল; Unfruitful :—*v. t. i.* শূন্য করা বা হওয়া; Make or become empty.

Empty-handed (এম্‌টি-হ্যাণ্ডেড্‌), *a.* রিক্তহস্ত; Carrying nothing.

Empurple (ইম্‌পার্‌প্‌ল্‌), *v. t.* বেগুনে রঙ্‌ করা; Make purple.

Empyreal (এম্‌পিরিয়্যাল্‌), **Empyrean** (এম্‌পিরীয়্যান্‌), *a.* পবিত্র অগ্নি বা আলোকময়; Formed of pure fire or light; অতি সূক্ষ্ম; Refined beyond aerial substance.

Empyrean (এম্‌পিরীয়্যান্‌), *n.* উর্দ্ধতম স্বর্গ; দ্যুলোক; গোলোকধাম; Highest heaven.

Emu, Emeu (ঈমিউ), *n.* পক্ষি-বিশেষ; Australian ostrich.

Emulate (এমিউলেট্‌), *v. t.* সমকক্ষ হইতে চেষ্টা করা; প্রতিদ্বন্দ্বিতা করা; প্রতিযোগিতা করা; Strive to equal; rival; vie with. *n.*=emulator.

Emulation (এমিউলেশন্‌), *n.* প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা; অনুকরণ; Rivalry; competition; imitation.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Emulative (এমিউলেটিভ্), *a.* প্রতিযোগিতাপ্রবণ ; Competitive.

Emulous (এমিউলাস্), *a.* পাইতে ইচ্ছুক ; Desirous (*of*).

Emulsion (ইমাল্‌শ্‌ন্), *n.* তৈল ও জলমিশ্রিত দুগ্ধবৎ ঔষধবিশেষ।

Emulsive (ইমাল্‌সিভ্), *a.* আর্দ্রকারক ; দুগ্ধের ন্যায় বস্তু উৎপাদনকারী ; Softening ; yielding a milk-like substance.

Enable (ইনেব্‌ল্), *v. t.* সমর্থ করা ; Make able.

Enact (ইন্যাক্‌ট্), *v. t.* ব্যবস্থা করা ; বিধান করা ; বিধিবদ্ধ করা ; Decree ; establish by law ; pass as a law ; সম্পন্ন করা ; অভিনয় করা ; Perform ; act the part of.

Enactive (ইন্যাক্‌টিভ্), *a.* বিধিকরণক্ষম ; Having power to enact as a law.

Enactment (ইন্যাক্‌ট্‌মেণ্ট্), *n.* আইন ; Law.

Enamel (ইন্যামেল্), *n.* কলাই ; মীনা। দাঁতের উপরের মসৃণ কঠিন আচ্ছাদন ; Smooth hard coating of the teeth :—*v. t.* কলাই করা ; Coat with enamel :—*v. i.* মীনার কার্য্য করা ; Decorate with designs in enamel. *n.*=enameller.

Enamour (ইন্যামার্), *v. t.* প্রেমোন্মত্ত করা ; মোহিত করা ; Inflame with love ; charm. **Be enamoured of**—কোন কিছুতে তন্ময় হওয়া ; Be greatly fond of ; প্রণয়াসক্ত হওয়া ; Fall in love with.

En bloc (আং ব্লক্)—একযোগে ; In a lump.

Encage (ইন্‌কেজ্), *v. t.* পিঞ্জরাবদ্ধ করা ; Shut up in a cage.

Encamp (ইন্‌ক্যাম্প্), *v. t. i.* শিবিরে স্থাপিত করা ; Place in a camp ; শিবির স্থাপন করা ; (সেনাদল) যাইতে যাইতে পথে বিশ্রাম করা ; Pitch tents ; halt on a march.

Encampment (ইন্‌ক্যাম্প্‌মেণ্ট্), *n.* শিবির-স্থাপন ; Act of encamping ; শিবির ; Place where an army is encamped.

Encase (ইন্‌কেস্), *v. t.* আবৃত করা ; মোড়ক করা ; Cover ; keep in a case.

Encaustic (ইন্‌কস্‌টিক্), *n.* & *a.* পোড়াইয়া ছবি তোলা বা ফোটান হইয়াছে এমন ; Painting or painted by burning in (*encaustic* brick or tile).

Enceinte (আঁস্যাঁট্), *a.* গর্ভবতী ; Pregnant :—*n.* বেষ্টিত স্থান ; Enclosure.

Enchain (ইন্‌চেন্), *v. t.* শৃঙ্খলাবদ্ধ করা ; সংযুক্ত করা ; দৃঢ়রূপে ধরা ; দাস করা ; Bind with a chain ; link together ; hold fast ; enslave.

Enchant (ইন্‌চাণ্ট্), *v. t.* মুগ্ধ করা ; উল্লসিত করা ; Charm ; enrapture ; যাদু করা ; Bewitch.

Enchanter (ইন্‌চাণ্টার্), *n.* যাদুকর ; Magician. *fem.*=enchantress.

Enchanting (ইন্‌চাণ্টিং), *pred. a.* মোহময়, অতি চমৎকার ; Charming ; pleasant.

Enchantment (ইন্‌চাণ্ট্‌মেণ্ট্), *n.* যাদু ; যাদুমন্ত্র ; Magic ; charm or spell ; মোহ ; The state of being enchanted ; তীব্র আনন্দ ; Keen delight, pleasure.

Enchantress (ইন্‌চাণ্ট্রিস্), *n.* যাদুকরী ; Female enchanter.

Encircle (ইন্‌সার্‌ক্‌ল্), *v. t.* বেষ্টন করা ; অন্তর্ভুক্ত করা ; Surround ; environ. *n.*=encircling, encirclement—(বেষ্টন)।

Enclasp (ইন্‌ক্লাস্প্), *v. t.* দৃঢ়রূপে ধরা ; আলিঙ্গন করা ; Fasten with a clasp ; embrace.

Enclose (ইন্‌ক্লোজ্)—Same as Inclose.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Enclosure (ইন্‌ক্লোঝার্)—Same as **Inclosure.**

Encomiast (এন্‌কোমিয়াস্ট্), *n.* স্তবকারী, চাটুকার; Panegyrist; eulogist.

Encomiastic (এন্‌কোমিয়াস্টিক্), *a.* স্তবসূচক; Praising; laudatory. *ad.*=encomiastically.

Encomium (এন্‌কোমিয়াম্), *n.* উচ্চ প্রশংসা; High praise.

Encompass (ইন্‌কাম্প্যাস্), *v. t.* বেষ্টন করা; প্রদক্ষিণ করা; Enclose; surround. *n.*=encompassment.

Encore (অঁকোর্), *n.* "আবার" এই চীৎকার; The cry 'encore' :—*v. t. i.* পুনরায় করিতে বলা; Call for a repetition :—*int.* আর একবার! আবার, আবার! Once more! again!

Encounter (ইন্‌কাউন্টার্), *v. t. i.* অকস্মাৎ সাক্ষাৎ করা; সম্মুখীন হওয়া; বাধা দেওয়া; Meet suddenly in opposition; meet face to face; oppose :—*n.* সাক্ষাৎ যুদ্ধ; Meeting face to face in conflict; হঠাৎ সাক্ষাৎকার; A meeting (esp. sudden and unexpected).

Encourage (ইন্‌কারিজ্), *v. t.* উৎসাহ দেওয়া; Make bold. *n.*=encouragement.

Encouragement (ইন্‌কারিজ্‌মেণ্ট্), *n.* উৎসাহিতকরণ; উৎসাহ; Incitement; incentive.

Encouraging (ইন্‌কারেজিং), *a.* উৎসাহজনক; উৎসাহবর্দ্ধক; Urging on; encouraging up.

Encroach (ইন্‌ক্রোচ্), *v. i.* অনধিকার গ্রহণ করা; বলপূর্ব্বক দখল করা; আক্রমণ করা; Trespass [*encroach* (up) on another's land]; intrude; infringe. *n.*=encroacher. *ad.*=encroachingly. **Encroach up (on) another's time**—অপরের সময় অধিকক্ষণ লওয়া; Take too much of one's time.

Encroachment (ইন্‌ক্রোচ্‌মেণ্ট্), *n.* বলপূর্ব্বক দখল, অনধিকার প্রবেশ, আক্রমণ; অনধিকারলব্ধ বস্তু; Intrusion; that which is gained by encroaching.

Encrust (ইন্‌ক্রাস্ট্), *v. t. i.* কঠিন আবরণে আবৃত করা; Cover with a hard coating; কঠিন আবরণ পড়া; Form a crust.

Encrustation (ইন্‌ক্রাস্টেশন্), *n.* উপরিস্থিত পর্দ্দা; কঠিন ছিলকা পড়ান; Crust or layer; act of encrusting.

Encumber (ইন্‌কাম্বার্), *v. t.* ভারাক্রান্ত করা; জড়িত করা; ঋণগ্রস্ত করা; Embarrass; entangle; burden with debts.

Encumbrance (ইন্‌কাম্‌ব্রান্স্), *n.* বাধা; বোঝা; সম্পত্তির উপর দায়, ইত্যাদি; Impediment; burden; mortgage, etc. on property. **Without encumbrance**—নির্দায়; সন্তানাদিহীন।

Encyclic (ইন্‌সাইক্লিক্), **Encyclical** (ইন্‌সাইক্লিক্যাল্), *a.* বহুজন-সমীপে প্রেরিত; Sent for wide circulation.

Encyclopaedia, Encyclopedia (এন্‌সাইক্লোপীডিয়া), *n.* বিদ্যাকল্পদ্রুম, মহাকোষ, বিশ্বকোষ; A book of information on all branches of knowledge.

Encyclopaedic (এন্‌সাইক্লোপীডিক্), **Encyclopaedical** (এন্‌সাইক্লোপীডিক্যাল্), *a.* বিদ্যাকল্পদ্রুম-সম্বন্ধীয়; সর্ব্ববিদ্যাসংগ্রহ-সম্বন্ধীয়; Of an encyclopedia.

Encyclopedian (এন্‌সাইক্লোপীডিয়্যান্), *a.* সর্ব্ববিদ্যাসমন্বিত; Embracing the whole circle of learning.

Encyclopedist (এন্‌সাইক্লোপীডিস্ট্), *n.* বিদ্যাকল্পদ্রুম-প্রণেতা; Compiler of an encyclopedia.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

End (এণ্ড্), *n.* প্রান্তভাগ ; Extremity ; শেষ ; সমাপ্তি ; Conclusion ; termination ; সীমা ; Limit ; অভিপ্রায় ; উদ্দেশ্য ; Object ; purpose ; মৃত্যু ; Death ; চরম ফল ; Consequence :— *v. t. i.* সমাপ্ত করা ; ধ্বংস করা ; Conclude ; destroy ; শেষ হওয়া ; Cease. **At the end of**—কোন কিছুর শেষে ; At the termination of. **In the end**—অবশেষে ; Finally. **On end**—খাড়া ; Erect ; পরপর ; Consecutively (they remained there for four hours *on end*). **Put an end to**—নষ্ট করা ; Destroy ; শেষ করিয়া আনা ; Bring to an end. **Be at one's wit's end**—কর্ত্তব্যাবধারণে অশক্ত হওয়া ; কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া ; Be unable to make out what further step to be taken. **Begin at the wrong end**—উল্টা কাজ করা ; Work in a wrong direction. **Have at one's finger's ends**—নখদর্পণে রাখা ; Keep fresh. **Make both ends meet**—কোনও রূপে খরচ চালান ; Have or get just enough money for one's needs. **To this end**—এই অভিপ্রায়ে ; With a view to gaining this object. **End in smoke**—নিষ্ফল বা ব্যর্থ হওয়া ; Come to nothing (all his efforts *ended in smoke*).

Endanger (ইন্‌ডেন্‌জার্), *v. t.* বিপন্ন করা ; Put to danger.

Endear (ইন্‌ডীয়ার্), *v. t.* প্রিয় করা ; আদরণীয় করা ; Make dear or beloved. [Beloved.

Endeared (ইন্‌ডীয়ার্ড্), *a.* প্রিয় ;

Endearing (ইন্‌ডীয়ারিং), *a.* প্রীতিকর ; স্নেহময় ; Exciting affection ; affectionate.

Endearment (ইণ্ডিয়ার্‌মেণ্ট্), *n.* ভালবাসা ; স্নেহ ; আদর ; Tenderness ; affection ; caress.

Endeavour (ইন্‌ডেভার্), *v. i. t.* করা ; Attempt ; (কোন কিছু) পাইবার চেষ্টা করা ; Attempt to gain :— চেষ্টা ; উদ্যম ; লক্ষ্য ; Effort ; attempt ; aim.

Endemic (এণ্ডেমিক্), *a.* স্থানীয় ; Always present in a particular area :—*n.* স্থানীয় রোগ ; সার্ব্বজনিক রোগ ; দেশব্যাপী রোগ ; Disease of an endemic character (*oppo.*=epidemic).

Endermic (এণ্ডার্‌মিক্), *a.* চর্ম্মের উপর কার্য্যকরী ; Effective on the skin.

Ending (এণ্ডিং), *n.* সমাপ্তি ; শেষ ; Termination ; conclusion ; বিভক্তি ; Terminating syllable or letter of a vowel.

Endless (এণ্ড্‌লিস্), *a.* অবিরাম ; নিত্য ; Continual ; everlasting ; উদ্দেশ্যহীন ; Objectless.

Endo- (এণ্ডো-), *pref.* মধ্যে ; Within.

Endogamy (এণ্ডগ্যামি), *n.* সমজাতির মধ্যে বিবাহ-প্রথা ; Custom of marrying only within the tribe. *a.*= endogamous.

Endorse (ইণ্ডোর্স্)—Same as Indorse.

Endorsee (এন্‌ডোর্‌সী), *n.* পৃষ্ঠলেখক ; Writer on the back of a document, cheque, etc.

G, g (জি)—ইংরেজী বর্ণমালার সপ্তম বর্ণ; The 7th letter in the English alphabet.

Gab (গ্যাব্), *n.* বৃথা গল্প; জল্পনা; Idle talk; loquacity; মুখ; Mouth :—*v. t.* জল্পনা করা; বৃথা গল্প করা; Prate; talk idly. **Gift of the gab**—বাক্‌পটুতা; Fluency of speech.

Gabble (গ্যাব্‌ল্), *v. i.* বক্ বক্ করা; Talk without meaning; রাজহংসের ন্যায় শব্দ করা; Cackle like geese :—*v. t.* অস্পষ্টভাবে উচ্চারণ করা; Utter inarticulately :—*n.* দ্রুতোচ্চারিত অস্পষ্ট কথা; Fast unintelligible talk. *n.*= gabbler, gabbling.

Gabelle (গ্যাবেল্), *n.* ট্যাক্স; কর; লবণের উপর শুল্ক; Tax; duty; especially, the tax on salt.

Gaberdine (গ্যাবার্ডিন্), *n.* (ইহুদিদের) আলখিল্লা; Loose upper garment, esp. of the Jews; মিহি শক্ত কাপড়; A fine hard-laid cloth.

Gabion (গেবিয়ন্), *n.* বিপক্ষের গোলা নিবারণ করিবার জন্য ব্যবহৃত তলাবিহীন মৃত্তিকাপূর্ণ ঝুড়ি; Basket of wicker-work, having no bottom, but filled with earth, and used for shelter, from the enemy's fire.

Gabionade (গেবিয়নেড্), *n.* গোলা-আটকাইবার জন্য সজ্জিত বেতের বা (ধাতু) পাতের ঝুড়ি; Line of gabions, thrown up as a defence.

Gable (গেব্‌ল্), *n.* বাড়ীর ত্রিকোণ ধার; Triangular end of a house. *a.*=gabled. **Gable-end**—বাড়ীর প্রান্তবর্ত্তী ত্রিকোণাগ্র প্রাচীর; End-wall of a building on the side where there is a gable. [Simple.

Gaby (গেবি), *n.* বোকা; হাবাগোবা লোক।

Gad (গ্যাড্), *v. i.* অলসভাবে ইতস্ততঃ ভ্রমণ করা: Ramble about idly.

Gad (গ্যাড্), *int.* হা ভগবান! Why! expressing surprise, etc.

Gad-fly (গ্যাড্-ফ্লাই), *n.* ডাঁশ; Gnat.

Gaelic (গেলিক্), *a.* স্কট্‌লণ্ডের পার্ব্বত্য জাতি-সম্বন্ধীয়; Pertaining to the Gael :—*n.* স্কট্‌লণ্ডের পার্ব্বত্য জাতির ভাষা; Language of the Highlanders of Scotland.

Gaff (গ্যাফ্), *n.* মাছ ধরিবার কোঁচ বা বর্শা; Fishing-spear; পাইল বিদ্ধ করিবার আড়কাঠবিশেষ; A kind of beam :—*v. t.* কোঁচের দ্বারা বিদ্ধ করা। Strike with a gaff.

Gaffer (গ্যাফার্), *n.* বৃদ্ধ লোক; বুড়া। Old fellow; old man.

Gag (গ্যাগ্), *v. t.* মুখ বন্ধ করা; কথা কহিতে না দেওয়া; Stop the mouth of; silence; প্রতারণা করা; Deceive :—*v. i.* প্রতারণার কার্য্য করা; Practise deceit :—*n.* মুখবন্ধনী; কথা বন্ধ করিবার জন্য যাহা মুখে প্রবেশ করান যায়; Something thrust into the mouth to enforce silence. *n.*=gagger.

Gage (গেজ্), *n.* জামিন স্বরূপ যে বস্তু রাখা যায়; Thing deposited as security; যুদ্ধার্থ আহ্বান করিবার জন্য নিক্ষিপ্ত বস্তুবিশেষ; Something thrown down as a challenge; পরিমাণবিশেষ; A measure :—*v. t.* বন্ধকে আবদ্ধ করা; Bind by pledge or security; পরিমাণ করা; Measure. *n.*=gager.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Gaggle (গ্যাগ্‌ল্), *v. i.* হংসের মত প্যাক প্যাক করা; Cackle as a goose. *n.* = cackling.

Gaiety (গেইটি), *n.* আনন্দ; উল্লাস; মহোৎসব; Amusements.

Gaekwar, Gaekwar (গাইকোয়ার্), সয়াজী-রাজের উপাধি; Title of the chief of Baroda.

Gaily (গেলি), *ad.* উল্লাস-সহকারে; [Merrily.

Gain (গেন্), *n.* লাভ; উপার্জ্জন; Profit or earning :—*v. t.* উপার্জ্জন করা; লাভ করা; Earn; acquire; অব্যাহতি পাওয়া, Escape :—*v. i.* লাভবান্ হওয়া; Have advantage or profit. **'Gain over**—বুঝাইয়া স্বপক্ষে আনা; Pursuade to join own party (the Congress gained over the Independents).

Gainful (গেন্‌ফুল্), *a.* লাভজনক; অর্থকর; Advantageous; profitable; lucrative. [Sum gained.

Gainings (গেনিংজ্), *n. pl.* লভ্য অর্থ;

Gainless (গেন্‌লিস্), *a.* লাভশূন্য; Unprofitable.

Gainsay (গেন্‌সে), *v. t.* অস্বীকার করা; অমান্য করা; Deny; contradict.

Gainst, 'Gainst (গেন্‌স্ট্), *pre.* Poetic abbreviation for **Against.**

Garish, Garish (গেরিশ্), *a.* জমকাল; জমকালো; Showy; gaudy. *ad.* = garishly. *n.* = garishness.

Gait (গেট্), *n.* চলনভঙ্গি; Way of walking or stepping.

Gaiter (গেটার্), *n.* গোড়ালি ঢাকিবার জুতা; Covering of cloth or leather to the ankle.

Gala (গেলা, গাল্যা), *n.* উৎসব; ভোজ-উৎসব; Festivity; grand entertainment. **Gala day**—উৎসবের দিন; Festive day. **Gala-dress**—জমকাল পোষাক; উৎসবের পোষাক; Festive dress.

Galaxy (গ্যালাক্‌সি), *n.* ছায়াপথ; The Milky Way; সম্মেলন; বহু গুণবান্ লোকের সভা; Assemblage of distinguished persons or things; নক্ষত্রপুঞ্জ; Cluster of stars stretching across the heavens.

Galbanum (গ্যাল্‌বানাম্), *n.* ধূনা; Gum resin.

Gale (গেল্), *n.* ঝড়; Storm.

Gall (গল্), *n.* পিত্ত; Bile; তিক্ততা; Bitterness; ধোপার কালি; Marking ink; বিদ্বেষ; Malice :—*v. t.* রাগাইয়া দেওয়া; Enrage; বিরক্ত করা; Annoy; ঘর্ষণদ্বারা গাত্রচর্ম্ম ছিন্ন করা; Hurt the skin by friction. **Gall-stone**—পাথুরি রোগ; Hard concretion in the gall-bladder or biliary ducts. **Gall-bladder**—পিত্তকোষ।

Gallant (গ্যাল্যাণ্ট্), *a.* সুন্দর; Handsome; সাহসিক; Brave; স্ত্রীলোকের মনোরঞ্জনে রত; নারীজাতির সম্মানকারী; Chivalrous; courteous to ladies :—*n.* ফ্যাসানদুরস্ত লোক; Man of fashion; উপপতি; প্রেম-প্রত্যাশী; Paramour; suitor :—*v. t. i.* ছেনালী করা; Flirt with; (রমণীকে) পাহারা দিয়া লইয়া যাওয়া; Escort (lady).

Gallantry (গ্যাল্যাণ্ট্রি), *n.* সাহসিকতা; নির্ভীকতা; Courage; intrepidity; স্ত্রীলোকের প্রতি শিষ্টাচার বা আসক্তি; Attention or amorous devotion to ladies. [বিশেষ; Spanish ship.

Galleon (গ্যালিয়ন্), *n.* স্পেনদেশীয় পোত-

Gallery (গ্যালারি), *n.* শিল্প-প্রদর্শনের প্রকোষ্ঠ; Room for the exhibition of work of art (art *gallery*); নাট্যশালা, গির্জ্জা প্রভৃতির উচ্চ মঞ্চ; Upper floor of seats in a church or theatre; গমনাগমনের পথ; Long and narrow corridor; সুড়ঙ্গ-পথ; Covered passage cut through the earth; বারান্দা; Verandah.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Galley (গ্যালি), *n.* ক্ষুদ্র পোতবিশেষ; Long low-built ship with one deck and navigated with sails and oars; পোতমধ্যস্থ রন্ধনশালা; Kitchen on board a ship; নৌকা; Large boat; ছাপাখানার অক্ষর রাখিবার কাষ্ঠাধার; গ্যালি; Frame which receives types from the composing stick. *pl.*=galleys.

Galley-proof (গ্যালি-প্রুফ্), *n.* লম্বা কাগজের এক গ্যালি মুদ্রিত নমুনা; Impression taken from types on a galley in a long slip of paper.

Galley-slave (গ্যালি-স্লেভ্), *n.* দণ্ড-স্বরূপ নৌবাহকরূপে নিয়োজিত অপরাধী; One condemned for crime to work like a slave at the oars of a galley.

Gallic (গ্যালিক্), *a.* ফ্রান্সদেশীয়; Of Gaul or France.

Galligaskins (গ্যালিগ্যাস্কিন্স্), *n. pl.* পাজামা-বিশেষ; Breeches, trousers.

Gallinaceous (গ্যালিনেশাস্), *a.* কুক্কুট-জাতীয়; গৃহপালিত পশু-সম্বন্ধীয়; Pertaining to the order of birds to which domestic fowls, etc. belong.

Galliot (গ্যালিয়ট্), *n.* একরকম মাছধরা বা মালবাহী ওলন্দাজ জাহাজ; A Dutch cargo-boat or fishing vessel.

Gallipot (গ্যালিপট্), *n.* ঔষধ রাখিবার ক্ষুদ্র চক্‌চকে মৃৎপাত্র; Small glazed clay-pot.

Gallon (গ্যালন্), *n.* ওজন-পরিমাণ-বিশেষ; সাড়ে তিন সের; A measure of capacity; four quarts.

Galloon (গ্যালুন্), *n.* আঁট সরু বিনুনি; Narrow close braid.

Gallop (গ্যালপ্), *v. t.* প্লুতগতিতে যাওয়া; অতি দ্রুত গমন করা; সলম্ফে দৌড়ান; Move by leaps; run very fast; run by leaps and bounds; দ্রুত অগ্রসর হওয়া; Pro rapidly (*galloping* consumpt —*v. t.* প্লুতগতিতে চালান; Cau gallop:—*n.* অশ্বের প্লুতগতি; at which a horse runs when forefeet and the hindfeet lifted together.

Gallows (গ্যালোজ্), *n. pl.* ফাঁসি Scaffold for hanging crim **Come to the gallows**— হওয়া; Be hanged.

Galoche, Galosh (গ্যালশ্), Gol (গলোশ্), *n.* বর্ষার সময় জুতার উ পরিবার জুতা; Shoe or slipper to worn over another in wet weat

Galore (গ্যালোর্), *n.* প্রাচুর্য; Ab dance:—*ad.* প্রচুর পরিমাণে; Pl fully.

Galvanic (গ্যাল্‌ভ্যানিক্), *a.* তাড়িত-সমন্বিত; রাসায়নিক বৈদ্যুতিক প্রক্রি দ্বারা উদ্ভূত; Belonging to or ex biting galvanism.

Galvanism (গ্যাল্‌ভ্যানিজ্‌ম্), রাসায়নিক তড়িৎ-তত্ত্ব; Branch of science of electricity, which tre of electric current produced chemical action.

Galvanist (গ্যাল্‌ভ্যানিস্ট্), *n.* রসায়ন-তড়িৎ-তত্ত্বজ্ঞ; One skilled in gal vanism.

Galvanize (গ্যাল্‌ভ্যানাইজ্), *v.* রাসায়নিক ক্রিয়ার দ্বারা উদ্ভূত তড়িৎ করা; ঝালাই করা; Affect galvanism.

Galvanometer (গ্যাল্‌ভ্যানমিটার), রাসায়নিক তড়িৎ-প্রবাহশক্তি পরিমা যন্ত্র; Instrument for measuring the force of galvanic currents.

Gambado (গ্যাম্বেডো), *n.* অশ্বারোহী পদাবরণ-বিশেষ; Case of leather defend the legs from mud riding.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Gamble (গ্যাম্‌ব্‌ল্), *v. i.* জুয়া খেলা; Take chance for gaining money; বড় লাভের জন্য খুব বেশী ঝুঁকি নেওয়া; Risk much for much gain: —*t.* অপব্যয় করা; Squander away. **Gambler**—জুয়াড়ী। **Gambling**—জুয়াখেলা।

Gambodge (গ্যাম্‌ব্‌জ্), *n.* রজন।

Gambol (গ্যাম্‌ব্‌ল্), *v. i.* আনন্দে নৃত্য করা; Frisk or dance in sport :—*n.* লম্ফ; Skipping.

Game (গেম্), *n.* ক্রীড়া; Sport of any kind; কৌতুক; Jest; বাজী; Stake in a game; খেলায় প্রতিদ্বন্দ্বিতা; Contest for recreation; শিকার; শিকার উদ্দেশ্য; Animals hunted; Object of pursuit; আমোদার্থ ব্যায়াম; Exercise or amusement :—*a.* Spirited; Spirited (*game* cock): —*v. i.* জুয়া খেলা; Gamble.

Game-cock (গেম্-কক্), *n.* লড়াইয়ে-মোরগ; Cock trained to fight.

Gamekeeper (গেম্‌কীপার্), *n.* শিকার-রক্ষক; One who has the care of game-animals.

Game-laws (গেম্-লজ্), *n. pl.* মৃগ-রক্ষা বিধি; Laws for the preservation of certain game-animals.

Gamesome (গেম্‌সাম্), *a.* ক্রীড়াপ্রিয়; Playful.

Gamester (গেম্‌স্টার্), *n.* জুয়াড়ী; [Gambler.

Gaming (গেমিং), *n.* জুয়াখেলা; Practice of gambling. **Gaming-house**—জুয়ার আড্ডা। **Gaming-table**—জুয়ার টেবিল। [woman.

Gammer (গ্যামার্), *n.* বৃদ্ধা; Old

Gammon (গ্যামন্), *n.* শূকরের শুষ্ক জঙ্ঘা; Hog's thigh, salted and dried; ফাঁকি; Hoax :—*v. t.* প্রতারণা করা; Hoax; শূকরের মাংস লবণাক্ত করিয়া শুষ্ক করা; Cure, as bacon.

Gamut (গ্যামাট্), *n.* স্বরগ্রাম; Scale of musical notes.

Gander (গ্যাণ্ডার্), *n.* রাজহংস। *fem.*= goose.

Gang (গ্যাং), *n.* দল; Body of men.

Ganger (গ্যাংগার্), *n.* মজুরদলের সর্দ্দার; Foreman of a gang.

(The) Ganges (গ্যাঞ্জেস্), *n.* গঙ্গানদী; ভাগীরথী; A famous river of India.

Gangetic (গ্যাঞ্জেটিক্), *a.* গাঙ্গেয়; গঙ্গাতীরবর্ত্তী; Of the Ganges; on the banks of the Ganges.

Ganglion (গ্যাংগ্লিয়ন্), *n.* আব; Tumour in the sheath of a tendon; স্নায়ুগ্রন্থি; Knot on nerve. *a.*= ganglionic. *pl.*=ganglia, ganglions.

Gangrene (গ্যাংগ্রীন্), *n.* পচা ঘা; চলন্ত ঘা; ধ্বসা-পশ্চিমে; Necrosis with decomposition; দেহের অংশবিশেষের অবসাদ; Loss of vitality in some parts of the body :—*v. t. i.* পচান; (ঘা বা ক্ষত) পচিয়া যাওয়া বা পচাইয়া দেওয়া; Affect or be affected with gangrene. *a.*=gangrenous.

Gangsman (গ্যাংগজ্‌ম্যান্), *n.* দলের সর্দ্দার; Head of a gang.

Gangway (গ্যাংওয়ে), *n.* বেষ্টিত স্থানে যাতায়াতের পথ; তীর ও জাহাজের মধ্যবর্ত্তী পথ; Passage or way into an enclosed place; way from a ship's side to the shore.

Ganja (গ্যান্‌জা), *n.* গাঁজা; Intoxicating preparation of hemp.

Gannet (গ্যানিট্), *n.* সামুদ্রিক হংস-বিশেষ; A web-footed sea-fowl.

Ganoid (গ্যানয়িড্), *n.* মৎস্যবিশেষ; One of an order of fishes.

Gaol, Jail (জেল্), *n.* কারাগার; Prison. **Gaol bird**—দাগী আসামী; Habitual criminal.

Gaoler—Same as **Jailer.**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Gap (গ্যাপ্), *n.* দেওয়াল ইত্যাদিতে ছিদ্র বা ফাঁক ; Breach in hedge or wall ; মধ্যবর্ত্তী ফাঁক ; Interval ; মতভেদ ; Wide divergence of views, etc.

Gape (গেপ্), *v. i.* হাঁ করা ; হাই তোলা ; Open the mouth wide ; yawn ; হাঁ করিয়া চাহিয়া থাকা ; Stare with open mouth ; বিস্তৃত হওয়া ; Be open :—*n.* মুখব্যাদান ; Act of gaping.

Gaper (গেপার্), *n.* জৃম্ভক ; মুখব্যাদান-কারী ; One who gapes.

Garage (গ্যারাজ্), *n.* মোটরগাড়ী রাখিবার ঘর ; Store-house for motor-cars.

Garb (গার্ব্), *n.* জাতি বা শ্রেণীবিশেষের (বৈশিষ্ট্যপূর্ণ) পোষাক ; (Characteristic) dress (of a nation or a class) : —*v. t.* ঐরূপ পোষাক পরিধান করা ; Dress in this ; বস্ত্রাবৃত করা ; Clothe.

Garbage (গার্বিজ্), *n.* নাড়ীভুঁড়ি প্রভৃতি পরিত্যক্ত অংশ ; Refuse parts, *e. g.*, the bowels of an animal ; আবর্জ্জনা, অসার ভাগ ; Worthless matter.

Garble (গার্ব্ল্), *v. t.* বিকৃত করা ; অঙ্গহীন করা ; Corrupt ; mutilate ; অযথা উদ্ধৃত করা ; Misquote. *n.*= garbler.

Garden (গার্ডেন্), *n.* বাগান ; উদ্যান ; মনোরম স্থান :—*v. i.* উদ্যান নির্ম্মাণ করা ; Cultivate a garden. [মালী ।

Gardener (গার্ডেনার্), *n.* উদ্যানপাল ;

Gardening (গার্ডেনিং), *n.* উদ্যান-নির্ম্মাণ-কৌশল ; Act of laying out and cultivating gardens.

Garden-party (গার্ডেন্-পার্টি), *n.* উদ্যানে অনুষ্ঠিত প্রীতিভোজ ; Party held in the garden.

Garfish (গার্ফিশ্), *n.* দীর্ঘাকৃতি মৎস্য-বিশেষ ; Long slender fish with a pointed head.

Gargle (গার্গ্ল্), *v. t. i.* গিলিয়া মুখ ধোয়া ; কুলকুচা করা ; a liquid gargle in the throat out swallowing :—*n.* গলনালী ঔষধ ; Preparation for washing throat.

Gargoil, Gargoyle (গার্গয়িল্), ছাদের জল নিঃসরণার্থ মনুষ্যাদির গঠিত আবৃত নল ; Grotesque spout.

Garish (গেরিশ্)—See **Gairish.**

Garland (গার্ল্যাণ্ড্), *n.* পত্র বা সম্মান-মুকুট ; Crown of honour— *v. t.* মালা দ্বারা সজ্জিত করা ; with a garland.

Garlic (গার্লিক্), *n.* রশুন ।

Garlicky (গার্লিকি), *a.* রশুনতুল্য ।

Garment (গার্মেণ্ট্), *n.* যে কোন পরিচ্ছদ ; বস্ত্র ; Any article of cloth ing :—*pl.* পোষাক ; Clothing.

Garner (গার্ণার্), *n.* শস্যভাণ্ডার ; Granary :—*v. t.* (শস্যাগারে) সঞ্চিত করা Store in a granary.

Garnet (গার্ণিট্), *n.* রক্তবর্ণ মণিবিশেষ ।

Garnish (গার্ণিশ্), *v. t.* সুশোভিত করা Adorn ; furnish :—*n.* আভরণ Ornament.

Garnish (গার্ণিশ্), **Garnishment** (গার্ণিশ্মেণ্ট্), *n.* আভরণ ; অলঙ্কার ; ভূষণ ; Ornament ; পরিচ্ছদ ; Garment.

Garniture (গার্ণিচার্), *n.* আভরণ ভূষণ ; Ornament ; decoration.

Garotte—See **Garrotte.**

Garret (গ্যারিট্), *n.* চিলেঘর ; Room next the roof of a house.

Garreteer (গ্যারেটীয়ার্), *n.* দরিদ্র লেখক ; Poor author ; চিলেঘরে বসবাসকারী ; One who lives in a garret.

Garrison (গ্যারিসন্), *n.* সহর ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Garrotte নির্দ্দিষ্ট সৈন্যদল ; Body of troops for guarding a fortress or a town :—*v. t.* সৈন্য দ্বারা দুর্গ বা সহর পূর্ণ করা ; Furnish a fortress or a town with troops.

Garrotte, Garotte (গ্যারট্), *n.* লৌহের গলাবন্ধ দিয়া শ্বাস রুদ্ধ করিয়া হত্যা ; Strangling to death with iron collar ; শ্বাস রুদ্ধ করিয়া মৃত্যুদণ্ড দিবার যন্ত্র ; Instrument for capital punishment by strangulation :—*v. t.* শ্বাস রুদ্ধ করিয়া প্রাণ নষ্ট করা ; Strangle to death by a brass collar.

Garrotter, Garotter (গ্যারটার্), *n.* যে গলা চাপিয়া ধরিয়া লুঠ করে ; শ্বাস রুদ্ধ করিয়া হত্যাকারী ; One who robs by garrotting ; one who garrottes.

Garrulity (গেরুলিটি), **Garrulousness** (গ্যারুলাস্নিস্), *n.* গল্পপ্রিয়তা, অতিভাষণ ; বাচালতা ; Loquacity ; talkativeness.

Garrulous (গ্যারুলাস্), *a.* বাচাল, বাতুলী ; Talkative.

Garter (গার্টার্), *n.* মোজা-বাঁধা ফিতা ; Knee-band to hold the stockings ; নাইট উপাধিধারীদিগের মধ্যে সর্ব্বোচ্চ শ্রেণী ; Highest order of knighthood in England.

Gas (গ্যাস্), *n.* বাষ্প ; গ্যাস। *pl.*=gases :—*v. t. i.* গর্ব্ব সহকারে বা অসার বাক্য প্রয়োগ করা ; Talk emptily, vaguely or boastfully ; শত্রুর উপরে বিষাক্ত গ্যাস প্রয়োগ করা ; Project poison-gas over (enemy).

Gasconade (গ্যাস্কনেড্), *n.* বড়াই ; আত্ম-প্রকাশ ; Boasting :—*v. t.* গর্ব্ব করা ; Boast. *n.*=gasconader, gasconading.

Gasellier (গ্যাসেলীয়ার্), *n.* বাষ্পদীপ্ত আলো বা আলোর ঝাড় ; Gas-lamp with several burners.

Gaseous (গ্যাসিয়াস্), *a.* বাষ্পাকার ; In the form of gas.

Gas-fitter (গ্যাস্-ফিটার্), *n.* যে বাষ্পের নলাদি বসাইয়া দেয় ; One who fits up the pipes and brackets for gas-lighting.

Gash (গ্যাশ্), *n.* গভীর ক্ষত ; Deep and long cut ; deep, open wound :—*v. t.* গভীর ক্ষত করা ; Make a deep cut in.

Gasify (গ্যাসিফাই), *v. t.* বাষ্পে পরিণত করা ; Convert into gas. *n.*=gasification.

Gas-light (গ্যাস্-লাইট্), *n.* গ্যাসের আলো ; Light produced by gas.

Gas-mask (গ্যাস্-মাস্ক্), *n.* বিষাক্ত গ্যাস প্রতিরোধক মুখোস ; Musk for protection against poisonous gas.

Gasolene, Gasoline (গ্যাসোলিন্), *n.* পেট্রলজাত তরলপদার্থবিশেষ ; Liquid got from petroleum and used for heating.

Gasometer (গ্যাসমিটার্), *n.* বাষ্পাধার ; Storage-tank for holding gas.

Gasp (গ্যাস্প্), *n.* কষ্টে (হাঁপ টেনে টেনে) শ্বাসগ্রহণ ; Convulsive catching of breath. **At one's last gasp**—নাভিশ্বাস উঠিয়াছে এরূপ, মৃতপ্রায় ; At point of death :—*v. i.* হাঁপান ; Labour for breath.

Gassed (গ্যাস্ট্), *p. p.* বাষ্পের দ্বারা আহত ; Disabled by gas.

Gassy (গ্যাসি), *a.* ধূমময় ; ধূমসদৃশ ; Full of or like gas.

Gastric (গ্যাস্ট্রিক্), *a.* পাকাশয়-সম্বন্ধীয় ; Belonging to the stomach.

Gastritis (গ্যাস্ট্রাইটিস্), *n.* পাকাশয়ের প্রদাহ ; Inflammation of the stomach.

Gastrology (গ্যাস্ট্রলজি), *n.* রন্ধনতত্ত্ব ; Science of cookery.

Gastronome (গ্যাস্ট্রনোম্), *n.* পাক-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পণ্ডিত ; উদরসেবী ; Judge of cookery ; epicure. [বিলাসী ; Epicure.

Gastronomer (গ্যাস্‌ট্রনমার্‌), *n.* ভোজন-

Gastronom (গ্যাস্‌ট্রনমি), *n.* সুখাদ্য ভোজন-বিদ্যা ; Art or science of good eating.

Gas-works (গ্যাস্‌-ওয়ার্ক্‌স্‌), *n.* গ্যাসের কারখানা ; Manufactory of gas.

Gate (গেট্‌), *n.* দ্বার ; কপাট; প্রবেশ-পথ ; Entrance ; প্রবেশের উপায় ; Means of entrance. **Gate-house**—বহির্দ্বারের নিকটস্থ গৃহ। **Gate-keeper**—দ্বাররক্ষক ; দ্বারবান্‌। **Gate-tower**—তোরণের উপর বুরুজ।

Gateway (গেট্‌ওয়ে), *n.* দ্বার ; তোরণ-মার্গ ; Passage under an arch or gate.

Gather (গ্যাদার্‌), *v. t.* সংগ্রহ করা ; একত্র করা ; Collect ; bring together ; উপার্জ্জন করা ; Acquir ভাঁজ করা ; Plait ; সিদ্ধান্ত করা ; Infer ; আহরণ করা ; Pluck :—*v. i.* একত্রিত হওয়া ; Unite ; বৃদ্ধি হওয়া ; Increase ; পূঁয সঞ্চিত হওয়া ; Suppurate :—*n.* কাপ ‍ র ভাঁজ ; Plait or fold in cloth. *n.*=gatherer.

Gathering (গ্যাদারিং), *n.* সংগ্রহকরণ ; Collecting ; জনতা ; সমিতি ; Crowd ; assembly.

Gauche (গোশ্‌), *a.* কৌশলহীন ; Tactless ; সামাজিক দিক দিয়া কদর্য্য ; Socially awkward.

Gaud (গড্‌), *n.* সস্তা কিন্তু দেখিতে জাঁকাল অলঙ্কার ; Showy ornament.

Gaudy (গডি), *a.* জাঁকাল কিন্তু রুচি-বিগর্হিত : Tastelessly showy :—*n.* আড়ম্বরপূর্ণ ভোজ ; Gran entertainment.

Gauge (গেজ্‌), *n.* মাপিবার আদর্শ বা নমুনা ; পরিমাপ-দণ্ড ; Standard of measure ; measuring rod ; মাপের যন্ত্র ; An apparatus for measuring (rain-*gauge*) ; রেল-লাইনের মধ্যবর্ত্তী ব্যবধান ; Distance between (broad-*gauge*, meter-*gauge* *v. t.* পরিমাণ করা ; Measure contents of any vessel ; অনুমান করা ; Estimate ability.

Gaul (গল্‌), *n.* ফ্রান্সদেশের বা বাসীর পূর্ব্বকালীন নাম ; Name ancient France ; inhabitant Gaul. *a.*=Gaulish.

Gaunt (গণ্ট্‌), *a.* কৃশ ; ক্ষীণ ; lean.

Gauntlet (গণ্ট্‌লিট্‌), *n.* ধাতুর দস্তানা ; Armoured glove. **the gauntlet**—কোনরূপ হীনতা করা ; Undergo the humiliation **Take up the gauntlet**—বিবাদ করিতে স্বীকৃত হওয়া ; Accep challenge. **Throw down gauntlet**—(কাহাকেও) যুদ্ধার্থে করা ; Offer a challenge.

Gauze (গজ্‌), *n.* সূক্ষ্ম পট্টবস্ত্রবিশে Thin transparent fabric of *a.*=gauzy.

Gave (গেভ্‌), *p. t.* of **Give.**

Gavel (গ্যাভেল্‌), *n.* নীলামকারী সভাপতির কাষ্ঠ-মুদ্গর ; Auctioneer's chairman's hammer.

Gawk (গক্‌), *n.* লাজুক লোক ; কদাকার লোক ; Bashful person ; awkward person. *a.*=gawky.

Gay (গে), *a.* প্রফুল্ল ; Merry ; সুখকর ; সুন্দর ; উজ্জ্বল ; Gaudy ; showy ; bright ; লম্পট ; Lewd. *ad.*=gaily.

Gaze (গেজ্‌), *v. i.* স্থিরদৃষ্টিতে অবলোকন করা ; Look fixedly (*at, on*) :—*n.* স্থিরদৃষ্টি ; Fixed look.

Gazelle (গ্যাজেল্‌), *n.* সুদৃশ্য দ্রুতগামী মৃগবিশেষ ; A swift graceful species of antelope.

Gazette (গেজেট্‌), *n.* বার্ত্তাবহ ; সরকারী সংবাদপত্র, ঘোষপত্র ; Newspaper ; official newspaper :—*v. t.* (সরকারী

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

(Gazetteer

...) প্রচার করা ; Publish in an ...l gazette.

...tteer (গ্যাজিটিয়ার্), *n.* ভৌগোলিক ...ব, Geographical dictionary.

...ার), *n.* পরিচ্ছদ ; উপকরণ ; ...ss; furniture ; কার্য্য ; Business ; ...ত দন্তুর ধাঁজে ধাঁজে আবদ্ধ চক্রসমষ্টি ; ...t of indented wheels working ...ther :—*v. t. i.* (কল) সজ্জিত ... Put in gear (as machinery).

...t of gear—বিকল।

...ing (গীয়ারিং), *n.* ঘোড়ার সাজ ; ...ness; যন্ত্রের যে চক্রাদিবারা শক্তি ...ত হয় ; In machinery, ...train of toothed wheels and ...ches.

...se (গিস্), *n. pl.* of **Goose.**

...tin(e) (জেলাটিন্), *n.* শিরিষ ; ...ue. *a.*=gelatinous.

...ld (গেল্ড্), *v. t.* খোজা করা ; Cas-...ate. *n.*=gelder.

...ding (গেল্ডিং), *n.* মুষ্কচ্ছেদন ; Cas-...tion; ছিন্নমুষ্ক অশ্ব ; Castrated ...se. [Cold ; icy cold.

...id (জেলিড্), *a.* শীতল ; অত্যন্ত শীতল ;

...m (জেম্), *n.* রত্ন ; Jewel ; অতি মূল্য-...ন রত্ন ; Anything extremely ...luable :—*v. t.* রত্নভূষিত করা ; ...orn with gems.

...minate (জেমিনেট্), *a.* জোড়া জোড়া ...বদ্ধ সজ্জিত ; Arranged in pairs :—...t. দ্বিগুণিত করা ; Double ; জোড়া ...ড়া করিয়া সাজান ; Arrange in ...irs. *n.*=gemination.

...mini (জেমিনাই), *n. pl.* মিথুনরাশি ; ...e 3rd sign of the zodiac.

...mmate (জেমেট্), *a.* মুকুলিত ; ...having buds.

...mmation (জেমেশন্), *n.* কোরক-...ন ; Art of budding.

...nder (জেণ্ডার্), *n.* লিঙ্গ বা চিহ্ন ; পুং, ...ত্রী ; Classification of things with regard to sexes or sexlessness, natural and grammatical.

Genealogical (জীনিয়্যালজিক্যাল্), *a.* বংশানুক্রমিক বা বংশসংক্রান্ত ; Pertaining to the descent of families or persons.

Genealogist (জীনিয়্যালজিস্ট্), *n.* কুলাচার্য্য ; One who studies genealogies.

Genealogy (জীনিয়্যালজি), *n.* কুলজী ; বংশতালিকা ; Pedigree of a family.

Genera (জেনেরা)—See **Genus.**

General (জেনার্যাল্), *a.* সাধারণ ; সমগ্র জাতীয় ; প্রচলিত ; অনিশ্চিত ; Relating to a genus or a kind ; pertaining to a whole class ; common ; vague :—*n.* সেনাপতি ; Commander of an army. **In general**—সাধারণতঃ ; অধিকাংশে ; Generally ; for the most part.

Generalissimo (জেনার্যালিসিমো), *n.* একাধিক সৈন্যদলের প্রধান অধ্যক্ষ ; Chief commander of several armies.

Generality (জেনার্যালিটি), *n.* প্রধান অংশ ; অধিকাংশ · Main body ; the majority of ; সাধারণ উক্তি ; General statement.

Generalization (জেনার্যালাইজ্রেশন্) *n.* সাধারণশ্রেণীভুক্ত করণ ; Act of generalizing ; ব্যাপক প্রয়োগ ; Bringing into general or extensive use.

Generalize (জেনার্যালাইজ্), *v. t. i.* সাধারণশ্রেণীভুক্ত করা বা হওয়া ; Bring or go under a general term ; গুটিকতক দৃষ্টান্ত হইতে এক সাধারণ নিয়ম স্থির করা ; Infer from a few the nature of a whole class ; সাধারণ করা ; Make general. *n.*= generalizer. *a.*= generalizable.

Generally (জেনার্যালি), *ad.* সাধারণতঃ ; সচরাচর ; স্থূলতঃ ; মোটামুটি ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

In general ; commonly ; on the whole ; অধিকাংশ ; Mostly.

Generalship (জেনার‍্যাল্‌শিপ্), *n.* সেনাপতিত্ব ; Office of a general ; যুদ্ধ-নৈপুণ্য ; Military skill ; নেতৃত্ব ; Leadership.

Generate (জেনারেট্), *v. t.* জন্ম দেওয়া ; উৎপাদন করা ; Beget ; produce.

Generation (জেনারেশন্), *n.* উৎপাদন ; Production ; জনন-ক্রিয়া ; Act of producing ; বংশ, জাতি ; Progeny ; race ; পুরুষ ; Rank in genealogy ; এক যুগের লোক ; সমকালীন লোক ; People of the same period :—*pl.* বংশবৃত্তান্ত ; Genealogy (B).

Generative (জেনারেটিভ্), *a.* উৎপাদন-ক্ষম ; Productive.

Generator (জেনারেটর্), *n.* জন্মদাতা ; উৎপাদক ; Begetter ; producer ; বাষ্পাদি উৎপাদনের যন্ত্রবিশেষ ; Apparatus for producing steam.

Generic (জিনেরিক্), *a.* জাতিগত ; শ্রেণীগত সাধারণ ধর্ম্মপরিচায়ক ; বহু বিস্তীর্ণ ; Belonging to genus ; peculiar to a class ; comprehensive. *ad.*= generically.

Generosity (জেনারসিটি), *n.* ঔদার্য্য ; বদান্যতা ; দানশীলতা ; Kindness ; liberality ; munificence.

Generous (জেনারাস্), *a.* উদার-প্রকৃতি ; দয়ালু ; দানশীল ; Liberal ; kind ; munificent.

Genesis (জেনিসিস্), *n.* উৎপত্তি, জন্ম ; সৃষ্টি ; Origin ; birth ; creation ; বাইবেলের আদি পুস্তক ; First book of the Old Testament.

Genet, Gennet, Jennet (জেনেট্), *n.* স্পেনদেশীয় ক্ষুদ্র অশ্ব ; A small Spanish horse.

Genet, Genette (জেনিট্), *n.* গন্ধ-গোকুলা জাতীয় জন্তু ; A kind of civet.

Genetic (জেনেটিক্), *a.* জন্ম বা উৎপত্তি-বিষয়ক ; Pertaining to the g of anything. *ad.*=genetically.

Genetics (জিনেটিক্স্), *n. pl.* উৎপত্তি ও প্রজনন-বিদ্যা ; Scie breeding.

Geneva (জিনীভ্যা), *n.* ভয়ানক উত্তেজক মদ্য ; A powe stimulating spirit.

Genial (জীনিয়্যাল্), *a.* আনন্দদায়ক ; হৃষ্ট ; দয়াপরবশ ; Healthful ; cheering ; kindly ; favourable ; sympat

Geniality (জীনিয়্যালিটি), *n.* আনন্দ ; Gaiety ; cheerfulness.

Genie (জীনি), *n.* জিন্ ; আরব্য উল্লিখিত ভূত ; Jinnee ; spirit or lin of Arabian Tales.

Genii (জীনিয়াই), *n. pl.* of Gen ভূত ; Spirits.

Genital (জেনিট্যাল্), *a.* সম্বন্ধীয়, জনন-ক্রিয়া-সংক্রান্ত ; Of ration.

Genitals (জেনিট্যাল্স্), *n. pl.* নেন্দ্রিয় ; উপস্থাদি ; Exterior orga generation ; sexual organs.

Genitive (জেনিটিভ্), *n.* Genitive case :—*a.* উৎপত্তি, অধিকারসূচক ; Indicating sou origin, possession, etc. *a.*=g tival.

Genius (জীনিয়াস্), *n.* স্বাভাবিক শক্তি ; প্রতিভা ; Inborn bent of mi intellectual power (a *genius* acting) ; প্রতিভাশালী ব্যক্তি ; Man genius ; ধর্ম্ম, প্রকৃতি ; Peculiar struction or character of anyth (the *genius* of the Hindu rac দেবতা ; উপদেবতা ; Good or spirit. *pl.*=geniuses—(প্রতিভা ব্যক্তিগণ) ; genii—(উপদেবতাগণ)

Gent (জেণ্ট্), *n.* Shortened for *gentleman* ; ভদ্রলোক ; Gentle

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Genteel (জেন্টীল্), *a.* ভদ্র; সুসভ্য; ...ed; graceful in manners.
...tian (জেন্শ্যন্), *n.* চিরতা।
...tile (জেন্টাইল্), *n.* ইহুদী ভিন্ন অন্য-...; heathen :—*a.* পৌত্তলিক-...; Of the pagans or ...thens.
...tility (জেন্টিলিটি), *n.* ভদ্রবংশে ...; Gentle birth; ভদ্রবংশোপযোগী ...; ভদ্রব্যবহার; Upper class ...ers.
...tle (জেন্টল্), *a.* সংকুলোদ্ভব; ভদ্র; ...-born; refined in manners; ...; মৃদু; Mild; সুশীল; নম্র; Ami-...; শান্তিকর; Soothing.
...tlefolk (জেন্ট্লফোক্), **Gentle-...lks** (জেন্ট্লফোক্স্), *n. pl.* ভদ্রলোক-...: Persons of good-breeding ...d family.
...tleman (জেন্ট্ল্ম্যান্), *n.* সম্ভ্রান্ত ...; ভদ্রলোক; Man of a good ...ly; well-bred man.
...tlemanlike (জেন্ট্ল্ম্যান্লাইক্), ...tlemanly (জেন্ট্ল্ম্যান্লি), *a.* ...ত; নম্র; শিষ্ট; Like a gentle-...; polite; complaisant. *n.*= ...tlemanliness.
...tlewoman (জেন্ট্ল্উম্যান্), *n.* ...; Woman of good birth. ...=gentleman.
...tly (জেন্ট্লি), *ad.* ভদ্রভাবে; মৃদু-...: Politely; mildly; দয়ার্দ্র চিত্তে; ...ly; আস্তে; Slowly.
...try (জেন্ট্রি), *n.* ভদ্রসম্প্রদায়; মধ্যবিত্ত ...; Gentlefolk; class of people ...the rank of nobility.
...uflect (জেনিউফ্লেক্ট্), *v. i.* সসম্ভ্রমে ...; Bend the knee in ...ship or respect.
...uflection, Genuflexion (জেনিউ-...), *n.* (উপাসনাকালে) জানু দ্বারা ভূমি স্পর্শন; Act of bending the knee, particularly in worship.

Genuine (জেনিউইন্), *a.* অকৃত্রিম; অকপট; স্বাভাবিক; বিশুদ্ধ; Unadulterated; true; not artificial; real; pure.

Genus (জীনাস্), *n.* সমধর্ম্মাশ্রিত একাধিক জাতির সমবায়, মহাজাতি; A class having many species under it. *pl.*=genera, genuses.

Geocentric (জীয়সেন্ট্রিক্), *a.* ভূমণ্ডল যাহার কেন্দ্রস্থানীয়; ভূ-কেন্দ্রিক; Having reference to the earth as centre. *ad.*=geocentrically.

Geographer (জিয়গ্র্যাফার্), *n.* ভূগোলজ্ঞ; One who is versed in geography.

Geographic (জীয়গ্র্যাফিক্), **Geographical** (জীয়গ্র্যাফিক্যাল্), *a.* ভূগোল-সম্বন্ধীয়; ভৌগোলিক; Of geography. *ad.*=geographically.

Geography (জিয়গ্র্যাফি), *n.* পৃথিবীর বিবরণ; ভূগোলবিদ্যা; Description of the earth; science which treats of the world and its inhabitants; ভূগোল গ্রন্থ; Manual of geography.

Geological (জিয়লজিক্যাল্), *a.* ভূতত্ত্ব-বিষয়ক; Of geology. *ad.*=geologically.

Geologist (জিয়লজিস্ট্), *n.* ভূতত্ত্ববিৎ; One versed in geology.

Geologize (জিয়লজাইজ্), *v. i.* ভূ-তত্ত্বের আলোচনা করা; Study or practise geology.

Geology (জিয়লজি), *n.* ভূতত্ত্ব; The science of earth's crust, its strata and their relations.

Geometer (জিয়মিটার্), **Geometrician** (জিয়মিট্রিশন্), *n.* জ্যামিতিজ্ঞ; জ্যামিতিবেত্তা; One skilled in geometry.

Geometric (জীয়মেট্রিক্), **Geome-**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

trical (জীয়মেট্রিক্যাল্), *a.* ক্ষেত্রতত্ত্ব-সংক্রান্ত; জ্যামিতি-বিষয়ক; Of geometry. *ad.*=geometrically. **Geometric Series**—(*alg.*) গুণোত্তর শ্রেণী।

Geometry (জিয়মিট্রি), *n.* জ্যামিতি; That branch of mathematics which treats of the properties of magnitude and its relations.

Georgette (জোর্জেট্), *n.* একপ্রকার পাতলা রেশমের কাপড়; A thin silk dress material.

Georgian (জোর্জিয়্যান্), *a.* জর্জিয়া-দেশীয়; ইংলণ্ডের জর্জ্জ নামধেয় ছয়জন রাজার রাজত্বকালীন; Belonging to Georgia; relating to the reigns of the six Georges, kings of Great Britain.

Georgic (জোর্জিক্), **Georgical** (জোর্জিক্যাল্), *a.* কৃষি-সম্বন্ধীয়; Relating to agriculture.

Georgic (জোর্জিক্), *n.* কৃষিকার্য্য-সম্বন্ধীয় কবিতা; Poem on agriculture.

Germ (জার্ম্), *n.* অঙ্কুর; বীজ; Seed-bud; fruit in embryo; মূল; Origin; রোগের জীবাণু; Bacillus.

German (জার্ম্যান্), *n.* জার্ম্মানি দেশীয় লোক বা ভাষা; Native of Germany or the German language:—*a.* জার্ম্মানি দেশীয়; Belonging to Germany. *pl.*=Germans.

German (জার্ম্যান্), **Germane** (জার্মেন্), *a.* নিকট-সম্পর্কীয়; Closely related. **Brother german**—এক মাতাপিতা হইতে জাত ভ্রাতা; Brother born of the same parents. **German silver**—একপ্রকার কৃত্রিম রৌপ্য; Alloy of copper, nickel and zinc. **Cousins german**—মাতাপিতার ভ্রাতা বা ভগিনীর পুত্রকন্যা; এক পিতামহের পৌত্র-পৌত্রীগণ; এক মাতামহের দৌহিত্র-দৌহিত্রীগণ; Sons and daughters of brothers or sisters of pa[illegible] cousins having the same gr[illegible] father.

Germicide (জার্মিসাইড্), *a.* [illegible] নাশক; Destructive of germs [illegible] জীবাণু-নাশক পদার্থ; Germicide [illegible] tance.

Germinal (জার্মিন্যাল্), *a.* বীজসম্ব[illegible] Of germs; বৃদ্ধির প্রথম অবস্থায়; [illegible] earliest stage of development.

Germinant (জার্মিন্যান্ট্), *a.* অঙ্কু[illegible] কাম হইতেছে এমন; Sprouting.

Germinate (জার্মিনেট্), *v. i.* অঙ্কু[illegible] হওয়া; Sprout:—*v. t.* অঙ্কুরিত [illegible] Cause to sprout..

Germination (জার্মিনেশন্), [illegible] অঙ্কুরোদ্গম; Act of sprout[illegible] অঙ্কুরের সময়; Time in which [illegible] vegetate after being planted.

Gerund (জেরাণ্ড্), *n.* ক্রি[illegible] বিশেষ্যপদ; A kind of verbal [illegible] ending in *-ing*. *a.*=gerundial.

Gerundive (জেরাণ্ডিভ্), *a.* সংযুক্ত [illegible] ও বিশেষ্য ভাবান্বিত পদ-সম্বন্ধীয় বা [illegible] পদের মত; Of or like a gerund.

Gestapo (গেস্টাপো), *n.* জার্ম্মানি [illegible] গুপ্ত পুলিশ বা গোয়েন্দা; German sec[illegible] police.

Gestation (জেস্টেশন্), *n.* গর্ভ[illegible] কাল; Period of pregnancy.

Gesticulate (জেস্টিকিউলেট্), *v. i.* [illegible] বাক্যের সহিত বা বাক্যের পরিবর্তে অঙ্গ[illegible] করা; Use expressive motion [illegible] limbs, etc. with or instead [illegible] speech. *n.*=gesticulator.

Gesticulation (জেস্টিকিউলেশন্), [illegible] অঙ্গভঙ্গীকরণ; Making gest[illegible] *a.*=gesticulatory.

Gesture (জেশ্চার্), *n.* আকার-ইঙ্গি[illegible] অঙ্গভঙ্গী; Movement of the b[illegible] and limbs; posture:—*v. t.* অঙ্গভঙ্গী দ্বারা প্রকাশ করা; অঙ্গভঙ্গী [illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...present by gestures; make ...ures.

...(গেট্), *v. t.* প্রাপ্ত হওয়া; লাভ করা; ...; acquire; জন্ম দেওয়া; Be-...; Learn; প্রবর্ত্তিত করা; ...; ঘটান; Cause to occur: ...; উপস্থিত হওয়া; Arrive at; ...অবস্থায় উপস্থিত হওয়া; Bring ...self into a condition; হওয়া; ...*p. t.*=got. *p. p.*=gotten, ...Get at—প্রাপ্ত হওয়া; Attain; ...হওয়া; Reach. Get by heart ...করা; Commit to memory. ...পলায়ন করা; Escape; মুক্ত ...; Set free. Get on—চলা; উন্নতি ...; অগ্রসর হওয়া; Proceed; pro-...; advance. Get over—অতিক্রম ...; Overcome. Get rid of—...কে) মুক্ত করা; Free oneself ... Get through—ভিতর দিয়া ...; কাটান; Pass through; শেষ ...; Finish. Get up—(আসন বা ...হইতে) উঠা; Rise (from seat ...).

...(গেটিং), *n.* প্রাপ্তি; প্রাপ্ত বস্তু; ...; anything gained.

...(গেট্-আপ্), *n.* বেশভূষা, আকার-...; ধরণ; (পুস্তকের ছাপা, বাঁধাই ...) রীতি; General appear-...; make up; style.

...(গিউস), *n.* চটকদার খেলো ...বা খেলনা; Gaudy ornament ...thing

...(গেসার্), *n.* উষ্ণ প্রস্রবণ; ...spring, as in Iceland; জল ...করিবার যন্ত্র; Apparatus for ...water.

...(গাস্ট্লি), *a.* ভূতবৎ; ...like; বিকটাকার; Hideous; ...Pale; ভয়ানক; Horrible:— ...ভয়ানকরূপে; Horribly. *n.*= ...ness.

Ghat, Ghaut (গট্), *n.* গিরিপথ; পর্ব্বতশ্রেণী; Mountain pass; chain of mountains; ঘাট; Landing-place descending to a river or tank.

Ghost (গোস্ট্), *n.* আত্মা; Soul; ভূত; Apparition. *a.*=ghostlike. **Give up the ghost**—দেহত্যাগ করা; Die.

Ghostly (গোস্ট্লি), *a.* ভৌতিক; Spectral; আধ্যাত্মিক; Spiritual. *n.*=ghostliness.

Ghoul (গূল্), *n.* পিশাচ, কবর হইতে মৃতদেহ উঠাইয়া ভক্ষণ করে এমন; Demon supposed to feed on the dead.

Giant (জায়্যাণ্ট্), *n.* দৈত্য, অসুর; Titan; অসাধারণ শক্তিসম্পন্ন ব্যক্তি; Person of extraordinary powers:—*a.* বৃহৎকায়; প্রকাণ্ড; Gigantic. *fem.*=giantess.

Giantly (জাইয়্যাণ্ট্লি), *a.* আসুরিক; Resembling a giant.

Gibber (গিবার্), *v. i.* বিড় বিড় করা, অস্পষ্ট অর্থহীন কথা বলা; Chatter inarticulately.

Gibberish (গিবারিশ্), *n.* দ্রুতোচ্চারিত অস্পষ্ট কথা; অর্থশূন্য বাক্য; Rapid inarticulate talk; unintelligible speech:—*a.* অর্থশূন্য; Unmeaning.

Gibbet (জিবিট্), *n.* ফাঁসিকাষ্ঠ; A kind of gallows:—*v. t.* ফাঁসি দেওয়া; Expose on a gibbet.

Gibbon (গিবন্), *n.* একজাতীয় দীর্ঘবাহু বানর; A kind of long-armed ape.

Gibbose (গিবোস্), **Gibbous** (গিবাস্), *a.* কুব্জ; স্ফীত; Hump-backed; swelling.

Gibe (জাইব্), *v. t. i.* গালি দেওয়া; বিদ্রূপ করা; Abuse; scoff at:—*n.* বিদ্রূপ; অবজ্ঞা; Railing; contempt.

Giblets (জিব্লিট্স্), *n. pl.* পাখীর মেটে প্রভৃতি যাহা রাঁধিবার পূর্ব্বে পৃথক্ করা হইয়া

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

থাকে ; Liver, etc. of birds removed before cooking.

Giddiness (গিডিনিস্), *n.* অস্থিরতা ; চঞ্চলতা ; ভ্রমি ; মাথা-ঘোরা রোগ ; Inconstancy ; unsteadiness ; dizziness.

Giddy (গিডি), *a.* মাথা-ঘোরা রোগ-বিশিষ্ট ; Dizzy ; চঞ্চল ; অস্থির ; Fickle ; inconstant ; বিবেচনাশূন্য ; Thoughtless. *ad.*=giddily.

Gift (গিফ্ট্), *n.* দান ; Thing given ; প্রকৃতিদত্ত গুণ ; Natural talent ; উপঢৌকন ; Present :—*v. t.* বিশেষ শক্তি বা গুণবিশিষ্ট করা ; Endow with gift ; উপহার দেওয়া ; Present.

Gifted (গিফ্টেড্), *a.* বিশেষ গুণবিশিষ্ট ; Endowed with some faculty or quality ; প্রতিভাশালী, অসাধারণ বুদ্ধি-সম্পন্ন ; Talented.

Gig (গিগ্), *n.* হাল্কা দু'চাকার এক ঘোড়ার গাড়ী ; Light two-wheeled one-horse carriage ; লম্বা হাল্কা ছিপ্ ; Long light boat ; জাহাজের হাল্কা নৌকা ; Light ship's boat.

Gigantic (জাইগ্যান্টিক্), *a.* প্রকাণ্ড ; অসুরতুল্য ; Huge, like a giant. *ad.*= gigantically.

Giggle (গিগ্ল্), *v. i.* মুখ চাপিয়া হাসা ; Titter :—*n.* মুখ চাপিয়া হাস্য ; Laugh with short catches of the breath or voice. *n.*=giggler.

Gild (গিল্ড্), *v. t.* গিল্টি করা ; স্বর্ণ-মণ্ডিত করা ; Cover with any gold-like substance ; overlay with gold ; প্রভাবিশিষ্ট করা ; উজ্জ্বল করা ; Illuminate ; brighten. *p. t.* & *p. p.*=gilded, gilt.

Gilder (গিল্ডার্), *n.* যে ব্যক্তি দ্রব্যের উপর সোণালী রঙ্ করে ; One whose trade is to gild.

Gilding (গিল্ডিং), *n.* সোণালী কর্ম্ম ; Gold laid on any surface ornament.

Gill (জিল্), *n.* পরিমাণবিশেষ ; পা fourth part of a pint ; বা Girl. **Jack and Gill**— বালিকা ; A boy and a girl.

Gill (গিল্), *n.* ফুল্কা, কাণকুড়া, ম্ব শ্বাসযন্ত্র ; Breathing organ of a

Gilt (গিল্ট্), *p. t.* & *p. p.* of Gil Gilded.

Gilt (গিল্ট্), *a.* স্বর্ণমণ্ডিত ; গিল্টি-

Gilt-edged (গিল্ট্-এজ্ড্), *a.* রঞ্জিত প্রান্তযুক্ত ; Having edges ; সবচেয়ে ভাল ; Of the quality (*gilt-edged* securities).

Gimblet (গিম্ব্লেট্)—Same **Gimlet.**

Gimcrack (জিম্ক্র্যাক্), *a.* আড়ম্বরপূর্ণ, কিন্তু অকেজো ও তৈরী ; Cheap and showy, but less and badly made (*gim* ornaments).

Gimlet (গিম্লিট্), *n.* তুরপুন ; S boring tool :—*v. t.* তুরপুনের করা ; Pierce with a gimlet.

Gimp (গিম্প্), *n.* দড়ি বা তারের পাকান রেশমী ফিতা ; Twist of etc. interlaced with cord or wi

Gin (জিন্), *n.* জাল ; ফাঁদ ; Sn trap ; ভার তুলিবার যন্ত্র ; Machine raising weight :—*v. t.* ফাঁদে (কার্পাস) পরিষ্কার করা ; Ensn clear cotton of seeds by machine.

Ginger (জিঞ্জার্), *n.* আদা। **Ging beer**—একপ্রকার মদ্য ; A sort of flavoured with ginger. **Ging bread**—পিষ্টক-বিশেষ ; Sweet flavoured with ginger. **Ging ade**—আদা ও চিনির সরবৎ ; Aer drink flavoured with ginger.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...ously (ডিন্‌জ্যারুলি), *ad.* সাবধানে ; ...ly ; Cautiously ; daintily.

...ham (ডিংগ্যাম্), *n.* চেককাটা ...কার্পাস-সূত্রনির্ম্মিত বস্ত্র ; A kind of ...cloth of dyed yarn, often ...ed.

...le (ডিংগ্‌ল্)—Same as **Jingle.**

...y (জিপ্‌সি)—See **Gypsy.**

...e (জিরাফ্), *n.* পশুবিশেষ ; ...Camelopard.

...ndole (জিরান্‌ডোল্), *n.* দীপাধার ; ...-holder.

...d (গার্ড্), *v. t.* বেষ্টিত করা ; En-...; স্বরারা আবৃত করা ; Clothe : ...ট্টা করা ; Jeer. *p. t.* & *p. p.* ...ded or girt. **Gird up one's ...**—(কোন কাজ করিবার জন্য) বদ্ধ-...পরিকর হওয়া ; Prepare for action.

...der (গার্ডার্), *n.* বেষ্টনকারী ; What ...; প্রধান কড়িকাঠ ; Chief beam.

...dle (গার্ডল্), *n.* কটিবন্ধ ; Belt for ...waist ; ঘের ; Enclosure :—*v. t.* ...দ্বারা বাঁধা ; Bind, as with a ...; বেষ্টন করা ; Enclose.

...l (গার্ল্), *n.* বালিকা ; কুমারী ; ...male child ; young unmarried ...man. **Girl guides**—Boy ...ts এর মত বালিকা-সঙ্ঘ, কন্যা ...; Organization of girls ...al to Boy Scouts.

...hood (গার্ল্‌হুড্), *n.* বালিকাবস্থা ; ...hood ; state of being a ...

...ish (গার্লিশ্), *a.* বালিকাসুলভ ; ...মত বা ন্যায় ; Of or like a girl.

...t (গার্ট্), *p. p.* of **Gird.**

...t (গার্ট্), *v. t.* বেষ্টন করা ; Gird ; ...round.

...t (গার্ট্), **Girth** (গার্থ্), *n.* জিনের ...; Belly-band of a saddle ; ...মেপে ; Measure round the ..., as at the waist or belly.

Gist (জিস্ট্), *n.* সারার্থ, সারকথা ; মূল বক্তব্য ; Main point, purport.

Gittern (গিটার্ণ্), *n.* বাদ্যযন্ত্রবিশেষ।

Give (গিভ্), *v. t.* দান করা ; Bestow ; প্রদান করা ; Deliver ; দেওয়া ; Pay ; স্বীকার করা ; Admit ; অনুমতি করা ; Permit ; সমর্পণ করা ; Devote ; যোগান ; Furnish ; অর্পণ করা ; Offer : —*v. i.* নরম হওয়া ; গলিতে আরম্ভ করা ; Grow soft ; begin to melt. *p. t.*= gave. *p. p.*=given. **Give back**—প্রত্যর্পণ করা ; Return. **Give birth to**—প্রসব করা ; Bring forth. **Give chase**—অনুসরণ করা ; Pursue. **Give ear to**—মনোযোগপূর্ব্বক শ্রবণ করা ; Listen attentively to. **Give forth**—প্রচার করা ; উদ্গিরণ করা ; Publish ; emit. **Give in**—পরাজয় স্বীকার করা ; Yield. **Give out**—প্রকাশ করা ; Proclaim. **Give over**—পরিত্যাগ করা ; Abandon ; বিরত হওয়া ; Desist. **Give up**—ত্যাগ করা ; Abandon. **Give way**—হটিয়া যাওয়া ; ভাঙ্গিয়া পড়া ; পরাজয় স্বীকার করা ; Retire ; break down ; yield. *n.* =gift.

Given (গিভ্‌ন্), *p. p.* of **Give.**

Giver (গিভার্), *n.* দাতা ; প্রদানকারী ; One who gives or bestows.

Gizzard (গিজ্জার্ড্), *n.* পক্ষীর দ্বিতীয় পাকস্থলী ; Bird's second stomach for grinding food.

Glabrous (গ্লেব্‌রাস্), *a.* মসৃণ ; কেশ বা লোমহীন ; Smooth ; having no hair.

Glacial (গ্লেশ্‌ল্), *a.* তুষারময় ; তুষার-সংক্রান্ত ; Icy ; of glacier.

Glacier (গ্ল্যাশিয়ার্), *n.* হিমবাহ, হিমনদী ; Slowly moving mass of ice or river of ice.

Glacis (গ্লেসিস্), *n.* দুর্গ হইতে ক্রমনিম্ন বা ঢালু বাঁধ ; Bank, sloping down from a fort.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Glad (গ্ল্যাড্), *a.* হৃষ্ট ; প্রফুল্ল ; আনন্দিত ; Delighted ; pleased ; cheerful.

Gladden (গ্ল্যাড্ন্), *v. t.* হৃষ্ট করা ; প্রফুল্ল করা ; উল্লসিত করা ; Cheer up ; make glad ; animate.

Glade (গ্লেড্), *n.* কানন-পথ ; বনমধ্যস্থ ফাঁকা স্থান ; Open space in a wood. *a.*=glady.

Gladiator (গ্ল্যাডিয়েটর্), *n.* প্রাচীন রোমের (পেশাদারী) মল্লযোদ্ধা ; Professional combatant in ancient Roman shows. *a.*=gladiatorial, gladiatory.

Gladsome (গ্ল্যাড্সাম্), *a.* আনন্দজনক ; সন্তোষজনক ; হৃষ্ট ; সন্তুষ্ট ; Joyous ; pleasing ; gay ; pleased.

Glair (গ্লেয়ার্), *n.* ডিম্বের শুভ্র অংশ ; White of eggs :—*v. t.* বার্ণিস করা ; Varnish with white of eggs. *a.*= glairy, glaireous.

Glamour (গ্ল্যামার্), *n.* যাদু ; ইন্দ্রজাল ; Magic ; enchantment ; মোহন সৌন্দর্য্য ; Alluring beauty. *a.*=glamorous.

Glance (গ্লান্স্), *n.* ক্ষণিক প্রভা ; Flash ; ক্ষণিক দৃষ্টিপাত ; Brief look ; কটাক্ষ ; Sidelong look :—*v. i.* কিরণ বিক্ষেপ করা ; চপল দীপ্তি প্রেরণ করা ; Dart a ray of light or splendour ; এক নজরে দেখা ; কটাক্ষে দেখা ; Snatch a momentary view ; বক্রভাবে উড়িয়া যাওয়া ; Fly off obliquely ; প্রসঙ্গক্রমে কোন বিষয়ের আভাস দেওয়া ; Make a passing allusion :—*v. t.* হঠাৎ বা বক্রভাবে নিক্ষেপ করা ; Dart suddenly or obliquely ; আভাস দেওয়া ; Hint. **Glance over**—তাড়াতাড়ি পড়া বা চোখ বুলান ; Read cursorily. **Sidelong glance**—আড়চোখে দৃষ্টি ।

Gland (গ্ল্যাণ্ড্), *n.* মাংসগ্রন্থি । *a.*= glandiform.

Glanders (গ্ল্যাণ্ডার্স্), *n.* অশ্বের শিরাগ্রন্থি-স্ফীতি রোগ ; Highly c gious disease of the mucous brane in the horse.

Glandular (গ্ল্যাণ্ডিউল্যার্), **Glandulous** (গ্ল্যাণ্ডিউলাস্), *a.* গ্রন্থিময় ; Containing, consist or pertaining to glands.

Glandule (গ্ল্যাণ্ডিউল্), *n.* ক্ষুদ্র Small gland.

Glare (গ্লেয়ার্), *n.* চোখ-ঝল আলোক ; Clear dazzling over-powering lustre ; একদৃষ্টে দৃষ্টি ; Long steadfast look ; ing look :—*v. i.* চক্‌মক্ করা ; প্রভা বিকাশ করা ; Shine with clear dazzling light ; ক্রোধ বা দৃষ্টিতে দেখা ; Look fiercely at.

Glaring (গ্লেয়ারিং), *a.* স্পষ্ট ; Clear ; অতিদৃশ্য ; নির্লজ্জ ; Notori bare-faced.

Glass (গ্লাস্), *n.* কাচ । কাচনির্ম্মিত Anything made of glass ; Mirror ; পানপাত্র ; Drinking-glass দেখিবার কাচ ; Lens ; গ্লাসপূর্ণ পরি Quantity of liquid a glass hold —*n. pl.* চশমা ; Spectacles :— কাচ লাগান ; Fit with glass ; ভিতর রাখা ; Case in glass.

Glass-blower (গ্লাস্-ব্লোয়ার্), *n.* কা নির্ম্মাতা ; One who blows and sha glass.

Glass-cutter (গ্লাস্-কাটার্), *n.* কা কর্ত্তক ; Workman or tool cutti glass.

Glassful (গ্লাস্ফুল্), *n.* এক গ্লাস [Contents of a glas

Glass-house (গ্লাস্-হাউস্), *n.* কা কারখানা ; Manufactory of glas কাচের ঘর ; House made glass.

Glass-ware (গ্লাস্-ওয়্যার্), **Glass work** (গ্লাস্-ওয়ার্ক্), *n.* কাচের বা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Glassy (গ্লাসি), *a.* কাচনির্ম্মিত ; কাচবৎ ; Made of glass ; resembling glass. **-ness**=glassiness. **Glaucoma** (গ্লকোম্যা), *n.* চক্ষুরোগ-বিশেষ ; Disease of the eye. **Glaucous** (গ্লকাস্), *a.* ঈষৎ হরিৎ বা নীল ; Greenish blue ; sea-green. **Glaze** (গ্লেজ্), *v. t.* শার্সি বসান ; আয়না বসান ; Furnish or set with glass (windows or panes) ; কাচদ্বারা আবৃত করা ; Cover with a glassy surface ; চক্‌চকে করা ; Make glassy :—*v. i.* চক্‌চকে হওয়া ; Assume a glassy lustre :—*n.* চক্‌চকে করিবার মসলা বা চাক্‌চিক্যময় বহির্ভাগ ; Substance used for, surface produced by glazing. *n.*=glazer. **Glazier** (গ্লেজিয়ার্), *n.* কাচ লাগাইবার শিল্পী ; গবাক্ষ-নির্ম্মাতা ; One whose business is to set glass. **Glazing** (গ্লেজিং), *n.* শার্সি প্রভৃতি লাগান বা বসাবার কৌশল ; Act or art of setting glass ; অপর রঙের উপর প্রদত্ত স্বচ্ছ রঙ্ ; Semi-transparent colours put thinly over others.

Gleam (গ্লীম্), *v. i.* ঈষৎ অস্পষ্ট বা থাকিয়া থাকিয়া দীপ্তিমান্ হওয়া ; Shine faintly or interruptedly ; glitter :—*n.* অস্পষ্ট বা থাকিয়া থাকিয়া প্রভা, দীপ্তি বা উজ্জ্বল্য ; Dim or interrupted brightness.

Gleamy (গ্লীমি), *a.* রশ্মিপ্রদ ; দীপ্তিপ্রদ ; Casting rays of light ; shining.

Glean (গ্লীন্), *v. i.* ধান্যাদির শীষ কুড়ান ; খুঁটিয়া খুঁটিয়া সংগ্রহ করা ; Gather the corn left by reapers :—*v. t.* কুড়ান, সংগ্রহ করা ; Collect (*glean* facts from books) :—*n.* ঈষদ্বৃত্তি ; সংগৃহীত দ্রব্য ; That which is gleaned ; act of gleaning.

Gleaner (গ্লীনার্), *n.* সংগ্রহকারী ; One who gleans.

Gleanings (গ্লীনিংজ্), *n. pl.* (*fig.*) বিবিধ স্থান হইতে সংগৃহীত কিছু কিছু জ্ঞান ; Small pieces of knowledge brought together from various sources.

Glebe (গ্লীব্), *n.* দেবোত্তর ভূমি ; Land belonging to a parish church.

Glee (গ্লা), *n.* হর্ষ ; উল্লাস ; Joy ; mirth and gaiety. *a.*=gleeful, gleesome.

Gleet (গ্লীট্), *n.* পুরাতন প্রমেহ ; ধাতুক্ষরণ ; Chronic gonorrhoea.

Glen (গ্লেন্), *n.* উপত্যকা ; গিরিসঙ্কট ; Dale ; narrow valley.

Glib (গ্লিব্), *a.* পিচ্ছিল ; Slippery ; চপল ; Voluble.

Glide (গ্লাইড্), *v. i. t.* হড়কাইয়া যাওয়া ; Pass gently ; ধীরে ধীরে বহিয়া যাওয়া ; Flow gently ; ধীরে ধীরে চালান ; Cause to glide :—*n.* ধীরে ধীরে গমন ; Act of gliding.

Glider (গ্লাইডার্), *n.* এঞ্জিন-বিহীন বিমান ; Engineless aeroplane.

Glim (গ্লিম্), *n.* আলোক ; Light.

Glimmer (গ্লিমার্), *v. i.* মিট্ মিট্ করা ; Burn faintly :—*n.* মিট্‌মিটে আলোক ; Faint light.

Glimmering (গ্লিমারিং), *a.* মৃদু অস্থির দীপ্তিশালী ; Shining faintly :—*n.* ক্ষীণ আলোক ; Faint light.

Glimpse (গ্লিম্প্স্), *n.* ক্ষীণ ও মুহূর্ত্তস্থায়ী আলোক ; Faint and momentary light ; ক্ষণিক দৃষ্টি ; Brief view ; ঝলক ; Sudden flash :—*v. i.* ঈষৎ দৃষ্টিগোচর হওয়া ; Appear by glimpses.

Glint (গ্লিণ্ট্), *v. i.* চমক দেওয়া ; Gleam :—*v. t.* প্রতিফলিত করা ; Reflect :—*n.* প্রভা ; Gleam.

Glisten (গ্লিস্ন্), *v. i.* উজ্জ্বল হওয়া ; চক্‌চক্ করা ; Shine ; sparkle :—*n.* প্রভা ; Lustre.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Glister (গ্লিস্‌টার্), *v. i.* চক্‌চক্ করা; Sparkle.

Glitter (গ্লিটার্), *v. i.* উজ্জ্বল হওয়া; ঝক্‌মক্ করা; Sparkle with light; shine :—*n.* প্রভা; উজ্জ্বলতা; Lustre; brilliancy.

Glittering (গ্লিটারিং), *a.* উজ্জ্বল; প্রভা-বিশিষ্ট; Brilliant; sparkling.

Gloaming (গ্লোমিং), *n.* গোধূলি; Twilight; dusk.

Gloat (গ্লোট্), *v. i.* আগ্রহসহকারে বা লোলুপনেত্রে দেখা; Stare with eagerness.

Globe (গ্লোব্), *n.* গোলক; Sphere; ভূ-গোলক; পৃথিবী; Spherical chart of the earth; the earth; world.

Globe-trotter—যে লোক পৃথিবীর নানাস্থানে পদব্রজে ভ্রমণ করে; Hurried sight-seeing traveller.

Globose (গ্লোবোস্), **Globous** (গ্লোবাস্), *a.* গোলক-সদৃশ; Resembling a globe. *n.*=globosity.

Globular (গ্লবিউলার্), **Globulous** (গ্লবিউলাস্), *a.* গোলাকার; Spherical. *n.*=globularity.

Globule (গ্লবিউল্), *n.* ক্ষুদ্র গোলাকার বড়ি; গুলি; Small globe, *e. g.*, pill.

Glomerate (গ্লমারেট্), *a.* ঘনগুচ্ছবদ্ধ; Compactly clustered (*cf.* agglomerate, conglomerate) :—*n.*, *a.*, *v. t.* & *i.* Collect, collected, or what is collected, into a mass.

Glomeration (গ্লোমারেশন্), *n.* গোলাকারে গঠন; বর্ত্তুলাকার-প্রাপ্ত বস্তু; Act of gathering or winding into a ball; body formed into a ball.

Gloom (গ্লূম্), *n.* অন্ধকার; Darkness; বিষণ্ণতা; দুঃখ; নৈরাশ্য; Heaviness of mind; sadness; dejection :—*v. i.* বিষণ্ণ হওয়া; অন্ধকারময় হওয়া; Be dejected; be obscure :—*v. t.* বিষণ্ণ করা; অন্ধকারাবৃত করা; Make sad; render dark.

Gloomy (গ্লূমি), *a.* তিমিরাচ্ছন্ন; অন্ধকারময়; অস্পষ্ট; Dark; dim; obscure; দুঃখিত; বিষণ্ণ; হতাশ; Sad; melancholy; dejected. *n.*=gloomyness. *ad.*=gloomily.

Glorify (গ্লোরিফাই), *v. t.* পূজা করা; Worship; গৌরবান্বিত করা; প্রশংসা করা; সম্মান করা; Make glorious; praise; honour. *n.*=glorification.

Glorious (গ্লোরিয়াস্), *a.* গৌরবময়; Possessing glory; চমৎকারময়; Excellent; splendid.

Glory (গ্লোরি), *n.* যশঃ; Renown; তেজ; প্রভা; Splendour; brightness; প্রশংসা; Praise; গৌরব; Honour; গৌরবের বস্তু; Object of pride; ঈশ্বরের আবির্ভাব; Divine presence; জ্যোতির্মণ্ডল; প্রভাচক্র; Circle of rays surrounding the head of a saint; halo around the head :—*v. i.* গর্ব্ব করা; Boast; আনন্দিত হওয়া; উল্লসিত হওয়া; Rejoice; exult.

Gloss (গ্লস্), *n.* আভা; চাক্‌চিক্য; Lustre; বাহ্য শোভা; External show; টীকা; ব্যাখ্যা; Comment; explanation :—*v. t.* চক্‌চকে করা; Make smooth and shining :—*v. i.* ব্যাখ্যা করা; Comment.

Glossarial (গ্লসেরিয়্যাল্), *a.* ব্যাখ্যা-সমন্বিত; Containing explanation. *ad.*=glossarially.

Glossarist (গ্লস্যারিস্ট্), *n.* পরিভাষা-লেখক; অভিধান-লেখক; ব্যাখ্যাসঙ্কলক; Writer of a glossary.

Glossary (গ্লস্যারি), *n.* পরিভাষার অভিধান বা নির্ঘণ্ট; Dictionary of technical or special words; অপ্রচলিত শব্দের অভিধান; Dictionary of uncommon or antiquated words.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Glossy (গ্লসি), *a.* চিক্কণ; মসৃণ; Smooth and shining; highly polished. *ad.*=glossily. *n.*=glossi-

Glottis (গ্লটিস্), *n.* শ্বাসনালীর উপরিস্থ ছিদ্র; Narrow opening at the root of the entrance to the wind-pipe.

Glove (গ্লাভ্), *n.* দস্তানা; Covering for the hand :—*v. t.* দস্তানাদ্বারা আবৃত করা; Cover with a glove.

Glover (গ্লাভার্), *n.* দস্তানা-নির্ম্মাতা বা বিক্রেতা; Maker or seller of gloves.

Glow (গ্লো), *n.* (প্রজ্বলন জনিত) উত্তাপ; Burning heat; রক্তিমাভা; Redness; brightness of colour; আবেগবশতঃ উত্তেজনা বা গণ্ডদেশের রক্তিমা; Ardour; passion; the red of cheeks :—*v.* শিখাহীন আলোক ও উত্তাপ নিঃসৃত করা; Throw out flameless light and heat; রক্তিমবর্ণ হওয়া; উত্তেজিত করা; Flush with ardour or passion.

Glower (গ্লাউয়ার্), *v. i.* একদৃষ্টিতে তাকান; ক্রুদ্ধভাবে তাকান; Stare; scowl.

Glow-worm (গ্লো-ওয়ার্ম্), *n.* জোনাকি পোকা; Insect that shines in the dark.

Glose (গ্লোজ্), *v. t. i.* মিথ্যা বা ত্রুটি-পূর্ণ অর্থ প্রয়োগ করা; Give a false or palliating meaning to (with over); তোষামোদ করা; মিষ্ট বাক্য প্রয়োগ করা; Fawn; use fair words.

Glucose (গ্লুকোস্), *n.* ফলজ শর্করা; Fruit-sugar.

Glue (গ্লু), *n.* শিরিষ; Sticky cement :—*v. t.* শিরিষ দিয়া জোড়া লাগান; Join with glue.

Gluey (গ্লুই), *a.* আঠাযুক্ত; আঠাল; Sticky; viscous.

Glum (গ্লাম্), *a.* ভ্রূকুটি-কুটিল; বিষণ্ণ; Frowning; gloomy, sullen.

Glume (গ্লুম্), *n.* তুষ; Husk.

Glut (গ্লাট্), *v. t.* পেটুকের মত গ্রাস করা; Swallow greedily; পর্য্যাপ্ত ভোজন করা; Feast to satiety; প্রয়োজনাতিরিক্ত দেওয়া; Supply in excess :—*n.* পরম পরিতুষ্টি; Surfeit; প্রাচুর্য্য; Abundance.

Gluten (গ্লুটিন্), *n.* ময়দার আঠাল ভাগ; Tough elastic substance seen in the dough.

Glutinate (গ্লুটিনেট্), *v. t.* শিরিষদ্বারা যুক্ত করা; জোড়া দেওয়া; Unite, as with glue; cement. *n.*=glutination.

Glutinative (গ্লুটিন্যাটিভ্), *a.* আঠাল; চটচটে; Sticky; viscous.

Glutinous (গ্লুটিনাস্), *a.* আঠাযুক্ত; Sticky.

Glutton (গ্লাটন্), *n.* পেটুক; Excessive eater.

Gluttonous (গ্লাটনাস্), **Gluttonish** (গ্লাটনিশ্), *a.* ঔদরিক; পেটুক; Given to gluttony.

Gluttony (গ্লাটনি), *n.* ঔদরিকতা; Excess in eating.

Glycerine (গ্লিসারিন্), *n.* গ্লিসারিন্।

Gnarl (নার্ল্), *v. i.* গোঙ্গান; (কুকুরের ন্যায়) গর্জ্জন করা; Snarl; growl :—*n.* কাষ্ঠ-গ্রন্থি; Twisted knot in wood.

Gnarled (নার্লড্), **Gnarly** (নার্লি), *a.* গ্রন্থিল; গ্রন্থিযুক্ত; Knotty.

Gnash (ন্যাশ্), *v. t. i.* দাঁত কিড়্‌মিড়্ করা; Strike or grind the teeth.

Gnat (ন্যাট্), *n.* ডাঁশ।

Gnaw (ন), *v. t.* দংশন করা; চর্ব্বণ করা; Tear with the teeth; bite with the teeth :—*v. i.* দন্তদ্বারা চর্ব্বণ করা; Use the teeth in biting. *n.*=gnawer.

Gnome (নোম্), *n.* ভূত; বামন; Goblin; dwarf.

Gnomon (নোমন্), *n.* ছায়াঘড়ির কাঁটা ইত্যাদি; Pin, etc. of a sun-dial.

Haberdashery (হাবার্ড্যাশারি), *n.* সামান্য সামান্য সজ্জাদ্রব্য ; Goods sold by a haberdasher.

Habergeon (হাবার্জন্), *n.* গ্রীবা ও বক্ষঃ রক্ষণার্থ বর্ম্ম ; Armour to defend the neck and breast.

Habiliment (হাবিলিমেণ্ট্), *n.* বস্ত্রাদি ; Clothes; পরিচ্ছদ, পোষাক ; Dress.

Habit (হ্যাবিট্), *n.* পরিচ্ছদ ; Dress ; শারীরিক বা মানসিক গঠন ; Constitution ; অভ্যাস ; রীতি ; Settled tendency or practice ; custom. স্ত্রীলোকের ঘোড়ায় চড়িবার কোট ; Closely fitting coat worn by ladies on horseback :—*v. t.* পরিচ্ছদ করা ; Dress.

Habitable (হ্যাবিট্যাব্ল্), *a.* বাসযোগ্য ; That can be inhabited or dwelt in. *ad.*=habitably. *n.*=habitability, habitableness.

Habitant (হ্যাবিট্যাণ্ট্), *n.* নিবাসী ; বাসিন্দা ; Inhabitant.

Habitat (হ্যাবিট্যাট্), *n.* বসতি ; জীব বা উদ্ভিদের স্বাভাবিক বাসস্থান ; Natural abode of an animal or plant.

Habitation (হ্যাবিটেশন্), *n.* বসবাস করণ ; Inhabiting ; বসতি ; বাসস্থান ; Residence ; place of abode.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

Habitual (হাবিটিউয়্যাল্), *a.* অভ্যাস-গত; স্বভাবসিদ্ধ; অভ্যাসগত; Customary; usual; common.

Habituate (হাবিটিউয়েট্), *v. t.* অভ্যস্ত করা; Accustom; inure.

Habitude (হাবিটিউড্), *n.* প্রথা; অভ্যাস; প্রকৃতি; Custom; habit; habitual manner.

Hack (হাক্), *v. t.* খণ্ড খণ্ড করা; খাঁজ কাটা; Cut; notch; ভাড়া দিবার জন্য প্রস্তুত করা; Offer for hire :—*n.* খাঁজ; Notch; cut; বেতনভুক্ লেখক; Man who hires himself out for literary work; ভাড়াটিয়া গাড়ী বা ঘোড়া; Horse or carriage for hire :—*a.* ভাড়াটিয়া; Hackney-hired.

Hackery (হাকারি), *n.* গোরুর গাড়ী; Bullock-cart.

Hackle (হাক্ল্), *n.* পাট বা শণ আঁচড়াইবার চিরুণী; Instrument with teeth for sorting hemp or flax; মাছ ধরিবার জন্য পোকার টোপ; Fly for angling :—*v. t.* চিরুণীদ্বারা পরিষ্কার করা; খণ্ড খণ্ড করা; Dress with a hackle; tear asunder. *n.*=hackler.

Hackly (হাক্লি), *a.* অসমপৃষ্ঠ; এবড়োখেবড়ো; Jagged.

Hackney (হাক্নি), *n.* ভাড়াটিয়া ঘোড়া; horse kept for hire; বেতনভোগী লেখক; Hireling :—*v. t.* ভাড়াটিয়া গাড়ীতে লইয়া যাওয়া; Carry in a hackney coach; অতিমাত্রায় ব্যবহার করা; Use much :—*a.* ভাড়াটিয়া; let out for hire; সর্ব্বদা ব্যবহৃত; much used. *pl.*=hackneys.

Hackney-carriage (হাক্নি-ক্যারিজ্), **Hackney-coach** (হাক্নি-কোচ্), *n.* ভাড়াটিয়া গাড়ী; Coach let out for hire.

Hackneyed (হাক্নীড্), *a.* অতিরিক্ত ব্যবহৃত; Much used; অতি সাধারণ খেলো জিনিসে পর্য্যবসিত; Made common or trite.

Hackney-man (হাক্নি-ম্যান্), *n.* যে লোক গাড়ী ও ঘোড়া ভাড়া দেয়; He who lets horses and carriages for hire.

Had (হাড্), *p. t.* & *p. p.* of **Have.**

Hades (হেডীজ্), *n.* যমালয়; পরলোক; Abode of the dead; place of departed spirits.

Hadj, Hajj (হাজ্), *n.* মক্কা যাত্রা; Pilgrimage to Mecca.

Hadji, Hajji (হাজি), *n.* হাজি; Pilgrim who had been to Mecca.

Haematic (হীম্যাটিক্), *a.* রক্ত-সম্বন্ধীয়; Pertaining to blood :—*n.* শোণিত-শোধক ঔষধ; Medicine acting on the blood.

Haemoglobin (হীমগ্লোবিন্), *n.* যে পদার্থ হইতে রক্তের রঙ্ লাল হয়; Colouring matter of blood.

Haemorrhage (হেমরিজ্)—See **Hemorrhage.**

Haemorrhoids (হেমরয়িড্জ্), *n.* অর্শ; Piles.

Haft (হাফ্ট্), *n.* ছুরি ইত্যাদির বাঁট বা হাতল; Handle of a knife, etc.

Hag (হাগ্), *n.* কুরূপা বৃদ্ধা স্ত্রীলোক; ডাইনী; Ugly old woman; witch. *a.*=haggish.

Haggard (হ্যাগার্ড্), *a.* (ক্লান্তি বা শ্রমবশতঃ) দেখিতে উদ্‌ভ্রান্ত; Wild-looking (for fatigue, worry, etc.); (বাজপক্ষীর সম্বন্ধে) বন্য; দুর্দ্দান্ত; Wild; intractable :—*n.* দুর্দ্দান্ত, বন্য বাজপক্ষী; Haggard (untamed) hawk. *ad.*=haggardly.

Haggle (হ্যাগ্ল্), *v. i.* দর কষাকষি করা; দর ইত্যাদি লইয়া বাদানুবাদ করা; Dispute, esp. about terms or prices :—*n.* দর ইত্যাদি লইয়া বাদানুবাদ; Dispute about prices, etc.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Hagiographa (হ্যাগিয়গ্র্যাফ্যা), *n. pl.* ইহুদীদিগের যে সকল ধর্ম্মগ্রন্থ তাহাদের নীতি এবং আচার্য্যগণের চরিতাবলীর অন্তর্ভুক্ত নহে; Hebrew Scriptures not included under Law an Prophets.

Hah (হা), *int.* আঃ! Exclamation of wonder.

Ha ha (হা হা)—Same as **Haw haw.**

Hail (হেল্), *n.* শিলাবৃষ্টি ; Shower of particles of ice falling from the clouds ; অভিবাদন ; Greeting :—*int.* অভিবাদন বা সংবর্দ্ধন-সূচক উক্তি ; Exclamation of salutation :—*v. i.* আগত হওয়া ; Be come (from) ; শিলাবৃষ্টি হওয়া ; Rain hail :—*v. t.* অভিবাদন করা ; সম্ভাষণ করা ; Salute ; greet. *a.* =haily.

Hailstone (হেল্‌স্টোন্), *n.* শিলা ; শিলাখণ্ড ; Single stone or ball of hail.

Hail-storm (হেল্-স্টর্ম্), *n.* শিলাবৃষ্টিযুক্ত ঝড় ; Storm attended with hail.

Hair (হেয়ার্), *n.* চুল, কেশ ; লোম। **Braid of hai** —কবরী। **Curly hair**—অলক ; চূর্ণকুন্তল। **Matted** or **clotted hair**—জটা।

Hairbreadth (হেয়ার্‌ব্রেড্‌থ্), **Hair's-breadth** (হেয়ার্‌স্-ব্রেড্‌থ্), *n.* (কেশের সূক্ষ্মতা-পরিমাণ) সামান্য ব্যবধান ; অত্যল্প মাত্র দূরত্ব ; A very small distance. **Hair-breadt escape**—অল্পের জন্য বাঁচিয়া যাওয়া ; Very narrow escape.

Hair-brush (হেয়ার্-ব্রাশ্), *n.* চুল আঁচড়াইবার ব্রুশ ; Brush for the hair.

Hairdresser (হেয়ার্‌ড্রেসার্), *n.* নাপিত ; Barber.

Hairless (হেয়ার্‌লিস্), *a.* কেশহীন ; Without hair.

Hair-pin (হেয়ার্-পিন্), *n.* চুলের কাঁটা ; Pin used to keep the hair in position.

Hair-splitting (হেয়ার্-স্প্লিটিং), অতি সূক্ষ্মতা ; Oversubtlety :— চুল-চেরা ; অতি সূক্ষ্ম ; Oversubtle.

Hair-spring (হেয়ার্-স্প্রিং), *n.* ঘড়ির সূক্ষ্ম স্প্রিং ; Very fine hair spring, regulating the balance wheel of a watch.

Hairy (হেয়ারি), *a.* লোমশ ; লোমবৎ Of or resembling hair.

Hake (হেক্), *n.* কড মৎস্য-বিশেষ Sea-fish of the cod family.

Hakim (হাকিম্), *n.* মুসলমান বিচারক বা ডাক্তার ; Mohammedan judge or doctor.

Halberd (হাল্‌বার্ড্), *n.* পরশু, টাঙ্গি কুঠার ; Ancient weapon, consisting of battle-axe, spear and bill-hook with a handle.

Halberdier (হাল্‌বার্ডীয়ার্), *n.* টাঙ্গি-ধারী সৈনিক ; One armed with a halberd.

Halcyon (হাল্‌সিয়ন্), *n.* মাছরাঙা পাখী ; King-fisher :—*a.* শান্তিময়, প্রশান্ত ; Peaceful ; quiet. **Halcyon days**—শান্তির সময় ; Period of calm.

Hale (হেল্), *a.* সুস্থ ; সবল ; Healthy ; robust :—*v. t.* জোরে টানা ; Drag forcibly.

Half (হাফ্), *n.* একার্দ্ধাংশ ; One of two equal parts :—*a.* অর্দ্ধ ; Having or consisting of one of two equal parts :—*ad.* তুল্যাংশে ; অংশতঃ ; অসম্পূর্ণরূপে ; In an equal part or degree ; in part ; not perfectly. *pl.*=halves.

Half-and-half (হাফ্-অ্যাণ্ড্-হাফ্), *n.* বিয়ার ও এল এই দুইয়ে অর্দ্ধার্দ্ধ মিশ্রিত পানীয় ; Mixture of beer and ale.

Halfback (হাফব্যাক্), *n.* (ফুটবল খেলায়) পুরোবর্ত্তী খেলোয়াড়ের অব্যবহিত পশ্চাদ্বর্ত্তী খেলোয়াড় বা তাহার অবস্থান।

Half-blood (হাফ্-ব্লাড্), *n.* বৈমাত্রেয়

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

-blooded
...সম্বন্ধ; Relation between ...born of the same father ...the same mother, but not of ...; বর্ণসঙ্কর; Person of mixed ...ity.
...blooded (হাফ্-ব্লাডেড্), *a.* সঙ্কর; ...; Produced from a male ...a female of different blood.
...bred (হাফ্-ব্রেড্); *a.* অর্দ্ধশিক্ষিত; ...; Imperfectly trained; ...in refinement; দো-আঁশলা; ...-blooded.
...breed (হাফ্-ব্রীড্), *n.* বর্ণসঙ্কর; ...-blooded person.
...brother (হাফ্-ব্রাদার্), *n.* ...বা বৈপিত্রেয় ভ্রাতা; Brother ...parent only. [Half-breed.
...caste (হাফ্-কাস্ট্), *n.* বর্ণসঙ্কর;
...cock (হাফ্-কক্), *n.* বন্দুকের ...অবস্থানাবস্থা; Position of the ...of the gun when retained by ...first notch.
...crown (হাফ্ক্রাউন্), *n.* মুদ্রা- ...: *sn. 6d.*
...-hearted (হাফ্-হার্টেড্), *a.* উদাসীন; ...: Indifferent; lukewarm.
...-heartedly (হাফ্-হার্টেড্‌লি), *ad.* ...বা আগ্রহহীনতার সহিত; With ...of courage or zeal; in- ...ently.
...-holiday (হাফ্-হলিডে'), *n.* অর্দ্ধ- ...ছুটি; Half of a working day ...spent for recreation.
...-moon (হাফ্-মুন্), *n.* অর্দ্ধচন্দ্র; ...moon half illuminated.
...-pay (হাফ্‌পে), *n.* নাবিক বা ...কর্মচারীর অর্দ্ধ বেতন; Reduced pay ...to army or navy officers ...retired or on leave.
...-penny (হেপ্‌নি), *n.* অর্দ্ধ-পেনি; ...-কিংবা; Copper-coin worth ...a penny. *pl.*=half-pence.

Half-sister (হাফ্-সিস্‌টার্), *n.* বৈমাত্রেয় বা বৈপিত্রেয় ভগিনী; Step-sister.

Half-time (হাফ্-টাইম্), *n.* খেলাধূলার মাঝখানে বিরতি; Interval in the middle of a game.

Half-tint (হাফ্-টিন্ট্), *n.* দুই রঙের মাঝামাঝি রঙ্; Intermediate tint.

Half-way (হাফ্-ওয়ে), *ad.* অর্দ্ধপথে; At half the way or distance; অসম্পূর্ণরূপে; Imperfectly :—*a.* মাঝামাঝি; Equally distant from two points. [নির্ব্বোধ; Foolish.

Half-witted (হাফ্-উইটেড্), *a.*

Half-yearly (হাফ্-ইয়ার্লি), *a.* ষাণ্মাসিক; Occurring twice in a year: —*ad.* অর্দ্ধ-বার্ষিক; বৎসরে দুইবার; Twice in a year.

Hall (হল্), *n.* সুবৃহৎ কক্ষ; সুবৃহৎ সাধারণ কক্ষ; বিদ্যালয়গৃহ; Large room; building for public business; the edifice of a college.

Hall-mark—স্বর্ণাদির বিশুদ্ধতা জ্ঞাপনার্থ তদুপরি স্বর্ণকারদিগের দ্বারা প্রদত্ত চিহ্ন; Mark made on plate at goldsmith's hall to show its purity.

Halleluiah (হ্যালিলুইয়্যা), **Hallelujah** (হ্যালিলুজা), *n.* or *int.* ধন্য হউক! Exclamation used in songs of praise to God; ঈশ্বরের স্তোত্র; Such song.

Halloo (হাল্লু), *n.* মনোযোগাকর্ষণ করিবার জন্য আহ্বান; Call to invite attention :—*int.* সাবাস! ওহে! ওগো! Exclamation to call attention or to encourage :—*v. i. t.* কুকুর লেলাইয়া দেওয়া; Incite dogs; মনোযোগ আকর্ষণ করিবার নিমিত্ত চীৎকার করা; Shout to call attention.

Hallow (হ্যালো), *v. t.* পবিত্র করা; Make holy.

Hallucination (হ্যালুসিনেশন্), *n.* মতিভ্রম; মায়া; Illusion; apparent perception of object not present.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Hallucinatory (হ্যালুসিনেটরি), *a.* মতি-ভ্রমাত্মক ; মায়াজনক ; Partaking of, or tending to produce, hallucination.

Halo (হেলো), *n.* সূর্য্য বা চন্দ্রের সভা (বেষ্টক উজ্জ্বল মণ্ডল) ; Luminous circle round the sun or the moon ; দেব-মূর্ত্তির মস্তকস্থিত জ্যোতির্ম্মণ্ডল ; Bright glory around saint's head :—*v. t.* জ্যোতিঃ-দ্বারা বেষ্টন করা ; Surround with a halo. *pl.*=haloes.

Halser (হল্‌স্‌র্), *n.* কাছি ; Rope ; small cable.

Halt (হল্ট্), *v. i.* ভ্রমণকালে বা চলিতে চলিতে থামা ; Stop in walking or marching ; খঞ্জের ন্যায় চলা, নেঙ্গচিয়া হাঁটা ; Limp ; ইতস্ততঃ করা ; Hesitate ; ছন্দোভঙ্গ হওয়া ; Have an irregular rhythm ; সন্দিগ্ধ হওয়া ; Be in doubt :—*v. t.* থামান ; Stop :—*a.* খঞ্জ ; Lame :—*n.* চলিবার কালে বিরতি ; Stoppage on march or journey ; খঞ্জতা ; Lameness ; ভ্রমণকালে থামিবার স্থান ; Place for stopping ; রেলগাড়ীর গৃহাদিহীন ষ্টেশন ; Railway stopping-place without regular station buildings.

Halter (হল্টার্), *n.* অশ্ববন্ধনার্থ রজ্জু ; ফাঁস-দড়ি ; Rope for a horse's head ; rope with a noose for hanging :—*v. i.* ফাঁস-দড়ি লাগান ; Put a halter on ; ফাঁস-দড়ি দিয়া বন্ধন করা ; Fasten with a halter.

Halting (হল্টিং), *n.* গমনে বিরতি ; Stop in marching :—*a.* গমনে বিরত ; খোঁড়াইয়া চলনশীল ; Holding back ; limping.

Halve (হাভ্), *v. t.* সমদ্বিখণ্ডিত করা ; Divide into two equal parts.

Halyard, Halliard (হ্যালিয়ার্ড্), *n.* মাস্তুল প্রভৃতি তুলিবার ও নামাইবার দড়ি ; Rope by which yards, sails, etc. are hauled or hoisted.

Ham (হ্যাম্), *n.* উরুর পশ্চাদ্ভাগ ; জঙ্ঘা ; Inner or hind part of thigh ; thigh ; hip ; শূকরের শুষ্ক জঙ্ঘা ; Salted and dried of a hog.

Hamadryad (হ্যাম্যাড্রাইয়াড্) (গ্রীক্-পুরাণে) বনপরীবিশেষ, এই গাছে বাস করিত, সেই গাছের মৃত্যু সঙ্গে সেও মরিয়া যাইত ; A wood-who lived and died with the in which she lived ; ভারতীয় সর্পবিশেষ ; Venomous Indian pent ; হাবসী রেবুন (বানরজাতি) Abyssinian baboon. *pl.*=ham yads, hamadryades.

Hamitic (হ্যামিটিক্), *a.* নোয়ার পুত্র বা তাঁহার বংশাবলী-সম্বন্ধীয় ; Perta to Ham, a son of Noah, or to descendants. *n.*=Hamite.

Hamlet (হ্যাম্‌লিট্), *n.* পল্লী, ক্ষুদ্র গ্রাম Small village.

Hammer (হ্যামার্), *n.* মুদ্গর বা হাতুড়ি Tool for beating metal or driv nails :—*v. t.* মুদ্গরদ্বারা আঘাত করা Drive, beat or forge with a ham mer.

Hammercloth (হ্যামারক্লথ্), *n.* শকট চালকের আসনাচ্ছাদন বস্ত্র ; Cloth covering a coach-box.

Hammerhead (হ্যামার্‌হেড্), *n.* হাঙ্গর বিশেষ ; Hammer-fish. *a.*=hamm headed.

Hammerman (হ্যামার্‌ম্যান্), *n.* কর্ম্মকার ; মুদ্গর-সাহায্যে গঠনকারী ; Smi hammerer.

Hammock (হ্যামক্), *n.* বেতের জাহাজের ঝুলান শয্যা ; Swinging hanging bed on board a ship.

Hamper (হ্যাম্পার্), *v. t.* আটক করা গতিরোধ করা ; শৃঙ্খলাবদ্ধ করা ; Imp shackle ; fetter ; বড় ঝুড়িতে রাখা Put in a large basket :—

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

Hamstring

Fetter; বড় ঝুড়ি; A large basket.

Hamstring (হ্যাম্‌স্ট্রিং), *n.* হাঁটুর পেছনের যে কোন একটি তন্ত্রী; Any of the tendons at the back of the knee.—*v. t.* উক্ত তন্ত্রী কাটিয়া খঞ্জ করা; Cripple by cutting the hamstring.

Hand (হ্যাণ্ড্), *n.* হস্ত, পাণি। ঘড়ির কাঁটা; Index of a clock or watch; কর্ম্মকর; Workman; হস্তলিপির ছাঁদ; Handwriting; কৌশল; Skill; Workmanship; কর্ম্মকৌশল; Possession; সম্পাদন; Performance; মানের কাজ; Act of performing; প্রতিনিধি; Agent; ধার; দিক্; Side; direction; পরিমাণ; Measure of four inches.—*v. t.* হস্তদ্বারা দেওয়া; Give with the hand; পথপ্রদর্শন করা; চালিত করা; Lead or conduct; (নৌকার পাল) গুটান; Furl, as sails. **Hand to mouth**—ভবিষ্যতের চিন্তা না করিয়া; Without thought for the future; precariously. **Hand and glove (with)**—খুব ঘনিষ্ঠ; In very intimate terms. **Fight hand to hand**—হাতাহাতি; At close quarters. **Hand in hand**—হাত ধরাধরি; পরস্পরের হাত ধরিয়া। **Keep hand in hand with**—সমান তালে চলা; Make progress at the same rate (*lit.* & *fig.*). **Bind (a person) hand and foot**—তাহাকে সর্ব্ব বিষয়ে ও চলচ্ছক্তিহীন করা; Make him completely helpless and unable to move. **In hand**—নিয়ন্ত্রণাধীন; Under one's control (the situation is well in *hand*); যাহা হাতে আছে; যাহাতে মনোযোগ দেওয়া হইতেছে; What is held in hand; receiving attention. **Out of hand**—এখনই; At once; পূর্ব্বে প্রভৃতি ব্যতিরেকে; Extempore; নিয়ন্ত্রণের বাহিরে; Out of control. **Come to hand**—প্রাপ্ত হওয়া; Be received. **Hands off**—স্পর্শ করিও না; বাধা দিও না; Don't touch; don't interfere. **Lay (violent) hands on (a person)**—কাহাকেও আঘাত বা আক্রমণ করা; Strike or attack him. **Have one's hands full**—সম্পূর্ণ নিযুক্ত থাকা; Be very busy (I *have my hands full*). **Shake hands with**—করমর্দ্দন করা। **Clean hands**—(*fig.*) নির্দ্দোষিতা। **Get the upper hand of**—কাহারও অপেক্ষা অধিকতর সুবিধা লাভ করা; Obtain an advantage over. **On all hands**—চতুর্দ্দিকে; On all sides.

Handbag (হ্যাণ্ড্‌ব্যাগ্), *n.* হস্ত-পেটিকা; হাত-ব্যাগ; Bag for small articles carried in the hand.

Hand-ball (হ্যাণ্ড্-বল্), *n.* বল লোফালুফি খেলা; Sport of throwing and catching a ball; ফুটবল খেলায় হাতে বল ছোঁওয়া; Touching the ball by hand in football game.

Handbill (হ্যাণ্ড্‌বিল্), *n.* বিজ্ঞাপন-পত্র; Printed sheet for circulation.

Handbook (হ্যাণ্ড্‌বুক্), *n.* সর্ব্বদা প্রয়োজনীয় পুস্তক; ক্ষুদ্র গ্রন্থ; Small book of reference; manual.

Handcart (হ্যাণ্ড্‌কার্ট্), *n.* হাতগাড়ী; Cart drawn by hands.

Handcuff (হ্যাণ্ড্‌কাফ্), *v. t.* হাতকড়ি দেওয়া; Put handcuffs on.

Handcuffs (হ্যাণ্ড্‌কাফ্‌স্), *n.* হাতকড়ি; Shackles for hand.

Handful (হ্যাণ্ড্‌ফুল্), *n.* একমুষ্টি; অল্প সংখ্যা বা পরিমাণ; As much as the hand will hold; small number or quantity. *pl.*=handfuls.

Handglass (হ্যাণ্ড্‌গ্লাস্), *n.* ছোট ছোট গাছ রক্ষণার্থ কাচাদিদ্বারা নির্ম্মিত পাত্র;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Small glazed frame used to protect plants.

Hand-grip (হাণ্ড্-গ্রিপ্), *n.* হস্তদ্বারা দৃঢ়ভাবে ধারণ; Grasp or seizure with the hand.

Handicap (হ্যাণ্ডিক্যাপ্), *n.* ঘোড়দৌড়, দৌড় বা অন্যান্য প্রতিযোগিতামূলক খেলাধূলায় যে কোন প্রকার বাধা বা অসুবিধা যাহা কোনও প্রতিযোগীর উপরে চাপান হয়; Some form of disadvantage or obstacle imposed on a competitor in a race, contest or game; ঐরূপ প্রতিবন্ধকযুক্ত দৌড় বা খেলা। প্রতিবন্ধক; Hindrance :—*v. t.* হ্যাণ্ডিক্যাপ চাপান; Impose a handicap on; (*fig.*) অসুবিধায় ফেলা; To place at a disadvantage (be *handicapped* by ill-health). *n.*=handicapper.

Handicraft (হ্যাণ্ডিক্রাফ্ট্), *n.* হস্তদ্বারা সম্পাদিত শিল্পকর্ম্ম; Manual craft.

Handicraftsman (হ্যাণ্ডিক্রাফ্ট্স্‌ম্যান্), *n.* শিল্পী; কারিকর; Mechanic; artisan. *pl.*=handicraftsmen.

Handiwork (হ্যাণ্ডিওয়ার্ক্), *n.* শিল্পকর্ম্ম; বুদ্ধির কাজ; Works of skill or wisdom.

Handkerchief (হ্যাংকার্‌চিফ্), *n.* রুমাল; Piece of linen for wiping the face.

Handle (হ্যাণ্ড্‌ল্), *v. t.* হস্তদ্বারা স্পর্শ করা; Touch by hand; চালিত করা; Manage; আলোচনা করা; Discuss; অভ্যাস করা; Practise :—*v. i.* হস্ত চালনা করা; Use the hands :—*n.* হাতল; বাঁট; Haft; that part of a vessel held in the hand when used. **Give a handle to**—সুযোগ বা ছল দেওয়া; Furnish an occasion or pretext for.

Handless (হ্যাণ্ড্‌লিস্), *a.* হস্তহীন; Without hands; আনাড়ী; Awkward.

Handloom (হ্যাণ্ড্‌লুম্), *n.* হস্তচালিত তাঁত; Loom worked by the hand.

Handmade (হ্যাণ্ড্‌মেড্), *a.* হস্তদ্বারা প্রস্তুত; Made by the hand.

Handmaid (হ্যাণ্ড্‌মেড্), **Handmaiden** (হ্যাণ্ড্‌মেড্‌ন্), *n.* দাসী; চাকরাণী; Maid-servant.

Hand-mill (হ্যাণ্ড্-মিল্), *n.* হস্তচালিত যাঁতা; Mill worked by the hand.

Hand-post (হ্যাণ্ড্-পোস্ট্), *n.* নির্দ্দেশক স্তম্ভ; Finger-post.

Hand-saw (হ্যাণ্ড্-স), *n.* হাত-করাত; A saw to be used by the hand.

Handsel, Hansel (হ্যান্‌সেল্), বায়না; দান; Earnest money; বউনি; First sale or use :—প্রথম পরীক্ষা করা; প্রথম উপহার দেওয়া; Be the first to try; give handsel to.

Handshake (হ্যাণ্ড্‌শেক্), *n.* করমর্দ্দন; Shake of hands, in greeting.

Handsome (হ্যান্‌সাম্), *a.* সুন্দর; Beautiful; সদাশয়; উদার; Liberal; generous; যথেষ্ট; Ample.

Hand-spike (হ্যাণ্ড্-স্পাইক্), *n.* হস্তদ্বারা চালিত উত্তোলন-দণ্ড; Bar, used as a lever.

Handwriting (হ্যাণ্ড্‌রাইটিং), *n.* হস্তাক্ষরের ছাঁদ; হস্তাক্ষর; Chirography.

Handy (হ্যাণ্ডি), *a.* ক্ষিপ্রহস্ত; লঘুহস্ত; কৌশলী; (হাতে ব্যবহার করার পক্ষে) সুবিধাজনক; Clever with the hands; dexterous; convenient or ready to the hand. *n.*=handiness.

Handy-man—সব রকম কাজের লোক।

Hang (হ্যাং), *v. t.* ঝুলান; লম্বিত করা; Suspend (*p. t.* & *p. p.*=hung); ফাঁসি দেওয়া; Kill by suspending and choking (*p. t.* & *p. p.*=hanged); উঁচুতে লাগান, আটকান; Hook or fix to some high point; ছবি ইত্যাদি দিয়া দেওয়াল সজ্জিত করা; Decorate with pictures, etc., as a wall.—*v. i.* লম্বমান হওয়া; Be in suspense; দোলিত হওয়া; Dangle; মন্দগতি হওয়া; Linger :—*n.* ক্রমনিম্নতা; Declivity.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

about—ঘোরাফেরা করা ; Hang heavy—(সময় সম্বন্ধে) কাটতে চায় না (অর্থাৎ ধীরে কাটে) ; slowly. Hang it !—গালাগালি- দুলায় যাক্ !)

Hangar (হ্যাঙ্গার্), *n.* বিমান ইত্যাদি রাখার স্থান ; Shed for aeroplane,

Hangdog (হ্যাংডগ্), *n.* কেবল কুকুরকে ঝুলাইবার যোগ্য লোক ; Despicable person, fit only to be the hangman of dogs ; ইতর লোক ; A mean person.

Hanger (হ্যাঙ্গার্), *n.* ক্ষুদ্র প্রশস্ত তরবারি ; short broad sword ; যাহার উপর কোন বস্তু ঝুলিত হয় ; That on which a thing is hung.

Hanger-on (হ্যাঙ্গার্-অন্), *n.* গলগ্রহ ; Dependant ; অনুচর ; Follower.

Hanging (হ্যাঙ্গিং), *n.* ফাঁসি ; Death by hanging ; ঝালর ; পরদা ; Tapestry (used chiefly in *pl.*) :—*a.* প্রাণদণ্ড ; Deserving death by hanging.

Hangman (হ্যাঙ্গ্ম্যান্), *n.* ঘাতক, জল্লাদ ; Public executioner.

Hank (হ্যাঙ্ক্), *n.* সূতার ফেটি ; গোছা ; One or more skeins of thread tied together.

Hanker (হ্যাংকার্), *v. i.* ইচ্ছা করা ; লালায়িত হওয়া ; Crave (with *after*).

Hanky-panky (হ্যাংকি-প্যাংকি), *n.* কলকাঠি ; Jugglery ; লুকানো-ছাপানো কাজ ; Underhand dealing.

Hanse (হান্স্), *n.* সমিতি ; League.

Hansome (হান্সম্), **Hansom-cab** (হান্সম্-ক্যাব্), *n.* দুই চাকার গাড়ী-বিশেষ ; A kind of two-wheeled cab.

Hap (হ্যাপ্), *n.* দৈব ; ভাগ্য ; আকস্মিক ঘটনা ; Chance ; luck ; accident : *v. i.* ঘটা ; Befall.

Haphazard (হ্যাপ্হ্যাজার্ড্), *n.* দৈব ঘটনা ; Chance ; accident :—*a.* দৈব ; Accidental :—*ad.* (*at, by*) দৈবক্রমে ; Casually ; এলোমেলোভাবে ; At random.

Haphazardly (হ্যাপ্হ্যাজার্ড্লি), *ad.* অনিয়মিতভাবে ; At random.

Hapless (হ্যাপ্লিস্), *a.* দুর্ভাগ্য, হতভাগ্য ; অসুখী ; Unlucky ; unhappy.

Haply (হ্যাপ্লি), *ad.* দৈবাৎ ; হয়ত ; হইলেও হইতে পারে ; বোধ হয় ; By chance ; perhaps ; it may be.

Happen (হ্যাপেন্), *v. i.* ঘটা ; সংঘটিত হওয়া ; Befall ; fall out.

Happily (হ্যাপিলি), *ad.* সৌভাগ্যক্রমে ; Fortunately ; সানন্দে ; Delightfully.

Happiness (হ্যাপিনিস্), *n.* সৌভাগ্য ; সুখ ; Pleasure ; felicity.

Happy (হ্যাপি), *a.* সৌভাগ্যশালী ; ভাগ্যবান্ ; Fortunate ; lucky ; দক্ষ ; নিপুণ ; Dexterous ; সুষ্ঠু ; সুখী ; Felicitous ; glad ; উপযুক্ত ; Appropriate ; অনুকূল ; Favourable. **Happy-go-lucky**—ভাগ্য-নির্ভরশীল ; Taking things as they come ; ভাবনা-চিন্তা-শূন্য ; Easy-going.

Hara-kiri (হার্যা-কিরি), *n.* উদর-বিদারণ-পূর্ব্বক আত্মহত্যা ; Suicide by disembowelment (usually practised by the Japanese).

Harangue (হ্যারাঙ্গ্), *n.* জনসাধারণের নিকট উচ্চৈঃস্বরে বক্তৃতা ; Popular oration :—*v. i.* ঐরূপ বক্তৃতা করা বা দেওয়া ; Make speech (to).

Harass (হ্যারাস্), *v. t.* বিরক্ত করা ; ক্লান্ত করা ; হয়রান করা ; Worry ; vex ; weary.

Harbinger (হার্বিঞ্জার্), *n.* অগ্রগামী দূত ; Forerunner ; envoy :—*v. t.* অগ্রে গমন করা ; পূর্ব্ব হইতে জ্ঞাপন করা ; Precede and announce ; usher in.

Harbour (হার্বার্), *n.* পোতাশ্রয়,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বন্দর ; Shelter for ships ; আশ্রয় ; Refuge :—*v. t.* ঝড় হইতে জাহাজ রক্ষা করা ; Protect a ship from storms ; অতিথিরূপে সৎকার করা ; Entertain ; পোষণ করা ; Indulge, as malice ; আশ্রয় দেওয়া ; Give shelter (*harbour* a criminal) :—*v. i.* আশ্রয় লওয়া ; Take shelter. **Harbour-master**—বন্দরাধ্যক্ষ ; Officer having charge of a harbour.

Harbourage (হার্‌বারিজ্), *n.* আশ্রয় ; পোষণ ; Shelter ; entertainment.

Hard (হার্ড্), *a.* কঠিন ; দৃঢ় ; Not soft ; firm ; দুর্ব্বোধ্য ; Difficult to understand ; নির্দ্দয় ; রূঢ় ; Severe ; harsh ; লবণাক্ত ; Containing salt ; কষ্টকর ; Painful ; দুঃসাধ্য ; Difficult to control ; অন্যায়পর ; Unjust ; বিস্বাদ ; Sour :—*ad.* কষ্টে ; With difficulty ; পরিশ্রম দ্বারা ; Diligently ; নিতান্ত ; Excessively ; বলপূর্ব্বক ; Forcibly ; ব্যগ্রভাবে ; With urgency ; সাগ্রহে ; Earnestly. **Hard cash**—নগদ টাকা ; Ready money. **Hard-earned**—কষ্টার্জ্জিত ; Earned with difficulty. **Hard water**—ধাতুমিশ্রিত জল ; খরজল ; Water containing mineral substance. **Hard up**—অভাবগ্রস্ত ; টানাটানির মধ্যে ; Pressed by want.

Harden (হার্ডেন্), *v. t. i.* কঠিন করা বা হওয়া ; Make or grow hard ; নির্ম্মম করা বা হওয়া ; Make or grow callous. *n.*=hardener.

Hardened (হার্ডেন্ড্), *a.* কঠিনীকৃত ; নির্দ্দয় ; পাপাচরণে অভ্যস্ত ; Made hard ; unfeeling ; confirmed in vice (*hardened* criminal).

Hard-favoured (হার্ড্-ফেভার্ড্), *a.* উগ্রমূর্ত্তি ; Having stern features.

Hard-featured (হার্ড্-ফীচার্ড্), *a.* অপ্রসন্নবদন ; কদাকার ; Of coarse or forbidding features.

Hard-fisted (হার্ড-ফিস্টেড্), *a.* কৃপণ ; Close-fisted ; niggardly.

Hard-fought (হার্ড্-ফট্), *a.* ঘোরতর ; Vigorously contested.

Hard-handed (হার্ড্-হ্যান্ডেড্), *a.* কঠিন-হস্ত ; কর্কশ ; Having hands from hard work ; harsh.

Hard-headed (হার্ড্-হেডেড্), *a.* সুচতুর ; বুদ্ধিমান্ ; Shrewd ; intelligent.

Hard-hearted (হার্ড্-হার্টেড্), *a.* নিষ্ঠুর ; কঠিনহৃদয় ; Cruel ; unfeeling.

Hardihood (হার্ডিহুড্), *n.* দুঃসাহসিকতা ; Boldness ; দুঃসাহসিক নির্লজ্জতা ; Audacity.

Hardiness (হার্ডিনিস্), *n.* কঠিন হওয়ার অবস্থা ; সহ্য শক্তি ; The state of being hardy ; endurance ; সাহসিকতা ; Boldness.

Hardish (হার্ডিশ্), *a.* কিঞ্চিৎ কঠিন ; Somewhat hard.

Hardly (হার্ড্‌লি), *ad.* কষ্টে ; With difficulty ; কদাচিৎ ; Scarcely ; সঙ্গে ; As soon as ; কঠোরভাবে ; কর্কশভাবে ; Severely ; harshly.

Hard-money (হার্ড্-মানি), *n.* নগদ টাকা ; মুদ্রা ; Coin distinct from paper money.

Hardship (হার্ড্‌শিপ্), *n.* কষ্ট, ক্লেশ ; কষ্টকর বিষয় ; Suffering ; trouble.

Hardware (হার্ড্‌ওয়্যার্), *n.* লৌহনির্ম্মিত দ্রব্য ; Ironmongery.

Hard-won (হার্ড্-ওয়ান্), *a.* কষ্টে উপার্জ্জিত ; Obtained with difficulty.

Hard-working (হার্ড্-ওয়ার্কিং), *a.* পরিশ্রমী ; Industrious.

Hardy (হার্ডি), *a.* নির্ভীক ; সাহসী ; Daring ; brave ; দৃঢ়, শ্রমসহ ; কষ্টসহিষ্ণু ; Strong, firm ; inured to fatigue ; painstaking ; নির্লজ্জ ; Impudent. *ad.*=hardily.

Hare (হেয়ার্), *n.* শশক ; খরগোস।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Samaj Foundation Chennai and eGangotri

...-bell (হেয়ার্‌বেল্), *n.* ঘণ্টাপুষ্প ; ...of fanciful blue bell-...d flower.

...brained (হেয়ার্‌-ব্রেণ্ড্), *a.* চপল ; ...; Giddy ; অসতর্ক ; Heedless ; ...; Rash ; wild.

...-footed (হেয়ার্‌-ফুটেড্), *a.* দ্রুত-...; Swift. [ভীরু ; Timid.

...-hearted (হেয়ার্‌-হার্টেড্), *a.* ...

...lip (হেয়ার্‌লিপ্), *n.* ছিন্নোষ্ঠ ; ...; Fissure in the upper lip.

...-lipped—(গন্নাকাটা)।

...(হেরেম্), *n.* মুসলমান গৃহের ...; Woman's apartment of a ...mmedan house ; (কাহারও) ...'s উপপত্নীসমূহ ; Collection of ...s and concubines belonging ...e Mussalman.

...(হারিকো), *n.* শাক ও মাংসের ...; Boiled pieces of mutton ...vegetables.

...(হার্ক্), **Hearken** (হার্কেন্), ...*imper.* শ্রবণ কর ; Listen.

...quin (হার্লিকুইন্), *n.* ভাঁড় ; ...; Buffoon :—*v. i.* ভাঁড়ামি করা ; ...the harlequin.

...quinade (হার্লিকুয়িনেড্), *n.* ...কৌতুকের যে অংশে ভাঁড়ই প্রধান নট ; ...of pantomime in which the ...quin plays the chief part.

...(হার্লট্), *n.* বেশ্যা ; Prosti-...—*v.* লম্পট ; Lewd.

...ry (হার্লট্রি), *n.* বেশ্যাবৃত্তি ; ...tution.

...(হার্ম্), *n.* ক্ষতি, অনিষ্ট ; অপ-...; Injury ; damage :—*v. t.* অপ-...; অনিষ্ট করা ; Injure.

...ful (হার্ম্‌ফুল্), *a.* অনিষ্টকর, ...; Injurious.

...less (হার্ম্‌লিস্), *a.* নির্দ্দোষ, ...; নিরুপদ্রব ; Innocent; unharmed.

...monic (হার্মনিক্), **Harmonical** (হার্মনিক্যাল্), *a.* সুস্বরবিশিষ্ট ; একতান ; Musical ; concordant. *ad.*=harmonically. **Harmonic progression**—(*Alg.*) বীজগণিতের নিয়ন্ত্রিত সংখ্যা-শ্রেণীবিশেষ।

Harmonics (হার্‌মনিক্‌স্), *n. sing.* সঙ্গীত-স্বর শাস্ত্র ; Science of musical sound :—*pl.* সুরের সঙ্গতি ; Consonance.

Harmonious (হার্মোনিয়াস্), *a.* সুস্বর-বিশিষ্ট ; একতান ; Harmonic ; concordant ; মিষ্ট ; Melodious ; সুসমঞ্জস ; Symmetrical.

Harmonist (হার্মনিস্ট্), **Harmonizer** (হার্মনাইজ্‌র্), *n.* সঙ্গীত-রচয়িতা ; Composer of music.

Harmonium (হার্মোনিয়াম্), *n.* বাদ্য-যন্ত্রবিশেষ ; Musical wind instrument.

Harmonize (হার্মনাইজ্), *v. i.* একতান হওয়া ; মিল থাকা ; Be in harmony ; agree in musical effect ; মিলেমিশে থাকা ; Be in peace and friendship :—*v. t.* মিলিত করা ; একতান করা ; সুর বাঁধা ; Cause to agree ; bring into harmony. *n.*=harmonization.

Harmony (হার্মনি), *n.* সমতান ; স্বর-মিল ; স্বর-সামঞ্জস্য ; Concord; melody ; ঐক্য ; Agreement.

Harness (হার্ণিস্), *n.* ঘোড়ার সাজ ; Equipments of a horse :—*v. t.* অস্ত্র-দ্বারা সজ্জিত করা ; Equip with armour ; অশ্বের সজ্জা দেওয়া ; Put the harness on a horse. **Die in harness**—কাজ করিতে করিতে মরা ; Die while working.

Harp (হার্প্), *n.* বীণা ; Stringed musical instrument :—*v. i.* বীণা বাজান ; Play on the harp ; বারংবার উল্লেখ করা ; Dwell tediously (*on* a subject) :—*v. t.* সুর দেওয়া ; Give tune to. **Harp upon the same string**—একই বিষয় লইয়া ঘ্যান্ ঘ্যান্

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করা ; Dwell on the same subject with wearisome persistence.

Harper (হার্পার্), **Harpist** (হার্পিস্ট্), *n.* বীণাবাদক ; Player on the harp.

Harpoon (হার্পুন্), *n.* তিমি শিকার করিবার বল্লম ; Dart for striking and killing whales :—*v. t.* বর্শাদ্বারা আঘাত করা ; Strike with the harpoon. *n.*=harpooner.

Harpsichord (হার্প্‌সিকোর্ড্), *n.* বাদ্যযন্ত্র-বিশেষ ; Harp-shaped musical instrument.

Harpy (হার্পি), *n.* কল্পিত রাক্ষস ; Fabulous monster ; শোষক ; Extortioner ; একজাতীয় মাংসাশী পক্ষী ; A species of eagle.

Harquebus, Harquebuse, Harquebuss (হার্কুয়িবাস্), *n.* একপ্রকার কামান ; A kind of hand-gun.

Harridan (হারিডান্), *n.* রুক্ষপ্রকৃতি-বিশিষ্টা ক্ষীণাঙ্গী বৃদ্ধা নারী ; Vixenish old woman.

Harrier (হারিয়ার্), *n.* শশক-শিকারী কুক্কুর ; Hare-hound ; একজাতীয় শিকারী পাখী ; A kind of hawk.

Harrow (হারো), *n.* বিদে ; মই ; Frame with iron spikes ; দুঃখ ; আঘাত ; Distress ; wound :—*v. t.* বিদে দেওয়া ; Draw a harrow over ; বিরক্ত করা ; নিদারুণ যন্ত্রণা দেওয়া ; Harass ; torment ; ছিন্ন-বিচ্ছিন্ন করা ; Tear.

Harrowing (হারোয়িং), *a.* হৃদয়-বিদারক ; Heart-rending.

Harry (হারি), *v. t.* লুঠ করা ; Pillage ; ধ্বংস করা ; Destroy ; বিরক্ত করা ; হয়রান করা ; Worry ; harass.

Harsh (হার্শ্), *a.* কটু ; কর্কশ ; Bitter ; rough ; কঠোর ; Severe ; অশ্লীল ; Abusive ; শ্রুতিকটু ; Jarring.

Hart (হার্ট্), *n.* হরিণ ; Stag or male deer. *fem.*=roe, hind.

Hartshorn (হার্ট্‌সহর্ন্), *n.* [illegible] শৃঙ্গ হইতে প্রাপ্ত পদার্থ ; Substan[illegible] from hart's horn.

Harum-scarum (হেরাম্-স্কেরাম্) চঞ্চল ; হঠকারী ; Hare-brained ; [illegible] —*n.* হঠকারী ব্যক্তি ; Rash pers[illegible]

Harvest (হার্ভিস্ট্), *n.* শস্য [illegible] করিবার কাল ; Season when a[illegible] is gathered ; শস্য ; ফসল ; [illegible] gathered ; শস্য সংগ্রহ ; The gath[illegible] of a crop ; শ্রমফল ; কর্ম্মফল ; Pr[illegible] of labour ; consequences :— শস্য সংগ্রহ করা ; Reap or g[illegible] (fruits, etc.). **Harvest fea[illegible]** পৌষুলী ; Feast made at the [illegible] of gathering harvest. **Harv[illegible] home**—নবান্ন ; শস্যসংগ্রহান্তে [illegible] Feast at the bringing of the [illegible] vest. **Harvest moon**—কা[illegible] ক্রান্তিকালীন পূর্ণচন্দ্র ; The full [illegible] near the autumnal equinox, [illegible] it rises nearly at the same [illegible] for several days.

Harvester (হার্ভিস্টার্), *n.* শস্য-[illegible] কারক ; Reaper ; শস্য কাটিবার [illegible] Reaping machine.

Harvest-man (হার্ভিস্ট্-ম্যান্), [illegible] শস্যসংগ্রহকারী মজুর ; Labourer [illegible] harvest.

Harvest-mouse (হার্ভিস্ট্-মাউস্) [illegible] [ছোট মেঠো ইঁদু[illegible]]

Harvest-queen (হার্ভিস্ট্-কুইন্), [illegible] রোমকদের শস্যদেবী (লক্ষ্মীদেবী) ; Cer[illegible] the Roman goddess of harvest.

Has (হ্যাজ্), 3rd per. sing. pr. ind. of **Have.**

Hash (হ্যাশ্), *v. t.* খণ্ড খণ্ড করা ; [illegible] কুচি করিয়া কাটা ; Chop into sm[illegible] pieces ; mince :—*n.* কুচি কুচি মা[illegible] তরকারির ব্যঞ্জন ; Mixed dish [illegible] meat and vegetables in sm[illegible] pieces.

Hashish (হ্যাশিশ্), **Hashee[illegible]**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

...ছিদ্র; ভাঙ্; গাঁজা; ...given to the leaves of the ...hemp, from which an in-...ating preparation is made. ...(হাস্প্), n. পতর; লোহার হাল বা ...: Clasp; clasp of a pad-...: কুড়াকাটা টেকো; Spindle :— ...পতর মারা; Fasten with a hasp. ...(হাস্ক্), n. খৃষ্টীয় ধর্ম্মমন্দিরে ...মোটা মাদুর; জানু পাতিবার ...: Thick cushion for kneeling ...church. [ind. of **Have.**

...(হাস্ট্), 2nd per. sing. pr. ...(হেস্ট্), n. ত্বরা; দ্রুতগতি; ...ness; hurry.

...(হেস্ট্), **Hasten** (হেসেন্), v. t. ...করা; দ্রুত চালিত করা; Hurry on; ...forward :—v. i. তাড়াতাড়ি ...; Move with speed; be in a ...n. =hastener. **In haste**— ...; Quickly. **Make haste**—শীঘ্র ...কর্ম্ম করা; শীঘ্র শীঘ্র যাওয়া; ...ed quickly; be quick; তাড়া-...করা; Hasten.

...ly (হেস্টিলি), ad. দ্রুতবেগে; হঠ-...কারিতাসহকারে; Rapidly; rashly.

...ness (হেস্টিনিস্), n. ত্বরা; ...; হঠকারিতা; অবিমৃষ্যকারিতা; ...ness; irritability.

...y (হেস্টি), a. সত্বর; দ্রুত; Quick; ...dy; অবিমৃষ্যকারী; Rash; ক্রোধ-...; Quick-tempered.

...t (হাট্), n. টুপি; Covering for ...head :—v. t. টুপি দিয়া আবৃত ...: Cover with a hat.

...able (হেটাব্‌ল্), a. ঘৃণার্হ; That ...be hated; despicable.

...ch (হাচ্), v. t. ডিম ফুটান, তা ...; Produce from eggs, by in-...tion; অভিসন্ধি করা; উদ্ভাবন করা; ...; originate :—v. i. শাবক প্রসব ...: Produce young; পূর্ণতায় উপনীত হওয়া; Advance towards maturity :—n. ডিম ফুটন; Act of hatching; এককালে প্রসূত শাবকসমূহ; Brood hatched; অর্দ্ধ দ্বার; Half door; ক্ষুদ্র দ্বারের আচ্ছাদন; Covering of a hatchway.

Hatchel (হ্যাচেল্), n. শণ, পাট, প্রভৃতি আঁচড়াইবার চিরুণী; Hackle.

Hatchery (হ্যাচারি), n. ডিম ফুটাইবার স্থান; Place for hatching eggs.

Hatchet (হ্যাচিট্), n. ক্ষুদ্র কুঠার, কুড়ালি, টাঙ্গি; Small axe. **Bury the hatchet**—সংঘর্ষ বন্ধ করা; Cease hostilities.

Hatchment (হ্যাচ্‌মেণ্ট্), n. বাড়ীর সম্মুখে রক্ষিত কোন মৃত ব্যক্তির কুলচিহ্নাঙ্কিত চতুষ্কোণ ফলক; Square table with a deceased person's armorial bearings, affixed to the front of his house.

Hatchway (হ্যাচ্‌ওয়ে), n. মালাদি নামাইবার জন্য জাহাজের পাটাতনের দরজা-বিশেষ; Opening in a ship for lowering cargo, etc.

Hate (হেট্), v. t. ঘৃণা করা; Dislike intensely :—n. ঘৃণা; Hatred.

Hateful (হেট্‌ফুল্), a. ঘৃণার্হ; ঘৃণাব্যঞ্জক; Odious; detestable.

Hatless (হ্যাট্‌লিস্), a. টুপিহীন; Without a hat.

Hatred (হেট্‌রিড্), n. অতিশয় ঘৃণা; শত্রুতা; বিদ্বেষ; Extreme dislike; enmity; malignity.

Hatted (হ্যাটেড্), a. শিরস্ত্রাণাচ্ছাদিত; Covered with a hat.

Hatter (হ্যাটার্), n. টুপি-বিক্রেতা বা প্রস্তুতকারী; One who sells or makes hats.

Haughtiness (হটিনিস্), n. গর্ব্ব; অহঙ্কার; ঔদ্ধত্য; Arrogance; pride; insolence.

Haughty (হটি), a. গর্ব্বিত; অহঙ্কারী;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

উদ্ধত ; Proud ; arrogant ; insolent. *ad.*=haughtily.

Haul (হল্), *v. t.* জোরে টানা ; আকর্ষণ করা ; Pull with violence ; drag :—*v. t.* জাহাজের গতি ফিরান ; Turn the course of a ship :—*n.* টান, আকর্ষণ ; Pulling ; জালের ক্ষেপ ; Draught, as of fishes.

Haulage (হলিজ্), *n.* ভারবহন ; Conveyance of loads ; মালবহনের ভাড়া ; Charge for such conveyance.

Haunch (হান্চ্), *n.* কটি ; নিতম্ব ; Hip ; thigh ; hind part.

Haunt (হণ্ট্), *v. t.* পুনঃ পুনঃ গমন করা ; সর্ব্বদা গতিবিধি করা ; Frequent ; (ভূতাদিবৎ) বাস করা কিংবা দেখা দেওয়া ; Infest or frequent, as a ghost :—*n.* যে স্থানে লোক নিয়ত যাতায়াত করে ; Place much resorted to. **Haunted house**—ভূতুড়ে বাড়ী ; House frequented by ghosts.

Hautboy (হোবয়), *n.* শানাই ; Wind instrument.

Havana, Havannah (হাভ্যানা), *n.* উত্তম চুরুটবিশেষ ; A kind of cigar.

Have (হ্যাভ্), *v. t.* অধিকার করা ; (কোন কিছুর) স্বত্ববান্ হওয়া ; Own ; possess; গ্রহণ করা ; প্রাপ্ত হওয়া ; লওয়া ; Accept ; obtain ; take ; (সন্তান) উৎপাদন করা ; Beget (young) ; উৎপাদন করা ; Cause ; ধারণ করা ; Hold ; বুঝিতে পারা ; Understand ; (কোন কিছুর) বাধ্য হওয়া ; Be under the obligation of. *p. t.* & *p. p.*= had. **The haves and have-nots**—ধনী ও দরিদ্র ব্যক্তিগণ ; অস্তিমান্ ও নাস্তিমান্।

Haven (হেভেন্), *n.* পোতাশ্রয় ; নদীর মুখ ; Harbour ; mouth of a river ; আশ্রয় ; Asylum.

Haversack (হ্যাভার্স্যাক্), *n.* সৈন্যদের খাদ্যাদি রাখিবার থলি ; Bag of strong linen for a soldier carrying provisions in. [Sepoy serge

Havildar (হ্যাভিল্দার্), *n.* হাবিল

Having (হ্যাভিং), *pr. p.* of **Have**. *n.* সম্পত্তি ; Estate ; ব্যবহার ; Behaviour (often *pl.*).

Havoc (হ্যাভক্), *n.* সর্ব্বব্যাপী ধ্বংস ; Wide and general destruction ; devastation :—*v. t.* করা ; উৎসন্ন করা ; Lay waste.

Haw (হ), *n.* বেড়া ; Hedge ; বিশেষ ; Berry of the hawthorn *v. i.* সঙ্কোচসহ বলা ; Speak hesitation. [laugh

Haw-haw (হ-হ), *n.* উচ্চহাস্য ; L

Hawk (হক্), *n.* শ্যেন ; বাজপক্ষী Rapacious bird ; bird of prey কাশ তুলিবার চেষ্টা ; Noisy effort force up phlegm :—*v. i.* বাজপক্ষী দ্বারা পক্ষী শিকার করা ; Catch bird with hawks ; বাজপক্ষীর ন্যায় উড়ে আক্রমণ করা ; Soar or strike like a hawk ; কাশ তোলা ; Force up phlegm from the throat :—*v. t.* জিনিস ফেরি করা ; Carry (goods) about for sale.

Hawker (হকার্), *n.* শ্যেনপক্ষীর দ্বারা শিকার করে ; Falconer ; ফেরিওয়ালা Peddlar.

Hawse (হজ্), *n.* জাহাজের কাছির স্থানবিশেষ ; Situation of cables before a vessel's stem.

Hawseholes (হজ্হোল্স্), *n.* জাহাজের কাছি যাইবার গর্ত্ত-বিশেষ ; Holes through which a ship's cables pass.

Hawser (হসার্, হজার্), *n.* জাহাজের কাছি ; Cable ; large rope.

Hawthorn (হথর্ণ্), *n.* বেড়া দিবার এক রকম কাঁটা গাছ ; Thorny flowering shrub.

Hay (হে), *n.* শুষ্ক তৃণ ; খড় ; Dried

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

...ck ...v. i. তৃণ শুষ্ক করা ; Cut and ...s for preservation.

...k (হেকৃ), n. খড়ের স্তূপ ; ...; Heap of hay.

...k (হে-স্টিক), Hay-stack ...ক (হেকৃ), n. খড়ের স্তূপ ; Hay ...d in a pile or heap.

...d (হ্যাজার্ড্), n. দৈব ঘটনা ; ...; accident ; বিপদ্ ; Danger ; ...-বিক্ষেপ ; Game at dice :— ...করা ; Endanger ; বিপদ্ ...দৈবে নির্ভর করা ; Expose to ...; সাহস করা ; Venture on : ...ঝুঁকি লওয়া ; Run a risk.

...ous (হ্যাজার্ডাস্), a. অনিশ্চিত ; ...in : বিপৎসঙ্কুল ; Dangerous.

...(হেজ্), n. কুজ্ঝটিকা ; Fog ; ...: মানসিক অস্পষ্টতা ; Mental ...y.

...(হেজ্‌ল্), n. বৃক্ষবিশেষ ; A tree ...—a. উক্ত বৃক্ষ-সম্বন্ধীয় ; Per- ...g to the hazel ; পিঙ্গলবর্ণ ; Of ...t brown colour.

...(হেজ্‌লনি), a. পিঙ্গলবর্ণ ; ...t brown like the hazel-nut.

...nut (হেজ্‌ল্-নাট্), n. হেজেল ...: Nut of the hazel-tree.

...(হেজি), a. কুয়াসাময় ; Misty ; ...: Obscure ; বিহ্বল ; Confused. ...iness. ad. = hazily.

...), pro. তিনি ; সে ; তৃতীয় ব্যক্তি ; ...tute for the 3rd person ; ...alluded to ; any person :—a. ...; Male.

...(হেড্), n. মস্তিষ্ক, বুদ্ধি বা কল্পনা ; ... intellect or imagination ; ... Uppermost part of an ...body ; নায়ক ; Leader ; কর্ত্তা ; ...of a family ; শীর্ষদেশ ; অগ্রভাগ ; ...front ; বাক্যের প্রধান অংশ ; ...কথা ; Chief point of a ...; নদীর উৎপত্তিস্থান ; অন্তরীপ ; Source of a river ; cape ; সঙ্কট ; Crisis ; ক্ষমতা ; Power ; একটি লোক ; A single person (Rs. 5/- per *head*) ; (কোন দ্রব্যের) স্থূল অংশ ; Longer, thicker or heavier part :—*v. t.* নেতৃত্ব করা ; শাসন করা ; Lead ; govern ; অগ্রে গমন করা ; Go in front of ; বাধা দেওয়া ; Check :—*v. i.* পাকিয়া উঠা ; সূচ্যগ্র হওয়া ; Grow to a head ; উৎপন্ন হওয়া ; Originate. **Over head and ears**—সম্পূর্ণরূপে ; Entirely. **Off one's head**—বিকৃত-বুদ্ধি ; ক্ষিপ্ত ; Insane ; crazy. **Lay heads together**—একত্রে পরামর্শ করা ; Consult together.

Headache (হেডেক্), *n.* শিরঃপীড়া ; Pain in the head.

Headband (হেড্‌ব্যাণ্ড্), *n.* মাথার ফিতা ; Band for the head.

Head-boy (হেড্-বয়্), *n.* সর্দ্দার পড়ুয়া ; Senior boy in public school.

Head-dress (হেড্-ড্রেস্), *n.* স্ত্রীলোকের শিরোভূষণ-বিশেষ ; Ornamental dress or covering for the head, worn by women. [Head-dress.

Head-gear (হেড্-গীয়ার্), *n.* শিরোভূষণ ;

Heading (হেডিং), *n.* শিরোনাম, শিরোলিপি ; That which stands at the head. [Cape ; promontory.

Headland (হেড্‌ল্যাণ্ড্), *n.* অন্তরীপ ;

Headless (হেড্‌লিস্), *a.* মস্তকবিহীন ; অধ্যক্ষশূন্য ; Without a head ; having no head.

Headlight (হেড্‌লাইট্), *n.* (গাড়ীর) সম্মুখের বড় ও উজ্জ্বল আলোক ; Large and bright light in front of a car.

Head-line (হেড্-লাইন্), *n.* সংবাদপত্র বা পুস্তকাদির শিরোনামা ; Line containing the title, etc. at the top of a page or article.

Headlong (হেড্‌লং), *ad.* দুঃসাহস-সহকারে ; অবিবেচনা-পূর্ব্বক ; Rashly ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

precipitately ; মাথা আগাইয়া, With head foremost :—*a.* দুঃসাহসিক ; অবিবেচক ; Rash ; খাড়া ; Precipitous, steep ; অত্যন্ত দ্রুত ; Precipitate.

Headman (হেড্‌ম্যান্), *n.* প্রধান ব্যক্তি, মণ্ডল ; Chief leader.

Headmaster (হেড্‌মাস্টার্), *n.* প্রধান শিক্ষক ; Principal teacher. *fem.*= headmistress.

Head-money (হেড্-মানি), *n.* মাথা-গুণতি কর ; Poll-tax.

Head-piece (হেড্-পীস্), *n.* শিরস্ত্রাণ ; Helmet ; শিরোভূষণ ; Ornament for the head or top ; (চলিত) বুদ্ধিমত্তা ; Intellect.

Headquarters (হেড্‌কোয়ার্টার্স্), *n. pl.* সেনাপতির বাসস্থান ; অধ্যক্ষের নিবাস-স্থল ; Residence of the commander-in-chief or principal officer ; সদর, প্রধান কর্ম্মকেন্দ্র ; Centre of operations, chief office.

Headsman (হেড্‌স্‌ম্যান্), *n.* জল্লাদ ; ঘাতক ; Executioner.

Headstall (হেড্‌স্টল্), *n.* লাগামের মোক্তা ; Part of a bridle encompassing the head.

Headstone (হেড্‌স্টোন্), *n.* অট্টালিকার সর্ব্বোপরিস্থ প্রস্তর ; Topmost stone of a building ; কবরের পুরোভাগের প্রস্তর ; Stone at the head of a grave.

Headstrong (হেড্‌স্ট্রং), *a.* উগ্রস্বভাব ; উগ্রচিত্ত ; একগুঁয়ে ; Ungovernable ; self-willed ; stubborn ; obstinate.

Head-tire (হেড্-টায়ার্), *n.* শিরোভূষণ ; Head-dress.

Headway (হেড্‌ওয়ে), *n.* অগ্রে অতিক্রান্ত দূরত্ব ; Distance advanced ; (*fig.*) সফলতা ; Success ; উন্নতি ; Progress.

Headwind (হেড্‌উয়িণ্ড্), *n.* প্রতিকূল বায়ু ; Wind meeting one in front.

Head-work (হেড্-ওয়ার্ক্), *n.* কার্য্য ; Mental labour.

Head-workman (হেড্-ওয়ার্ক্‌ম্যান্) *n.* প্রধান কারিকর ; Foreman.

Heady (হেডি), *a.* হঠকারী ; [illegible] Rash ; self-willed ; [illegible] পারে এমন ; (Of liquor) apt to toxicate.

Heal (হীল্), *v. t.* আরোগ্য [illegible] Cure ; দমন করা ; নিবারণ করা ; [illegible] due ; remove :—*v. i.* সুস্থ [illegible] Grow sound.

Healing (হীলিং), *a.* আরোগ্য [illegible] Tending to cure ; মৃদু ; Mild [illegible] আরোগ্য ; Cure ; আরোগ্য [illegible] তাহার প্রক্রিয়া ; Act or proce[illegible] which anything is healed.

Health (হেল্‌থ্), *n.* স্বাস্থ্য ; [illegible] Soundness of body ; শারীরিক [illegible] Condition of the body ; [illegible] সহিত পীত মদ্যাদি ; Toast drunk [illegible] person's honour, for his [illegible] etc. ; ঈশ্বর-কৃপা ; Divine favour.

Healthful (হেল্‌থ্‌ফুল্), *a.* সুস্থ ; [illegible] কর ; Wholesome ; salutary.

Healthless (হেল্‌থ্‌লিস্), *a.* [illegible] Sickly.

Health-resort (হেল্‌থ্-রেজর্ট্), [illegible] স্বাস্থ্যপ্রদ স্থান ; Sanatorium.

Healthy (হেল্‌থি), *a.* স্বাস্থ্যপ্রদ ; [illegible] ducive to health ; সুস্থ ; [illegible] Sound ; vigorous. *n.*=health[illegible] *ad.*=healthily.

Heap (হীপ্), *n.* রাশি ; স্তূপ ; [illegible] mass ; ধ্বংসস্তূপ ; Ruins :—[illegible] রাশীকৃত করা ; স্তূপীকৃত করা ; [illegible] Throw in a pile ; pile ; amass.

Hear (হীয়ার্), *v. t. i.* শ্রবণ [illegible] শুনিতে পাওয়া ; Perceive with [illegible] মনোযোগপূর্ব্বক শ্রবণ করা ; Listen [illegible] বিচার করা ; Listen judici[illegible] অনুকূল ভাবে শ্রবণ করা ; [illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

listen to or answer favour-
favour; জ্ঞাত হওয়া; Be
ed; চিঠি পাওয়া; Receive
from). **Hear, hear**—
শোন, শোন, ভাল করিয়া শোন!
of cheering up.

(হীয়ারিং), *n.* শ্রবণ; Act of
sound; শ্রবণশক্তি; Sense
perceiving sound; মনোযোগ;
শ্রবণ; যতদূর পর্য্যন্ত শব্দ শ্রবণ করা
; Reach of the ear;
; Audience; মোকদ্দমার শুনানী;
to fact and evidence
ication. **Out of hearing**
; Beyond the reach of
. **Hard of hearing**—বধির;
; Deaf.

(হার্কেন্), *v. i.* মনোযোগ-
করা; Hear attentively.

(হীয়ারসে), *n.* জনশ্রুতি;
Common talk; rumour :—
; Relating to a
gathered from others.
evidence—শুনিয়া সাক্ষ্য-
; Evidence
hand.

(হার্স্), *n.* শবাধার বহনার্থ গাড়ী;
carrying the coffin :—*v. t.*
করা; Put in a hearse.
-cloth—শবাচ্ছাদনের বস্ত্র; শব-
বস্ত্র; Pall for a corpse;
to cover a hearse. **Hearse-**
; অন্ত্যেষ্টিকালোপযোগী; অন্ত্যেষ্টিকালে
দেয় এমন; Suitable to
; শোকাবহ (দৃশ্য প্রভৃতি);

(হার্ট), *n.* হৃৎপিণ্ড; Organ of
that circulates blood
arteries and veins;
; অন্তঃকরণ; Inner or vital part; core; হৃদয়; Seat of the affections; সাহস; উৎসাহ; তেজ; Courage; vigorous activity; spirit; গূঢ় অর্থ বা অভিপ্রায়; Secret meaning or design; হৃৎপিণ্ডাকৃতি বস্তু; That which is heartshaped; হরতন; One of the four suits in a pack of cards :—*v. t.* উৎসাহিত করা; Encourage. **At heart**—বাস্তবিক; মনে মনে; Really; in one's true character. **Get by heart**—মুখস্থ করা; Commit to memory. **Heart and soul**—সর্ব্বান্তঃকরণে; Heartily.

Heart-ache (হার্ট্-এক্), *n.* দুঃখ; মনস্তাপ; Sorrow; anguish.

Heart-beat (হার্ট্-বীট্), *n.* হৃৎপিণ্ডের স্পন্দন; Palpitation of the heart.

Heart-blood (হার্ট্-ব্লাড্), **Heart's-blood** (হার্ট্স্-ব্লাড্), *n.* সার; Essence.

Heart-breaking (হার্ট্-ব্রেকিং), *a.* মর্ম্মভেদী; হৃদয়বিদারক; Crushing with grief or sorrow.

Heart-broken (হার্ট্-ব্রোক্ন্), *a.* ভগ্ন-হৃদয়; Deeply grieved.

Heartburn (হার্ট্বার্ণ্), *n.* বুকজ্বালা; অম্বলের ব্যাধি; Disease of the stomach which causes a burning sensation near the heart.

Heart-burning (হার্ট্-বার্ণিং), *n.* ঈর্ষা; দ্বেষ; Jealousy; grudge.

Heart-disease (হার্ট্-ডিস্ট্রীজ্), *n.* হৃদ্‌রোগ; Morbid condition of the heart.

Hearten (হার্ট্ন্), *v. t.* উৎসাহিত করা; Encourage. [Sincere.

Heartfelt (হার্ট্ফেল্ট্), *a.* আন্তরিক;

Hearth (হার্থ্), *n.* চুল্লী; Fire-side of a house; গৃহ; House itself.

Hearth-stone (হার্থ্-স্টোন্), *n.* যে প্রস্তরদ্বারা চুল্লী নির্ম্মিত হয়; চুল্লী; Stone forming the hearth; fire-side.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Heartily (হার্টিলি), *ad.* আন্তরিক-ভাবে ; With all the heart ; সাগ্রহে ; Eagerly.

Heartiness (হার্টিনিস্), *n.* অকপটতা ; সরলতা ; State of being hearty.

Heartless (হার্ট্‌লিস্), *a.* হৃদয়-বিহীন ; হৃদয়শূন্য ; ভীরু ; Wanting in feeling or courage ; destitute of heart ; timid ; নির্ম্মম ; নিষ্ঠুর ; Cruel.

Heart-quake (হার্ট্‌-কোয়েক্), *n.* হৃৎ-কম্প ; ভয় ; Trembling of the heart ; fear.

Heart-rending (হার্ট্‌-রেণ্ডিং), *a.* হৃদয়-বিদারক ; মর্ম্মভেদী ; Deeply afflictive ; agonising.

Heartsick (হার্ট্‌সিক্), *a.* হতাশ ; মর্ম্মপীড়িত ; ভগ্নোৎসাহ ; Sick at heart ; depressed ; dejected.

Heartsome (হার্ট্‌সাম্), *a.* আনন্দকর ; Cheerful.

Heart-sore (হার্ট্‌-সোর্), *n.* হৃদয়-বেদনা ; What pains the mind :—*a.* মর্ম্মপীড়িত ; Deeply wounded.

Heart-stricken (হার্ট্‌-স্ট্রিক্‌ন্), **Heart-struck** (হার্ট্‌-স্ট্রাক্), *a.* মর্ম্মাহত ; ভয়াভিভূত ; Driven to the heart ; shocked with fear.

Heart-string (হার্ট্‌-স্ট্রিং), *n.* হৃদয়-গ্রন্থি ; Nerve or tendon, supposed to brace and sustain the heart.

Heart-whole (হার্ট্‌-হোল্), *a.* অবিকৃত-হৃদয়বিশিষ্ট ; Unaffected at heart.

Hearty (হার্টি), *a.* অকৃত্রিম ; আন্তরিক ; Sincere ; cordial ; প্রগাঢ় ; Warm ; সুস্থ ; সতেজ ; Healthy ; vigorous ; প্রচুর ; Copious. *n.*=heartiness.

Heat (হীট্), *n.* উষ্ণতা ; Warmth ; উত্তাপ-বোধ ; Sensation of warmth ; ক্রোধ ; Rage ; সজীবতা ; Animation ; উত্তাপ ; High temperature ; লালিমা, রক্তিমা ; Redness ; যে সময়ে উষ্ণতার সর্ব্বাপেক্ষা বৃদ্ধি হয় ; Warmest period (the *heat* of the day) ; বিষয়ক উত্তেজনা ; Sexual excite—*v. t.* উত্তপ্ত করা ; Make উত্তেজিত করা ; আলোড়িত করা ; agitate :—*v. i.* উত্তপ্ত হওয়া ; hot. *n.*=heater. **Heat apo**—সর্দ্দিগর্ম্মি ; Sun-stroke. **At heat of the moment**—জনার বশে ; রাগের মাথায় ; Und influence of a sudden pa

Heat-wave—আকস্মিক প্রাবল্য ; A hot spell. **Prickly** —চর্ম্মরোগ, ঘামাচি।

Heath (হীথ্), *n.* চারাগাছ ; Small evergreen shrub ; গাছপূর্ণ স্থান ; Place overgrown shrubs. *a.*=heathy.

Heath-cock (হীথ্‌-কক্), *n.* বিশেষ ; A large bird, which quents heaths. *fem.*=heath-

Heathen (হীদেন্), *n.* প্রতিম Pagan ; ধর্ম্ম ও চিন্তাবিহীন Irreligious, unthinking পৌত্তলিক ; Idolator :—*a.* অধার্ম্মিক ; Pagan ; irreligious heathenize.

Heathendom (হীদেন্‌ডাম্), *n.* তার বাসভূমি, খ্রীষ্টান, ইহুদি ও ধর্ম্মী লোক ছাড়া অন্য ধর্ম্মের লোক বাস করে ; That part of the which is not Christian, Jew Mahommedan.

Heathenish (হীদেন্‌ইশ্), *a.* সম্বন্ধীয় ; Relating to the অসভ্য ; বর্ব্বর ; নিষ্ঠুর ; Rude ; lized ; cruel.

Heathenism (হীদেন্‌ইজ্‌ম্), *n.* লিকতা ; Paganism ; অসভ্যতা ; বর্ব্বরতা ; Barbarism.

Heather (হেদার্), *n.* উলুখড় ; Heath ; shrub. *a.*=heathery.

Heave (হীভ্), *v. t.* উত্তোলন

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...ya Samaj Foundation Chennai and eGangotri

...নিক্ষেপ করা; উৎক্ষিপ্ত করা; ...; cast; বক্ষ হইতে নিঃসারিত ...: Force from the breast; স্ফীত ...: Cause to swell :—*v. i.* ...স্ফীত হওয়া; স্ফীত হওয়া; Be thrown ...: be raised; বমন করিতে চেষ্টা ...: Try to vomit :—*n.* উত্তোলন; ...: প্রক্ষেপ; Effort upward; ...ward motion; throw; বমনচেষ্টা; ...t to vomit; স্ফীতি; Swelling.

...haver.

...ven (হেভেন্), *n.* আকাশ; শূন্যদেশ; ...the air; স্বর্গ; Celestial abode; ...ন ধাম; Land of bliss; ঈশ্বর; ...: পরম সুখ; Supreme happiness.

...Heaven-born—স্বর্গজাত; দিব্য; Des...ended from heaven. **Heaven...ted**—ঈশ্বরদত্ত; Granted by ...ven.

...venly (হেভেন্‌লি), *a.* স্বর্গীয়; দিব্য; ...heaven; divine; পরম সুখী; ...emely blessed; পবিত্র; Pure; ...লৃষ্ট; Very excellent; আকাশস্থ; ...the sky. **Heavenly bodies**—...সমূহ; Stars, etc.

...venly-minded (হেভেন্‌লি-মাই...ড্), *a.* পবিত্র, শুদ্ধান্তঃকরণ; Pure.

...vily (হেভিলি), *ad.* অত্যন্ত ভারাক্রান্ত ...; With ponderousness; দুঃখিত...; বিষাদের সহিত; Sorrowfully; ...stedly.

...viness (হেভিনিস্), *n.* গুরুত্ব; ...ghtiness.

...vy (হেভি), *a.* ভারী; গুরু; ...ghty; কষ্টকর; Oppressive; ...: নিদ্রালু; Inactive; drowsy; ...: Loud; প্রচণ্ড; Violent; ...: Dark with clouds; বিষণ্ণ; ...: ব্যয়সাধ্য; Expensive; ...: Not to be easily diges...: কর্দ্দমময়; Miry. *ad.*=heavily.

Heavy-armed (হেভি-আর্ম্‌ড্), *a.* গুরুভার বর্ম্ম বা অস্ত্র-বিশিষ্ট; Bearing heavy armour or arms.

Heavy-headed (হেভি-হেডেড্), *a.* মূর্খ; Stupid.

Heavy-hearted (হেভি-হার্টেড্), *a.* দুঃখে অভিভূত; Weighed down with sorrow or grief.

Heavy-weight (হেভি-ওয়েট্), *n.* মুষ্টি-যোদ্ধার ওজনবিশেষ (১৭৫ পাউণ্ড); Boxing weight, over 12st. 7lb.

Hebdomadal (হেব্‌ডম্যাডাল্), *a.* সাপ্তাহিক; Weekly.

Hebe (হীবি), *n.* যৌবন দেবী; Goddess of youth; (মস্করার ভাবে) হোটেলের পরিচারিকা; মদের দোকানে দাসী (যে ক্রেতাদের মদের গেলাস আগাইয়া দেয়); Waitress; barmaid.

Hebraic (হীব্রেইক্), *a.* ইহুদী জাতি বা তদ্ভাষা-সম্বন্ধীয়; হিব্রুজাতীয়; Relating to the Hebrews or to their language. *ad.*=hebraically.

Hebraism (হীব্রেইজ্‌ম্), *n.* ইহুদীদের সাধারণ লক্ষণ; ইহুদীদের ধর্ম্ম ও ধ্যানধারণা; Attribute of the Hebrews; Hebrew system of thought and religion; হিব্রু-ভাষার বাক্যপদ্ধতি; Hebrew idiom.

Hebraist (হীব্রেইস্ট্), *n.* হিব্রু-ভাষাভিজ্ঞ; One skilled in Hebrew.

Hebrew (হীব্রু), *n.* ইহুদী; Jew; হিব্রুভাষা; Language of the Hebrews :—*a.* হিব্রুজাতীয়; Pertaining to the Hebrews.

Hecatomb (হেক্যাটম্), *n.* একশত বৃষ বলিদান; বহুবলি; Sacrifice of a hundred oxen; any large number of victims.

Heckle (হেক্‌ল্)—Same as **Hackle.**

Hectic (হেক্‌টিক্), *n.* ক্ষয়জ্বর; ঐ জ্বরাক্রান্ত রোগী; ঐ রোগীর তপ্ত দেহ ও লাল গণ্ডস্থল; Fever associated with consumption; patient suffering

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

from such fever ; flushed cheeks and hot skin (of such patients) : —*a.* ক্ষয়কারী ; Consumptive ; (চলিত) উত্তেজিত ; উন্মত্ত ; Excited ; wild.

Hector (হেক্‌টর্), *n.* বচনসর্ব্বস্ব দাম্ভিক লোক ; দাবাইয়া যে কাজ হাঁসিল করে ; Bluster(er) ; bully :—*v. t. i.* ভয় দেখাইয়া বা দাবাইবার উদ্দেশ্যে চেঁচামেচি করা ; Bully, or storm, demanding submission, or for offering threats ; দম্ভ প্রকাশ করা ; Play the bully.

Hedge (হেজ্), *n.* লতার বেড়া ; ঝাড় ; Fence of bushes ; thicket of bushes :—*v. t.* (বেড়া দ্বারা) বেষ্টিত করা ; Enclose with a hedge ; বেষ্টন করা ; রক্ষণ করা ; Surround ; guard. *a.*=hedgy.

Hedge-hog (হেজ্-হগ্), *n.* শজারু ।

Hedger (হেজার্), *n.* যে বেড়া বাঁধে, মালী ; One who dresses hedges.

Obtain (অব্‌টেন্‌), *v. t.* উপার্জ্জন করা ; অর্জ্জন করা ; লাভ করা ; পাওয়া ; Earn ; procure ; win ; gain ; get :—*v. i.* প্রচলিত হওয়া ; বিদ্যমান থাকা ; সফলকাম হওয়া ; Be prevalent ; subsist ; succeed.

Obtainable (অব্‌টেন্যাব্‌ল্‌), *a.* যাহা পাওয়া যায় ; প্রাপ্য ; অর্জ্জনীয় ; That may be procured or acquired ; capable of being obtained.

Obtest (অব্‌টেস্ট্‌), *v. t.* অনুনয় করা ; প্রতিবাদ করা ; Beseech protest ; ভগবানকে সাক্ষী রাখা ; (Rare) call heaven to witness. *n.* = obtestation.

Obtrude (অব্‌ট্রুড্‌), *v. t.* অনাহূত হইয়া বা জিদ করিয়া প্রবেশ করা বা করান ; Thrust (some matter, or oneself) importunately forward (*on* some person or his notice).

Obtruding (অব্‌ট্রুডিং), **Obtrusion** (অব্‌ট্রুঝন্‌), *n.* ইচ্ছার বিরুদ্ধে প্রবেশ ; Thrusting in or upon against the will of.

Obtrusive (অব্‌ট্রুসিভ্‌), *a.* উপর-পড়া ; Disposed to thrust oneself among others. *ad.* = obtrusively.

Obtuse (অব্‌টিউস্‌), *a.* ভোঁতা ; নিস্তেজ ; নিষ্প্রভ ; Not pointed ; blunt ; dull ; স্থূল (কোণ) ; Greater than one right angle but less than two. *n.* = obtuseness. *ad.* = obtusely.

Obtuse-angled (অব্‌টিউস্‌-অ্যাংগ্‌ল্‌ড্‌), **Obtuse-angular** (অব্‌টিউস্‌-অ্যাংগিউ-ল্যার্‌), *a.* স্থূলকোণী ; Having an obtuse angle.

Obverse (অব্‌ভার্স্‌), *n.* প্রধান চিহ্নযুক্ত মুদ্রা-পৃষ্ঠ ; সোজাদিক্‌ ; Face of a coin or shield or metal containing the head or principal symbol ; face ; anything meant to be preserved (*opp.* = reverse) :—*a.* অন্য কিছুর উল্টাদিক্‌ হইবার মত ; Answering as counterpart to another thing ; যাহার অগ্রভাগ অপেক্ষা তলদেশ সংকীর্ণ ; Having the base narrower than the top (in *Natural Hist.*). *abs.* = obversion.

Obvert (অব্‌ভার্ট্‌), *v. t.* অভিমুখ ফিরান ; Turn towards the front.

Obviate (অব্‌ভিয়েট্‌), *v. t.* নিরাকরণ করা ; দূর করা ; পরিহার করা ; Prevent ; remove ; avoid. *n.* = obviation, obviator.

Obvious (অব্‌ভিয়াস্‌), *a.* স্পষ্ট ; সুস্পষ্ট ; প্রতীয়মান ; Manifest ; evident.

Occasion (অক্‌কেঝন্‌), *n.* সুযোগ ; সুবিধা ; Opportunity ; উপলক্ষ্য ; Special time or season ; কারণ ; Reason ; নিমিত্তার্থক ঘটনা ; Incidental cause ; প্রয়োজন ; Need (you have no *occasion* to be angry) ; ঘটনা ; Incident ; occurrence :—*v. t.* উৎপাদন করা ; কারণ-স্বরূপ হওয়া ; প্রবৃত্ত করা ; Produce ; cause to influence. **On occasion**—সময়ে সময়ে ; Occasionally ; আবশ্যক মত ; When necessary. **Take occasion (to)**—ইত্যবসরে কিছু করা ; সুযোগ গ্রহণ করা ; Seize an opportunity.

Occasional (অক্‌কেঝন্যাল্‌), *a.* সাময়িক ; মধ্যে মধ্যে লক্ষিত ; ঘটনাক্রমে উপস্থিত ; Occurring only at times ; casual.

Occasionally (অক্‌কেঝন্যালি), *ad.* কখন কখন ; সময়ে সময়ে ; Sometimes ; at times.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

into the mind (it *occurred* to me...).

Occurrence (অকারেন্স্), *n.* ঘটনা, ব্যাপার; Incident; সংঘটন; The process or fact of occurring (of frequent *occurrence*).

Ocean (ওশ্‌ন্), *n.* মহাসাগর।

Oceania (ওশিয়েনিয়া), *n.* প্রশান্ত মহাসাগরের নিকটবর্ত্তী ও মধ্যবর্ত্তী দ্বীপ-সমূহ; Islands in and near the Pacific.

Oceanic (ওশিয়্যানিক্), *a.* মহাসমুদ্র-সম্বন্ধীয়; মহাসমুদ্রে প্রাপ্ত বা সৃষ্ট; মহাসাগরীয়; Pertaining to, found or formed in the ocean.

Ochre (ওকার্), *n.* গিরিমাটিবিশেষ; A kind of fine clay mostly pale yellow. *a.*=ocherous, ochreous, ochry.

O'clock (ও'ক্লক্), *n. phr.* (*abbr.*=of the clock) পূর্ণ ঘণ্টা বুঝাইতে সংখ্যার সহিত ব্যবহৃত; Appended to the actual hour, as *five o'clock*, but *quarter to five*, *five-twenty* etc.; সময় বলিতে ও জিজ্ঞাসা করিতে ব্যবহৃত; Used in asking and telling the time (what *o'clock* is it?) [*of the clock* is still in formal use].

Octagon (অক্‌ট্যাগন্), *n.* অষ্টভুজ; অষ্ট-ভুজ সমতল ক্ষেত্র; A plane figure of eight sides. *a.*=octagonal.

Octahedron (অক্‌ট্যাহেড্রন্), *n.* সমাষ্ট-পার্শ্ব ঘনক্ষেত্র; Solid of eight equal sides. *a.*=octahedral.

Octangular (অক্‌ট্যাংগিউল্যার্), *a.* অষ্টকোণবিশিষ্ট; অষ্টকোণী; Having eight angles.

Octant (অক্‌ট্যান্ট্), *n.* বৃত্তের অষ্টমভাগ; Eighth part of a circle; half-quadrant.

Octave (অক্‌টেভ্), *n.* অষ্টমভাগ; Eighth part; (সঙ্গীতে) অষ্টক; Note

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

produced by twice or half the vibration-rate of a given note and eight diatonic degrees above or below it (male and female voice form four *octaves* in general); (কাব্যে) চতুর্দ্দশপদী কবিতার প্রথম আট পংক্তি; The first eight lines of a sonnet; অষ্টক; A group of eight.

Octavo (অক্‌টেভো), *a.* আটপাতার; Having eight leaves to the sheet: —*n.* আটপাতার গ্রন্থ; Book having eight leaves to a sheet. *pl.*= octavos.

Octennial (অক্‌টেনিয়্যাল্), *a.* অষ্টবর্ষব্যাপী; আটবৎসর অন্তর সংঘটিত; Lasting eight years; happening every eight years.

October (অক্‌টোবার্), *n.* ইংরেজী বৎসরের দশম মাস; Tenth month of the English year.

Octodecimo (অক্‌টোডেসিমো), *a.* আঠার পাতার; Having eighteen leaves to the sheet.

Octogenarian (অক্‌টোজিনেরিয়্যান্), *n.* অশীতিবর্ষীয় লোক; Person eighty years of age:—*a.* অশীতিবর্ষীয়; Eighty years old.

Octopod (অক্‌টোপড্), **Octopus** (অক্‌টোপাস্), *n.* অষ্টভুজ সামুদ্রিক প্রাণী; A sea-animal with eight arms.

Octosyllabic (অক্‌টোসিল্‌ল্যাবিক্), *a.* অষ্টস্বরবিশিষ্ট; Consisting of eight syllables.

Octroi (অক্‌ট্রোয়া), *n.* নগর-শুল্ক; Duty charged on goods entering a town. [Eightfold.

Octuple (অক্‌টিউপ্‌ল্), *a.* অষ্টগুণ;

Ocular (অকিউল্যার্), *a.* চাক্ষুষ; প্রত্যক্ষ; Depending on or known by the eyes.

Oculist (অকিউলিস্ট্), *n.* নেত্ররোগ-চিকিৎসক; One skilled in diseases of the eye.

Odd (অড্), *a.* বিষম; বিযোড়; অযুগ্ম; Not even; not divisible without a remainder; অসাধারণ; অদ্ভুত; অপরূপ; Strange; peculiar; quaint; অতিরিক্ত, বেশী; Extra, over (the hundred *odd*, *i. e.*, between 200 and 300); সাময়িক, অনিয়মিত, অনির্দ্দিষ্ট; Occasional, not regular or fixed (*odd* jobs, *i. e.*, not regular work).

Odd-looking—দেখিতে অদ্ভুত; Strange-looking.

Oddity (অডিটি), *n.* অদ্ভুতত্ব; অপরূপত্ব; অসাধারণত্ব; Strangeness; uniqueness; singularity; অপরূপ ব্যক্তি বা বস্তু; Peculiar person or thing.

Oddment (অড্‌মেণ্ট্), *n.* (usu. *pl.*) পড়ে-থাকা অংশ; টুক্‌রো-টাক্‌রা; অবশিষ্ট; An odd piece; a remnant (a few *oddments*, *i. e.*, odds and ends).

Odds (অড্‌স্), *n. pl.* আধিক্য; Excess; বৈষম্য; প্রভেদ; অসাম্য; Inequality; difference; সুবিধার দিক; The chances in favour (the *odds* are against us); বিবাদ; Dispute. **At odds**—পরস্পর বিরোধী; At variance. **Odds and ends**—টুক্‌রা টাক্‌রা; Stray articles; নানা প্রকার বিষয়; Miscellaneous subjects.

Ode (ওড্), *n.* গান; গীতিকাব্য; গাথা; Song; lyrical poem. *a.*=odic.

Odeum (ওডীয়াম্), *n.* সঙ্গীতালয়; Music-hall.

Odious (ওডিয়াস্), *a.* বিরক্তিকর; ঘৃণার্হ; ঘৃণিত; বিতৃষ্ণাজনক; অপ্রীতিকর; Offensive; deserving hatred; repulsive.

Odium (ওডিয়াম্), *n.* ঘৃণা; নিন্দা; Hatred; blame.

Odontalgia (অডন্‌ট্যাল্‌জিয়্যা), **Odon-**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করিতে ; হইতে (deprived *of* money ; cured *of* fever). **Of course**—অবশ্যই ; কাজে কাজেই ; As a matter of fact or necessity.

Off (অফ্), *ad.* দূরে ; হইতে ; বাহিরে ; Noting separation or distance ; from ; away ; away from :—*a.* দূরবর্ত্তী ; দূরতম ; On the farther side ; farthest :—*pre.* হইতে ; Away from :—*int.* দূর হও ! চলিয়া যাও ! Away ! depart ! **Off-day**—ছুটির দিন ; Holiday. **Be off**—চলিয়া যাওয়া ; Go away. **Come off**—পলায়ন করা ; Escape ; ঘটা ; Take place. **Get off**—পলায়ন করা ; Escape. **Well off**—ধনী ; In good circumstances ; rich. **Off and on**—মধ্যে মধ্যে ; Now and then.

Offal (অফ্যাল্), *n.* উচ্ছিষ্ট ; অকিঞ্চিৎকর দ্রব্য ; পরিত্যক্ত মাংস ; Refuse ; anything worthless ; waste meat.

Offence (অফ্ফেন্স্), *n.* অপরাধ ; দোষ ; পাপ ; Crime ; fault ; sin ; বিরাগ ; Displeasure ; resentment ; অবমাননা ; অপমান ; Affront ; insult ; ক্রোধ ; ক্ষতি ; Anger ; injury. **Take offence**—অসন্তুষ্ট হওয়া ; Feel displeasure.

Offenceless (অফ্ফেন্স্লিস্), *a.* নিরীহ ; নিরপরাধ ; Inoffensive ; unoffending.

Offend (অফ্ফেণ্ড্), *v. t.* পীড়া দেওয়া ; অসন্তুষ্ট করা ; কুপিত করা ; Pain ; annoy ; displease :—*v. i.* বিরক্ত হওয়া ; পাপ করা ; অপরাধ করা ; ক্রোধের কারণ হওয়া ; Take offence ; sin ; commit a crime ; cause anger.

Offender (অফ্ফেণ্ডার্), *n.* পাপাচারী ; অনিষ্টকারক ; অপরাধী ; Criminal ; trespasser ; one who offends or injures.

Offensive (অফ্ফেন্সিভ্), *a.* অপ্রীতি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কর ; বিরক্তিকর ; Displeasing ; annoying ; অপমানজনক ; Insulting (*offensive* language) ; আক্রমণাত্মক ; Intended for or used in attack, aggressive (*offensive* movement) : —*n.* আক্রমণকারীর ভাব ; Attitude of one who attacks ; আক্রমণ ; An attack.

Offer (অফার্), *v. t. i.* প্রস্তাব করা ; Make a proposal to ; দেখাইতে চেষ্টা করা ; Try to show (*offer* resistance) ; উপহার দেওয়া ; দেবোদ্দেশে প্রদান করা ; Present in prayer or worship ; দিতে চাওয়া ; Propose to give ; ঘটা ; Occur (take the opportunity that *offers* itself) :— *n.* প্রস্তাব ; Proposal ; প্রস্তাবিত মূল্য ; Price bid ; প্রস্তাবিত সামগ্রী ; That which is offered. *n.* = offerer.

Offerable (অফার্যাব্‌ল্), *a.* প্রস্তাব-যোগ্য ; উপস্থাপন-যোগ্য ; That may be offered ; capable of being offered.

Offering (অফারিং), *n.* উপহার ; বলি ; নৈবেদ্য ; প্রদান ; প্রস্তাবন ; Presentation ; gift ; sacrifice ; oblation ; act of one who offers.

Off-hand (অফ্-হ্যাণ্ড্), *ad.* অবিলম্বে ; কোনরূপ দ্বিধা না করিয়া ; না ভাবিয়া চিন্তিয়া ; Promptly ; without hesitating ; without study or preparation :—*a.* সহসা কৃত বা কথিত ; Done or said on the spur of the moment ; শিষ্টতা, ভদ্রতাবিহীন ; Without ceremony or politeness (act in *off-hand* way).

Office (অফিস্), *n.* কর্ম্ম ; কার্য্য ; Duty ; work ; business ; service ; employment ; উপাসনা-পদ্ধতি ; উপাসনা ; পূজা-পদ্ধতি ; Act of worship ; formulary of devotion ; কার্য্যালয় ; কার্য্যস্থান ; Place of business ; বিশেষ ব্যবহার ; Peculiar use :—*pl.* গৃহকার্য্য সমাধানার্থ গৃহের বিভিন্ন প্রকোষ্ঠ ; Apartments of a house in which domestics discharge their duties.

Office-bearer (অফিস্-বেয়ারার্), **holder** (অফিস্-হোল্ডার্), *n.* কর্ম্মচারী ; One who holds an office.

Officer (অফিসার্), *n.* দায়িত্বপূর্ণ পদাধিষ্ঠিত লোক, উচ্চপদস্থ কর্ম্মচারী, অধিকারিক ; One who holds a position of authority or trust ; one who performs some public office ; নৌবাহিনীতে নেতৃপদস্থ কর্ম্মচারী ; In the army or navy, one who is appointed to command others (commissioned *officers*) ; (বাণিজ্যপোতে) কাপ্তেন প্রভৃতি ; The captain and any one of the mates :—*v.* কর্ম্মচারী যোগান ; নেতৃত্ব করা ; Furnish with officers ; command as officers.

Official (অফিশ্যল্), *a.* পদ-পরিচায়ক ; সরকারী ; কর্ম্মচারী কৃত ; Done by virtue of an office or in the character of an officer ; done by authority :—*n.* কর্ম্মচারী ; অধীন রাজকর্ম্মচারী ; One who holds an office ; a subordinate public officer.

Officially (অফিসিয়্যালি), *ad.* পদস্থ কর্ম্মচারীর রীতি মত ; In an official manner ; সরকারী ; With official authority.

Officiate (অফিশিয়েট্), *v. i.* প্রতিনিধি কার্য্য করা ; প্রতিনিধিত্ব করা ; Perform official duties for another ; স্থানী হওয়া ; Perform the duties of an office.

Officious (অফিশাস্), *a.* অনধিকার-উপর-পড়া ; অতি তৎপর ; প্রগল্‌ভ ; অত্যন্ত গ্রহশীল ; Intermeddling ; obtrusive ; meddlesome ; overkind.

Offing (অফিং), *n.* তীর হইতে দূরে সমুদ্রভাগ ; The sea, as far out

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

seen from the land. **In** ...তীর হইতে অদূরে ; ...Not far from the land ;

...), *a.* আচারে ব্যবহারে ...ছাড়-ছাড় ভাবাপন্ন ; Distant ...in manner.

...), *n.* অঙ্কুর ; প্রশাখা ; ...shoot of a plant ; ক্ষয় বা ...কুলরূপে সংস্থাপিত অর্থ বা মূল্য ; ...or value set off against ...contrary as an equivalent. *v. t.* ভারসাম্য করা ; শোধবোধ ...Place against as an equivalent to a balance.

...), *n.* প্ররোহ ; প্রশাখা ; ...anything growing out of ...

...), *n.* বল ও বিপক্ষের ...মধ্যস্থ মাঠ ; The field between ...and the opponent's goal.

...), *n.* সন্তান-সন্ততি ; ...Child or children ; des-...

...), **Often** (অফ্‌ন্), *ad.* পুনঃ-...অনেকবার ; Frequently ; ...times :—*a.* পুনঃপুনঃ সংঘটিত ; ...[Frequency.

...), *n.* পৌনঃপুন্য ; ...

...), **Often-...** (অফ্‌ন্‌টাইম্‌স্), *ad.* পুনঃপুনঃ ; ...Frequently.

...), *v. t. i.* কটাক্ষ করা ; ...with side-glances ; অপাঙ্গদৃষ্টি ...Cast amorous glances :—*n.* ...কটাক্ষ ; Amorous glance. *n.* = ...ogling.

...), *n.* রাক্ষস ; কাল্পনিক ...রাক্ষস ; Man-eating monster ...of fairy tales. *fem.* =

...), *int.* বিস্ময়, শোক বা যাতনাসূচক অব্যয় ; Exclamation denoting surprise, sorrow, pain, etc.

Oil (অয়িল্), *n.* তৈল ; Greasy liquid : —*v. t.* তৈল লেপন করা ; তৈল মাখান ; তৈলাক্ত করা ; Smear with oil ; anoint with oil.

Oil-bag (অয়িল্-ব্যাগ্), *n.* জীবদেহের তৈল-কোষ ; Bag or cyst in animals, containing oil.

Oil-bomb (অয়িল্-বম্), *n.* তৈলবাহী আগুনে বোমা ; A kind of incendiary containing oil.

Oilcake (অয়িল্‌কেক্), *n.* খৈল ; খইল ; Refuse after oil is pressed out from oil-seeds.

Oilcloth (অয়িল্‌ক্লথ্), *n.* জলদ্বারা অভেদ্য মসৃণ বস্ত্র-বিশেষ ; তেলা কাপড় ; Waterproof cloth covered with oil or paint ; cloth made oily.

Oil-colour (অয়িল্-কালার্), *n.* রঙ্ করিবার বস্তু ; তৈল-মিশ্রিত রঙ্ ; Colouring substance mixed with oil.

Oil-engine (অয়িল্-ইঞ্জিন্), *n.* যে ইঞ্জিন তৈল জ্বালাইয়া চালান হয় ; Engine driven by evaporated oil.

Oil-gas (অয়িল্-গ্যাস্), *n.* তৈল হইতে উত্থিত দাহ্য বাষ্প ; Inflammable gas obtained from oil.

Oilman (অয়িল্‌ম্যান্), *n.* তৈল-বিক্রেতা ; কলু ; One who deals in oil.

Oil-mill (অয়িল্-মিল্), **Oil-press** (অয়িল্-প্রেস্), *n.* তৈল-চক্র ; ঘানি ; Mill for pressing out oil from oil-seeds.

Oil-painting (অয়িল্-পেন্টিং), *n.* চিত্র-বিশেষ ; তৈলচিত্র ; Painting done with oil-colours.

Oil-seed (অয়িল্-সীড্), *n.* তিল, সর্ষপ প্রভৃতি ; Sesamum, mustard, etc.

Oily (অয়্‌লি), *a.* তৈলময় ; তৈলাক্ত ; তৈলবৎ ; Greasy ; like oil ; (বাক্য বা ব্যবহার-সম্পর্কে) অত্যন্ত শিষ্ট ; Too

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

polite ; তোষামুদে ; Trying to win favour. *n.* = oiliness.

Ointment (অয়িণ্ট্‌মেণ্ট্‌), *n.* মলম ; প্রলেপ ; Greasy stuff for smearing on sores ; সুগন্ধি দ্রব্য ; Perfume.

Old (ওল্ড্‌), *a.* বয়োবৃদ্ধ ; বৃদ্ধ ; Advanced in years ; aged ; প্রাচীন ; Out of date ; পুরাতন ; Ancient ; বহুকাল প্রচলিত ; ঘাগী ; Long practised ; নিপুণ ; অভিজ্ঞ ; Skilled ; experienced ; পূর্ব্বকালীন ; Formerly existing ; বর্ত্তমানকালে অপ্রচলিত ; Antiquated ; জীর্ণ ; Worn-out ; decayed. **Of old**—পূর্ব্বে ; Long ago ; formerly ; পুরাকালে ; In times long past. **Old bachelor**—অবিবাহিত বয়স্ক পুরুষ ; খুবড়ো ; Elderly unmarried man. **Old-fashioned**—অপ্রচলিত ; সেকেলে ; Out of fashion ; of obsolete fashion. **Old maid**—অবিবাহিতা বয়স্থা কন্যা ; খুবড়ী ; Elderly unwedded maid. **Old school**—প্রাচীন সম্প্রদায় ; School or party belonging to a former time. **Old world**—পূর্ব্ব গোলার্দ্ধ ; Eastern hemisphere.

Olden (ওল্‌ডেন্‌), *a.* প্রাচীন ; পুরাতন ; Ancient ; old.

Oldster (ওল্ড্‌স্টার্‌), *n.* প্রৌঢ় ; One [getting old.

Oleaginous (ওলিয়্যাজিনাস্‌), *a.* তৈলময় ; তেলাল ; Oily ; unctuous ; তোষামোদপটু ; Fawning.

Oleander (ওলীয়্যাণ্ডার্‌), *n.* মনোহর পুষ্পের বৃক্ষবিশেষ ; করবী বৃক্ষ ; করবী পুষ্প ; Evergreen shrub with beautiful red or white flowers ; its flower.

Oleograph (ওলীয়োগ্রাফ্‌), *n.* একপ্রকার তৈল-চিত্র ; Print in oil-colours to imitate an oil-painting.

Olfactory (অল্‌ফ্যাক্‌টরি), *a.* গন্ধবাহী ; ঘ্রাণ-সম্বন্ধীয় ; Pertaining to or used in smelling.

Oligarch (অলিগার্ক্‌), *n.* রাজ্যশাসকের অন্যতম ; Member of oligarchy.

Oligarchy (অলিগার্কি), *n.* লোকদ্বারা শাসিত রাজ্য ; অল্পসংখ্যক দ্বারা রাজ্যশাসন-প্রণালী ; State governed by a few ; government by few. *a.* = oligarchical, oligarchic.

Olio (ওলিও), *n.* মিশ্রণ ; বিভিন্ন সমবায় ; Medley ; miscellany.

Olive (অলিভ্‌), *n.* বৃক্ষবিশেষ ; উহার ও রঙ্‌ ; জলপাই ; A tree, its fruit and its colour ; a kind of fruit. শান্তির প্রতীক ; শান্তি ; Emblem of peace ; peace. **Olive oil**—জলপাইয়ের তৈল।

Olympiad (ওলিম্‌পিয়্যাড্‌), *n.* চতুর্বৎসর পরিমাণ ; Period of four years used by the Greeks in dating.

Olympian (ওলিম্‌পিয়্যান্‌), **Olympic** (ওলিম্‌পিক্‌), *a.* ওলিম্পাস-পর্ব্বত-সম্বন্ধীয় ; Relating to Olympus ; ওলিম্পিয়া নগর-সম্বন্ধীয় ; Pertaining to the city of Olympia :—*n.* ওলিম্পাস পর্ব্বতবাসী ; Dweller in Olympus.

Olympus (ওলিম্পাস্‌), *n.* গ্রীক্‌ দেবতাদের আবাসভূমি ওলিম্পাস পর্ব্বত ; Abode of the Greek gods, supposed to have been on Mt. Olympus in Thessaly.

Ombre (অম্বার্‌), *n.* তাসখেলাবিশেষ ; Game of cards usually played by three persons.

Omega (ওমিগ্যা), *n.* গ্রীক্‌ বর্ণমালার শেষাক্ষর ; Last letter of the Greek alphabet ; শেষ ; End. **Alpha and Omega**—আগাগোড়া ; The beginning and the end.

Omelet, Omelette (অম্‌লেট্‌), *n.* ডিমের বড়া।

Omen (ওমেন্‌), *n.* পূর্ব্বলক্ষণ ; Presage ; শুভ বা অশুভসূচক লক্ষণ ; A sign.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ous ...g good or evil. *a.*=...

...(অমিনাস্), *a.* অমঙ্গলসূচক; ... Foreboding evil; inaus-...

...(অমিসিবল্), *a.* ত্যাগযোগ্য; ... পরিত্যাজ্য; That may be ...

...(অমিশন্), *n.* ভুল; কর্ত্তব্য-... বা ত্রুটি; Act of ...; neglect or failure to do ...g required.

...), *v. t.* ত্যাগ করা; বর্জ্জন ... করা; ছাড়িয়া যাওয়া; ...; neglect; fail to do.

...(অম্‌নিবাস্), *n.* বাস গাড়ী, ...চক্রবিশিষ্ট শকট; Large four-...d vehicle for conveying ...gers; সংগ্রহ-পুস্তক; Collected ...s found in a single volume ...s edition) :—*a.* বহুপ্রকরণ-...; Comprising many items; ...; Pertaining to, or ...g for, many things at ...pl.=omnibuses. *abbr.*=bus.

...tence (অম্‌নিপোটেন্স্), *n.* ...; অসীম ক্ষমতা; Unlimited ...; all-powerfulness.

...potent (অম্‌নিপোটেন্ট্), *a.* সর্ব্ব-...; All-powerful.

...esent (অম্‌নিপ্রেজেন্ট্), *a.* ...বিদ্যমান; Present in all places ...the same time. *n.*=omni-...ce.

...ient (অম্‌নিশিয়েন্ট্), *a.* সর্ব্ব-...দর্শক; All-seeing; all-know-...=omniscience.

...m-gatherum (অম্‌নিয়াম্-গ্যাদা-...) *n.* বিবিধ বস্তু বা ব্যক্তিসমূহের মিল; ...geneous collection of things ...ous; অদ্ভুত মিশ্রণ; A queer ...e.

Omnivorous (অম্‌নিভোরাস্), *a.* সর্ব্ব-ভুক, সর্ব্বাশী; Devouring all things; খুঁতখুঁতে নয়; Not fastidious.

On (অন্), *pre.* উপরে; উপরিভাগে; Upon; above and in contact with; নিকটে; সন্নিহিত; Near to (a house *on* the river); পরে; Immediately after; প্রতি; অভিমুখে; জন্য; Towards; for; অধিকন্তু; In addition to; সময়-প্রকাশক (*on* Monday); সম্বন্ধে; About (a book *on* Rabindranath); অবস্থা বা কর্ম্মসূচক (*on* guard) :—*ad.* উপরে; Above; অগ্রে; অগ্রদিকে; পুরোভাগে; Forward :—*int.* চল! অগ্রসর হও! Go on! proceed! [Self-pollution.

Onanism (ওন্যানিজ্‌ম্), *n.* হস্তমৈথুন;

Once (ওয়ান্স্), *ad.* একবার; একবার মাত্র; একদা; পূর্ব্বে; At one time; single time; at any time; at a former time :—*n.* একবার; One time :—*conj.* যতশীঘ্র সম্ভব; As soon as. **All at once**—সহসা; Suddenly. **At once**—অবিলম্বে; তদ্দণ্ডেই; Immediately. **Once and again**—বারংবার; Repeatedly. **Once for all**—চিরকালের নিমিত্ত; জন্মের মত; Once for all time to come.

On-coming (অন্-কামিং), *a.* অগ্রসরমাণ; Advancing (the *on-coming* tide) :—*n.* আগমন; Approach (the *on-coming* of autumn).

One (ওয়ান্), *a.* এক; অবিভক্ত; Single; undivided; সেই একই; The same; অনিশ্চিত, যে কোন; A certain; some (*one* day a man came to see me); একটিমাত্র; Single, only (no *one* man can do it) :—*n.* একসংখ্যা; এক অঙ্ক; The number or figure 1; একক; Unit; একত্ব; Unity :—*pro.* অনির্দ্দিষ্ট কোন ব্যক্তি; Person, spoken of indefinitely. **At one**—একমত; In

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

agreement. **One and all**—প্রত্যেক ব্যক্তি ; Every one. **One another**—(বহুমধ্যে) পরস্পর। **One by one**—একে একে ; এক এক করিয়া ; One at a time ; one after another. **One-man show**—লোক দেখান একটি যোগ্য লোকের পরিচালিত ব্যবস্থা ; Affairs controlled by one man only.

One-eyed (ওয়ান্-আইড্), *a.* এক-চোখো ; কাণা ; Having but one eye ; পক্ষপাতদুষ্ট ; Partial.

Oneness (ওয়ান্নিস্), *n.* অদ্বিতীয়ত্ব ; একত্ব ; Singleness ; unity.

Onerous (অনারাস্), *a.* দুর্ব্বহ ; ক্লেশ-কর ; পীড়াকর ; Burdensome ; oppressive.

Oneself (ওয়ান্সেল্ফ্), *pro.* স্বয়ং ; নিজে ; One's self ; himself or herself.

One-sided (ওয়ান্-সাইডেড্), *a.* অসমান ; পক্ষপাতী ; Limited to one side ; partial ; সংস্কারদুষ্ট ; Prejudiced. *n.*=one-sidedness.

Ongoings (অন্গোয়িংজ্), *n. pl.* অদ্ভুত বা অসঙ্গত কার্য্যাবলী ; Strange or improper proceedings.

Onion (অনিয়ান্), *n.* পলাণ্ডু ; পেঁয়াজ ; A bulbous root.

On-looker (অন্-লুকার্), *n.* দর্শক ; Spectator.

Only (ওন্লি), *a.* এক ; একমাত্র ; Single ; alone :—*ad.* কেবল ; মাত্র ; Merely ; barely :—*conj.* ব্যতীত ; With the exception that ; কিন্তু তাহা হইলে ; But then.

Onomatopoeia (অনোম্যাটোপীয়্যা), *n.* অস্ফুট শব্দানুকরণে পদ-গঠন ; ঐরূপে গঠিত পদ বা পদপ্রয়োগ ; Use of a word or saying which has a like sound to the thing signified. *a.*=onomatopoeic, onomatopoetic.

Onrush (অন্রাশ্), *n.* বেগে অগ্রগতি ; Rapid advance.

Onset (অন্সেট্), *n.* আক্রমণ ; attack ; আরম্ভ ; A start or beginning (the *onset* of a disease).

Onslaught (অন্স্লট্), *n.* প্রচণ্ড আক্রমণ ; A furious attack.

Ontologist (অণ্টলজিস্ট্), *n.* অস্তিত্ব-বিদ্যাবিৎ ; One versed in ontology.

Ontology (অণ্টলজি), *n.* অস্তিত্ব-বিদ্যা ; সৎপদার্থ-তত্ত্ব ; Science of being ; metaphysics. *a.*=ontologic, ontological. *ad.*=ontologically.

Onus (ওনাস্), *n.* (no *pl.*) ভার ; Burden ; দায়িত্ব ; Obligation ; responsibility (the *onus* of proof lies with you).

Onward (ওন্ওয়র্ড্), *a.* বর্দ্ধিষ্ণু ; বর্দ্ধমান ; অগ্রবর্ত্তী ; অগ্রগামী ; Advancing ; advancing.

Onward (অন্ওয়র্ড্), **Onwards** (অন্ওয়র্ড্জ্), *ad.* অগ্রে ; সম্মুখে ; অগ্রাভিমুখে ; In advance ; forward.

Onyx (অনিক্স্), *n.* মণিবিশেষ ; A kind of gem.

Oof (উফ্), *n.* অর্থ ; Money ; wealth.

Ooze (উজ্), *n.* কাদা ; পঙ্ক ; Soft mud ; ধীর প্রবাহ ; Gentle flow.—*v. i.* ধীরে ধীরে প্রবাহিত হওয়া ; চুয়াইয়া পড়া ; ক্ষরিত হওয়া ; Flow gently ; percolate, as a liquid through pores :—*v. t.* চুয়ান ; ক্ষরণ করান ; Cause to flow or percolate ; exude.

Oozy (উজ্জি), *a.* কর্দ্দমময় ; পঙ্কিল ; Miry ; slimy.

Opacity (ওপ্যাসিটি), *n.* অস্বচ্ছতা ; আলোকহীনতা ; Want of transparency ; obscurity. *a.*=opacous.

Opal (ওপ্যাল্), *n.* রঙীন মণিবিশেষ।

Opalescent (ওপ্যালেসেন্ট্), *a.* জ্যোতির্বিকাশী ; Reflecting light.

Opaque (ওপেক্), *a.* অস্বচ্ছ ; তমোময় ; ছায়াময় ; অস্পষ্ট ; Not transparent ; dark ; shady ; obscure.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...), *v. t. i.* খোলা; (*In* ...) Open.

...), *a.* বন্ধ নয় এমন, খোলা; ...shut or closed (*open* win-...); বেষ্টিত, বাধাযুক্ত ইত্যাদি নয় ...; Not enclosed, barred, ...etc. (*open* country, *open* ...); ঢাকা; Not covered ...); বিকসিত; Unfolded ...ers are *open*); জনসাধারণের ...উন্মুক্ত; Public, free to all (*open* ...); অনির্ণীত; অমীমাংসিত; ...settled or decided (*open* ...); কাজের জন্য প্রস্তুত; Ready ...); ব্যবসায়; সর্ব্বজনবিদিত; Known to ...(*open* secret); সরল, অকপট; ...(*open* character); অরক্ষিত; ...protected (*open* city); অসমাপ্ত, ...or finished (keep an ac-...open):—*v. t. i.* উন্মুক্ত করা বা ...Make open, unfasten; ...তৈরী করা; গর্ত্ত করা; Cut ...make an opening in or a ...through (*open* a well); ...করা; মেলিয়া ধরা; Spread out ...fold (*open* one's hand); ...করা বা হওয়া; Begin; বিকশিত ...; Unclose; দৃশ্যমান হওয়া; Be-...visible. **Open up**—প্রকাশ ...Disclose.

...(ওপেনার্), *n.* যে খোলে বা যাহা ...হয়; A person or thing ...pens (tin-*opener*).

...-eyed (ওপেন্-আইড্), *a.* সতর্ক; ...ful; with open eyes.

...-handed (ওপেন্-হ্যাণ্ডেড্), *a.* মুক্ত-...; Generous; liberal.

...-hearted (ওপেন্-হার্টেড্), *a.* ...; Frank; generous.

...(ওপ্নিং), *n.* ছিদ্র; ফাটল; রন্ধ্র; Breach; aperture; hole; প্রারম্ভ; Beginning; প্রথম আবির্ভাব; First appearance; সুযোগ; Opportunity:—*a.* প্রথম; First; প্রারম্ভিক, উদ্বোধনকালীন; Commencing (*opening* song).

Openly (ওপেন্‌লি), *ad.* স্পষ্টতঃ; প্রকাশ্য-ভাবে; মুক্তভাবে; অকপটে; Plainly; publicly; frankly.

Open-minded (ওপেন্-মাইণ্ডেড্), *a.* সংস্কারে আচ্ছন্ন নয় এমন; Unprejudiced.

Open-mouthed (ওপেন্-মাউদ্‌ড্), *a.* মুখ-খোলা; Having the mouth open.

Opera (অপেরা), *n.* নাটকবিশেষ; গীতি-নাট্য; যাত্রা; Musical drama.

Opera-glass—রঙ্গালয়ে ব্যবহৃত ক্ষুদ্র দূরবীক্ষণ; Small telescope for a theatre. **Opera-house**—নাট্যশালা; Theatre where operas are represented.

Operate (অপারেট্), *v. i.* কার্য্য করা; Act; অস্ত্রচিকিৎসা করা; অস্ত্র করা; Perform a surgical operation.—*v. t.* ফলোৎপাদন করা; সংঘটন করা; উৎপাদন করা; Effect; occasion; produce by agency.

Operatic (অপার্যাটিক্), *a.* গীতি-নাট্য-সম্বন্ধীয়; গীতিনাট্যতুল্য; Pertaining to, or resembling the opera.

Operation (অপারেশন্), *n.* কার্য্য; ফল; Action; exertion; effect; উপায়; Agency; অস্ত্রচিকিৎসা; অস্ত্র-প্রয়োগ; Surgical performance; সৈন্যদলের গতিবিধি; Movements of an army.

Operative (অপার্যাটিভ্), *a.* কার্য্যকর; ফলপ্রদ; Exerting force; producing effects; efficacious:—*n.* শ্রমজীবী; মজুর; কলচালক; মিস্ত্রী; Labourer; workman; mechanic.

Operator (অপারেটর্), *n.* কার্য্যকারক;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কার্য্যকারী ; One who or that which produces an effect ; অস্ত্রচিকিৎসক ; অস্ত্রাদি-প্রয়োগকর্ত্তা ; One who performs a surgical operation.

Operetta (অপারেট্যা), *n.* ক্ষুদ্র গীতিনাট্য ; Short, light musical drama.

Ophidian (অফিডিয়্যান্), **Ophidious** (অফিডিয়াস্), *a.* সর্পসংক্রান্ত ; Pertaining to serpents.

Ophidian (অফিডিয়্যান্), *n.* সর্পজাতীয় জন্তু ; Animal of the snake family.

Ophthalmia (অফ্থ্যাল্মিয়্যা), **Ophthalmy** (অফ্থ্যাল্মি), *n.* চক্ষুঃপ্রদাহ ; চোখ উঠা ; অক্ষিপ্রদাহ ; Inflammation of the eye.

Ophthalmic (অফ্থ্যাল্মিক্), *a.* অক্ষি-সম্বন্ধীয় ; Pertaining to the eye.

Ophthalmoscope (অফ্থ্যাল্মস্কোপ্), *n.* চক্ষুর অভ্যন্তরভাগ পরীক্ষা করিবার যন্ত্র-বিশেষ ; Instrument for examining the interior of the eye.

Opiate (ওপিয়েট্), *v. t.* অহিফেনের সঙ্গে মিশান ; Mix with opium :—*n.* নিদ্রা-কারক বা যন্ত্রণার উপশমকারক ঔষধ ; Medicine for inducing sleep or easing pain :—*a.* আচ্ছন্নকারক ; Inducing drowsiness.

Opine (ওপাইন্), *v. t.* মত প্রকাশ করা ; Express an opinion. *n.*=opiner.

Opinion (ওপিনিয়ন্), *n.* মত ; বিবেচনা ; One's belief ; judgement ; (with high, low, etc.) ধারণা ; Estimate ; (with *no*) অনুকূল ধারণা (have no *opinion* of Americans).

Opinionated (ওপিনিয়নেটিড্), *a.* এক-গুঁয়ে ; স্বমতে অত্যাসক্ত ; অটল বিশ্বাসী ; Stubborn ; firmly adhering to one's own opinions.

Opium (ওপিয়াম্), *n.* আফিম।

Opossum (ওপসাম্), *n.* আমেরিকার উপজঠরী জন্তুবিশেষ ; Marsupial footed beast of America.

Opponent (অপোনেন্ট্), *a.* বিপক্ষ ; বিরোধী ; প্রতিকূল ; Adverse ; opposite :—*n.* প্রতিপক্ষ, বিরোধী, বিপক্ষ ; Adversary.

Opportune (অপর্‌টিউন্), *a.* সময়োচিত ; Well-timed ; সুবিধাজনক ; Convenient ; বিশেষ অনুকূল ; Especially favourable (*opportune* moment).

Opportunism (অপর্‌টিউনিজ্‌ম্), *n.* স্বার্থ বা সুবিধা বা অবস্থা বুঝিয়া নীতির পরিবর্ত্তন বা প্রয়োগ ; সুবিধাবাদ ; Adaptation of policy to circumstances.

Opportunist (অপর্‌টিউনিস্ট্), *n.* সুবিধাবাদী ; Politician who waits for events before declaring his opinions. *n.*=opportunism.

Opportunity (অপর্‌টিউনিটি), *n.* সুযোগ ; অবসর ; সুবিধা ; Occasion ; fit time or place ; convenience.

Opposable (অপোজ্‌যাব্‌ল্), *a.* প্রতিরোধ্য ; প্রতিবাদযোগ্য ; Capable of being opposed.

Oppose (অপোজ্), *v. t.* বাধা দেওয়া ; প্রতিরোধ করা ; বিরুদ্ধে উপস্থিত করা ; Resist ; withstand ; set against :—*v. i.* আপত্তি করা ; Make objection.

Opposed (অপোজ্‌ড্), *p. p.* বিরুদ্ধ ; বিপরীত ; বিমুখ ; বিরোধী ; Contrary ; adverse (*to*).

Opposite (অপোজিট্), *a.* বিরুদ্ধ ; বিপরীত ; সম্মুখবর্ত্তী ; Adverse ; contrary ; standing in front ; সাম্মুখ্য ; সাম্‌নি ; In front of ; facing :—*n.* বিপক্ষ ; প্রতিপক্ষ ; Opponent. **Diametrically opposite**—সম্পূর্ণ বিপরীত ; Directly opposite, like the two ends of a diameter.

Opposition (অপোজিশন্), *n.* বিরুদ্ধতা ; প্রতিরোধ ; Adverseness ; resistance ; বাধা ; বিঘ্ন ; Obstacle ; বিরোধ ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Opposition
প্রতিকূলাচরণ ; Repugnance ; contrariety ; বিপক্ষ-দল ; দলের শাসন বা শাসনপ্রণালীর বিরুদ্ধবাদী ; parliamentary party that opposes the Ministry or existing government ; জ্যোতিষ্কগণের পরস্পর ১৮০ অংশান্তরস্থিতি ; Situation of heavenly bodies 180 degrees apart. **In opposition**—যে রাজনৈতিক দল মন্ত্রিত্ব করে সেই সম্বন্ধে প্রযুক্ত ; Said of a party out of office.

Oppositionist (অপ্‌পোজ়িশনিস্ট্), *n.* বিপক্ষ দলভুক্ত জনৈক ব্যক্তি ; One belonging to an opposing party esp. one opposed to the government.

Oppress (অপ্রেস্), *v. t.* উৎপীড়ন করা ; অত্যাচার করা ; পীড়ন করা ; পীড়া দেওয়া ; অন্যায় করা ; Treat severely, cruelly or unjustly ; constrain ; overwhelm.

Oppression (অপ্রেশন্), *n.* অত্যাচার ; অন্যায় ব্যবহার ; উৎপীড়ন ; উপদ্রব ; Unjustly ; cruelty ; hardship ; tyranny.

Oppressive (অপ্রেসিভ্), *a.* অত্যাচারী, অত্যাচারক ; Unjustly or wantonly severe ; আবহাওয়া ইত্যাদি সম্পর্কে গুমট ; Close.

Oppressor (অপ্রেসর্), *n.* অত্যাচারী ; অত্যাচারক ; উৎপীড়ক ; One who oppresses.

Opprobrious (অপ্রোব্রিয়াস্), *a.* (ভাষা-ব্যবহার) গালিগালাজপূর্ণ ; Abusive ; অপবাদ-উক্তিপূর্ণ ; Vituperative.

Opprobrium (অপ্রোব্রিয়াম্), *n.* অপযশ ; নিন্দা, তিরস্কার ; Disgrace ; infamy ; reproach.

Optative (অপ্‌টেটিভ্), *a.* ইচ্ছাসূচক ; Expressing desire or wish (*optative* mood).

Optic (অপ্‌টিক্), **Optical** (অপ্‌টিক্যাল্), *a.* দৃষ্টি-সম্বন্ধীয় ; আলোকবিজ্ঞান-সম্বন্ধীয় ; Relating to sight or optics. *ad.* = optically.

Optician (অপ্‌টিশন্), *n.* দর্শনযন্ত্র-বিক্রেতা বা নির্ম্মাতা ; চশমা-বিক্রেতা ; Seller or maker of optical instruments or spectacles.

Optics (অপ্‌টিক্স্), *n. pl.* (but used as *sing.*) আলোক-বিজ্ঞান (বিশেষতঃ দৃষ্টি-সম্পর্কিত) ; The science that deals with the nature and laws of light, esp. in relation to sight.

Optimism (অপ্‌টিমিজ্‌ম্), *n.* 'সকলই মঙ্গলের জন্য' এই মত ; 'সংসারে সকলই উৎকৃষ্ট' এই মত ; মঙ্গলবাদ ; Doctrine that everything in nature is ordered for the best ; আশাপূর্ণ মনোভাব ; Hopeful disposition ; মঙ্গলের দিক দেখিবার মনোবৃত্তি ; Inclination to take bright views (*opp.* = pessimism).

Optimist (অপ্‌টিমিস্ট্), *n.* আশাবাদী ; মঙ্গলবাদী ; One who holds by optimism. *a.* = optimistic.

Option (অপ্‌শন্), *n.* পছন্দকরণ ; Choosing ; পছন্দ ; Choice ; পছন্দ করিবার ক্ষমতা ; Power of choosing (have no *option* but to···) ; অভিরুচি, অভিলাষ ; Wish.

Optional (অপ্‌শন্যাল্), *a.* স্বেচ্ছামূলক ; ঐচ্ছিক ; Left to one's choice.

Opulence (অপিউলেন্স্), *n.* ধন ; অর্থ ; Riches ; wealth.

Opulent (অপিউলেন্ট্), *a.* ধনী ; ঐশ্বর্য্যশালী ; সমৃদ্ধিশালী ; ধনবান্ ; Wealthy ; প্রচুর ; পর্য্যাপ্ত ; Plentiful ; luxuriant (*opulent* vegetation).

Or (অর্), *conj.* কিংবা ; অথবা ; বা ; Making an alternative, and sometimes opposition ; নচেৎ ; Otherwise.

Oracle (অর‍্যাক্‌ল্), *n.* দৈববাণী ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রত্যাদেশ ; Answer supposed to be given by a Greek or Roman god ; দৈববাণীর স্থান ; দৈববাণীর দেবতা ; Place where responses were given, and the deities supposed to give them ; সুবিজ্ঞ ব্যক্তি ; জ্ঞানী লোক ; One famed for wisdom ; জ্ঞানগর্ভ সিদ্ধান্ত ; A wise decision ; ঈশ্বরের বাণী, প্রত্যাদেশ ; Revelations made to the prophets.

Oracular (অর‍্যাকিউল্যার্), *a.* দৈববাণী-সম্বন্ধীয় ; Pertaining to oracles ; অস্পষ্ট ; Obscure ; দ্ব্যর্থ ; Ambiguous ; গূঢ়ার্থক ; Containing a hidden meaning ; অগাধ জ্ঞানবিশিষ্ট ; Profoundly wise.

Oral (ওর‍্যাল্), *a.* মৌখিক ; বাচনিক ; Uttered by the mouth ; spoken.

Orally (ওর‍্যালি), *ad.* মুখে মুখে ; Verbally.

Orange (অরিঞ্জ্), *n.* কমলা লেবুর গাছ ; কমলা লেবু ; A tree ; its fruit :—*a.* কমলা লেবুর ন্যায় বর্ণবিশিষ্ট ; Orange-coloured.

Orangeade (অরেঞ্জেড্), *n.* কমলা-লেবুর পানীয়, রস, বা তজ্জাত বাতান্বিত রস ; Still or effervescent drink of orange juice, etc.

Orangery (অরিঞ্জারি), *n.* কমলালেবুর আবাদ ; Plantation of orange-trees.

Orang-outang (ওর‍্যাং-উট্যাং), **Orang-utan** (ওর‍্যাং-উট্যান্), *n.* এক-জাতীয় বনমানুষ ; Large monkey resembling man, living in forests.

Oration (ওরেশন্), *n.* প্রকাশ্যে (আনুষ্ঠানিক ভাবে প্রদত্ত) বক্তৃতা ; Public speech, esp. of a ceremonial kind.

Orator (অরেটর্), *n.* বক্তা ; বাগ্মী ; Public speaker ; man of eloquence. *fem.* = oratrix, oratress.

Oratorical (অরেটরিক্যাল্), *a.* বাগ্মিতা-সম্বন্ধীয় ; বক্তা-সম্বন্ধীয় ; Pertaining to oratory or an orator.

Oratory (অরেটরি), *n.* বক্তৃতা ; বাক্‌পটুতা ; Eloquence ; Rhetoric ; ভজন-গৃহ ; উপাসনা-গৃহ ; Room for prayer ; apartment or building for private worship.

Orb (ওর্ব্), *n.* মণ্ডল ; বৃত্ত ; Sphere ; circle ; disc ; চক্র ; Wheel ; চক্ষু ; Eye :—*v. t.* মণ্ডলাকার করা ; বেষ্টন করা ; Form into an orb ; surround.

Orbed (ওর্বড্, ওর্বিড্), *a.* মণ্ডলাকার ; In the form of an orb ; বৃত্তাকার ; Circular.

Orbicular (ওর্বিকিউল্যার্), *a.* গোলাকার ; গোল, মণ্ডলাকার, বৃত্তাকার ; Circular ; spherical.

Orbit (ওর্বিট্), *n.* গ্রহাদির পরিভ্রমণের পথ বা কক্ষ ; গ্রহ-কক্ষ ; Line or path of a heavenly body in its course ; চক্ষু-গহ্বর, অক্ষিকোটর ; Hollow of the eye. *a.* = orbital, orbitary.

Orchard (ওর্চার্ড্), *n.* ফলবৃক্ষের উদ্যান ; ফলের বাগান ; Garden of fruit-trees.

Orchestra (ওর্কিস্ট্রা), *n.* রঙ্গালয়ের বাদ্যকারদিগের স্থান ; Part of a theatre for the instrumental musicians ; রঙ্গালয়ের বাদ্যকরদল ; Performers in an orchestra. *a.* = orchestral.

Orchid (ওর্কিড্), **Orchis** (ওর্কিস্), *n.* ফুলগাছ-বিশেষ ; ফুল-বিশেষ ; Fragrant plant ; a kind of flower. *a.* = orchidaceous. *n.* = orchidist.

Orchitis (ওর্কাইটিস্), *n.* অণ্ডকোষ-প্রদাহ ; Inflammation of a testicle.

Ordain (ওর্ডেন্), *v. t.* নিয়মিত করা ; ব্যবস্থা করা ; নিয়োগ করা ; Regulate ; appoint ; যাজক-শ্রেণীভুক্ত করা ; পদ বিশেষে প্রতিষ্ঠিত করা ; আদেশ করা ; Invest with ministerial functions ; set in an office ; order.

Ordeal (ওর্ডিয়াল্), *n.* অগ্নি, জল ইত্যাদি

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পরীক্ষা; Ancient form of trial by fire, water, etc.; অতি কঠোর পরীক্ষা; Severe trial or examination.

Order (ওর্ডার্), *n.* ক্রম; সুশৃঙ্খলা; বিন্যাস; Proper arrangement; নিয়ম; Rule; method; আইন ও শাসন; Law and proper government; সুশাসনের অবস্থা; The condition brought about by strong government (the police restored order); আদেশ; Command; লিখিত নির্দ্দেশ; Written direction (money order); বর্ণ; শ্রেণী; Rank; class; সমাজ, সম্প্রদায়; Society of persons; ক্রয় করিবার আদেশ; Direction for purchase; ধর্ম্মসঙ্ঘ; Religious fraternity; উদ্দেশ্য বা অভিপ্রায়; Purpose or intention (in order to); রকম; প্রকার; Kind or sort (a man of high intellectual order); (ক্ষুদ্রতম জাতি অপেক্ষা বৃহত্তর কিন্তু বৃহত্তম জাতি হইতে ক্ষুদ্রতর) সমশ্রেণীর প্রাণী, উদ্ভিদ্ ইত্যাদির দল; A group of related animals, plants, etc. (larger than the family but smaller than the class)—*pl.* খৃষ্টীয় যাজক-সম্প্রদায়; Christian ministry; পাদ্রীপদ; Priesthood:—*v. t.* বিন্যস্ত করা; সাজান; আদেশ করা; পরিচালন করা; Command; direct; conduct. **In order**—প্রকৃতিস্থ; ঠিকঠাক্; দোরস্ত; In fit state; পরে পরে; One after other. **In order to**—এই উদ্দেশ্যে; For the purpose of. **In order that**—যাহাতে; So that. **Out of order**—অপ্রকৃতিস্থ; বিশৃঙ্খল; অসরল অবস্থায় নহে; Not in a healthy condition; ঠিক না (চলা); Out of order. **Order of merit**—সর্ব্বপদের প্রথমে হইবে এইরূপ ক্রমে ব্যবস্থা বা শৃঙ্খলা; Arrangement in which the best comes first. **Order of the day**—প্রচলিত নিয়ম; রেওয়াজ; Rule in force; fashion; দিনের নির্দ্দিষ্ট কার্য্যবিবরণ; Business set down for the day.

Orderless (ওর্ডার্লিস্), *a.* শৃঙ্খলাশূন্য; বিশৃঙ্খল; Disorderly.

Orderly (ওর্ডার্লি), *a.* নিয়মিত; Regular; সুপ্রণালীসম্মত; সুশৃঙ্খল; Methodical; in a good order; পরিপাটী; সুপরিচালিত; Well-regulated; কর্ত্তব্যকার্য্যকরণে নিযুক্ত; কর্ত্তব্যকার্য্যে প্রবৃত্ত; Being on duty; শান্ত; Quiet:—*n.* সেনাপতির অনুচর সৈন্য; আজ্ঞাবাহক; সংবাদ-চালক সৈনিক; আর্দ্দালি; A soldier who attends on a superior; a non-commissioned officer who carries messages:—*ad.* নিয়মানুসারে; প্রণালীক্রমে; Regularly; methodically. *n.*=orderliness.

Ordinal (ওর্ডিন্যাল্), *a.* ক্রমবোধক; পূরণবাচক; পূরক; Showing order or succession:—*n.* ক্রমবোধক সংখ্যা; A number denoting order.

Ordinance (ওর্ডিন্যান্স্), *n.* জরুরি বিধি, অধ্যাদেশ; An emergency law.

Ordinary (ওর্ডিন্যারি), *a.* প্রচলিত; নিরূপিত; নিয়মিত; Customary; usual; regular; সাধারণ; সামান্য; সাদাসিধে; Common; inferior; plain:—*n.* ধর্ম্মবিভাগীয় বিচারক; পুরোহিত; যাজক; An ecclesiastic judge; a bishop; সাধারণের আহার করিবার স্থান; A place for eating at regular times and fixed charges. *ad.*=ordinarily.

Ordination (ওর্ডিনেশন্), *n.* ধর্ম্মযাজক-পদে নিয়োগ; Admission to church ministry; প্রচলিত ক্রম বা ধারা; Established order.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Ordnance (ওর্ড্‌ন্যান্স্), *n.* কামান ; তোপ ; Great guns ; artillery.

Ordure (ওর্ডিয়ার্), *n.* বিষ্ঠা ; পুরীষ ; মল ; Dung ; filth ; excrement.

Ore (ওর্), *n.* আকর-জাত ধাতু ; ধাতু ; মৃত্তিকামিশ্রিত ধাতু ; Mineral as it is in the earth ; metal in its unrefined state.

Organ (ওর্গ্যান্), *n.* যন্ত্র ; সাধন-উপায় ; An instrument of action or motion ; means ; ইন্দ্রিয় ; জীবাঙ্গ ; দেহযন্ত্র ; Natural instrument or a part of the body, as the tongue ; বাদ্যযন্ত্র-বিশেষ ; A musical instrument with pipes, bellows and keys.

Organdie (অর্গ্যাণ্ডি), *n.* মিহি কাপড় ; A kind of fine stiff muslin.

Organic (ওর্গ্যানিক্), *a.* আঙ্গিক, যান্ত্রিক ; Of the bodily organs (*opp.* = functional) ; জৈব ; Derived from or belonging to the animal or vegetable kingdom (*opp.* = inorganic) ; গঠনমূলক ; Structural ; সুসম্বদ্ধ ; Organised. *ad.* = organically.

Organism (ওর্গ্যানিজ্‌ম্), *n.* যন্ত্রের গঠন ; যান্ত্রিক গঠন ; Organic structure ; জীব বা সজীব পদার্থ ; A living animal or vegetable body.

Organist (ওর্গ্যানিস্ট্), *n.* অর্গান যন্ত্র-বাদক ; One who plays on the organ.

Organization (ওর্গ্যানিজ্রেশন্), *n.* সংগঠন ; The state of being organized ; সংগঠিত বিষয় বা বস্তু ; That which is organized ; প্রতিষ্ঠান ; Organized institution or society.

Organize (ওর্গ্যানাইজ্), *v. t.* ইন্দ্রিয়-বিশিষ্ট করা ; Form with organs ; সংগঠন করা, সংঘবদ্ধ করা ; Bring into unity or working order. *n.* = organizer—(অনুসূচক ; প্রবর্ত্তক)।

Orgies (ওর্জিজ্), *n. pl.* রাত্রিকালীন আমোদ ; ভৈরবী চক্র ; নৈশ সুরাপান সব ; Frantic midnight revelry ; nocturnal drunken revelry ; Debauchery. *sing.* = orgy.

Oriel (ওরিয়েল্), *n.* বহিঃপ্রসৃত গবাক্ষ বিশেষ ; Projecting window.

Orient (ওরিয়েন্ট্), *a.* উদীয়মান ; Rising ; প্রাচ্য ; Eastern ; সমুজ্জ্বল ; Bright ; shining :—*n.* প্রাচ্য ; পূর্ব্বদিক্ ; The East.

Oriental (ওরিয়্যান্টাল্), *a.* প্রাচ্য ; পূর্ব্বদেশীয় ; Eastern ; উজ্জ্বল ; Shining ; glittering ; এসিয়াবাসী ; Asiatic :—*n.* প্রাচ্যদেশবাসী লোক ; Native of the East.

Orientalism (ওরিয়েন্ট্যালিজ্‌ম্), *n.* এসিয়া মহাদেশের রীতি বা ব্যবহার ; প্রাচ্য নীতি ; Eastern idiom ; oriental doctrine.

Orientalist (ওরিয়েন্ট্যালিস্ট্), *n.* প্রাচ্য দেশীয় ভাষায় অভিজ্ঞ পণ্ডিত ; প্রাচ্যতত্ত্ববিৎ ; One versed in the eastern language.

Orientalize (ওরিয়েন্ট্যালাইজ্), *v. t.* পূর্ব্বদেশীয় করা ; Make eastern.

Orientation (ওরিয়েন্টেশন্), *n.* পূর্ব্ব দিকে বা কোন নির্দ্দিষ্ট দিকে আবর্ত্তন বা আবর্ত্তিত অবস্থা ; The act of turning or the state of being turned towards the east or any specified direction ; কাহারও অবস্থান নির্দ্দেশকরণ ; The act of determining one's position. *v.* = orientate.

Orifice (অরিফিস্), *n.* ছিদ্র ; মুখ ; ক্ষুদ্র Opening ; small hole.

Origin (অরিজিন্), *n.* প্রথম উৎপত্তি ; আরম্ভ ; First beginning ; first existence ; কারণ ; মূল ; বুৎপত্তি ; Cause ; source ; derivation ; জন্ম ; গোড়াপত্তন ; Birth ; foundation.

Original (অরিজিন্যাল্), *a.* মৌলিক

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Originality
; প্রাথমিক ; Primitive ; first ;
order ; মূলীভূত ; Primary ;
; অননুদিত ; Genuine ;
; not translated ; উদ্ভা-
Inventive :—*n.* আদি ; মূল ;
source ; মূলগ্রন্থ ; প্রথম লিপি ;
copy ; আদর্শ ; Archetype ;
ভাষা ; Untranslated tongue.
ality (অরিজিন্যালিটি), *n.* মৌলি-
; নূতনত্ব ; উদ্ভাবনী শক্তি ;
or state of being original ;
of originating ideas.
ally (অরিজিন্যালি), *ad.* মূলতঃ ;
; প্রারম্ভ হইতে ; Primarily ;
; from the beginning.
ate (অরিজিনেট্), *v. t.* সৃষ্টি
করা ; উৎপাদন করা ; Bring
existence ; create :—*v. i.* আরম্ভ
উদ্ভূত হওয়া ; Begin ; have
from or *in* a thing, *with* or
person). *n.*=originator.
ation (অরিজিনেশন্), *n.* মূল ;
; Origin ; beginning.
(অরিওল্), *n.* পক্ষিবিশেষ।
(ওরাইয়ন্), *n.* নক্ষত্র-পুঞ্জবিশেষ ;
; A large and bright con-
[Prayer.
(অরিজন্), *n.* প্রার্থনা ; উপাসনা ;
(ওর্লপ্), *n.* পোতের তলবিশেষ ;
deck of a ship.
ment (ওর্ন্যামেণ্ট্), *n.* অলঙ্কার ;
Embellishment ; decoration ;
ment ; সম্মান-চিহ্ন ; A mark of
:—*v. t.* অলঙ্কৃত করা ; ভূষিত
adorn ; decorate.
ental (ওর্ন্যামেণ্ট্যাল্), *a.*
; শোভাবর্দ্ধক ; Serving to
or beautify.
entation (ওর্ন্যামেন্টেশন্), *n.*
; ভূষণ ; শোভাসম্পাদন ;
ation ; embellishment.
(ওর্নেট্), *a.* অলঙ্কৃত ; ভূষিত ;
চিত্রিত ; Ornamented ; decorated ; picturesque.

Ornithology (ওর্নিথলজি), *n.* পক্ষি-বিজ্ঞান ; পক্ষিতত্ত্ব ; Science of birds. *a.*=ornithological. *ad.*=ornithologically. *n.*=ornithologist.

Orography (অরগ্র্যাফি), *n.* পর্ব্বতের প্রাকৃতিক বর্ণনা ; Physical geography of mountains. *a.*=orographical.

Orphan (অর্‌ফ্যান্), *n.* অনাথ শিশু ; মাতা-পিতৃহীন শিশু ; পিতৃহীন বা মাতৃহীন শিশু ; Child bereft of father or mother or of both :—*a.* মাতা-পিতৃ-হীন ; Bereft of parents. **Orphan asylum**—অনাথাশ্রম ; অনাথ-নিবাস ; Orphanage.

Orphanage (অর্‌ফ্যানিজ্), *n.* অনাথ অবস্থা ; মাতা-পিতৃহীন অবস্থা ; State of being an orphan ; অনাথাশ্রম ; House for orphans.

Orphean (ওর্‌ফীয়্যান্), **Orphic** (ওর্ফিক্), *a.* পৌরাণিক গায়ক কবি অর্ফিয়ুস-সম্বন্ধীয় ; Of Orpheus, a poet, who could move inanimate objects by his music ; অর্ফিয়ুসের সঙ্গীত-বৎ ; মনোমুগ্ধকর ; Like Orpheus's music, entrancing.

Orpiment (ওর্পিমেণ্ট্), *n.* হরিতাল।

Orrery (অরারি), *n.* গ্রহাদির আকারাদি প্রদর্শন করিবার যন্ত্রবিশেষ ; Piece of apparatus for illustrating the size, position, etc. of heavenly bodies.

Orris (অরিস্), *n.* ফুলগাছ-বিশেষ ; A species of iris.

Orthocentre (অর্থোসেণ্টার্), *n.* লম্ববিন্দু।

Orthodox (ওর্থোডক্স্), *a.* স্বধর্ম্মপরায়ণ ; ধর্ম্মমতে দৃঢ়বিশ্বাসী ; গোঁড়া ; নৈষ্ঠিক ; শাস্ত্র-বিশ্বাসী ; Believing the genuine doctrine taught in scripture ; bigoted ; according to the received doctrine.

Orthodoxy (ওর্থোডক্সি), *n.* স্বধর্ম্ম-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পরায়ণতা ; গোঁড়ামি ; প্রচলিত রীতির প্রতি আসক্তি ; Adherence to orthodox views.

Orthoepist (ওর্থোয়িপিস্ট্), *n.* উচ্চারণ-বিজ্ঞানে পণ্ডিত ; One versed in orthoepy.

Orthoepy (ওর্থোয়িপি), *n.* উচ্চারণ-বিজ্ঞান ; Science of pronunciation. *a.*=orthoepic. *ad.*=orthoepically.

Orthographer (ওর্থগ্র্যাফার্), **Orthographist** (ওর্থগ্র্যাফিস্ট্), *n.* বর্ণ-যোজনবিৎ ; বিশুদ্ধ বর্ণবিন্যাসকারক ; One who spells words correctly.

Orthographic (ওর্থগ্র্যাফিক্), *a.* বর্ণ-বিন্যাসবিদ্যা-সম্বন্ধীয় ; বিশুদ্ধরূপে বিন্যস্ত (বর্ণ) ; Pertaining or according to orthography ; spelt correctly. *ad.*=orthographically.

Orthography (ওর্থগ্র্যাফি), *n.* বিশুদ্ধ-রূপে শব্দের বর্ণবিন্যাস ; বর্ণশুদ্ধি ; শুদ্ধ বানান ; Correct spelling of words.

Ortolan (ওর্টোল্যান্), *n.* সুখাদ্য গায়ক-পক্ষিবিশেষ ; A kind of singing bird —considered as a table delicacy.

Oscillate (অসিলেট্), *v. i.* দোলায়মান হওয়া ; দুলিতে থাকা ; Swing to and fro ; move backwards and forwards as a pendulum.

Oscillation (অসিলেশন্), *n.* দোলন ; Swinging like that of a pendulum.

Oscillatory (অসিলেটরি), *a.* দোলায়-মান ; Swinging.

Osculant (অস্কিউল্যান্ট্), *a.* দৃঢ়সংলগ্ন ; চুম্বনকারী ; Adhering closely ; kissing.

Oscular (অস্কিউলার্), *a.* মুখ বা চুম্বন-সম্পর্কিত ; Pertaining to the mouth or kissing ; (গণিত) তিন বা ততোধিক বিন্দুতে স্পর্শমান ; Coinciding in three or more points.

Osculate (অস্কিউলেট্), *v. t. i.* চুম্বন করা ; স্পর্শ করা ; Kiss ; touch ; (গণিত) তিন বা ততোধিক বিন্দুতে স্পর্শ করা ; Coincide in three or more points. *n.*=osculation.

Osculatory (অস্কিউলেটরি), *a.* চুম্বন-সম্বন্ধীয় ; Of or pertaining to kissing.

Osier (ওঝার্), *n.* চুবড়ি তৈয়ারী করিবার বেতগাছবিশেষ ; Water-willow used in making baskets.

Osmium (অস্মিয়াম্), *n.* প্লাটিনম-জাতীয় একপ্রকার ধাতু ; A metal of the platinum group.

Osprey (অস্প্রে), *n.* ঈগল-জাতীয় পক্ষী একপ্রকার চিল ; Fishing eagle or hawk.

Osseus (অসিয়াস্), *a.* অস্থিময় ; অস্থিবৎ [Of bone ; bony.

Ossicle (অসিক্ল্), *n.* ক্ষুদ্র অস্থি ; Small bone.

Ossify (অসিফাই), *v. t.* অস্থিতে পরিণত করা ; অস্থিবৎ পদার্থে পরিণত করা ; Make into bone or bone-like substance —*v. i.* অস্থিতে বা অস্থিবৎ পদার্থে পরিণত হওয়া ; Become bone or bony. *n.*=ossification.

Ossuary (অসিউয়্যারি), *n.* মৃতদেহ অস্থিসঞ্চয়-স্থান ; Charnel-house.

Ostensible (অস্টেন্সিব্ল্), *a.* প্রতীয়-মান ; প্রদর্শনীয় ; প্রকাশ্য ; সুস্পষ্ট ; ছদ্ম Apparent ; manifest ; pretended (*ostensible* reason). *ad.*=ostensibly. *n.*=ostensibility.

Ostentation (অস্টেন্টেশন্), *n.* আড়ম্বর ; জমক ; দম্ভ ; বাহ্যাড়ম্বরপ্রদর্শন ; Ambitious display ; boasting ; outward show.

Ostentatious (অস্টেন্টেশাস্), *a.* বাহ্যাড়ম্বরপ্রিয় ; অত্যাড়ম্বরপ্রিয় ; Fond of display ; showy ; আড়ম্বরের জন্য অভিপ্রেত ; Intended for display (*ostentatious* jewellery).

Osteology (অস্টিয়লজি), *n.* অস্থি-বিজ্ঞান ; Science of bones. *a.* osteological. *n.*=osteologist.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(অশ্বপাল্), *n.* অশ্বপাল ;

(অস্ট্রাসিজ্‌ম্), *n.* নির্ব্বাসন ; ment by ostracizing.

(অস্ট্রাসাইজ্), *v. t.* বহিষ্কৃত করা ; সমাজচ্যুত করা ; Exile ; banish from society.

(অস্ট্রিচ্), *n.* উটপাখী। policy—আত্মবঞ্চনাপ্রসূত Policy depending on self-

(অদার্), *a.* অন্য ; ভিন্ন ; অপর ; বিরিক্ত ; অতিরিক্ত ; Different ; of two ; additional :—*pro.* বস্তু বা বস্তু ; Other person or Every other day—একদিন Each alternate day. Other ভিন্ন ; Different from ; The other day—সেদিন ; day not long ago ; quite One after the other—একে একে ; In succession ; together.

(আদার্‌ওয়াইজ্), *ad.* অন্য ভিন্ন প্রকারে ; In another a different manner (could acted *otherwise*) ; অন্যথা ; do what I say ; *otherwise* shall suffer) ; অন্যান্য বিষয়ে ; In respects (the rent is high, *otherwise* the flat is quite

(ওশিওস্), *a.* অপ্রয়োজনীয় ; Not ; অকাজের ; Serving no purpose.

(ওটস্কোপ্), *n.* কর্ণপরীক্ষার instrument for examining the

(অউট্), *n.* উদ্বিড়াল ; ভোদড়।

(অউট্), *n.* আতর ; Fragrant obtained from certain flowers, from the rose.

Ottoman (অটোমান্), *a.* তুরস্ক সাম্রাজ্য-সম্বন্ধীয় ; Pertaining to the Turkish Empire :—*n.* তুরস্কবাসী ; Turk ; (small *o*) আসনবিশেষ ; Stuffed seat.

Ouch (আউচ্), *n.* মণি বসাইবার গহ্বর ; Socket in which a precious stone is set.

Ought (অট্), *v. aux.* বাধ্য হওয়া ; উচিত হওয়া ; আবশ্যক হওয়া ; (Defective verb) Be bound in duty or moral obligation ; be under obligation ; be proper or necessary.

Ounce (আউন্স্), *n.* ওজন ; পরিমাণ-বিশেষ ; প্রায় আধ ছটাক পরিমাণ ; Twelfth part of a pound (*troy*) ; sixteenth part of a pound (*avoir-dupois*) ; (*fig.*) ছটাক ভোর ; অতি সামান্য পরিমাণ ; A small quantity (he has not an *ounce* of common sense).

Our (আওয়ার্), *a.* & *pro.* আমাদের ; আমাদিগের ; অস্মদীয় ; Pertaining or belonging to us.

Ours (আওয়ার্স্), *pro.* আমাদের ; Possessive of **We.**

Ourself (আওয়ার্‌সেল্‌ফ্), *pro.* আমরাই ; আমাদিগকেই ; We or us in person. *pl.*=ourselves. [of **Myself.**

Ourselves (আওয়ার্‌সেল্‌ভ্‌স্), *pro. pl.*

Ousel (উজ্‌ল্), *n.* গায়ক পক্ষিবিশেষ।

Oust (আউস্ট্), *v. t.* উচ্ছেদ করা ; বহিষ্কৃত করা ; তাড়াইয়া দেওয়া ; বে-দখল করা ; Eject ; expel ; turn out ; dispossess.

Ouster (আউস্টার্), *n.* বে-দখল ; অধিকারচ্যুতকরণ ; উচ্ছেদ ; Dispossession ; ejection.

Out (আউট্), *ad.* বাহিরে ; Without ; not in ; not within (is *out*) ; বিদেশে ; Abroad (*out* in England) ; প্রকাশিত অবস্থায় ; প্রকাশিত-ভাবে ; In a

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

state of discovery (the secret is *out*) ; সম্পূর্ণরূপে ; Completely ; যথেচ্ছভাবে ; স্বাধীনভাবে ; Freely ; সবলে ; বলপূর্ব্বক ; Forcibly ; অনাবৃতভাবে ; Uncovered ; অনাশ্রিত অবস্থায় ; Unsheltered ; হতবুদ্ধি হইয়া ; At a loss : —*pre.* বহির্ভাগে ; Outside of :—*int.* দূর হও ! চলিয়া যাও ! Away ! be gone ! :—*n.* শাসন-দপ্তরের বাহিরের লোক ; One who is out, esp. of office (the *outs, i. e.*, the party out of office) :—*v. i. t.* জ্ঞাত হওয়া ; Become known ; (খেলাধুলায়) আউট হওয়া বা 'হাত যাওয়া' ; Put or knock out (the team was *outed* in the first round). **Out and out**—সম্পূর্ণ, সম্পূর্ণরূপে ; Complete(ly) ; thorough(ly) [he is a knave *out and out*]. **Out of**—কোন কিছু হইতে ; কোন কিছুর দরুণ ; From ; জন্য ; Owing to ; মধ্যে ; Among ; বাহিরে ; Beyond ; ভিতর হইতে ; From under. **Out of date**—অপ্রচলিত ; Antiquated ; obsolete. **Out of fashion**—অপ্রচলিত ; Not in vogue. **Out of joint**—বিশৃঙ্খল ; গোলমাল ; বিঘটিত ; গ্রন্থিচ্যুত ; Confused. **Out of one's mind**—পাগল ; Mad. **Out of place**—অপ্রাসঙ্গিক ; দেশকালোচিত নহে এমন ; Not in proper or usual place. **Out of pocket**—ক্ষতিগ্রস্ত ; Sustaining loss. **Out of print**—অপ্রাপ্য ; (পুস্তকাদি) ছাপা নাই এমন ; Not in the market or to be purchased ; having been disposed of (said of printed copies). **Out of sorts**—অসুস্থ ; রুগ্ণ ; Ailing ; unwell. **Out of temper**—রোষান্বিত ; Irritated. **Out of the question**—সম্পূর্ণরূপে অসম্ভব ; Quite impossible. **Out of tune**—কর্কশ ; Harsh ; discordant. **Out of use**—অপ্রচলিত ; Not in use. **The ins and outs**—শাসন কর্তৃপক্ষ এবং প্রতিপক্ষ ; The party in power and those out of office—the former being the opposition, the latter being the government ; বিষয়ের বিস্তৃত বিবরণ ; The details of a matter. **Ball is out**—নির্দ্দিষ্ট সীমার বহির্ভূত। **Batsman is out**—উইকেটের আর অধিকারী নহে (অর্থাৎ 'হাত গেছে')। **Workers are out**—ধর্ম্মঘট করিয়াছে।

Outbalance (আউট্‌ব্যালান্স্), *v. t.* ওজনে অধিক হওয়া ; ভার বা ফলে অধিক হওয়া ; Outweigh ; exceed in weight or effect.

Outbargain (আউট্‌বারগিন্), *v. t.* কসাকসিতে হারাইয়া দেওয়া ; Get the better of a bargain.

Outbid (আউট্‌বিড্), *v. t.* অন্যাপেক্ষা অধিক মূল্য দিয়া ডাকা ; অধিক দর দিতে চাওয়া ; Offer a higher price than another.

Perambulator (পার্অ্যাম্বিউলেটর্), *n.* ছেলেদের গাড়ী; শিশুদিগের ক্ষুদ্র শকট; Low carriage for a child; পর্য্যটক; One who perambulates.

Perceive (পার্সীভ্), *v. t.* ইন্দ্রিয়দ্বারা জ্ঞান উপলব্ধি করা; ইন্দ্রিয়দ্বারা জানিতে পারা; অনুভব করা; Get knowledge of through the senses; মনোমধ্যে গ্রহণ করা; উপলব্ধি করা; Receive into the mind; understand.

Percentage (পার্সেণ্টিজ্), *n.* শতকরা হার; Rate per hundred.

Percept (পার্সেপ্ট্), *n.* প্রত্যক্ষ, ইন্দ্রিয়-গ্রাহ্য বিষয়; That which is perceived by the senses.

Perceptibility (পার্সেপ্টিবিলিটি), *n.* অনুভবনীয়তা; Quality of being perceptible.

Perceptible (পার্সেপ্টিব্ল্), *a.* ইন্দ্রিয়-গ্রাহ্য; অনুভবনীয়; জ্ঞাতব্য; বোধগম্য; That can be perceived; that may be known; discernible. *n.*= perceptibility. *ad.*=perceptibly.

Perception (পার্সেপ্শন্), *n.* বেদন, প্রত্যক্ষরূপ, ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি; অস্তিত্ব-বোধ; Power, act or state of receiving knowledge of external things by impressions on the senses; cognition; discernment; idea; notion; conception.

Perceptive (পার্সেপ্টিভ্), *a.* অনুভব-ক্ষম; প্রত্যক্ষ-সম্বন্ধীয়; Having or concerned in perception.

Perceptivity (পার্সেপ্টিভিটি), *n.* অনু-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ভব-ক্ষমতা ; বোধশক্তি ; Quality of being perceptive.

Perch (পার্চ্), *n.* দণ্ড ; পক্ষীর দাঁড় ; Pole ; rod ; roost for birds ; ৫½ গজ পরিমাণবিশেষ ; Measure of length of five yards and a half ; মৎস্যবিশেষ ; A genus of fish :—*v. i. t.* দাঁড়ে বসা বা বসান ; Sit or place as on a perch.

Perchance (পার্চান্স্), *ad.* ঘটনাক্রমে ; বোধ হয় ; দৈবাৎ ; হইলেও হইতে পারে ; By chance ; perhaps.

Percipient (পার্সিপিয়েণ্ট্), *a.* প্রত্যক্ষানুভূতিসম্পন্ন ; Having perception :—*n.* উক্ত অনুভূতিসম্পন্ন লোক ; One who perceives.

Percolate (পার্কোলেট্), *v. t.* ছাঁকা ; পরিস্রুত করা ; Filter :—*v. i.* চুয়াইয়া পড়া ; গলিয়া পড়া ; Pass or ooze through very small openings.

Percolation (পার্কোলেশন্), *n.* অনুস্রবণ ; Act of filtering.

Percolator (পার্কোলেটর্), *n.* ছাঁকিবার পাত্র ; পরিস্রুতি-যন্ত্র ; Filtering vessel ; filtering machine.

Percussion (পার্কাশ্ন্), *n.* সংঘট্ট ; আঘাতজনিত কম্পন ; Striking of one body against another ; vibration so made. *a.*=percussive.

Perdition (পার্ডিশন্), *n.* নাশ ; উচ্ছেদ ; চিরমৃত্যু ; ধ্বংস ; Ruin ; utter destruction ; eternal death ; entire loss.

Peregrinate (পেরিগ্রিনেট্), *v. i. t.* ভ্রমণ করা ; Travel abroad ; বিদেশে বাস করা ; Live in a foreign country. *n.*=peregrination.

Peremptory (পেরিম্টরি), *a.* সুনিশ্চিত ; প্রভুত্বব্যঞ্জক ; সুদৃঢ় ; অটল ; Sure ; authoritative (*peremptory* order) ; absolute ; decisive ; অবশ্য পালনীয় ; Urgent, leaving no option. *n.*=peremptoriness. *ad.*=peremptorily.

Perennial (পিরেনিয়্যাল্), *a.* বহুবর্ষজীবী, চিরজীবী ; Lasting through the year or more than two years ; perpetual ; continuing :—*n.* বর্ষাধিকজীবী উদ্ভিদ্ ; Plant that lasts more than two years. *ad.*=perennially.

Perfect (পার্ফিক্ট্), *a.* সম্পূর্ণ ; পূর্ণ ; Complete ; wholly finished ; শূন্য ; নিষ্কলঙ্ক ; বিশুদ্ধচরিত্র ; সর্ব্বগুণান্বিত ; নির্ভুল ; Faultless ; possessing every moral excellence ; correct ; রূপে নিপুণ ; Completely skilled or acquainted ; গত ; সমাপিত (*gram.*) Expressing an act completed :—*n.* পুরাঘটিত কাল ; Perfect tense :—(পার্ফেক্ট্), *v. t.* সম্পূর্ণ করা ; সমাধা করা ; শেষ করা ; Finish ; complete.

Perfection (পার্ফেক্শন্), *n.* পূর্ণতা ; Completeness ; state of being perfect ; প্রকৃষ্ট কৌশল ; Great skill ; পরোৎকর্ষ ; Excellence ; গুণ ; সম্পূর্ণ গুণ বা জ্ঞান ; Endowment ; perfect quality or acquirement ; পরাকাষ্ঠা ; Acme. *a.*=perfective.

Perfectly (পার্ফেক্ট্লি), *ad.* সম্পূর্ণরূপে ; ঠিকভাবে ; Completely ; exactly.

Perfidious (পার্ফিডিয়াস্), *a.* বিশ্বাসঘাতক ; অবিশ্বাসী ; Treacherous ; unfaithful. [Treachery.

Perfidy (পার্ফিডি), *n.* বিশ্বাসঘাতকতা ;

Perforate (পার্ফোরেট্), *v. t. i.* বিদ্ধ করা ; ছিদ্র করা ; সচ্ছিদ্র করা ; ভেদ করা ; Pierce ; make a hole through ; bore through.

Perforation (পার্ফোরেশন্), *n.* ভেদন ; (বস্তুর মধ্যগত) ছিদ্র ; Act of boring or piercing through ; hole made by boring.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

কার্য্যকরী ; Acting in this way. *ad.*= perfunctorily. *n.*=perfunctoriness.

Perhaps (পার্হ্যাপ্স্), *ad.* বোধ হয় ; সম্ভবতঃ ; হইলেও হইতে পারে ; By chance ; it may be ; possibly.

Pericarp (পেরিকার্প্), *n.* ফলত্বক্ ; Seed-vessel of plant.

Perigee (পেরিজী), *n.* অনুভূ ; চন্দ্রকক্ষের যে বিন্দু পৃথিবীর সর্ব্বনিকটবর্ত্তী ; Point of the moon's orbit nearest to the earth.

Perihelion (পেরিহীলিয়ন্), **Perihelium** (পেরিহীলিয়াম্). *n.* কোন গ্রহ বা ধূমকেতুর কক্ষের যে বিন্দু সূর্য্যের অতি সন্নিহিত ; অনুস্থর ; Point of the orbit of a planet or comet nearest to the sun,—opposed to *Aphelion*.

Peril (পেরিল্), *n.* বিপদ্ ; আপদ্ ; অনিষ্টপাত ; Danger :—*v. t.* বিপদ্গ্রস্ত করা ; Expose to danger ; endanger. **At one's peril**— কাহারও নিজের ঝুঁকিতে ; With risk or danger to one.

Perilous (পেরিলাস্), *a.* বিপজ্জনক ; বিপৎসঙ্কুল ; Dangerous ; hazardous ; risky. *n.*=perilousness. *ad.*= perilously.

Perimeter (পেরিমিটার্), *n.* ক্ষেত্রের পরিসীমা ; পরিধিমাপক, পেরিমিটার ; Circuit or boundary of a plane figure ; the length of such a line. *a.*=perimetrical.

Period (পীরিয়ড্), *n.* সময়ের নির্দ্দিষ্ট বিভাগ ; A definite portion of a time ; সময়ের অনির্দ্দিষ্ট বিভাগ ; An indefinite portion of time (the Elizabethan *period*) ; সময়ের যে কোন ভাগ ; Any portion of time (a *period* of riot) ; (রোগে) কাল, পর্য্যায় ; A stage in the course of a disease (the *period* of incubation) ; সম্পূর্ণ বাক্য ; A complete

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

sentence ; পূর্ণচ্ছেদ ; A pause at the end of a sentence :—*pl.* অলঙ্কার-পূর্ণ ভাষা ; Rhetorical language.

Periodic (পীরিয়ডিক্), **Periodical** (পীরিয়ডিক্যাল্), *a.* পর্য্যাবৃত্ত ; Occurring again and again at intervals (*periodic* motion).

Periodical (পীরিয়ডিক্যাল্), *a.* পর্য্যায়-ক্রমে প্রকাশিত ; Published at regular intervals :—*n.* সাময়িক পত্রিকা ; Magazine or other publication which appears at regular periods. *n.*=periodicalist.

Peripatetic (পেরিপ্যাটেটিক্), *a.* এরিষ্টটলের দর্শন-বিজ্ঞান-সংক্রান্ত ; Pertaining to the philosophy of Aristotle, who is supposed to have given his instructions, while walking in the Lyceum at Athens ; পরিভ্রমণশীল ; Itinerant :—*n.* এরিষ্টটলের শিষ্য ; Follower of Aristotle ; পরিব্রাজক ; Itinerant.

Periphery (পেরিফারি), *n.* পরিধি ; Circumference of a circle ; উপরিতল ; The outer surface.

Periphrasis (পেরিফ্রেসিস্), *n.* বাক্য-বাহুল্য ; পল্লবিত ; Circumlocution ; speaking in a roundabout way. *v.*=periphrase. *a.*=periphrastic.

Periscope (পেরিস্কোপ্), *n.* ডুবো-জাহাজাদি হইতে উপরের জিনিস দেখিবার আয়নাযুক্ত একপ্রকার যন্ত্রবিশেষ ; A kind of optical instrument with mirrors attached.

Perish (পেরিশ্), *v. i.* গতাসু হওয়া ; ক্ষয়প্রাপ্ত হওয়া ; নষ্ট হওয়া ; বিনাশপ্রাপ্ত হওয়া ; মরিয়া যাওয়া ; Die ; come to nothing ; waste away ; decay ; lose life :—*v. t.* ক্ষীণ করা ; নষ্ট করা ; Cause to decay ; destroy.

Perishable (পেরিশ্যাব্‌ল্), *a.* নশ্বর ; নাশশীল ; ধ্বংসশীল ; That may perish or decay ; subject to spoil, decay ; liable to perish :—*n.* সহজে ধ্বংসশীল পণ্যদ্রব্যাদি ; Perishable things.

Peristyle (পেরিস্টাইল্), *n.* অট্টালিকার চতুর্দ্দিকে স্তম্ভশ্রেণী ; Row of columns round a building ; স্তম্ভবেষ্টিত স্থান ; Place surrounded with columns.

Peritoneum (পেরিটনীয়াম্), *n.* উদর-বরক ঝিল্লী ; Membrane lining the abdomen.

Peritonitis (পেরিটনাইটিস্), *n.* উদর-বরক প্রদাহ ; Inflammation of the peritoneum.

Periwig (পেরিউয়িগ্), *n.* পরচুলা ; কৃত্রিম কেশ ; Small wig ; peruke.

Periwinkle (পেরিউয়িঙ্কল্), *n.* গেঁড়ি, গুগ্‌লি ; একপ্রকার বন্য লতা ; Eatable sea-snail ; a kind of wild creeping plant.

Perjure (পার্‌জার্), *v. t.* মিথ্যা শপথ করা ; Swear falsely. *a.*=perjured.

Perjure oneself—মিথ্যা শপথ করা ; Swear falsely.

Perjurer (পার্‌জারার্), *n.* মিথ্যা শপথকারী ; One given to perjury.

Perjury (পার্‌জারি), *n.* মিথ্যা শপথ ; False swearing ; বিচারালয়ে মিথ্যা সাক্ষ্যদান ; Giving of false evidence in a court of law.

Perk (পার্ক্), *v. t. i.* পরিচ্ছন্ন করা ; Make trim or smart ; সজ্জিত করিয়া মস্তক উন্নত করা ; Hold up the head with affected smartness (with *up*).

Perky (পার্কি), *a.* চট্‌পটে, প্রগল্‌ভ ; আমুদে ; Lively ; active ; gay ; উদ্ধত ; Impudent. *ad.*=perkily. *n.*=perkiness.

Permanence (পার্‌ম্যানেন্‌স্), **Permanency** (পার্‌ম্যানেন্‌সি), *n.* স্থায়িত্ব ; Continuance in the same state.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...ency অপরিবর্তনীয়তা ; Un-...; ...bility.

...ncy (পার্‌ম্যানেন্‌সি), *n.* স্থায়িত্ব ; ...; State of permanence ; ...nt occupation.

...nt (পার্‌ম্যানেন্ট্), *a.* স্থায়ী, ...বর্তনীয় ; Durable ; last-...alterable. *ad.*=perma-... **Permanent Settlement** ...বন্দোবস্ত ; Settlement for ...

...ble (পার্‌মিয়্যাব্‌ল্), *a.* প্রবেশ্য ; That may be permeated ; ...ble. *n.*=permeability. *ad.* ...bly.

...te (পার্‌মিয়েট্), *v. t.* ভিতর দিয়া ...করা ; গর্ত দিয়া গমন করা ; ভেদ ...Pass through the pores of ; ...ate and pass through. *n.*= ...tion.

...ible (পার্‌মিসিব্‌ল্), *a.* অনু-...; অনুজ্ঞেয় ; Allowable. *n.*= ...ibility. *ad.*=permissibly.

...ion (পার্‌মিশ্‌ন্), *n.* আদেশ ; অনুমতি ; Order ; leave ; ...granted ; allowance.

...ive (পার্‌মিসিভ্), *a.* অনুমোদন-...অনুমত ; স্বীকৃত ; Granting ...ion or liberty ; allowing ; ...without hindrance.

...(পার্‌মিট্), *v. t.* অনুমতি করা ; ...করা ; Allow ; grant :—*n.* ...; Permission ; অনুমতি-পত্র ; ...permission.

...ble (পার্‌মিউট্যাব্‌ল্), *a.* ...বিন্যাসযোগ্য ; That may be ...*n.*=permutableness. *ad.*= ...bly.

...tation (পার্‌মিউটেশন্), *n.* ...ভাবে বিন্যাস ; (*math.*) ...of the order of a group ...

Pernicious (পার্ণিশাস্), *a.* অপকারী ; অনিষ্টকর ; Noxious ; hurtful ; injurious.

Peroration (পেরোরেশন্), *n.* বক্তৃতার উপসংহারভাগ ; Closing part of an oration.

Perpendicular (পার্‌পেণ্ডিকিউল্যার্), *a.* ঋজুভাবে উন্নত ; ঠিক খাড়া ; লম্বভাবে অবস্থিত ; Exactly upright ; at right angles to a given line or surface :—*n.* লম্ব ; Perpendicular line.

Perpendicularity (পার্‌পেণ্ডিকিউল্যারিটি), *n.* লম্বত্ব ; State of being perpendicular.

Perpetrate (পার্‌পিট্রেট্), *v. t.* (অসৎ কর্ম্ম) সম্পন্ন করা ; কুকর্ম্ম করা ; Execute (in a bad sense) ; commit.

Perpetration (পার্‌পিট্রেশন্), *n.* (কুকর্ম্ম)সাধন ; Act of committing a crime.

Perpetrator (পার্‌পিট্রেটর্), *n.* কুকর্ম্মকারী ; One who commits a crime.

Perpetual (পার্‌পেটিউয়্যাল্), *a.* চিরস্থায়ী ; অবিরত ; নিত্য ; অনন্ত ; Everlasting ; never-ceasing ; not temporary ; endless. *ad.*=perpetually.

Perpetuate (পার্‌পেটিউয়েট্), *v. t.* চিরস্থায়ী করা ; বিস্মৃতি হইতে রক্ষা করা ; Make perpetual ; preserve from extinction or oblivion. *n.*=perpetuation.

Perpetuity (পার্‌পিটিউয়িটি), *n.* চিরস্থায়িত্ব ; অনন্তত্ব ; Endless duration ; duration for an indefinite period of time.

Perplex (পার্‌প্লেক্‌স্), *v. t.* হতবুদ্ধি করা ; ঝঞ্ঝাটে ফেলা ; Puzzle ; embarrass ; জটিল করিয়া তোলা ; Make confusing or intricate (to *perplex* an issue).

Perplexing (পার্‌প্লেক্‌সিং), *a.* জটিল ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হতবুদ্ধিকর ; Intricate ; embarrassing.

Perplexity (পার্‌প্লেক্‌সিটি), *n.* জটিলতা ; হতবুদ্ধিতা, কিংকর্ত্তব্যবিমূঢ়তা ; Intricacy ; embarrassment of mind.

Perquisite (পার্‌কুয়িস্ত্রিট্), *n.* উপরি লাভ ; উপরি পাওনা ; দস্তুরি ; Extra allowance or fee beyond ordinary salary.

Perry (পেরি), *n.* নাশপাতি হইতে প্রস্তুত মদবিশেষ ; Fermented drink of pears.

Persecute (পার্‌সিকিউট্), *v. t.* উত্ত্যক্ত করা ; নির্য্যাতন করা ; নিগৃহীত করা ; হয়রান করা ; উৎপীড়ন করা ; Harass ; annoy or punish, especially for religious or political opinions.

Persecution (পার্‌সিকিউশন্), *n.* নিগ্রহ ; নির্য্যাতন ; নিপীড়ন ; State of being persecuted ; harassment.

Persecutor (পার্‌সিকিউটর্), *n.* নিগ্রহকারী ; One who persecutes. *fem.* = persecutrix.

Perseverance (পার্‌সিভীয়ার্‌ন্স্), *n.* অধ্যবসায় ; ঐকান্তিকতা ; Steadiness ; rigid constancy ; persistence.

Persevere (পার্‌সিভীয়ার্), *v. i.* অধ্যবসায়ী হওয়া ; যত্নশীল হওয়া ; Persist ; hold on ; be constant ; pursue anything steadily.

Persevering (পার্‌সিভীয়ারিং), *a.* অধ্যবসায়ী; Persistent ; tenacious. *ad.* = perseveringly—(অধ্যবসায়সহকারে)।

Persian (পার্‌শন্), *a.* পারসিক ; পারস্য দেশীয় ; Of, from or relating to Persia :—*n.* পারস্যবাসী ; পারস্যভাষা ; Native, or language of Persia.

Persist (পার্‌সিস্ট্), *v. i.* (with *in*) (কাজে বা মতে) অবিরত লাগিয়া থাকা ; জিদ করা ; Continue rigidly in any course ; insist on ; স্থায়ী অবস্থায় থাকা ; Continue or endure firmly (th idea *persists* that...).

Persistence (পার্‌সিস্‌টেন্স্), *n.* অধি চেষ্টা, জিদ ; নির্ব্বন্ধ ; Being persisten perseverance.

Persistency (পার্‌সিস্‌টেন্সি), **Persistence** (in a bad sense).

Persistent (পার্‌সিস্‌টেন্ট্), *a.* (সহিত) যত্নশীল ; অধ্যবসায়শীল ; Firm holding by ; persevering ; স্থা অপরিবর্ত্তিত ; Enduring (*persisten* attacks). *ad.* = persistently.

Person (পার্স্‌ন্), *n.* লোক ; ব্য সজীব মনুষ্য ; Human being ; indi dual living soul ; শরীর ; Body ; ব Form ; নাট্যোল্লিখিত ব্যক্তি ; Cha acter ; চেহারা ; Appearance (ব্যাকরণ) পুরুষ ; (*gram.*) D tinction in form according as th subject of the verb is the pers speaking, spoken to or spoken o **In person**—স্বয়ং ; By one's self personally.

Personable (পার্‌সন্যাব্‌ল্), *a.* সুন্দ সুরূপ ; প্রিয়দর্শন ; দিব্যাঙ্গ ; Of goo appearance ; good-looking graceful.

Personage (পার্সনিজ্), *n.* বিশি লোক ; সুপ্রসিদ্ধ ব্যক্তি ; লোক ; বাহ্যাবয় Individual of eminence ; person exterior appearance.

Persona grata (পার্সোনা গ্র্যাটা), গ্রহণযোগ্য ব্যক্তি ; Acceptable person.

Personal (পার্সন্যাল্), *a.* ব্যক্তিগ Individual ; দৈহিক ; Bodily ; ব্য সম্বন্ধীয় ; Belonging to person ; স্বা কৃত ; Done in person ; নিজ ; Own peculiar ; অস্থাবর ; Movable ব্যাকরণে পুরুষ-বোধক ; Denoting th grammatical person. **Personal estate**—অস্থাবর সম্পত্তি।

Personality (পার্‌সন্যালিটি), *n.* ব্যক্তি

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...ality ...; That which consti-
...a person, existence as an
...ual; ব্যক্তি; Person; ব্যক্তি-
...ব্যক্ত করিয়া মন্তব্য; Reflections
...individual.
...alize (পার্সন্যালাইজ্), *v. t.*
...ব্যক্তিগত করা; Make personal.
...ally (পার্সন্যালি), *ad.* ব্যক্তি-
...; Considering individually;
...ব্যক্তি; In person; by bodily
...ce.
...ally (পার্সন্যাল্টি), *n.* ব্যক্তিগত
...; Personal property.
...ate (পার্সনেট্), *v. t.* অপর রূপ
...; Assume the character
...ক অন্য লোক বলিয়া চালান;
...to be another; ভাণ করা;
...
...ation (পার্সনেশন্), *n.* অপরের
...; Act of personating.
...ator (পার্সনেটর্), *n.* অপরের
...; One who personates.
...ification (পার্সনিফিকেশন্), *n.*
...; Act of personifying.
...fy (পার্সনিফাই), *v. t.* নরত্ব
...করা; মানবধর্ম্ম আরোপ করা;
...e personal nature to; re-
...t as a rational being;
...করিত করা; Typify, be a
...g example of (Stalin is
...ship *personified*).
...nel (পার্সনেল্), *n.* কার্য্যনিরত
...; কর্ম্মচারিবৃন্দ, কর্ম্মিগণ; Persons
...d in any work.
...ective (পার্স্পেক্টিভ্), *n.* দৃশ্য;
...; View; vista; চিত্রাঙ্কন-
...করিবার কৌশল; Art of
...objects mathematically;
...চিত্র; Picture in per-
...—*a.* দৃশ্য-সম্বন্ধীয়; দৃশ্যানুযায়ী;
...; Of, according to per-

Perspicacious (পার্স্পিকেশাস্), *a.* তীক্ষ্ণদৃষ্টি; Quick-sighted; তীক্ষ্ণবুদ্ধি; Of clear or acute understanding. *n.* = perspicacity.

Perspicuity (পার্স্পিকিউয়িটি), *n.* সুস্পষ্টতা; Lucidity; (ভাষা বা ভাবে) প্রাঞ্জলতা; Clear expression.

Perspicuous (পার্স্পিকিউয়াস্), *a.* স্বচ্ছ; সুস্পষ্ট; প্রাঞ্জল; Lucid; expressed with clearness.

Perspiration (পার্স্পিরেশন্), *n.* ঘর্ম্ম; ঘাম; Act of perspiring; sweat. *a.* = perspirative.

Perspiratory (পার্স্পির‍্যাটরি), *a.* ঘর্ম্ম-কারক; ঘর্ম্মজনক; ঘর্ম্ম-সম্বন্ধীয়; Pertaining to, or causing perspiration.

Perspire (পার্স্পায়ার্), *v. t. i.* ঘর্ম্ম ত্যাগ করা; ঘর্ম্ম নির্গত হওয়া; ঘর্ম্মাক্ত হওয়া; ঘামা; Sweat.

Persuade (পার্সোয়েড্), *v. t.* প্ররোচিত করা; প্রবর্ত্তিত করা; Prevail on; induce; exhort; লওয়ান; Move.

Persuasible (পার্সোয়েসিব্ল্), *a.* প্রবর্ত্তনীয়; প্রণোদিত হইবার যোগ্য; Capable of being persuaded.

Persuasion (পার্সোয়েঝ্ন্), *n.* প্রবর্ত্তনা; প্ররোচনা; Inducement; ধর্ম্মমত; দৃঢ় বিশ্বাস; Faith; creed; belief; settled opinion; একমতাবলম্বী ধর্ম্ম-সম্প্রদায়; Sect or party adhering to a creed.

Persuasive (পার্সোয়েসিভ্), *a.* প্রবৃত্তি-জনক; প্রবর্ত্তক; প্ররোচক; প্রবর্ত্তনাজনক; Having the power to persuade; influencing the mind or passions: —*n.* প্ররোচনা; Inducement.

Pert (পার্ট্), *a.* ধৃষ্ট; প্রগল্ভ; অশিষ্ট; নির্লজ্জ; Saucy; bold; impertinent.

Pertain (পার্টেন্), *v. i.* অধিকারে থাকা; সম্পর্ক রাখা; সংসৃষ্ট হওয়া; তৎসম্পর্কীয় হওয়া; Belong; relate.

Pertinacious (পার্টিনেশাস্), *a.* স্থির-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রতিজ্ঞ ; স্থিরসঙ্কল্প ; নাছোড়বান্দা ; একগুঁয়ে ; Resolute ; determined ; obstinate ; stubborn.

Pertinacity (পার্টিন্যাসিটি), *n.* স্থিরানুবন্ধতা ; স্থিরপ্রতিজ্ঞা ; একগুঁয়েমি ; জেদ ; Persistency ; obstinacy.

Pertinence (পার্টিনেন্‌স্), **Pertinency** (পার্টিনেন্‌সি), *n.* উপযুক্ততা ; উপযোগিতা ; যোগ্যতা ; Appositeness ; suitableness ; fitness.

Pertinent (পার্টিনেন্ট্), *a.* উপযুক্ত ; যোগ্য ; প্রাসঙ্গিক ; Appropriate ; fitting ; relevant (*pertinent* remark).

Perturb (পার্টার্ব্), *v. t.* আলোড়িত করা ; বিচলিত করা ; Agitate ; disturb.

Perturbation (পার্টার্‌বেশন্), *n.* ব্যাকুলতা ; ক্ষোভ ; উদ্বেগ ; চাঞ্চল্য ; অশান্তি ; Disquiet of mind.

Peruke (পেরূক্), *n.* পরচুলা ; Periwig.

Perusal (পেরূজ্‌ল্), *n.* পাঠ ; পঠন ; পরীক্ষা ; Study ; reading ; examination.

Peruse (পেরূজ্), *v. t.* পড়া ; পরীক্ষা করা ; Read with attention ; examine.

Peruvian (পেরূভিয়্যান্), *a.* পেরুদেশসম্বন্ধীয় ; Pertaining to Peru in South America :—*n.* পেরুদেশবাসী ; Native of Peru.

Pervade (পার্ভেড্), *v t.* ব্যাপ্ত করা ; অনুপ্রবেশ করা ; Spread through ; affect entirely. **All-pervading**—সর্ব্বব্যাপী ; Spreading all over. *n.* = pervasion.

Pervasive (পার্‌ভেসিভ্), *a.* অনুপ্রবেশপ্রবণ ; ব্যাপক ; Tending to pervade.

Perverse (পার্‌ভার্স্), *a.* বিপথগামী ; বিকৃতস্বভাব ; Obstinately or wilfully in the wrong ; wayward.

Perversion (পার্‌ভার্‌শন্), *n.* বিপথে গমন ; বিকৃতি, কামবিকৃতি ; উন্মার্গগমন ; Diversion from the true path ; act or state of turning from right to wrong. *a.* = perversive.

Perversity (পার্ভার্‌সিটি), *n.* বিকৃতি ; নষ্টামি ; State of being perverse.

Pervert (পার্ভার্ট্), *v. t.* দূষিত করা ; বিপথগামী করা ; Corrupt ; lead astray :—*n.* স্বধর্ম্মত্যাগী ; One who rejects his own religion ; উন্মার্গগামী ; বৈকৃতকাম, হীননীতিপরায়ণ ব্যক্তি ; a moral degenerate.

Pervertible (পার্ভার্টিবল্), *a.* বিপথগামী হইবার যোগ্য ; Capable of being perverted.

Pervious (পার্ভিয়াস্), *a.* অনুপ্রবেশক্ষম ; প্রবেশ্য ; বেধ্য ; ভেদনীয় ; Penetrable ; permeable ; affording a way or passage through.

Peshwa, Peishwah (পেশোয়া), *n.* পেশোয়া ; Chief or prince of the Mahrattas.

Pessimism (পেসিমিজ্‌ম্), *n.* দুঃখবাদ ; 'জগৎ দুঃখময়'—এই মত ; Doctrine that the world is full of misery—opp. to *Optimism.*

Pessimist (পেসিমিস্ট্), *n.* যে জগতের খারাপ দিক্‌টাই দেখে ; One who looks only to the dark side of the world ; দুঃখবাদী ; One who complains of everything as being for the worst,—opp. to *Optimist.* *a.* pessimistic, pessimistical.

Pest (পেস্ট্), *n.* কণ্টক ; আপদ্ ; বালাই ; মহামারী ; মড়ক ; মারাত্মক রোগ বা বস্তু ; Nuisance ; plague ; fatal epidemic disease ; anything destructive.

Pester (পেস্‌টার্), *v. t.* ক্লিষ্ট করা ; বিরক্ত দেওয়া ; বিরক্ত করা ; Annoy ; trouble ; disturb ; vex.

Pest-house (পেস্ট্-হাউস্), *n.* কলেরা ইত্যাদি সংক্রামক রোগীর হাসপাতাল ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...ious
... for plague or infectious
...
...ous (পেস্টিফারাস্), *a.* সংক্রামক ;
... pestilence ; অত্যন্ত ক্ষতিকর
... Very harmful and
...rable ; নৈতিক দিক্ হইতে
... Morally dangerous.
...ence (পেস্টিলেন্স্), *n.* বহুব্যাপী
... মড়ক ; মহামারী ; Any
...ous deadly disease ; (গ্রন্থি-
...) Plague, esp. bubonic
...
...ent (পেস্টিলেন্ট্), *a.* অপকারক ;
... অতি দুষ্ট ; Hurtful to
... and life ; mischievous ;
... troublesome.
...tial (পেস্টিলেন্শ্‌ল্), *a.*
... মারাত্মক ; বিনাশজনক ; নাশক ;
...tive.
...ল্), *n.* হামানদিস্তা ; নুড়ি,
...rument for pounding any-
... in a mortar :—*v. t.* হামানদিস্তায়
... ; ঘোটনা দ্বারা চূর্ণ করা ; Pound
...k with a pestle :—*v. i.*
... হামানদিস্তা ব্যবহার করা ; Use
...
...ট্), *n.* প্রিয়পাত্র ; Favourite ;
... Animal tamed and
... বিরক্তি ; ঈষৎ রুক্ষভাব ; Fit
...ness ; slight passion :—
... Favourite :—*v. t.* আদর
... Fondle.
...টাল্), *n.* পুষ্পদল ; পুষ্পের
... Flower-leaf.
...ted (পেটাল্‌ড্), *a.* দলবিশিষ্ট ;
... petals.
...টার্), *n.* আগ্নেয়াস্ত্র ; যুদ্ধযন্ত্র ;
...mb used to break down
...riers, etc. by explosion.
... (পেটিওল্), *n.* বৃন্ত ; Leaf-
...
...টিশন্), *n.* দরখাস্ত ; আবেদন ; প্রার্থনা ; Written request ; supplication ; entreaty ; prayer :—*v. t. i.* প্রার্থনা করা ; আবেদন করা ; অনুনয় করা ; Solicit ; supplicate.

Petitionary (পিটিশন্যারি), *a.* আবেদনকারী ; অনুনয়সূচক ; Supplicatory.

Petitioner (পিটিশনার্), *n.* আবেদনকারী ; আবেদক ; One who presents a petition or prayer.

Petre (পিটার্), *n.* সোরা ; Saltpetre.

Petrel (পেট্রেল্), *n.* সামুদ্রিক পক্ষিবিশেষ ; Sea-fowl.

Petrifaction (পেট্রিফ্যাক্শন্), *n.* পাষাণীকরণ ; প্রস্তরাকারে পরিণতি ; Act or process of changing into stone ; প্রস্তরীভূত পদার্থ, জীবাশ্ম ; That which is petrified, a fossil.

Petrify (পেট্রিফাই), *v. t.* প্রস্তরীভূত করা, শিলীভূত করা ; Convert into stone ; অসাড় বা কঠিন করা ; Make callous or obdurate ; বিস্ময়াপন্ন করা ; Fix in amazement :—*v. i.* প্রস্তরীভূত হওয়া ; প্রস্তরের ন্যায় কঠিন হওয়া ; Become stone or hard like stone.

Petrol (পেট্রল্), *n.* পেট্রোল, সুপরিষ্কৃত খনিজ তৈল (মোটরাদিতে ব্যবহার জন্য) ; Refined petroleum.

Petroleum (পিট্রোলিয়াম্), *n.* পেট্রোলিয়াম্ (পাথরের উপর বা জলের উপর হইতে প্রাপ্ত) খনিজ তৈল ; Mineral oil found on rocks or on surface of water.

Petted (পেটেড্), *a.* লালিত ; সোহাগপ্রাপ্ত ; আদৃত ; Indulged ; fondled.

Petticoat (পেটিকোট্), *n.* স্ত্রীলোকের সায়া ; Loose undergarment worn by females. **Petticoat government**—স্ত্রীলোক কর্তৃক চালিত শাসন ; Government by women, either at home or in the State.

Pettifogger (পেটিফগার্), *n.* বাজে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

উকিল ; বটতলার উকিল ; Lawyer who practises in petty or paltry cases ; petty lawyer. *n.*=pettifoggery.

Pettifogging (পেটিফগিং), *a.* সামান্য ওকালতি বা অতি নীচ কর্ম্ম-সংক্রান্ত ; তুচ্ছ ; নীচ কর্ম্মকারী ; প্রতারক ; Relating to the practice of a pettifogger ; paltry ; relating to mean tricks ; quibbling. *v.*=pettifog.

Pettish (পেটিশ্), *a.* খিট্‌খিটে ; রাগী ; Peevish ; fretful.

Petty (পেটি), *a.* সামান্য ; ক্ষুদ্র ; নগণ্য ; তুচ্ছ ; নিকৃষ্ট ; Small ; little ; inconsiderable ; contemptible ; inferior. *n.*=pettiness. *ad.*=pettily.

Petulance (পেটিউল্যান্স্), *n.* ধৃষ্টতা ; অশিষ্টতা ; প্রগল্‌ভতা ; Sauciness ; impudence ; বিরক্তি ; খিট্‌খিটে ভাব ; উচ্ছৃঙ্খলতা ; Peevishness ; wantonness.

Petulant (পেটিউল্যান্ট্), *a.* ধৃষ্ট ; প্রগল্‌ভ ; Forward ; saucy ; impudent ; খিট্‌খিটে ; ক্রোধপ্রবণ ; বিরক্ত ; Peevish.

Pew (পিউ), *n.* গির্জ্জায় ঘেরা আসন ; Enclosed seat in a church.

Pewet (পিউয়েট্), **Pewit, Peewit** (পিউয়িট্), *n.* পক্ষিবিশেষ ; টিট্টিভ ; Lapwing.

Pewter (পিউটার্), *n.* একপ্রকার দস্তা ; Alloy of lead and tin or lead and zinc ; দস্তানির্ম্মিত পাত্র ; Vessel made of pewter :—*a.* দস্তানির্ম্মিত ; Made of pewter. *a* =pewtery.

Pewterer (পিউটারার্), *n.* দস্তার কারিকর ; কাঁসারী ; One who works in pewter.

Phaeton (ফেইটন্), *n.* খোলা চারি চাকার গাড়ীবিশেষ ; ফেটিন গাড়ী ; A kind of open carriage on four wheels ; পক্ষিবিশেষ ; A tropical bird. *a.*= phaetonic.

Phalanges (ফ্যাল্যাঞ্জেস্), *n. pl.* অঙ্গুলি-নলক, অঙ্গুলির ক্ষুদ্র অস্থিসমূহ ; Small bones of the fingers and toes.

Phalanx (ফ্যালাংক্স্), *n.* সৈন্যব্যূহ ; Body of infantry in solid oblong formation. *pl.*=phalanxes, phalanges.

Phantasm (ফ্যাণ্ট্যাজ্‌ম্), *n.* অপছায়া ; ভূত ; Fancied vision ; spectre ; দৃষ্টিবিভ্রম ; Illusion. *pl.*=phantasms, phantasmata. *a.*=phantasmal.

Phantasmagoria (ফ্যান্‌ট্যাজ্‌ম্যাগোরিয়া), *n.* দৃষ্টিবিভ্রমবিশেষ, অস্পষ্ট অবাস্তব ব্যক্তির ভিড় বা পর পর আবির্ভাব ; Crowd or succession of dim or doubtfully real persons.

Phantastic, Phantasy—See **Fantastic, Fantasy.**

Phantom (ফ্যান্‌টম্), *n.* অপছায়া ; ভূত ; Fancied vision ; spectre.

Pharaoh (ফেরো), *n.* প্রাচীনকালের মিশরের রাজার উপাধি ; ফেরাউন ; Title of the kings of ancient Egypt. *a* =Pharaonic.

Pharisaic (ফ্যারিসেইক্), **Pharisaical** (ফ্যারিসেইক্যাল্), *a.* ফ্যারিসীদিগের সম্বন্ধীয় বা সদৃশ ; Pertaining to, or resembling the Pharisees ; কপট ধর্ম্মধ্বজী ; Hypocritical.

Pharisaism (ফ্যারিসেইজ্‌ম্), **Pharisseeism** (ফ্যারিসীয়িজ্‌ম্), *n.* ফ্যারিসী-নীতি ; কপটতা, ধর্ম্মধ্বজিতা ; Practices and opinions as of the Pharisees ; hypocrisy in religion.

Pharisee (ফ্যারিসী), *n.* স্বনামখ্যাত ইহুদী ধর্ম্মসম্প্রদায়-বিশেষ ; (capital *P*) Well-known Jewish sect, noted for their strict observance of the law ; (small *p*) কপট ব্যক্তি ; Hypocrite.

Pharmaceutical (ফার্ম্যাসিউটিক্যাল্), *a.* ঔষধ প্রস্তুত করিবার কৌশল-সম্বন্ধীয় ; ঔষধপ্রস্তুতকরণ-বিদ্যাসম্বন্ধীয় ; Pertaining

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...rya Samaj Foundation Chennai and eGangotri

...ceutics
...ledge or art of phar-
...utics (ফার্ম্যাসিউটিক্স্), *n.* ...ভেষজকরণ-বিদ্যা; ঔষধ প্রস্তুত ...করণ; Science or art of ... medicines.
...utist (ফার্ম্যাসিউটিস্ট্), *n.* ...ভিষক; One who practises ...
...opœia (ফার্ম্যাকোপিয়্যা), *n.* ...ঔষধ দিবার গ্রন্থ; Book ...directions for prepar-
...ফার্ম্যাসি), *n.* ঔষধ প্রস্তুত ...বিদ্যা; ঔষধালয়; Art or ...of preparing and mixing ...; a drug-store.
...(ফেয়ার্), *n.* সমুদ্রতীরস্থ আলোক-...house.
...(ফারিংক্স্), *n.* ফ্যারিংকস্; ...নালী ও খাদ্যনালীর মিলনস্থল; ...forming the upper part of ...
...(ফেজ্), *n.* (চন্দ্রাদির) কলা; ...of moon or planet at a ...time; দশা; Stage of deve-...or process. *pl.*=phases.
...(ফেজ্যাণ্ট্), *n.* সুন্দর পক্ষি-...A beautiful bird of game.
...(ফেজ্যান্ট্রি), *n.* ফেজ্যাণ্ট ...পক্ষীর বেষ্টিত স্থান; Enclosure for ...pheasants.
...Phœnix (ফিনিক্স্), *n.* ...পক্ষী; কাল্পনিক পক্ষিবিশেষ; ...bird believed to burn ...and arise from its own
...(ফিনমিন্যাল্), *a.* প্রপঞ্চ-...প্রকৃত; অসাধারণ; অদ্ভুত; ...phenomenon or appearance; ...ary; wonderful. *ad.*= ...ally.

Phenomenon (ফিনমিনন্), *n.* প্রপঞ্চ; (দৃশ্যমান বিশ্বে) ঘটমান বিষয়; ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু; ব্যাপার; Appearance; remarkable or unusual appearance; বিস্ময়; A wonder. *pl.*=phenomena.

Phew (ফিউ), *intj.* রাম! রাম! ছিঃ ছিঃ! An exclamation of disgust.

Phial (ফাইয়্যাল্), *n.* শিশি; Small glass vessel or bottle.

Philander (ফিল্যাণ্ডার্), *v. i.* প্রেমালাপ করা; ছেনালী করা; Make love; flirt; coquet.

Philanthropic (ফিল্যান্থ্রপিক্), *a.* বিশ্বপ্রেমিক; মানব-হিতৈষী; Loving mankind. *ad.*=philanthropically.

Philanthropist (ফিল্যান্থ্রপিস্ট্), *n.* লোকহিতৈষী; মানবমিত্র, বিশ্বপ্রেমিক; One who loves and wishes to serve mankind.

Philanthropy (ফিল্যান্থ্রপি), *n.* নর-হিতৈষণা; মানবপ্রীতি; বিশ্বপ্রেম; Love of mankind; universal good will.

Philippic (ফিলিপিক্), *n.* ফিলিপের বিরুদ্ধে ডিমস্থেনিসের বক্তৃতা; কুৎসাপূর্ণ বক্তৃতা; তীব্রতাপূর্ণ নিন্দা; Oration of Demosthenes against Philip of Macedon; invective.

Philistine (ফিলিস্টাইন্), *n.* সুশিক্ষা-বিহীন লোক; সঙ্কীর্ণমনা ব্যক্তি; Man without liberal culture; narrow-minded man. *n.*=philistinism.

Philologist (ফিললোজিস্ট্), *n.* ভাষা-তত্ত্ববিৎ; ভাষাবিজ্ঞানবিৎ; One versed in philology.

Philology (ফিললোজি), *n.* ভাষা-বিদ্যা; Science of languages. *a.*= philologic, philological. *ad.*=philologically.

Philomel (ফিলোমেল্), **Philomela** (ফিলোমিল্যা), *n.* বুলবুল-জাতীয় পক্ষী; Nightingale.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Philosopher (ফিলসোফার্), *n.* দার্শনিক ; দর্শনবিজ্ঞানবিৎ ; জ্ঞানলিপ্সু ; One versed in or devoted to philosophy. **Philosopher's stone**—স্পর্শমণি ; পরশ পাথর ; Stone fancied to turn base metals into gold.

Philosophic (ফিলসফিক্), **Philosophical** (ফিলসফিক্যাল্), *a.* দর্শন-সম্বন্ধীয় ; দার্শনিক ; Belonging or according to philosophy ; বিচক্ষণ ; বিজ্ঞ ; Rational ; wise ; স্থির ; প্রশান্ত ; Calm. *ad.*=philosophically.

Philosophize (ফিলসোফাইজ্), *v. i.* দার্শনিকতা করা ; দার্শনিকের ন্যায় বিচার করা ; কারণানুসন্ধান করা ; Act like a philosopher ; reason ; enquire into the nature of things.

Philosophy (ফিলসফি), *n.* দর্শন ; পাণ্ডিত্য ; Knowledge of the causes of all phenomena ; wisdom.

Philter, Philtre (ফিল্টার্), *n.* কামোদ্দীপক ঔষধ ; প্রেমোদ্দীপক মোহ-মন্ত্র ; Love-potion ; charm or spell to excite love.

Phlebotomy (ফ্লিবটমি), *n.* রক্তমোক্ষণ ; রক্তস্রাবণ ; Act of letting out blood ; blood-letting. *v.*=phlebotomize.

Phlegm (ফ্লেম্), *n.* শ্লেষ্মা ; কফ ; Thick matter discharged in coughing ; ঢিলামি, অলসতা, জড়তা ; ঔদাসীন্য ; Dullness, sluggishness ; indifference.

Phlegmatic (ফ্লেগ্‌ম্যাটিক্), *a.* শান্ত ; Calm ; ঢিলা ; জড় ; Sluggish. *ad.*=phlegmatically.

Phobia (ফোবিয়া), *suffix* আতঙ্ক (hydro-*phobia*=জলাতঙ্ক)।

Phoebe (ফিবি), *n.* চন্দ্র ; Diana ; goddess of the moon.

Phoebus (ফীবাস্), *n.* সূর্য্য ; সূর্য্যদেব ; The sun ; Apollo.

Phoenix (ফিনিক্স্)—See **Phenix.**

Phone (ফোন্), *n.* স্বর বা ব্যঞ্জনবর্ণের শব্দ ; Simple vowel or cons sound ; টেলিফোন্ ; Telepho *v. t. i.* টেলিফোন করা ; Telepho

Phonetic (ফোনেটিক্), *a.* স্বরবি উচ্চারণ-সম্পর্কীয় ; Relating to sound of human speech. phonetically.

Phonetics (ফোনেটিক্স্), *n.* শব্দ-বি Science of sounds, esp. of human voice ; phonology.

Phoney (ফোনে), *a.* মিথ্যা ; ক False, bogus ; counterfeit.

Phonic (ফোনিক্), *a.* শব্দবিষয়ক সম্বন্ধীয় ; Pertaining to sound.

Phonics (ফোনিক্স্), *n.* স্বর-বি ধ্বনিতত্ত্ব ; Science of sounds ; a stics.

Phonogram (ফোনগ্র্যাম্), *n.* ফোন-রেকর্ড ; Sound record m by phonograph.

Phonograph (ফোনগ্রাফ্), *n.* লিখন ও শব্দ-পুনরুৎপাদনের যন্ত্র গ্রামোফোন ; Instrument for rec ing and reproducing sounds.

Phonographer (ফনগ্র্যাফার্), **Ph nographist** (ফনগ্র্যাফিস্ট্), *n.* বর্ণে বিভিন্ন শব্দ জ্ঞাপন কৌশলজ্ঞ ; versed in phonography.

Phonography (ফনগ্র্যাফি), *n.* দ্বারা শব্দ প্রকাশ করিবার বিদ্যা ; সাঙ্কে সংক্ষেপ-লিপি-কৌশল ; Art of expr ing sounds by characters or ty *a.*=phonographic, phonograp *ad.*=phonographically.

Phonologist (ফোনলজিস্ট্), *n.* বিজ্ঞানবিৎ ; One versed in ph logy.

Phonology (ফনলজি), *n.* ধ্বনিবি Phonetics. *a.*=phonological.

Phonotype (ফোনটাইপ্), *n.* উচ্চা ধ্বনির দ্যোতক চিহ্ন ; Type or s representing a sound.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...phate (ফস্‌ফেট্), *n.* লবণ-বিশেষ ; ...of salt.

...phoresce (ফস্‌ফরেস্), *v. i.* ...হইয়া বা নামমাত্র উত্তপ্ত থাকিয়া ...বিকিরণ করা ; Emit light ...combustion, or by gentle ...tion.

...phorescent (ফস্‌ফরেসেন্ট্), *a.* ...জ্বলনশীল ; অনুপ্রভ ; Shining in ...like phosphorus. *n.*= ...phorescence—(অনুপ্রভা)।

...phoric (ফস্‌ফরিক্), **Phosphor-**...(ফস্‌ফরাস্), *a.* ফস্‌ফরাস্-সম্বন্ধীয় ; ...বা ফস্‌ফুরযুক্ত ; Pertaining to, ...or obtained from, ...phorus.

...phorus (ফস্‌ফরাস্), *n.* শুক্র গ্রহ ; ...; Morning star ; ফস্‌ফরাস্, ...জ্বলনশীল দাহ্য বস্তুবিশেষ ; ...Yellowish substance like ...inflammable and luminous ...dark.

...(ফোটো), *n.* ছবি ; প্রতিরূপ ; ...colloquial form of ...graph.

...graph (ফোটগ্রাফ্), *n.* চিত্র-...আলোকচিত্র ; Picture pro-...obtained by photogra-...*v. t.* আলোক-সাহায্যে চিত্রাঙ্কন ...Make a picture of by means ...graphy.

...grapher (ফোটগ্র্যাফার্), **Pho-**...graphist (ফোটগ্র্যাফিস্ট্), *n.* ...চিত্র-ব্যবসায়ী বা আলোকচিত্র-কুশল ...One who practises, or is ...in photography.

...graphic (ফোটগ্র্যাফিক্), *a.* ...চিত্রবিদ্যা-বিষয়ক ; আলোকচিত্র-...Pertaining to, or obtain-...photography. *ad.*=photo-...ally.

...graphy (ফোটগ্র্যাফি), *n.* আলোকচিত্র-গ্রহণ-কৌশল বা পদ্ধতি ; The art or process of taking photographs.

Photometer (ফোটমিটার্), *n.* আলোক-পরিমাপক যন্ত্র ; আলোকমান যন্ত্র ; Instrument for measuring the intensities of light.

Photoplay (ফটোপ্লে), *n.* চলচ্চিত্রের উপযোগী নাটক ; A drama represented by means of the cinematograph.

Photosphere (ফোটোস্‌ফিয়ার্), *n.* সূর্য্যের বাহিরে উজ্জ্বল আবরণ, আলোকমণ্ডল ; Sun's or star's luminous envelope.

Phototelegraph (ফটোটেলিগ্রাফ্), *n.* বিদ্যুৎ সাহায্যে চিত্র বা হস্তলেখ প্রভৃতি প্রেরক যন্ত্র ; An instrument for transmitting drawings, photos, etc. by telegraphy.

Phrase (ফ্রেজ্), *n.* বাক্যের অন্তর্গত বিশিষ্টপদরূপে প্রযুক্ত সমাপিকা ক্রিয়াহীন শব্দ-সমষ্টি ; A small group of words without a finite verb used as a part of speech in a sentence ; বাক্য-কথনের ধারা ; বিশেষ ভাষা ; Mode or form of speech ; particular diction :— *v. t.* বাক্যে প্রকাশ করা ; আঘাত করা ; Express in words ; style.

Phraseology (ফ্রেজিয়লজি), *n.* কথায় বা লেখায় নির্ব্বাচিত শব্দ ; Choice of words in speech and writing ; ভাষা ; Language.

Phrenology (ফ্রিণলোজি), *n.* মস্তিষ্ক-বিদ্যা ; মস্তিষ্ক-তত্ত্ব ; Science of the functions of the brain and its different parts.

Phthisic (টিজিক্), **Phthisical** (টিজিক্যাল্, থিজিক্যাল্), *a.* ক্ষয়কাশাক্রান্ত ; Having phthisis ; ক্ষয়কাশ-সম্বন্ধীয় ; Pertaining to phthisis.

Phthisis (থাইসিস্), *n.* ক্ষয়কাশ ; Consumption of the lungs.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Physic (ফিজ্রিক্), *n.* ঔষধ ; চিকিৎসা-কৌশল ; Medicine ; art of healing : —*v. t.* ঔষধ দেওয়া ; Give medicine to.

Physical (ফিজ্রিক্যাল্), *a.* পদার্থবিদ্যা-বিষয়ক ; Of physics ; স্বাভাবিক, প্রাকৃতিক ; Of nature ; ভৌত ; শারীরিক ; বাহ্য ; Bodily ; corporal ; external. *ad.*=physically. **Physical exercise**—শারীরিক ব্যায়াম ; অঙ্গ-চালনা। **Physical Geography**—প্রাকৃতিক ভূগোল। **Physical labour**—কায়িক পরিশ্রম। [Doctor.

Physician (ফিজ্রিশ্‌ন্), *n.* চিকিৎসক ;

Physicist (ফিজ্রিসিস্ট্), *n.* বিজ্ঞানের ছাত্র বা পণ্ডিত ; Student of or expert in physics.

Physics (ফিজ্রিক্স্), *n. pl.* (used as *sing.*) পদার্থবিদ্যা ; Science which treats of the general properties of natural bodies ; প্রকৃতি-বিজ্ঞান ; জড়-বিজ্ঞান ; Science of the material system.

Physiognomist (ফিজ্রিয়নমিস্ট্), *n.* যে মুখের ভাব দেখিয়া স্বভাব বলিতে পারে ; One skilled in physiognomy ; one who can tell character by the face.

Physiognomy (ফিজ্রিয়নমি), *n.* আকৃতি দেখিয়া মনের ভাব নিরূপণ করিবার বিদ্যা ; মুখমণ্ডলের রেখাপাত দেখিয়া স্বভাব-নিরূপণ বিদ্যা বা কৌশল ; Science or art of knowing a man's character from his features ; মুখের বিশেষ ভাবভঙ্গী ; মুখমণ্ডল ; Particular expression of the countenance ; face ; ভূখণ্ডের বাহ্যাকৃতি ; The general appearance of a country, etc. *a.*=physiognomic, physiognomical. *ad.*=physiognomically.

Physiography (ফিজ্রিয়গ্র্যাফি), *n.* বাহ্যজগতের বিবরণ, ভূমিবৃত্তি ; Science of the external form of the world ; introduction to the study of nature.

Physiology (ফিজ্রিয়লজি), *n.* শারীরবৃত্ত ; Science which treats of the functions of living beings. *a.* physiological. *ad.*=physiologically.

Physique (ফিজ্রিক্), *n.* মনুষ্যের প্রকৃতি বা শারীরিক গঠন ; Natural constitution, or physical structure of a person. [Pianoforte-player.

Pianist (পীয়্যানিস্ট্), *n.* পিয়ানোবাদক

Piano (পিয়্যানো), **Pianoforte** (পিয়্যানোফোর্টি), *n.* বাদ্যযন্ত্রবিশেষ পিয়ানো ; A musical instrument.

Piaster, Piastre (পিয়্যাস্টার্), রৌপ্যমুদ্রাবিশেষ ; Silver coin used in Turkey and other countries (2*d*).

Piazza (পিয়্যাজ্জা), *n.* (ইটালী) সহরের চতুষ্কোণ উদ্যান ; A public square, esp. in Italian town ; (মার্কিণে) বারান্দা ; Verandah, porch.

Pibroch (পিব্‌রক্), *n.* সামরিক বাদ্য বিশেষ ; A kind of martial music.

Pica (পাইক্যা), *n.* ছাপিবার অক্ষর-বিশেষ ; A printing-type ; ছাতারিয়া পাখী ; A kind of magpie.

Pice (পাইস্), *n.* পয়সা।

Pick (পিক্), *v. t. i.* ঠোকরান ; Peck at ; চয়ন করা ; জড় করা ; সংগ্রহ করা ; Pluck ; gather ; ভেদ করা ; বিদ্ধ করা ; Pierce ; মনোনীত করা ; নির্ব্বাচন করা ; Choose ; select ; আঙ্গুল দিয়া পৃথক করা ; Separate with fingers ; উদ্ঘাটন করা ; Open, as a lock ; অন্বেষণ করা, অনুসন্ধান করা ; Seek, as a quarrel ; অপহরণ করা ; Steal (*pick* a pocket) ; অল্প অল্প করিয়া ভোজন করা ; Eat by morsels :— তীক্ষ্ণাগ্র যন্ত্র ; সূচীমুখ অস্ত্র ; Any sharp-pointed instrument (tooth-pick ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

পছন্দ; Choice; সর্ব্বোৎকৃষ্ট ব্যক্তি; The best person or ...; A kind of digging ... of iron. *n.*=picker. ...acquaintance—হঠাৎ বন্ধু সংগ্রহ ... Make friends all at once. ... a hole—দোষ বাহির করা; ... করা; Find fault. **Pick** ...—নকল চাবি দিয়া খোলা; Open ... with a false key. **Pick a** ...—গায়ে পড়িয়া ঝগড়া করা; ইচ্ছা ... ঝগড়া বাধান; Get into a ... by seeking for it. **Pick** ... করা; Tease or vex. ...'s pocket—কাহারও পকেট ... Steal something from one's ... **Pick out**—পছন্দ করা; ... করা; Select; select from a ... or quantity. **Pick up**—... করা; Gather by chance; ... সারিয়া আসা; Improve ... in health (is *picking up* ...); এখান থেকে ওখান থেকে সংগ্রহ ... করা; Gather from ... and there; acquire by ... সময়ে সময়ে পড়িয়া বা এর ... শুনিয়া শিক্ষা করা; Acquire ... knowledge by casual ...; কুড়াইয়া লওয়া; Take up ... the ground (*pick up* one's ...

...ক্স (পিক্‌স্যাক্স্), *n.* গাঁতি; খনিত্র; ... tool used in digging.

...ক্ট (পিক্‌ইট্), *a.* বাছাই; মনোনীত; ... করা; Carefully selected; ... Pointed; sharp; অপহৃত; ... stolen.

...ট (পিকিট্), *n.* সূক্ষ্মাগ্র খুঁটি; তীক্ষ্ণাগ্র ... খুঁটি; Sharp-pointed ... used in fortifications and ...ments; প্রহরিসন্নিবেশ; Small ... or guard; তাসখেলা-বিশেষ; A game at cards:—*v. t. i.* সূক্ষ্মাগ্র দণ্ডদ্বারা সুরক্ষিত করা; খুঁটিদ্বারা বেষ্টিত করা; Fortify, enclose or fence with pickets; খুঁটিতে বাঁধা; Fasten to a picket; লোক স্থাপনা করা; Station (men) as pickets; লোকজনকে কাজকর্ম্ম করিতে বাধা দেওয়া; Stop and prevent (men) from working.

Picketing (পিকেটিং), *n.* সত্যাগ্রহ; Stopping (men) from joining work, etc.

Pickings (পিকিংজ্), *n. pl.* উপরি পাওনা; উপরি লাভ; Odds and ends of profit made by agents.

Pickle (পিক্‌ল্), *v. t.* জারিত করা, জরান; Preserve or season with salt or vinegar:—*n.* লবণাক্ত জল; Liquid in which substances are preserved; আচারবিশেষ; কাসুন্দি; (usu. *pl.*) Article of food preserved in vinegar; অসুখকর অবস্থা; An uncomfortable position; দুষ্ট ছেলে; Mischievous child.

Picklock (পিক্‌লক্), *n.* তালা-খোলা কাঠি; Instrument by which locks are opened; যে লোক তালা ভাঙ্গে; চোর; One who picks locks; thief.

Pickpocket (পিক্‌পকেট্), *n.* গাঁটকাটা; পকেটমার; One who cunningly steals from the pockets of another in a public way.

Pickpurse (পিক্‌পার্স্), *n.* পকেটমার; গাঁটকাটা; One who steals money from purses.

Pick-up (পিক্-আপ্), *n.* গ্রামোফোনে পিন যে যন্ত্রে সংলগ্ন থাকে; The reproducing device holding the gramophone needle.

Picnic (পিক্‌নিক্), *n.* চড়ুইভাতি, বনভোজন; Open air entertainment; বিস্কুট-বিশেষ; A kind of small

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

sweet biscuit :—*v. i.* বন-ভোজনে যাওয়া; Take part in a picnic.

Picquet (পিকেট্)—Same as **Picket.**

Pictorial (পিক্‌টোরিয়্যাল্), *a.* চিত্র-সম্বন্ধীয়; চিত্রসমন্বিত; সচিত্র; Pertaining to pictures; illustrated by pictures. *ad.*=pictorially.

Picture (পিক্‌চার্), *n.* চিত্র; ছবি; মূর্ত্তি; Painting; drawing; a likeness; resemblance; image :—*pl.* চলচ্চিত্রের প্রদর্শনী; A cinematograph show :—*v. t.* চিত্র করা; চিত্রিত করা; অঙ্কিত করা; Paint; represent; সুস্পষ্টভাবে বর্ণনা করা; Describe vividly. **Picture-book**—চিত্রপুস্তক; ছবির বই; Book for children illustrated with pictures. **Picture-frame**—ছবির-ফ্রেম্; Ornamental border or case made to contain a picture. **Picture-gallery**—চিত্রশালা; Room set apart for the exhibition of pictures. **Picture-house**—চলচ্চিত্রশালা; Kinematograph theatre.

Picturesque (পিক্‌চারেস্ক্), *a.* চিত্রোপম; Such as would be effective in a picture; (ভাষা-সম্বন্ধে) বর্ণনামূলক; Graphic; সুস্পষ্ট; Vivid.

Pie (পাই), *n.* পক্ষি-বিশেষ। পিষ্টক, মাংসপূরিত পিঠা; Meat baked within a crust of prepared flour; এক আনার ১/১২ অংশ; The twelfth part of an anna; এলোমেলো হরপের স্তূপ; Confused mass of type.

Piebald (পাইবল্ড্), *a.* রক্তবর্ণবিশিষ্ট; বর্ণ-বৈচিত্র্যপূর্ণ; চিত্রবিচিত্র; Of various colours; diversified in colours; মিশ্রিত; Mixed.

Piece (পীস্), *n.* খণ্ড; অংশ; টুক্‌রা; Part of anything; bit; একটি মাত্র বস্তু; দ্রব্য; Single article; individual article; প্রবন্ধ-রচনা; Literary or musical composition; কামান; বন্দুক; Gun; মুদ্রা; Coin; ব্যক্তি; লোক; Person (slightingly) :—*v. t.* তালি দেওয়া; মেরামত করা; Patch; mend by adding a piece :—*v. i.* সংযুক্ত হওয়া; Join. *n.*=piecer. **Fall to pieces, Go to pieces**—খণ্ড খণ্ড হইয়া পড়া বা যাওয়া; Be reduced to pieces. **Of a piece with**—সমজাতীয়; Of similar kind. **Tear to pieces**—খণ্ড খণ্ড করা; Reduce to pieces by tearing. **Piece out**—জোড়া দিয়া সম্পূর্ণ করা; Complete by adding pieces.

Piece-goods (পীস্-গুড্স্), *n.* বস্ত্রাদি পণ্যদ্রব্য; Dry goods sold by drapers, as cotton, longcloths, etc.

Piecemeal (পীস্‌মীল্), *a.* খণ্ড খণ্ড করিয়া সম্পন্ন; Done piece by piece :—*adv.* বহু খণ্ডে; ক্রমশঃ; খণ্ড খণ্ডরূপে; By pieces; gradually; in fragments.

Piecework (পীস্‌ওয়ার্ক্), *n.* বস্তুতঃ কাজ হইয়াছে তদনুসারে যে কাজের দাম দেওয়া হয়; Work paid for according to the amount done.

Pied (পাইড্), *a.* চিত্রবিচিত্র; বিবিধবর্ণ চিত্রিত; দাগযুক্ত; Variegated; spotted.

Pier (পীয়ার্), *n.* উত্তরণমঞ্চ; জেটি; Wharf; jetty; projecting wharf or landing-place; তরঙ্গবেগ নিবারণার্থ প্রস্তরনির্ম্মিত বাঁধ; পোস্তা; A breakwater; buttress; খিলানের অবলম্বন পিল্লা; Mass of stone-work for supporting an arch.

Pierce (পীয়ার্স্), *v. t. i.* বিদ্ধ করা; ছিদ্র করা; ভেদ করা; বিদীর্ণ করা; Penetrate; bore; মর্ম্মস্পর্শ করা; মোহিত করা; Touch or move deeply; রহস্য ভেদ করা; গুপ্ত বিষয়ে প্রবেশ করা; Divine into, as a secret.

Piercing (পীয়ার্সিং), *a.* বিদ্ধকারী;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

বিদারক, মর্ম্মভেদী ; ...deeply (*piercing* cry) ; ...ing ; sharp (*piercing*

(পিয়ার্-গ্লাস্), *n.* বড় ... large mirror.

(পাইয়েরিয়ান্), *a.* প্রাচীন গ্রীসে ... পাইয়েরিয়া-সম্বন্ধীয় ; Per-...Pieria in North Thessaly, ... of the Muses. **Pierian** ...ন ; (কবিত্বাদির) প্রেরণা ; ...; inspiration.

...), *n.* কাক বা ছাতার জাতীয় ... magpie.

(পাইয়েটিট্রিম্), *n.* অতিভক্তি বা ...; Exaggeration or affec-... piety. *con. n.*=pietist.

(পাইয়েটি), *n.* ধর্ম্মপরায়ণতা ; ... মাতাপিতার প্রতি ভক্তি ; ...; কর্ত্তব্যবোধ ; Reverence ...s God ; reverence for the ... or country ; sense of

...), *n.* শূকরশাবক ; A young ... male or female :—*v. t. i.* ... প্রসব করা ; Bring forth ... শূকরশাবকের ন্যায় একত্র শুইয়া ... together like pigs.

(পিজ্ন্), *n.* কপোত ; পারাবত ; ... well-known bird ; dove ; ...; Simpleton.

...-hole (পিজ্ন্-হোল্), *n.* পায়রার ... ছিদ্র ; Hole in a dove-...hole for pigeons ; কাগজপত্র ... কক্ষ-প্রকোষ্ঠ ; Division of a ... papers.

...-house (পিজ্ন্-হাউস্), **Pig-...** (পিজ্নরি), *n.* কপোত-গৃহ ; ...

(পিগারি), *n.* শূকরশালা ; ...where pigs are kept.

Piggin (পিগিন্), *n.* কৌটা ; কাষ্ঠ বা মৃত্তিকা-পাত্র ; Small wooden or earthen vessel.

Piggish (পিগিশ্), *a.* শূকরশাবক-সম্বন্ধীয় ; শূকরশাবক-সদৃশ ; Belonging to, relating to or like pigs ; লোভী ; Greedy.

Pig-headed (পিগ্-হেডেড্), *a.* একগুঁয়ে ; Obstinate.

Pig-iron (পিগ্-আয়ারণ্), *n.* অপরিষ্কৃত লৌহদণ্ড ; অবিশুদ্ধ লৌহপিণ্ড ; Rough iron-rod ; iron in rough bars.

Pigment (পিগ্মেণ্ট্), *n.* যে বস্তু হইতে রঙ্ প্রস্তুত হয়, রঞ্জক ; রঙ্গক ; Any substance for colouring ; paint ; the natural colouring matter of living things. *a.*=pigmental.

Pigmentation (পিগ্মেণ্টেশন্), *n.* চর্ম্মাদির স্বাভাবিক রং ; The natural colour of skin, etc. [Coloured.

Pigmented (পিগ্মেণ্টেড্), *a.* রঞ্জিত ;

Pigmy (পিগ্মি)—Same as **Pygmy.**

Pigtail (পিগ্টেল্), *n.* শূকরশাবকের লেজ ; বেণী ; তামাকের জটা ; Tail of a pig ; hair of the head tied behind in the form of a pig's tail ; roll of twisted tobacco.

Pike (পাইক্), *n.* লৌহফলকযুক্ত বল্লম ; বর্শা ; Long lance ; weapon consisting of a long wooden shaft and spear-head ; মৎস্যবিশেষ ; Fresh-water fish ; পথের ঘূর্ণিফটক ; ঘাস-তোলা ডালওয়ালা খোঁচা ; চূড়া ; Turnpike ; haycock ; pointed summit.

Piked (পাইক্ট্), *a.* সূচ্যগ্র ; সূচীমুখ ; হুলযুক্ত ; Ending in a point ; চূড়া-সমন্বিত ; Peaked.

Pikeman (পাইক্ম্যান্), *n.* বর্শাধারী ; বল্লমধারী ; Man armed with a pike.

Pikestaff (পাইক্স্টাফ্), *n.* বল্লমদণ্ড ; Staff having a pike at the end.

Pilaster (পিল্যাস্টার্), *n.* আয়তাকার

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

স্তম্ভ ; Rectangular pillar set within a wall. *a.*=pilastered. [Pillau.

Pilau, Pilaw (পিল), *n.* পোলাও ;

Pilchard (পিল্‌চার্ড্), *n.* সামুদ্রিক মৎস্য-বিশেষ ; Herring-like sea-fish.

Pile (পাইল্), *n.* রাশি ; স্তূপ ; কাঁড়ি ; Heap ; roundish mass ; মৃতদেহ জ্বালাইবার কাষ্ঠ ; চিতা ; Combustibles for burning, esp. dead bodies ; pyre ; বৃহৎ অট্টালিকা ; অট্টালিকাপুঞ্জ ; A large building ; a group of buildings ; গোলা-রাশি ; গোলাগুলির পাঁজা ; Heap of shot or shell ; বিদ্যুৎ উৎপাদনের ব্যাটারি ; A dry battery for producing electric current ; স্তম্ভ ; মৃত্তিকা-প্রোথিত কাষ্ঠদণ্ড ; Piece of timber pointed and driven into the earth ; কাপড়ের উপরকার ফেঁসো ; আঁশ ; শুঁয়া ; Nap on cloth ; চুল ; Hair :—*v. t.* সংগ্রহ করা ; জড় করা ; রাশীকৃত করা ; স্তূপাকার করা ; Heap up ; collect in a mass ; কাণায় কাণায় পূর্ণ করা ; Fill above the brim or top. **Funeral pile**—চিতা।

Piles (পাইল্‌স্), *n. pl.* অর্শ রোগ ; Haemorrhoids. **Blind-piles**—শুষ্ক বলি ; Haemorrhoids which do not bleed.

Pilfer (পিল্‌ফার্), *v. i. t.* ছিঁচকে চুরি করা ; Steal in a petty way.

Pilferer (পিল্‌ফারার্), *n.* ছিঁচকে চোর ; Petty thief. [চৌর্য্য ; Petty theft.

Pilfering (পিল্‌ফারিং), *n.* অপহরণ ;

Pilgrim (পিল্‌গ্রিম্), *n.* তীর্থযাত্রী, যাত্রিক ; One who travels on religious account ; a traveller.

Pilgrimage (পিল্‌গ্রিমিজ্), *n.* তীর্থযাত্রা ; Journey to a shrine or other holy place.

Pill (পিল্), *n.* ঔষধের বড়ি ; বটিকা ; Little ball of medicine. **A bitter pill**—অবশ্য গ্রহণীয় বা সহনীয় অরুচিকর বস্তু ; (*fig.*) Something disagreeable which must be accepted or endured.

Pillage (পিলিজ্), *n.* লুণ্ঠন ; লুণ্ঠিত Plunder ; act of plundering ; spoil, especially taken from enemy in war :—*v. t.* লুণ্ঠন করা ; ধ্বংস করা ; Plunder ; spoil ; waste.

Pillar (পিল্যার্), *n.* স্তম্ভ ; অবলম্বন ; Column ; support. **Driven from pillar to post**—এক স্থান হইতে অন্যত্র বিতাড়িত ; Driven from one place to another ; বিমূঢ় ; At a loss what to do next.

Pillar-box (পিল্যার্-বক্‌স্), *n.* চিঠি ফেলিবার বাক্সবিশেষ ; A box attached to a pillar in the streets for the posting of letters.

Pillared (পিল্যার্ড্), *a.* স্তম্ভদ্বারা রক্ষিত ; স্তম্ভাকার ; Supported by a pillar ; having the form of a pillar.

Pillau (পিল্‌ল), *n.* তুর্কীদিগের খাদ্য বিশেষ ; পোলাও ; A kind of Turkish dish.

Pillion (পিলিয়ন্), *n.* অশ্বারোহীর পশ্চাতে স্ত্রীলোকের বসিবার গদি ; ছিমগদি ; Cushion for a woman to ride on behind a horseman ; cushion of a saddle.

Pillory (পিলরি), *n.* শাস্তি প্রদানের প্রাচীনকালে ব্যবহৃত কাষ্ঠের যন্ত্রবিশেষ Wooden frame with holes for the head and hands used in old times as a punishment :—*v. t.* উক্ত যন্ত্রদ্বারা দণ্ড প্রদান করা ; Punish in the pillory.

Pillow (পিলো), *n.* বালিশ Cushion :—*v. i.* বালিশে ঠেস দেওয়া Lay on for support against a pillow.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Arya Samaj Foundation Chennai and eGangotri

...-case (পিলো-কেস্), **Pillow-**...case (পিলো-স্লীপ্), *n.* বালিশের ওয়াড়; ... covering for a pillow.

...(পিলোয়ি), *a.* বালিশের মত; ...; Like a pillow; soft.

...(পিলাস্), **Pilous** (পিলাস্), ...; লোমশ; Hairy. *n.*=pilo-...

...(পাইলট্), *n.* কর্ণধার, জাহাজ-...; Steersman; পথ-প্রদর্শক; ...; বিমান-চালক; Aviator :— ...; জাহাজাদি পরিচালিত করা; পথ-... করা; Conduct as a pilot;

...age (পাইলটিজ্), *n.* জাহাজ পরি-...; Act of piloting; পোত-চালকের ...; Fee or wages of a pilot; ...চালকের পদ বা কার্য্য; Duty or ... of a pilot. [Little pill.

...(পিলিউল্), *n.* ছোট বড়ি;

...(পিম্প্), *n.* কোট্না; ব্যভিচারের ... Pander; procurer :—*v. i.* ...করা; Pander, procure.

...ernel (পিম্পার্নেল্), *n.* এক-... লাল, নীল বা সাদা ফুল; A kind ...ret, blue or white flower.

...(পিম্প্ল্), *n.* ফুস্কুড়ি; ব্রণ; ... swelling.

...ed (পিম্প্ল্ড্), **Pimply** ...), *a.* ব্রণযুক্ত; ব্রণময়; Having ...s on the skin.

...), *n.* আল্পিন্; Short piece ...e for fastening articles to-...; খিল; গোঁজ; কীলক; Peg; ...কের বস্তু; Anything of little ...—*v. t.* আল্পিন্ দিয়া সংযুক্ত ... Fasten with a pin; বেষ্টন করা; ... করা; Enclose; confine. ...g pin—বেলনা।

...(পিন্যাফোর্), *n.* বালকের বা ...র বহির্বাস; Child's or wo-... washable overall.

Pincase (পিন্কেস্), **Pincushion** (পিন্কুশ্ন্), *n.* আল্পিন রাখিবার আধার; Case for holding pins.

Pince-nez (প্যাঁস্-নে), *n.* ডাঁটিবিহীন আটকান চশমা; Clip eye-glasses.

Pincers (পিন্সার্স্), *n. pl.* সাঁড়াশী; চিমটা; Instrument for seizing anything esp. nail; small tongs.

Pinch (পিঞ্চ্), *v. t.* চিম্টী কাটা; Nip with finger and thumb; পীড়া দেওয়া; Distress; মুঠা করা বা আঁকড়াইয়া ধরা; Nip; gripe; নিষ্পেষণ করা; Squeeze :—*v. i.* কষ্টকর হওয়া; Bear or press hard; পরিমিতব্যয়ী হওয়া; Live sparingly :—*n.* চিম্টী; Nip; উৎপীড়ন; পীড়ন; Oppression; বেদনা; Pain; এক চিম্টি জিনিস; What is taken between the finger and the thumb; ক্লেশকর অবস্থা; অর্থাভাবজনিত ক্লেশ; Difficulty; pang; distress through want. *n.*=pincher. **Where the shoe pinches**—পায়ের কোন্খানে লাগিতেছে; What part of the foot is squeezed; কোথায় ব্যথা, বা গোল বাধে বা ঠেকে; Where the difficulty is. **Pinched with cold**—শীতার্ত্ত। **Pinched with hunger**—ক্ষুধার্ত্ত। **Pinched with want**—অর্থাভাব জন্য ক্লিষ্ট।

Pinchbeck (পিঞ্চ্বেক্), *n.* তাম্র ও দস্তার মিশ্রণোৎপন্ন ধাতু; Alloy of copper and zinc.

Pinching (পিন্চিং), *a.* ক্লেশদায়ক; Causing pain of or distress; পীড়াদায়ক; Griping; বিনাশকারী; Nipping; অত্যন্ত লোভী; Covetous.

Pindaric (পিণ্ড্যারিক্), *a.* গ্রীক্ কবি পিণ্ডার-সম্বন্ধীয় বা সদৃশ; Of or resembling the Greek poet Pinder :—*n.* (usu. *pl.*) পিণ্ডারের লিখিত বা পিণ্ডারের মত লিখিত কবিতা বা গাথা; Pindaric verses or odes.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Quadrat (কোয়ড্রিট্), *n.* ছাপিবার অক্ষর অপেক্ষা কম উচ্চ সীসকখণ্ডবিশেষ ; A piece of type-metal lower than the letters.

Quadrate (কোয়ড্রিট্), *a.* সমচতুষ্কোণ ; চতুষ্কোণী ; Having four equal sides and four right angles ; সমচতুর্ভাগে বিভাজ্য, চৌকস, সমান চারি ভাগে বিভাজ্য ; Divisible into four equal parts :—*n.* সমচতুর্ভুজ ক্ষেত্র, বর্গক্ষেত্র ; Square figure :—(কোয়্যাড্রেট্), *v. i.* ঐক্য হওয়া ; মিল হওয়া ; Square or agree with ; correspond.

Quadratic (কোয়ড্র্যাটিক্), *a.* বর্গক্ষেত্র-সম্বন্ধীয় ; বর্গাত্মক ; Of, containing or denoting a square. **Quadratic equation**—দ্বিঘাত সমীকরণ ; Equation involving the square of the unknown quantity.

Quadrature (কোয়ড্রেচার্), *n.* বর্গীকরণ ; Squaring ; ক্ষেত্রান্তরের তুল্যমান বর্গক্ষেত্র স্থিরীকরণ ; Finding of a square that shall have the same area as a given figure of some other shape.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Quadrennial (কোয়ড্রেনিয়্যাল্), *a.* চতুর্ব্বর্ষীয় ; চতুর্ব্বার্ষিক ; Occurring once in four years.

Quadrilateral (কোয়ড্রিল্যাটার্যাল্), *a.* চতুর্ভুজ ; Having four sides :—*n.* চতুর্ভুজ সমতল ক্ষেত্র ; Plane figure having four sides.

Quadrille (কোয়্যাড্রিল্), *n.* নৃত্যবিশেষ ; তাসখেলা-বিশেষ ; A kind of dance ; a kind of game at cards.

Quadrillion (কোয়ড্রিলিয়ন্), *n.* একের পৃষ্ঠে ২৪টি শূন্য বসাইলে যত হয় তত সংখ্যা ; Number represented by a unit with 24 ciphers.

Quadripartite (কোয়ড্রিপার্টাইট্), *a.* চারি অংশে বিভক্ত ; Divided into four parts.

Quadrisyllable (কোয়ড্রিসিলেব্‌ল্), *n.* চারিস্বরোচ্চারণ বিশিষ্ট পদ ; Word of four syllables.

Quadroon (কোয়ড্রুন্), *n.* বর্ণসঙ্কর জাতি ; Offspring of a white person and a mulatto.

Quadrumanous (কোয়ড্রুম্যানাস্), *a.* চারিহস্তবিশিষ্ট ; Having four hands.

Quadruped (কোয়ড্রুপিড্), *n.* চতুষ্পদ জন্তু ; Four-footed animal :—*a.* চতুষ্পদ ; Having four feet. *a.*= quadrupedal.

Quadruple (কোয়ড্রুপ্‌ল্), *a.* চতুর্গুণ ; Fourfold :—*n.* চতুর্গুণ পরিমাণ বা সংখ্যা ; Four times the quantity or number :—*v. t.* চতুর্গুণ করা ; Increase fourfold.

Quadruplicate (কোয়ড্রুপ্লিকেট্), *a.* চতুর্গুণ ; চতুর্গুণিত ; Made fourfold ; doubled twice :—*v. t.* চতুর্গুণ করা ; Make fourfold ; double twice. *n.*=quadruplication.

Quaff (কোয়াফ্), *v. t. i.* ঢক্ ঢক্ করিয়া পান করা ; Drink in copious draughts.

Quag (কোয়্যাগ্), *n.* প্যাচপেচে কর্দ্দমাক্ত জমি ; Quagmire.

Quagga (কোয়্যাগ্যা), *n.* দক্ষিণ-আফ্রিকা South Africa like the ass or zebra.

Quagmire (কোয়্যাগ্‌মায়ার্), *n.* প্যাচপেচে বা কর্দ্দমাক্ত জমি ; Wet, boggy la marsh.

Quail (কোয়েল্), *v. i.* ভীত হওয়া কাঁপা ; Lose spirit ; quake :—*v.* ভীত করা ; দমন করা ; Terrify ; s due :—*n.* পক্ষিবিশেষ।

Quaint (কোয়েণ্ট্), *a.* রমণীয় অদ্ভুত ; Daintily odd.

Quake (কোয়েক্), *v. i.* কম্পিত হওয়া শীতে বা ভয়ে কম্পিত হওয়া ; Trem esp. with cold, etc. :—*n.* ক Shake.

Quaker (কোয়েকার্), *n.* কম্পমান লোক খ্রীষ্টধর্ম্ম-সম্প্রদায়-বিশেষের অন্যতম ; O who quakes ; one of the society Friends, a religious sect found by George Fox. *fem.*=quaker *n.*=quakerism.

Qualification (কোয়লিফিকেশন্), গুণ ; গুণপণা ; Quality ; পরিবর্ত্তন ; স্তর ; Modification ; যোগ্যতা ; Fitn

Qualified (কোয়লিফায়েড্), *a.* উপযুক্ত ; সীমাবদ্ধ ; Fit ; compet limited ; পরিবর্ত্তিত ; Modified.

Qualify (কোয়লিফাই), *v. t. i.* করা ; উপযুক্ত করা ; Fit ; rend capable or suitable ; সীমাবদ্ধ Limit ; হ্রাস করা ; Abate ; সঙ্কু করা ; Restrict. *n.*=qualifier.

Qualitative (কোয়লিটেটিভ্), আঙ্গিক, গুণীয় ; Of quality.

Quality (কোয়লিটি), *n.* ধর্ম্ম ; গু Property ; attribute ; চরিত্র ; Ch acter ; পদ ; Rank ; শক্তি ; Pow প্রকার ; Kind.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...ized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...কোয়ান্), *n.* সংশয় ; A doubt ...ing ; সন্দেহচিত্ততা, বিবেকের ...scruple (*qualms* of con-...; sudden attack of illness ; ...বিবমিষা ; Nausea.

...ডারি (কোয়ন্ডেরি), *n.* ফাঁপর ; ...কষ্ট ; State of difficulty or ...ty ; hard plight.

...ফাই (কোয়ন্টিফাই), *v. t.* পরিমাণ-...ক করা ; Express as a ...n. *n.*=quantification.

...টিটিভ (কোয়ন্টিটেটিভ্), *a.* ...সংখ্যাত্মক, পরিমাণাত্মক ; Of ...measurable by quantity.

...টি (কোয়ন্টিটি), *n.* পরিমাণ ; ...amount of anything ; নির্দ্দিষ্ট ...সংখ্যা ; A specified amount ...(what *quantity* do you ...) (গণিতে) রাশি ; Anything ...quantum.

...টাম (কোয়েন্টাম্), *n.* পরিমাণ ; ...amount ; প্রয়োজনীয়, বাঞ্ছিত ...পরিমাণ ; Required, desired ...ed quantity.

...টাইন (কোয়র‍্যান্টীন্), *n.* ...রোগ বন্ধ করিবার জন্য) জাহাজ ...পৃথক্‌করণ ; Isolation im-...ship or person :—*v. t.* ...তীরের সহিত সংস্রব ...; Prohibit intercourse for ...infection.

...রেল (কোয়েরেল্), *n.* বিবাদ ; কলহ ; ...বিচ্ছেদ ; Angry dispute ; ...; breach of friend-...*v. i.* বিবাদ করা ; কলহ করা ; ...; Disagree ; dispute ...**Pick a quarrel (with)** ...করান ; Find some cause ...a quarrel.

...রেলসাম্), *a.* কলহ-...প্রিয় কুঁদুলে ; Disposed ...

Quarry (কোয়রি), *n.* প্রস্তরের আকর ; প্রস্তরখনি ; Stone or chalk mine ; অভিপ্রেত শিকার ; Intended prey ; অনুসৃত বস্তু ; Object pursued :—*v. t.* খনি হইতে উত্তোলন করা ; Dig or take from a quarry.

Quarryman (কোয়রিম্যান্), **Quarrier** (কোয়রিয়ার্), *n.* প্রস্তরখনি-খনক ; Man who works in a quarry.

Quart (কোয়র্ট), *n.* পরিমাণ-বিশেষ ; প্রায় তিন পোয়া ; Two pints ; দুই পাইন্ট পরিমাণবিশিষ্ট পাত্র ; Vessel containing two pints.

Quartan (কোয়র্ট্যান্), *a.* চাতুরহিক ; দুইদিন অন্তর (জ্বর) ; প্রতি চতুর্থ দিবসে সংঘটিত ; Occurring every fourth day :—*n.* প্রতি চতুর্থ দিবসে সংঘটিত জ্বর ; Intermittent fever occurring every fourth day.

Quarter (কোয়র্টার্), *n.* চতুর্থাংশ, সিকি ; Fourth part ; প্রায় চৌদ্দ সের ওজন ; 28 lbs. ; প্রদেশ ; Region ; district ; locality ; নগরাদির বিভাগ ; শহরের বিভাগ ; পাড়া ; Division of a town ; এক ঘণ্টার চতুর্থাংশ ; Fourth part of an hour ; যুদ্ধকালীন সেনানিবাস ; Station at which officers and men are placed during a battle :—*pl.* আবাস-স্থান ; দয়া ; শত্রুর প্রতি সদয় ব্যবহার ; Lodgings ; mercy ; mercy granted to a disabled antagonist :—*v. t.* চারি সমান ভাগে বিভক্ত করা ; Divide into four equal parts ; আশ্রয় দেওয়া ; Furnish with shelter ; বাসস্থান দেওয়া, বাসা দেওয়া ; Lodge. **At close quarters**—কাছাকাছি ; Near at hand.

Quarter-day (কোয়র্টার্-ডে), *n.* তিন মাস কালের শেষ দিন ; খাজনা বা ভাড়া দিবার দিন ; Day of quarter or when rent is due.

Quarter-deck (কোয়র্টার্-ডেক্), *n.*

...CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

উচ্চপদস্থ কর্ম্মচারীদের জন্য নির্দ্দিষ্ট উপরকার পাটাতনের অংশ ; The part of upper deck between stern and after-mast.

Quarterly (কোয়র্টার্‌লি), *a.* চতুর্থ-ভাগবিশিষ্ট ; চতুর্থাংশ-সমন্বিত ; Consisting of or containing a fourth part ; ত্রৈমাসিক ; Recurring at each quarter of the year :—*n.* ত্রৈমাসিক পত্র ; Magazine published every quarter of a year :—*ad.* তিন মাস অন্তর ; Once a quarter.

Quartermaster (কোয়র্টার্‌মাস্টার্), *n.* সৈন্যের নিবাস বন্দোবস্ত করিবার কর্ম্মচারী ; রসদাদি বণ্টনকারী সামরিক কর্ম্মচারী ; Officer for arranging the quarters of soldiers.

Quartern (কোয়র্টার্ণ্), *n.* চার পাউণ্ডের রুটি ; 4 lb. loaf.

Quarter-sessions (কোয়র্টার্‌-সেশ্‌ন্‌স্), *n. pl.* প্রত্যেক কাউন্‌টিতে অন্ততঃ দুইজন বিচারকের ত্রৈমাসিক অধিবেশন ; ইংলণ্ডের প্রত্যেক জেলায় তিনমাস অন্তর যে আদালত বসে ; General court held every three months by the Justices of Peace of each county.

Quarterstaff (কোয়র্টার্‌স্টাফ্), *n.* তলোয়ার খেলায় ব্যবহৃত একপ্রকার সোজা দুই হাতে চালাইবার স্থূল লগুড় ; Long straight staff wielded with both hands in an old kind of fencing.

Quartet, Quartette (কোয়র্টেট্), *n.* চারিভাগে বিভক্ত স্বরমাত্র বা যন্ত্রমাত্র সাহায্যে গীতবিশেষ ; চৌপদী ; Musical composition of four parts, each part performed by a single voice or instrument ; stanza of four lines.

Quarto (কোয়র্টো), *a.* আটপেজী ; Having the sheet folded into four leaves :—*n.* আটপেজী পুস্তক ; Book of a quarto size. *pl.* quartos.

Quartz (কোয়র্ট্‌জ্), *n.* স্ফটিকশিলা ; Rock-crystal. *a.*=quartzose, quartzitic, quartzy.

Quash (কোয়শ্), *v. t.* পরাস্ত করা ; ক্ষান্ত করা ; দমন করা ; Crush ; beat down ; subdue or extinguish suddenly and completely ; রহিত করা ; রদ করা ; বাতিল করা ; Annul ; make void.

Quasi (কোয়েসি), *conj.* যেন ; As if :—*pref.* প্রায় ; Almost (*quasi*-passive).

Quassia (কোয়শ্যা), *n.* বৃক্ষ-বিশেষ ; বৃক্ষের ছাল ; A kind of tree ; its bark.

Quater-centenary (কোয়্যাটার্‌-সেন্টেন্যারি), *n.* চতুঃশততম-বার্ষিক উৎসব ; Four-hundredth anniversary.

Quaternary (কোয়্যাটার্‌ন্যারি), *a.* চতুঃসংখ্যক ; চতুরাত্মক ; Consisting of four :—*n.* চতুঃসংখ্যক জিনিসের সমষ্টি ; Group of four things.

Quaternion (কোয়্যাটার্‌নিয়ন্), *n.* দুই যোড়া ; হালি ; Set of four :—*pl.* গণিত-শাস্ত্রীয় তত্ত্ববিশেষ ; A kind or method of mathematical investigation.

Quatrain (কোয়ট্রিন্), *n.* চতুষ্পদী শ্লোক ; Stanza of four lines rhyming alternately.

Quaver (কোয়েভার্), *v. t. i.* কম্পিত হওয়া ; কম্পিতস্বরে গান করা ; Shake ; sing or play with tremulous modulations :—*n.* স্বরকম্পন ; Sharp or rapid vibration of the voice.

Quay (কী), *n.* জাহাজ বোঝাই করিবার বা মাল তুলিয়া লইবার ঘাট, ক্রেন ; পোস্তা ; Wharf for the loading or unloading of vessels.

Quayage (কীয়িজ্), *n.* পোস্তা-ভাড়া ; মালঘাটের মাশুল ; Wharfage.

Quean (কুয়ীন্), *n.* বেশ্যা ; বালিকা ; Wench ; bold girl.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ক্ষ (কুইঙ্কি), *a.* বমনেচ্ছু ; বমন-...ned to vomit ; causing ...ক্ষোদ্দীপক ; Squeamish ; ...ness. *n.*=queasiness. *ad.*=...

...ন্), *n.* রাণী ; মহারাণী ; ...a king ; female sovereign ; ...রাজ্ঞী-মক্ষিকা ; Female of the ...রাজ্ঞীদের মধ্যে প্রধানা ; Chief ...kind ; (তাস খেলার) বিবি ; ...খেলার) মন্ত্রী ; (Of playing ...ne with the queen painted ...in chess) the piece which ...most deadly in attack.

Consort (কুয়ীন্ কন্‌সর্ট্), *n.* ...পাটরাণী, রাজার সহধর্ম্মিণী ; ...a reigning king.

Dowager (কুয়ীন্ ডাউয়েজার্), ...রাজার পত্নী ; Late king's wife.

...(কুয়ীন্‌লি), *a.* রাজ্ঞীবৎ ; রাজ্ঞীর ...Like a queen ; becoming ...able to a queen.

Mother (কুয়ীন্ মাদার্), *n.* ...রাজমাতা ; Queen Dowager ...mother of king or queen).

...(কুইয়ার্), *a.* অপূর্ব্ব ; অপরূপ ; ...অসাধারণ ; Odd ; strange ; ...সন্দেহব্যঞ্জক ; Suspicious ...character) ; অসুস্থ ; দুর্ব্বল ; ...faint (to feel *queer*) ; ...Eccentric. **In queer** ...ঋণগ্রস্ত ; In debt ; কষ্টে ...In trouble.

...(কুইরিশ্), *a.* কিয়ৎ পরিমাণে ...Somewhat queer.

...(কোয়েল্), *v. t.* প্রশমিত করা ; ...Allay ; calm ; দমন করা ; ...put down ; check.

...(কোয়েন্‌চ্), *v. t.* নির্ব্বাপিত ...put out ; প্রশান্ত করা ; প্রশমিত ...Allay ; ধ্বংস করা ; বিনষ্ট করা ; ...দমন করা ; Check.

Quenchable (কোয়েন্‌চ্যাব্‌ল্), *a.* নির্ব্বাপণীয় ; দমনীয় ; প্রশমনীয় ; That may be extinguished.

Quenchless (কোয়েন্‌চ্‌লিস্), *a.* অনির্ব্বাপণীয় ; That cannot be quenched (a *quenchless* flame) ; অদম্য ; অদমনীয় ; Irrepressible.

Quern (কোয়ার্ণ্), *n.* যাঁতা ; পেষণ-যন্ত্র ; Hand-mill for grinding grain.

Querulous (কোয়েরুলাস্), *a.* অসন্তুষ্ট ; অনুযোগকারী ; Discontented ; murmuring.

Query (কুয়ীরি), *n.* প্রশ্নের চিহ্ন ; Mark of interrogation ; প্রশ্ন ; জিজ্ঞাসা ; Question ; interrogatory :—*v. t. i.* জিজ্ঞাসা করা, প্রশ্ন করা ; Ask, inquire (*whether*, if) ; সন্দেহ করা ; Call in question.

Quest (কোয়েস্ট্), *n.* অনুসন্ধান, অন্বেষণ ; Search. **In quest of**—অনুসন্ধানে ; In search of.

Question (কোয়েস্‌চন্), *n.* প্রশ্ন ; Act of asking ; সন্দেহ ; Doubt ; বাদানুবাদ ; Dispute ; অনুসন্ধান ; অন্বেষণ ; Enquiry ; আলোচ্য বিষয় ; Subject of discussion :—*v. i.* প্রশ্ন করা ; Ask questions :—*v. t.* সন্দেহ করা ; Doubt ; প্রশ্নদ্বারা পরীক্ষা করা ; Examine by questions ; অবিশ্বাস করা ; Have no confidence in.

Questionable (কোয়েস্‌চন্যাব্‌ল্), *a.* অনিশ্চিত ; অধ্রুব ; Doubtful ; uncertain ; সন্দেহপূর্ণ ; সংশয়ান্বিত ; Suspicious ; বিবদনীয় ; Disputable.

Questioningly (কোয়েস্‌চনিংলি), *ad.* জিজ্ঞাসুভাবে ; In a questioning manner.

Questionnaire (কোশ্চনেয়্যার্), *n.* (উত্তরের জন্য স্থান ছাড়িয়া) প্রশ্নশ্রেণী ; A series of questions, particularly with spaces for answers.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Queue (কিউ), *n.* পুরাকালীন পৃষ্ঠবেণী ; Pigtail ; পালার জন্য অপেক্ষমান লোকের সারি ; Line of persons awaiting their turn to enter train, bus, etc. (stand in a *queue*).

Quibble (কুয়িব্‌ল্), *n.* কথার মারপ্যাঁচ ; দ্ব্যর্থক উক্তি ; শ্লেষ ; Evasion ; pun ; petty conceit :—*v. i.* বাক্‌চাতুরী করা ; Evade a question by a play upon words ; pun. *n.* = quibbler.

Quick (কুয়িক্), *a.* দ্রুত, বেগবান্ ; Swift, running with speed (a *quick* train) ; চট্‌পটে, প্রাণবন্ত ; Prompt ; lively, active (a *quick* child = a very intelligent child) ; সহজে উত্তেজনাশীল ; Easily excitable (*quick* temper) ; (প্রাচীন ব্যবহার) সজীব ; Living :—*n.* অতিমাত্র সংবেদনশীল দেহাংশ ; Most sensitive parts of the body ; মর্ম্মস্থল ; (*fig.*) The seat of feeling or emotion (touched or cut to the *quick*) :—*ad.* শীঘ্র ; অবিলম্বে ; দ্রুত-বেগে ; Soon ; without delay ; rapidly (come *quick*).

Quicken (কুয়িকেন্), *v. t. i.* জীবিত করা বা হওয়া ; Give life to, come to life ; তীক্ষ্ণ করা ; Sharpen ; প্রফুল্ল করা ; আনন্দিত করা ; Cheer ; ত্বরান্বিত করা বা হওয়া ; Make or become quicker ; অনুপ্রাণিত বা উজ্জীবিত করা বা হওয়া ; Inspire or be inspired.

Quick-lime (কুয়িক্-লাইম্), *n.* কলিচুন।

Quickly (কুয়িক্‌লি), *ad.* সত্বর ; অবিলম্বে ; Soon ; immediately.

Quickness (কুয়িক্‌নিস্), *n.* তৎপরতা ; দ্রুতবেগ ; তীক্ষ্ণতা ; Promptness ; rapidity ; acuteness.

Quick-sand (কুয়িক্-স্যাণ্ড্), *n.* চোরা-বালি ; Loose sand readily swallowing up ships, animals, etc. ; বিশ্বাস-ঘাতক বিষয় ; Anything treacherous.

Quick-sighted (কুয়িক্-সাইটেড্), তীক্ষ্ণদৃষ্টি ; Keen-sighted ; sharp-sighted ; তীক্ষ্ণবুদ্ধি ; Quick in discernment.

Quicksilver (কুয়িক্‌সিল্‌ভার্), পারদ ; পারা ; Mercury :—*v. t.* পারা দ্বারা আচ্ছাদিত করা ; Cover with mercury, as a looking-glass.

Quick-witted (কুয়িক্-উয়িটেড্), উপস্থিতবুদ্ধিবিশিষ্ট, প্রত্যুৎপন্নমতি ; Having ready wit.

Quid (কুয়িড্), *n.* মুখে রক্ষিত তামাক খৈনী ; A lump of tobacco for chewing ; এক পাউণ্ড ; £ 1.

Quiddity (কুয়িডিটি), *n.* সূক্ষ্মতা ; অনর্থক তর্ক বা বাক্‌চাতুর্য্য ; Trifling nicety ; cavil ; captious question ; নির্যাস ; সার ; Essence of anything.

Quidnunc (কুয়িড্‌নান্‌ক্), *n.* খবরের জন্য উৎসুক ব্যক্তি ; Newsmonger ; গুজব ; Gossip.

Quiescence (কোয়াইএসেন্স্), নিস্তব্ধতা ; স্থিরতা ; নিশ্চলতা ; Silence ; stillness.

Quiescent (কোয়াইএসেন্ট্), *a.* স্থির ; নিস্তব্ধ ; নিশ্চল ; শান্ত ; Still ; not moving ; unagitated ; silent.

Quiet (কোয়াইয়েট্), *a.* প্রশান্ত ; স্থির ; শান্ত ; নম্র ; Calm ; at rest ; tranquil ; gentle ; mild ; অপ্রকাশিত, গোপনীয় ; Not revealed, private (harbour *quiet* resentment) :—*n.* উপদ্রবশূন্যতা ; নির্ব্বিঘ্নতা ; নিস্তব্ধতা ; শান্তি ; Repose ; rest ; calm ; stillness ; peace :—*v. t. i.* শান্ত করা বা হওয়া ; Make or become quiet ; শান্ত করা ; Soothe (*quiet* a child). *v.* = quieten. **In quiet**—চুপে চুপে ; স্থির-ভাবে ; Quietly.

Quietism (কোয়ায়েটিজ্‌ম্), *n.* মানসিক ঔদাস্য : বৈরাগ্য ; Passive attitude towards life.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(কোয়েইটলি), *ad.* শান্তভাবে ; Calmly ; silently.

(কোয়েইটনিস্), **Quietude**), *n.* শান্তি ; বিশ্রাম ; Repose ; stillness ; silence.

(কোয়িটাস্), *n.* জীবন হইতে Release from life ; মৃত্যু ;

), *n.* হংসাদির পালক ; of a goose or other bird, pen ; কলম ; Pen ; শজারুর ; Spine, as of a porcu- শরের কলম ; Piece of reed-pen :—*v. t.* চুনট করা ; with small ridges like quills.

), *n.* লেপ, বালাপোষ ; coverlet :—*v. t.* লেপ করা ; ঝাঁটা ; Stitch together soft or warm substance

(কোয়াইন্যারি), *a.* পঞ্চক ; পূর্ণ ; Consisting of or in fives.

(কুইনাইন্), *n.* কুইনাইন্।

(কুয়িন্কোয়্যাজি- *a.* পঞ্চাশ হইতে উনষাট বর্ষ Fifty to fifty-nine years old : পঞ্চাশের কোঠায় বয়সের লোক ; 50 to 59 years old. +

(কুইন্কোয়্যাংগিউ- *a.* পঞ্চকোণবিশিষ্ট ; পঞ্চকোণী ; five angles.

(কুয়িন্কোয়েনিয়্যাল্), দিক ; পঞ্চবর্ষব্যাপী ; পাঁচসালা ; once in five years ; five years :—*n.* পঞ্চবার্ষিক উৎসব ; Fifth anniversary or bration.

(কুইনিন্ট্রি), *n.* কণ্ঠনালী-প্রদাহ ; ; Inflammatory throat-

Quintal (কুয়িন্ট্যাল্), *n.* হন্দর ; Hundredweight (100 or 112 lbs.).

Quintan (কুয়ীন্ট্যান্), *n.* পঞ্চদিন অন্তর জ্বর বা বেদনা ; Fever or ague recurring every fifth day :—*a.* পাঁচ দিন অন্তর ; Recurring every fifth day.

Quintessence (কুইন্টেসেন্স্), *n.* সারাংশ, বিশুদ্ধ সারভাগ ; Pure concentrated essence of anything.

Quintillion (কুয়িন্টিলিয়ন্), *n.* একের পৃষ্ঠে ত্রিশটি শূন্য বসাইলে যে সংখ্যা হয় তাহা ; Fifth power of a million, *i. e.*, 1 with 30 ciphers.

Quintuple (কুয়িন্টিউপ্ল্), *a.* পঞ্চগুণিত ; পাঁচগুণ ; Fivefold :—*v. t.* পঞ্চগুণিত করা ; পাঁচগুণ করা ; Make fivefold.

Quip (কুইপ্), *n.* বিদ্রূপ ; ঠাট্টা ; তামাসা ; Taunt ; gibe ; scoff. [of paper.

Quire (কয়ার্), *n.* এক দিস্তা ; 24 sheets

Quirk (কয়ার্ক্), *n.* বিদ্রূপ ; ঠাট্টা ; Taunt ; ঘোরফের ; বাক্যের ছল ; Quibble ; ছল ; Trick ; deceit ; shift ; আত্মাভিমান ; Slight conceit. *a.*=quirkish.

Quisling (কুয়িস্লিং), *n.* স্বদেশদ্রোহী ; Traitor ; ঘরের শত্রু ; Fifth columnist.

Quit (কুয়িট্), *v. t. i.* ত্যাগ করা ; Abandon ; leave ; শোধ করা ; Discharge ; repay ; মুক্ত করা ; মাপ করা ; রেহাই দেওয়া ; Release from obligation ; acquit ; absolve :—*a.* নির্ম্মুক্ত ; অব্যাহতিপ্রাপ্ত ; Set free ; discharged.

Quit-claim (কুয়িট্-ক্লেম্), *n.* দাবী পরিত্যাগ ; Formal renunciation of a claim.

Quite (কোয়াইট্), *ad.* সম্পূর্ণরূপে ; Completely ; wholly ; entirely ; অতীব ; অত্যন্ত ; Very.

Quit-rent (কুয়িট্-রেণ্ট্), *n.* মুক্তি-রাজস্ব, যাহা প্রদত্ত হইলে আনুগত্য হইতে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অব্যাহতি হয়; Rent paid by the tenant of a freehold discharging him from any other services.

Quittance (কুয়িট্যান্স্), *n.* নিষ্কৃতি; ঋণমুক্তি; কর্জ্জ হইতে অব্যাহতি; খোলসা; ফারকত; Discharge from a debt or obligation.

Quiver (কুয়িভার্), *n.* তূণীর; Case for arrows; কম্পন; Tremor:—*v. i.* কম্পিত হওয়া; Tremble.

Quixotic (কুয়িক্সটিক্), *a.* বাস্তবজ্ঞান-হীন; Impractical; অত্যধিক উদার; Excessively generous; ভাববিলাসী; Imaginative. *ad.*=quixotically.

Quixotism; (কুয়িক্সটিজ্ম্), **Quixotry** (কুয়িক্সট্রি), *n.* ডন্ কুইক্সটের কাজ-কর্ম্মের ন্যায় বাস্তবলেশবর্জ্জিত কেবল আবেগ ও কল্পনাপূর্ণ কাজ বা মতামত; Extravagant, romantic and absurd notions, schemes or actions like those of Don Quixote; অলীক কল্পনা; Visionary projects.

Quiz (কুয়িজ্), *n.* অদ্ভুত লোক; Odd fellow:—*v. t.* হতবুদ্ধি করা; Puzzle; উপহাস করা; ব্যঙ্গ করা; Make sport of. *n.*=quizzer. *a.*=quizzical.

Quoin (কয়িন্), *n.* বহিঃস্থ কোণ; External angle; ফর্ম্মা আঁটিবার গুলি; Wedge-like piece used to fasten the types in the forms.

Quoit (কয়িট্), *n.* নিক্ষেপার্থ লৌহনির্ম্মিত ক্রীড়াচক্র; Circular iron-ring to be pitched at a fixed object in play.

Quondam (কোয়ন্ডাম্), *a.* ভূতপূর্ব্ববর্ত্তী; Former. (a quondam friend).

Quorum (কোরাম্), *n.* কার্য্য-সম্পাদনে আবশ্যক নির্দ্দিষ্ট সভ্যসংখ্যা; Sufficient number to hold a meeting and transact business.

Quota (কোটা), *n.* অংশ; আনুপাতিক অংশ; Part; proportional share.

Quotable (কোট্যাব্‌ল্), *a.* উদ্ধৃতিযোগ্য; That may be quoted.

Quotation (কোটেশন্), *n.* উদ্ধৃতি; Passage quoted; উদ্ধৃত মূল্য, বাজার-দর, চলিত দর; Price quoted.

Quote (কোট্), *v. t.* বচন উদ্ধৃত করা; পুনরুক্তি করা; Cite; repeat the words of anyone; বাজার-দর দেওয়া; প্রচলিত মূল্যের উল্লেখ করা; Give the current price of. *n.*=quoter.

Quoth (কোথ্), *v. t.* বলিলাম; বলিলেন; কহে; কহিলাম; Said (used only in the 1st and 3rd persons, with the past tense, with the nominative always following it).

Quotha (কোথা), *int.* সত্য সত্যই; Forsooth.

Quotidian (কোটিডিয়্যান্), *a.* প্রাত্যহিক; দৈনন্দিন; Occurring daily; returning daily:—*n.* দৈনিক জ্বর; Fever that returns daily; ague that returns daily.

Quotient (কোশ্‌ন্ট্), *n.* ভাগফল; Result of a division sum.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

...ed by Arya Samaj Foundation Chennai and eGangotri

R

...র্ণমালার অষ্টাদশ ...; Eighteenth letter in ...lish alphabet. **The three** ...পঠন ও অঙ্ক ; Reading, ...ic and (a)rithmetic.

...র্যাবিট্), *n.* খাঁজ ; রাবিট্ ; ...e cut in the edge of a plank ...another may fit into it :— ...রাবিট্ দেওয়া ; খাঁজ কাটা ; Groove ...thus.

...র্যাবাই, র‍্যাবি), *n.* ইহুদি শাস্ত্রজ্ঞ ...ইহুদীয় ধর্ম্মব্যাখ্যা ও ক্রিয়াকলাপে ...অধিকার ; Jewish doctor or ...der of the law ; মহাশয়ের ...A form of address ...g respect.

...র্যাবিন্), *n.* (usu. *pl.*) ...১৩শ শতাব্দী মধ্যে যে সকল ...ধর্ম্মতে ও শাস্ত্রে অব্যাহত অধিকার ...রাবি ; Great Jewish author- ...n law and doctrine between ...d and the 13th centuries.

...ism (র্যাবিনিজ্ম্), *n.* ইহুদি- ...ধর্ম্মমত ; Doctrine or teaching ...Rabbis.

...র্যাবিট্), *n.* শশকজাতীয় ...; Animal of the hare ...

...র্যাব্), *n.* ইতর লোকসমূহ ; ...লোকের ভিড় ; Mob ; crowd ...lowest class of people.

...র্যাবিড্), *a.* প্রচণ্ড ; উৎকট ; ...ক্ষিপ্ত ; Furious ; raging ; ...=rabidity.

...র্যাবিজ্), *n.* কুক্কুর-শৃগালাদির ...ইত্যাদি) রোগবিশেষ ; (কুকুরের) ...; Distemper, as that of dogs, from which hydrophobia is communicated.

Raccoon, Racoon (র‍্যাকূন্), *n.* মাংসাশী জন্তুবিশেষ ; Furred bushy-tailed carnivorous quadruped of North America.

Race (রেস্), *n.* বংশ ; কুল ; Lineage ; family ; জাতি ; Nation ; tribe ; যাত্রা ; March ; progress ; দল ; পশুদল ; Herd ; প্রকার ; শ্রেণী ; Breed ; প্রবল স্রোত ; Rapid current ; দৌড়বাজি ; Contest in running or speed ; গতি ; সঞ্চার ; Progress ; movement of any kind. **The races**—কোনও বিশেষ দিনের সব কটি ঘোড়দৌড় :—*v. i.* দ্রুতবেগে দৌড়ান ; Run swiftly ; বাজি রাখিয়া দৌড়ান ; Contend in running :— *v. t.* অতিশয় বেগে দৌড় করান ; Cause to run very swiftly. *a.*=racial.

Race-course (রেস্-কোর্স্), **Race-ground** (রেস্-গ্রাউণ্ড্), *n.* ঘোড়দৌড়ের মাঠ ; Circular path on which races are run.

Race-day (রেস্-ডে), *n.* ঘোড়দৌড়ের দিন ; Day on which a race is held.

Race-horse (রেস্-হর্স্), *n.* ঘোড়দৌড়ের ঘোড়া ; দ্রুতগামী অশ্ব ; Horse bred for racing.

Raceme (রেসীম্), *n.* একই স্থূল বোঁটাকে কেন্দ্র করিয়া সমান সমান দূরে অবস্থিত খাট খাট বোঁটায় স্তবকাকারে সজ্জিত ফুল ; পুষ্পস্তবক ; Flower-cluster. *a.*=racemose.

Racer (রেসার্), *n.* ঘোড়দৌড়ের ঘোড়া ; Race-horse ; ধাবক ; One who runs a race.

Racial (রেসিয়্যাল্), *a.* জাতিগত ; Relating to race (*racial* pride).

...CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Racialism (রেসিয়্যালিজ্‌ম্‌), স্বাজাতিকতা ; Adherence to one's own race.

Racily (রেসিলি), *ad.* সতেজে ; With spirit.

Raciness (রেসিনেশ্‌), *n.* তেজী ভাব ; The quality of being racy.

Rack (র‍্যাক্‌), *n.* তীব্র বেদনা ; Extreme pain ; সম্পীড়ন-যন্ত্র ; Engine for torture ; দ্রব্য সাজাইয়া রাখিবার তাক ; Framework on which articles are arranged ; অশ্বাদির ভোজনার্থ শুষ্ক তৃণাদি দিবার ঘের ; Receptacle for hay for feeding horse, etc. :—*v. t.* সম্পীড়ন-যন্ত্রের উপর রাখা ; Stretch on the rack or wheel ; যন্ত্রণা দেওয়া ; পীড়ন করা ; Torture ; torment (*racked* with asthma). **Rack one's brains**—কিছু স্মরণ করিবার জন্য বা কোনও সমস্যা সমাধানের জন্য অত্যন্ত চেষ্টা করা ; Make great efforts to remember something or to solve a problem. **Go to rack and ruin**—উচ্ছন্ন যাওয়া ; ছারেখারে যাওয়া ; বিনষ্ট হওয়া ; Perish or be destroyed.

Racket (র‍্যাকিট্‌), *n.* টেনিস খেলিবার ব্যাট্‌।

Racketeer (র‍্যাকেটীয়ার্‌), *n.* ক্ষতি করিবার ভয় দেখাইয়া টাকা আদায়কারী ; A person who gets money from shops, etc. by threatening damage, etc.

Rack-rent (র‍্যাক্‌-রেণ্ট্‌), *n.* উচ্চ হারে নির্দ্দিষ্ট কর ; অতিরিক্ত রাজস্ব ; Extreme rent ; exorbitant rent.

Raconteur (র‍্যাকন্‌টার্‌), *n.* গল্প-কথক ; Teller of anecdotes. *fem.*= raconteuse.

Racy (রেসি), *a.* তীব্র ; সুগন্ধ ; তেজী ; Strong ; flavoured ; spirited ; টাট্‌কা ; তীব্রতাবিশিষ্ট ; ঝাঁজাল রসযুক্ত ; Fresh ; seasoned ; pungent.

Raddle (র‍্যাড্‌ল্‌), *v. t.* বয়ন করা ; বোনা ; Interweave :—*n.* বৃক্ষশাখাদ্বারা প্রস্তুত বেড়া ; Hedge formed by interweaving the branches of trees.

Radial (রেডিয়্যাল্‌), *a.* অংশুবৎ নির্গমকারী ; Shooting out like a ray or radius ; করাস্থি-সম্বন্ধীয় ; Pertaining to the radius of the forearm.

Radiance (রেডিয়্যান্স্‌), *n.* উজ্জ্বলতা ; প্রভা ; Brilliancy ; lustre ; splendour.

Radiant (রেডিয়্যাণ্ট্‌), *a.* কিরণবিকীর্ণ ; Giving out rays of light (*radiant* sun) ; সমুজ্জ্বল ; প্রভাশালী ; উজ্জ্বল ; Bright ; shining (*radiant* eyes) ; আনন্দোজ্জ্বল, আনন্দব্যঞ্জক ; Beaming with joy, showing great delight (*radiant* face) ; (পদার্থবিদ্যায়) বিকিরণের দ্বারা বিস্তৃত ; Transmitted by radiation (*radiant* heat).

Radiate (রেডিয়েট্‌), *v. t. i.* আলো বিকীর্ণ করা বা হওয়া ; Emit or send out rays ; দীপ্তি পাওয়া ; Shine.

Radiation (রেডিয়েশন্‌), *n.* বিকিরণ ; সরল রেখাক্রমে বিস্তৃতি ; Emission and diffusion of rays of light or heat. **Radiation of heat**—তাপ-বিকিরণ ; Emission and diffusion of heat.

Radiator (রেডিয়েটর্‌), *n.* ঘর গরম করিবার যন্ত্রবিশেষ ; Appliance for warming room ; মোটর গাড়ীর তাপ-নিবারক যন্ত্র ; Engine-cooling apparatus in a motor car. **Radiator cap**—তাপ-নিবারক যন্ত্রের মুখটি।

Radical (র‍্যাডিক্যাল্‌), *a.* মৌলিক ; আদিম ; Fundamental ; primitive ; original ; (রাজনীতিতে) গুরুতর সংস্কারে ইচ্ছুক ; চরমপন্থী ; Inclined to make great reforms (cap. *R*) ; চূড়ান্ত ; আমূল ; Thorough :—*n.* (ধাতু) মূল ; Root ; মূল শব্দ বা বর্ণ ; Primitive word or letter ; (রাজনীতিতে) চরমপন্থীর লোক ; One who holds extreme views in politics ; মূলক ; Base of a

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Raff (র‍্যাফ্), *n.* জঞ্জাল ; Rubbish ; হাঙ্গামাকারী ; Rowdy. *a.*=raffish.

Raffle (র‍্যাফ্‌ল্), *n.* স্বর্ত্তিখেলা ; দ্যূতক্রীড়া ; অক্ষ-ক্রীড়া ; Game of lottery or dice :—*v. t. i.* স্বর্ত্তিখেলায় প্রতিযোগিতা করা ; Compete in a raffle ; স্বর্ত্তিখেলার দ্বারা বিক্রয় করা ; Sell by raffle.

Raft (র‍্যাফ্‌ট্), *n.* ভেলা ; ভাসমান কাষ্ঠ-স্তূপ ; Logs fastened together to serve as a support on the water : —*v. t. i.* ভেলা দ্বারা বহন করা ; Carry on or in a raft ; ভেলার আকারে পরিণত করা ; Make into a raft.

Rafter (রাফ্‌টার্), *n.* বরগা ; আড়া ; Support ; beam supporting the roof of a house.

Rag (র‍্যাগ্), *n.* চীর ; ছিন্ন বস্ত্রখণ্ড ; Fragment of cloth ; জীর্ণ বস্ত্র ; Worn-out cloth :—*pl.* সামান্য পরিচ্ছদ ; Mean attire.

Ragamuffin (র‍্যাগ্যামাফিন্), *n.* ইতর লোক ; নীচ ব্যক্তি ; ওঁচা লোক ; Ragged dirty fellow.

Rage (রেজ্), *n.* প্রচণ্ড কোপ ; Violent anger ; তীব্র লালসা ; Vehement desire (with *for*) ; প্রকোপ ; প্রাবল্য ; Extreme violence ; রীতি ; Fashion : —*v. i.* ক্রোধোন্মত্ত হওয়া ; Be madly angry ; (বাতাস তরঙ্গ ইত্যাদি সম্পর্কে) অত্যন্ত প্রচণ্ড হওয়া ; Be violent ; (রোগাদি সম্পর্কে) চারিদিকে ছড়াইয়া পড়া ; Be widespread and difficult to stop.

Ragged (র‍্যাগিড্), *a.* ছিন্ন ; জীর্ণ ; গলিত ; Torn or rent into rags ; worn into rags ; নেকড়া-পরা ; ছিন্নবস্ত্র-পরিহিত ; Clad in rags ; কর্কশ ; এব্‌ড়োখেব্‌ড়ো ; Having a rough edge.

Ragman (র‍্যাগ্‌ম্যান্), *n.* নেকড়া সংগ্রহ বা বিক্রয়কারী ; Man who collects or deals in rags.

Ragout (র‍্যাগু), *n.* মাংসের কোর্ম্মা-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিশেষ ; Highly seasoned dish of meat.

Rag-tag (র‍্যাগ্-ট্যাগ্), *n.* সমাজের সর্ব্বনিম্নস্থ শ্রেণী ; Riff-raff ; the rabble.

Raid (রেড্), *n.* লুণ্ঠনার্থ আক্রমণ ; Hostile invasion :—*v. t. i.* হঠাৎ আক্রমণ করা ; Attack suddenly. **Air-raid**—বিমান আক্রমণ ; Aerial attack.

Rail (রেল্), *n.* গরাদে ; রেল ; Bar of wood or iron resting on posts ; লৌহবর্ত্ম ; One of the iron bars on which railway carriages run ; পক্ষিবিশেষ ; A genus of birds :—*v. t.* বেষ্টন করা ; Enclose ; রেলগাড়ীতে পাঠাইয়া দেওয়া ; Send by railway :—*v. i.* গালি বর্ষণ করা ; Abuse (with *at, against*).

Railing (রেলিং), *n.* লোহার বেড়া ; কাঠগড়া ; রেলের বেড়া ; Fence of posts and rails ; গালি ; তিরস্কার ; Abuse ; reviling :—*a.* গালিসূচক ; Expressing reproach.

Raillery (রেলারি), *n.* বিদ্রূপ, ঠাট্টা ; Banter.

Railroad (রেল্‌রোড্), **Railway** (রেল্‌ওয়ে), *n.* লৌহপথ ; লৌহবর্ত্ম ।

Raiment (রেমেণ্ট্), *n.* পরিচ্ছদ, পোষাক ; Clothing.

Rain (রেন্), *n.* বৃষ্টি ; বর্ষণ :—*pl.* বর্ষাকাল ; Rainy season :—*v. i.* বৃষ্টি হওয়া, বৃষ্টি পড়া ; Drop like rain :—*v. t.* বর্ষণ করা ; Pour like rain ; shower. **It rains**—বৃষ্টি হইতেছে। **Rain in torrents**—মুষলধারে বৃষ্টি পতিত হওয়া ; Rain heavily. **Rainfall**—বৃষ্টিপাত। **Rain-water**—বৃষ্টির জল।

Rainbow (রেন্‌বো), *n.* রাম-ধনু ; Iris.

Raindrop (রেন্‌ড্রপ্), *n.* বৃষ্টিবিন্দু ; Drop of rain.

Rain-gauge (রেন্-গেজ্), *n.* বৃষ্টি-পরিমাপক যন্ত্র ; বৃষ্টিমান-যন্ত্র ; Instrument for measuring the quantity of rain that falls.

Rainy (রেনি), *a.* বাদলা ; বৃষ্টিবহুল ; সবর্ষণ ; Abounding with rain ; showery. **Rainy day**—বাদলা দিন ; দুর্দ্দিন ; দুঃসময় ; Day abounding with rain ; bad times. **The rainy season**—বর্ষাকাল।

Raise (রেজ্), *v. t.* উত্তোলন করা ; তোলা ; Cause to rise, elevate, lift up ; বর্দ্ধিত করা ; সতেজ বা বলবৎ করা ; Increase to the strength of ; উৎপাদন করা ; Originate ; produce ; উন্নত করা ; Exalt ; উন্নীত করা ; To promote to a higher rank ; খাড়া করা ; নির্ম্মাণ করা ; Erect, make upright ; build ; উত্তেজিত করা ; জাগান ; Excite ; arouse ; পরিমাণ বা মূল্য বৃদ্ধি করা ; Increase the amount or value of (to *raise* prices) ; (প্রেত) জাগান ; Call up (spirits) ; উল্লেখ করা ; Mention (*raise* a point) ; সংগঠন করা, সঙ্ঘবদ্ধ করা ; Organize (*raise* an army) ; সংগ্রহ করা ; Get ; find (*raise* the money for) ; উচ্চ শব্দ করা ; Utter loudly (to *raise* a shout) ; স্ফীত করা , Cause to swell as dough.

Raisin (রেজ্‌ন্), *n.* শুষ্ক দ্রাক্ষা-ফল ; কিস্‌মিস্ ; মনাক্কা ; Dried grape.

Rake (রেক্), *v. t.* চাঁচিয়া ফেলা ; বাঁটি যন্ত্রদ্বারা আঁচড়াইয়া ফেলা বা জড় করা ; Scrape with something toothed ; কষ্টে সংগ্রহ করা ; Collect with difficulty ; পরিশ্রমপূর্ব্বক অনুসন্ধান করা ; অন্বেষণ করা ; Search diligently over ; লম্বালম্বিভাবে জাহাজে গোলাবর্ষণ করা ; Fire into a ship in the direction of her length of decks :—*v. i.* খোঁজ করা ; পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধান করা ; Search minutely ; প্রবলবেগে চলিয়া যাওয়া ; Pass with violence :—*n.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...দি বন্ধন করিবার জন্য দন্তবিশিষ্ট ...; Instrument with teeth ...thing earth, etc.; লম্পট; ...ক; Libertine; debau- ...চেষ্টা; হেলন; আনতি; Incli- ...of a mast from the perpen- ... **Rake up**—খুঁচিয়া তোলা; ...or revive, as old quarrels ...vances; স্মরণ করা; Call to

...(রেকিশ্), *a.* লম্পট; De- ...; মাস্তুলের আনতভাবযুক্ত; ...inclination of masts.

...ক্যানি), *v. t.* পুনরায় শ্রেণীবদ্ধ ...সংমিলিত করা; পুনর্ব্বার সংগ্রহ ...Collect and reduce to order; ...gather again; উপহাস করা; ...করা; ব্যঙ্গ করা; Banter; ...:—*v. i.* সমবেত হওয়া; পুনর্ব্বার ...হওয়া; Assemble; reunite; ...back in order; শক্তি পুনঃ-প্রাপ্ত ...Recover strength :—*n.* ...ত্রীর উদ্দেশ্যে) পুনর্ম্মিলন, পুনরায় ...হওয়া; Act of coming to- ...again for making fresh ...; সহ্যহার পর বা তৎসমকালে ...; Recovery of strength ...during an illness; (টেনিসে) ...কৃত মার; Strokes quickly ...; কোনও আন্দোলন সমর্থনে ...; An assembly to support ...(a political *rally*).

...), *n.* ভেড়া; Male sheep; ...ভাঙ্গিবার ঢেঁকিকল-বিশেষ; ...ram; মেষরাশি; One of ...of the zodiac; Aries :— ...; গাদা; দুর্ম্মুষ করা; Thrust ...violence, as a ram; force ...; drive down; ধাক্কা দেওয়া; ...against. *fem.*=ewe.

...(র‍্যাম্‌ল্), *v. i.* পর্য্যটন করা; ...ভ্রমণ করা; Wander; rove; এলোমেলো কথা বলা; Be desultory in discourse :—*n.* ইতস্ততঃ বিচরণ; Going about from place to place.

Rambling (র‍্যাম্‌ব্লিং), *a.* ভ্রমণকারী; পর্য্যটনশীল; Wandering; অনিয়মিত; Desultory.

Ramification (র‍্যামিফিকেশন্), *n.* শাখাপ্রশাখা; প্রতিশাখা; Branch; শ্রেণীবিভাগ; Division; subdivision.

Ramify (র‍্যামিফাই), *v. t. i.* শাখায় বিভক্ত করা বা হওয়া; Form or produce branches or offshoots.

Rammer (র‍্যামার্), *n.* মুদ্গর; দুর্ম্মুষ; Instrument for ramming.

Rammish (র‍্যামিশ্), *a.* বোঁটকা গন্ধপূর্ণ; Ram-smelling.

Ramp (র‍্যাম্প্), *n.* লম্ফ; A leap; a bound :—*v. i.* লম্ফ দেওয়া; লাফাইয়া উঠা; আরোহণ করা; Leap; bound; climb.

Rampant (র‍্যাম্প্যাণ্ট্), *a.* অনিয়ন্ত্রিত; দুর্দ্দান্ত; Unrestrained; wild; ferocious; vehement; (উদ্ভিদাদি-সম্বন্ধে) দ্রুত বর্দ্ধমান; Growing quickly; (সামাজিক দোষাদি-সম্পর্কে) ক্রমবর্দ্ধমান; Flourishing, rife; পশ্চাৎ-পদদ্বয়ের উপর দণ্ডায়মান; Standing on the hind legs. *n.*=rampancy.

Rampart (র‍্যাম্‌পার্ট্), *n.* দুর্গের চতুর্দ্দিকস্থ প্রাচীর; দুর্গপ্রাচীর; গড়ের চারি-দিকের মাটির ঢিপি; Broad wall or mound around a fortified place.

Ramrod (র‍্যাম্‌রড্), *n.* বন্দুকাদিতে বারুদ গাদিবার শিক; গাদন-কাঠি; Rod used in charging a gun.

Ramshackle (র‍্যাম্‌শ্যাক্‌ল্), *a.* জীর্ণ; খসিয়া পড়িবার মত; ঝুরঝুরে; Tumble-down; ill-made; out of repair (of a house or vehicle).

Ran (র‍্যান্), *p. t.* of **Run**.

Rancid (র‍্যান্সিড্), *a.* পচা বা বাসি চর্ব্বি-মাখনের গন্ধ বা স্বাদযুক্ত; Smelling

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

or tasting like rank stale fat or butter ; বাসি ; Not fresh. *n.*=rancidity.

Rancorous (র‍্যাংকরাস্), *a.* বিদ্বেষপূর্ণ ; হিংসাপূর্ণ ; Spiteful ; malicious.

Rancour (র‍্যাংকার্), *n.* হিংসা ; বদ্ধমূল বিদ্বেষ ; Grudge, deep-seated enmity.

Random (র‍্যান্ডম্), *a.* বিশৃঙ্খল ; অনিয়মিত ; অবিচারিত ; দৈবাধীন ; Done or uttered at hazard ; left to chance. **At random**—লক্ষ্যহীনভাবে, উদ্দেশ্যহীনভাবে ; Without aim or purpose.

Rang (র‍্যাং), *p. t.* of **Ring.**

Range (রেঞ্জ্), *n.* পঙ্‌ক্তি ; সারি ; Row ; line ; শ্রেণী ; Class ; order ; ইতস্ততঃ ভ্রমণ, পরিভ্রমণ ; Wandering ; মনের ধারণক্ষমতা, গোচর ; Capacity of mind ; গোলাগুলির পাল্লা ; Horizontal distance to which a shot is carried ; ভ্রমণ-সীমা ; পরিসর ; Extent of excursion ; সুদীর্ঘ চুল্লী-বিশেষ ; Long cooking stove of a kitchen :—*v. i.* শ্রেণীবদ্ধ হওয়া ; Be placed in order ; যদৃচ্ছাক্রমে ভ্রমণ করা ; অবাধে বা ইতস্ততঃ ভ্রমণ করা ; Rove at large ; wander about :—*v. t.* বিন্যাস করা ; শ্রেণীবদ্ধ করা ; Arrange ; set in a row.

Ranger (রেঞ্জার্), *n.* পর্য্যটক ; ভ্রমণকারী ; Rover ; শিকারী কুকুর ; Dog that beats the ground ; বনরক্ষী ; Officer who superintends a forest or park.

Rank (র‍্যাঙ্ক্), *n.* শ্রেণী ; সারি ; পঙ্‌ক্তি ; Row ; line ; স্থান ; পদ ; Place ; position ; উচ্চপদ ; High station ; মর্য্যাদা ; Degree of dignity ; সামাজিক উচ্চপদ ; High social position ; শ্রেণী ; Class ; order :—*v. t.* সারি করা ; পঙ্‌ক্তিবদ্ধ করা ; Place in a line ; শ্রেণীবদ্ধ করা ; Range in a class ; যথারীতি সজ্জিত করা ; Dispose methodically :—*v. i.* শ্রেণীবদ্ধ হওয়া ; Be placed in a rank ; be ranged ; পদবিশেষ প্রাপ্ত হওয়া ; পদ হওয়া ; Have a certain degree of elevation or distinction :—*a.* অতি ঘনভাবে বর্দ্ধিষ্ণু ; Growing luxuriantly (*rank* grass) ; দুর্গন্ধযুক্ত ; Rancid. **The rank and file**—সামান্য সৈন্যদল ; সমগ্র নিম্নশ্রেণীর সৈনিক ; Common soldiers ; সাধারণ লোক ; Ordinary people. **The ranks**—সাধারণ সৈন্যশ্রেণী ; Common soldiers.

Rankle (র‍্যাংকল্), *v. i.* উগ্র হওয়া ; জ্বালা করা ; প্রবল হওয়া ; Become rank ; be inflamed ; rage.

Ransack (র‍্যান্‌স্যাক্), *v. t.* লুণ্ঠন করা ; Plunder ; তন্ন তন্ন করিয়া অনুসন্ধান করা ; Search thoroughly.

Ransom (র‍্যান্‌সম্), *n.* বন্দীর উদ্ধারমূল্য ; মুক্তিমূল্য ; Price paid for redemption from captivity or punishment ; বন্দিত্ব-মোচন ; বন্দীর উদ্ধার ; Release from captivity, punishment or ownership :—*v. t.* টাকা দিয়া কয়েদী ব্যক্তিকে উদ্ধার করা ; উদ্ধার করা ; Redeem from captivity, rescue.

Rant (র‍্যান্ট্), *v. i. t.* প্রগল্‌ভতা করা ; Be noisy in words ; বাগাড়ম্বর করা ; Use bombastic language :—*n.* অর্থহীন বাক্য ; বড়াই ; বাগাড়ম্বর ; Boisterous, empty declamation ; bombast.

Ranter (র‍্যান্টার্), *n.* বহুভাষী প্রচারক ; Noisy preacher.

Rap (র‍্যাপ্), *v. i.* ঠোকর মারা ; ধাক্কা মারা ; Strike with a quick blow ; knock :—*v. t.* ধরিয়া লইয়া যাওয়া ; অপহরণ করা ; Seize and carry off ; আত্মহারা করা ; Transport out of one's self :—*n.* ঠোকর, ধাক্কা, ঘা ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...acious
...blow; knock; যৎকিঞ্চিৎ মূল্যের ...coin of a very small value.
...ous (র‍্যাপেশাস্), *a.* সর্ব্বগ্রাসী; ...লোলুপ; Voracious; given ...; greedy.
...ity (র‍্যাপ্যাসিটি), *n.* লুণ্ঠন-প্রবৃত্তি; ...; Extortion; excessive ...ness.
...প্), *n.* বলাৎকার, ধর্ষণ; Vio... of the chastity of a female; ...উদ্ভিদ্; A kind of plant: ...বলাৎকার বা ধর্ষণ করা; Ravish.
...ake (রেপ্-কেক্), *n.* সরিষার ...
...ll (রেপ্-অয়েল্), *n.* রাই বা [রাই। ...তৈল।
...seed (রেপ্-সীড্), *n.* সর্ষপ; ...d (র‍্যাপিড্), *a.* ত্বরিত; শীঘ্র; দ্রুত; ...: Very swift; speedy :—*n.* ...নদীর অবতরণ স্থান, যেখানে ...প্রবল; Part of a river ...the descent is steep and the ...t is most rapid.
...ity (র‍্যাপিডিটি), *n.* ক্ষিপ্রতা; ...; Swiftness; velocity.
...ly (র‍্যাপিড্লি), *ad.* ক্ষিপ্রতা-...; Swiftly.
...er (রেপিয়ার্), *n.* তরবারি-বিশেষ; ...: Dagger.
...ne (র‍্যাপিন্), *n.* লুণ্ঠন; লুঠপাট; ...der :—*v. t.* লুণ্ঠন করা; Plunder.
...per (র‍্যাপার্), *n.* দ্বারে আঘাতকারী; ...-knocker.
...rt (র‍্যাপোর্ট্), *n.* সম্বন্ধ; ...ion; যোগাযোগ; Communica... [পুনর্ম্মিলন; Reunion.
...rtochement (র‍্যাপ্রশ্‌মাঁ), *n.* ...(র‍্যাপ্ট্), *a.* উল্লসিত; ভাবে গদগদ; ...একান্ত নিবিষ্ট; Transported; ...absorbed (*rapt* attention).
...torial (র‍্যাপ্‌টোরিয়াল্), *a.* বল...হরণকারী; Predatory.

Rapture (র‍্যাপ্‌চার্), *n.* উল্লাস; মহানন্দ; অতিহর্ষ; Transport; extreme delight; ecstasy.

Rapturous (র‍্যাপ্‌চারাস্), *a.* পরমাহ্লাদ-জনক; উল্লাসসূচক; উল্লাসজনক; Ecstatic; expressing rapture; transporting.

Rare (রেয়ার্), *a.* বিরল; দুর্লভ; অসাধারণ; অসামান্য; Scarce; thinly scattered; uncommon; extraordinary; অত্যুৎকৃষ্ট; Excellent. *n.*=rareness. *ad.*=rarely—(কদাচিৎ)।

Rarefaction (রেয়ারিফ্যাক্‌শন্), *n.* বিরলীকরণ; তনূভবন; Expansion of aeriform bodies; act of rarefying.

Rarefy (রেয়ারিফাই), *v. t.* হাল্কা করা; লঘু করা; Make rare, thin, or less dense :—*v. i.* হাল্কা হওয়া; লঘু হওয়া; Become thin or light.

Rarity (রেয়ারিটি), *n.* বিরলতা, দুর্লভত্ব; দুর্লভ বস্তু; Thinness; uncommonness; a rare, uncommon object.

Rascal (র‍্যাস্‌ক্যাল্), *n.* প্রতারক, শঠ; Knave; দুষ্ট ছেলে; A rogue; (often playfully) a mischievous child.

Rascality (র‍্যাস্‌ক্যালিটি), *n.* পেজমি; ধূর্ত্ততা; শঠতা; Villainy; dishonesty; fraud.

Rascally (র‍্যাস্‌ক্যালি), *a.* নীচ; ইতর; অধম; জঘন্য; Vile; mean; base; worthless.

Rash (র‍্যাশ্), *a.* হঠকারী; গোঁয়ার; Hasty; headstrong :—*n.* চর্ম্মরোগ-বিশেষ; A slight eruption on the body.

Rasher (র‍্যাশার্), *n.* শূকরমাংসখণ্ড; Thin slice of bacon.

Rasp (রাস্প্), *n.* মোটা উখা; Coarse file :—*v. t.* মোটা উখা দ্বারা ঘর্ষণ করা; Rub with a rasp. *n.*=rasper.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Raspberry (রাস্ব্রবেরি), *n.* একপ্রকার কাঁটা গাছ ও তাহার ফল।

Rat (র‍্যাট্), *n.* বড় ইঁদুর। স্বদলত্যাগী ব্যক্তি; A person who deserts his party :—*v. i.* নিজের দল ছাড়া; Desert one's party.

Ratable, Rateable (রেট্যাব্ল্), *a.* মূল্যনিরূপণীয়, করধার্য্যকরণযোগ্য, করধারণের যোগ্য; Capable of being rated; taxable. *n.*=ratability. *ad.*=ratably.

Ratan, Rattan (র‍্যাটান্), *n.* বেত্র; বেত; A kind of small cane.

Rate (রেট্), *n.* নির্দ্দিষ্ট মূল্য; দর; Price; value; কর; Tax; গতি; Movement; জাহাজের শ্রেণী; Class of a ship; পরিমাণ; হার; Proportion or ratio :—*v. t.* দর দেওয়া; মূল্য স্থিরা করা; দাম ফেলা; Fix rates of; গণন করা; Calculate; হিসাব করা; Estimate :—*v. i.* গণনা করা; হার স্থির করা; Make an estimate. **At any rate**—যাহাই হউক না কেন; At all events; যে কোন উপায়ে; Anyhow. **At the rate of**—হারে; এই হারে; According to the scale of.

Rateable—See **Ratable.**

Rate-book (রেট্-বুক্), *n.* দরের বহি; হিসাব-বহি; Book of valuation.

Rate-payer (রেট্-পেয়ার্), *n.* করদাতা; One who pays a tax.

Rather (রাদার্), *ad.* বরং; Preferably; তার আগেই; Sooner (he would *rather* be poor than get money dishonestly); কিয়ৎ পরিমাণে, কিছু; Somewhat (*rather* tired); বহুল পরিমাণে, অধিকতর; To a greater extent, more (he depended on craming *rather* than on an intelligent assimilation); (চলিত, প্রশ্নের উত্তরে) নিশ্চয়ই; Certainly ("would you like to come? "*Rather*").

Ratification (র‍্যাটিফিকেশন্), *n.* অনুমোদন; অনুসমর্থন; Sanction; confirmation.

Ratify (র‍্যাটিফাই), *v. t.* অনুসমর্থন করা; অনুমোদন করা; Confirm; approve; মঞ্জুর করা; বাহাল করা; Sanction.

Ratio (রেশিও), *n.* হার, অনুপাত; Relation of one thing to another; proportion.

Ratiocination (র‍্যাটিয়সিনেশন্), *n.* অবরোহ-সিদ্ধান্ত, বিচার; Deducing conclusion from premises; act or process of reasoning. *v.*=ratiocinate. *a.*=ratiocinative.

Ration (রেশন্), *n.* (সৈনিক বা নাবিকের দৈনিক) খোরাক; রসদ; Rate of provisions (distributed to a soldier or sailor daily); নির্দ্দিষ্ট-পরিমাণ বরাদ্দ; Fixed quantity of anything :—*pl.* খাদ্যাদি; Provisions. **Ration card**—সংবিভাগ পত্র।

Rational (র‍্যাশন্যাল্), *a.* বিচারশক্তিসম্পন্ন; বিজ্ঞ; জ্ঞানী; Possessing reason; having reason; wise; বিবেকসম্বন্ধীয়; যুক্তিসঙ্গত, Relating or agreeable to reason; বুদ্ধিমান্; Intelligent; (গণিতে) মূলদ; (*math.*) Expressed without radical signs.

Rationale (র‍্যাশনেল্), *n.* মূলগত কারণ বা যুক্তিসিদ্ধ ভিত্তি; Fundamental reason or logical basis.

Rationalization (র‍্যাশনালাইজ্রেশন *n.* যুক্তিতর্কের বশে আনয়ন; Rationalizing; (ব্যবসায়ে) অনিষ্টকর প্রতিযোগিতা ইত্যাদি বর্জ্জন দ্বারা নয়াব্যবস্থা; Reorganization of a trade by cutting down useless competition, over-production, etc.

Rationalize (র‍্যাশন্যালাইজ্র্), *v. t.* বিচার করা; যুক্তিযুক্ত করা; Reason; adapt to reason. *n.*=rationalization.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...alism (র‍্যাশন্যালিজ্‌ম্), *n.* যুক্তি-...ction of doctrines not ...t with reason.

...alist (র‍্যাশন্যালিস্ট্), *n.* হৈতুক, ... One guided in one's opi-...ly by reason.

...alistic (র‍্যাশন্যালিস্টিক্), *a.* ...ধবিষয়ক কার্য্যপদ্ধতি বা মত-...বা তদনুযায়ী; Pertaining ... accordance with the prin-... rationalism.

...ality (র‍্যাশন্যালিটি), *n.* ...; Reasonableness; ব্যুৎ-... প্রজ্ঞাবত্তা; Possession or ...cise of reason; বিচারশক্তি; ... of reasoning.

...ally (র‍্যাশন্যালি), *ad.* যুক্তি-... Reasonably.

...e (র‍্যাট্‌সবেন্), *n.* ইঁদুরনাশক ...son for rats.

... (র‍্যাটান্),—See **Ratan.**

...ttle (র‍্যাট্‌ল্), *v. i.* খড়্ খড়্, ঘড়্ ঘড়্ ...শব্দ করা; Clatter; জোরে ...বক্ বক্ করিয়া বকিতে থাকা; ...eagerly and noisily :—*v. t.* ...ক্ শব্দ করান; ভর্ৎসনা করা; ...to make a rattling or ...sound; scold :—*n.* খড়্ ...শব্দ; Sharp noise; ...বকবকানি, নিরর্থক কথা; ...empty talk; খেলনা; ঝুমঝুমি; ...মুমূর্ষুকালীন) গলার ঘর্ঘর শব্দ; ...sound in the throat at the ...death. **Rattle-brained, ...headed**—নির্ব্বোধ; বহুভাষী; ...মুখর; Foolish; noisy; ...y.

...snake (র‍্যাট্‌স্নেক্), *n.* আমে-...রিকাদীয় বিষধর সর্প; Deadly ...snake.

...ক্‌কশ্), *a.* কর্কশ; Harsh.

...(র‍্যাভিজ্), *v. t.* লুঠ করা; লুণ্ঠপাট করা; ধ্বংস করা; ছারখার করা; Pillage; destroy; lay waste; spoil :—*n.* (usu. *pl.*) উচ্ছেদ, ধ্বংস; Devastation.

Rave (রেভ্), *v. i.* & *reflex.* বাতুলের মত প্রলাপ বকা; ভুল বকা; Talk like a mad man; talk without knowing what one is saying; (সমুদ্র বা বাতাস-সম্পর্কে) গর্জ্জন করা; Howl or roar.

Ravel (র‍্যাভেল্), *v. t.* আলুলায়িত করা; সেলাই খোলা; Untwist; unweave :—*v. i.* বিশ্লথ-গ্রন্থি হওয়া; আলুলায়িত হওয়া; Be untwisted or unwoven.

Ravelin (র‍্যাভ্‌লিন্), *n.* দুর্গের বহির্বেষ্টন-বিশেষ; Detached work formed of two embankments meeting at a silent angle.

Raven (র‍্যাভেন্), *v. t.* অতিলালসার সহিত ভক্ষণ করা; বলপূর্ব্বক লাভ করা; Devour greedily; obtain by violence :—*v. i.* বলপূর্ব্বক শিকার করা; Prey with rapacity :—*n.* শিকার; লুণ্ঠন; Prey; plunder.

Raven (রেভেন্), *n.* দাঁড়কাক :—*a.* কৃষ্ণবর্ণ; Black (*raven* hair).

Ravenous (র‍্যাভেনাস্), *a.* অতি ক্ষুধার্ত্ত; Famished; অতিরিক্ত ভোজনপ্রয়াসী; Voracious; অনাহারে ভয়ঙ্করপ্রকৃতি; Fierce from hunger; কিছুতেই তৃপ্ত নয় এমন; Never satisfied (*ravenous* eagerness).

Ravine (র‍্যাভীন্), *n.* গভীর সঙ্কীর্ণ গিরি-সঙ্কট; দরি; Deep, narrow mountain-pass; gorge.

Raving (রেভিং), *n.* (often *pl.*) প্রলাপ; Wild, meaningless speech :—*a.* প্রলাপকারী; Talking wildly.

Ravish (র‍্যাভিশ্), *v. t.* বলাৎকার করা; Violate chastity by force; rape; আহ্লাদে মগ্ন করা; আহ্লাদে আত্মহারা করা; Fill with ecstasy; বলপূর্ব্বক

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হরণ করা ; Seize and carry away by violence. *n.*=ravisher.

Ravishing (র‍্যাভিশিং), *a.* মনোহর ; অত্যাহ্লাদজনক ; Charming ; very pleasing ; ecstatic.

Ravishment (র‍্যাভিশ্‌মেণ্ট্), *n.* বলাৎকার ; Rape ; অত্যুল্লাস, পরমাহ্লাদ ; Rapture, ecstatic delight.

Raw (র), *a.* কাঁচা ; অপক্ক ; Not cooked ; unripe ; অপক্কবুদ্ধি ; অনভিজ্ঞ ; Inexperienced ; অমিশ্র ; অমিশ্রিত ; Not mixed ; অকালীয় ; Immature ; যন্ত্রণাদায়ক ; (Of flesh) painful ; প্রস্তুত হয় নাই এমন ; Unfinished ; আর্দ্র ; ঠাণ্ডা ; Damp ; cold.

Ray (রে), *n.* আলোক-রেখা, রশ্মি ; Line of light ; জ্ঞানালোক ; Intellectual light ; (*fig.*) ঈষৎ আভাস ; A slight trace (a *ray* of hope) ; এক-জাতীয় মৎস্য ; A class of fish.

Rayon (রেয়ন্), *n.* কৃত্রিম রেশম ; Artificial silk.

Raze (রেজ্), *v. t.* ভূমিসাৎ করা ; Lay level with the ground ; overthrow; বিনষ্ট করা ; Destroy.

Razor (রেজ্জর্), *n.* ক্ষুর ; Knife for [shaving.

Razor-strop (রেজ্জর্-স্ট্রপ্), *n.* ক্ষুর শানাইবার চর্ম্মখণ্ড ; চামাটি ; Strop for razors.

Re (রী), *prep.* বিষয়ে ; In the case of ; in the matter of :—*pref.* পুনঃ ; পশ্চাতে ; বিরুদ্ধে ; Again ; against.

Reach (রীচ্), *v. t. i.* পৌছান ; উপস্থিত হওয়া ; Arrive at ; attain to ; প্রসারিত করা বা হওয়া ; Stretch or hold out ; extend ; হাত বাড়াইয়া কোন কিছু পাওয়া বা স্পর্শ করা, নাগাল পাওয়া ; Attain or obtain by stretching out the hand ; উপার্জ্জন করা ; প্রাপ্ত হওয়া ; Gain :—*n.* বিস্তৃতি, প্রসার, বিস্তার ; Extension ; পাল্লা ; Range ; শক্তি ; Power ; নাগালের সীমা ; Limit of reaching ; দুই বাঁকের মধ্যবর্ত্তী অংশ ; Part of a river between bends.

React (রিয়্যাক্ট্), *v. t.* প্রতিক্রিয়া করা ; পুনরভিনয় করা ; Act again :— প্রতিঘাত করা ; প্রতিশোধ লওয়া ; পরস্পর উপর কার্য্য করা ; Return an impulse ; act upon each other ; প্রতিক্রিয়া করা ; Counteract. *a.*=reactive.

Reaction (রিয়্যাক্‌শন্), *n.* প্রতিক্রিয়া ; বিক্রিয়া ; Counteraction ; reciprocal action ; অধোগতি ; অবনতি (রোগাদিস্থলে) উন্নতি ; Backward tendency from reform or revolution ; lethargy ; progress.

Reactionary (রিয়্যাক্‌শন্যারি), *a.* প্রতিক্রিয়া-সম্বন্ধীয় ; প্রতিক্রিয়াশীল ; Relating to reaction ; tending to throw back to a former state.

Read (রীড্), *v. t.* পাঠ করা ; অধ্যয়ন করা ; পড়া ; Peruse ; study ; বুঝিয়া বোধগম্য করা ; Comprehend :— পাঠ অভ্যাস করা ; পড়া ; Practice much reading. **Read between the lines**—গূঢ় অর্থ বাহির করা ; Understand the implied meaning.

Read (রেড্), *p. t.* & *p. p.* of Read —*a.* পণ্ডিত ; শিক্ষিত ; বিদ্বান্ ; Versed in books ; learned.

Readable (রীডাব্‌ল্), *a.* পাঠোপযোগী ; Worth reading. *ad.* readably.

Readdress (রীয়্যাড্রেস্), *v. t.* পুনর্ব্বলা ; পুনশ্চ আবেদন করা ; Address again.

Reader (রীডার্), *n.* পাঠক ; One who reads ; প্রুফ্‌দ্রষ্টা ; One who reads or corrects proofs ; বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বা উপাধ্যায় ; University lecturer ; পাঠ-সঙ্কলন ; Text book of selections.

Readership (রীডার্‌শিপ্), *n.* বিশ্ব

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অধ্যাপকের পদ ; Office of

(রেডিলি), *ad.* তৎক্ষণাৎ ; At once ; willingly.

(রেডিনিস্), *n.* তৎপরতা ; State or quality of being **Hold in readiness**—প্রস্তুত Keep ready.

(রীডিং), *n.* পঠন ; পাঠ ; Perusal ; study ; act of পুস্তকাদির ব্যাখ্যা ; Interof a text, passage or সাধারণ-সমক্ষে আবৃত্তি ; পাঠ ; or formal recital ; পঠিত Passage read out to audi-. পাঠকারী ; পাঠ-সম্বন্ধীয় ; to reading ; pertaining study of books.

-book (রীডিং-বুক্), *n.* পাঠ্য-Book of exercises in read-

-room (রীডিং-রুম্), *n.* পাঠ-প্রকোষ্ঠ ; Room with etc. resorted to for read-

(রীয়াড্জার্ন্), *v. t.* পুনরায় মুলতুবী রাখা ; Adjourn again.

(রীয়াড্জাস্ট্), *v. t.* পুনরায় পুনঃ সজ্জিত করা ; Adjust, put in order again.

(রীয়াড্মিশন্), *n.* পুনরায় ভর্ত্তি ; Act of admit-

(রীয়াড্মিট্), *v. t.* পুনর্গ্রহণ পুনরায় ভর্ত্তি করা ; Admit again.

(রেডি), *a.* প্রস্তুত ; উৎসুক ; ইচ্ছুক ; Eager ; প্রস্তুত ; উদ্যত ; On the point তৎপর, ক্ষিপ্রহস্ত, উদ্যোগী ; prompt ; সন্নিহিত ; At hand ; উপস্থিত ; Present at hand ; সহজ ; Easy ; কৌশলী ; দক্ষ ; প্রত্যুৎপন্নমতি ; Dexterous. *n.*= readiness. *ad.*=readily. **Ready money**—নগদ টাকা ; Money in hand ; cash-payment.

Ready-made (রেডি-মেড্), *a.* পূর্ব্ব হইতে প্রস্তুত ; তৈয়ারী ; Prepared beforehand ; not made to order.

Ready-reckoner (রেডি-রেকনার্), *n.* দরকষা বই ; Book of tables.

Ready-witted (রেডি-উইটেড্), *a.* প্রত্যুৎপন্নমতি ; চতুর ; Having ready wit ; clever.

Reagent (রীএজেন্ট্), *n.* (রসায়নে) বিকারক, প্রতিক্রিয়াসাধক বস্তু (অন্য পদার্থের অস্তিত্ব জানিবার জন্য ব্যবহৃত) ; (*Chem.*) Substance employed to detect the presence of other bodies.

Real (রীয়াল্), *a.* বাস্তব ; Actually existing ; অকাল্পনিক ; Not imaginary ; স্থাবর ; Pertaining to things fixed, permanent as lands or houses :—*n.* স্পেনদেশীয় মুদ্রাবিশেষ ; Spanish coin worth about $2\frac{1}{2}d$.

Realism (রীয়্যালিজ্ম্), *n.* পূর্ব্বানুভূত বস্তুই সত্তাবান্ ইত্যাকার মত ; বাস্তববাদ ; Upholding that universals in logic are things, and not names.

Realist (রীয়্যালিস্ট্), *n.* বাস্তববাদী ; বস্তুতান্ত্রিক ; One who holds the doctrine of realism. *a.*=realistic.

Reality (রীয়্যালিটি), *n.* বাস্তব, বাস্তবতা ; State of being real ; সত্তা ; Thing existent. **In reality**—বস্তুতঃ ; Indeed ; really.

Realizable (রীয়্যালাইজ্যাব্ল্), *a.* আদায়-যোগ্য ; That may be realized.

Realization (রীয়্যালাইজ্রেশন্), *n.* বাস্তবে পরিণতি ; Converting into fact ; উপলব্ধি ; Clear apprehension ; আদায়করণ ; Act of realizing.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Realize (রীয়্যালাইজ্), *v. t.* সাধন করা; কার্য্যে পরিণত করা; Accomplish; bring into action; হৃদয়ঙ্গম করা, হৃদয়ে ধারণ করা, অনুভব করা; Feel strongly; আদায় করা; লাভ করা; Obtain; স্থাবর সম্পত্তিতে পরিণত করা; Convert into real property.

Really (রীয়্যালি), *ad.* প্রকৃতপক্ষে; বস্তুতঃ; যথার্থতঃ; বাস্তবিকই; প্রকৃতই; Actually; in truth.

Realm (রেল্ম্), *n.* রাষ্ট্র; রাজ্য; দেশ; রাজার অধিকার; Kingdom; province; country; royal jurisdiction.

Realty (রীয়্যাল্টি), *n.* স্থায়ী স্বত্ব; স্থাবর সম্পত্তি; Permanent right; real estate.

Reversioner (রিভার্শনার্), *n.* ভাবী উত্তরাধিকারী ; One entitled to reversion.

Revert (রিভার্ট্), *v. i.* পূর্ব্বাবস্থায় ফিরা অধিকারীর নিকট ফিরিয়া আসা ; Return to former state or owner (*to*) ; পুনরায় উল্লেখ করা ; Refer again.

Reverted (রিভার্টেড্), *a.* প্রত্যাগত বিপর্য্যস্ত ; Returned ; overthrown.

Review (রিভিউ), *n.* পর্য্যবেক্ষণ ; পরিদর্শন ; পুনঃপরীক্ষা ; Inspection ; re-examination ; পুনর্ব্বিচার ; Reconsideration ; সমালোচনা ; গ্রন্থ-সমালোচনা ; Careful or critical examination ; critique ; সমালোচনাদি-সমন্বিত সংবাদপত্র ; সমালোচন-পত্রিকা ; Periodical with criticism of books :—*v. t.* পুনর্ব্বিবেচনা করা ; পুনর্ব্বিচার করা ; Reconsider ; view again ; পরীক্ষা করা ; Examine carefully ; পরিদর্শন করা ; পর্য্যবেক্ষণ করা ; Inspect ; সমালোচনা করা ; দোষগুণ বিচার করা ; Criticise ; ছানি বিচার করা ; Re-examine judicially.

Reviewer (রিভিউয়ার্), *n.* সমালোচক ; পর্য্যবেক্ষক ; পরিদর্শক ; One who reviews ; inspector.

Revile (রিভাইল্), *v. t.* গালাগালি করা ; অপযশ করা ; Call by ill names ; vilify.

Revisal (রিভাইজ্যাল্), **Revision** (রিভিঝন্), *n.* পুনঃপরীক্ষা ; সংশোধন ; পরিদর্শন ; Re-examination ; correction ; review.

Revise (রিভাইজ্), *v. t.* পুনঃ পরীক্ষা করা ; পুনঃ পাঠ করা ; Re-examine and amend ; review ; reperuse :—*n.* পুনঃ-পরীক্ষা ; পুনরালোচনা ; Re-examination ; review ; দ্বিতীয়বার সংশোধিত মুদ্রিত পত্র ; Second proof-sheet. *n.* reviser.

Revision (রিভিঝন্)—See **Revisal**.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri.

Revisit (রিভিজিট্), *v. t.* পুনরায় সাক্ষাৎ করা; Visit again. *n.*=revisitation.

Revising (রিভাইজ্রিং), *a.* পুনরালোচনা-কারী; Revising.

Revitalize (রীভাইট্যালাইজ্), *v. i.* জীবিত করা; Bring back to life.

Revival (রিভাইভাল্), *n.* সংজ্ঞালাভ; recovery of consciousness; পুনরুত্থান; Re-awakening.

Revivalist (রিভাইভ্যালিস্ট্), *n.* ধর্ম্ম জাগাইবার জন্য যে লোক সভা পরিচালনা করে; A person who conducts meetings for the purpose of arousing religious enthusiasm.

Revive (রিভাইভ্), *v. i.* জীবিত হওয়া; জীবন লাভ করা; পুনর্জ্জীবন লাভ করা; Come to life; সংজ্ঞাপ্রাপ্ত হওয়া; পুনরায় সতেজ হওয়া; Recover consciousness :—*v. t.* পুনর্জ্জীবিত করা; Restore to life; বাঁচান; to life again; চৈতন্য সম্পাদন করা; Bring back to consciousness; জাগরিত করা; উদ্বোধিত করা; উত্তেজিত করা; Awaken; arouse; reanimate. *a.*=revivable.

Revivify (রিভিভিফাই), *v. t.* পুনর্জ্জীবিত করা; Reanimate. *n.*=revivification.

Revocable (রেভক্যাব্‌ল্), *a.* বাতিল-যোগ্য; বদল বা রদযোগ্য; Capable of being revoked. *ad.*=revocably.

Revocation (রেভকেশন্), *n.* খণ্ডন, রদ; বাতিলকরণ; Repeal; recall; প্রত্যাহার; Recalling.

Revoke (রিভোক্), *v. t.* বাতিল করা, রদ করা; ফিরাইয়া লওয়া; Annul; Recall:—*v. i.* (তাস খেলায়) অন্যায় করা; Fail to follow suit, at cards.

Revolt (রিভোল্ট্), *v. t. i.* বিদ্রোহী হওয়া; Rise in rebellion; অত্যন্ত বিতৃষ্ণ বা ভীত হওয়া; Be filled with distaste or horror; বিতৃষ্ণা, ভয় ইত্যাদিতে পূর্ণ করা; Fill with disgust, horror, etc.:—*n.* বিদ্রোহ; Rebellion.

Revolting (রিভোল্‌টিং), *a.* বীভৎস; ঘৃণাজনক; Shocking; disgusting.

Revolution (রেভল্‌শন্), *n.* পরিক্রমণ; আবর্ত্তন; Rotation; আমূল পরিবর্ত্তন; Violent change; রাষ্ট্র-বিপ্লব; Political change.

Revolutionary (রেভল্‌শন্যারি), *a.* বিরাট্ পরিবর্ত্তনমূলক; Involving great change (*revolutionary* measures); রাজনীতিক বিপ্লব-সম্বন্ধীয়; Of political revolution :—*n.* রাষ্ট্রবিপ্লবী, রাষ্ট্রবিপ্লববাদে বিশ্বাসী; One who takes part in, or believes in revolution.

Revolutionism (রেভল্‌শনিজ্‌ম্), *n.* বিপ্লবনীতি; Revolutionary doctrines.

Revolutionist (রেভল্‌শনিস্ট্), *n.* বিপ্লবী; রাষ্ট্রবিপ্লবকারী; One who favours or promotes a revolution.

Revolutionize (রেভল্‌শনাইজ্), *v. t.* আমূল পরিবর্ত্তিত করা; Bring about a violent change; রাষ্ট্রবিপ্লব সংঘটিত করা; Bring about a revolution.

Revolve (রিভল্‌ভ্), *v. t. i.* বৃত্তাকারে ঘোরান, ঘোরা; Turn round, go rolling along; আবর্ত্তিত হওয়া; নিয়মিত ঘটা; Move in regular periods; occur regularly (*revolving* seasons); চিন্তা করা; মনে তোলাপাড়া করা; Consider; think over.

Revolver (রিভল্‌ভার্), *n.* পিস্তল।

Revolving (রিভল্‌ভিং), *a.* ঘূর্ণমান; Turning round; আবর্ত্তমান; Rotating.

Revue (রিভিউ), *n.* গল্পবিহীন রঙ্গরসের গীতিনাট্য; A kind of theatrical entertainment consisting of dances, music, etc.

Revulsion (রিভাল্‌শন্), *n.* মনোভাবের

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সম্পূর্ণ পরিবর্ত্তন ; বিতৃষ্ণা, বিরাগ ; Complete change of feeling ; repugnance ; disgust.

Revulsive (রীভাল্‌সিভ্), *a.* বিতৃষ্ণা-জনক ; Causing revulsion.

Reward (রিওয়র্ড্), *n.* পুরস্কার ; Recompense ; prize ; প্রতিফল ; Retribution ; শ্রমফল ; Fruit of one's own labour ; পারিশ্রমিক ; Remuneration :—*v. t.* পুরস্কৃত করা ; প্রতিশোধ দেওয়া ; Recompense ; শাস্তি দেওয়া ; Punish ; ক্ষতিপূরণ করা ; Requite.

Rewrite (রীরাইট্), *v. t.* পুনর্ব্বার লেখা ; Write over again.

Reynard, Renard (রেন্যার্ড্), *n.* খেঁক্‌শিয়াল ; Fox.

Rhapsodical (র‍্যাপ্‌সডিক্যাল্), *a.* পুরাণ পাঠ-সংক্রান্ত ; Of rhapsody ; অসংলগ্ন ; Unconnected. *ad.*=rhapsodically.

Rhapsodist (র‍্যাপ্‌সডিস্ট্), *n.* অলঙ্কারপূর্ণ উচ্ছ্বসিত উক্তির বক্তা বা ঐরূপ রচনার লেখক ; One indulging in an enthusiastic high-flown utterance or composition.

Rhapsodize (র‍্যাপ্‌সডাইজ্), *v. t.* আবৃত্তি করা ; Recite in the manner of a rhapsody :—*v. i.* অসংলগ্ন বাক্যাবলী প্রকাশ করা ; Utter rhapsodies.

Rhapsody (র‍্যাপ্‌সডি), *n.* অলঙ্কারপূর্ণ উচ্ছ্বসিত উক্তি বা রচনা ; An enthusiastic high-flown utterance or composition.

Rhea (রীয়া), *n.* একরকম ঘাস ; একরকম উটপাখী ; A kind of grass ; a kind of ostrich.

hetoric (রেটরিক্), *n.* সাহিত্যের অলঙ্কার ; বাগ্মিতা ; Art of elegant and artistic composition ; art of speaking with propriety, elegance, force and effect.

Rhetorical (রেটরিক্যাল্), *a.* অলঙ্কার-শাস্ত্র-বিষয়ক ; বাগ্মিতা-বিষয়ক ; Pertaining to rhetoric ; oratorical. *ad.*=rhetorically.

Rhetorician (রেটরিশ্যন্), *n.* আলঙ্কারিক পণ্ডিত ; অলঙ্কারশাস্ত্রের অধ্যাপক ; One who teaches the art of rhetoric ; বক্তা ; বাগ্মী ; Orator.

Rheum (রূম্), *n.* শ্লেষ্মা ; পিচুটি ; সিক্‌নি ; কফ ; সর্দ্দি ; কাশ ; Thin serous fluid from the mucous glands. *a.*=rheumy, rheumic.

Rheumatic (রূম্যাটীক্), **Rheumatical** (রূম্যাটীক্যাল্), *a.* বাতরোগ-সম্বন্ধীয় ; বাতরোগাক্রান্ত ; Of, or affected with rheumatism ; বাতরোগজনিত ; Caused by rheumatism.

Rheumatism (রূম্যাটিজ্‌ম্), *n.* বাতরোগ ; Painful disease with inflammation in the joints and muscles.

Rhinoceros (রাইনসিরস্), *n.* গণ্ডার।

Rhododendron (রোডোডেন্‌ড্রন্), *n.* পুষ্পবৃক্ষ বা লতাবিশেষ।

Rhomb (রম্ব্), **Rhombus** (রম্বস্), *n.* সমবাহু অসমকোণী চতুর্ভুজ ক্ষেত্র ; Quadrilateral figure having four equal sides but its angles not right angles.

Rhombic (রম্বিক্), *a.* অসমকোণী-সমচতুর্ভুজ-ক্ষেত্রাকার ; Shaped like a rhomb.

Rhomboid (রম্বয়িড্), *n.* অসমকোণী চতুর্ভুজ ক্ষেত্র—যাহার কেবল বিপরীত বাহুদ্বয় সমান ; Four-sided figure with the opposite, but not adjacent, sides equal. *a.*=rhomboidal.

Rhombus (রম্বাস্)—See **Rhomb.**

Rhubarb (রূবার্ব্), *n.* রেউচিনি লতা-বিশেষ ; বিরেচক ঔষধ ; A kind of plant ; purgative medicine.

Rhyme, Rime (রাইম্), *n.* কবিতার চরণের মিল ; Correspondence of

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...at the ends of words ; শব্দের ... মিত্রাক্ষর কবিতা ; A composition in verses with a rhyme ...rhyme) :—*v. t.* কবিতা রচনা ...make rhymes or verses :— ...দিন করা ; Form a rhyme. ...out rhyme or reason— ...কোন সমর্থন ব্যতিরেকে ; Without ...ning or justification.

...d (রাইম্ড্), *a.* মিত্রাক্ষরযুক্ত ; ...hymes (*rhymed* verse).

...er (রাইমার্), **Rhymester** ...স্টার্), *n.* মিত্রাক্ষর কবিতা-লেখক ; ...r of rhymes.

...m (রিদ্‌ম্), *n.* ছন্দ ; ছন্দোহিল্লোল ; ...ন্দ ; ধ্বনির নিয়মানুগত আবৃত্তি ; ...; regular succession of ...s ; harmonious flow of ...sounds.

...mic (রিদ্‌মিক্), **Rhythmical** ...কাল্), *a.* ছন্দঃসম্বন্ধীয় ; Of rhythm ...*ad.*=rhythmically. **Rhythmic movement**—ছান্দস বা তালে ...ত্তি ছান্দস বিচলন।

...ব), *n.* পঞ্জর, পাঁজরা ; Bone ...ing part of the thorax ; ছাদের ...কাঠ ; Timber of a roof ; ...; Side-timber or support of ...ড় ; ছাতার শিক ; One of the ...on which the cloth of an ...ella is spread ; পাতার শিরা ; ...of a leaf :—*v. t.* পঞ্জরাবদ্ধ করা ; ...ish or enclose as with ribs ; ...রেখাপাতদ্বারা নির্ম্মাণ করা ; Form ...rising lines.

...d (রিব্যাল্ড্), *a.* নীচ ; ইতর ...Low ; base ; mean ; অশ্লীল ; ...; obscene :—*n.* নীচ ব্যক্তি ; ...কমী ব্যক্তি ; লম্পট ব্যক্তি ; Lewd ...; a loose, low character.

...ldry (রিব্যাল্ড্রি), *n.* অশ্লীলতা ; নীচ ভাষা ; অশ্লীল বাক্য ; Obscenity ; low and vulgar scurrility ; filthiness ; লাম্পট্য ; Lewdness.

Riband, Ribband (রিব্যাণ্ড্), **Ribbon** (রিবন্), *n.* রেশমী ফিতা ; ফালি ; Fillet or strip of silk ; narrow thin strip :—*v. t.* রেশমী ফিতাদ্বারা অলঙ্কৃত করা ; ফিতা দিয়া সাজান ; Adorn with ribbons.

Ribbed (রিব্‌ড্), *a.* শিরাল ; শিরতোলা ; Formed of or furnished with ribs.

Ribbon (রিবন্)—See **Riband**.

Rice (রাইস্), *n.* ধান্য ; চাউল ; Grain of a plant ; paddy ; husked paddy. **Rice-dust**—চাউলের কুঁড়া। **Rice-flour**—চাউলের গুঁড়া ; সফেদা। **Rice-paper**—একরকম কাগজ। **Rice-weevil**—চাউলের পোকা।

Rich (রিচ্), *a.* ধনবান্ ; Wealthy ; বহুমূল্য ; মূল্যবান্ ; Costly ; valuable ; প্রচুর, যথেষ্ট ; Abundant ; উর্ব্বর ; Fertile, fruitful ; (শব্দ, বর্ণাদি-সম্পর্কে) গাঢ়, সুগম্ভীর, ভাবপূর্ণ ; Full, deep, mellow (*rich* tones, *rich* colouring) ; মসলাযুক্ত, মসলা দিয়া প্রস্তুত ; Highly seasoned ; সারযুক্ত ; পুষ্টিকর ; Full of agreeable or nutritive qualities.

Riches (রিচিস্ত্র্), *n. pl.* ধন, ঐশ্বর্য্য ; Wealth ; প্রাচুর্য্য ; Abundance.

Rick (রিক্), *n.* ধান্য বা তৃণের রাশি ; স্তূপ ; গাদা ; Pile ; heap, as of hay.

Rickets (রিকিট্স্), *n.* শিশুদিগের অস্থি-বিকৃতিরোগবিশেষ ; Disease of children characterised by inhibited growth of bones.

Rickety (রিকিটি), *a.* অস্থিকৃশতা-রোগাক্রান্ত ; Affected with rickets ; ক্ষীণসন্ধি ; নড়বড়ে ; দুর্ব্বল ; Feeble in the joints ; shaky ; weak.

Ricochet (রিকোশেট্), *n.* ভূমির উপর লম্ফন ; Rebound along the ground ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ছিনিমিনি ; Skipping of a flatstone on the surface of water.

Rid (রিড্), *v. t.* মুক্ত করা, পরিত্রাণ করা ; পরিষ্কার করা ; Free ; clear. **Get rid of**—মুক্তিলাভ করা ; Be free from.

Riddance (রিড্যান্স্), *n.* মুক্তি ; উদ্ধার ; Act of freeing ; deliverance.

Riddle (রিড্ল), *n.* হেঁয়ালি ; প্রহেলিকা ; Enigma ; চালুনি ; ঝাঁজরি ; ছাঁকনি ; Coarse sieve ; কূটপ্রশ্ন ; Puzzling question :—*v. t.* শস্য ঝাড়া ; পৃথক্ করা ; Separate with a riddle, as grain from chaff :—*v. i.* হেঁয়ালি-চ্ছলে কথা বলা ; দুর্ব্বোধ্য ভাষা প্রয়োগ করা ; Speak enigmatically.

Ride (রাইড্), *v. i. t.* (অশ্বাদিতে) গমন করা ; গাড়ীতে যাওয়া ; Go on horse-back or in a carriage or railway (*ride* in a bus) ; ভাসিয়া চলা ; Float on ; আরোহণ করা ; চড়া ; Sit or rest on so as to be carried :—*n.* অশ্বারোহণ ; Riding (on horseback) ; অশ্বারোহণে গমন ; গাড়ীতে গমন ; Excursion on horseback or in a vehicle (a *ride* in a car) ; অশ্বারোহণ-স্থান ; অশ্বচালনার পথ ; Place or road for riding. *p. t.*=rode. *p. p.*=ridden.

Rider (রাইডার্), *n.* অশ্বারোহী ; One who rides ; অশ্বচালক ; One who manages a horse ; অতিরিক্ত পত্র বা উপপত্র যাহা অন্য পত্রে যোগ করিয়া দেওয়া হয় ; ক্রোড়-পত্র ; Addition to a bill or document, when nearly complete.

Ridge (রিজ্), *n.* পশ্চাৎপৃষ্ঠ ; পৃষ্ঠের উর্দ্ধদেশ ; Back or top of the back ; পর্ব্বত-শ্রেণী ; শৈল-শিরা ; Line of hills ; long range of hills ; উন্নত ভূমি ; Long elevation of land ; মটকা ; Top of the roof ridging to an angle ; লাঙ্গল-পদ্ধতি ; আলি ; Ground thrown up by the plough ; narrow elevation across a surface ; *v. t. i.* আলিতে পরিণত হওয়া ; উঁচু শিরাল করা ; Form into ridges ; mark with ridges. *a.*=ridgy.

Ridicule (রিডিকিউল্), *n.* ঠাট্টা, বিদ্রূপ ; পরিহাস, উপহাস ; Derision ; mockery ; humorous contempt :—*v. t.* ঠাট্টা করা ; উপহাস করা ; পরিহাস করা ; বিদ্রূপ করা ; Laugh at ; sneer at ; deride ; mock.

Ridiculous (রিডিকিউলাস্), *a.* অযথা বলিয়া উপহসনীয় ; Deserving to be laughed at as absurd.

Riding (রাইডিং), *a.* অশ্বারোহণপটু ; আরোহণীয় ; চড়িবার যোগ্য ; Used to ride or travel ; suitable for riding on, as a horse :—*n.* অশ্বারোহণ ; Act of mounting on a horse ; ইংলণ্ডের প্রদেশের বিভাগ-ত্রয়ের অন্যতম ; One of the three divisions of the county of York.

Rife (রাইফ্), *predi. a.* প্রচলিত ; পরিব্যাপ্ত ; Common ; prevailing.

Riff-raff (রিফ্-র‍্যাফ্), *n.* ইতর জনমণ্ডলী ; The rabble.

Rifle (রাইফ্ল্), *v. t.* খুঁজিয়া লুটে লওয়া ; Search and rob ; plunder ; খাঁজ কাটা ; প্রণালী খনন করা ; Groove :—*n.* বন্দুক-বিশেষ ; Rifle musket :—*pl.* উক্ত বন্দুকধারী সৈনিকদল ; Troops armed with rifles. *n.*=rifler. **Rifle-corps**—রাইফ্ল্‌ধারী সৈনিক দল ; Body of troops ready with rifles. **Rifle-man**—বন্দুকধারী সৈনিক ; Man armed with a rifle. **Rifle-range**—রাইফ্ল্ বন্দুকের চাঁদমারির স্থান ; Place for practising shooting with a rifle ; রাইফেলের গুলির যে দূরত্ব পর্য্যন্ত যায় ; The distance a bullet from a rifle will carry.

Rift (রিফ্ট্), *n.* ছিদ্র ; ফাটা ; ফাটল ; চিড় ; Cleft ; fissure ; crack :—*v. t.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...; চেরা; ফাড়া; Rive; ...—v. i. ফাটিয়া যাওয়া; বিদীর্ণ ...; burst open. **Rift-**...—সম্বন্ধ বা সংস উপত্যকা ...; v. t. পোষাক পরা; পরিধান ...; clothe; put on; ...; দিয়া) সজ্জিত করা; খাটান; ...; sails and tacklings :— ...; রজ্জু প্রভৃতি; Sails and ...; of a ship; কৌতুক; ...; Sportive frolic; trick. ...; সজ্জিত করা; Furnish ...; complete dress.

...; (রিগিং), n. জাহাজের পাল ...; দড়াদড়ি; রসারসি; Tackle, ...; etc. of the masts and ...

...; রাইট্), a. দক্ষিণ; ডাইন; Not ...; right hand); সোজা; ঠিক; ...; upright; প্রকৃত; ন্যায্য; ...; Exact; proper; just; rea-...; actual; সত্য; True; ...; খাড়া; Erect; পটু; Dext-...—n. ন্যায়; সত্য; যাথার্থ্য; ...; truth; propriety; ধর্ম্ম; ...; স্বত্ব; হক; দাওয়া; অধিকার; ...; claim; privilege; title; ...; দিক; Right side :—ad. ...; সরলভাবে; In a right or ...; অত্যন্ত; Very :—v. t. ...; সংশোধন করা; Do justice ...; make straight or right. ...; and left—(colloq.) ...; এলোপাতাড়ি; দুইদিকে; In all ...; in both directions.

...angled (রাইট্-অ্যাংগ্ল্ড্), a. ...; Having a right angle or ...angles.

...; (রাইচাস্), a. ন্যায্য; Just; ...; Virtuous; ভগবদ্ভক্ত; ...; Godly; free from guilt.

Righteousness (রাইচাস্‌নিস্), n. সাধুতা; পবিত্রতা; সদাচার; Quality of being righteous.

Rightful (রাইট্‌ফুল্), a. অধিকারবিশিষ্ট; ন্যায্য; ন্যায়সঙ্গত; Having right; according to justice; প্রকৃত; বৈধ; সমুচিত; True; lawful; proper.

Right-hand (রাইট্-হ্যাণ্ড্), a. দক্ষিণ-হস্ত-সম্বন্ধীয়; দক্ষিণ; ডাইন; Of the right hand or to the side opposite to the left. **Right-hand man**—কোনও শ্রেণীর দক্ষিণে যে দাঁড়ায়; One who stands on one's right in a rank; অত্যন্ত প্রয়োজনীয় লোক; A valuable helper.

Right-handed (রাইট্-হ্যাণ্ডেড্), a. যে দক্ষিণ হস্তই অধিক ব্যবহার করিতে সমর্থ; Able to use the right hand more often than the left.

Rightly (রাইট্‌লি), ad. ন্যায়তঃ; যথার্থতঃ; Justly; truly.

Rigid (রিজিড্), a. কঠোর, শক্ত, দৃঢ়; Stiff; কঠিন, দারুণ; Stern; severe; অনমনীয়; Inflexible.

Rigidity (রিজিডিটি), n. কাঠিন্য, দৃঢ়তা; Stiffness of manner.

Rigmarole (রিগ্‌ম্যারোল্), n. অনর্থক কথোপকথন; Talk without much sense; অসংলগ্ন দীর্ঘায়ত বিবৃতি; Unconnected, long-winded statements.

Rigor (রাইগোর্, রিগোর্), **Rigour** (রিগার্), n. কঠিনতা, কঠোরতা; Hardness, strictness; উগ্রতা; Intensity, severity :—pl. শীতাদির প্রাবল্য; The rough, unpleasant features of weather. **Rigor-mortis**—মৃত্যুর পর শবের কঠিনতা-প্রাপ্তি; Stiffening of body after death.

Rigorous (রিগারাস্), a. অত্যন্ত কঠোর, দয়ালেশশূন্য; Stern, unrelenting (*rigorous* discipline); অত্যন্ত নিখুঁত;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Minutely accurate (a *rigorous* search); উগ্র; অত্যন্ত ঠাণ্ডা; Harsh, cold (a *rigorous* climate).

Rill (রিল্), *n.* (কাব্যে) ক্ষুদ্র নদী; A small stream.

Rim (রিম্), *n.* উন্নত বেড়, ধার; কিনারা; প্রান্ত; Raised margin; border; edge; brim:—*v. t.* বেড় দেওয়া; বেষ্টন করা; Put a rim to.

Rime (রাইম্), *n.* (কাব্যে) তুহিনকণা; Hoar-frost.

Rime—See **Rhyme.**

Rind (রাইণ্ড্), *n.* বল্কল; খোসা; Bark; husk.

Rinderpest (রিণ্ডার্‌পেস্ট্), *n.* গবাদির সংক্রামক রোগ-বিশেষ; Malignant and contagious disease of cattle.

Ring (রিং), *n.* মণ্ডল, বৃত্ত; Circle; অঙ্গুরীয়ক; আংটি। রঙ্গভূমি; Circular area for races, etc.; বৃত্তাকারে সমবেত জনমণ্ডলী; Circular group of persons; শব্দ; Sound; ঘণ্টার শব্দ; Chime of many bells; বহুস্বরোত্থিত শব্দ; Sound of numerous voices:—*v. t.* বেষ্টিত করা; Encircle; বাজান; Cause to sound:—*v. i.* বাজা; Sound. *p. t.*=rang, rung. *p. p.*=rung.

Ring-dove (রিং-ডাভ্), *n.* কপোত-বিশেষ; A wood-pigeon.

Ring-finger (রিং-ফিংগার্), *n.* অনামিকা অঙ্গুলি; Third finger of the hand.

Ringleader (রিংলিডার্), *n.* দলপতি; দলের সর্দ্দার; দুর্ব্বৃত্তদের নেতা; Leader of a riotous body of persons; head of a riotous body.

Ringlet (রিংলিট্), *n.* ক্ষুদ্র অঙ্গুরী; ছোট আংটী; Little ring; কোঁকড়া চুল; চূর্ণ কুন্তল; Curly hair.

Ringworm (রিংওয়ার্ম্), *n.* দদ্রু; দাদ; [Herpes.

Rink (রিঙ্ক্), *n.* বরফাচ্ছন্ন ক্রীড়াভূমি; Stretch of ice where a race is run or games are played.

Rinse (রিন্স্), *v. t.* জল দিয়া পরিষ্কার করা; ধৌত করা; Cleanse with clean water. **Rinse one's mouth**—কুলকুচো করা; Gurgle.

Riot (রাইয়ট্), *v. i.* চীৎকার করা; Raise an uproar; উচ্ছৃঙ্খল হওয়া; অসংযত ব্যবহার করা; Revel; behave without self-control; সাধারণের শান্তি ভঙ্গ করা; Disturb the public peace:—*n.* হাঙ্গামা, দাঙ্গা; Disturbance of the public peace; হৈ-হল্লার সহিত ভোজন-পানোৎসব; Excessive feasting, revelry; উচ্ছৃঙ্খল ব্যবহার; Wanton conduct.

Rioter (রাইয়টার্), *n.* দাঙ্গাবাজ লোক; One who riots.

Riotous (রাইয়টাস্), *a.* দাঙ্গাবাজ; দুর্দ্দান্ত; Likely to cause a riot; unruly; ভোগাসক্ত, উচ্ছৃঙ্খল; Wanton; অসংযত; Unrestrained (to lead a *riotous* life).

Rip (রিপ্), *v. t.* কাটিয়া বিচ্ছিন্ন করা; ফাড়া, চেরা; Divide by cutting or tearing:—*n.* ফাটল; চিড়; Rent; tear; মাছের ঝুড়ি; Fish-basket.

Rip up an old sore—পুরাতন ক্ষত খুঁচিয়ে তোলা; পুরাণো কাহিনী ঘাঁটা; Revive an old quarrel or grievance.

Riparian (রাইপেরিয়্যান্), *a.* নদীতীর-সম্বন্ধীয়; Pertaining to a river-bank:—*n.* নদীতীরবাসী ব্যক্তি; One who dwells on a river-bank.

Ripe (রাইপ্), *a.* পাকা; Mature; সম্পন্ন; পরিণত; Finished; ব্যবহারের যোগী; Fit for use; উদ্যত; Ready.

Ripen (রাইপেন্), *v. i. t.* পাকা; পাকান; Grow or make ripe.

Ripple (রিপ্‌ল্), *n.* ক্ষুদ্র তরঙ্গ, লহর; A tiny wave; কেশাদির তরঙ্গবৎ কুঞ্চন;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

-like formation of hair, ...র মৃদু উত্থান-পতন ; A gentle ...fall of sound, *e. g.*, of talk ...ter :—*v. t.* তরঙ্গায়িত করা ; ...a ripple in ; cover with ...waves :—*v. i.* তরঙ্গায়িত হওয়া ; ...into ripples.

...রাইজ্), *n.* আরোহণ : উত্থান ; ...of rising ; ascent ; চড়াই ; ...ground ; মূল ; আদি ; Ori... ...বৃদ্ধি ; স্ফীতি ; Increase ; উন্নতি ; ...ance ; স্বরের উচ্চতর প্রকাশ ; ...ation of the voice :—*v. i.* ...ড়া ; Get up from the ...d ; ascend ; কাঁপিয়া উঠা ; ...ন ; জন্মান ; Grow ; উত্থিত হওয়া ; ...ar ; লম্ফ দেওয়া ; Spring ...লোচর হওয়া ; Come into ...আসিয়া পড়া ; Come forth ; ...হওয়া ; বিদ্রোহী হওয়া ; Be ex... ...বৃদ্ধি পাওয়া ; Increase. *p. t.* = ...*p. p.*=risen. **Rise and fall** ...-পতন ; উঠা-নামা ; তেজি-মন্দি ।

...(রাইজিং), *a.* উদীয়মান ; ...; Getting up :—*n.* বিদ্রোহ ; ...urrection.

...(রিস্ক্), *n.* সম্ভাব্য বিপদ্, ঝুঁকি ; ...nd ; মন্দ ফলের সম্ভাবনা ; Chance ...d consequences (at the *risk* ...e's life) :—*v. t.* ঝুঁকি গ্রহণ ... Take the chances of. **At risk of**—কোন বিপদের আশঙ্কা ...; Notwithstanding the ...ble danger. **Run a risk**— ...বিপদ্ ঘাড়ে করা ; বিপদের সম্ভাবনা ...কোন কার্য্যে প্রবৃত্ত হওয়া ; Incur ...d ; expose oneself to some ...

...(রিস্কি), *a.* বিপদের আশঙ্কাবিশিষ্ট ; ...; Hazardous ; dangerous.

...(রাইট্), *n.* ধর্ম্মবিধি ; আচার ; ...ous ceremony or usage.

Ritual (রিটিউয়্যাল্), *a.* শাস্ত্রসিদ্ধ ; আনুষ্ঠানিক ; Consisting of or prescribing rites ; ceremonial :—*n.* ধর্ম্মাচরণের শাস্ত্রীয় পদ্ধতি ; Manner of performing divine service ; তৎ-সম্বন্ধীয় পুস্তক ; Book of rites.

Ritualism (রিটিউয়্যালিজ্‌ম্), *n.* ক্রিয়াপদ্ধতি ; System of ritual or prescribed form of religion ; ক্রিয়ানুষ্ঠান ; Observance of prescribed forms in religion ; ধর্ম্মের বাহ্য অনুষ্ঠানে বিশ্বাস ; Confidence in mere rites or external ceremonies.

Ritualist (রিটিউয়্যালিস্ট্), *n.* দশকর্ম্মান্বিত ব্যক্তি ; ক্রিয়াপদ্ধতিজ্ঞ ; One skilled in or devoted to a ritual.

Ritualistic (রিটিউয়্যালিস্‌টিক্), *a.* ধর্ম্মের বাহ্য অনুষ্ঠানঘটিত ; Of the ritual.

Rival (রাইভ্যাল্), *n.* প্রতিযোগী ; প্রতিদ্বন্দ্বী ; Competitor :—*a.* বৈরী ; প্রতিযোগিতাপরায়ণ ; Standing in competition :—*v. t.* প্রতিযোগিতা করা ; প্রতিপক্ষতা করা ; Compete together ; emulate ; strive to equal or excel.

Rivalry (রাইভ্যাল্‌রি), **Rivalship** (রাইভ্যাল্‌শিপ্), *n.* প্রতিযোগিতা ; প্রতিদ্বন্দ্বিতা ; Competition ; emulation.

Rive (রাইভ্), *v. t.* বিদীর্ণ করা ; চেরা ; Rend asunder ; split :—*v. i.* বিদীর্ণ হওয়া ; চিরিয়া যাওয়া ; Be split asunder. *p. p.*=rived, riven.

River (রিভার্), *n.* নদী ; প্রবাহিণী ; Large running stream of water. **River-irrigated**—নদীমাতৃক ।

Riverain (রিভারেন্), **Riverine** (রিভারাইন্), *a.* নদী-সম্বন্ধীয়, নদীর বৈশিষ্ট্যপূর্ণ ; Of or characteristic of, a river.

River-basin (রিভার্-বেসিন্), *n.* নদীর অববাহিকা ; The area drained by a river and its tributaries.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

River-bed (রিভার্-বেড্), *n.* নদীগর্ভ ; Bed of a river.

River-horse (রিভার্-হর্স্), *n.* জল-হস্তী ; Hippopotamus.

Riverine—See **Riverain.**

Riverside (রিভার্সাইড্), *n.* নদীতীর ; Bank of a river.

Rivet (রিভিট্), *n.* পেরেক-বিশেষ ; পেরেক ; কীলক ; Pin pinched at both ends :—*v. t.* পেরেকদ্বারা আঁটা বা আবদ্ধ করা ; Fasten with a rivet ; (*fig.*) (চোখ, মনোযোগ) নিবদ্ধ করা ; Fix or concentrate (the eyes, the attention) on ; (মনোযোগ) আকর্ষণ করা ; Attract (attention).

Roach (রোচ্), *n.* মৎস্যবিশেষ ; Fresh-water fish of silvery colour.

Road (রোড্), *n.* রাস্তা, রাজপথ ; Open way for passengers and traffic, a highway ; বাঁধা পথ ; A route (the *road* to station) ; কার্য্যসাধনের উপায় ; The method of achieving something.

Road (রোড্), **Roadstead** (রোড্স্টেড্), **Roads** (রোড্স্), *n.* জাহাজ নোঙ্গর করিবার স্থান ; Place where ships ride at anchor.

Roadside (রোড্সাইড্), *n.* রাস্তার পার্শ্ব, পথিপার্শ্ব ; Wayside ; পথিপার্শ্বস্থ চলিবার রাস্তা ; Footpath.

Roadster (রোড্স্টার্), *n.* সাধারণতঃ দুইটি যাত্রীর উপযোগী খোলা মোটর গাড়ী ; An open motor car, usu. for two passengers.

Roadway (রোড্ওয়ে), *n.* যানবাহন চলাচলের পথ ; Main part of the road, used mainly for vehicular traffic.

Roam (রোম্), *v. i.* ইতস্ততঃ ভ্রমণ করা ; ঘুরিয়া বেড়ান ; Rove about ; ramble :—*v. t.* ভ্রমণ করিয়া অতিক্রম করা ; Wander over :—*n.* উদ্দেশ্যহীন ভ্রমণ ; Aimless wandering.

Roan (রোন্), *a.* রঞ্জিত ; বিচিত্র ; Of mixed colour with a decided shade of red :—*n.* বিচিত্র বর্ণ ; Roan colour ; চিত্রঘোটক ; Roan horse ; একপ্রকার মেষচর্ম্ম ; A kind of sheep-skin leather.

Roar (রোর্), *n.* গর্জ্জন ; হুঙ্কার ; Cry of a beast ; গুরু গুরু ধ্বনি ; চীৎকার ; উচ্চ শব্দ ; Full, loud sound ; shout ; loud cry ; আহ্লাদসূচক চীৎকার ; আর্ত্তনাদ ; Outcry of mirth or distress :—*v. i.* গর্জ্জন করা ; গোঁ গোঁ শব্দ করা ; Cry, as a beast ; চীৎকার করা ; রব করা ; Cry with a full, loud sound :—*v. t.* উচ্চৈঃস্বরে প্রচার করা ; Proclaim loudly.

Roarer (রোরার্), *n.* (বিশেষতঃ) গর্জ্জনকারী অশ্ব ; A roaring horse.

Roaring (রোরিং), *n.* গর্জ্জন ; Loud noise :—*a.* গর্জ্জনকারী ; Noisy ঝটিকাক্ষুব্ধ ; Stormy ; কর্ম্মচঞ্চল, বেগে চলতি ; Brisk, active (*roaring* trade).

Roast (রোস্ট্), *v. t.* মাংসের কাবাব করা ; অগ্নির উত্তাপে ঝলসাইয়া পাক করা ; Cook before the fire ; cook by exposure to heat ; ভাজা ; Parch ; অত্যন্ত উত্তপ্ত করা ; Heat to excess :—*n.* কাবাব ; ঝলসান মাংস ; That which is roasted.

Rob (রব্), *v. t.* বলপূর্ব্বক কাড়িয়া লওয়া ; লুণ্ঠন করা ; হরণ করা ; অপহরণ করা ; Snatch away ; plunder ; steal ; বঞ্চিত করা ; Deprive.

Robber (রবার্), *n.* দস্যু ; ডাকাইত ; One who robs.

Robbery (রবারি), *n.* অপহরণ, চুরি ; ডাকাইতি, দস্যুবৃত্তি ; Theft ; plundering.

Robe (রোব্), *n.* লম্বা, ঢিলা বহির্বাস ; A long, loose, flowing outer garment ; কোনও বিশিষ্ট পদের প্রতীকরূপ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ক; Similar garment ... a sign of office (royal ... t. বস্ত্রদ্বারা আচ্ছাদিত করা ; ... Dress ; clothe ; সজ্জিত ...

...), **Robin redbreast** ...), n. ক্ষুদ্র গায়ক পক্ষি- ... A small singing bird. ...d-fellow—রঙ্গকারী ভূত- ...active goblin.

...ড (রবিন্ হুড্), n. উক্ত নামের ... (capital R & H) ...t-law (of that name).

...), n. মানুষের মত কার্য্যকারী ...chanism made to act like ...(fig.) যন্ত্রবৎ লোক ; A person ...ves like a machine.

...(রোবাস্ট্), a. বলবান্ ; ... সতেজ ; জোরাল ; Sound ; Muscular.

...(রহ্), n. বৃহৎকায় পক্ষিবিশেষ। ...ড—অশ্ব-ডিম্ব ; Mare's nest.

...(রচিট্), n. বিশপের পরিচ্ছদ- Linen garment worn by ...

...), n. পাহাড় ; শিলা, প্রস্তর ; ...ass of stone ; stone ; (fig.) ...ষের যে কোন কারণ ; Any ...failure or disaster :—v. t. ...ক্রম দেওয়া ; Move backwards ...wards :—v. i. দোদুল্যমান হওয়া ; ...ওয়া ; Totter, swing. **Rock-**...-দ্বারা বেষ্টিত ; Hemmed ... **Rock crystal**—স্ফটিক।

...tom (রক্-বটম্), a. সর্ব্বনিম্ন ; ...y lowest (*rock-bottom* ...—n. সর্ব্বনিম্ন বিন্দু ; The very ...oint.

...ক্রাড্), n. যে দোলায় ; One ...s the cradle ; দোলনার বক্র ... Curving support on which ...or chair rocks.

Rocket (রকিট্), n. হাউইবাজি।

Rock-oil (রক্-অয়িল্), n. খনিজ তৈল ; Petroleum.

Rock-salt (রক্-সল্ট্), n. সৈন্ধব লবণ ; খনিজ লবণ ; Salt in rock-like masses.

Rock-snake (রক্-স্নেক্), n. বৃহদাকার পর্ব্বতীয় বোড়াসাপ ; A kind of serpent ; python.

Rocky (রকি), a. শিলাময় ; Abounding in rocks ; শিলাবৎ শক্ত ; Hard like rock ; কম্পমান, অদৃঢ় ; Shaky, not firm (*rocky* chain).

Rod (রড্), n. যষ্টি ; দণ্ড ; Slender stick ; wand ; বেত্র ; Cane ; পরিমাপ-দণ্ডবিশেষ ; Pole ; ১৬½ ফুট ; 16½ feet ; শাসন-দণ্ড ; ক্ষমতার চিহ্ন ; Emblem of power or authority. **Fishing-rod**—ছিপ।

Rode (রোড্), p. t. of **Ride.**

Rodent (রোডেণ্ট্), n. তীক্ষ্ণদন্ত ইন্দুরাদি ; Gnawing animals like mice, rats, etc. :—a. চর্ব্বণকারী ; কর্ত্তনকারী ; Gnawing.

Rodomontade (রডোমণ্টেড্), n. বৃথা দম্ভ ; বৃথা গর্ব্ব ; Vain boasting :—v. i. দম্ভভরে কথা কহা ; Talk boastfully.

Roe (রো), n. মৎস্যের ডিম্ব ; Spawn ; eggs of fishes ; মৃগী ; হরিণী ; Female deer. *mas.*=hart.

Roe-buck (রো-বাক্), n. একপ্রকার মৃগ ; Male deer of elegant shape.

Rogue (রোগ্), n. দুরাত্মা ; প্রতারক ; পাজি ; দুর্জ্জন ; শঠ ; Knave ; wicked fellow ; cheat ; বদমাইস্ লোক ; কৌতুকপ্রিয় ব্যক্তি ; Mischievous or frolicsome person ; ভবঘুরে ; Vagrant ; vagabond.

Roguery (রোগারি), n. জুয়াচুরি ; প্রতারণা ; শঠতা ; Knavish tricks ; fraud ; বজ্জাতি ; বদমাইসি ; Waggery ; mischievousness.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Roguish (রোগিশ্), *a.* জুয়াচুরি-সম্বন্ধীয় ; প্রতারক ; Knavish ; শঠ ; ধূর্ত্ত ; অনিষ্ট-কারী ; Waggish ; mischievous.

Roil (রয়িল্). *v. t.* ঘোলা করা ; Make turbid.

Roister (রয়িস্টার্), *v. i.* হৈ-হল্লা করা ; Be boisterous in merry-making.

Roisterer (রয়িস্টারার্), *n.* হৈ-হল্লাকারী ; A noisy merry-maker.

Role (রোল্), *n.* অভিনেতা কর্ত্তৃক অভি-নীত অংশ ; The part played by an actor (the leading *role*) ; বাস্তব-জীবনে কৃত কর্ম্ম ; A part played in real life ; কোনও লোকের নির্দ্দিষ্ট কাজ ; A person's function. **Title-role** —যে নামের বই সেই নামেরই প্রধান চরিত্র ; The name of the character from whom the title of the play is taken (*e. g.*, Othello).

Roll (রোল্), *n.* আবর্ত্তন ; গুটান ; Act of rolling ; জড়ান বস্তু ; Anything rolled ; পেষণী ; Roller ; দলিল ; Docu-ment ; তালিকা ; Register ; নামের ফর্দ্দ ; A list of names ; একখানা রুটি, রুটির তাল ; A loaf, small cake of bread ; অবিরাম ঢাকের শব্দ ; Continued sound of a drum ; পদ ; Office :— *v. i.* ঘোরা ; চাকার ন্যায় ঘোরা ; Revolve ; turn round like a wheel ; তাল পাকাইয়া যাওয়া ; Be formed into a round mass ; অক্ষের উপর আবর্ত্তিত হওয়া ; Revolve upon an axis ; আন্দোলিত হওয়া ; সঞ্চালিত হওয়া ; Move, as waves ; গড়াইতে থাকা ; Wallow ; ইতস্ততঃ চালিত হওয়া ; Be tossed about ; গড়াইয়া যাওয়া ; দোলায়িত হওয়া ; Rock ; গড়্ গড়্ শব্দ হওয়া ; ঢাকের শব্দের মত শব্দ হওয়া ; Sound, as a drum beaten rapidly : —*v. t.* গড়ান ; Cause to roll ; গুটান ; জড়ান ; Wrap round on itself ; চক্রের উপর সঞ্চালিত করা বা ঘোরান ; Move upon wheels ; চালিত করা ; D[illegible] forward ; চাপিয়া সমতল করা ; [illegible] বস্তুদ্বারা পেষণ করা ; Press wi[illegible] roller ; দ্রুতহস্তে বাজান ; [illegible] rapidly, as a drum ; বিজড়িত [illegible] বেষ্টন করা ; Enwrap ; encir[illegible] গড়্ গড়্ করিয়া বলিয়া যাওয়া ; [illegible] তোলাপাড়া করা ; Utter quic[illegible] ponder. **Rolled gold**—[illegible] পাতলা পাতের আবরণে মোড়া নিরেট [illegible]

Roll-call (রোল্-কল্), *n.* নামের [illegible] ধরিয়া নাম ডাকা ; Calling by a [illegible] of names.

Roller (রোলার্), *n.* ডলনা ; [illegible] গোলাকার কাষ্ঠ বা প্রস্তর ; নোড়া ; Cy[illegible]drical wood or stone ; [illegible] (বস্ত্রাদির ফালি) ; Bandage ; পক্ষি[illegible] A kind of bird :—*pl.* উত্তাল [illegible] A long swelling wave.

Rollick (রলিক্), *v. i.* দিলদরিয়া [illegible] চলা ; Behave in a noisy, jo[illegible] boisterous manner ; স্ফূর্ত্তিবাজের [illegible] ঘুরিয়া বেড়ান ; Frisk about.

Rolling (রোলিং). *a.* ঘূর্ণমান ; T[illegible]ing over and over :—*n* [illegible] শব্দ ; A dull, rumbling sound ([illegible] *rolling* of the drums). **Rolli[illegible] look**—বিলোলদৃষ্টি। **Rolling-pi[illegible]** রুটি ইত্যাদি বেলিবার বেলুন। **Rolli[illegible] press**—কাপড় ইস্তিরি করিবার [illegible] Press of two cylinders for cal[illegible]dering cloth.

Romaic (রোমেয়িক্), *a.* [illegible] গ্রীসদেশ বা গ্রীক্‌ভাষা-সম্বন্ধীয় ; Relat[illegible] to modern Greece or to its lan[illegible]age :—*n.* আধুনিক গ্রীক্ বা গ্রীক্‌ভা[illegible] Modern Greek or the langu[illegible] of the Greeks.

Roman (রোম্যান্), *n.* রোম[illegible] সম্বন্ধীয়, রোমীয় ; Of Rome or [illegible] Romans ; রোমের গির্জ্জা-সম্ব[illegible] Relating to the Church of Ro[illegible]

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Roman Catholic opinions or practices.

Romantic (রোম্যান্টিক্), *a.* আবেগ বা ভাবপ্রবণ ; ভাবোদ্রেককারী ; Sentimental ; কল্পনাপ্রিয় ; Visionary (*romantic* youth) ; কল্পনা বা অবাস্তব ঘটনার উপর স্থাপিত, রমন্যাস-সম্বন্ধীয় ; Founded on, resembling, romance (*opp.*=classical) ; (শিল্পে ও সাহিত্যে) অবাধ কল্পনাবিশিষ্ট ; Marked by freedom of fancy or imagination (*romantic* poet).

Romanticism (রোম্যান্টিসিজ্‌ম্), *n.* মনের ভাব, আবেগ ইত্যাদির পূর্ণ বিকাশের প্রবৃত্তি ; The quality of allowing full play to emotion, sentiments, etc. ; কোনও বিষয় আলোচনাকালে প্রচলিত সংস্কারবর্জ্জন ; Freedom from convention in treating any subject.

Romish (রোমিশ্), *a.* রোম বা রোম্যান্ ক্যাথলিক সম্প্রদায়-সম্বন্ধীয় ; Belonging to Rome or the Roman Catholic Church.

Romp (রম্প্), *v. i.* গোলমাল করিয়া খেলা করা ; ক্রীড়াতে লম্ফঝম্প করা ; Play noisily ; frisk or skip about in play :—*n.* চঞ্চলা বালিকা ; লম্ফঝম্প-প্রিয়া বালিকা ; Girl fond of rough or boisterous play ; অসভ্য ক্রীড়া ; Rude frolic.

Romper (রম্পার্), *n.* শিশুদের ঢিলা জামা ; Child's overall.

Rompish (রম্পিশ্), *a.* লম্ফঝম্প ক্রীড়াসক্ত ; ক্রীড়াপ্রিয় ; Fond of noisy play.

Rontgenogram (রাণ্টিয়েনোগ্রাম্), *n.* রঞ্জনরশ্মিদ্বারা গৃহীত ফটো ; Photograph taken with X-rays.

Rontgen rays (রাণ্ট্‌জেন্ রেজ্), *n.* সাধারণ আলোক যাহাকে ভেদ করিতে পারে না এমন সব জিনিসকে ভেদ করিয়া যায় এরূপ রশ্মি ; রঞ্জনরশ্মি ; A form of radiation penetrating many sub-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

stances impervious to ordinary light : X-rays.

Rood (রূড্), *n.* জমির পরিমাণ-বিশেষ ; প্রায় পনের কাঠা ; Quarter acre ; fourth part of an acre ; ক্রুশ ; যে কাষ্ঠখণ্ডে যীশুখ্রীষ্টের প্রাণসংহার করা হইয়াছিল, তাহার প্রতিকৃতি ; Crucifix ; cross.

Roof (রূফ্), *n.* ছাদ ; চাল ; ছই ; ছত্রী ; Cover of a house or building ; arch of a vault ; গৃহ ; House ; dwelling ; তালু ; টাকরা ; Upper part of the mouth :—*v. t.* ছাদ করা ; Cover with a roof ; রক্ষা করা ; আশ্রয় দান করা ; Shelter. **Roof of the world**—পামির উপত্যকা।

Roofing (রূফিং), *n.* ছাদ প্রস্তুতকরণ ; ছাদ বা চালের কাঠাম ; Act of covering with a roof ; ছাদের উপকরণ বা মালমসলা ; Materials for a roof ; ছাদ ; Roof itself.

Roofless (রূফ্‌লিস্), *a.* ছাদবিহীন ; Without a roof ; আশ্রয়শূন্য ; Unsheltered.

Rook (রূক্), *n.* দাঁড়কাক ; A kind of crow ; ঠক ; প্রতারক ; Cheat ; পাদরী ; Parson ; সতরঞ্চ খেলার নৌকা ; Castle :—*v. t.* প্রতারণা করা ; Cheat. *a.* =rooky.

Rookery (রূকারি), *n.* দাঁড়কাকের বাসা-সমন্বিত বৃক্ষরাজি ; A group of trees with rooks' nests in the branches ; একত্রে অবস্থিত দাঁড়কাকের বাসাসমূহ ; A colony of rooks ; ঘিঞ্জি ঘিঞ্জি বস্তী ; A group of poor overcrowded houses.

Room (রূম্), *n.* কুঠরী ; প্রকোষ্ঠ ; কামরা ; Apartment ; chamber of a house ; অনধিকৃত স্থান ; Space unoccupied ; অবসর, অবকাশ ; Freedom to act ; scope ; আসন ; Seat :—*v. i.* বাস করা ; Occupy a room ; lodge.

Roomer (রূমার্), *n.* ভাড়াটিয়া ; যে ভাড়া করিয়া থাকে ; Lodger.

Roomy (রূমি), *a.* প্রশস্ত ; Hav plenty of space.

Roost (রূস্ট্), *n.* রাত্রিকালে পক্ষীর বিশ্রামার্থ দাঁড় ; A perch on which bird rests at night :—*v. i.* দাঁড়ে বিশ্রাম করা, নিদ্রা যাওয়া বা ঘুমান ; or rest or sleep on a roost.

Rooster (রূস্টার্), *n.* গৃহপালিত মোরগ Domestic cock.

Root (রূট্), *n.* মূল, শিকড় ; Part of plant in the earth ; bulb ; ভিত্তি তলদেশ ; Bottom ; আদি ; Origin আরম্ভ ; Beginning ; আদি কারণ First cause ; আদি পুরুষ ; Fo forefather ; মূলশব্দ ; Word fr which others are derived :—*v.* দৃঢ়রূপে স্থাপিত হওয়া ; দৃঢ় হইয়া ব শিকড় চালান ; Be firmly establ ed ; take root :—*v. t.* নাসিকা মাটি খনন করা ; Turn up the ea with the snout ; দৃঢ়রূপে বদ্ধমূল ক মনে দৃঢ়রূপে অঙ্কিত করা ; Plant in earth ; implant firmly ; উন্মূলিত ক (with *out*) Eradicate. **Root a branch**—সম্পূর্ণরূপে ; ডালে মূ আগাগোড়া ; Completely ; thorou ly. **Strike at the root of**—ম কুঠারাঘাত করা ; Set about eradic ing. **Strike** (or take) **root** শিকড় গাড়া ; দৃঢ়ভাবে বসা ; Send d root ; become fixed. **Root-cap** মূলত্রাণ। **Root-hair**—মূলরো মূলরোম।

Rootless (রূট্‌লিস্), *a.* মূলশূন্য ; D titute of roots ; অমূলক ; ভিত্তিহী Groundless.

Rootlet (রূট্‌লিট্), *n.* শাখা-মূল ; শি শিকড় ; Little root ; radicle :— form of **Root.**

Rope (রোপ্), *n.* রজ্জু ; রশি ; দ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...dancer
...thick twisted cord or ...; ...i. কাছিতে পরিণত হওয়া; ...drawn out or extend into a ...—v. t. দড়ি দিয়া বাঁধা; ...with a rope.

...ker (রোপ্-ড্যান্সার্), **Rope-...** (রোপ্-ওয়কার্), n. রজ্জুর উপর ...দড়ি-বাজিওয়ালা; One who ...on a rope.

...ker (রোপ্-ল্যাডার্), n. দড়ির ...ladder made of ropes.

...(রোপার্), n. রজ্জু প্রস্তুতকারী, ...; শর্ত; Maker of ropes; ...man.

...(রোপারি), n. দড়ি প্রস্তুত ...; রজ্জু-নির্ম্মাণালয়; Place ...ropes are made.

...ilk (রোপ্-ওয়ক্), n. রজ্জু ...নির্ম্মাণের স্থান; Place for making ...রজ্জু-নির্ম্মাণালয়; Long shed ...the manufacture of ...

...rn (রোপ্-ইয়ার্ণ্), n. দড়ি ...তৈরি হুতা; Yarn for ropes.

...রপি), **Ropish** (রোপিশ্), a. ...আঠাল; Adhesive; glutin-...=ropiness. ad.=ropily.

...l (রোর্কুয়াল্), n. তিমি-...A genus of whales.

...us (রোজ্রেশাস্), a. গোলাপ-...গুচ্ছ-সম্বন্ধীয়; গোলাপ-জাতীয়; ...ing to the rose family of ...

...y (রোজারি), n. জপমালা; ...of beads; স্তবমালা, স্তবসমূহ; ...of prayers as counted on ...; গোলাপ-বাগ; Garden of ...

...(রজ্), p. t. of **Rise.**

...(রজ্), n. গোলাপ ফুল বা বৃক্ষ; ...দ্বারা নির্ম্মিত কৃত্রিম গোলাপ; ...and flower of many species; rosette; গোলাপের ন্যায় বর্ণ; Pink; colour of the rose. **China rose**—জবা পুষ্প।

Roseate (রোজ্রিয়েট্), a. লোহিত; গোলাপী; Red; of a rose colour.

Rosemary (রোজ্র্‌ম্যারি), n. গুল্মবিশেষ; লতাবিশেষ; A small fragrant ever-green shrub, once used as an emblem of fidelity.

Rosery (রোজ্রারি), n. গোলাপবাগান; Garden of roses.

Rosette (রোজ্রেট্), n. ফিতা প্রভৃতি দ্বারা নির্ম্মিত কৃত্রিম গোলাপ; Imitation of a rose, made of ribbon or other materials, used as an ornament.

Rose-water (রোজ্র্-ওয়টার্), n. গোলাপ-জল; Scent distilled from roses:—a. কৃত্রিমভাবময়; Sentimental.

Rose-wood (রোজ্র্-উড্), n. ব্রেজিল দেশের গোলাপগন্ধি কাষ্ঠবিশেষ; Wood of a Brazilian tree having a fragrance like that of roses.

Rose-yard (রোজ্র্-ইয়ার্ড্), n. গোলাপ-বাগান; Garden of roses.

Rosin (রজ্রিন্), n. ধুনা; রজন; Resin:—v. t. রজন দিয়া ঘষা; Rub with rosin.

Roster (রস্টার্), n. পর্য্যায়ক্রমে কর্ত্তব্যে নিযুক্ত লোকদিগের তালিকা; List of persons liable to turns of duty.

Rostrate (রস্ট্রেট্), **Rostrated** (রস্ট্রেটেড্), a. চঞ্চুবিশিষ্ট; Beaked.

Rostrum (রস্ট্রাম্), n. বেদি; বক্তৃতামঞ্চ; Orator's pulpit. a.=rostral. pl.=rostra, rostrums.

Rosy (রোজ্রি), a. গোলাপী; গোলাপের ন্যায় সুন্দর; মনোহর; লাল; গোলাপ-শোভিত; Like a rose; blooming; blushing; charming; red; roseate. ad.=rosily.

Rot (রট্), v. i. গলিত হওয়া; নষ্ট হওয়া;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পচিয়া যাওয়া; Decay; become decomposed; corrupt; putrefy :—*v. t.* গলিত করা; পচান; গলান; Bring to corruption; cause to be decomposed; make putrid :—*n.* পচন; গলন; Decay; putrefaction; আলুর রোগ-বিশেষ; Disease of the potato; মেষজাতির পীড়া বা রোগ; Special disease of the sheep; অসার বাক্য; Bosh.

Rotary (রোট্যারি), *a.* ঘূর্ণমান; ভ্রাম্যমাণ; Rotatory; revolving.

Rotate (রোটেট্), *v. t.* ঘূর্ণিত করা; আবর্ত্তিত করা; Cause to revolve :—*v. i.* ঘূর্ণিত হওয়া; ঘুরা; ব্যাস-পরিভ্রমণ করা; আবর্ত্তন করা; Turn round like a wheel; turn round an axis.

Rotation (রোটেশন্), *n.* ঘূর্ণন; চক্রবৎ গতি; ব্যাস-পরিভ্রমণ; আবর্ত্তন; Revolution; turning round like a wheel. *a.*=rotational.

Rotative (রোট্যাটিভ্)—Same as **Rotatory** (রোট্যাটরি), *a.* ঘূর্ণমান; আবর্ত্তনকারী; বৃত্তাকারে পরিভ্রাম্যমাণ; Turning round like a wheel; going in a circle.

Rote (রোট্), *n.* পুনঃ পুনঃ আবৃত্তি বা পাঠ; Mere mechanical repetition of words. (only in the phrase) **By rote**—আবৃত্তি সাহায্যে, না ভাবিয়া; From memory, without thinking.

Rotten (রটেন্), *a.* পচা, গলিত; Decayed; দুশ্চরিত্র; Morally bad; নীচতাপ্রাপ্ত; Debased.

Rotter (রটার্), *n.* অকেজো জঘন্য লোক; Useless person.

Rotund (রোটাণ্ড্), *a.* মোটা বলিয়া গোল; সম্পূর্ণ; Round through fatness; entire. *n.*=rotundity.

Rotunda (রোটান্ড্যা), *n.* উচ্চ গোম্বুজ-বিশিষ্ট গোল ইমারৎ; Round building, esp. one with a domed roof.

Rouble (রুব্‌ল্), *n.* রুশিয়ার মুদ্রাবিশেষ; প্রায় ২½ টাকা; Silver coin of Russia.

Roue (রুয়ে), *n.* লম্পট; দুশ্চরিত্র লোক; A profligate; rake.

Rouge (রুঝ্), *a.* লাল; Ruby; red. —*n.* গালে বা ঠোঁটে দিবার একপ্রকার রঙ্; A red paint used to colour the cheeks or lips :—*v. i.* লাল রঙ্ করা; Colour with rouge :—*v. t.* লাল রঙ্ দ্বারা রঞ্জিত করা; Paint with rouge.

Rough (রাফ্), *a.* বন্ধুর; অসমান; Not smooth; uneven; not level; rugged; coarse; অমসৃণ; আবড়ো খাবড়ো; Harsh to the touch; অস্পষ্ট; মোটামুটি; Vague; কঠোর; কঠিন; কটু; Harsh; severe; hard; রুক্ষ; অসভ্য; অভদ্র; Rude; uncivil; unpolished; বাত্যাকুল; প্রচণ্ড; ঝটিকাসঙ্কুল; Stormy; boisterous; wild; tempestuous; লোমবিশিষ্ট; Hairy :—*n.* অসভ্য ব্যক্তি; বিবাদী লোক; ঝগড়াটিয়া ব্যক্তি; Rude swaggerer; coarse bully; riotous turbulent, fighting fellow :—*v. t.* বন্ধুর করা; ঘোটকের খুর অমসৃণ করা; Render rough; roughen a horse's shoes.

Roughcast (রাফ্‌কাস্ট্), *v. t.* এক মেটে করা; আদরা করা; Form in the first rudiments :—*n.* আদরা; মোটামুটি নমুনা; Rude model.

Roughen (রাফ্‌ন্), *v. t.* বন্ধুর করা; অমসৃণ করা; কর্কশ করা; Make rough :—*v. i.* বন্ধুর হওয়া; অমসৃণ হওয়া; Become rough.

Rough-rider (রাফ্-রাইডার্), *n.* অশ্ব দমনকারী; One who breaks in horses.

Roughshod (রাফ্‌শড্), *a.* সকণ্টকান্বিত-জুতাবিশিষ্ট; Having the shoes armed with points; অপরের ক্লেশ অগ্রাহ্যকারী; Regardless of pain or distress of others. Ride

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ce
...ld over—কাহারও উপর ...বা নিষ্ঠুর হওয়া; Be over-... or cruel to; lord it over ...ঠুর হইয়া কর্ম্ম করা; Pursue ... selfishly, regardless of ...nces.

...(রাউন্ট্), *n.* মেঝের উপর ...-বিশেষ; Game of chance ... with a ball on a circle.

...(রাউণ্ড্), *a.* গোল, গোলাকার; ... সম্পূর্ণ; পূরা; পূর্ণ; Com-...; whole (*round* dozen); ... পরিভ্রমণশীল; Moving in a ... (a *round* dance):—*ad.* ... চতুর্দ্দিকে; Everywhere; ... sides; গোলাকাররূপে; Cir-...:—*n.* গোল বস্তু; মণ্ডল; চক্র; ...g round; globe; circle; ... Tour; circuit; আবর্ত্তন; ...tion; বৃত্তাকারে নৃত্য; Round ... রোঁদ পরিদর্শন; শান্তিরক্ষকের ... Survey by a guard or offi-... (গুলীর) এক পর্য্যায়; One ... (a fight of ten *rounds*); ... গুলি নিক্ষেপ বা উক্ত গুলি-...র জন্য বারুদ; A single burst ...ots or ammunition needed ...ing this; একদল লোকের দ্বারা ...; A song sung by several ...; চক্রাকারে নৃত্য; Dance in a ...—*pre.* চতুর্দ্দিকে; Around; ...ary side of:—*v. t.* বেষ্টিত করা; ...করা; Surround; সমাধান করা; ...plete; গোল করা; Make ...; সম্পূর্ণ করা; Make full:— ...ঘুরাইয়া; রোঁদে যাওয়া; পরিভ্রমণ ... Go round; বর্ত্তুলাকার হওয়া; ...কার হওয়া; পূর্ণ হওয়া; Grow or ...e round or full. **All round** ...দিকে; চারিদিকে; In every ...tion; সকল বিষয়ে; In all ... **Round hand**—সোজা গোল ছাঁদে হাতে লেখা; A mode of writing with bold carves. **Round number**—শূন্যান্ত সংখ্যা; যোড় রাশি; প্রায় কাছাকাছি সংখ্যা; Number which ends in a cypher or is divisible by ten or approximates another. **Round trip**—কোন স্থানে গমন ও প্রত্যাবর্ত্তন; Trip to a place and back again.

Round-about (রাউণ্ড্-আবাউট্), *a.* ঘোরাল; Circuitous:—*n.* শিশুদের আরোহণার্থ ভূতলের সহিত সমান্তরালভাবে অবস্থিত যন্ত্র; Horizontal revolving wheel on which children ride.

Roundel (রাউণ্ডেল্), *n.* বৃত্ত; A circle; বৃত্তাকার বস্তু; Round thing.

Roundelay (রাউন্ডিলে), *n.* অংশ-বিশেষ পুনরাবৃত্ত হয় এমন গীত; Song in which parts are repeated; চক্রাকারে নৃত্য; A dance in a ring.

Roundhead (রাউণ্ড্হেড্), *n.* খ্রীষ্টান সম্প্রদায়বিশেষের লোক; নৈষ্ঠিক ব্যক্তি; A Puritan.

Roundish (রাউণ্ডিশ্), *a.* প্রায় গোলাকার; Somewhat round.

Roup (রূপ্), *n.* নিলামে বিক্রয়; Sale by auction; চীৎকার; কুক্কুটাদির পক্ষীর সংক্রামক রোগবিশেষ; Cry; infectious disease in poultry:—*v. t.* নিলামে বিক্রয় করা; Sell by auction.

Rouse (রাউজ্), *v. t.* জাগরিত করা; জাগান; Raise up; awaken; arouse; উত্তেজিত করা; উদ্দীপিত করা; Excite; agitate:—*v. i.* জাগিয়া উঠা; জাগরিত হওয়া; Awake; উত্তেজিত হওয়া; Be excited to action:—*n.* মদ্য-পানোৎসব; Carousal.

Rout (রাউট্), *n.* উন্মত্ত জনতা; A tumultuous crowd; পরাজিত সৈন্যের ছিন্ন-ভিন্ন ভাবে পলায়ন; Disorderly retreat of defeated soldiers:

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

—*v. t.* পরাজিত করিয়া ছিন্ন-ভিন্ন করা ; Put to rout.

Route (রূট্), *n.* একস্থান হইতে অন্যত্র যাইবার বাঁধা রাস্তা ; The way from one place to another. **En route**—পথে ; On the way :—(রাউট্)—(সেনাদলে) অগ্রগমনের আদেশ ; (In the army) marching orders.

Routine (রূটিন্), *n.* কর্ম্মের ধারা ; নিত্য কর্ম্মের ব্যবস্থা ; Course of duties ; any regular course of action ; round of business.

Rove (রোভ্), *v. i.* ভ্রমণ করা ; পর্য্যটন করা ; Wander ; ramble :—*v. t.* ভ্রমণ করিয়া অতিক্রম করা ; Wander over ; (তূলা) পেঁজা ; Card (as cotton) :—*n.* ইতস্ততঃ বিচরণ ; Ramble.

Rover (রোভার্), *n.* দস্যু ; Robber ; জলদস্যু ; Pirate ; ভ্রমণকারী ; Wanderer ; ব্রজচার, জ্যেষ্ঠ বয়স্কাউট্ ; A senior boy-scout.

Row (রো), *n.* শ্রেণী ; সারি ; Rank ; line ; persons or things in a line ; ক্ষেপণী-চালিত তরণী-বিহার ; Excursion in a rowing boat :—*v. t.* দাঁড় টানিয়া নৌকা বাওয়া ; দাঁড় দিয়া ঠেলা ; Drive by oars ; impel with an oar ; নৌকায় লইয়া যাওয়া ; Convey (passenger) in a boat :—*v. i.* দাঁড় টানা ; দাঁড় বাহিয়া যাওয়া ; Be moved with oars.

Row (রাউ), *n.* কোলাহল ; গণ্ডগোল ; হাঙ্গামা ; ঝগড়া ; Noisy disturbance ; brawl.

Rowdy (রাউডি), *n.* অসভ্যভাবে চেঁচামেচি, গণ্ডগোল করে এমন লোক ; Riotous, turbulent fellow.

Rowdyism (রাউডিইজ্‌ম্), *n.* অসভ্য চেঁচামেচি, গণ্ডগোল ; Rude or riotous conduct.

Rowel (রাউয়িল্), *n.* অশ্বারোহীর পাদুকাসংলগ্ন ক্ষুদ্র কণ্টক-চক্র ; Little wheel of a spur.

Rower (রোয়ার্), *n.* দাঁড়ী ; One who rows.

Rowlock (রোলক্), *n.* নৌকার পার্শ্বস্থ দাঁড় আটকাইবার খাঁজ ; Contrivance for supporting the oar in rowing.

Royal (রয়্যাল্), *a.* রাজা বা রাণীর সম্বন্ধীয় ; রাজা বা রাণী হইতে উৎপন্ন ; Relating to or starting from king or queen ; রাজোচিত, রাজার যোগ্য, মহাড়ম্বরযুক্ত ; Fit for or worthy of a king, majestic, splendid (*royal* welcome) ; রাজার পৃষ্ঠপোষকতায় পুষ্ট ; Favoured by the king (the *Royal* Society) ; বড় আকারের, বিশেষ গুরুত্বপূর্ণ ইত্যাদি ; Of great size or importance, etc. (*royal* stage) :—*n.* বড় আকারের কাগজবিশেষ ; A kind of large-sized paper ; উপরকার ছোট পাইনবিশেষ ; Highest sail of a ship.

Royalist (রয়্যালিস্ট্), *n.* রাজভক্ত ব্যক্তি ; রাজপক্ষাবলম্বী ব্যক্তি ; Adherent to the cause of a king.

Royalty (রয়্যাল্‌টি), *n.* রাজধর্ম্ম, রাজমর্য্যাদা ইত্যাদি ; The position, rank, etc. of a king or queen ; রাজপরিবারের কোন ব্যক্তি ; A member of the royal family ; রাজপরিবারবর্গ ; Royal persons ; আবিষ্কারকের বা গ্রন্থকারের প্রাপ্যাংশ ; Tax or duty paid to the crown or other owner, as on the produce of a mine, or to the author on the sale of his books.

Rub (রাব্), *v. t.* ঘর্ষণ করা ; Move one body over the surface of another with pressure ; পরিষ্কার করা ; Clean ; মুছিয়া ফেলা ; Erase ; wipe ; খুব ঘর্ষণ করা ; ঘসড়ান ; Touch hard ; পালিস করা ; মর্দ্দন করা ; Polish ; লেপন করা ; মালিস করা ; Smear :—*v. i.* ঘর্ষিত হওয়া ; ঘসড়াইয়া চলা ; Move against by friction ; ঘর্ষণে ক্ষয়প্রাপ্ত হওয়া ; বিরক্ত হওয়া ; Chafe ; fret :—*n.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ber
...ঘর্ষণ; Act of rubbing; friction; সঙ্কট; Obstruction; difficulty; বিদ্রূপ; Sarcasm; পরিহাস; ...; Joke; collision.
...র (রাবার্), *n.* মোটা উখা; ...file; তাস-ক্রীড়াবিশেষ; Game ...cards; শাণ; ঘর্ষণপ্রস্তর; Whetstone; রবার; India-rubber. *a.*= ...ised.
...ish (রাবিশ্), *n.* আবর্জ্জনা; ...ন হান; জঞ্জাল; ময়লা; Waste ...; নিরর্থক বাক্য; Nonsense.
...ল (রাব্‌ল্), *n.* আল্‌গা প্রস্তরখণ্ড; ...fragments of stone.
...ন (রুবিকন্), *n.* ইটালি দেশের ...; Small river in Italy.
...ন (or pass) the Rubicon— ...কাজে প্রবৃত্ত হওয়া যাহা হইতে ...ফিরিবার যো নাই; Start an ...rise from which there can ...turning back.
...ন্ড (রুবিকাণ্ড্), *a.* লাল; ...; Red; red-faced.
...ক (রুব্‌রিক্), *n.* ব্যবস্থা; বিধি; ...ion for the performance of ...rgy; গ্রন্থের প্রথম পৃষ্ঠা; Title ...of a book. *a.*=rubrical.
...ন (রাব্‌স্টোন্), *n.* শাণপাথর; ...stone.
...বি), *n.* পদ্মরাগ-মণি; চুণি; ...us stone of a red colour; ...; Anything red; ক্ষুদ্র মুদ্রাক্ষর- ...; Size of printing-type :—*a.* ...; লাল; Red :—*v. i.* লাল করা; ...red.
...ক (রাক্), *v. t.* সঙ্কুচিত করা; ...:—*v. i.* সঙ্কুচিত হওয়া; Have ...ded surface.
...র (রাডার্), *n.* হাইল; কর্ণ; ...board of a ship.
...ডি), *a.* লাল; Red; গোলাপী; ...জ্জ্বলে; Glowing (*ruddy* cheeks); স্বাস্থ্যের লক্ষণস্বরূপ লাল চামড়াযুক্ত; Having a red skin, which is a sign of good health.

Rude (রূড্), *a.* অবিনীত, অশিষ্ট; Uncivil, impolite; গ্রাম্য; Boorish; unpolished; কর্কশ; স্থূল; Harsh; rough, coarse; প্রবল; প্রচণ্ড; Violent (a *rude* shock).

Rudiment (রূডিমেণ্ট্), *n.* সূত্রপাত; আরম্ভ; উপক্রমণিকা; মূলসূত্র; মূলতত্ত্ব; First principle or element; beginning of any branch of knowledge.

Rudimental (রূডিমেণ্ট্যাল্), **Rudimentary** (রূডিমেণ্ট্যারি), *a.* আদি; আদিম; প্রাথমিক; মৌলিক; First; initial; original.

Rudish (রূডিশ্), *a.* ঈষৎ অভদ্র; ঈষৎ অমার্জ্জিত; Somewhat rude.

Rue (রূ), *n.* দুঃখ; অনুতাপ; তিক্ততা; Sorrow; repentance; bitterness:—*v. t.* দুঃখ করা; বিলাপ করা; অনুতাপ করা; Grieve for; lament; অনুশোচনা করা; Repent :—*v. i.* দুঃখিত হওয়া; Be sorrowful.

Rueful (রূফুল্), *a.* শোকাকুল; খেদজনক; অনুতপ্ত; Sorrowful; sad; mournful; penitent. *ad.*=ruefully.

Ruff (রাফ্), *n.* গলবস্ত্র; গলবন্ধ-বিশেষ; Plaited collar; জলচর পক্ষিবিশেষ; Aquatic bird; মৎস্যবিশেষ; A fish :—*v. t.* (তাসখেলায়) রঙে রঙ্ না দিয়া তুরূপ করা; Trump at whist instead of following suit.

Ruffian (রাফিয়্যান্). *n.* দুর্ব্বৃত্ত বা নিষ্ঠুর ব্যক্তি, গুণ্ডা; Boisterous, brutal fellow.

Ruffianism (রাফিয়্যানিজ্‌ম্), *n.* গুণ্ডামি; Conduct of a ruffian.

Ruffle (রাফ্‌ল্), *v. t.* ভাঁজ করা; কুঞ্চিত করা; Fold; wrinkle; ব্যস্ত করা; অস্থির করা; এলোমেলো করা; Agitate :—*v. i.* কুঞ্চিত হওয়া; এলোমেলো হওয়া; দোলায়মান হওয়া; Grow rough;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

flutter ; আস্ফালন করা ; Swagger :—*n.* কোঁচ ; চুনট ; Fold ; plait ; foil ; গোলমাল ; আন্দোলন ; Agitation ; commotion ; ঢাকের মৃদু শব্দ ; Low beat of a drum. *a.*=ruffled.

Rug (রাগ্), *n.* কম্বল ; Coarse, rough, woollen cloth ; লোমশ কুক্কুর ; Shaggy dog.

Rugby (রাগ্‌বি), *n.* রাগবি ফুটবল ; A form of football game.

Rugged (রাগিড্), *a.* অসমান, এবড়োখেবড়ো ; Uneven, rough ; সতেজ ; সবল ; চঞ্চল ; Spirited ; strong ; brisk ; কর্কশ, রূঢ়, রুক্ষ, অসভ্য ; অভদ্র ; Harsh, rude ; মোটা ; লোমাবৃত ; Coarse ; shaggy ; কঠোর ; Austere.

Rugging (রাগিং), *n.* মোটা কম্বল ; A kind of coarse woollen cloth.

Ruin (রুয়িন্), *n.* নাশ ; ধ্বংস ; উচ্ছেদ ; Destruction ; overthrow :—*pl.* ধ্বংসাবশেষ ; ভগ্নাবশেষ ; Remains of buildings or cities :—*v. t.* নাশ করা ; বিধ্বস্ত করা ; Destroy ; demolish ; দরিদ্র করা ; সর্ব্বস্বান্ত করা ; Impoverish. *n.*=ruination.

Ruinous (রুয়িনাস্), *a.* ধ্বংসজনক ; সাংঘাতিক, অনিষ্টকর ; Destructive ; pernicious.

Rule (রুল্), *n.* শাসন ; প্রভুত্ব ; Reign ; government ; sway ; বিধি ; নিয়ম ; ব্যবস্থা ; ধারা ; Regulation ; principle ; law ; precept ; method ; পরিমাপ ; Standard ; শৃঙ্খলা ; Order ; সরল রেখা টানিবার যন্ত্র ; রুল ; Instrument for drawing straight lines :—*v. t.* শাসন করা ; Reign ; govern ; দমন করা ; বশীভূত করা ; Regulate ; check ; control ; ব্যবস্থাদ্বারা স্থির করা ; নিয়মিত করা ; Establish by decision ; regulate ; রুল করা, সোজা কসি টানা ; Mark with straight lines :—*v. i.* মীমাংসা করা ; Decide ; ব্যবস্থা করা ; Lay down and settle ; (ব্যবসায়) গড়ে দাঁড়ান ; Stand on a certain general level, as prices (prices *ruled* high=সাধারণতঃ, গড়ে বেশী). **As a rule**—সাধারণতঃ ; সচরাচর ; Usually. **Rule of three**—ত্রৈরাশিক।

Ruler (রুলার্), *n.* রাজা ; শাসনকর্ত্তা ; Sovereign ; governor ; মাপনী ; Instrument used in drawing straight line.

Ruling (রুলিং), *a.* প্রবল ; প্রভুত্বকারী ; প্রধান ; Predominant ; prevailing ; governing ; chief :—*n.* আদালতাদির নির্দ্দিষ্ট সিদ্ধান্ত ; Decision by a judge, etc.

Rum (রাম্), *n.* মদবিশেষ :—*a.* সেকেলে ; অদ্ভুত ; Old-fashioned ; odd.

Rumble (রাম্‌ব্‌ল্), *v. i.* গুড়্ গুড়্ শব্দ করা ; গড়্ গড়্ শব্দ করা ; Make a low, heavy, continued sound :—*n.* নির্ঘোষ ; গুড়্ গুড়্ শব্দ ; গর্জ্জন ; Low, heavy, continued sound ; গাড়ীর পশ্চাতে বসিবার ভৃত্যদের আসন ; Seat for servants behind a carriage.

Rumbling (রাম্‌ব্লিং), *n.* নির্ঘোষ ; গড়্ গড়্ শব্দ ; গুড়্ গুড়্ শব্দ ; Low, heavy, continued sound.

Ruminant (রুমিন্যান্ট্), *a.* রোমন্থক ; গিলিতচর্ব্বণকারী ; Chewing the cud :—*n.* রোমন্থনকারী জন্তু ; Animal that chews the cud, as the cow.

Ruminate (রুমিনেট্), *v. i. t.* রোমন্থন করা ; জাবর কাটা ; Chew the cud ; চিন্তা করা ; ভাবা ; Meditate ; muse on.

Rumination (রুমিনেশন্), *n.* রোমন্থন ; গিলিতচর্ব্বণ ; Act of chewing the cud ; অনুধ্যান ; চিন্তা ; Deliberate reflection.

Rummage (রামিজ্), *v. t.* সবিশেষ অনুসন্ধান করা ; Search minutely by turning things over :—*v. i.* তন্ন তন্ন

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...our
...অনুসন্ধান করা ; Search a place ...ly :—*n.* অনুসন্ধান, তল্লাস, Careful search.
...or (রুমার্), *n.* জনশ্রুতি ; উড়ো ...হুজব ; Current hearsay ; ...report :—*v. t.* জনরব করা ; ...করা ; Report ; circulate by ...
...(রাম্প্), *n.* মেরুদণ্ডের প্রান্তভাগ ; ...পাছা ; End of the backbone ...animal with the parts adja... ...buttocks.
...(রাম্প্‌ল্), *v. t. i.* কোঁচান ; ...করা বা হওয়া ; চুনট বা ভাঁজ করা ; ...kle ; be wrinkled :—*n.* ভাঁজ ; ...কোঁচ ; Fold ; wrinkle.
...(রাম্পাস্), *n.* গণ্ডগোল ; Dis... ...ce ; noisy confusion.
...(রান্), *v. i. t.* দৌড়ান ; Step ..., move swiftly ; পলায়ন করা, ...পলা ; Flee, fly ; বিস্তৃত হওয়া ; ...প্রবাহিত হওয়া ; Flow ; গলা ; ...নির্গত হওয়া, পূঁযাদি পড়া ; Dis... ..., as from a sore ; দৌড় ...চালা ; Cause to run or ...তাড়াতাড়ি করা ; Hasten ...*run* through your work so ...নির্দিষ্ট পথে যাতায়াত করা ; ...trains *run*) ; চলা, চলিতে ...Keep going ; জোর করিয়া প্রবেশ ...করান ; Force, thrust (*run* ...into one's finger) ; পরি... ...করা ; Conduct, manage (*run* ...ness) ; (দর-সম্বন্ধে) গড়পড়তায় ...Be on the average (prices ...*ing* high) ; কথায় বা লেখায় ...থাকা ; Be told or written ; ...rent (so the story *runs*) :— ...দৌড়ান ; Act of running ; ...Course ; দৌড় ; Extent ; ...প্রচলন ; প্রচার ; Prevalence ; ...A trip or journey ; সাধারণ শ্রেণী ; The common class ; (ক্রিকেটে) রান ; A unit of scoring ; ধারাবাহিক পরম্পরা ; Continued series. **In the long run**—অবশেষে ; পরিশেষে ; আখেরে ; At last ; ultimately. **Run into debt**—ঋণগ্রস্ত হওয়া ; Contract a debt or debts. **Run riot**—উচ্ছৃঙ্খলভাবে, নিয়ম না মানিয়া চলা ; Behave in a wild, lawless way ; (উদ্ভিদাদি-সম্পর্কে) অবাধ জন্মান ; Grow unchecked. **He who runs may read**—অর্থাৎ সহজবোধ্য ; *i. e.*, explanation may be easily understood. **Run wild**—অসংযত হওয়া ; Be without control. **Run down**—বিরুদ্ধে বলা ; Speak against. **Run through**—নষ্ট করিয়া ফেলা ; Waste, use up.

Runagate (রান্যাগেট্), *n.* স্বধর্ম্মত্যাগী ; Renegade ; ভবঘুরে ; Vagabond.

Runaway (রান্‌য়্যাওয়ে), *n.* পলাতক ; A fugitive :—*a.* পলাতক ; Fugitive ; পলায়নপর ; Fleeing from danger or restraint.

Rune (রূন্), *n.* (usu. *pl.*) অক্ষরবিশেষ ; Runic character. *a.*=runic.

Rung (রাং), *p. t.* & *p. p.* of **Ring**.

Rung (রাং), *n.* মইয়ের ধাপ ; Step of a ladder ; যষ্টি ; দণ্ড ; Heavy staff.

Runic (রূনিক্), *a.* টিউটনিক জাতি বা ভাষা-সম্বন্ধীয় ; Of the Runes, or of their language.

Runlet (রান্‌লিট্), **Runnel** (রানেল্), *n.* ক্ষুদ্র নদী ; A small stream.

Runner (রানার্), *n.* ধাবক ; পেয়াদা ; One who or that which runs ; অশ্ব ; ক্ষিপ্রগমনকারী ; Racer ; দূত ; Messenger ; ডাক-হরকরা ; Post-office peon.

Runner-up—প্রতিযোগিতামূলক শেষ খেলায় যে প্রতিযোগী পরাজিত হয়।

Running (রানিং), *a.* ধাবমান অবস্থায় চালিত ; Carried on while running

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(a *running* fight); অব্যাহত ; Unbroken, uninterrupted ; (after a *pl. n.*) পরপর; One after the other (three days *running*) ; (ক্ষত-সম্বন্ধে) পূঁযনির্গমনশীল ; (Of a wound) discharging pus :—*n.* দৌড় ; Act of moving swiftly.

Runt (রাণ্ট্), *n.* ছোট জাতীয় গরু বা বলদ ; A young cow or ox ; বামনাকার ব্যক্তি বা জন্তু ; Any undersized person or animal.

Rupee (রূপী), *n.* টাকা।

Ruption (রাপ্শন্), *n.* ভঙ্গ ; বিদারণ ; Breaking ; breach.

Rupture (রাপ্চার্), *n.* ছিদ্র ; ভেদ ; Breach ; অন্ত্র-বৃদ্ধি ; Hernia ; বিচ্ছেদ ; বিবাদ ; অমিল ; Dissension ; interruption ; ভঙ্গ ; বিদারণ ; Act of bursting :—*v. t.* ভেদ করা ; ভাঙ্গা ; বিদীর্ণ করা ; Break ; burst :—*v. i.* বিদীর্ণ হওয়া ; Suffer breach.

Rural (রূর‍্যাল্), *a.* গ্রাম্য ; পাড়াগেঁয়ে ; ভূমিকর্ষণ-সম্বন্ধীয় ; Rustic ; pastoral ; of agriculture.

Ruralize (রূর‍্যালাইজ্), *v. t.* গ্রাম্য করা ; পাড়াগেঁয়ে করা ; Render rural :—*v. i.* গ্রাম্য হওয়া ; পল্লীগ্রামে যাইয়া বাস করা ; Become rural. *n.*=ruralism, ruralist.

Ruse (রূজ্), *n.* কৌশল ; ছল ; প্রবঞ্চনা ; Trick ; fraud ; ব্যপদেশ ; Pretext.

Rush (রাশ্), *v. i.* বেগে ধাবিত হওয়া ; বেগে অগ্রসর হওয়া ; Move forward violently ; enter rashly and hastily :—*n.* মহাবেগ ; বেগে আগমন ; Driving forward impetuously ; ভিড় ; Crowd ; তৃণবিশেষ ; নলখাগড়া ; ঘাস ; Plant ; grass ; অপদার্থ দ্রব্য ; তুচ্ছ বিষয় ; Anything worthless ; ঠেলাঠেলি ; Great pressure.

Rushy (রাশি), *a.* তৃণময় ; তৃণনির্ম্মিত ; Full of or made of rushes.

Rusk (রাস্ক্), *n.* পিষ্টকবিশেষ ; Cake ; একপ্রকার নরম বিস্কুট ; A kind of soft biscuit.

Russet (রাসিট্), *n.* গ্রাম্য পরিচ্ছদ ; Country dress ; আপেল ফল ; Apple ; পাটলবর্ণ ; Reddish-brown colour :—*a.* মোটা ; গ্রাম্য ; Coarse ; rustic ; রাঙ্গাটে ; পাটলবর্ণ ; Reddish-brown. *a.*=russety.

Russian (রাশ্ন্), *n.* রুষ দেশের ভাষা বা তাহার অধিবাসী ; Language or inhabitant of Russia :—*a.* রুষ-দেশীয় ; Relating to Russia.

Rust (রাস্ট্), *n.* লোহার মরিচা ; কলঙ্ক ; মলিনতা ; Reddish crust of iron ; আলস্য ; Loss of power by inactivity ; উদ্ভিদ্ রোগবিশেষ ; Parasitic fungus :—*v. i.* মরিচা পড়া ; মলিন হওয়া ; Become rusty ; কালের বশে বা আলস্যদ্বারা নষ্ট হওয়া ; Be impaired by time or inactivity :—*v. t.* মলাবৃত করা ; মরিচাযুক্ত করা ; Make rusty.

Rustic (রাস্টিক্), *a.* গ্রাম্য ; Rural ; অসভ্য, অশিষ্ট ; Rude ; অনলঙ্কৃত ; Unadorned :—*n.* গ্রাম্য ব্যক্তি ; Inhabitant of the country ; চাষা ; Peasant.

Rusticate (রাস্টিকেট্), *v. t.* কিছুদিনের জন্য (বিদ্যালয়াদি হইতে) দূরীভূত করা ; নগর হইতে বহিষ্কৃত করা ; Banish for a time from a school, college or a town :—*v. i.* পল্লীগ্রামে বাস করা ; Live in the country. *n.*=rustication.

Rusticity (রাস্টিসিটি), *n.* গ্রাম্যতা ; State of being rustic ; rustic manners ; সরলতা ; আড়ম্বরশূন্যতা ; Simplicity ; অসভ্যতা ; Rudeness.

Rustle (রাস্ল্), *v. i.* খস্ খস্ শব্দ হওয়া ; Make a noise as of silk or straw :—*n.* মর্ম্মর-ধ্বনি, খস্ খস্ শব্দ ; Rustling.

Rustling (রাস্লিং), *n.* মর্ম্মর-ধ্বনি ; শর্ শর্ শব্দ ; Quick succession of

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ounds, as of dry leaves or ...

...রাস্টি). *a.* মরিচা-ধরা ; মরিচা-...কৃত ; Covered with rust ; ... ভোঁতা ; Dull ; খিট্‌খিটে ; ... একগুঁয়ে ; Obstinate. *n.*= ...ness. *ad.*=rustily.

...রুট), *n.* চাকার দাগ ; Track ...y a wheel ; (*fig.*) খাত, যে ...ন হইতে বাহির হওয়া শক্ত ; A ..., a position to which one is accustomed and from which it is difficult to get out :—*v. t.* চাকার দাগ করা ; Form ruts in.

Ruth (রূথ্), *n.* দয়া ; করুণা ; কৃপা ; Mercy ; tenderness.

Ruthless (রূথ্‌লিস্), *a.* নিষ্ঠুর, নির্ম্মম ; নির্দ্দয় ; Cruel ; without pity.

Rye (রাই), *n.* গমের মত শস্যবিশেষ।

Ryot (রাইয়ট্), *n.* প্রজা ; রাইয়ত ; কৃষক ; Indian cultivator ; peasant.

S

...ছ)—ইংরেজী বর্ণমালার ঊনবিংশ বর্ণ ...; Nineteenth letter in the ...sh alphabet.

...th (স্যাবেয়থ্), *n. pl.* সেনা-...; Armies.

...ath (স্যাব্যাথ্), *n.* বিশ্রাম-দিবস ; ...(ইহুদিমতে শনিবার) ; Day ... *a.*=sabbatarian.

...atic (স্যাব্যাটিক্), **Sabbatical** ...টিকাল্), *a.* বিশ্রামদিন-সম্বন্ধীয় ; ...সম্বন্ধবৎ ; Pertaining to or ...ting the Sabbath.

...(সেব্‌ল্), *n.* নকুলজাতীয় জন্তু-... Weasel-like animal ; ইহার ...চর্ম্ম ; Its fur ; কৃষ্ণবর্ণ ; Black ... ; শোকসূচক পরিচ্ছদ ; Funeral ...—*pl.* শোক বা দুঃখসূচক পোষাক ; ...ing or black clothes :—*a.* ...র লোমজাত ; Made of ... of the sable ; কৃষ্ণবর্ণ ; Black, ...

...age (স্যাবটিজ্), *n.* অন্তর্ঘাতী কার্য্য ; দাঙ্গা-হাঙ্গামা করিয়া দলবদ্ধভাবে কল-কারখানার ক্ষতিসাধন ; Doing of damage to plant, etc. by workmen.

Saboteur (সাবেটার্), *n.* অন্তর্ঘাতী কার্য্যে বা স্বেচ্ছায় ধ্বংসমূলক কার্য্যে নিযুক্ত ব্যক্তি, অন্তর্ঘাতক ; One who engages in sabotage or wilful wrecking.

Sabre, Saber (সেবার্), *n.* খড়্গবিশেষ ; অসি ; Crooked sword :—*v. t.* তরবারির দ্বারা আঘাত বা বধ করা ; Wound or kill with sabre.

Sabretache (স্যাবার্‌ট্যাশ্), *n.* চর্ম্ম-কোষ ; Leathern case.

Sac (স্যাক্), *n.* থলে ; ভিস্তি ; কোষ ; Bag ; pouch.

Saccharin (স্যাকারিন্), *n.* আল-কাতরাজাত চিনি ; A kind of sweet substance obtained from coal-tar.

Saccharine (স্যাক্যারাইন্), *a.* শার্করিক ; চিনি-বিশিষ্ট ; Of sugar ; having the properties of sugar ; সুমিষ্ট ; Sweet.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Sacerdotal (স্যাকার্‌ডোট্যাল্), *a.* পুরোহিত-সম্বন্ধীয়; যাজকীয়; পুরোহিত-সংক্রান্ত; Priestly; belonging to priests.

Sachet (স্যাশে), *n.* গন্ধদ্রব্যের ছোট থলি; Little bag of perfume.

Sack (স্যাক্), *n.* থলে, বস্তা; Bag; বাহিরের পোষাক; বাহ্যবস্ত্র; Loose upper robe; মদ্য-বিশেষ; Spanish wine; লুঠ; লুণ্ঠন; Plunder; pillage: —*v. t.* থলিজাত করা; বস্তাবন্দি করা; Put into a sack; bag; লুঠ করা; লুণ্ঠন করা; অপহরণ করা; উৎসন্ন করা; Plunder, ravage. **Give** or **get the sack**—চাকরি হইতে বরখাস্ত করা বা হওয়া।

Sackbut (স্যাক্‌বাট্), *n.* পিতলের [শানাই; Brass lyre.

Sackcloth (স্যাক্‌ক্লথ্), *n.* চটের কাপড়; গুণচট; Cloth of which sacks are made; পুরাকালীন শোকসূচক পরিচ্ছদ; Coarse cloth formerly worn in mourning or penance.

Sacking (স্যাকিং), *n.* থলে প্রস্তুত করিবার কাপড়; চট; Cloth of which sacks are made; শহর প্রভৃতি লুণ্ঠন; Pillaging of a city.

Sacrament (স্যাক্র্যামেণ্ট্), *n.* খ্রীষ্টীয় ধর্ম্মের অনুষ্ঠানবিশেষ; প্রভুর ভোজ; Solemn Christian rite; eucharist; Lord's Supper; নৈতিক বাধ্যবাধকতা; সংস্কার; Solemn obligation; religious function. *a.*=sacramental. *ad.*=sacramentally.

Sacred (সেক্‌রিড্), *a.* পবিত্র; পূত; Holy; consecrated; অলঙ্ঘনীয়; Inviolable; ধর্ম্মবিষয়ক; Religious.

Sacrifice (স্যাক্‌রিফাইস্), *n.* যাগ; হোম; বলিদান; Offering to a deity; act of sacrificing; ক্ষতি-স্বীকার; বলি; Loss of anything incurred; victim; উৎসর্গ; ত্যাগ; Abandonment; giving up; নাশ; Destruction:—*v. t.* বলি দেওয়া; ধর্ম্মার্থে বধ করা; উৎসর্গ করা; Offer to the gods; হত্যা করা; নাশ করা; ত্যাগ করা; Kill; destroy; give up:—*v. i.* দেবোদ্দেশে সামগ্রী নিবেদন করা; ঈশ্বরোদ্দেশে উৎসর্গ করা; Make offerings to God.

Sacrificial (স্যাক্রিফিশ্‌ল্), *a.* যজ্ঞীয়; Of sacrifice.

Sacrilege (স্যাক্রিলিজ্), *n.* পবিত্র বস্তুর দূষণ; Violation of what is sacred; পবিত্র জিনিস বা ব্যক্তির অসম্মান করার অপরাধ; The crime of treating a sacred thing or person with disrespect.

Sacrilegious (স্যাক্রিলীজাস্), *a.* পবিত্র ব্যক্তি ইত্যাদি অসম্মানকারী; Showing disrespect to a sacred person, etc.

Sacrist (সেক্রিস্ট্), **Sacristan** (স্যাক্রিস্ট্যান্), *n.* গির্জ্জার কর্ম্মচারিবিশেষ (কবর খোঁড়া, ঘণ্টা বাজান ইত্যাদি কাজ তাহাকে করিতে হয়); A sexton.

Sacristy (স্যাক্রিস্টি), *n.* ধর্ম্মমন্দিরের দ্রব্যাগার বা তোষাখানা; Vestry of a church.

Sacrosanct (স্যাক্‌রোস্যাংক্ট্), *a.* অতি পবিত্র; অলঙ্ঘ্য; Very sacred; inviolable.

Sacrum (স্যাক্রাম্), *n.* মেরুদণ্ডের নিম্ন অস্থিবিশেষ; ত্রিকাস্থি; Bone under the spinal cord. *a.*=sacral.

Sad (স্যাড্), *a.* দুঃখিত, শোকাকুল, বিষণ্ণ, মলিন; Mournful; sorrowful; gloomy.

Sadden (স্যাডেন্), *v. t. i.* দুঃখিত করা বা হওয়া; Make or grow sad.

Saddle (স্যাড্‌ল্), *n.* জিন; Seat or pad put on a horse:—*v. t.* জিন লাগান; জিন রাখা; বোঝাই করা; ভার চাপান; Put a saddle on; load; burden; encumber.

Saddle-horse (স্যাড্‌ল্-হর্স্), *n.* চড়িবার ঘোড়া; Riding-horse.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Saddler (স্যাড্‌লার্), *n.* জিননির্ম্মাতা; Maker of saddles.

Saddlery (স্যাড্‌লারি), *n.* জিন-ব্যবসায় বা দ্রব্যাদি; Saddler's trade or wares.

Saddle-tree (স্যাড্‌ল্-ট্রী). *n.* জিনের কাঠ; Frame of a saddle.

Sadducean (স্যাডিউসিয়্যান্), *a.* ইহুদী-সম্প্রদায় বা ধর্ম্মমত-সম্বন্ধীয়; Belonging to the Sadducees or to their doctrine.

Sadism (স্যাডিজ্‌ম্), *n.* ধর্ষকাম; Sexual delight in cruelty. *a.* = Sadistic—(ধর্ষকামী)।

Sadly (স্যাড্‌লি), *ad.* দুঃখিতভাবে; Sorrowfully. [শোক; Grief.

Sadness (স্যাড্‌নিস্), *n.* বিষণ্ণতা, দুঃখ,

Safe (সেফ্), *a.* নির্ব্বিঘ্ন; নিরাপদ্; Safe from danger; secure; অক্ষুণ্ণ; অনাহত; Uninjured; unharmed: লোহার সিন্দুক; Iron-chest; রাখিবার আলমারী; Chest for

Safe-conduct (সেফ্-কণ্ডাক্‌ট্), *n.* গমনার্থ অভয়দান বা লিখিত অনুমতি; অভয়পত্র; ছাড়-চিঠি; Free passage through an enemy's forces; Warrant of security.

Safeguard (সেফ্‌গার্ড্), *n.* রক্ষা; Protection; পরোয়ানা, অভয়পত্র; পরিচয়পত্র, দস্তক; Warrant or passport to protect a traveller :—*v. t.* রক্ষা করা; Guard.

Safely (সেফ্‌লি), *ad.* নির্ব্বিঘ্নে; নিরাপদে; Without any danger.

Safety (সেফ্‌টি), *n.* নিরাপত্তা; নিরাপদ্; Freedom from danger or loss. **Safety-belt**—সন্তরণ-সহায়ক; Life-belt. **Safety-curtain** অগ্নিদাহ-নিবারক যবনিকা; Fire-proof curtain in a theatre. **Safety-fuse**—স্ফুলিঙ্গরোধক পলিতাবিশেষ; Fuse that can be ignited at a safe distance. **Safety-lamp**—তার-জড়ান খনির লণ্ঠন; নিরাপদ্ দীপ; Lamp surrounded by wire gauze, used for safety in mines. **Safety-lock**—যে তালা সহজে ভাঙ্গিতে পারা যায় না; আকস্মিক বিস্ফোরণ-নিবারক বন্দুকের কল-বিশেষ; Lock that cannot be picked by ordinary means; in fire-arms a lock with some devices for preventing accidental discharge. **Safety-match**—দিয়াশলাই-এর কাঠি। **Safety-pin**—অগ্রভাগ আটকান কাঁটা; Clasp-like pin with a guard covering its point. **Safety-razor**—সহজে কাটিয়া না যায় এরূপ ভাবে তৈরী ক্ষুর; Razor with a guard to prevent cutting the chin. **Safety-valve**—বাষ্পীয় এঞ্জিনের মধ্যে চাপ কমাইবার যন্ত্রবিশেষ; Valve to facilitate the escape of steam and prevent explosion.

Safflower (স্যাফ্‌ফ্লাওয়ার্), *n.* বাৎসরিক ফুলবিশেষ; An annual flower.

Saffron (স্যাফ্‌রন্), *n.* জাফ্‌রান্; কুঙ্কুম; Crocus; colouring substance prepared from its flowers :—*a.* গাঢ় পীতবর্ণ: Deep yellow.

Sag (স্যাগ্), *v. i.* বসিয়া যাওয়া; দাবিয়া যাওয়া; Sink; অবসন্ন হওয়া, ঝুলে পড়া; Droop :—*v. t.* বাঁকান; Bend.

Saga (সাগা), *n.* উপকথা; উক্তি; বাক্য; Tale; say; saying; স্ক্যাণ্ডিনেভিয়া-দেশীয় কিংবদন্তী; Scandinavian legend.

Sagacious (স্যাগেশাস্), *a.* বিজ্ঞ, বিচক্ষণ; Showing good judgement, wise in everyday affairs.

Sagacity (স্যাগ্যাসিটি), *n.* বিচক্ষণতা, বিজ্ঞতা; Wisdom of the practical kind.

Sage (সেজ্), *a.* জ্ঞানী, সুবিজ্ঞ; Wise,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

experienced :—*n.* সুবিজ্ঞ ব্যক্তি ; ঋষি ; Wise man ; hermit ; উদ্ভিদ্‌বিশেষ ; A garden herb.

Sago (সেগো), *n.* সাগু ; সাগুদানা ।

Said (সেড), *p. t.* & *p. p.* of **Say** :—*p. a.* কথিত ; উক্ত ; Before-mentioned.

Sail (সেল্), *n.* পাল ; Sheet of canvas, etc. hoisted on the mast ; জাহাজ ; Ship ; জলপথে ভ্রমণ ; Trip or excursion in a vessel :—*v. t. i.* পালভরে যাওয়া, জলপথে যাওয়া ; জলযাত্রা আরম্ভ করা ; Be moved by sails, set sail ; move along water ; start in a voyage ; সহজ স্বচ্ছন্দ গতিতে ও কতকটা ধীরে ধীরে যাওয়া ; Move gracefully and somewhat slowly (the airship *sailed* over the town) ; (পোতাদি) চালান ; Navigate. *a.*=sailable.

Sail-cloth (সেল্-ক্লথ্), *n.* পাল প্রস্তুত করিবার কাপড় ; কেম্বিস্ ; Strong cloth for sails.

Sailer (সেলার্), *n.* জলযানবিশেষ ; A ship of specified sailing power.

Sailing (সেলিং), *n.* পোতবাহন ; সমুদ্র-যাত্রা ; Act of sailing :—*a.* কেবল পাল-ভরে চালিত ; Propelled by sails only.

Sailor (সেলর্), *n.* নাবিক, খালাসী ; Mariner ; seaman.

Saint (সেন্ট্), *n.* ধার্ম্মিক ব্যক্তি ; ঋষি ; সাধু ; সিদ্ধ পুরুষ ; Holy person ; one eminent for piety and virtue ; রোম্যান্ ক্যাথলিক সম্প্রদায় কর্ত্তৃক সিদ্ধপুরুষ শ্রেণীভুক্ত ব্যক্তি ; One canonised by the Roman Catholic Church.

Sainted (সেন্টিড্), *a.* সিদ্ধ ; পবিত্র ; Made holy ; sacred ; স্বর্গীয় ; স্বর্গত ; Gone to heaven.

Saintly (সেন্ট্‌লি), **Saint-like** (সেন্ট্-লাইক্), *a.* ঋষিতুল্য ; সিদ্ধবৎ ; সাধু ; বিমল ; পবিত্র ; Like a saint ; holy. *n.*=saintliness.

Sake (সেক্), *n.* উদ্দেশ্য ; Account. **For God's sake**—দোহাই ঈশ্বরের ; Out of love to God. **For one's sake**—কাহারও জন্য ; On one's account. **For the sake of**—জন্যে ; খাতিরে ; On account of.

Salable, Saleable (সেল্যাব্‌ল্), *a.* বিক্রয়যোগ্য ; Fit for being sold.

Salacious (স্যালেশান্), *a.* অশ্লীল ; Indecent (used of pictures, books, etc.).

Salad (স্যাল্যাড্), *n.* কাঁচা শাকসব্জির চাট্‌নি ; সালাদ ; Raw herbs dressed with oil, spices, salt or vinegar.

Salamander (স্যাল্যাম্যাণ্ডার্), *n.* সরীসৃপ-বিশেষ, সালামাণ্ডার ; A kind of lizard-like reptile.

Salaried (স্যাল্যারিড্), *a.* বেতনভুক্ ; বেতনগ্রাহী ; Receiving a salary (*salaried* secretary).

Salary (স্যাল্যারি), *n.* বেতন ; মাহিনা ; মজুরী ; Wages ; pay.

Sale (সেল্), *n.* বিক্রয় ; Selling ; act of selling ; বাজার ; Market ; নিলাম ; Auction ; খাঁই ; চাহিদা ; আবশ্যকতা ; Demand.

Saleable (সেলেব্‌ল্)—See **Salable.**

Salesman (সেল্‌স্‌ম্যান্), *n.* বিক্রেতা ; বিক্রয়কারী ; One who sells goods.

Salient (সেলিয়েন্ট্), *a.* স্পষ্ট প্রকাশমান ; প্রধান ; মুখ্য ; Prominent ; chief ; conspicuous ; বহির্গামী ; Projecting outwardly (of angles).

Saline (স্যালাইন্), *a.* লবণাক্ত ; লাবণিক ; Consisting of or containing salt :—*n.* লাবণিক, লবণজল ; Solution of salt and water. *n.*=salinity.

Saliva (স্যালাইভা), *n.* লালা, থুথু, নিষ্ঠীবন ; Spittle. *a.*=salivary.

Salivary gland—লালা-গ্রন্থি ।

Salivation (স্যালিভেশন্), *n.* অতিরিক্ত

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নালা-নিঃসরণ ; Unnatural
saliva.
(হালো), *a.* পিঙ্গলবর্ণবিশিষ্ট ;
Of a pale, yellowish
—*n.* বৃক্ষবিশেষ ; A kind of
tree.
হালি), *n.* হঠাৎ বহির্গমন ; An
sted rush ; প্রমোদভ্রমণ ; Ex-
; অবরুদ্ধ সহরের সৈন্যগণ কর্তৃক
হেলন ; A sudden attack by
in a besieged city ; সংক্ষিপ্ত,
; A short, witty speech :
হঠাৎ বহির্গত হওয়া ; Rush out
y (with *forth, out*).
ort (স্যালি-পোর্ট), *n.* সৈন্য-
নির্গম-দ্বার ; Opening by
a garrison may make a
.
undi (স্যাল্‌ম্যাগাণ্ডি), *n.*
বিচার ; Chopped meat
asonings.
(স্যামন্), *n.* মৎস্যবিশেষ ; A
fish. *dim.*=salmonet. *pl.*=
.
-trout (স্যামন্-ট্রাউট্), *n.*
মৎস্য ; A fish resembling
mon.
স্যালং), *n.* অতিথিদিগকে অভ্যর্থনা
বৃহৎ কক্ষ ; Big reception-
for entertaining guests.
(স্যেলন্), *n.* সুসজ্জিত প্রশস্ত কক্ষ ;
বৈঠকখানা ; পান-প্রকোষ্ঠ ;
well-furnished room ;
of entertainment ; hall of
; place of refreshment ;
প্রধান কামরা ; Main
সুসজ্জিত রেলগাড়ী ; Well-fur-
railway carriage.
(স্যালুপ্), *n.* পানীয়বিশেষ ; A
.
(সল্ট্), *n.* লবণ। আস্বাদন, স্বাদ ;
বিচক্ষণ নাবিক ; Experienced sailor ; বিরেচক ঔষধ-বিশেষ ; Purging medicine ; রাসায়নিক লবণ ; Chemical salt :—*a.* লবণাক্ত ; লবণপূর্ণ ; Containing salt ; কটু ; উগ্র ; তীব্র ; Pungent ; লবণাস্বাদী ; Tasting of salt :—*v. t.* লবণাক্ত করা ; নুণ মাখান ; Sprinkle or season with salt. **The salt of the earth**—সর্ব্বোৎকৃষ্ট লোক ; The best people.

Saltation (স্যাল্‌টেশন্), *n.* লম্ফ ; Leaping ; jumping ; স্পন্দন ; Beating ; palpitation.

Saltatorial (স্যাল্‌টেটোরিয়াল্), *a.* উল্লম্ফনক্ষম ; Having the power of leaping.

Saltatory (স্যাল্‌টেটরি), *a.* লম্ফকারী ; নর্ত্তনশীল ; Leaping ; dancing.

Salt-celler (সল্ট্-সেলার্), *n.* লবণাধার ; Small vessel for holding salt.

Salter (সল্টার্), *n.* লবণ-বিক্রেতা ; লবণ-উৎপাদক ; One who sells salt ; manufacturer of salt.

Saltern (সল্টার্ণ), *n.* লবণের কারখানা ; A salt-works.

Saltish (সল্টিশ্), **Salty** (সল্টি), *a.* অল্প লোণা, কিঞ্চিৎ লবণাক্ত ; Somewhat salt.

Saltless (সল্ট্‌লিস্), *a.* আলুনী ; বিস্বাদ ; Destitute of salt ; insipid.

Saltpetre (সল্ট্‌পিটার্), *n.* যবক্ষার ; শোরা ; Nitre.

Salty (সল্টি)—See **Saltish**.

Salubrious (স্যালুব্রিয়াস্), *a.* স্বাস্থ্য-জনক ; স্বাস্থ্যকর ; Wholesome ; healthful ; healthy ; salutary.

Salubrity (স্যালুব্রিটি), *a.* স্বাস্থ্যকরত্ব ; স্বাস্থ্যজনকত্ব ; Healthfulness.

Salutary (স্যালিউট্যারি), *a.* স্বাস্থ্যকর ; Healthy ; হিতজনক ; উপকারী ; Beneficial ; wholesome. *n.*=salutariness.

Salutation (স্যালিউটেশন্), *n.* অভি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বাদন ; নমস্কার ; প্রণাম ; Welcome ; greeting. *a.*=salutatory.

Salute (স্যালূট্), *v. t.* অভিবাদন করা, অভ্যর্থনা করা ; Welcome ; চুম্বন করা ; Kiss :—*n.* অভিবাদন, অভ্যর্থনা ; Greeting ; সম্মানার্থ তোপ ; Discharge of cannon in honour of anyone.

Salvable (স্যাল্‌ভ্যাব্‌ল্), *a.* উদ্ধারযোগ্য ; Capable of being saved. *n.*=salvability. *ad.*=salvably.

Salvage (স্যাল্‌ভিজ্), *n.* জাহাজ রক্ষা-করণার্থ প্রদত্ত অর্থ ; উদ্ধৃত ডুবো মাল ; Compensation for saving a ship, etc. from wreck ; cargo and materials saved.

Salvation (স্যাল্‌ভেশন্), *n.* রক্ষা-করণ ; পরিত্রাণ ; Preservation ; rescue ; মুক্তি ; উদ্ধার ; Saving of man from eternal misery. *n.*=salvationist.

Salvation Army—মুক্তি ফৌজ ; Revivalist organization on a military model.

Salve (সাভ্, স্যাল্‌ভ্), *n.* মলম, প্রলেপ ; Ointment ; (*fig.*) অপ্রীতিকর মনোভাব দূর করিবার জিনিস ; Something which removes unpleasant feeling such as anger, etc. :—*v. t.* অপ্রীতিকর মনোভাব দূর করা ; Remove unpleasant feelings.

Salver (স্যাল্‌ভার্), *n.* রেকাব ; থালা ; Tray ; plate.

Salvo (স্যাল্‌ভো), *n.* আনন্দপ্রকাশার্থ তোপ ; প্রশংসাসূচক চীৎকার-ধ্বনি ; Salute of artillery ; salute with guns ; sound of applause ; ব্যত্যয় ; কড়ার ; Exception ; proviso. *pl.*=salvos, salvoes.

Samaritan (স্যাম্যারিট্যান্), *a.* সামেরীয়া-দেশীয় ; Pertaining to Samaria, a city in Palestine :—*n.* সামেরীয়া দেশের অধিবাসী ; Inhabitant of Samaria.

Same (সেম্), *a.* সেই ; সমান ; সম তুল্য ; একই ; সদৃশ ; Identical ; similar ; পূর্ব্বোক্ত ; Mentioned before. **All the same**—তা হ'লেও ; তথাপি ; Nevertheless. **Be all the same to**—একই কথা ; Make no difference to.

Sameness (সেম্‌নিস্), *n.* একত্ব ; অভিন্নত্ব, সাদৃশ্য ; State of being the same ; identity ; close resemblance.

Samite (স্যামাইট্), *n.* পট্টবস্ত্রবিশেষ ; [Kind of silk stuff.

Sampan (স্যাম্প্যান্), *n.* জাপান ও চীনদেশীয় ছোট নৌকা ; Small boat used in Japan and China.

Samphire (স্যাম্‌ফায়ার্), *n.* পার্ব্বত্য ওষধি ; লতাবিশেষ ; Herb found chiefly on rocky cliffs near the sea.

Sample (সাম্প্‌ল্), *n.* আদর্শ ; নমুনা ; Specimen ; উদাহরণ ; Example :—*v. t.* নমুনা লওয়া ; Take samples of.

Sampler (সাম্প্লার্), *n.* নমুনা লইয়া যে লোক দ্রব্যাদির গুণাগুণ পরীক্ষা করে ; One whose work is to test the quality of goods by means of samples ; নিদর্শনস্বরূপ রক্ষিত কোনও বালিকার সূচিকার্য্য ; A girl's piece of embroidery kept as proof of her skill.

Sanatorium (স্যান্যাটোরিয়াম্), **Sanitarium** (স্যানিটেরিয়াম্), *n.* স্বাস্থ্য-নিবাস ; আরোগ্যপ্রদ স্থান ; আরোগ্য গৃহ ; Healthy station ; establishment for treatment of invalids.

Sanatory (স্যান্যাটরি), *a.* স্বাস্থ্যকর ; আরোগ্যকর ; Conducive to health.

Sanctification (স্যাঙ্ক্‌টিফিকেশন্), *n.* পবিত্রীকরণ ; পূতকরণ ; উৎসর্গ ; Act of sanctifying ; purification ; consecration.

Sanctified (স্যাঙ্ক্‌টিফায়েড্), *a.* পবিত্রীকৃত ; Made holy.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(স্যাঙ্‌টিফাই), *v. t.* পবিত্র করা; Make sacred; con-
পাপমুক্ত করা; Free from
sanctifier.
ions (স্যাঙ্‌টিমোনিয়াস্), ধর্মকারী, বকধার্ম্মিক; Making
piety.
(স্যাঙ্‌টিমনি), *n.* পবিত্র-
Pretended sanctity.
(স্যাঙ্‌শন্), *n.* মঞ্জুর; অনু-
Confirmation; ratification;
ধর্ম্মসম্বন্ধীয় কোন নিয়মের
প্রতি যে অনুপ্রেরণা; Motive
obedience to any moral or
law; আইন বা চুক্তি লঙ্ঘনের
জন্য যে শাস্তি বা পুরস্কার দেওয়া
penalty or reward expressly
to non-observance or
of a law or treaty :—
করা; অনুমোদন করা; সমর্থন
authorise; ratify; counte-
(স্যাঙ্‌টিটি), *n.* পবিত্রতা;
Purity; godliness;
(স্যাঙ্‌টিউয়্যারি), *n.* পবিত্র
মন্দির; দেবালয়; Sacred
temple; আশ্রয়স্থান; রক্ষাস্থান;
of shelter or protection.
(স্যাঙ্‌টাম্), *n.* পবিত্র স্থান;
Sacred place; private

(স্যাণ্ড্), *n.* বালি; বালুকা; Fine
of stone :—*pl.* সৈকত;
Sandy beach :—*v. t.*
করা; Sprinkle with
Sand-bag—বালুকাপূর্ণ থলি;
with sand.
(স্যাণ্ড্যাল্), *n.* জুতাবিশেষ;
Shoe tied with strings
the ankles; loose slipper;
A kind of scented wood.

Sandalled (স্যাণ্ড্যাল্‌ড্), *a.* স্যাণ্ড্যাল্-পাদুকাধারী; Wearing sandals.

Sandalwood (স্যাণ্ড্যাল্‌উড্), *n.* চন্দন-কাষ্ঠ; Wood of a well-known tree.

Sand-bank (স্যাণ্ড্-ব্যাঙ্ক্), *n.* বালি-য়াড়ি; বালুকাতট; Bank of sand.

Sand-blind (স্যাণ্ড্-ব্লাইণ্ড্), *a.* (অপ্রচলিত) অস্পষ্ট-দৃষ্টি; ঝাপ্সা-নজর; Dim-sighted; purblind.

Sanded (স্যাণ্ডেড্), *a.* বালুকাবৃত; Covered with sand.

Sanders (স্যাণ্ডার্স্), *n.* রক্তচন্দন; Red sandalwood.

Sand-glass (স্যাণ্ড্-গ্লাস্), *n.* বালির ঘড়ি; Glass instrument of measuring time by the running out of sand. [বালুস্তূপ; Hill of sand.

Sand-hill (স্যাণ্ড্-হিল্), *n.* বালুকা-শৈল;

Sand-paper (স্যাণ্ড্-পেপার্), *n.* বালি-মাখান কাগজ, শিরীষ-কাগজ; Paper covered on one side with a kind of sand for smoothing and polishing.

Sandpiper (স্যাণ্ড্‌পাইপার্), *n.* জলচর পক্ষিবিশেষ; কাদা-খোঁচা পাখী; A kind of wading bird.

Sandstone (স্যাণ্ড্‌স্টোন্), *n.* বালু-প্রস্তর; বেলে পাথর; Soft porous kind of stone; stone made of consolidated sand.

Sand-storm (স্যাণ্ড্-স্টর্ম্), *n.* মরু-ঝড়; Desert storm with driving sand.

Sandwich (স্যাণ্ড্‌উয়িচ্), *n.* মধ্যে মৎস্য বা মাংসবিশিষ্ট দুইখণ্ড রুটি; Two slices of bread with meat or fish between. **Sandwichman**—যে সম্মুখে ও পশ্চাতে প্রচারপত্র লইয়া পথে পথে ঘোরে; Man who perambulates the streets between two advertising boards.

Sandy (স্যাণ্ডি), *a.* বালুকাময়, বালিপূর্ণ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Consisting of sand. *n.*=sandiness.

Sane (সেন্), *a.* সুস্থ ; প্রকৃতিস্থ ; Healthy ; sound in mind or body.

Sang (স্যাং), *p. t.* of **Sing.**

Sangfroid (সাঁফ্রয়া), *n.* বিপদে আপদে শান্তভাব ; Coolness in danger or difficulty.

Sanguinary (স্যাংগুয়িন্যারি), *a.* রক্তস্রাবী ; রক্ত-পিপাসু ; Attended with much bloodshed ; blood-thirsty. *n.*=sanguinariness. *ad.*=sanguinarily.

Sanguine (স্যাংগুয়িন্), *a.* আশান্বিত ; Hopeful ; আশাবাদী ; Optimistic ; লাল মুখবিশিষ্ট ; Having a red-coloured face ; প্রফুল্ল ; Cheerful.

Sanguineous (স্যাংগুয়িনিয়াস্), *a.* রক্তময় ; শোণিত-সম্বন্ধীয় ; রক্তের মত লাল ; Resembling or constituting blood ; blood-red.

Sanhedrim (স্যানিড্রিম্), *n.* ইহুদিদিগের প্রধান সভা ; Highest council of the Jews.

Sanitarium (স্যানিটেরিয়াম্)—See [**Sanitorium.**

Sanitary (স্যানিট্যারি), *a.* স্বাস্থ্যকর ; স্বাস্থ্য-সম্বন্ধীয় ; Hygienic ; pertaining to, or promoting health. *n.*=sanitarian.

Sanitation (স্যানিটেশন্), *n.* স্বাস্থ্যবিধান, স্বাস্থ্যব্যবস্থা ; Science of preservation of health.

Sanity (স্যানিটি), *n.* মনের বা দেহের সুস্থতা ; স্বস্তি ; Soundness of mind or body ; saneness.

Sank (স্যাঙ্ক্), *p. t.* of **Sink.**

Sans (স্যান্জ্), *pre.* বিনা ; Without.

Sanskrit (স্যান্স্ক্রিট্), *n.* সংস্কৃত ভাষা ; Ancient language of the Hindus (capital *S*).

Santa claus (স্যান্টা ক্লজ্), *n.* পিতা-রূপী ক্রীসমাস্-উৎসব ; Father Christmas.

Santonine (স্যান্টোনাইন্), *n.* কৃমিনাশক ঔষধবিশেষ ; Vermicide.

Sap (স্যাপ্), *n.* বৃক্ষের রস বা সার ; Vital juice of plants :—*v. t.* অধঃখনন করা ; Undermine ; দুর্ব্বল করা ; Weaken.

Sapid (স্যাপিড্), *a.* সুস্বাদ ; স্বাদু ; রুচিকর ; Well-tasted ; savoury. *n.*=sapidity, sapidness.

Sapience (সেপিয়েন্স্), *n.* বিচক্ষণতা ; বিজ্ঞতা ; জ্ঞান ; Wisdom ; knowledge.

Sapient (সেপিয়েন্ট্), *a.* বিচক্ষণ, জ্ঞানী ; বিজ্ঞ ; Discerning, wise.

Sapless (স্যাপ্লিস্), *a.* নীরস ; শুষ্ক ; Dry ; শীর্ণ ; Withered.

Sapling (স্যাপ্লিং), *n.* চারা গাছ ; Young tree.

Saponaceous (স্যাপনেশাস্), *a.* সাবানের মত ; সাবানতুল্য ; Soaplike ; soapy.

Saponify (স্যাপনিফাই), *v. t.* সাবানে পরিণত করা ; Convert into a soap.

Sapper (স্যাপার্), *n.* খাদ, রাস্তা, সেতু ইত্যাদি নির্ম্মাতা সৈন্যবিশেষ ; A soldier who makes saps, roads, bridges etc.

Sapphire (স্যাফায়ার্), *n.* নীলকান্ত মণি ; A gem ; precious stone. *a.*=sapphirine.

Sappy (স্যাপি), *a.* রসযুক্ত ; সরস ; রসাল ; Juicy ; তরুণ ; অল্পবল ; Young ; weak. *n.*=sappiness.

Saracen (স্যার্যাসেন্), *n.* আরববাসীর প্রাচীন নাম ; An old name for an Arab ; ধর্ম্মযুদ্ধকালের মুসলমান ; Mahommedan at the time of the Crusades.

Sarcasm (সার্ক্যাজ্ম্), *n.* বক্র ব্যঙ্গোক্তি ; বিদ্রূপ ; Biting speech ; bitter sneer ; taunt ; উপহাস ; Ridicule.

Sarcastic (সার্ক্যাস্টিক্), *a.* টীটী ব্যঙ্গসূচক ; বিদ্রূপাত্মক ; Bitterly satirical. *ad.*=sarcastically.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Satiety (স্যাটাইয়িটি), *n.* পরিতৃপ্তি, সন্তৃপ্তি ; Surfeit.

Satin (স্যাটিন্), *n.* রেশমী বস্ত্র ; সাটিন ; Thickly-woven glossy silk.

Satin-wood (স্যাটিন্-উড্), *n.* শক্ত সুন্দর কাষ্ঠবিশেষ ; Hard ornamental wood.

Satiny (স্যাটিনি), *a.* সাটিন-সদৃশ বা নির্ম্মিত ; Like or composed of satin.

Satire (স্যাটায়ার্), *n.* বিদ্রূপ ; উপহাস ; ব্যঙ্গবাক্য ; Ridicule ; taunt ; irony ; sarcasm ; বিদ্রূপাত্মক কাব্য ; Invective poem.

Satiric (স্যাটিরিক্), **Satirical** (স্যাটিরিক্যাল্), *a.* উপহাসজনক ; বিদ্রূপাত্মক ; গ্লানিকর ; নিন্দাকর ; Sarcastic ; abusive. *ad.*=satirically.

Satirist (স্যাটিরিস্ট্), *n.* বিদ্রূপকারী ; ব্যঙ্গকবিতা-লেখক ; One who satirises ; one who writes satires.

Satirize (স্যাটিরাইজ্), *v. t.* উপহাস করা ; অতি নিন্দা করা. Expose by satire ; censure severely.

Satisfaction (স্যাটিস্ফ্যাক্শন্). *n.* পরিতোষ, তৃপ্তি ; The state of being pleased or contented ; সন্তোষের বস্তু বা বিষয় ; That which satisfies (your visit will be a great *satisfaction* to me) ; ক্ষতি-পূরণ ; Amends; প্রায়শ্চিত্ত ; Atonement ; ঋণ-পরিশোধ ; Payment of debt. **In satisfaction of**—পরিশোধস্বরূপ ; By way of paying, fulfilling or complying.

Satisfactory (স্যাটিস্ফ্যাক্টরি), *a.* সন্তোষজনক ; Causing satisfaction (with *to*) ; যথোচিত ; Sufficient ; আশা, ইচ্ছা, উদ্দেশ্য ইত্যাদি পূরণকারী ; Fulfilling hopes, wishes, purposes, etc. (progress is *satisfactory*). *n.*= satisfactoriness. *ad.*=satisfactorily.

Satisfy (স্যাটিস্ফাই), *v. t. i.* পরিতৃপ্ত করা ; সন্তুষ্ট করা ; Please fully ; প্রত্যয়

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জন্মান ; নিঃসন্দেহ করা ; সন্দেহ ভঞ্জন করা ; পরিশোধ করা ; Convince ; free from doubt ; discharge ; পূর্ণ করা ; Fulfil (hopes, etc.) ; মেটান ; Put an end to (*satisfy* hunger).

Satrap (সেট্র্যাপ্), *n.* পারসিক শাসনকর্ত্তা ; Persian viceroy. *fem.*= satrapess.

Satrapy (সেট্র্যাপি), *n.* পারসিক রাজন্যের অধিকার বা রাজ্য ; Government of a Satrap.

Saturate (স্যাটিউরেট্), *v. t.* পরিপূর্ণ করা ; পরিপৃক্ত করা ; Fill fully ; unite till no more can be received ; একেবারে ভিজাইয়া ফেলা, সংপৃক্ত করা ; Cause to become soaked completely. *a.*=saturated—(সংপৃক্ত)। *n.*=saturation—(সংপৃক্তি)।

Saturday (স্যাটার্‌ডি), *n.* শনিবার ; Last day of the week.

Saturn (স্যাটার্ণ্), *n.* রোমানদিগের দেবতা ; Ancient Roman god ; শনিগ্রহ ; শনৈশ্চর ; Sixth of the major-planets of the solar system.

Saturnalia (স্যাটার্ণেলিয়্যা), *n. pl.* শনির মহোৎসব ; সাধারণ আমোদপ্রমোদ ; Annual festival of Saturn ; general frolic.

Saturnalian (স্যাটার্ণেলিয়্যান্), *a.* প্রমোদপ্রিয় ; ক্রীড়াতৎপর ; ব্যভিচারাসক্ত ; Riotously merry ; dissolute.

Saturnian (স্যাটার্ণিয়্যান্), *a.* শনিগ্রহসম্বন্ধীয় ; শনৈশ্চরের রাজত্বকালীন ; Pertaining to Saturn ; সুখী ; সুখময় ; Happy ; সরল ; Simple ; বিশুদ্ধ ; Pure.

Saturnine (স্যাটার্ণাইন্), *a.* শনিগ্রস্ত ; অপ্রসন্ন ; অলস ; বিষণ্ণ ; বিষাদগ্রস্ত ; গম্ভীর ; Born under the influence of the planet Saturn ; gloomy ; dull ; morose ; grave.

Satyr (স্যাটার্), *n.* অর্দ্ধমনুষ্য ও অর্দ্ধছাগাকৃতি কল্পিত বনদেবতা ; Sylvan deity, represented partly as man and partly as goat.

Sauce (সস্), *n.* আচার ; চাট্‌নি ; আস্বাদন ; রুচিকর উপকরণ ; Condiment for food ; relish ; প্রগল্‌ভতা ; Impudence, usu. amusing, rather than annoying :—*v. t.* চাট্‌নি করা ; আচার করা ; Put sauce into ; রুচিকর করা, সুস্বাদু করা, তারিফ করা ; Give a higher relish ; প্রগল্‌ভতার সহিত কথা বলা ; Speak saucily to.

Saucepan (সস্‌প্যান্), *n.* কড়া ; চাট্‌নি ; Pan in which sauce or small things are boiled.

Saucer (সসার্), *n.* সান্‌কি-বিশেষ ; রেকাবী ; Shallow plate for a tea or coffee cup.

Saucy (সসি), *a.* প্রগল্‌ভ ; Impudent ; চট্‌পটে ; Smart. *n.*=sauciness.

Saunter (সণ্টার্), *v. i.* ইতস্ততঃ ভ্রমণ করা ; টো টো করিয়া ঘুরা ; গড়িমসি করা ; Wander about idly ; loiter :—*n.* ভ্রমণ ; Wandering ; বেড়াইবার স্থান ; Place for sauntering.

Saurian (সরিয়্যান্), *n.* টিকটিকি-বিশেষ ; A lizard :—*a.* গোধা-জাতীয় ; টিকটিকি-সম্বন্ধীয় ; Pertaining to, or of the nature of a saurian.

Sausage (সসিজ্), *n.* মাংসের কাবাব-বিশেষ ; A gut stuffed with chopped meat seasoned.

Savage (স্যাভিজ্), *a.* বন্য ; বর্ব্বর ; অসভ্য ; Wild ; uncivilized ; ভীষণ ; ভয়ানক ; Fierce ; ক্রূর ; নিষ্ঠুর ; পশুবৎ ; Cruel ; brutal :—*n.* অসভ্য লোক ; বর্ব্বর লোক ; A barbarian ; ক্রূরস্বভাব মনুষ্য, নিষ্ঠুর লোক ; Brutal person.

Savageness (স্যাভিজ্‌নিস্), **Savagery** (স্যাভিজারি), *n.* অসভ্যতা ; Wildness ; বর্ব্বরতা ; Barbarism ; ক্রূরতা ; Cruelty.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ডাঙা), *n.* পণ্ডিত; বিদ্বান্
n of learning.
ব), *v. t.* রক্ষা করা; বাঁচান;
রুক্ষ করা; ত্রাণ করা; Res-
tect; preserve; সঞ্চয়ার্থ
করা; Lay by; econo-
serve :—*v. i.* মিতব্যয়ী
economical :—*pre.* ব্যতীত;
all save him) :—*conj.* যদি
ন্ত; unless. **Save ap-**
ঘেরা—বাহিরের ঠাট বজায় রাখা;
public exposure.
ভিং), *a.* রক্ষাকারী; অনিষ্ট-
Preserving from wrong;
Economising; economi-
দায়ক; মুক্তিদায়ক; Secur-
সঞ্চিত বস্তু; That which
—*pl.* সঞ্চিত অর্থ; Money
—*pre.* & *conj.* ব্যতিরেকে;
ন্ত; Excepting.
-bank (সেভিংস্-ব্যাঙ্ক্), *n.*
সঞ্চিত রাখিবার স্থান; Bank
savings are deposited at
(সেভিয়ার্), *n.* রক্ষাকারী;
পরিত্রাতা; One who saves
evil; deliverer. **The** or
Saviour—যীশু খ্রীষ্ট; Jesus
(সেভরি), *n.* সুগন্ধি শাকবিশেষ;
atic kitchen herb.
(সেভর্), *n.* আস্বাদন; স্বাদ;
: Taste; odour; scent;
Reputation :—*v. i. t.* বিশেষ
পাওয়া; কোনও স্বাদ বা গন্ধবিশিষ্ট
Have a particular taste
; সমান হওয়া; তুল্য হওয়া;
(সেভারি), *a.* আস্বাদজনক;
Having savour or relish;
; মনোরম; Pleasant. *n.*=
ness. *ad.*=savourily.

Savoy (স্যাভয়্), *n.* কপিবিশেষ; A kind of cabbage.

Saw (স), *p. t.* of **See**.

Saw (স), *n.* করপত্র; করাত; Toothed cutting tool; চলতি কথা; প্রবাদ-বাক্য; Proverb; saying :—*v. t.* করাত দিয়া চেরা বা কাটা; Cut with a saw :—*v. i.* করাত চালান; করাত ব্যবহার করা; করাত দিয়া ভিন্ন হওয়া; Use a saw; be cut with a saw.

Sawdust (সডাস্ট্), *n.* করাতের গুঁড়া; Dust made by the action of a saw.

Saw-fish (স-ফিশ্), *n.* হাঙ্গর-জাতীয় মৎস্যবিশেষ; A fish closely allied to the shark.

Saw-mill (স-মিল্), *n.* করপত্র-পরিচালন-যন্ত্র; করাত-কল; Mill for cutting timber; mill for sawing.

Saw-pit (স-পিট্), *n.* করাত-খোলা; করাত করিবার গর্ত্ত; Pit over which wood is sawed.

Sawyer (সইয়ার্), *n.* করাতী; One who saws timber.

Saxon (স্যাক্সন্), *n.* জার্ম্মাণির উত্তর-পশ্চিমে বসবাসকারী পূর্ব্বকালের জাতি-বিশেষের লোক; A member of a people once living in N. W. Germany :—*a.* উক্ত অধিবাসিবর্গ বা স্যাক্সনদের ভাষা বা দেশ-সম্বন্ধীয়; Of the Saxons, or their language or country.

Say (সে), *v. t. i.* বলা, কহা; কথায় প্রকাশ করা; Utter, express in words; বিবৃতি দান করা; Make a statement; অনুমান করা, ধরিয়া লওয়া; Estimate; suppose (you may buy the thing, *say*, at Rs. 100/-); বলাবলি করে, গুজব রটায়; Report, allege (people *say* that he has riches) :—*n.* কথিত বিষয়; মন্তব্য; বক্তৃতা; Something said; remark; speech. *p. t.* & *p. p.*=said. **It**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

is said, They say—কথিত আছে; লোকে বলে; People assert or maintain. **Have** or **say one's say**—যাহা বলিবার আছে তাহা বলা; Say all that one has to say. **That is to say**—অর্থাৎ; In other words; namely.

Saying (সেয়িং), *n.* বচন; উক্তি; প্রবাদ-বাক্য; Expression; maxim.

Scab (স্ক্যাব্), *n.* মামড়ী; খোলস; ছাল; Crust over a sore; চুলকানি; খোস-পাঁচড়া; Itch; মেষের সংক্রামক পীড়া; Contagious disease of sheep:—*v. i.* মামড়ী পড়া; Form a scab.

Scabbard (স্ক্যাবার্ড্), *n.* অসিকোষ; তরবারির খাপ; Case in which the blade of a sword is kept; sheath:—*v. t.* খাপে পূরা; Put in a scabbard.

Scabbed (স্ক্যাব্ড্), *a.* শল্কময়; কচ্ছু বা স্ক্যাব রোগে পীড়িত; Full of or diseased with the scab.

Scabby (স্ক্যাবি), *a.* কচ্ছু; মামড়ী-পড়া; Scabbed. *n.*=scabbiness.

Scabies (স্ক্যাবিজ্), *n.* খোস; পাঁচড়া; The itch.

Scaffold (স্ক্যাফোল্ড্), *n.* মাচা; মঞ্চ; ভারা; বধমঞ্চ; Temporary platform; temporary stage raised by the side of a building for the workmen to stand upon; stage for the execution of a criminal.

Scaffolding (স্ক্যাফোল্ডিং), *n.* ভারা বাঁধিবার বাঁশ, তক্তা ইত্যাদি; The poles and planks used in making scaffolds.; ঠাট; Frame-work.

Scalable (স্কেল্যাব্ল্), *a.* আরোহণযোগ্য; Capable of being climbed.

Scald (স্কল্ড্), *v. t.* উষ্ণ তরলপদার্থে দগ্ধ করা; ঝল্‌সান; পোড়ান; Burn with hot liquid:—*n.* বাষ্পদাহ; পোড়া ঘা; Burn caused by hot liquid.

Scale (স্কেল্), *n.* মাপনী; A ruler; মান, মানক; Graduated measure; স্বরগ্রামমান; Series of all the tones (in music); ক্রমপর্য্যায়; Order of a numeral system; শল্ক; আঁইশ; One of the small, thin plates on a fish; স্তর; Thin layer; ক্রম; Gradation; দাঁড়িপাল্লার একখানি থালা; One of the dishes of a balance—*pl.* পাল্লা; নিক্তি; Balance (a pair of *scales*):—*v. t.* আঁইশ ছাড়ান; শল্কহীন করা; Clear of scales; peel off in thin layers; মই লাগাইয়া আরোহণ করা; সোপান দিয়া চড়া; Ascend; mount by a ladder; পরিমাণ করা; Measure:—*v. i.* আঁইশ রূপে ঝরিয়া পড়া; খুলিয়া আসা; Come off in thin layers. *a.*=scaleless. **On a gigantic scale**—অতিরিক্ত পরিমাণে; In an inordinate degree. **On a large scale**—অধিক পরিমাণে; To a large extent. **Scale of pay**—বেতনক্রম।

Scaled (স্কেল্ড্), *a.* শল্কবিশিষ্ট; Having scales.

Scalene (স্কেলীন্), *a.* বিষমভুজ; Having three unequal sides:—*n.* বিষমবাহু ত্রিভুজ; Scalene triangle.

Scallop (স্ক্যালপ্), **Scollop** (স্কলপ্), *n.* শম্বুকবিশেষ; শুক্তিবিশেষ; A shell; কোন দ্রব্যের প্রান্তস্থ বক্রতা; Curving in the edge of anything:—*v. t.* প্রান্তদেশ কাটিয়া বৃত্তাংশাকার করা; কম্বুপুটে পাক করা; Cut the edge into segments of a circle; bake in scallop shells.

Scalp (স্ক্যাল্প্), *n.* মাথার উপরের চুল ও চামড়া; The skin and hair on the top of the head:—*v. t.* মস্তকের ত্বক্ তোলা; Cut the scalp from.

Scalpel (স্ক্যাল্পেল্), *n.* অস্ত্রচিকিৎসকের ক্ষুদ্র ছুরি; Small surgical knife.

Scaly (স্কেলি), *a.* আঁইশবিশিষ্ট; শল্কাবৃত; আঁইশযুক্ত; শল্কাকার; নীচ; Cover-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ble

...ith scales; like scales; ...=scaliness. [Squander.

...(স্ক্যাম্ব্‌ল্), *v. t.* নষ্ট করা; ...(স্ক্যাম্প্), *n.* বদমায়েস; ইতর ...Rogue; vagabond :—*v. t.* ...ক সম্পাদন করা; Perform ...ly. *a.*=scampish.

...(স্ক্যাম্পার্), *v. i.* দ্রুতবেগে ...ছুটি করা; Run away with

...), *v. t.* সূক্ষ্মরূপে পরীক্ষা করা; ...করিয়া পরিদর্শন করা; Examine ...; scrutinise; মাত্রা ভাগ ...তার মাত্রা নির্ণয় করা; Mea-...verse.

...(স্ক্যাণ্ডাল্), *n.* গ্লানি, কলঙ্ক, ...; Opprobrious censure; ...; ক্রোধ ও বিস্ময়ের ভাব; A ...of indignation and sur-

...lize (স্ক্যান্‌ড্যালাইজ্), *v. t.* ...করিয়া মনে ভয়াদি জাগান;

...lous (স্ক্যান্‌ড্যালাস্), *a.* লজ্জাকর; ...; Disgraceful, damaging ...reputation.

...(স্ক্যান্‌শন্), *n.* ছন্দোনির্ণয়; ...; Act of scanning.

...(স্ক্যাট্), *a.* অল্প; অপ্রচুর; Not full; not enough ...attention); scarce :—*v. t.* ...করা; সঙ্কীর্ণ করা; কমান; ...; limit; lessen.

...ness (স্ক্যাটিনিস্), *n.* অসম্পূর্ণতা; Quality or condition of ...Scanty.

...ling (স্ক্যাট্‌লিং), *n.* খসড়া; ...draft; সামান্য খণ্ড; কিছু ...Little piece; certain

...(স্ক্যাটি), *a.* অপ্রচুর; সামান্য; ...ous or full; hardly suffici-

ent (*scanty* supply of food). *n.* =scantiness. *ad.*=scantily.

Scape (স্কেপ্), *n.* পলায়ন; Escape.

Scape-goat (স্কেপ্-গোট্), *n.* অন্যের কৃত দোষের ফলভোগী ব্যক্তি; Person bearing blame due to others.

Scapegrace (স্কেপ্‌গ্রেস্), *n.* পাপী লোক; হতভাগ্য ব্যক্তি; নরাধম; Worthless or wicked fellow.

Scapula (স্ক্যাপিউল্যা), *n.* অংসফলক; স্কন্ধাস্থি; Shoulder blade. *a.*=scapular.

Scar (স্কার্), *n.* কাটা দাগ; ক্ষতাঙ্ক; ক্ষতচিহ্ন; Mark of a wound; cicatrix; seam; সরলোন্নত তট বা গিরি; Precipitous bank or rock :—*v. t.* (*-rr-*) কাটা দাগ দেওয়া; ক্ষতচিহ্নে চিহ্নিত করা; Mark with a scar :—*v. i.* ক্ষত-চিহ্ন-যুক্ত হওয়া; Become scarred.

Scarab (স্ক্যারাব্), *n.* গুবরে পোকা-বিশেষ; A kind of beetle.

Scaramouch (স্ক্যারামাউচ্), *n.* প্রাচীন ইতালীয় প্রহসনের বৃথা গর্ব্বকারী কাপুরুষ; A boastful coward in old Italian comic plays; (সাধারণতঃ খেলাচ্ছলে) অকর্ম্মণ্য নোংরা লোক; A worthless, untidy fellow.

Scarce (স্কেয়ার্স্), *a.* অপ্রচুর; দুষ্প্রাপ্য; বিরল; দুর্লভ; Not plentiful; rare; uncommon :—*ad.* কদাচিৎ; Hardly.

Make oneself scarce—অদৃশ্য হওয়া; সরিয়া পড়া; Decamp.

Scarcely (স্কেয়ার্স্‌লি), *ad.* কদাচিৎ; প্রায় না; প্রায় তন্মুহূর্ত্তেই; Hardly; almost at that moment; কষ্টে; With difficulty (he can *scarcely* write).

Scarcity (স্কেয়ার্সিটি), *n.* (সরবরাহের) অপ্রাচুর্য্য; Insufficiency in the supply of (money, etc.); দুর্ভিক্ষ; Prevailing want of food.

Scare (স্কেয়ার্), *v. t.* ভয় দেখাইয়া

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তাড়ান ; ভয়প্রদর্শন করা ; ভয়চকিত করা ; Drive away by frightening ; terrify suddenly :—*n.* আকস্মিক বা অহেতুক ভয় ; Sudden or causeless panic.

Scarecrow (স্কেয়ার্‌ক্রো), *n.* পক্ষীদিগের ভীতিপ্রদর্শক মূর্ত্তি ; Image to drive away birds by frightening.

Scarf (স্কার্ফ্), *n.* গলাবন্ধ রুমাল ; Light handkerchief for the neck ; ওড়না ; চাদর ; Light piece of shawl or other dress usually worn over the shoulders (*pl.*=scarfs, scarves) ; কাষ্ঠাদি যুড়িবার খাঁজ ; Part cut away from each of two pieces of timber to be joined together :—*v. t.* দুই-খানা তক্তা সংযুক্ত করা ; Join two pieces of timber longitudinally.

Scarify (স্ক্যারিফাই), *v. t.* ত্বক্ ঈষৎ কর্ত্তন করা ; রক্তমোক্ষণ করা ; Scratch ; let blood by slightly cutting the skin. *n.*=scarification.

Scarlatina (স্কার্‌ল্যাটিনা), *n.* সংক্রামক জ্বরবিশেষ ; Scarlet fever.

Scarlet (স্কার্‌লেট্), *n.* লোহিতবর্ণ ; লাল রঙ্ ; Bright-red colour ; reddish compound of yellow and red :—*a.* লালবর্ণের ; Of the colour called scarlet.

Scarlet-fever (স্কার্‌লেট্-ফিভার্), *n.* হাম-জ্বরবিশেষ ; Infectious fever characterized by an eruption of measles.

Scarp (স্কার্প্), *n.* খানার পোস্তা বা ঢাল্ ; দুর্গপ্রাচীরের নিকটস্থ পরিখা-পার্শ্ব ; Perpendicular slope ; inner slope of a ditch next to a fortification.

Scathe (স্কেদ্). *n.* & *v. t.* আঘাত বা আঘাত করা ; Hurt.

Scatheless (স্কেদ্‌লিস্), *a.* ক্ষতশূন্য, অনাহত ; Without damage or injury.

Scathing (স্কেদিং), *a.* উগ্র ; অতিশয় তীব্র ; Bitterly severe (*scathing* criticism).

Scatter (স্ক্যাটার্), *v. t. i.* চারিদিকে ছড়ান ; Throw in all directions (*scatter* seed) ; চারিদিকে তাড়াইয়া দেওয়া ; Drive away in different directions ; (তাড়াতাড়ি) চারিদিকে চলিয়া যাওয়া ; Go away in different directions (often hastily).

Scavenger (স্ক্যাভিঞ্জার্), *n.* পথের ময়লা-পরিষ্কারক, মেথর, ঝাড়ুদার ; One who cleanses the streets of a city.

Scenario (সেনারিও), *n.* নাটকাদিতে দৃশ্যের তালিকা ; Table of scenes in a play, etc.

Scene (সীন্), *n.* নাট্যমঞ্চ ; রঙ্গভূমি ; Stage of a theatre ; দৃশ্য ; Sight ; spectacle ; show ; ঘটনাস্থলের প্রতি-কৃতি ; Picture of the place of an action ; কার্য্যক্ষেত্র ; ঘটনাস্থল ; প্রদর্শনের স্থান ; Place of action, occurrence ; exhibition ; গর্ভাঙ্ক ; Part of a play acted without change of place ; দৃশ্য ; সুদীর্ঘ চিত্রিত দৃশ্যপট ; View ; large painted view ; সর্ব্ব-সমক্ষে ভয়ানক রাগাদি প্রকাশ ; ভাব-প্রকাশ ; Unseemly display of passionate feeling between per-sons ; রঙ্গভূমির চিত্র ; Fixed or mov-able painting of a theatre ; সম্বন্ধ-গ্রথিত প্রদর্শিত ঘটনাপরম্পরা ; Series of events connected and exhibited.

Scenery (সীনারি), *n.* দৃশ্যাবলী, দৃশ্য-পটসমূহ ; Stage-scenes ; কোনও স্থানের প্রাকৃতিক দৃশ্যাদি ; The natural fea-tures of a district.

Scenic (সীনিক্), *a.* দৃশ্য-সম্বন্ধীয় ; দৃশ্যপট-সম্বন্ধীয় ; Pertaining to sce-nery ; নাট্যশালা-সম্বন্ধীয় ; নাটকীয় ; আভিনয়িক ; রঙ্গালয়-ঘটিত ; Dramatic ; theatrical.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...স্কেন্ট্), *n.* গন্ধ; সুগন্ধ; Odour; ...perfume; ঘ্রাণশক্তি; ঘ্রাণেন্দ্রিয়; ... of smelling; sense of ... ঘ্রাণদ্বারা অনুসরণ; Chase ...d by the scent; গতিপথ; ...; Course of pursuit :— ...গন্ধ পাওয়া; ঘ্রাণ লওয়া; সুবাসিত ...গন্ধ পূর্ণ করা; সুগন্ধি করা; Smell; ... by the sense of smell; ... *a.*=scentless. **Be off** ...—ঠিক যে পথে গেলে ধরা যায় ...না যাওয়া; Be on the wrong ...

...(স্কেপ্টিক্), *n.* নাস্তিক; সন্দেহ-...ক; One who is sceptical. ...al (স্কেপ্টিক্যাল্), *a.* অবিশ্বাসী; ...-সম্বন্ধীয়; Doubting or de-... the truth of revelation. *ad.* ...tically.

...ism (স্কেপ্টিসিজ্‌ম্, সেপ্টিসিজ্‌ম্), ...সন্দেহবাদ; অবিশ্বাস; Doubt or ... of the existence of God or ...th of revelation; tendency ...t; doubt.

...e (সেপ্‌টার্), *n.* রাজদণ্ড; Staff ...ity or command; রাজশক্তি; ...ক্ষমতা; Royal power.

...ed (সেপ্‌টার্ড্), *a.* দণ্ডধারী; রাজ-...শক্তি দ্বারা ভূষিত; Bearing a ...

...le (শেডিউল্), *n.* কর্দ্দ; তালিকা; ...ফর্দ্দ; নির্ঘণ্ট; List; inven-... catalogue; table :—*v. t.* ...ভুক্ত করা; Place in a sche-...e list. **Scheduled time**— ...তালিকায় প্রদত্ত সময়।

...e (স্কীম্), *n.* নক্সা; পরিকল্প; ...; Plan; draft; মতলব, ফন্দি; ...কথা, সঙ্কল্প; Plot; অভিপ্রায়; ...:—*v. t.* নক্সা করা; অভিপ্রায় ...ফন্দি করা; মন্ত্রণা করা; মতলব ...করা; Plan; contrive :— *v. i.* উপায় উদ্ভাবন করা; সঙ্কল্প করা; Plot; form a plan or scheme.

Schemeful (স্কীম্‌ফুল্), *a.* মতলববাজ; Full of schemes.

Schemer (স্কীমার্), *n.* চক্রান্তকারী; Plotter.

Scheming (স্কীমিং), *a.* ষড়্‌যন্ত্রকারী, কুচক্রী, ধূর্ত্ত; Intriguing, artful.

Schism (সিজ্‌ম্), *n.* ধর্ম্মবিষয়ে মতভেদ, সাম্প্রদায়িকতা; Separation in a church occasioned by diversity of opinion.

Schismatic (সিজ্‌ম্যাটিক্), **Schismatical** (সিজ্‌ম্যাটিক্যাল্), *a.* (ধর্ম্ম-সম্বন্ধে) মতভেদ-সম্বন্ধীয়; মতান্তরগ্রাহী; Tending to or partaking of the nature of schism.

Schismatic (সিজ্‌ম্যাটিক্), *n.* সাম্প্রদায়িক; ধর্ম্মসম্বন্ধে ভিন্নমতাবলম্বী; প্রচলিত ধর্ম্মের বিরুদ্ধবাদী; One who separates from a church for difference of opinion; heretic.

Schist (শিস্ট্), *n.* স্তরসম্পন্ন খনিজপদার্থ; শিলাবিশেষ; Slate-rock. *a.*=schistic, schistous, schistose.

Scholar (স্কল্যার্), *n.* ছাত্র; পড়ুয়া; Student; learner; শিষ্য; Disciple; পণ্ডিত; বিদ্বান্ ব্যক্তি; মনীষী; Man of learning; বৃত্তিধারী ছাত্র; Student receiving scholarship.

Scholarly (স্কল্যার্‌লি), *a.* বিদ্বজ্জনোচিত; ছাত্রবৎ, ছাত্রের উপযুক্ত; পণ্ডিতোচিত; Like or becoming a scholar.

Scholarship (স্কল্যার্‌শিপ্), *n.* বিদ্যা; বিদ্যাবত্তা; পাণ্ডিত্য; Learning; ছাত্র-বৃত্তি; Maintenance of a scholar; endowment of a scholar.

Scholastic (স্কল্যাস্টিক্), *a.* পণ্ডিত-সম্বন্ধীয়; পণ্ডিতযোগ্য; ছাত্র বা বিদ্যালয়-সম্বন্ধীয়; Of or befitting a scholar or school; অতিসূক্ষ্ম; সূক্ষ্মপ্রভেদকারী; Excessively subtle :—*n.* যে ব্যক্তি

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মধ্যযুগের দার্শনিক সম্প্রদায়ের রীতিনীতির অনুবর্ত্তন করে ; One who adheres to the method or subtleties of the school of the middle ages. *n.*= scholasticism.

Scholiast (স্কোলিয়াস্ট্), *n.* প্রাচীন টীকাকার ; ভাষ্যকার ; Writer of scholia ; commentator. *a.*=scholiastic.

Scholium (স্কোলিয়াম্), *n.* টীকা ; পার্শ্বলিখিত টিপ্পনী ; ভাষ্য ; প্রতিজ্ঞার অন্তে মন্তব্য ; Explanation adjoined to a problem ; marginal note ; explanatory observation. *pl.*= scholia, scholiums.

School (স্কুল্), *n.* বিদ্যালয় ; পাঠশালা ; Place of education ; place for elementary teaching ; বিশ্ববিদ্যালয় ; University ; শিক্ষার জন্য অনুশীলনী ; Exercise for instruction ; (পণ্ডিত) সম্প্রদায় ; Sect (of teachers) :—*v. t.* বিদ্যালয়ে শিক্ষা দেওয়া ; Educate in a school ; শিক্ষা দেওয়া ; তিরস্কার করা ; Instruct ; teach ; admonish. **Normal school**—যে বিদ্যালয়ে শিক্ষকদের শিক্ষা দেওয়া হয় ; School for the training of teachers.

School-board (স্কুল্-বোর্ড্), *n.* বিদ্যালয়-সমিতি ; Committee for managing education of the children (secondary *school-board*).

School-boy (স্কুল্-বয়্), *n.* বিদ্যালয়ের বালক ; ছাত্র ; Boy taught in a school. *fem.*=school-girl.

School-days (স্কুল্-ডেজ্), *n.* ছাত্র-জীবন ; Time of life at school.

School-fee (স্কুল্-ফী), *n.* স্কুলের মাহিনা, ছাত্রদত্ত-বেতন ; Tuition-fee.

School-fellow (স্কুল্-ফেলো), **School-mate** (স্কুল্-মেট্), *n.* সহাধ্যায়ী, সতীর্থ ; Fellow educated at the same school.

Schooling (স্কুলিং), *n.* বিদ্যালয়ে প্রাপ্ত শিক্ষা ; Education obtained at a school.

School-Inspector (স্কুল্-ইন্‌স্পেক্টর্), *n.* বিদ্যালয়ের পরিদর্শক ; Official to inspect schools.

Schoolman (স্কুল্‌ম্যান্), *n.* দর্শন-শাস্ত্রবেত্তা ; মধ্যযুগের দার্শনিক পণ্ডিত ; Scholastic ; one of the philosophers and divines of the second half of the middle-ages.

Schoolmaster (স্কুল্‌মাস্টার্), *n.* বিদ্যালয়ের শিক্ষক ; One who teaches in a school. *fem.*=school-mistress.

Schoòl-mate (স্কুল্-মেট্)—See **School-fellow.**

Schoolmistress (স্কুল্‌মিস্ট্রেস্), *n.* শিক্ষয়িত্রী ; Woman who teaches in a school.

Schoolroom (স্কুল্‌রুম্), *n.* বিদ্যালয়ের পাঠপ্রকোষ্ঠ ; Chamber for studies in a school.

School-teacher (স্কুল্-টীচার্)—Same as **Schoolmaster.**

Schooner (স্কুনার্), *n.* দ্বি-মাস্তুল জাহাজ ; Two-masted vessel with fore-and-aft sails.

Sciatic (সাইয়্যাটিক্), *a.* নিতম্ব-সংক্রান্ত ; নিতম্বের পীড়াদায়ক ; Of, or affecting the hip.

Sciatica (সাইয়্যাটিকা), *n.* (নিতম্বের) বাতরোগ ; নিতম্বের বেদনা ; Rheumatic affection of the hip-joints ; hip-gout.

Science (সাইয়েন্স্), *n.* জ্ঞান ; Knowledge ; বিজ্ঞান ; Knowledge methodically arranged ; নিরূপিত সত্য ; Truth ascertained. **Natural science**—প্রকৃতি-বিজ্ঞান ; Knowledge of causes, effects and laws of nature. **Practical science**—ব্যবহারিক বিজ্ঞান ; Knowledge derived

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ntific
...experiment and the classifi-
...of particular facts.
...ntific (সাইয়েন্টিফিক্), *a.* বৈজ্ঞানিক,
...ক্ষুত্রী; According to, or
...ated with science; সঠিক,
...ক; Accurate and systema-
...ntific method); বিজ্ঞানসম্মত;
...the facts obtained by
...ts of science (modern
...is *scientific*); খেলিবার
...উৎকৃষ্ট রীতি-অনুযায়ী; Accord-
...the best methods of playing
...me. *ad.*=scientifically.
...ist (সায়েন্টিস্ট্), *n.* বিজ্ঞানী;
...rsed in science; savant.
...ar, Scimitar (সিমিট্যার্), *n.*
...ক্ষি, তরবারি; Short sword.
...la (সিন্টিল্যা), *n.* কণা; স্ফুলিঙ্গ;
...st particle; spark.
...llant (সিন্টিল্যাণ্ট্), *a.* ঝক্‌ঝক্-
...বিচ্ছটা-বিকাশী; Sparkling.
...late (সিন্টিলেট্), *v. i.* স্ফুলিঙ্গ
...রা; ঝিক্‌মিক্ করা; চক্‌মক্ করা;
...rth sparks; sparkle. *n.*=
...tion—(স্ফুলিঙ্গায়ন)।
...sm (সাইয়োলিজ্‌ম্), *n.* পাণ্ডিত্যের
...Assumption of knowledge;
...ের বড়াই; Conceit based on
...wisdom. *con. n.*=sciolist.
...(সায়ন্), *n.* পল্লব; কলমের শাখা;
...twig; twig for grafting;
...ংকুর; বংশধর; বংশের সন্তান;
...member of a family;
...descendant.
...s (সিজ্‌র্‌স্), *n. pl.* কাঁচি;
...of cutting instrument
...pair of *scissors*). **Scissors**
...aste—নানাবিধ পুস্তক হইতে
...Compiling of books out of
...from others.
Sclavonion—Same as
Slavonic.

Sclerotic (স্ক্লীয়ারটিক্), *a.* কঠিন; Hard :—*n.* অক্ষিগোলকের বাহ্য ঝিল্লী; Outer coating of the eyeball.

Scoff (স্কফ্), *v. i.* ঘৃণা প্রকাশ করা; অবজ্ঞা প্রকাশ করা; Show contempt or scorn (with *at*) :—*n.* উপহাস, বিদ্রূপ; Gibe.

Scold (স্কোল্ড্), *v. t. i.* ভর্ৎসনা করা; তিরস্কার করা; Chide rudely; rail noisily :—*n.* অসভ্য বিবাদপ্রিয় স্ত্রীলোক; কটুভাষিণী স্ত্রী; Rude, clamorous woman.

Sconce (স্কন্‌স্), *n.* ক্ষুদ্র দুর্গ; গড়; Small fort; bulwark; শিরস্ত্রাণ; Headpiece; দেয়ালগিরি; লম্বমান দীপাধার; Hanging candlestick; মস্তক; Head; মাথা; The head (a crack on the *sconce*).

Scoop (স্কূপ্), *v. t.* খনন করা; খুঁড়িয়া বাহির করা; Hollow out; dig out; উত্তোলন করা; Lift up with something hollow; হাতা দিয়া খালি করা; Empty with a ladle :—*n.* বড় হাতা; Large ladle; কাষ্ঠনির্ম্মিত কোদালি; নৌকার জল-তোলা কেঠো; Wooden shovel; খনন; গর্ত্ত; Scooping; আঘাত; Stroke; ডাক্তারি যন্ত্রবিশেষ; A kind of surgical instrument.

Scooper (স্কূপার্), *n.* ক্ষোদন-যন্ত্রবিশেষ; Instrument for scooping.

Scope (স্কোপ্), *n.* কার্য্যক্ষেত্র; Sphere for action; কার্য্যক্ষেত্রের পরিধি; Range of action; বোধশক্তি; Ability to understand; সুযোগ; কার্য্যের স্বাধীনতা; Opportunity; freedom of action

Scorbutic (স্কর্‌বিউটিক্), *a.* স্কার্ভিরোগ-ঘটিত; Pertaining to scurvy.

Scorch (স্কর্চ্), *v. t.* ঈষৎ দগ্ধ করা; ভাজা; ঝল্‌সান; Burn; roast highly; parch :—*v. i.* ঝল্‌সাইয়া যাওয়া; Be burnt on the surface; শুষ্ক হওয়া;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Be dried up. **Scorched earth**—পোড়া মাটির নীতি, পশ্চাদ্‌পর সৈন্য কর্তৃক বাড়ী-ঘরদোর পোড়াইয়া ফেলিবার নীতি; A policy of wholesale demolition of buildings, etc. by the retreating force. [Burning.

Scorching (স্কর্চিং), *a.* দগ্ধকারী;

Score (স্কোর্), *n.* খাঁজ; হিসাব রাখিবার দাগ; Notch; mark for keeping accounts; এককুড়ি, বিংশতি; Set of twenty; গণনা; অঙ্ক; গণনা-চিহ্ন; Reckoning; হিসাব; Account; bill; কারণ; হেতু; Reason; সাকল্যাঙ্ক; The number of points, etc. in a game: —*pl.* অনেক; বিস্তর; Many:—*v. i.* খাঁজ কাটা; দাগ দেওয়া; আঁচড় দেওয়া; Mark with notches or lines; furrow. [Dross.

Scoria (স্কোরিয়্যা), *n.* ধাতুর মল; খাদ;

Scorn (স্কর্ণ্), *n.* অবজ্ঞা; উপহাস; অশ্রদ্ধা; ঘৃণা; Disdain; derision; extreme contempt; ঘৃণার পাত্র; Object of contempt:—*v. t.* অবজ্ঞা করা; হেয় জ্ঞান করা; Hold in extreme contempt; disdain.

Scornful (স্কর্ণ্‌ফুল্), *a.* অবজ্ঞাসূচক, ঘৃণাসূচক; Contemptuous; disdainful.

Scorpio (স্কর্পিয়ো), *n.* বৃশ্চিকরাশি; Eighth sign of the zodiac (capital *S*).

Scorpion (স্কর্‌পিয়ন্), *n.* বৃশ্চিক; কাঁকড়াবিছা; Insect with claws like the lobster; বৃশ্চিকরাশি; Eighth sign of the zodiac (capital *S*).

Scot (স্কট্), *n.* স্কট্‌লণ্ডদেশীয় ব্যক্তি; Native of Scotland; কর; অর্থদণ্ড; Tax; fine; গণনা; Reckoning. *a.*=Scottish. *v.*=Scoticize. **Scotland Yard**—লণ্ডনের পুলিসের প্রধান কর্ম্মকেন্দ্র; Headquarters of the London police.

Scotch (স্কচ্), **Scots** (স্কট্‌স্), **Scottish** (স্কটিশ্), *a.* স্কট্‌লণ্ড বা স্কট্‌লণ্ডবাসী বা স্কট্‌লণ্ডের ভাষা-সম্বন্ধীয়; Of Scotland, its people, or language.

Scotch (স্কচ্), *v. t.* খোঁচান; Cut, wound or injure without killing; বিরুদ্ধে কার্য্যতৎপর হওয়া; Take energetic and successful action against:—*n.* কাটা; A cut.

Scotchman (স্কচ্‌ম্যান্), *n.* স্কট্‌লণ্ডবাসী; Native of Scotland. [duck.

Scoter (স্কটার্), *n.* পাতিহাঁস; Marine

Scotfree (স্কট্‌ফ্রী), *a.* দণ্ড হইতে মুক্ত; অক্ষত; Unpunished, unharmed (go away *scotfree*).

Scotticism (স্কটিসিজ্‌ম্), *n.* স্কট্‌লণ্ডীয় বাক্‌প্রণালী; Scotch idiom.

Scoundrel (স্কাউণ্ড্রেল্), *n.* পাজি; বদমায়েস; Rascal; villain.

Scoundrelism (স্কাউণ্ড্রেলিজ্‌ম্), *n.* (কোনও) দুষ্ট আচরণ; (A piece of) wicked conduct.

Scour (স্কাউয়ার্), *v. t.* পরিষ্কার করা; মাজা; ঘর্ষণ করা; Cleanse; rub hard; উপর দিয়া দ্রুত চলিয়া যাওয়া; শীঘ্র যাওয়া; Pass quickly over:—*v. i.* বেগে দৌড়ান; Run swiftly. *n.*=scourer, scourage.

Scourge (স্কার্জ্), *n.* চাবুকের দড়ি; চাবুক; কশা; Lash consisting of a strap; whip; দণ্ড দিবার যন্ত্র; দণ্ড সাধন; Instrument of punishment; অত্যন্ত কষ্টপ্রদ জিনিস; Anything which causes much suffering (the *scourge* of war):—*v. t.* কশাঘাত করা, কোড়া মারা; Beat with a whip (*fig.*) তীব্র যন্ত্রণা দেওয়া; Cause suffering.

Scout (স্কাউট্), *n.* চর; গুপ্তচর; সন্ধানী লোক; Spy; person sent out to bring in tidings and observe the enemy, etc.; সন্ধান; তল্লাস; Look-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ফোর্ডের ভৃত্য; College ser-
...Oxford :—*v. t.* বিদ্রূপ করা;
... অগ্রাহ্য করা; উপেক্ষা করা;
...; despise; reject with
... সন্ধান করা; Observe
... **Boy-scout**—সেবাব্রতী-বালক,
... **Scout-master**—স্কাউট্-
... পরিচালক; Officer who
... troop of scouts.
...), *n.* এক রকম চওড়া নৌকা;
... of flat-bottomed boat.
...), *v. i. t.* ভ্রূভঙ্গী করা;
... মুখভার করা; Look sour
... frown; look gloomy :—
...; ভ্রূভঙ্গী; Look of sullen-
...(স্ক্রাব্‌ল্), *v. i. t.* মাটি আঁচ-
... দাগ মারা; Scratch; scrawl;
... দাগ কাটা; Scribble; সত্বর
... লেখা; Gather hastily :—*n.*
... দাগ; Scribble.
...ব্), *n.* ভেড়ার গলার অস্থিময়
The bony part of sheep's
... দুর্বল ব্যক্তি বা জন্তু; A thin,
person or animal :—*v. t.*
... গলা মোচড়ান; Twist the
... গলা টিপিয়া মারা; Kill by
...
...(স্ক্রাগি), *a.* রোগা ও অস্থিসার;
... bony.
...(স্ক্রাম্‌ব্‌ল্), *v. i.* কাড়াকাড়ি
... কিছুর জন্য অন্যের সহিত ঝটা-
...; হড়াহুড়ি করা; Struggle to
... something before others;
... or strive for rudely; হামা-
...; Go on all-fours :—*n.*
...; কাড়াকাড়ি; Act of scram-
...(স্ক্রানেল্), *a.* সরু; কিচির-
... পরকারী; Thin; squeaky.
...প্), *n.* ক্ষুদ্র খণ্ড; A small
... টুকরা-টাকরা, বিশেষতঃ
খাদ্যবিশেষ; Odds and ends, esp. bits of uneaten food; (*pl.*) ছবি, সংবাদ-পত্রাদির কাটা অংশ ইত্যাদি চিত্তাকর্ষক বস্তু; Interesting things, esp. pictures, cuttings from newspapers, etc. **A scrap of paper**—(বিদ্রূপচ্ছলে) সন্ধিপত্র; (*Iron.*) treaty.

Scrap-book (স্ক্র্যাপ্-বুক্), *n.* যে অলিখিত খাতায় সংবাদপত্র বা অপর দ্রব্যের ছিটছাট্ রাখা হয়, সংগ্রহ-পুস্তক; Blank book for the preservation of short literary extracts and prints.

Scrape (স্ক্রেপ্), *v. t.* চাঁচা; ঘর্ষণে ক্ষয় করা; ঘসিয়া ফেলা; ছোলা Take off the surface of; rub the surface of; rub with a round tool; কষ্টে সংগ্রহ করা; Collect with effort (*scrape* together a few rupees) :—*v. i.* কর্কশ শব্দ করা; কর্কশভাবে ও সশব্দে ঘর্ষণ করা; Make a harsh noise; rub harshly and noisily along :—*n.* সঙ্কটাবস্থা; সঙ্কট; Situation of difficulty or distress; perplexity; ঘর্ষণ, মার্জ্জন; Act of scraping. **Scrape through**—(পরীক্ষার্থী-সম্বন্ধে) যাহা হউক করিয়া পাশ করা; Just manage to pass (*fig.* of an examinee). **Scrape (up) an acquaintance with**—পায়ে পা ঘষিয়া আলাপ করা; Get to know somebody without proper introduction.

Scrape-penny (স্ক্রেপ্-পেনি), *n.* কৃপণ; Miser.

Scraper (স্ক্রেপার্), *n.* ঘষিবার বস্তু বা যন্ত্র; Instrument used for scraping (a shoe-*scraper*).

Scraping (স্ক্রেপিং), *n.* ঘর্ষণ; Act of scraping; ময়লা; মল; Refuse; dirt; যাহা চাঁচিয়া ফেলা হয়; Something scraped off.

Scrappy (স্ক্র্যাপি), *a.* টুকরা-সমন্বিত; Made up of bits; সুবিন্যস্ত বা সুপরি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কল্পিত নয় এমন ; Not well arranged or planned.

Scratch (স্ক্র্যাচ্), *v. t.* তীক্ষ্ণ বস্তুর দ্বারা চাঁচিয়া ফেলা ; নখে আঁচড়ান ; Rub and tear the surface of with something pointed ; scrap with the nails ; কষি টানিয়া কাটিয়া দেওয়া ; Cancel by drawing lines :—*v. i.* খননাদিতে নখরাদির ব্যবহার করা ; Use the nails or claws in tearing or digging :—*n.* নখাঘাত ; আঁচড় ; ছড় ; দাগ ; Mark made by scratching ; slight wound :—*a.* দৈবযোগে সংঘটিত ; Happening by chance ; এলোমেলোভাবে গৃহীত ; Taken at random.

Scrawl (স্ক্রল্), *v. t. i.* তাড়াতাড়ি লেখা ; আঁচড়াইয়া লেখা ; Write irregularly or hastily ; scribble :—*n.* হিজিবিজি করিয়া লিখন ; তাড়াতাড়ি করিয়া লিখন ; Unskilful or inelegant writing ; hasty writing.

Scream (স্ক্রীম্), *v. i.* চেঁচান ; চীৎকার করা ; Cry out with a shrill voice ; shriek :—*n.* চীৎকারধ্বনি ; Shrill, sudden cry ; shriek. *a.*=screamy.

Scree (স্ক্রী), *n.* পর্ব্বতপার্শ্বস্থ ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তরখণ্ড ; Loose stones on the side of a hill.

Screech (স্ক্রীচ্), *v. i.* পেচকবৎ চীৎকার করা ; কর্কশ শব্দ করা ; Utter a harsh, shrill and sudden cry :—*n.* চীৎকার ; কর্কশ শব্দ ; পেঁচার মত শব্দ ; Harsh, shrill and sudden cry ; shriek ; cry like an owl.

Screech-owl (স্ক্রীচ্-আউল্), *n.* একপ্রকার পেঁচা ; কাল-পেঁচা ; A kind of owl.

Screen (স্ক্রীন্), *n.* বেষ্টন ; আবরণ ; ব্যবধান ; যবনিকা ; পর্দ্দা ; Something to shelter or exclude heat, light or cold ; curtain ; চালুনি ; Sieve :—*v. t.* আশ্রয় দেওয়া ; গোপন করা ; রক্ষা করা ; Shelter ; conceal ; protect ; আবৃত করা ; Cover ; চালুনিদ্বারা চালা Sift through a sieve. **The screen** —চলচ্চিত্র।

Screw (স্ক্রু), *n.* পেঁচ ; পাকের পেরেক ; স্ক্রুপ ; পেঁচ-কল। চাপ ; Pressure কৃপণ ; Miser :—*v. t.* পেঁচ দিয়া আঁটা স্ক্রু-দ্বারা চাপা ; Apply a screw to press with a screw ; অর্থ সংগ্রহ দ্বারা উৎপীড়ন করা ; Oppress by extortion ; পীড়ন করা ; পাক দেওয়া Squeeze ; বিকৃত করা ; Distort মোচড়ান ; Twist. **Screw-key**—পেঁচ-কল ; Lever for turning the nut of a screw. **Screw up one's courage**—কোন কাজ করিবার জন্য সাহস অবলম্বন করা ; Muster up courage to do a thing.

Screw-driver (স্ক্রু-ড্রাইভার্), *n.* পেঁচ বসাইবার যন্ত্র ; তির্য্যৎ ; Instrument for turning screws.

Screw-jack (স্ক্রু-জ্যাক্), *n.* ভারী বস্তু উত্তোলন করিবার যন্ত্র ; Machine for raising great weights.

Screw-nail (স্ক্রু-নেল্), *n.* পেঁচবিশিষ্ট পেরেক ; স্ক্রুপ ; Nail in the form of a screw.

Screw-propeller (স্ক্রু-প্রপেলার্), *n.* জাহাজের পশ্চাদ্ভাগে পেঁচওয়ালা চালক-দণ্ড Shaft with spiral blades projecting from ship's stern and propelling it by revolving.

Screw-steamer (স্ক্রু-স্টীমার্), *n.* স্ক্রু দ্বারা চালিত বাষ্পীয় পোত ; Steamer propelled by a screw. *abbr.* s. s.

Screw-wrench (স্ক্রু-রেঞ্চ্), *n.* ঘুরাইবার যন্ত্রবিশেষ ; Lever for turning screws.

Scribble (স্ক্রিব্‌ল্), *v. t. i.* তাড়াতাড়ি লেখা ; অযত্নপূর্ব্বক লেখা ; হিজিবিজি করিয়া লেখা ; Write carelessly and hastily.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ল্ল.—*n.* হিজিবিজি দাগ বা ...something scrawled.

...ক্রিবি), *n.* লেখক ; কেরাণী, ...Writer ; clerk ; ইহুদীদিগের ...ধর্ম্মগুরু ; Jewish teacher of ...ic law.

...মিজ্), *n.* দাঙ্গা ; মারা-...; Skirmish ; general ...

...ক্রিপ্), *v. t.* সংযত করা ; হ্রাস ...করা; Limit ; make too ...short.

...ক্রিপ্), *n.* এক টুক্‌রা লিখিত ...কাগজখণ্ড ; পত্র ; চিরকুট ; ...piece of paper containing ...ছোট থলি ; ক্ষুদ্র থলিয়া ; ...wallet.

...ক্রিপ্ট), *n.* হস্তাক্ষরের অনুকরণে ...Type in the form of ...letters ; হস্তলিপি ; Hand-

...ল (স্ক্রিপ্চ্যুর্যাল্), *a.* বাইবেল্-...Biblical ; ধর্ম্মশাস্ত্র-সম্বন্ধীয় ; Re-...to Scriptures. *ad.*=Scrip-

...(স্ক্রিপ্চার্), *n.* ধর্ম্মপুস্তক ; ধর্ম্ম-...; Sacred writings ; the ...বাইবেলের বচন ; ধর্ম্মশাস্ত্র ; ...(The or Holy *Scriptures*).

...(স্ক্রিভেনার্), *n.* নকলনবিশ ; ...দলিলপত্র-লেখক ; Deed-...[গলগণ্ড। *a.*=scrofulous.

...স্ক্রফিউলা), *n.* গণ্ডমালা রোগ ; ...স্ক্রল্), *n.* গুটান বা পাকান ...করিয়া বাঁধা লেখা-কাগজ ; ...paper or parchment ; any-...ed up ; নির্ঘণ্ট ; তপসিল বা ...; Schedule.

...স্ক্রোটাম্), *n.* অণ্ডকোষ ; মুষ্ক ; ...testicles. *a.*=scrotal. ...**of the scrotum**—কোরণ্ড।

...), *n.* মার্জ্জনী ; মুড়ো খ্যাংরা ; Worn-out broom ; worn-out brush ; ক্ষুদ্র ঝোপ ; Stunted bush ; low underwood ; নগণ্য ব্যক্তি ; Insignificant fellow :—*v. t. i.* জোরে ঘর্ষণ করা ; রগড়াইয়া পরিষ্কার করা ; মাজা ; Rub hard.

Scrubber (স্ক্রাবার্), *n.* ঘর্ষণকারী ; সমার্জ্জনী ; One who or that which scrubs ; scrubbing-brush.

Scrubby (স্ক্রাবি), *a.* নীচ ; হীন ; সামান্য ; Mean ; worthless ; ক্ষুদ্র ; Small.

Scrunch (স্ক্রান্শ্), *v. t.* কড়্‌মড়্ করিয়া [চিবান ; Crunch.

Scruple (স্ক্রূপ্ল্), *n.* সন্দেহ ; সঙ্কোচ ; দ্বিধা ; দায় ; সঙ্কট ; Doubt ; hesitation ; difficulty ; আট রতি পরিমাণ ; Weight unit of 20 grains ; ⅓ of a drachm ; অতি ক্ষুদ্র বস্তু ; সামান্য পরিমাণ ; Anything small ; very small quantity :—*v. i.* সঙ্কোচ করা ; বিচারে দ্বিধা করা ; Doubt ; hesitate in deciding.

Scrupulous (স্ক্রূপিউলাস্), *a.* সন্দিগ্ধ ; অতি যত্নবান্ ; ধর্ম্মভীরু ; Doubtful ; over attentive to small points ; conscientious. *n.*=scrupulosity.

Scrutineer (স্ক্রূটিনীয়ার্), *n.* ভোট-তদারককারী কর্ম্মচারী ; Official conducting scrutiny of votes.

Scrutinize (স্ক্রূটিনাইজ্), *v. t.* সম্যক্ অনুসন্ধান করা ; তদন্ত করা ; Investigate ; examine carefully or critically.

Scrutiny (স্ক্রূটিনি), *n.* সূক্ষ্ম অনুসন্ধান ; সূক্ষ্ম পরীক্ষা ; সম্যক্ পরীক্ষা ; Minute search ; close investigation ; critical examination.

Scrutoire (স্ক্রূটয়ার্), *n.* কাগজপত্র রাখিবার দেরাজ ; Case of drawers for keeping papers.

Scud (স্কাড্), *v. i.* (*-dd-*) বায়ুর সম্মুখে বেগে ধাবিত হওয়া ; বেগে চলা ; Run before the wind in a gale ; run quickly ; দ্রুতবেগে যাওয়া ; Pass

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

over quickly :—*n.* দ্রুত সঞ্চরণ ; Act of moving quickly ; পাতলা সঞ্চরমাণ মেঘমালা ; Driving vapoury clouds.

Scuff (স্কাফ্), *v. i.* পা টানিয়া টানিয়া চলা ; Walk with dragging feet.

Scuffle (স্কাফ্‌ল্), *v. i.* হাতাহাতি করা ; মারামারি করা ; Struggle closely ; fight confusedly :—*n.* তুমুল ঝগড়া ; হাতাহাতি ; Confused quarrel ; struggle with close grappling.

Scull (স্কাল্), *n.* ছোট দাঁড় ; Short light oar :—*v. t.* দাঁড় বাওয়া ; ঝিকে মারা ; বোটে দিয়া বাওয়া ; Impel by sculls.

Sculler (স্কালার্), *n.* ক্ষুদ্র নৌকা ; Boat rowed by two sculls, pulled by one man ; যে ব্যক্তি বোটে দিয়া নৌকা বাহে ; One who sculls.

Scullery (স্কালারি), *n.* তৈজসপত্রাদি যে স্থানে রাখা হয় ; পাকশালার পার্শ্ব-প্রকোষ্ঠ ; Place for dish and other kitchen utensils ; back-kitchen.

Scullion (স্কালিয়ন্), *n.* বাসন-মাজা চাকর ; ভৃত্য ; Servant for drudgery work ; menial servant.

Sculptor (স্কাল্‌প্‌টর্), *n.* ভাস্কর ; One who carves images or figures. *fem.*=sculptress.

Sculptural (স্কাল্‌প্‌চার্যাল্), *a.* খোদাই-সম্বন্ধীয় ; ভাস্কর-বিদ্যা-সম্বন্ধীয় ; Pertaining to sculpture. *ad.*=sculpturally.

Sculpture (স্কাল্‌প্‌চার্), *n.* ভাস্কর-বিদ্যা ; ক্ষোদন-কর্ম্ম ; Carving ; art of carving :—*v. t. i.* ক্ষোদন করা ; খোদা ; Carve. *a.*=sculptural.

Scum (স্কাম্), *n.* গাদ ; ফেনা ; গাঁজলা ; মাড় ; Refuse that rises to the surface and is skimmed off ; foam or froth ; refuse :—*v. t.* ফেনা তোলা ; গাদ কাটা ; গাদ তুলিয়া লওয়া ; Take the scum from ; skim :—*v. i.* গাঁজলা হওয়া ; Form a scum.

Scupper (স্কাপার্), *n.* জাহাজের পা ক্ষুদ্র নর্দ্দমা ; Hole in a ship's s letting off water from deck.

Scurf (স্কার্ফ্), *n.* খুস্‌কি ; মরামা Loose dry scab.

Scurfy (স্কার্‌ফি), *a.* খুস্‌কিবিশি খুস্‌কিতুল্য ; Having or resembli scurf ; খুস্‌কিজনক ; Producing scu *n.*=scurfiness.

Scurrile (স্কারিল্), *a.* অশ্লীলভা Using abusive language, indece

Scurrility (স্কারিলিটি), *n.* অশ্লীলভা ইতরামি ; Indecent language ; v gar abuse.

Scurrilous (স্কারিলাস্), *a.* অশ্লীলভা অত্যন্ত গালিগালাজপূর্ণ ; Grossly obscenely abusive.

Scurry (স্কারি), *v. i.* দ্রুত ধাব Hurry :—*n.* ব্যস্তভাবে চলন ; Hurri movement. *n.*=scurrier.

Scurvied (স্কার্ভিড্), *a.* স্কার্ভিতে ক্রান্ত ; Affected with scurvy.

Scurvy (স্কার্ভি), *n.* রোগবিশে Disease accompanied by swol gums and general debility :— নীচ ; হীন ; Vile ; vulgar ; ঘৃণ্য ; Co temptible. *n.*=scurviness.

Scutage (স্কুটেজ্), *n.* পুরাকালীন ক বিশেষ ; A contribution or tax old.

Scutcheon (স্কাচন্), **Scutch** (স্কাচিন্), *n.* চিত্রিত বর্ম্ম ; ঢাল ; Pain armour ; shield.

Scuttle (স্কাট্‌ল্), *n.* কয়লা রাখি পাত্র ; A vessel for holding coa জাহাজের দ্বারবিশেষ ; জাহাজের ছি Opening in a deck to admit li or water ; দ্রুতবেগে পলায়ন ; Qu run :—*v. t.* (ডুবাইবার উ জাহাজাদির) তলায় বা পার্শ্বে ছিদ্র ক Cut holes through any part of ship) esp. for the purpose of s

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

..., সত্বর পলায়ন করা ; Run ...urry.

...হই), *n.* কাস্তে ; ঘাস কাটিবার ...ickle ; instrument with a curved blade for mowing

...., *t.* কাস্তে দিয়া কাটা ; Cut ...scythe.

...), *n.* সমুদ্র ; সাগর ; The ... any large expanse of ...ss than an ocean ; বৃহৎ হ্রদ ; ...ake (the Caspian *Sea*) ; ...তরঙ্গ ; Wave ; billow (a ... swept the sailor over-... At sea—সমুদ্রে ; সাগরের ...হইতে দূরে ; Upon the ... away from the land ; ...বলিতে অক্ষম ; Unin-... uncertain ; unable to ...কূল-পাথারে ; কূল-কিনারাবিহীন ... In a vague and uncertain ...so as not to see one's ... Go to sea—নাবিকের ব্যবসায় ...বৃত্তি) অবলম্বন করা ; খালাসী ... follow the occupation of a ... become a sailor. **Sea-**...-শক্তি ; Naval power.

...chor (সী-অ্যাংকর্), *n.* (সমুদ্রে) ...নঙ্গর ; Floating anchor.

...k (সী-ব্যাঙ্ক), *n.* সাগরতট ; ...re.

...ch (সী-বীচ্), *n.* সমুদ্রোপকূল ; ...Sea-coast. [White bear.

...r (সী-বেয়ার্), *n.* শাদা ভালুক ;

...d (সী-বার্ড্), *n.* সমুদ্র বা ...জলচারী পক্ষী ; Any marine ...

...rd (সী বোর্ড্), *n.* উপকূল ...Coast region.

...ze (সী-ব্রীজ্), *n.* সমুদ্রবায়ু ; ...From the sea.

...t (সী-কোস্ট্), *n.* সমুদ্রতট ; ...Sea-shore.

Sea-dog (সী-ডগ্), *n.* সীল প্রভৃতি সামুদ্রিক জন্তু ; Seal, dogfish, etc. ; বৃদ্ধ নাবিক : Old sailor.

Seafarer (সীফেয়ারার্), *n.* নাবিক ; Traveller at sea ; sailor.

Seafaring (সীফেয়ারিং), *a.* (জীবন বা লোক-সম্বন্ধে) সমুদ্রযাত্রায় নিযুক্ত ; Occupied in sea-voyages :—*n.* সমুদ্র-ভ্রমণ-রূপ বৃত্তি ; Such occupation.

Sea-gage, Sea-gauge (সী-গেজ্), *n.* জাহাজ যে গভীরতা-পরিমাণ জলে মগ্ন হয় ; Depth that a vessel sinks in the water ; সমুদ্রের গভীরতা-মাপক যন্ত্র ; Instrument used for measuring the depth of the sea.

Sea-girt (সী-গার্ট্), *a.* সমুদ্রবেষ্টিত ; Surrounded by the sea.

Sea-going (সী-গোয়িং), *a.* সমুদ্র পার হইবার যোগ্য, শুধু উপকূল অঞ্চলের জন্য নহে ; Fit for crossing the sea, not merely for coasting.

Sea-green (সী-গ্রীন্), *a.* সমুদ্রবৎ হরিদ্বর্ণ ; সিন্ধুজলের ন্যায় সবুজ ; Green like the sea. [A kind of sea-fowl.

Sea-gull (সী-গাল্), *n.* গাংচিল ;

Sea-horse (সী-হর্স্), *n.* সিন্ধুঘোটকাদি ; Walrus, hippocampus.

Sea-king (সী-কিং), *n.* মধ্যযুগের স্ক্যাণ্ডিনেভিয়ার জলদস্যু-দলবিশেষের নেতা ; Medieval Scandinavian pirate chief.

Seal (সীল্), *n.* ক্ষোদিত শীল ; নামাদির মোহর ; Stamp engraved for yielding an impression ; মোহর ; Official emblem of a State or corporation ; মুদ্রিত লাক্ষাদি ; মোহর ; Fastening for a letter ; that which makes fast or secure ; যাহা দৃঢ় বা প্রমাণ করে ; That which ratifies or authenticates ; নিশ্চয়তা ; মঞ্জুর ; Assurance ; সামুদ্রিক স্তন্যপায়ী জন্তু-বিশেষ ; সীল ; A kind of sea-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

animal ; an aquatic carnivorous mammal :—*v. t.* মোহর করা ; গালা মোহর করা ; মোহরদ্বারা চিহ্নিত করা ; Fasten with a seal ; set or affix a seal to ; mark with a stamp ; দৃঢ় করা ; মঞ্জুর করা ; সমর্থন করা ; Confirm ; নিরাপদে রাখা ; গুপ্ত রাখা ; Keep secure ; keep concealed. **Sealed book**—যাহা জানিবার উপায় নাই ; Something that is kept close and cannot be known ; অজ্ঞাত বিষয় ; Something quite unknown.

Seal-engraving (সীল্-এন্‌গ্রেভিং), *n.* মোহর ক্ষোদিবার কৌশল ; মোহর ক্ষোদন-বিদ্যা ; Art of engraving seals.

Sea-level (সী-লেভেল্), *n.* সমুদ্রপৃষ্ঠ, সমুদ্রতল ; Level or surface of the sea.

Sealing-wax (সীলিং-ওয়ক্স্), *n.* পত্র বন্ধ রাখিবার জন্য গালা ; মোহর করিবার গালা ; চাঁচ গালা ; Wax for sealing letters, etc.

Sea-lion (সী-লায়ন্), *n.* জল-সিংহ ; সামুদ্রিক জন্তুবিশেষ ; A kind of aquatic animal.

Seam (সীম্), *n.* কাপড়ের দুই ধারের যোড় ; সেলাইয়ের সন্ধি বা যোড়-মুখ ; Line formed by the sewing together of two pieces ; line of union ; joining of two edges of a cloth ; সূক্ষ্ম স্তর ; Thin layer or stratum :—*v. t.* সেলাই করিয়া যোড় দেওয়া ; সেলাই করা ; Unite by a seam ; sew ; সীবন-রেখান্বিত করা ; Make a seam in. *a.* = seamy.

Seaman (সীম্যান্), *n.* নাবিক, খালাসি ; Sailor ; নৌ-চালনায় সুদক্ষ ব্যক্তি ; Navigator ; soldier attached to war-ships.

Seamanship (সীম্যান্‌শিপ্), *n.* নৌকা চালান বিদ্যা, নাবিকের বিদ্যা ; Good management of a ship ; art of navigating ships.

Sea-mark (সী-মার্ক্), *n.* বিপদ্-জ্ঞাপক চিহ্ন ; আলোক-নিশান ; নাবিকদিগের পথপ্রদর্শক নিদর্শন ; Beacon ; conspicuous object on land seen from the sea.

Sea-mew (সী-মিউ), *n.* সামুদ্রিক পক্ষি-বিশেষ ; Species of gull.

Seamless (সীম্‌লিস্), *a.* আগাগোড়া বোনা ; Woven throughout ; সেলাই-বিহীন ; Having no seam.

Sea-monster (সী-মন্‌স্টার্), *n.* ভীষণাকার জলজন্তু ; Huge sea-animal.

Seamstress (সীম্‌ট্রিস্), *n.* স্ত্রীলোক-কারিণী নারী ; মেয়ে-দরজী ; Woman who sews.

Seamy (সীমি), *a.* সীবনশিরাবিশিষ্ট ; Having a seam. **The seamy side**—পোষাকের ভিতর দিক্ ; The inside of a garment ; (*fig.*) জীবনের অপ্রীতিকর বা অসুখকর দিক্ ; The less presentable part of life.

Seance (সেয়াঁস্), *n.* মজলিস্ ; বৈঠক ; প্রেতশক্তি-বাদীদিগের বৈঠক ; Sitting, session, as of some public body ; meeting of spiritualists.

Sea-nymph (সি-নিম্‌ফ্), *n.* সিন্ধুপ্রিয়া জলদেবী ; Nymph of the sea.

Sea-otter (সী-অটার্), *n.* সামুদ্রিক উদ্বিড়াল-বিশেষ ; Marine otter.

Sea-piece (সী-পীস্), *n.* সমুদ্রের চিত্র ; Picture representing a scene at sea.

Sea-plane (সী-প্লেন্), *n.* জলের উপর হইতে উঠিবার ও জলের উপর নামিবার বিমান ; Hydro-aeroplane.

Seaport (সীপোর্ট্), *n.* সমুদ্রতীরস্থ নগর ; A town with a harbour.

Sear (সীয়ার্), *v. t.* দগ্ধ করা ; ঝলসান ; শুষ্ক করা ; Burn ; scorch ; dry up ; অসাড় বা কঠিন করা ; Render callous or insensible.

Sear, Sere (সীয়ার্), *a.* শুষ্ক,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Sear

. বিপদ্-জ্ঞা
নাবিকদি
eacon; c
nd seen fr

সামুদ্রিক প
a. আগাগে
hout; সেল
m.
ার্), n. ভীষ
animal.
, n. স্ত্রীক
জী; Woma

বনশিরাবিশি
The seam
দিক্; The
fig.) জীবন
ক্; The le
e.
লিস্; বৈঠ
ক; Sitting
public body
s.
, n. সিন্ধু
sea.
n. সামুদ্রি
tter.
সমুদ্রের চি
a scene
. জলের উ
পর নামি
e.
মুদ্রতীরস্থ
রা; কন্দ
; dry
der callo
. শুষ্ক,

withered; বিবর্ণ; Faded and yellow leaf).

সার্চ্), v. t. অনুসন্ধান করা; খোঁজ করা; Seek; look to find; পরীক্ষা করা; পরিদর্শন করা; Inspect; করা; Explore; পরখ করা; the test; অনুসন্ধান করা; তত্ত্ব জিজ্ঞাসা করা; Seek; inquiry of:—v. i. অন্বেষণ করা; —n. অনুসন্ধান; অন্বেষণ; খোঁজ; investigation; পরীক্ষা; ation; অনুগমন; অনুসরণ; Search out—অনুসন্ধানদ্বারা খুঁজিয়া বাহির করা; Find out ng; seek till found.

(সার্চার্), n. অন্বেষক; করী; পরীক্ষক; Seeker; ; examiner.

ng (সার্চিং), a. অনুসন্ধান-সন্ধানকারী; সূক্ষ্মদর্শী; Looking sely; বিচক্ষণ; তীক্ষ্ণ; Pene-; trying; কঠোর; কঠিন; সূক্ষ্ম; Minute:—n. অন্বেষণ;

light (সার্চ্-লাইট্), n. সন্ধানী Very powerful electric ch movable concentrated

warrant (সার্চ্-ওয়ার‍্যান্ট্), পরোয়ানা; Legal warrant ch a house.

er (সী-রবার্), Sea-rover র্), n. জলদস্যু; Pirate.

(সী-রুম্), n. জাহাজ ঘুরিতে খোলা স্থান; Open space ships to turn, etc.

(সী-রোভার্)—See Sea-

(সী-সল্ট্), n. সামুদ্রিক লবণ; ained from sea-water by ation.

Sea-shore (সী-শোর্), n. সমুদ্রতট; বেলাভূমি; Shore or coast of the sea; land adjacent to the sea.

Seasick (সীসিক্), a. জাহাজের আন্দোলনে বমনোদ্বেগবিশিষ্ট; Affected with nausea through the rolling of a vessel at sea.

Seasickness (সীসিক্নিস্), n. জাহাজের আন্দোলনবশতঃ বমনোদ্বেগ; Nausea caused by the rolling of a vessel at sea.

Seaside (সীসাইড্), n. সমুদ্রতট; সমুদ্রের কিনারা; Shore of the sea; land bordering on the sea.

Season (সীজ্ন্), n. ঋতু; One of the principal divisions of the year; সময়; কাল; Period of time; কোন বিশেষ সময়; Particular time; উপযুক্ত সময়; সুযোগ; Fit time; opportunity:—v. t. i. সুস্বাদু করা; সুতার করা; মসলা দেওয়া; Render palatable; fit for the taste; spice; (কোনও প্রক্রিয়া দ্বারা) ব্যবহারোপযোগী করা; To fit for use by any process; (কোন কিছুতে) অভ্যস্ত করা; Accustom; প্রশমিত করা; Moderate; পরিপক্ক করা; Make mature; mature; মিশ্রিত করা; Mingle; কোমলতর করা; Soften (when mercy *seasons* justice); পক্ক হওয়া; পরিপক্ক হওয়া; Become mature; অভ্যস্ত হওয়া; জলবায়ু-সহিষ্ণু হওয়া; Be inured; become adapted to a climate; উপযোগী হওয়া; Grow fit for use; শুষ্ক ও শক্ত হওয়া; Become dry and hard as timber. **In season**—সময়োচিতভাবে; Timely. **In season and out of season**—কালাকাল বিবেচনা না করিয়া; সর্ব্বদা; প্রতিনিয়ত; Always; incessantly. **Out of season**—অসময়ে; সময় অতীত করিয়া; ঠিক সময়ে নহে; In an inopportune

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

moment ; too late ; not at the proper time.

Seasonable (সীজ্‌ন্যাব্‌ল্‌), *a.* সময়োচিত ; যথাসময়ে আগত ; Timely ; opportune. *ad.*=seasonably.

Seasoned (সীজ্‌ন্‌ড্‌), *a.* গরম মসলাদ্বারা স্বাদুকৃত ; Spiced ; শুষ্ক ও কঠিন অবস্থায় আনীত ; Dried and hardened.

Seasoning (সীজ্‌নিং), *n.* লবণ, মসলাদি —যাহাতে খাদ্য সুস্বাদু করে ; That which is added to food to give it a higher relish.

Seat (সীট্‌), *n.* আসন ; বেঞ্চ ; চৌকি ; পিঁড়ি প্রভৃতি বসিবার জায়গা ; Chair ; bench ; regular place of sitting ; স্থান ; Station ; অবস্থান ; Site ; বাসস্থান ; আবাস ; পল্লীগৃহ ; Dwelling-place ; abode ; country-house ; ক্ষমতার স্থল ; Post of authority, as member of a legislative or administrative body :—*v. t.* উপবিষ্ট করা ; আসনে উপবিষ্ট করা ; Place on a seat ; উপবেশন করান ; Cause to sit down ; স্থাপিত করা ; Establish ; আসন নির্দ্দিষ্ট করিয়া দেওয়া ; Assign a seat to.

Seated (সীটেড্‌), *a.* আসীন ; উপবিষ্ট ; In the state of sitting.

Sea-urchin (সী-আর্চিন্‌), *n.* কাঁটা-বিশিষ্ট সামুদ্রিক জন্তুবিশেষ ; A small animal which has a thin shell covered with sharp prickles.

Sea-voyage (সী-ভয়িজ্‌), *n.* সমুদ্রে ভ্রমণ, সমুদ্রযাত্রা ; Journey by sea.

Seaward (সীওয়র্ড্‌), *ad.* সাগরাভিমুখে ; Towards or in the direction of the sea :—*a.* সমুদ্রাভিমুখীন ; Towards the sea :—*n.* সমুদ্রের দিক্‌ ; The direction of the sea.

Seawards (সীওয়র্ডজ্‌), *ad.* Same as **Seaward.**

Seaweed (সীউয়ীড্‌), *n.* সমুদ্রজ উদ্ভিদ্‌ ; [Sea-plant.

Seaworthy (সীওয়ার্দি), *a.* সমুদ্র-গমনোপযুক্ত ; Fit to put to sea. *n.* seaworthiness.

Sebaceous (সিবেশাস্‌), *a.* [Fat

Secant (সীক্যাণ্ট্‌), *a.* ছেদক ; দ্বি বিভাজক ; Cutting or dividing in two parts :—*n.* যে সরল রেখা কেন্দ্র বক্র রেখাকে দুই বা ততোধিক বিন্দুতে ছেদ করে ; ছেদনী ; অবচ্ছেদক রেখা ; Straight line drawn from the centre of circle to one end of an arc, and produced till it meets the tangent to the other end.

Secede (সীসীড্‌), *v. i.* পৃথক্‌ হওয়া ; সমাজ ছাড়িয়া দূরবর্ত্তী হওয়া ; ভিন্নমত গ্রহণ করা ; অপসরণ করা ; Separate oneself ; withdraw from fellowship ; retire ; draw off. *n.*=seceder.

Secession (সিসেশন্‌), *n.* মতান্তর অবলম্বন ; অপসরণ ; সমাজ-ত্যাগ ; বহির্গমন ; Withdrawal ; departure.

Seclude (সিক্লুড্‌), *v. t.* স্বতন্ত্র করিয়া আবদ্ধ করা ; নির্জ্জনে রাখা ; সমাজাদি হইতে দূরবর্ত্তী করা ; Keep apart ; shut privately ; shut out ; withdraw into solitude.

Secluded (সিক্লুডেড্‌), *a.* নিভৃত ; নির্জ্জন-বাসী ; অপরাপর হইতে বিযুক্ত ; Retired ; solitary ; separated from others.

Seclusion (সিক্লুঝন্‌), *n.* নির্জ্জনতা ; গুপ্তাবাস ; Solitude ; privacy.

Second (সেকণ্ড্‌), *a.* দ্বিতীয় ; Ordinal of two ; নিম্নপদস্থ ; অপেক্ষাকৃত ছোট ; Next in dignity ; inferior :—*v.* সমর্থন করা ; অনুমোদন করা ; অনুগমন করা ; সাহায্য করা ; Support ; follow ; help ; assist :—*n.* সাহায্যকারী ; পৃষ্ঠপোষক ; Promoter ; supporter ; দ্বন্দ্বযুদ্ধে সহকারী ; One who attends another in a duel ; এক মিনিটের ষাট ভাগের এক ভাগ ; 60th part of a minute ; এক অংশ-মানের ষাট ভাগের এক ভাগ ; 60th part of a minute of

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Secretary (সেক্রিট্যারি), *n.* কর্ম্মসচিব বা সম্পাদক ; Executive officer of a State, society or office. *n.*=secretaryship. **Secretary of State**—রাজ্যশাসন-বিভাগবিশেষের প্রধান কর্ম্মচারী।

Secrete (সিক্রীট্), *v. t.* গোপন করা ; লুকাইয়া রাখা ; Hide ; conceal ; স্বতন্ত্র করা ; Separate ; নিঃসৃত করা ; Separate and emit as a secretion.

Secretion (সিক্রীশন্), *n.* ক্ষরণ ; নিঃসৃত রস ; Separation (of juice) ; matter secreted.

Secretive (সীক্রিটিভ্), *a.* অপরের নিকট হইতে নিজের চিন্তাদি লুকাইতে তৎপর ; Tending to hide one's thoughts, etc. from others.

Secretory (সিক্রীটরি), *a.* শরীর হইতে নিঃস্রাবী ; Of physiological secretion.

Sect (সেক্ট্), *n.* ধর্ম্মসম্প্রদায় ; দল, শ্রেণী ; A religious party ; class.

Sectarian (সেক্টেরিয়্যান্), *a.* সাম্প্রদায়িক ; Pertaining or peculiar to a sect :—*n.* কোনও সম্প্রদায়ভুক্ত ব্যক্তি ; One of a sect.

Sectarianism (সেক্টেরিয়্যানিজ্ম্), *n.* সাম্প্রদায়িকতা ; Devotion to a sect.

Sectary (সেক্ট্যারি), *n.* ভিন্নমতাবলম্বী ; Dissenter.

Section (সেক্শন্), *n.* ছেদন ; খণ্ড ; অংশ ; বিভাগ ; ভাগ ; Act of cutting ; piece ; portion ; division ; পরিচ্ছেদ ; Portion ; উপশাখা, আইনের ধারা ; Clause of law ; সম্প্রদায় ; Community ; কোন বস্তুকে কাটিলে যেরূপ দেখায় তদাকার চিত্র ; Representation of any object supposed to be cut through so as to show its interior ; একটি ঘনক্ষেত্র ও তলের পরস্পর ছেদোৎপন্ন তল ; Surface formed when a solid is cut by a plane. *a.*=sectional. *ad.*=sectionally.

Sector (সেক্টর্), *n.* ব্যাসার্দ্ধদ্বয়ের মধ্যবর্ত্তী

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বৃত্তাংশ ; বৃত্তকলা ; Part of a circle bounded by two radii and the intercepted arc ; গণিতের যন্ত্রবিশেষ ; Mathematical instrument. *a.*= sectorial.

Secular (সেকিউল্যার্), *a.* পার্থিব ; সাংসারিক ; ঐহিক ; লৌকিক ; অযাজকীয় ; বৈষয়িক ; Worldly ; not ecclesiastical or monkish ; অনাধ্যাত্মিক ; যুগব্যাপী ; Not spiritual ; lasting for an age :—*n.* যাজকেতর লোক ; বিষয়ী লোক ; Layman ; an ecclesiastic not bound by monastic rule. *n.*= seculiarity.

Secularism (সেকিউল্যারিজ্‌ম্), *n.* নীতি ও শিক্ষা ধর্ম্মের প্রভাব হইতে মুক্ত রাখিবার মতবাদ ; The doctrine that morality and education should be separated from religion.

Secularist (সেকিউল্যারিস্ট্), *n.* নীতি ও শিক্ষা ধর্ম্মের প্রভাব হইতে মুক্ত রাখিবার মতবাদে বিশ্বাসী ; One who holds secularism.

Secularize (সীকিউল্যারাইজ্), *v. t.* সাংসারিক কার্য্যে নিযুক্ত করা ; সাংসারিক করা ; Make worldly ; অপবিত্র করা ; Make unholy. *n.*=secularization.

Securable (সিকিউর‍্যাব্‌ল্), *a.* রক্ষণীয় ; That may be secured.

Secure (সিকিউর্), *a.* নিরাপদ্ ; নিরুদ্বেগ ; Safe ; easy in mind ; অসাবধান ; Incautious ; নিঃসন্দেহ ; Confident ; নিশ্চিত ; Certain .—*v. t.* নিরাপদ্ করা ; নিশ্চয় করা ; হস্তগত করা ; আয়ত্ত করা ; Make safe ; render certain ; obtain ; বন্ধ করা ; আটক করা ; Fasten ; রক্ষা করা ; Protect.

Security (সিকিউরিটি), *n.* নিরাপত্তা ; Safety ; রক্ষা ; রক্ষণ ; Defence ; protection ; প্রতিভূ ; জামিন ; Surety ; বন্ধক ; Pledge ; নিশ্চয়তা ; Certainty :—*pl.* নিদর্শন-পত্র ; Bonds or certificates in evidence of debt property.

Sedan (সিড্যান্), *n.* শিবিকা-বিশেষ পাল্কী-বিশেষ ; Portable coach covered chair ; ঢাকা মোটর-গাড়ী Closed motor-car.

Sedate (সিডেট্), *a.* শান্ত, প্রশান্ত গম্ভীর ; Quiet ; serene ; serious.

Sedative (সেড্যাটিভ্), *a.* বেদনা-নাশক Mitigating pain :—*n.* বেদনা-নাশক ঔষধ ; Remedy that allays irritation or pain.

Sedentary (সেডেন্ট্যারি), *a.* উপবেশনে অভ্যস্ত ; Sitting much ; উপবেশনে কৃত Done chiefly in sitting (*sedentary* work).

Sedge (সেজ্), *n.* লতা বা ঘাসবিশেষ Reed. *a.*=sedged, sedgy.

Sediment (সেডিমেণ্ট্), *n.* পলি ; পিঁড়ি তলানি ; গাদ ; Dregs ; refuse. *a.*= sedimentary—(পাললিক)।

Sedition (সিডিশন্), *n.* রাজদ্রোহ রাজদ্রোহমূলক কাজ, বক্তৃতা ইত্যাদি Speech, writing or actions intended to make people disobey the government.

Seditious (সিডিশাস্), *a.* রাজদ্রোহাত্মক Tending to excite sedition (*seditious* writings).

Seduce (সিডিউস্), *v. t.* প্রলোভন প্রদর্শনপূর্ব্বক কুপথগামী করা ; কুপথে লইয়া যাওয়া ; অসৎ পথে চালিত করা ; ধর্ম্ম চরিত্র ভ্রষ্ট করা ; Entice ; lead astray ; corrupt.

Seducement (সিডিউস্‌মেণ্ট্), *n.* প্রলোভন ; Allurement.

Seducible (সিডিউসিব্‌ল্), *a.* দুষ্কীয় Corruptible ; প্রলোভনদ্বারা পরিচালনীয় Capable of being seduced.

Seduction (সিডাক্‌শন্), *n.* স্ত্রীহরণ, স্ত্রীলোকের সতীত্বনাশ ; Crime of fraudulently depriving a woman of her

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...tive ...: দুষ্কর্ম্মে প্রবৃত্তিদান ; প্রলোভন ; ...ment ; allurement. ...tive (সিডাক্‌টিভ্‌), *a.* দুষ্কর্ম্মে ...ত করিতে সক্ষম ; Tending to ...to wrong-doing ; মনোমুগ্ধকর ; ...ng ; charming. ...ress (সিডাক্‌ট্রিস্‌), *n.* যে নারী ...নারীকে ভ্রষ্টাচারিণী করে ; ...who seduces another ...

...us (সেডিউলাস্‌), *a.* অত্যন্ত পরি-...কারী ; Hardworking ; per-...ng ; (কাজ-সম্বন্ধে) সনির্ব্বন্ধ ; ...ent. *n.*=sedulity.

See (সী), *v. t.* দর্শন করা, দেখা ; Per-...by the eye ; দৃষ্টি করা ; সাক্ষাৎ ...Visit ; call on (pleased to *see* ...) ; Understand ; পর্য্যবেক্ষণ ...Observe ; discern ; অবলোকন ...Witness ; যত্ন লওয়া ; Take ... See off—বিদায়ের প্রাক্কালে ...ইত্যাদি স্থানে উপস্থিত থাকা :—*n.* ...সন আসন ; Seat of the Pope ...bishop ; ধর্ম্মাধ্যক্ষের অধিকার ; Dio-...jurisdiction of a Bishop :—...! Behold ! look !

Seed (সীড্‌), *n.* শুক্র ; বীজ ; বীচ ; মূল ; ...; embryo ; germ ; সন্তান-...Offspring ; আদি কারণ ; First ...; original cause ; বংশধর ; ...dants :—*v. i.* বীজ উৎপাদন ...বীজ প্রসব করা ; Produce seed : ...বীজ বপন করা ; Sow with ...[বিশেষ ; Sweet cake.

...cake (সীড্‌-কেক্‌), *n.* পিষ্টক-...; সীডার্‌), *n.* যে যন্ত্রদ্বারা বীজ বপন ...; Seed-drill ; যে যন্ত্রদ্বারা ফল ...বীজ ছাড়ান হয় ; Apparatus for ...ng seeds from fruits.

...grain (সীড্‌-গ্রেন্‌), *n.* বীজার্থ ...শস্য ; Corn for seed.

...ড্‌ (সীড্‌লিং), *n.* বীচির চারা ; বীজোৎপন্ন বৃক্ষ ; Plant reared from the seed.

Seed-plot (সীড্‌-প্লট্‌), বীজতলা ; Plot of land for rearing seed-plants.

Seedsman (সীড্‌স্‌ম্যান্‌), *n.* বীজ-ব্যবসায়ী ; বীজ-বপনকারী ; Man who deals in seeds ; sower.

Seed-time (সীড্‌-টাইম্‌), *n.* বপন বা রোপণ করিবার কাল ; বীজ-বপনের কাল ; Season fit for sowing.

Seed-vessel (সীড্‌-ভেস্‌ল্‌), *n.* বীজ-পুটক ; Pericarp.

Seedy (সীডি), *a.* বীজপূর্ণ ; বীজময় ; Abounding with seeds ; অব্যবহার্য্য ; জীর্ণ ; শীর্ণ ; Worn-out. *n.*=seediness. *ad.*=seedily.

Seeing (সীয়ীং), *n.* দর্শন ; দৃষ্টি ; Sight ; vision :—*pre.* or *conj.* যেহেতু ; যখন ; Since ; inasmuch as.

Seek (সীক্‌), *v. t. i.* অন্বেষণ করা ; Search for ; প্রার্থনা করা ; Ask for (*seek* doctor's advice) ; পাইতে চেষ্টা করা ; Try to get ; চেষ্টা করা ; Try. *n.*=seeker. **Seek after, for**—অনুসন্ধান করা ; Try to find. [blind.

Seel (সীল্‌), *v. t.* অন্ধ করা ; Render

Seem (সীম্‌), *v. i.* বোধ হওয়া ; প্রতীয়-মান হওয়া ; Appear ; have a show or resemblance ; look. **It seems**—বোধ হইতেছে ; It appears.

Seeming (সীমিং), *a.* আপাততঃ প্রতীয়-মান ; বাহ্য ; Apparent ; specious ; ostensible :—*n.* আকৃতি ; আকার ; সাদৃশ্য ; Appearance ; semblance.

Seemingly (সীমিংলি), *ad.* আপাত-দৃষ্টিতে; Apparently ; in appearance.

Seemly (সীম্‌লি), *a.* উপযুক্ত ; উপযোগী ; সুন্দর ; Suitable ; becoming ; decent :—*ad.* যথোপযুক্তভাবে ; সুসঙ্গত-রূপে ; In a suitable manner ; be-comingly. *n.*=seemliness.

Seen (সীন্‌), *p. p.* of **See.**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Seer (সীয়ার্), *n.* ভবিষ্যদ্বক্তা ; ভাবিদর্শী ; Prophet ; one who foresees events ; দর্শক ; One who sees.

Seesaw (সীস), *n.* নাগরদোলা ; দোলনা ; বালকগণের ক্রীড়ার্থ ঢেঁকিকল :—*v. i.* দোলা ; Move backwards and forwards.

Seethe (সীদ্), *v. t.* সিদ্ধ করা, পাক করা ; Boil :—*v. i.* সিদ্ধ হওয়া ; ফুটিতে থাকা ; Be boiling. *p. t.*=seethed, sod. *p. p.*=seethed, sodden.

Segment (সেগ্‌মেণ্ট্), *n.* অংশ ; খণ্ড ; Section ; portion ; part ; ছিন্নাংশ ; Part cut off ; বৃত্তাংশ ; Part of a circle cut off by a chord. *a.*= segmental.

Segregate (সীগ্‌রিগেট্), *v. t.* পৃথক্ করা ; স্বতন্ত্র করা ; Separate ; set apart ; dissociate ; isolate. *n.*= segregation.

Seignior (সেনিয়র্), **Seigneur** (সেনিয়ার্), *n.* মহাশয় ; ইতালী দেশীয় সম্মানসূচক পদবী ; জমিদার ; Lord ; sir ; lord of a manor. *a.*=seigniorial.

Seigniory (সেনিয়রি), **Seignory** (সেনরি), *n.* প্রভুত্ব ; Lordship.

Seine (সেন্, সীন্), *n.* মৎস্য ধরিবার জাল-বিশেষ ; Large net for catching fish.

Seismic (সাইজ্‌মিক্), *a.* ভূমিকম্প-সম্বন্ধীয় ; Of an earthquake.

Seismograph (সাইজ্‌মোগ্রাফ্), *n.* ভূমিকম্প-নির্দ্দেশক যন্ত্র ; Instrument to indicate earthquake.

Seismography (সাইজ্‌মোগ্রাফি), *n.* ভূমিকম্প-নির্দ্দেশক যন্ত্র সাহায্যে ভূমিকম্প-লিখন বিদ্যা ; The art of making records of earthquakes by means of a seismograph.

Seismology (সাইজ্‌মলজি), *n.* ভূমি-কম্পবিজ্ঞান ; The science of earth-quakes. *n.*=seismologist.

Seize (সীজ্), *v. t.* ধৃত করা ; ধরা ; Catch ; বলপূর্ব্বক অধিকার করা ; দখল করা ; Take possession of ; আক্রমণ করা ; Invade ; attack ; ধৃত করা ; পাকড়ান ; গ্রেপ্তার করা ; Take hold of ; arrest ; মনে ধারণা করা ; Grasp. *n.*= seizer. *a.*=seizable.

Seizin, Seisin (সীজ্রিন্), *n.* ধৃতকরণ ; Seizing ; দখল ; অধিকার ; Possession ; অধিকৃত বস্তু ; Thing possessed.

Seizure (সীঝার্), *n.* ধৃতকরণ ; ক্রোক-করণ ; গ্রেপ্তার ; দখল ; Act of seizing ; capture ; স্বামিত্ব ; Ownership ; অধি-কৃত বস্তু ; Thing possessed or seized ; দখল ; Possession.

Seldom (সেল্‌ডম্), *ad.* কদাচিৎ ; দৈবাৎ ; Rarely ; not often ; infrequently.

Select (সিলেক্ট্), *v. t.* (সর্ব্বাপেক্ষা ভালটি) বাছিয়া লওয়া ; Pick out (the most suitable) ; সঙ্কলন করা ; Cull ; —*a.* সযত্নে নির্ব্বাচিত, অতএব বিশেষ ভাল ; Carefully chosen, hence specially good ; সযত্নে নির্ব্বাচিত লোকদ্বারা গঠিত ; Made up of carefully chosen people.

Selection (সিলেক্‌শন্), *n.* পছন্দ ; নির্ব্বাচন ; Act of selecting ; choice ; মনোনীত বিষয় ; নির্ব্বাচিত বস্তু ; Things selected ; নির্ব্বাচিত প্রবন্ধের পুস্তক ; Book containing select pieces.

Selenium (সিলীনিয়াম্), *n.* উপগন্ধক ; A non-metallic element.

Selenography (সেলিনগ্রাফি), *n.* চন্দ্রমণ্ডল-বৃত্তান্ত ; Description of the moon.

Self (সেল্‌ফ্), *n.* স্বয়ং ; আপনি ; নিজ ; One's own person ; আপনার স্বার্থ ; One's own interest :—*a.* বিশেষ ; নিজ ; সেই ; নিজের ; Very ; particular ; one's own. *pl.*=selves.

Self-abnegation (সেল্‌ফ্-অ্যাব্‌নিগেশন্), *n.* ত্যাগ-স্বীকার ; Self-denial.

Self-abuse (সেল্‌ফ্-অ্যাবিউস্), *n.* হস্ত-মৈথুন ; Self-pollution ; onanism.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

which contradicts the other. *a.*= self-contradictory—(আত্ম-বিরোধী)।

Self-control (সেল্‌ফ্‌-কণ্ট্রোল্‌), *n.* আত্মসংযম ; Control of one's self.

Self-culture (সেল্‌ফ্‌-কাল্‌চার্‌), *n.* আত্মোৎকর্ষ ; Culture of one's self.

Self-deception (সেল্‌ফ্‌-ডিসেপ্‌শন্‌), *n.* আত্মবঞ্চনা ; Deception respecting one's self.

Self-defence (সেল্‌ফ্‌-ডিফেন্স্‌), *n.* আত্মরক্ষা ; Act of defending one's own person.

Self-denial (সেল্‌ফ্‌-ডিনায়্যাল্‌), *n.* স্বার্থত্যাগ ; Forbearance to gratify one's own desires.

Self-denying (সেল্‌ফ্‌-ডিনায়িং), *a.* স্বার্থত্যাগী ; Self-sacrificing.

Self-devoted (সেল্‌ফ্‌-ডিভোটিড্‌), *a.* স্বয়ংপ্রবৃত্ত ; স্বেচ্ছাপ্রবৃত্ত ; Devoted in person or voluntarily.

Self-devotion (সেল্‌ফ্‌-ডিভোশন্‌), *n.* আত্মোৎসর্গ ; Voluntary devotion of one's self to something hazardous.

Self-esteem (সেল্‌ফ্‌-এস্টীম্‌), *n.* আত্মাদর ; আত্মাভিমান ; Esteem or good opinion of one's self.

Self-evident (সেল্‌ফ্‌-এভিডেণ্ট্‌), *a.* স্বতঃপ্রমাণ ; Evident without proof ; commanding assent.

Self-examination (সেল্‌ফ্‌-এগ্‌জ্যামিনেশন্‌), *n.* আত্মপরীক্ষা ; Scrutiny of one's self.

Self-existent (সেল্‌ফ্‌-এগ্‌জিস্‌টেণ্ট্‌), *a.* স্বয়ম্ভূ ; তৎসৎ ; Existing by Himself ; independent of any other being. *n.*=self-existence.

Self-governing (সেল্‌ফ্‌-গাভার্ণিং), *a.* স্বায়ত্ত-শাসনাধিকারপ্রাপ্ত ; Having the privilege of self-government.

Self-government (সেল্‌ফ্‌-গাভার্ণমেণ্ট্‌), *n.* স্বায়ত্তশাসন ; The government of a country by its people.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Self-help (সেল্‌ফ্‌-হেল্‌প্‌), *n.* আত্ম-নির্ভরতা ; Working for one's self without waiting for external aid.

Self-importance (সেল্‌ফ্‌-ইম্‌পর্ট্যান্স্‌), *n.* আত্মগৌরব ; আত্মশ্লাঘা ; Exaggerated estimate of one's own merit or interest ; *a.*=self-important.

Self-imposed (সেল্‌ফ্‌-ইম্‌পোজ্‌ড্‌), *a.* স্বতোগৃহীত ; Taken voluntarily on one's own responsibility.

Self-interest (সেল্‌ফ্‌-ইণ্টারেস্ট্‌), *n.* স্বার্থ ; আত্মহিত ; Private interest. *a.*= self-interested.

Selfish (সেল্‌ফিশ্‌), *a.* স্বার্থপর ; আত্মসর্ব্বস্ব ; Regarding one's own interest.

Self-knowledge (সেল্‌ফ্‌-নলিজ্‌), *n.* আত্মজ্ঞান ; Knowledge of one's self.

Self-love (সেল্‌ফ্‌-লাভ্‌), *n.* আত্মপ্রীতি ; আত্মাদর ; স্বানুরাগ ; আত্মপ্রেম ; সুখাভিলাষ ; Love of one's self ; desire for happiness. *a.*=self-loving.

Self-made (সেল্‌ফ্‌-মেড্‌), *a.* স্বয়ংপ্রসিদ্ধ ; স্বাবলম্বী ; স্বকৃত ; Elevated by one's own exertions ; made by one's self.

Self-possession (সেল্‌ফ্‌-পজ্‌সেশন্‌), *n.* স্থৈর্য্য ; ধীরতা ; মনের প্রশান্ত ভাব ; আত্মাধিকার ; Calmness.

Self-reliance (সেল্‌ফ্‌-রিলায়্যান্স্‌), *n.* আত্মনির্ভরশীলতা ; Reliance on one's own powers. *a.*=self-reliant.

Self-reproach (সেল্‌ফ্‌-রিপ্রোচ্‌), *n.* আত্মনিন্দা ; আত্মনির্ব্বেদ ; Act of reproaching or condemning one's self. *a.*=self-reproaching.

Self-respect (সেল্‌ফ্‌-রিস্‌পেক্‌ট্‌), *n.* আত্মমর্য্যাদা ; আত্মসম্মান ; Respect for one's self. *a.*=self-respecting.

Self-restraint (সেল্‌ফ্‌-রেস্ট্রেণ্ট্‌), *n.* আত্মসংযম ; Self-control.

Self-sacrifice (সেল্‌ফ্‌-স্যাক্রিফাইস্‌), *n.* স্বার্থত্যাগ ; আত্মোৎসর্গ ; Act of yielding up one's own interests for the sake of others.

Selfsame (সেল্‌ফ্‌সেম্‌), *a.* অভিন্ন ; একই ; The very same.

Self-satisfaction (সেল্‌ফ্‌-স্যাটিস্‌ফ্যাক্‌শন্‌), *n.* আত্মতৃপ্তি ; Satisfaction of one's self. *a.*=self-satisfying.

Self-seeking (সেল্‌ফ্‌-সীকিং), *a.* স্বার্থপর ; স্বার্থান্বেষী ; Selfish.

Self-styled (সেল্‌ফ্‌-স্টাইল্ড্‌), *a.* স্বকথিত ; ভণ্ড ; ভাণকারী ; Called by one's self ; pretended.

Self-sufficient (সেল্‌ফ্‌-সাফিশেণ্ট্‌), *a.* স্বয়ংসম্পূর্ণ ; Needing no help from others ; দর্পী ; Haughty. *n.*=self-sufficiency.

Self-supporting (সেল্‌ফ্‌-সাপোর্টিং), *a.* স্বয়ম্ভর, আত্মপোষণশীল ; Self-reliant.

Self-willed (সেল্‌ফ্‌ উয়িল্‌ড্‌), *a.* স্বৈরী ; স্বেচ্ছাচারী ; একগুঁয়ে ; Governed by one's own will ; obstinate.

Sell (সেল্‌), *v. t.* বিক্রয় করা ; বেচা ; Dispose of in return for something paid as equivalent :—*v. i.* বিক্রীত হওয়া ; Be sold. *p. t.* & *p. p.*= sold.

Seller (সেলার্‌), *n.* বিক্রেতা ; বিক্রয়-কারী ; One who sells.

Selvage, Selvedge (সেল্‌ভেজ্‌, সেল্‌ভিজ্‌), *n.* কাপড়ের পাড় ; Border of cloth ; কুলুপের আলি-সন্ধি ; Edge-plate of a lock.

Selves (সেল্‌ভ্‌স্‌), *pl.* of **Self**.

Semaphore (সেম্যাফোর্‌), *n.* সঙ্কেত-দ্বারা দূরে সংবাদ-জ্ঞাপনের উপায় ; Apparatus for giving signals at a distance. *a.*=semaphoric, semaphorical.

Semblance (সেম্‌ব্ল্যান্স্‌), *n.* বহিঃ-সাদৃশ্য ; A likeness ; বাহিরের হাবভাব ; Outward appearance (without the *semblance* of a trial).

Semen (সীমেন্‌), *n.* শুক্র ; বীজ ; Sperm ; seed.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

র্দ্ধ), *pref.* অর্দ্ধ ; Half.

rcle (সেমিসার্কল্), *n.* বৃত্তার্দ্ধ ; r: Half of a circle. *a.*= ed, semicircular.

rcumference (সেমিসার্কাম্-ফারেন্স্), *n.* অর্দ্ধপরিধি ; Half of the ference of a circle.

lon (সেমিকোলন্), *n.* পাদচ্ছেদ ; -বিশেষ ; Point thus (;) ; a punctuation mark.

inal (সেমি-ফাইন্যাল্), *n.* প্রতি-যোগিতার শেষ খেলার পূর্ব্ববর্ত্তী খেলা ; game immediately before inal game in a competi-

al (সেমিন্যাল্), *a.* বৈজিক ; : Radical ; rudimental.

ary (সেমিন্যারি), *n.* বিদ্যালয় ; Place of education.

ficial (সেমি-অফিশ্‌ল্), *a.* -সরকারী ; Coming but not for-owned as coming from an source.

tic (সিমিটিক্), *a.* ইহুদি, আরব জাতি-সম্বন্ধীয় ; Descended Shem, including Hebrew, and Syriac. *n.*=Semite.

tone (সেমিটোন্), *n.* অর্দ্ধস্বর ; : Half a tone.

tonal (সেমি-ভোক্যাল্), *a.* অর্দ্ধ-স্বরীয় ; Pertaining to a semi-

vowel (সেমিভাউয়িল্), *n.* অর্দ্ধস্বর ; (w ও y) ; Half-vowel.

ster (সেম্‌স্টার্), *n.* সীবন-কারী ; Man who sews. *fem.*= ress.

te (সেনেট্), *n.* ব্যবস্থাপক সভা, বিশ্ববিদ্যালয়ের কার্য্যপরিচালক সভা ; tive or deliberative body ; ng body of a university.

e-house (সেনেট্-হাউস্), *n.* বিশ্ববিদ্যালয়াদির সভাগৃহ ; House of a senate.

Senator (সেন্যাটর্), *n.* সচিব ; সেনেটের সভ্য বা সদস্য ; Member of a senate ; councillor. *n.*=senatorship.

Senatorial (সেন্যাটোরিয়্যাল্), *a.* সচিব বা সভা-সম্বন্ধীয় ; Of or becoming a senate or senator.

Send (সেণ্ড্), *v. t.* প্রেরণ করা ; পাঠান ; Transmit by another ; cause to go ; despatch ; প্রক্ষেপ করা ; ছোঁড়া ; Cast :—*v. i.* কোন সংবাদ বা সংবাদ-বাহক প্রেরণ করা ; Despatch a message or messenger. *p. t.* & *p. p.*= sent. *n.*=sender. **Send for**—ডেকে পাঠান (*send for* a doctor).

Send-off (সেণ্ড্-অফ্), *n.* বিদায়কালে শুভেচ্ছাজ্ঞাপন ; Expression of good wishes at a person's departure.

Senescence (সীনেসেন্স্), *n.* বার্দ্ধক্যের আরম্ভ ; বার্দ্ধক্যপ্রাপ্তি ; The beginning of old age ; the state of growing old. *a.*=senescent.

Seneschal (সেনিশ্‌ল্), *n.* মধ্যযুগের সম্ভ্রান্ত ঘরের কর্ম্মচারীদের অধ্যক্ষ ; The steward of medieval great house.

Senile (সীনাইল্), *a.* বার্দ্ধক্য-সম্বন্ধীয় ; জরাগ্রস্ত ; Pertaining or belonging to old age. *n.*=senility.

Senior (সীনিয়র্), *a.* অগ্রবর্ত্তী, জ্যেষ্ঠ ; Older in office ; অগ্রজ ; Prior in age ; প্রধান ; বড় ; Superior :—*n.* বয়োজ্যেষ্ঠ লোক ; গুরুজন ; One older than another ; a superior.

Seniority (সীনিয়রিটি), *n.* প্রাচীনত্ব ; জ্যেষ্ঠত্ব ; Quality or condition of being older.

Senna (সেন্যা), *n.* সোনামুখী গাছ ও তাহার পাতা ; A kind of tree and its leaves, used as a cathartic.

Sennight (সেন্‌নাইট্), *n.* সপ্তাহ ; সপ্ত-রাত্র ; Week.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Sensation (সেন্‌সেশন্), *n.* দৈহিক বা মানসিক বোধ বা অনুভূতি, সংবেদন ; A bodily or mental feeling (*sensation* of warmth, fear) ; ভাবাবেগ ; Excitement of feelings ; উত্তেজনার অবস্থা ; A state of excitement ; চাঞ্চল্যকর ঘটনা ; An event causing excitement.

Sensational (সেন্‌সেশন্যাল্), *a.* উত্তেজনাকর ; Exciting ; চাঞ্চল্যকর ; Exciting violent emotion ; অসাধারণ ; Extraordinary.

Sensationalism (সেন্‌সেশন্যালিজ্‌ম্), *n.* অনুভূতি বা সংবেদনই জ্ঞানের একমাত্র মূল—এই মত ; সংবেদবাদ ; Doctrine that *sensation* is the only source of knowledge ; উত্তেজনাদির ইচ্ছাকৃত জাগরণ ; The deliberate rousing of strong feelings and excitement (the *sensationalism* of the cinema).

Sensationalist (সেন্‌সেশন্যালিস্ট্), *n.* সংবেদবাদী ; Believer in sensationalism.

Sense (সেন্স্), *n.* ইন্দ্রিয় ; জ্ঞানেন্দ্রিয় ; Faculty by which objects are perceived ; organ of perception ; উপলব্ধি ; জ্ঞান ; বোধ ; Perception ; feeling ; অর্থ ; ভাব ; Meaning ; বুদ্ধি ; Discernment ; understanding ; বিচারশক্তি, সঙ্গতকথা ; Reason ; মত ; অভিপ্রায় ; Opinion ; বিশ্বাস ; ধারণা ; Conviction ; অর্থ ; Import. **Sense-organ**—জ্ঞানেন্দ্রিয় ।

Senseless (সেন্স্‌লিস্), *a.* অজ্ঞান ; অচেতন ; Wanting sense ; incapable of feeling, perception or judgement ; নির্ব্বোধ ; মূঢ় ; Foolish.

Sensibility (সেন্সিবিলিটি), *n.* ইন্দ্রিয়-গ্রাহ্যতা ; Quality of being sensible ; বোধশক্তি ; The power of feeling ; সূক্ষ্ম অনুভূতি ; Delicacy of feeling.

Sensible (সেন্সিব্‌ল্), *a.* ইন্দ্রিয়গ্রাহ্য ; ইন্দ্রিয়গোচর ; Perceptible by the senses ; সুবুদ্ধিসম্পন্ন ; Of good sense ; সঙ্গত, যুক্তিযুক্ত ; Proper ; suitable ; অবগত ; Aware.

Sensitive (সেন্‌সিটিভ্), *a.* সংবেদনশীল ; সুবেদী ; Having sense or feeling ; highly susceptible ; সুগ্রাহী ; Quick to receive impressions (*sensitive* film) ; সহজে অভিভূত হয় এমন ; অভিমানী ; Easily affected. **Sensitive plant**—লজ্জাবতী লতা ।

Sensorial (সেন্‌সোরিয়াল্), *a.* জ্ঞানেন্দ্রিয়-সম্বন্ধীয় ; Pertaining to the sensorium.

Sensory (সেন্‌সরি), *a.* সংবেদজ, বোধশক্তি-সম্বন্ধীয় ; Of sensation ; সংজ্ঞাবহ, ইন্দ্রিয় হইতে মস্তিষ্কে অনুভূতি বহনক্ষম ; Able to carry sensations to the brain from sense-organs (*sensory* nerves).

Sensual (সেন্‌শ্যুয়াল্), *a.* ইন্দ্রিয়সুখ-সম্বন্ধীয় ; Having to do with the pleasures of the senses or the body ; ভোগবিলাসী, কামুক ; Voluptuous, lewd ; ইন্দ্রিয়সেবাপরায়ণ ; Carnal.

Sensualism (সেন্‌শ্যুয়ালিজ্‌ম্), *n.* ইন্দ্রিয়াসক্তি ; Sensual indulgence.

Sensualist (সেন্‌শ্যুয়ালিস্ট্), *n.* লম্পট ; ইন্দ্রিয়সুখাসক্ত ব্যক্তি ; কামুক ; Debauchee. *a.* = sensualistic.

Sensuality (সেন্‌শ্যুয়ালিটি), *n.* ইন্দ্রিয়-পরায়ণতা ; ভোগাসক্তি ; কামুকতা ; Indulgence in sensual pleasures ; lewdness.

Sensualize (সেন্‌শ্যুয়ালাইজ্), *v. t.* ইন্দ্রিয়-সুখভোগদ্বারা কলুষিত করা ; Debase by carnal gratification.

Shower-bath (শাওয়ার্-বাথ্), *n.* ধারাযন্ত্র ; Apparatus for showering water upon the body.

Showerless (শাওয়ার্লিস্), *a.* বর্ষণহীন ; Without showers.

Showery (শাওয়ারি), *a.* প্রচুর বর্ষণশীল ; বৃষ্টিবহুল ; Abounding with showers.

Showman (শোম্যান্), *n.* প্রদর্শক ; One who exhibits a show.

Show-room (শো-রুম্), *n.* প্রদর্শনী-গৃহ ; Room where a tradesman displays his goods.

Showy (শোয়ি), *a.* লোক-দেখান ; Calculated to attract attention ; জমকাল ; Ostentatious. *n.*=showiness. *ad.*=showily.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

(শ্রাপনেল্), *n.* বোমাগোলা ; ...ed with a quantity of ...balls.

...ড্), *n.* ফালি ; খণ্ড ; টুক্‌রা ; ...small piece cut off ; narrow ...off ; strip ; fragment ; ...—*v. t.* (*-dd-*) ফালি ফালি ...রা ; Cut or tear into ...

...), *n* কলহপ্রিয় স্ত্রীলোক ; ...স্ত্রী ; Brawling, trouble-...man ; termagant.

...), *a.* বুদ্ধিমান্ ; বিচক্ষণ ; ...sagacious.

...(শ্রয়িশ্), *a.* কোন্দলিয়া, ...Scolding, sharp-tongued.

...), *n.* তীক্ষ্ণ চীৎকার ; উচ্চ-...Piercing cry ; loud cry :—*v. i.* ...করা ; উচ্চ শব্দ করা ; Scream ; ...sharp shrill cry :—*v. t.* তীক্ষ্ণ ...করা ; Utter shrilly.

...(শ্রাইক্), *n.* শিকারী পক্ষি-...A kind of rapacious bird.

...), *a.* তীক্ষ্ণ ; তীব্র ; উগ্র ; ...Piercing, loud and clear ; ...uttering an acute sound.

...(শ্রিম্প্), *n.* চিংড়ি মাছ। ...লোক, বিশেষতঃ বামন আকৃতির ...A weak, contemptible ...esp. one who is small in

...), *n.* পবিত্র স্থান ; মন্দির ; ...Sacred place ; temple ; altar : ...মন্দিরে রাখা ; Enshrine.

...), *v. i.* কুঞ্চিত হওয়া ; ...spontaneously ; কোঁচকান ; ...কুঞ্চিত হওয়া ; Shrivel ; (ভয়ে) ...হওয়া ; Recoil, as from fear, ...etc. :—*v. t.* আকুঞ্চিত করা ; ...করা ; Cause to shrink or ...*p. p.*=shrank, shrunk. ...shrunk, shrunken.

Shrinkage (শ্রিঙ্কিজ্), *n.* সঙ্কোচন, কুঞ্চন ; Contraction.

Shrive (শ্রাইভ্), *v. t.* (পাপস্বীকার) শ্রবণ করা ; Hear confession. *p. t.*= shrove, shrived. *p. p.*=shriven, shrived.

Shrivel (শ্রিভেল্), *v. i. t.* কুঞ্চিত হওয়া বা করা ; তুবড়াইয়া যাওয়া বা দেওয়া ; কোঁকড়ান ; Contract into wrinkles ; cause to contract.

Shroff (শ্রফ্), *n.* বেণিয়া ; মহাজন ; Tradesman ; money-lender.

Shroud (শ্রাউড্), *n.* শবাচ্ছাদন বস্ত্র ; Winding sheet ; যে কোন আবরণ ; Something which hides, covers or enfolds (*shroud* of darkness) :—*pl.* পালের দড়াদড়ি ; মাস্তুল বাঁধিবার রসারসি ; Large side-ropes upholding a mast :—*v. t.* শবাচ্ছাদন-বস্ত্র দ্বারা আবৃত করা ; Enclose in a shroud ; আচ্ছাদন করা ; ঢাকা দেওয়া ; Cover ; গোপন করা, লুক্কায়িত করা ; Hide.

Shrub (শ্রাব্), *n.* গুল্ম ; গাছড়া ; Low dwarf tree ; ঝোপ ; Bush.

Shrubbery (শ্রাবারি), *n.* গুল্মোদ্যান ; গুল্মবাটিকা ; Place where shrubs are planted.

Shrubby (শ্রাবি), *a.* গুল্মময় ; Full of, or resembling shrubs.

Shrug (শ্রাগ্), *v. t. i.* (*-gg-*) সামান্য কাঁধ তোলা ; Lift up the shoulders slightly (*shrug* one's shoulders) :—*n.* স্কন্ধ উত্তোলন ; Drawing up of the shoulders.

Shudder (শাডার্), *v. i.* ভয়াদিবশতঃ কম্পিত হওয়া ; Tremble or shake, as with fear or disgust (with *at*) :—*n.* ভয়াদিহেতু শিহরণ ; Trembling from fear.

Shuffle (শাফ্ল্), *v. t.* এলোমেলো করা ; গোলমাল করা ; Change the position of ; confuse ; একজনকে অপর লোকের

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

স্থানে চালাইয়া দেওয়া ; Shift into each other's place :—*v. i.* তাস তাসান ; ভেস্তান ; Change the order of cards in a pack :—*n.* স্থান-বিনিময় ; চাতুরী ; চালাকি ; কৌশল ; Interchange of positions ; trick ; evasion ; artifice.

Shuffling (শাফ্‌লিং), *n.* গোলমাল ; Confusion ; এলোমেলো চলন ; Irregular gait ; চাতুরী ; ছল ; Evasion ; trick :—*a.* ছলপ্রিয় ; Evasive.

Shun (শান্), *v. t.* বর্জ্জন করা ; পরিহার করা ; ত্যাগ করা ; Avoid ; escape ; eschew.

Shunt (শান্ট্), *v. t. i.* প্রধান রেল হইতে সরান, পার্শ্ববর্ত্মে চালিত হওয়া ; Turn off upon a side-rail :—*n.* পার্শ্বে প্রেরণ ; Sliding off the main line or rails ; পার্শ্ববর্ত্ম ; Side-rail.

Shut (শাট্), *v. t.* বন্ধ করা ; নিমীলিত করা ; বন্ধ করা ; Close ; bar ; সঙ্কুচিত করা ; গুটান্ ; Contract ; close, as the fingers ; বহির্ভূত করা ; Exclude :—*v. i.* রুদ্ধ হওয়া ; Close itself ; be closed :—*a.* রুদ্ধ ; Closed. *p. t.* & *p. p.*=shut.

Shutter (শাটার্), *n.* খড়খড়ি ; ঝিল্‌মিল ; পাখি ; Close cover for a window or aperture ; (আলোকচিত্রে) ফিল্ম ইত্যাদির উপর আলোকসম্পাত নিয়ন্ত্রণ করিবার যন্ত্রবিশেষ ; A device for regulating the exposure to light of a plate or film.

Shuttle (শাট্‌ল্), *n.* তন্তুবায়ের মাকু ; Instrument used by weavers for shooting the cross threads.

Shuttlecock (শাট্‌লকক্), *n.* পালকযুক্ত ক্রীড়াকন্দুকবিশেষ (প্রধানতঃ ব্যাডমিণ্টন খেলার বল) ; Cork stuck with feathers and shot backwards and forwards.

Shy (শাই), *a.* (জন্তু-সম্বন্ধে) ভীরু ; Timid ; fearful ; (লোক-সম্বন্ধে) লাজুক মুখচোরা ; Bashful ; reserved (ব্যবহার-সম্বন্ধে) ভীরুতা বা লজ্জা-প্রকাশক Showing shyness (*shy* smile) :— *v. i.* ভয়ে চমকিয়া উঠা ; Start aside as a horse from fear. *comp.* shyer. *sup.*=shyest. *n.*=shyness *ad.*=shyly, shily. **Fight shy** —এড়াইতে চেষ্টা করা ; Try to avoid.

Sibilant (সিবিল্যান্ট্), *a.* স-কারধ্বনি সম্পন্ন ; হিস্‌হিস্ শব্দকারী ; Making hissing sound :—*n.* উষ্মবর্ণ ; Sibilant letter, as S. *n.*=sibilance.

Sibilation (সিবিলেশন্), *n.* হিস্ হিস্ শব্দ ; উষ্মধ্বনি ; Hissing sound. *v.*= sibilate.

Sibyl (সিবিল্), *n.* ডাইনি ; ভবিষ্যদ্বাদিনী Witch ; prophetess.

Sibylline (সিবিলাইন্), *a.* ভবিষ্যদ্বাণী সমন্বিত ; Prophetical ; prophetic.

Sick (সিক্), *a.* পীড়িত ; অসুস্থ ; Ill affected with disease ; বিরক্ত, বিতৃষ্ণ Disgusted ; বমনেচ্ছু ; (*predi.* only) Inclined to vomit ; পীড়িতদিগের জন্য ব্যবহৃত ; Used by the sick. **Be sick of**—বিরক্ত হওয়া ; Be tired of. **Sick at heart**—মর্ম্মান্তিক দুঃখিত ; Very sad ; গভীরভাবে নিরাশাগ্রস্ত ; Deeply disappointed.

Sicken (সিকেন্), *v. i. t.* পীড়িত হওয়া Become ill ; বিরক্ত হওয়া ; Be disgusted ; পীড়িত বা বিরক্ত বোধ করান Cause to feel sick or disgusted.

Sickle (সিক্‌ল্), *n.* কাস্তে ; Reaping hook. [কারী ; Reaper

Sickleman (সিক্‌ল্‌ম্যান্), *n.* শস্যকর্ত্তন

Sick-list (সিক্-লিস্ট্), *n.* পীড়িতদের নামের তালিকা ; Names of persons ailing.

Sickly (সিক্‌লি), *a.* রুগ্ণ ; Unwell দুর্ব্বল ; Weak ; অসুস্থ ; Unhealthy *n.*=sickliness.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ness (সিক্‌নিস্), *n.* পীড়া ; রোগ ; being unwell.

room (সিক্-রুম্), *n.* পীড়িত ব্যক্তির rtment where one lies ill.

(সাইড্), *n.* ধার ; প্রান্ত ; ; verge ; edge ; border of ; পার্শ্ব ; Part of a thing long and broad ; বস্তুর দৃষ্টি- ; Part of a thing as seen ; দেশ ; প্রদেশ ; Region ; ; Part ; পক্ষ ; দল ; ; party ; কটিপার্শ্ব ও স্কন্ধদেশের বা পার্শ্ব ; Part of an ani- ween the hip and shoulder ; ; Branch of family ; descent :—*a.* পার্শ্বস্থ ; পরোক্ষ ; Lateral ; indirect :—*v. i.* করা ; পক্ষে যাওয়া ; Take a **Side by side**—পাশাপাশি ; together and abreast ; একত্র ; **Take sides (with)**— বা বিতর্কে) কোনও পক্ষাবলম্বন hange oneself with a party.

ms (সাইড্-আর্ম্‌স্), *n. pl.* কর্তৃক বামদিকে পরিহিত তরবারি ; Swords or bayonets the left side by soldiers,

ard (সাইড্‌বোর্ড্), *n.* খাবার ; Chest in a dining

(সাইডেড্), *a.* পার্শ্বসমন্বিত ; a side.

ance (সাইড্-গ্লান্স্), *n.* কটাক্ষ, ; Glance to one side.

ue (সাইড্-ইস্যু), *n.* প্রধান বিষয় হইতে দূরবর্তী বিষয় বা ফল ; A or result away from the oint or result.

ght (সাইড্-লাইট্), *n.* মোটর পার্শ্বে রক্ষিত দীপাদি ; Lamp, etc. placed at the side (*e. g.*, of a motor-car) ; (*fig.*) অতিরিক্ত, অথচ পরোক্ষে আলোকসম্পাত করে এমন বস্তু ; Something which throws extra, but incidental light, on a matter.

Sidelong (সাইড্‌লং), *ad.* সামনে সোজা নয় এমন ; Not straight in front :— *a.* বক্র, তির্য্যক্ ; Oblique ; not straight (*sidelong* glance).

Sidereal (সাইডীরিয়্যাল্), *a.* নক্ষত্রপূর্ণ ; নাক্ষত্রিক : Starry ; pertaining to a star. **Sidereal time**—নাক্ষত্র কাল।

Side-saddle (সাইড্-স্যাড্‌ল্), *n.* অশ্ব-পৃষ্ঠে স্ত্রীলোকের বসিবার জিন ; Woman's saddle.

Side-view (সাইড্-ভিউ), *n.* পার্শ্বচিত্র ; Profile.

Side-walk (সাইড্-ওয়াক্), *n.* মানুষ চলিবার পথ ; ফুটপাথ ; Raised foot-path of a street.

Sideways (সাইড্‌ওয়েজ্), *ad.* পার্শ্বের দিকে ; Towards the side ; আনত-ভাবে ; Incliningly :—*a.* একদিকে কাত-করা ; Directed to one side.

Side-wind (সাইড্-উয়িণ্ড্), *n.* এক-দিকের বাতাস ; পার্শ্ববায়ু ; Wind blow-ing against the side ; পরোক্ষ প্রভাব বা উপায় ; Indirect influence or means.

Siding (সাইডিং), *n.* প্রধান রেললাইনের পার্শ্বস্থ অনতিদীর্ঘ রেললাইন ; Short line of rails on which wagons are shunted from the main line.

Sidle (সাইড্‌ল্), *v. i.* আড়ভাবে গমন করা ; Move sideways.

Siege (সীজ্), *n.* সৈন্যকর্তৃক অবরোধ Blockade by soldiers. **Lay siege to**—(নগরাদি) অবরোধ করা ; Be-siege. **Raise the siege**—অবরোধ তুলিয়া লওয়া ; Abandon the attempt to take.

Sierra (সীয়েরর‍্যা), *n.* দীর্ঘ বন্ধুর

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শৈলশ্রেণী ; Sawlike ridge of mountains.

Siesta (সীয়েস্টা), *n.* আহারের পর নিদ্রা ; মাধ্যাহ্নিক বা বৈকালিক নিদ্রা ; Sleep after dinner ; midday nap.

Sieve (সিভ্), *n.* চালুনি ; ঝাঁঝরি ; Strainer :—*v. t.* চালুনিদ্বারা ঝাড়া ; Sift.

Sift (সিফ্‌ট্), *v. t.* চালুনিদ্বারা ঝাড়া ; চালা ; পৃথক্ করা ; Separate by means of sieve ; তন্ন তন্ন করিয়া পরীক্ষা করা ; Examine closely, scrutinize.

Sifter (সিফ্‌টার্), *n.* যে চালে ; চালুনি ; One who or that which sifts.

Sigh (সাই), *v. i. t.* দীর্ঘনিঃশ্বাস দ্বারা দুঃখাদি প্রকাশ করা ; Express sadness, etc. by a sigh ; দীর্ঘনিঃশ্বাসের মত শব্দ করা ; Make a sound resembling a sigh ; (with *for*) আকাঙ্ক্ষা প্রকাশ করা ; Long for ; (with *out*) দীর্ঘনিঃশ্বাস-সহকারে প্রকাশ করা ; Express with a sigh :—*n.* দীর্ঘনিঃশ্বাস ; Deep, audible respiration.

Sight (সাইট্), *n.* দৃষ্টি, দর্শন ; Act of seeing ; দর্শন-শক্তি ; Faculty of seeing ; দৃশ্য ; Spectacle, show ; দৃষ্টিসীমা ; The range of seeing (in *sight*) :—*pl.* দর্শনীয় বস্তু সকল ; The noteworthy, interesting objects of a place (the *sights* of Bombay) :—*v. t.* (কাছে আসিয়া) দেখিতে পাওয়া ; See (by coming near to). **At first sight**—প্রথম দৃষ্টিতে ; দৃশ্যতঃ ; On the first seeing ; পরীক্ষা না করিয়া ; Without examination. **At, on sight**—দেরী না করিয়া, অবিলম্বে ; At once, without delay. **Out of sight**—দৃষ্টির বাহিরে ; Not to be seen.

Sightless (সাইট্‌লিস্), *a.* অন্ধ ; [Blind.

Sightly (সাইট্‌লি), *a.* সুন্দর ; সুদর্শন ; Comely ; pleasing to the sight. *n.*=sightliness.

Sight-seeing (সাইট্-সীয়িং), *n.* নূতন দৃশ্য দর্শনের ঔৎসুক্য ; Eagerness to see things of interest :—*a.* নব নব দৃশ্য দর্শনোৎসুক ; Eager to see novelties or curiosities.

Sight-seer (সাইট্-সীয়ার), *n.* মনোহারী চিত্তাকর্ষক বস্তু-দর্শনরত ভ্রমণকারী : Person going round to see objects of interest ; one given to seeing sights.

Sign (সাইন্), *n.* চিহ্ন ; Token ; mark ; সঙ্কেত ; ইঙ্গিত ; ইসারা ; সংজ্ঞা ; Signal ; নিদর্শন ; প্রমাণ ; Proof ; শুভাশুভ লক্ষণ ; নিমিত্ত ; পূর্বলক্ষণ ; Omen ; অলৌকিক ঘটনা ; Miracle ; রোগের লক্ষণ ; Symptom ; রাশি-চিহ্ন ; মেষবৃষাদি রাশি ; One of the twelve divisions of the zodiac ; প্রকাশ্য বিজ্ঞাপন ; Publicly displayed notice ; স্বাক্ষর ; Signature :—*v. t.* সহি করা ; স্বাক্ষর করা ; Attach or affix a signature to ; চিহ্নদ্বারা জ্ঞাপন করা ; চিহ্নিত করা ; Represent or make known by a sign :—*v. i.* ইসারা করা ; Communicate by gesture ; নাম স্বাক্ষর করা ; Write one's name. *n.*=signer. **Signs of the zodiac**—দ্বাদশ রাশি।

Signal (সিগ্‌ন্যাল্), *n.* চিহ্ন ; সঙ্কেত ; ইসারা ; Sign ; নিদর্শন ; লক্ষণ ; চিহ্ন ; Sign that gives notice ; token :—*v. t. i.* সঙ্কেত করা ; চিহ্নদ্বারা জ্ঞাপন করা ; Communicate by signs :—*a.* প্রসিদ্ধ ; বিখ্যাত ; অসাধারণ ; বিলক্ষণ ; Eminent ; remarkable ; notable (a *signal* victory) ; স্মরণীয় ; জাজ্বল্যমান ; Memorable ; conspicuous ; সাঙ্কেতিক ; Of a signal. *n.*—signalling, signaller. **Signal-gun**—বিপদ্‌সূচক তোপধ্বনি ; সঙ্কেত-কামান ; Gun fired as a signal.

Signalize (সিগ্‌ন্যালাইজ্), *v. t.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ter ...করা; প্রসিদ্ধ করা; Make ...; সঙ্কেতদ্বারা জ্ঞাত করা; ...signalizable.

...er (সিগ্‌ন্যালার্), *n.* সঙ্কেত-... Signal-man.

...ly (সিগ্‌ন্যালি), *ad.* বিশেষরূপে, ...লক্ষণ; Remarkably.

...ed (সিগ্‌ন্যাটরি), *a.* (সন্ধিপত্রে) ...; Having signed; bound ...ature :—*n.* স্বাক্ষরকর্ত্তা; One ...by a signature.

...ure (সিগ্‌নেচার্), *n.* স্বাক্ষর; Name of a person written ...its own hand; মুদ্রিত কাগজের ...নির্দেশক অক্ষর বা চিহ্ন; Sign ...rate forms; শীল-মোহরদ্বারা ...চিহ্ন; Sign or mark impressed ...eal.

...ard (সাইন্‌বোর্ড্), *n.* নাম-বিজ্ঞাপন-ফলক; A board ...a notice or advertisement.

...et (সিগ্‌নেট্), *n.* মোহর; রাজ-... Small seal; private seal ...sovereign. **Signet ring**—নাম-...অঙ্গুরীয়ক; যে অঙ্গুরীতে নামের ...মোহর থাকে; Ring with a ...

...ance (সিগ্‌নিফিক্যান্স্), *n.* ...র অর্থ, তাৎপর্য্য; Inner ...; গুরুত্ব; Importance ...matter of great *signi-*...).

...ant (সিগ্‌নিফিক্যান্ট্), *a.* ...; Expressive; গুরুত্বপূর্ণ; ...ant (a *significant* speech).

...ation (সিগ্‌নিফিকেশন্), *n.* ...Meaning; অভিপ্রায়; তাৎপর্য্য; ...which is signified; import.

...ative (সিগ্‌নিফিকেটিভ্), *a.* ...Offering indications (with ...

...y (সিগ্‌নিফাই), *v. t.* চিহ্নদ্বারা জ্ঞাত করা; চিহ্নদ্বারা দেখান; প্রকাশ করা; Make known by a sign; অর্থ প্রকাশ করা; বুঝান; Mean; denote; গুরুত্ব-পূর্ণ হওয়া; Have importance (it doesn't *signify*).

Sign-manual (সাইন্‌-ম্যানিউয়্যাল্), *n.* রাজার স্বাক্ষর; Royal signature.

Signor (সীনিয়োর্), **Signora** (সীনি-য়োরা), **Signorina** (সীনিয়রীন্যা)—মহাশয়; বাবু; শ্রীযুত; শ্রীযুক্তা; Italian title of address equivalent to Sir, Mr., Madam, Mrs., Miss. *pl.*= signori, signore, signorine.

Sign-painter (সাইন্‌-পেন্‌টার্), *n.* দোকান ইত্যাদির জন্য যে সাইন্‌বোর্ড্ অঙ্কন করে; One who paints signs for shops.

Signpost (সাইন্‌পোস্ট্), *n.* পথনির্দ্দেশক স্তম্ভ; Direction post.

Silence (সাইলেন্স্), *n.* নিস্তব্ধতা; চুপ-চাপ; শান্তি; স্থিরতা; Calmness stillness; quiet; মৌন; তূষ্ণীম্ভাব; Muteness; বিস্মৃতি; বিস্মরণ; Oblivion; গোপন; Secrecy :—*v. t.* স্থির করা; শান্ত করা; চুপ করান; থামান Still; quiet; নিরুত্তর করা; Stop; cause to be silent :—*int.* স্থির হও! চুপ! চুপ রহ! Be silent. **Vow of silence**—মৌনব্রত।

Silencer (সাইলেন্সার্), *n.* শব্দনিবারক যন্ত্র; Apparatus deadening sound.

Silent (সাইলেন্ট্), *a.* নিঃশব্দ, নিস্তব্ধ; Free from noise; মৌনী; বাক্‌শূন্য; Taciturn; অনুচ্চারিত; Not pronounced; প্রশান্ত; স্থির; Calm; still.

Silently (সাইলেন্ট্‌লি), *ad.* নিঃশব্দে; নীরবে; Calmly; noiselessly.

Silex (সাইলেক্স্), **Silica** (সিলিক্যা), *n.* চক্‌মকির পাথর; অগ্নি-প্রস্তর; Flint and its metallic base.

Silhouette (সিলুয়েট্), *n.* কোনও ব্যক্তি বা বস্তুর মসীলিপ্ত আদ্‌রা বা আদর্শ; ছায়া-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মূর্ত্তি ; Representation of a person or thing filled in with a black colour.

Siliceous (সিলিশাস্), *a.* বালুকাত্মক, সিলিকীয়বৎ ; Of, containing or resembling flint.

Silk (সিল্ক্), *n.* রেশম ; তসর ; রেশমী কাপড় ; পট্টবস্ত্র ; Fine thread of a caterpillar ; cloth woven from it. **Silk-cotton**—শিমূল তূলা।

Silken (সিল্‌কেন্), *a.* রেশমী ; Made of silk ; রেশমের মত ; Resembling silk ; কোমল ; Soft ; delicate ; চিক্কণ ; Glossy.

Silk-weaver (সিল্ক্-উয়িভার্), *n.* রেশমী-কাপড়-বোনা তাঁতী ; Weaver of silk cloths.

Silkworm (সিল্ক্‌ওয়ার্ম্), *n.* গুটি-পোকা ; Caterpillar which produces silk.

Silky (সিল্কি), *a.* রেশমতুল্য ; Resembling silk ; কোমল ; Soft ; চিক্কণ ; মসৃণ ; Glossy ; smooth.

Sill (সিল্), *n.* গোবরাট ; পত্তন-প্রস্তর ; Lower horizontal frame of wood or stone at the foot of a door or window.

Sillabub (সিল্যাবাব্), *n.* সুরামিশ্রিত সর বা দধি ; Beverage made of wine or cider with milk.

Silly (সিলি), *a.* মূর্খ ; নির্ব্বোধ ; বোকা ; Foolish ; stupid ; অবিজ্ঞ ; Imprudent ; অসঙ্গত ; অসম্ভব ; Absurd. *n.* = silliness. *ad.* = sillily.

Silo (সাইলো), *n.* ভূগর্ভস্থ শস্যাগার ; Underground store for keeping grain.

Silt (সিল্ট্), *n.* পলি ; ধোয়াট মাটি ; পঙ্ক ; Sediment :—*v. t. i.* পলিদ্বারা পূর্ণ বা রুদ্ধ করা বা হওয়া ; Fill or block up, or become filled or blocked up, with silt (with *up*).

Silurian (সিলিউরিয়্যান্), *a.* ভূতত্ত্বে বর্ণিত স্তরবিশেষ-সম্বন্ধীয় ; Of the stratum of rocks as told in geology.

Silva, Sylva (সিল্‌ভা), *n.* কোন প্রদেশের আরণ্য বৃক্ষাবলী ; Forest-trees collectively of any region.

Silvan, Sylvan (সিল্‌ভ্যান্), *a.* আরণ্য ; বন্য ; গ্রাম্য ; Relating to the woods ; woody ; rural. **Sylvan deity**—বনদেবতা ; Presiding deity of the forest.

Silver (সিল্‌ভার্), *n.* রৌপ্য ; Soft white precious metal ; রৌপ্যমুদ্রা ; Coins made of silver ; শুভ্রবর্ণ বস্তু ; Anything having the appearance of silver :—*a.* রৌপ্যময় ; রৌপ্য-নির্ম্মিত ; Made of silver ; রৌপ্য-সদৃশ ; Resembling silver ; রজত-শুভ্র ; White as silver ; কোমল ও পরিষ্কার ; Soft and clear (*silver* tongue) —*v. t.* রৌপ্যমণ্ডিত করা ; Cover with silver ; রূপার মত শুভ্রবর্ণ করা ; Make white like silver ; শাদা চক্‌চকে করা ; উজ্জ্বল করা ; Make smooth and bright ; শুভ্র করা ; Make white. **Born with a silver spoon in one's mouth**—ধনী হইয়া জন্মান ; Be born to a good fortune. **Silver-lining**—সুসময়ের আশা ; Prospect of better days.

Silver-leaf (সিল্‌ভার্-লীফ্), *n.* রূপার পাত ; Silver in thin leaf.

Silvern (সিল্‌ভার্ণ্), *a.* রৌপ্যনির্ম্মিত ; Made of silver.

Silver-plated (সিল্‌ভার্-প্লেটেড্), *a.* রৌপ্যমণ্ডিত ; Silver-coated.

Silversmith (সিল্‌ভার্‌স্মিথ্), *n.* রৌপ্যকার ; সেকরা ; One who works in silver.

Silver-tongued (সিল্‌ভার্-টাংগ্‌ড্), *a.* মধুরকণ্ঠ বা মিষ্টভাষী ; বাক্‌পটু ; Sweet-tongued ; eloquent.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ware

...re (সিল্‌ভার্‌ওয়্যার্‌), *n.* রূপার ...: Articles of silver.

...ite (সিল্‌ভার্‌-হোয়াইট্‌), *a.* ...: White like silver.

... (সিল্‌ভারি), *a.* রৌপ্যসদৃশ ; ...ing silver ; পরিষ্কার কণ্ঠস্বর-...: Clear and pure in tone.

... (সিমিয়ান্‌), *n.* বানরবিশেষ ; ...: Monkey.

... (সিমিল্যার্‌), *a.* সদৃশ ; তুল্য ; ...: resembling ; uniform.

...টি (সিমিল্যারিটি), *n.* সাদৃশ্য ; ...: Likeness ; resemblance.

...লি (সিমিল্যার্‌লি), *ad.* একইরূপে ; ...: same manner.

...লিনি), *n.* সাদৃশ্য ; Simili-...: resemblance ; comparison ; ...পা-অলঙ্কার ; Comparison ...trate anything ; a figure of ...

...ude (সিমিলিটিউড্‌), *n.* সাদৃশ্য ; ...lance ; তুলনা ; উপমা ; Com-...: simile.

... (সিমার্‌), *v. t. i.* অল্পে অল্পে ...: অল্প অল্প ফুটা ; সোঁ সোঁ করা ; ...gently ; boil with gentle ...: রাগ বা হাসি চাপিয়া থাকা ; ...: state of suppressed anger ...ter :—*n.* (with *a* or *the*) ...: কুটন্ত অবস্থা ; Simmering ...

...ন (সিমনি), *n.* ধর্ম্মালয়ের উচ্চপদ ...: করণাপরাধ ; Crime of buying ...g church preferment.

... (সিমুম্‌), **Simoon** (সিমুন্‌), ...: উত্তপ্ত বাতাস ; সিমুম ; Dry ...ating hot wind.

... (সিম্পার্‌), *v. i.* বোকার মত ফিক্‌ ...: হাসা ; Smile in a foolish, ...scious way :—*n.* নির্ব্বোধের ...: হাস্য ; A silly smile.

... (সিম্প্‌ল্‌), *a.* কেবল ; শুধু ; Single ; mere ; সহজ ; অনলঙ্কৃত ; সাদাসিধে ; Plain ; অমায়িক, অকপট ; সরল ; Artless ; undesigning ; frank ; নির্ব্বোধ ; Silly ; অমিশ্র ; অমিশ্রিত ; Uncompounded ; not mixed ; মৌলিক ; Elementary ; অকৃত্রিম ; Unaffected ; না বেশী না কম এমন ; Neither more nor less than (it is a *simple* fact) ; নীচকুলোদ্ভব ; Humble, of low origin (*simple* peasant) :—*n.* অবিমিশ্র বস্তু ; ভেষজ ; ওষধি ; Single ingredient ; drug ; medicinal herb.

Simple-hearted (সিম্প্‌ল্‌-হার্টেড্‌), *a.* সরলান্তঃকরণ ; Having a simple heart.

Simple-minded (সিম্প্‌ল্‌-মাইণ্ডেড্‌), *a.* সরলমনাঃ ; Having a simple mind ; বোকা, সহজে প্রতারিত হয় এমন ; Foolish, easily deceived.

Simpleton (সিম্প্‌ল্‌টন্‌), *n.* সহজে প্রতারিত হয় এমন ; নির্ব্বোধ ব্যক্তি ; A foolish person esp. one who is easily deceived.

Simplicity (সিম্প্লিসিটি), *n.* সরলতা ; Sincerity, frankness ; অমায়িকত্ব ; Artlessness ; স্পষ্টতা ; Clearness ; অহঙ্কারশূন্যতা ; সহজত্ব ; Plainness ; মূর্খতা ; নির্ব্বুদ্ধিতা ; Silliness ; folly.

Simplification (সিম্প্লিফিকেশন্‌), *n.* সরলীকরণ ; সরল ; The act or process of simplifying ; that which is simplified.

Simplify (সিম্প্লিফাই), *v. t.* সহজ করা, সরল করা, বিশদ করা ; Make plain.

Simply (সিম্প্লি), *ad.* কেবল ; Merely ; ঠিক ঠিক ; না বেশী—না কম ; Just ; সরল অনাড়ম্বরভাবে ; In a simple manner.

Simulant (সিমিউল্যান্ট্‌), *a.* কপট ; কৃত্রিম ; Having the appearance (of).

Simulate (সিমিউলেট্‌), *v. t.* কপটতা

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

করা ; ভাণ করা ; Counterfeit ; pretend ; feign ; অনুকরণ করা ; Imitate.

Simulation (সিমিউলেশন্), *n.* ভাণ ; কপটতা ; Pretence ; hypocrisy.

Simultaneity (সিমাল্‌ট্যানীইটি), *n.* যৌগপদ্য ; সমকালত্ব ; State of being simultaneous.

Simultaneous (সিমাল্‌টেনিয়াস্). *a.* সমকালীন ; যুগপৎ ঘটমান ; Happening at the same time. *ad.*=simultaneously—(যুগপৎ) ।

Sin (সিন্), *n.* ঈশ্বরের নিয়ম লঙ্ঘন ; পাপ ; Transgression of the divine law ; যে কোন নীতিবিগর্হিত কার্য্য ; Any immoral act :—*v. i.* পাপ করা ; অধর্ম্ম করা ; Commit sin ; do wrong. *a.*= sinful. *n.*=sinner.

Since (সিন্‌স্), *ad.* অনন্তর ; তৎপরে ; পূর্ব্বে ; অগ্রে ; From the time that ; past ; ago :—*prep.* সেই সময় হইতে ; From the time of ; after :—*conj.* যেহেতু ; কারণ ; Because ; considering. **Long since**—অনেক দিন যাবৎ । **Since then**—সেই হইতে ; তদবধি ।

Sincere (সিন্‌সীয়ার্), *a.*. অকপট ; সরল ; সাধু ; True ; frank ; honest ; আসল ; অমিশ্র ; খাঁটি ; প্রকৃত ; Pure ; genuine ; real.

Sincerely (সিন্‌সীয়ার্‌লি), *ad.* যথার্থরূপে ; প্রকৃতপক্ষে ; অকপটভাবে ; Truly ; honestly ; frankly.

Sincerity (সিন্‌সীয়ারিটি), *n.* অকপটতা ; সরলতা ; সাধুতা ; Honesty of mind ; frankness ; uprightness.

Sinciput (সিন্‌সিপাট্), *n.* কপাল হইতে মাথার চাঁদি পর্য্যন্ত মস্তকদেশ ; Head from forehead to crown. [out.

Sine (সাইনি), *prep.* ব্যতীত ; Without-

Sinecure (সাইনিকিউর্), *n.* যে পদে বিনা পরিশ্রমে বেতন পাওয়া যায় ; আরামের চাকরি ; An office with salary but without or little work.

Sinecurist (সাইনিকিউরিস্ট্), বিনা পরিশ্রমে বেতনপ্রাপ্ত কর্ম্মচারী Holder of sinecure.

Sine die (সাইনি ডাইই), *ad.* কোন দিন নির্দ্দিষ্ট না করিয়া ; Without a day fixed.

Sinew (সিনিউ), *n.* পেশীতন্তু ; strong cord or tendon that joins a muscle to a bone :—*pl.* শারীরিক শক্তি ; Bodily strength ; উৎসাহ ; Energy ; শক্তির উপায়, যাহা হইতে শক্তি লাভ করা যায় ; Means of strength (the *sinews* of war=money).

Sinewy (সিনিউয়ি), **Sinewy** (সিনিউড্), *a.* তন্তুযুক্ত ; সিঁটে-মাংস শক্ত ; Having sinews ; tough ; বলবান্ ; জোরাল ; Strong ; vigorous.

Sinful (সিন্‌ফুল্), *a.* পাপে রত ; পাপী ; পাতকী ; দুষ্ট ; Full of sin ; depraved ; wicked ; অপবিত্র ; Unholy.

Sing (সিং), *v. t. i.* গাওয়া ; Utter musically ; পদ্যে কীর্ত্তন করা ; Celebrate in poetry (with *of*) ; chant ; গান গাওয়া ; Utter sounds with musical inflections.

Singe (সিঞ্জ্), *v. t. i.* উপরিভাগ ঝল্‌সান করা ; ঝল্‌সান ; Burn the surface of ; scorch ; দগ্ধ হওয়া ; Become scorched :—*n.* বাহ্য দাহ ; ঝল্‌সান ; Burning of the surface ; slight burn.

Singer (সিংগার্), *n.* গায়ক ; One who sings.

Singing (সিংগিং), *n.* গীত ; Act of ; art of singing.

Single (সিংগ্‌ল্), *a.* একটি ; একমাত্র ; One only ; individual ; স্বতন্ত্র ; পৃথক ; Separate ; একাকী ; Alone ; অবিবাহিত ; Unmarried ; অমিশ্রিত ; Unmixed ; সরল ; অকপট ; Straightforward ; sincere ; দৃঢ়নিবদ্ধ ; Determined (a man of *single* purpose) ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

-handed পৃথক করা; Separate; বাছিয়া বাছা; Select from a number ...).

-handed (সিংগ্‌ল্‌-হ্যাণ্ডেড্‌), *a.* একেলা; সহায়শূন্য; Having one hand; unassisted; un-...

-hearted (সিংগ্‌ল্‌-হার্টেড্‌), *a.* সরলান্তঃকরণ; অকপট; Simple; ...

-minded (সিংগ্‌ল্‌-মাইণ্ডেড্‌), *a.* ...নিষ্ঠ; True to one object.

-ness (সিংগ্‌ল্‌নিস্‌), *n.* দৃঢ়তা; ...state of being single.

-ly (সিংগ্‌লি), *ad.* একাকী; By one-...আলাদা আলাদা; Separately.

-ing (সিংসং), *n.* টানাসুর; কুৎসিত একঘেয়ে সুর; Bad singing; ...:—*a.* একঘেয়ে সুরবিশিষ্ট; ...tonously rhythmical.

-lar (সিংগিউল্যার্‌), *a.* এক ...; Of the form used in speak-...a single thing or person ...lar number); অদ্ভুত, আশ্চর্য্য; ...odd; অসাধারণ; Extra-...ary.

-larity (সিংগিউল্যারিটি), *n.* ...; অপূর্ব্বতা; অদ্বিতীয়ত্ব; ...mmonness; oddness; state ...g singular; অদ্ভুত বিষয় বা ...Something that is strange or ...al.

-larly (সিংগিউলার্‌লি), *ad.* ...ভাবে; Extraordinarily; ...; Strangely.

-ster (সিনিস্টার), *a.* বামদিকে; On ...left; দুর্ভাগ্যজনক; Unlucky; ...; Showing ill-will; অশুভ; ...icious; মন্দ, দূষিত; Bad; ...sinister motive).

...(ফল্‌), *v. i. t.* পতিত হওয়া; ...পতিত হওয়া; Fall down; fall to the bottom; মগ্ন হওয়া; অস্ত যাওয়া; Fall below the surface or horizon; অভিভূত হওয়া; Be overwhelmed; কমিয়া যাওয়া; Become less; দমা, অবসন্ন হওয়া; Be depressed; মগ্ন করা, ডুবাইয়া দেওয়া; Cause to sink; খনন করা; Dig (*sink* a well); নষ্ট করা; Ruin; ন্যূন করা; কমান; Lessen :—*n.* নর্দ্দমাবিশিষ্ট পাত্র; A basin with a drain. *p. t.*=sank, sunk. *p. p.*=sunk, sunken. *n.*= sinker, sinking.

Sinless (সিন্‌লিস্‌), *a.* নিষ্পাপ; পবিত্র; Free from sin; pure.

Sinner (সিনার্‌), *n.* পাপী; অপরাধী; Offender; criminal.

Sinn Fein (শিন্‌ ফেন্‌), *n.* বিংশ শতাব্দীতে আয়ার্ল্যাণ্ডের স্বাধীনতা-আন্দোলন; A 20th century movement for the establishment of Irish freedom.

Sinuous (সিনিউয়াস্‌), *a.* আঁকাবাঁকা; Winding; সর্পিল; Snaky. *n.*= sinuosity.

Sinus (সাইনাস্‌), *n.* নাক ও মাথার নালী-গর্ত্তবিশেষ; A hollow in the bones of the skull and communicating with the nose.

Sip (সিপ্‌), *v. t.* চুমুক দেওয়া; অল্পে অল্পে পান করা; Take small draughts :—*v. i.* অল্পমাত্রায় পান করা; Drink in small quantities :—*n.* চুমুক; Small draught taken with the lips.

Siphon (সাইফন্‌), *n.* বক্রনল; বক্র-নালী যন্ত্রবিশেষ; Bent tube for drawing off liquids :—*v. t.* বক্রনালী যন্ত্র-দ্বারা চালিত করা; Convey by means of a siphon.

Sir (সার্‌), *n.* মহাশয়; প্রভু; Word of respect applied to a man or master; সম্ভ্রান্ত লোকের পদবীবিশেষ; Title of a knight or baronet.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Sircar (সার্‌কার্), *n.* রাষ্ট্রের কর্তৃপক্ষ ; গৃহস্বামী ; ভারতীয় হিসাবনবিশ ; বাড়ীর গোমস্তা ; The government of a State ; head of a household ; Indian accountant ; house-steward.

Sire (সায়ার্), *n.* দেব ; মহারাজ ; Lord ; word of respect in addressing a king or an emperor ; জনক, পিতা ; Father :—*v. t.* জন্ম দেওয়া ; Beget,—used of beasts.

Siren (সাইরিন্), *n.* কবি-কল্পিত কোকিলকণ্ঠী কুহকিনী ; মায়াবিনী স্ত্রী ; Bewitching sea-nymph ; enticing woman ; বিমানাক্রমণের সঙ্কেত-শিঙ্গা ; Hooting instrument used for sound signals of an air-raid :—*a.* কুহকিনী ; মনোমোহিনী ; Fascinating.

Sirius (সিরিয়াস্), *n.* লুব্ধক ; কালপুরুষ নামক নক্ষত্রপুঞ্জের পাদদেশে অবস্থিত অত্যুজ্জ্বল নক্ষত্রবিশেষ ; The Dog star.

Sirloin (সার্‌লয়িন্), *n.* গরুর দাবনার মাংস ; গোমাংসের শিরদাঁড়া ; Loin of beef.

Sirocco (সির্‌কো), *n.* উত্তর আফ্রিকার মরু হইতে আগত উত্তপ্ত বায়ু বিশেষ ; Hot wind blowing from the deserts of N. Africa.

Sirrah (সির্‌রা), *n.* ওরে ; হাঁরে ; রে ; Sir (used in reproach or contempt).

Siskin (সিস্‌কিন্), *n.* ক্ষুদ্র গায়ক পক্ষিবিশেষ ; A small singing bird.

Sister (সিস্‌টার্), *n.* ভগিনী ; বোন ; Female born of the same parents ; ভগিনীবৎ কেহ ; One who is like a sister ; যে কোন স্ত্রীলোক ; Any woman ; ধর্ম্মীয় সঙ্ঘের স্ত্রীলোক ; A female member of a religious society ; হাসপাতালের বয়স্কা ধাত্রী ; A senior hospital nurse :—*a.* একজাতীয় ; Akin. **Half-sister**—বৈমাত্রেয় বা বৈপিত্রেয় ভগিনী ।

Sisterhood (সিস্‌টার্‌হুড্), *n.* ভগিনীত্ব ; State of being a sister ; ভগিনী-সম্প্রদায়, একই ধর্ম্মান্তর্গত ভগিনীগণ ; Society of females under a religious order.

Sister-in-law (সিস্‌টার্-ইন্-ল), *n.* শ্যালিকা বা শ্যালী ; ননদিনী বা ননদ ; ভাতৃবধূ বা জায়া ; Husband's or wife's sister ; brother's wife. *pl.*=sisters-in-law.

Sisterlike (সিস্‌টার্‌লাইক্), **Sisterly** (সিস্‌টার্‌লি), *a.* ভগিনীবৎ ; Like a sister ; দয়াবতী ; স্নেহশীলা ; Kind ; affectionate.

Sit (সিট্), *v. i.* বসিয়া থাকা, বসা ; Rest upon the haunches ; বিশ্রাম করা ; Rest ; থাকা ; Remain ; দাঁড়ে বসা ; Perch ; ডিমে তা' দেওয়া ; ডিমে বসা ; Brood ; সরকারী কার্য্যে বসা ; Occupy a seat, especially officially ; বহা ; Blow from a certain direction, as the wind :—*v. t.* কোন কিছুর উপর রাখা ; বসান ; Seat. *p. a.*=sitting.

Site (সাইট্), *n.* সংস্থিতি, অবস্থিতি ; Situation ; অবস্থান ; Position.

Sitting (সিটিং), *n.* উপবেশন ; State of resisting on a seat ; আসন ; Seat ; বৈঠক ; সভার অধিবেশন ; Meeting ; একবারও না উঠিয়া বসিয়া থাকার সময় ; Time during which one sits continuously ; ডিম ফুটাইবার জন্য তদুপরি উপবেশন ; Resting on eggs for hatching. **Sitting-room**—বৈঠকখানা ; Parlour.

Situated (সিটিউয়েটিড্), *a.* স্থাপিত ; অবস্থিত ; অধিষ্ঠিত ; উপবিষ্ট ; Placed ; located ; fixed ; seated.

Situation (সিটিউয়েশন্), *n.* অবস্থা ; গতিক ; Condition ; সন্নিবেশ ; অবস্থান ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...n; position; পদ; চাকরি; ...Post; place; office; em-...

...ন্ট্), *a.* & *n.* ছয়; ষট্; Five ...e. **At sixes and sevens**—...

...ক্স্‌ফোল্ড্), *a.* ছয়গুণ; ...ed six times; repeated ...

...ক্স্‌কুটার্), *n.* (*colloq.*) ...ব্যক্তি; A person six ...

...ক্স্‌পেন্স্), *n.* আধ শিলিং ...টাকুড়া; A silver coin of the ...of six pennies.

...ক্স্‌টীন্), *a.* or *n.* ষোড়শ; Six and ten.

...ক্স্‌টীন্থ্), *a.* or *n.* ...ষোড়শাংশ; ষোলুই; Sixth after ...th.

...ক্স্‌থ্), *a.* ষষ্ঠ; ছয়ই; ...al of six :—*n.* এক-ষষ্ঠাংশ; ...part.

...ক্স্‌থ্‌লি), *ad.* ষষ্ঠতঃ; ষষ্ঠ-...in the sixth place.

...ক্স্‌টিয়িথ্), *a.* or *n.* ষষ্টি-...তমাংশ; Ordinal of sixty.

...ক্স্‌টি), *a.* or *n.* ষষ্টি; ষাট; Six times ten. [Biggish.

...সাইজ্রাবল্), *a.* বৃহদাকার; ...), *n.* আয়তন; আকার; ...: Extent of volume; bulk; ...tude; বাণিশ; আঠা; মাড়; ...sh; glue; gruel :—*v. t.* ...র বা আয়তনানুসারে সাজান; ...ge according to sizes; মাড় ...দিয়া বা শক্ত করা; Glaze or ...with size. *a.*=sized. *n.*= ...: **Size up**—আকার বা আয়তন ...করা; Estimate the size of; ...) কাহারও সম্বন্ধে বিচার করা; ...judgment of (person).

Skate (স্কেট্), *n.* বরফের উপর গড়াইয়া যাইবার পাদুকা-বিশেষ; A kind of sandal on a steel-blade for moving on ice; মৎস্যবিশেষ; A large fish :—*v. i.* স্কেট্ পাদুকা পরিয়া গড়ান; Move on skates. *n.*=skater, skating.

Skein (স্কেন্), *n.* গাঁইট্; সূতার ফেটি বা গোছ; Bundle of thread or yarn.

Skeleton (স্কেলিটন্), *n.* অস্থিপঞ্জর; কঙ্কাল; Bony structure or frame of the body; নক্সা; কাঠাম; An outline or plan; a frame (steel *skeleton* of a building). **Is a mere skeleton**—মাংসহীন, বিবরণহীন; Has little flesh or no detail.

Skeptical—See **Sceptic,** etc.

Sketch (স্কেচ্), *n.* খসড়া, নক্সা; সংক্ষিপ্ত বিবরণ; Outline; a quickly made drawing; a brief account, without details of something; সাহিত্য বা সঙ্গীত-বিষয়ক ক্ষুদ্র রচনা; A short piece of literature or music; (*colloq.*) ক্ষুদ্র ব্যঙ্গাত্মক নাটক; A short, funny play :—*v. t.* নক্সা বা খসড়া করা; Make a rough drawing of; draw the outline of; প্রধান বিষয়গুলি প্রদর্শন করা; Give the principal points of (with *out*) :—*v. i.* খসড়া নক্সা করা; Practise sketching.

Sketch-book (স্কেচ্-বুক্), *n.* নক্সা-পুস্তক, খসড়ার পাতা দিয়া বাঁধান খাতা; A book of drawing sheets bound together.

Sketchy (স্কেচি), *a.* কেবল বাহ্যরেখা-দ্বারা অঙ্কিত; স্থূলভাবে চিত্রিত; অসম্পূর্ণ; Like a sketch or outline; incomplete. *n.*=sketchiness. *ad.*=sketchily.

Skew (স্কিউ), *a.* বক্র; Oblique.

Skewer (স্কিউয়ার্), *n.* (মাংস কাবাব করিবার) লোহার শিক; টেকুয়া; Large

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

pin for holding meat together while roasting :—*v. t.* উক্ত শিকদ্বারা সংবদ্ধ করা ; Fasten with a skewer.

Ski (শী, স্কি), *n.* বরফের উপর চলিবার উপযোগী দীর্ঘ কাষ্ঠখণ্ডের পাদুকাবিশেষ ; One pair of wooden shoes about 8 ft. long and 4 in. broad fastened under feet for travelling over snow.

Skid (স্কিড্), *n.* চক্রের কীলক, চাকা স্থির রাখিবার যন্ত্র ; A piece of wood, etc. serving as a check :—*v. t. i.* (*-dd-*) উক্ত যন্ত্র দিয়া গতিনিরোধ করা ; Check with a skid ; এদিক ওদিক টলিয়া যাওয়া ; Slip sideways (the car *skidded* on the wet road).

Skiff (স্কিফ্), *n.* ডিঙ্গি ; ক্ষুদ্র নৌকা ; Small light boat.

Skilful (স্কিল্‌ফুল্), *a.* নিপুণ ; পটু ; Expert ; dexterous.

Skilfully (স্কিল্‌ফুলি), *ad.* নৈপুণ্য-সহকারে ; Cleverly.

Skill (স্কিল্), *n.* নৈপুণ্য, দক্ষতা ; Dexterity, expertness.

Skilled (স্কিল্ড্), *a.* শিক্ষাপ্রাপ্ত ; Properly trained ; not amateur (*skilled* labour).

Skim (স্কিম্), *v. t.* (*-mm-*) দুগ্ধের সর তোলা ; সর তুলিয়া সাফ করা ; গাদ কাটান ; Take off by skimming ; clear off scum ; ভাসা ভাসা বা মোটামুটি পাঠ করা ; Read superficially :—*v. i.* অল্পমাত্রায় স্পর্শ করিয়া আস্তে আস্তে উপর দিয়া যাওয়া ; Pass lightly over.

Skimmer (স্কিমার্), *n.* সর কাটিবার যন্ত্র ; Utensil for skimming milk.

Skim-milk (স্কিম্-মিল্ক্), *n.* মাঠা-তোলা দুগ্ধ, যে দুধের সর তুলিয়া লওয়া হইয়াছে ; Milk from which the cream has been skimmed.

Skin (স্কিন্), *n.* ত্বক্, চামড়া ; Covering of the flesh ; hide ; খোসা ; ছাল ; ভিস্তী ; মসক ; Bark or rind of plants ; a vessel made of goat skin :—*v. t.* চর্ম্মহীন করা ; ছাল তোলা ; Strip the skin from ; strip off peel ; চর্ম্মাবৃত করা ; Cover with skin :—*v. i.* চর্ম্মদ্বারা আবৃত হওয়া ; Be covered with skin.

Skin-deep (স্কিন্-ডীপ্), *a.* অগভীর ভাসা ভাসা ; Slight ; superficial.

Skin-flint (স্কিন্-ফ্লিন্ট্), *n.* কৃপণ কঞ্জুষ ; Miser.

Skinny (স্কিনি), *a.* মাংসহীন, অতি কৃশ ; Lacking flesh, very thin.

Skip (স্কিপ্), *v. t.* (*-pp-*) লম্ফ দিয়া ছাড়িয়া যাওয়া ; Leap over ; pass over ; ত্যাগ করা ; Omit :—*v. i.* লম্ফ দেওয়া ; Leap :—*n.* অনতিউচ্চ লাফ ; A light jump.

Skipjack (স্কিপ্‌জ্যাক্), *n.* ছেলেদের এক প্রকার উল্লম্ফনকারী ক্রীড়নক ; A kind of jumping toy for boys ; এক প্রকার গুব্‌রে পোকা ; A kind of jumping insect.

Skipper (স্কিপার্), *n.* নাবিক ; বাণিজ্য পোতাধিকারী ; Sailor ; master of a merchant-vessel ; (খেলাধূলায়) ক্যাপ্টেন ; Captain.

Skipping-rope (স্কিপিং-রোপ্), *n.* পায়ের তলা ও মাথার উপর দিয়া চালনা যায় এমন লাফাইবার দড়ি ; A length of rope made to swing under the feet and over the head.

Skirmish (স্কার্‌মিশ্), *n.* খণ্ড যুদ্ধ সামান্য যুদ্ধ ; Slight fight :—*v. i.* খণ্ড যুদ্ধে লিপ্ত হওয়া ; Fight slightly or irregularly.

Skirt (স্কার্ট্), *n.* প্রান্ত, সীমা ; জামা ইত্যাদির যে অংশ কোমরের নিম্নে ঝুলে ; ঘাগ্‌রা, সায়া ; Border ; margin ; loose part of a garment below the waist ; petticoat, etc. :—*v. i.* ধারে থাকা ; Be on the border :—

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...করা ; প্রান্তযুক্ত করা ;

...), *n.* শ্লেষ ; ঠাট্টা ; Jeer ;

...), *a.* (অশ্ব-সম্বন্ধে) ক্রীড়া-...; Playful, fidgety ; (লোক-...) ক্রীড়াশীল, বিজ্ঞতাহীন ; ...কারী ; Capricious ; ...given to indiscretions ; ...ish.

...), *n. pl.* ক্রীড়াবিশেষ ; ...of nine pins.

...), *v. i.* কাপুরুষের মত ...থাকা ; Hide through cowar-...বা কর্ত্তব্য এড়াইয়া যাওয়া ; ...danger or duty.

...), *n.* মাথার খুলি, করোটি ; ...case of the brain.

...cap (স্কাল্-ক্যাপ্), *n.* মাথার ...; Close-fitting cap.

...), *n.* ভোঁদড়জাতীয় জন্তু-...A weasel-like beast.

...), *n.* আকাশ ; নভোমণ্ডল ; ...heavens ; বায়ুস্তর ; Atmos-... আবহাওয়া ; জলবায়ু ; ...; climate ; স্বর্গ ; Heaven : ...আকাশের দিকে নিক্ষেপ করা ; ...ঊর্দ্ধে টাঙান ; Throw towards ...; hang near the top of a ...**Sky-colour**—আশমানি রঙ্ ; ...of the sky. **Sky-line**—...দিগ্বলয় ; The horizon. **Sky-...**—(গগনচুম্বী অর্থাৎ) অত্যুচ্চ ...; Very tall building.

...(স্কাই-ব্লু), *a.* নীল ; গাঢ় নীল-...like the sky ; azure : ...বিশেষ ; Colour for paint-...

...(স্কাইয়ি), *a.* আকাশ-সম্বন্ধীয়, ...আকাশ হইতে, আকাশ পর্য্যন্ত, ...মত নীল ; Of, in, from, ...blue as the sky.

Skylark (স্কাইলার্ক্), *n.* চাতক পক্ষী ; ভারুই পক্ষী ; ভরত পক্ষী ; Lark.

Skylight (স্কাইলাইট্), *n.* ছাদস্থিত জানালা ; Window placed in a roof or ceiling. [বাজী ; Fire-work.

Sky-rocket (স্কাই-রকিট্), *n.* হাউই-

Sky-sail (স্কাই-সেল্), *n.* জাহাজের এক-প্রকার হাল্কা পাইল ; Sail above the royal.

Skyward (স্কাইওয়র্ড্), **Skywards** (স্কাইওয়র্ড্স্), *ad.* আকাশের দিকে ; Towards the sky.

Slab (স্ল্যাব্), *n.* পুরু, চ্যাপ্টা কোন জিনিস ; A thick, flat piece of anything (a *slab* of stone).

Slabber, Slobber (স্ল্যাবার্, স্লবার্), *v. i.* লাল পড়া ; Drivel :—*v. t.* লালে ভিজান ; থুথু লাগান ; ঢালিয়া ভিজান ; Besmear with slabber ; spill liquid upon :—*n.* লালা ; থুথু ; Saliva.

Slack (স্ল্যাক্), *a.* আল্গা ; ঢিলা ; শিথিল ; Loose ; lax ; not holding fast ; অলস ; ঢিমা ; Remiss ; slow :—*v. i. t.* শিথিল হওয়া বা করা ; Become or render slack. **Slack** or **Slake lime**—কলিচূণ।

Slacken (স্ল্যাকেন্), *v. i.* ঢিলা হওয়া ; শিথিল হওয়া ; Become less tight ; be remiss :—*v. t.* ঢিলা করা ; Make slack ; শিথিল করা ; Make relax.

Slag (স্ল্যাগ্), *n.* ধাতুমল ; ধাতুর খাদ ; Dross of a metal. *a.* = slaggy.

Slain (স্লেন্), *p. p.* of **Slay**.

Slake (স্লেক্), *v. t.* তৃপ্ত করা, উপশম করা ; Satisfy, quench, or assuage (thirst, etc.) ; জলসহযোগে পরিবর্ত্তিত করা ; Change (lime, etc.) with sprinkling of water.

Slam (স্ল্যাম্), *v. t.* (*-mm-*) ঝনাৎ করিয়া বন্ধ করা ; দড়াম করিয়া ফেলা ; Bang ; shut with violence :—*v. i.*

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জোরে ও সশব্দে বন্ধ হওয়া ; Shut violently and noisily :—*n.* ঝনাৎ করিয়া শব্দ ; A loud noise, a bang ; ধাক্কা ; A blow.

Slander (স্লাণ্ডার্), *n.* অখ্যাতি, নিন্দা, অপবাদ ; Calumny ; defamation by words :—*v. t.* অপবাদ দেওয়া ; নিন্দা করা ; Defame ; calumniate.

Slanderous (স্লাণ্ডারাস্), *a.* অপবাদ-পূর্ণ ; Defamatory ; কুৎসারটনাকারী ; Uttering slanders.

Slang (স্লাং), *n.* চলতি কিন্তু সাধুভাষা নয় ; Current but not standard expressions ; কোনও বিশেষ শ্রেণীর ভাষা ; The language confined to a particular class (school boy *slang*) ; (*attrib.* use) উক্ত ভাষা-সম্বন্ধীয় (A *slang* word).

Slant (স্লাণ্ট্), *n.* ঢালু জায়গা ; ক্রমনিম্ন ভূমি ; Slope :—*v. t.* হেলান ; ঝুঁকান ; Turn in a sloping direction :—*v. i.* ঝুঁকিয়া থাকা ; গড়েন হওয়া ; ক্রমনিম্ন হওয়া ; Slope.

Slanting (স্লাণ্টিং), *a.* ঢালু ; হেলানিয়া ; তেরচা ; Sloping ; oblique.

Slantwise (স্লাণ্ট্ওয়াইজ্), **Slantingly** (স্লান্টিংলি), *ad.* তির্য্যগ্‌ভাবে ; বক্রভাবে ; Obliquely ; ঢালুভাবে ; Slopingly.

Slap (স্ল্যাপ্), *n.* চাপড় ; চড় ; চপেটাঘাত ; Blow with the open hand :—*v. t.* (*-pp.*) চাপড় মারা ; চড় মারা ; Give a slap to :—*ad.* সোজা, হুড়মুড় করিয়া ; Straight, full (the car ran *slap* into the wall) ; অবশভাবে ; Uncontrolled.

Slapdash (স্ল্যাপ্ড্যাশ্), *ad.* প্রচণ্ডভাবে, দিগ্‌বিদিক্‌শূন্য হইয়া ; Recklessly :—*a.* আবেগচালিত ; Impetuous ; স্ফূর্ত্তিবাজ ; Happy-go-lucky.

Slash (স্ল্যাশ্), *v. t. i.* কাটা, ফাঁসান ; Cut with a sweeping stroke ; বেত দিয়া আঘাত করা ; Lash with a whip ; কঠোরভাবে সমালোচনা করা ; Criticize harshly (a *slashing* attack) :—*n.* লম্বা চির বা ক্ষত (কাটার) দাগ ; Long cut ; slashing.

Slate (স্লেট্), *n.* প্রস্তরবিশেষ ; Stone of a slaty structure ; পাথরের পাটা ; Plate of stone ; চালের খোলাবিশেষ ; লিখিবার স্লেট্ ; Piece of slate for roofing, or for writing upon :—*v. t.* স্লেটের দ্বারা আচ্ছাদন করা ; খোলা দিয়া ছাওয়া ; Cover with slate.

Slate-pencil (স্লেট্-পেন্সিল্), *n.* স্লেট-পেন্সিল ; পাথরের লেখনী ; Pencil of soft slate.

Slater (স্লেটার্), *n.* যে পাথর বসায় ; One who lays slates on buildings.

Slattern (স্ল্যাটার্ণ্), *n.* অপরিচ্ছন্ন নারী ; An untidy woman.

Slatternly (স্ল্যাটার্ণ্‌লি), *a.* অপরিচ্ছন্ন ; নোংরা ; Dirty ; slovenly.

Slaty (স্লেটি), *a.* স্লেট্‌তুল্য ; Resembling slate : স্লেট্-গুণযুক্ত ; স্লেট্-ধর্ম্মী ; Having the nature or properties of slate.

Slaughter (স্লটার্), *n.* জবাই ; Killing (of animals) ; যুগপৎ বহু নরহত্যা ; Large scale killing (of human beings) :—*v. t.* বহু সংখ্যক হত্যা করা ; Kill in large numbers.

Slaughter-house (স্লটার্-হাউস্), *n.* কসাইখানা ; জবাইখানা ; Shambles.

Slaughterous (স্লটারাস্), *a.* খুনে ; Murderous.

Slav (স্লাভ্), *n.* পূর্ব্ব ইউরোপবাসী বিভিন্ন জাতীয় লোক ; Slavonian. *a.*—Slavic.

Slave (স্লেভ্), *n.* ক্রীতদাস ; পরাধীন ব্যক্তি ; One held in bondage by another ; any one in bondage ; দাস ; গোলাম ; Serf ; দাসের ন্যায় পরিশ্রমী ; One who labours like a

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অন্যের সম্পূর্ণ ইচ্ছাধীন লোক ; ...লক ; One wholly under the ...another :—*v. i.* দাসের মত ...করা ; ক্রীতদাসের ন্যায় খাটা ; ...like a slave ; drudge (*at* ...living).

...(স্লেভার্), *n.* দাস-ব্যবসায়ী ; ...trader ; দাস-ব্যবসায়ে নিযুক্ত ...Ship employed in slave ...লালা ; লালা-নিঃসরণ ; Saliva ; ...running from the mouth :— ...লালা নিঃসৃত হওয়া ; Let the ...run out of the mouth :— ...চুম্বনাদি কার্য্যে লালা মাখান ; Smear ...Saliva while kissing, etc.

...(স্লেভারি), *n.* দাসত্ব ; অধীনতা ; ...কঠিন পরিশ্রম ; State of be- ...slave ; bondage ; drudgery ; ...প্রথা ; Custom of keeping ...

...trade (স্লেভ্-ট্রেড্), *n.* দাস-ব্যব- ...Business of buying and sell- ...laves. [all-work.

...(স্লেভি), *n.* দাসী ; Maid-of- ...(স্লেভিশ্), *a.* দাসোচিত ; দাস- ...Servile ; নীচ ; হীন ; Mean ;

...ic (স্লাভনিক্), **Slavonian** ...(স্লাভোনিয়ান্), *n.* স্লাভনিয়াবাসী বা ...ভাষা ; Native or inhabi- ...of Slavonia ; language of ...Slav race :—*a.* স্লাভজাতি বা ...ভাষা-ঘটিত ; Of or belonging ...Slavs or to their lan- ...

...(স্লেজ্), *v. t.* হত্যা করা ; বধ করা ; ...করা ; Put to death ; kill ; des- ...*p. t.*=slew. *p. p.*=slain.

...(স্লেজ্), **Sledge** (স্লেজ্), **Sleigh** ...*n.* বরফের উপর গমন করিবার ক্ষুদ্র ...গাড়ী ; Carriage for sliding ...snow ; sleigh :—*v. t.* স্লেজ গাড়ী করিয়া বহন করা ; Convey in a sled : —*v. i.* উক্ত গাড়ী করিয়া যাওয়া ; Go in a sledge.

Sledge (স্লেজ্), **Sledge-hammer** (স্লেজ্-হ্যামার্), *n.* বড় ভারী হাতুড়ি ; Large heavy hammer.

Sleek (স্লীক্), *a.* মসৃণ ; চিক্কণ ; Smooth ; glossy ; কোমল ; Soft ; তৈলাক্ত ; Oily ; (কোনও লোক বা তাহার আচরণ-সম্পর্কে) অত্যন্ত মাজা-ঘষা ; সন্তুষ্ট করিতে অত্যন্ত উদ্বিগ্ন ; Too smooth ; over-anxious to please :—*v. t.* চিক্কণ বা পালিশ করা ; Make glossy.

Sleep (স্লীপ্), *v. i.* ঘুমান ; নিদ্রা যাওয়া ; Slumber ; অসাবধান হওয়া ; অসতর্ক থাকা ; Become uncautious ; বিশ্রাম করা, শান্ত হওয়া, স্থির হওয়া ; Take rest, rest ; অলস হওয়া ; Be motionless or inactive :—*n.* নিদ্রা ; বিশ্রাম ; Slumber ; rest.

Sleeper (স্লীপার্), *n.* নিদ্রামগ্ন ব্যক্তি ; One who sleeps ; যে কাষ্ঠ, প্রস্তর বা লৌহখণ্ডের উপর রেল পাতিত হয় তাহা ; Piece of timber or stone supporting a weight, rails, etc.

Sleeping (স্লীপিং), *part. a.* & *ger.* (used esp. in compounds). **Sleeping partner**—যে অংশীদার ব্যবস্থাপনায় কোন সক্রিয় অংশ গ্রহণ করে না ; Partner, who takes no active part in the management. **Sleeping draught**—নিদ্রাজনক পানীয় ঔষধ ; Medicine to cause sleep. **Sleeping-room**—শয়ন-গৃহ ; Bedroom.

Sleepless (স্লীপ্‌লিস্), *a.* নিদ্রাহীন ; Without sleep.

Sleep-walker (স্লীপ্-ওয়কার্), *n.* নিদ্রাবস্থায় ভ্রমণকারী ; স্বপ্নচারী ; Somnambulist.

Sleepy (স্লীপি), *a.* নিদ্রালু ; Drowsy ; অলস ; Lazy ; স্বভাবতঃ অন্যমনস্ক ; Habitually unobservant ; (সহরাদি-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সম্পর্কে) শান্ত, কর্ম্মব্যস্ত নয় এমন ; Quiet, not active or busy. *n.*=sleepiness. *ad.*=sleepily.

Sleepy-head (স্লীপি-হেড্), *n.* নিদ্রালস বা অমনোযোগী ব্যক্তি ; Sleepy or inattentive person.

Sleet (স্লীট্), *n.* শিলা-বৃষ্টি ; করকাপাত ; Snow or hail mingled with rain :—*v. i.* শিলাবৃষ্টি হওয়া ; Hail with rain. *a.*=sleety.

Sleeve (স্লীভ্), *n.* জামার আস্তিন ; হাতা ; Part of a garment that covers the arms :—*v. t.* আস্তিনবিশিষ্ট করা ; Furnish with sleeves. **Sleeve button**—হাতের বোতাম ; Button for the wristband or cuff.

Sleeveless (স্লীভ্‌লিস্), *a.* আস্তিনহীন ; Without sleeves.

Sleigh (স্লে)—See **Sled**.

Sleight (স্লাইট্), *n.* কৌশল ; চাতুরী ; Dexterity ; artful trick ; cunning. **Sleight-of-hand**—ভেল্কী ; হস্ত-কৌশল ; Jugglery.

Slender (স্লেণ্ডার্), *a.* লম্বা ও সরু ; পাতলা ; Long and narrow ; thin ; অল্প ; সামান্য ; Small (*slender* means). [**Sleep**.

Slept (স্লেপ্‌ট্), *p. t.* & *p. p.* of **Sleep**.

Sleuth-hound (স্লূথ্-হাউণ্ড্, স্লূ-হাউণ্ড্), *n.* প্রখর ঘ্রাণশক্তিবিশিষ্ট শিকারী কুকুর ; ডালকুত্তা ; Blood-hound.

Slew (স্লূ), *p. t.* of **Slay**.

Slice (স্লাইস্), *v. t.* চোকলা কাটা ; খণ্ড করিয়া কাটা ; পাতলা ফালি করা ; Cut into thin pieces :—*n.* ফালি ; চোকলা ; পাতের মত খণ্ড ; Thin, broad piece (a *slice* of bread) ; পাতলা ফলাদার ছুরি ; Broad, thin knife.

Slid (স্লিড্), *p. t.* & *p. p.* of **Slide**.

Slidden (স্লিড্‌ন্), *p. p.* of **Slide**.

Slide (স্লাইড্), *v. i. t.* গড়াইয়া যাওয়া বা দেওয়া ; Move smoothly along while touching a surface ; cause to slide ; অতি নিঃশব্দে চলা ; Move as quietly as possible ; ধীরে ধীরে চলিয়া যাওয়া ; Move or pass gradually (*slide* into dishonesty) :—*n.* হড়কানি ; Act of sliding ; পর্ব্বত হইতে প্রস্তরাদির পতন ; A fall of rock, etc. down a mountain side (land-*slide*) ; ঢালু পার্শ্ব ; গড়ানিয়া স্থান ; Smooth declivity ; ঠেলা ঢাকনি ; Anything as a lid, that slides ; ছেলেদের হড়কাইয়া পড়িবার লোহার বা কাঠের পাত ; A smooth sloping board for children to slide down ; ছবি-সমন্বিত কাচের পাত ; A glass plate bearing a picture (lantern *slide*).

Sliding-scale (স্লাইডিং-স্কেল্), *n.* কোনও জিনিসের অনুপাতে অপর জিনিসের পরিবর্ত্তনের ক্রম ; Schedule whereby one thing varies in proportion to another thing.

Slight (স্লাইট্), *a.* যৎসামান্য ; তুচ্ছ ; Trifling ; of little value ; লঘু ; ঈষৎ ; অল্প ; সরু ; Light ; small ; slender ; দুর্ব্বল ; Weak ; অসাবধান ; অমনোযোগী ; Careless ; negligent ; অমীমাংসিত ; Not decided :—*v. t.* তাচ্ছিল্য করা ; অবজ্ঞা করা ; Neglect ; disregard :—*n.* অবহেলা, উপেক্ষা ; অবজ্ঞা ; অবমাননা ; Neglect ; disregard ; indignity.

Slily, Slyly (স্লাইলি), *ad.* ধূর্ত্ততা-সহকারে ; কৌশলে ; Artfully ; secretly.

Slim (স্লিম্), *a.* রোগা, কৃশ ; Thin ; slender ; সামান্য, অপর্য্যাপ্ত ; Small ; insufficient ; ধূর্ত্ত ; Cunning.

Slime (স্লাইম্), *n.* এঁটেল মাটি ; আঠা ; কাদা ; Gluey mud ; ক্লেদ ; Filth ; শ্লেষ্মা ; Mucus.

Slimy (স্লাইমি), *a.* এঁটেল মাটির মত ;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...; এঁটেল মাটির দ্বারা আবৃত ; ...d with mud.

Slyness (স্লাইনিস্), *n.* Cunningness.

...), *n.* ফিঙ্গা, প্রস্তরাদি নিক্ষেপ ...ঙ্গ), *n.* Strap for throwing ...ত্ত; Strap for throwing ...etc.; নিক্ষেপ ; Throw ; কিছু ...বস্তু বন্ধনী ; হস্তবন্ধনী ; Kinds ...ance for supporting a ...weight :—*v. t.* ফিঙ্গা দ্বারা ...রা; ছোঁড়া ; Throw with a ...cast ; ঝোলান ; লটকান ; Hang ...; রজ্জু দ্বারা লম্বমান করা ; ...by means of a rope.

...(স্লিঙ্গার্), *n.* প্রস্তর নিক্ষেপকারী ; ...; One who throws stones.

...স্লিঙ্), *v. i.* চুপি চুপি যাওয়া ; ...পলায়ন করা ; Sneak ; steal ...creep away. *p. t.* & *p. p.* =

...স্লিপ্), *v. i.* (*-pp-*) পিছলাইয়া ...চলিয়া যাওয়া ; Slide, glide ; ...করা ; সরিয়া যাওয়া ; Escape ; ...স্থান ; পড়িয়া যাওয়া ; Miss ...footing ; fall ; ভুল করা ; ...*v. t.* গোপনে চালান ; Convey ...; পলাইতে দেওয়া ; ছাড়িয়া ...Let loose ; let go ; বাদ ...Omit :—*n.* পিছলান ; স্খলন ; ...slipping ; পিছলাইবার দ্রব্য- ...That on which anything ...; ভ্রম ; ভুল ; Error ; পলায়ন ; ...বৃক্ষের শাখা ; ফেঁকড়ি ; কলম ; ...কাগজ বা কাঠের সরু ফালি ; ...narrow piece of paper or ...জাহাজ নির্ম্মাণার্থ ক্রমনি তট ; ...bank for ship-building. ...of the pen—লিপিপ্রমাদ ; ...সামান্য ভুল ; A slight mistake ...ত্তু.

...(স্লিপ্-নট্), *n.* আল্‌গা গিরা ; ...easily movable.

Slipper (স্লিপার্), *n.* চটিজুতা ; বাড়ীতে পরিবার জুতা ; Loose shoe easily slipped on ; a kind of shoe worn indoors.

Slippered (স্লিপার্ড্), *a.* চটিজুতা-পরিহিত ; Wearing slippers.

Slippery (স্লিপারি), **Slippy** (স্লিপি), *a.* পিচ্ছিল ; তেলা ; মসৃণ ; Apt to slip ; smooth ; অবিশ্বাস্য ; নির্ভরযোগ্য নয় এমন ; Uncertain ; unstable. *n.* = slipperiness, slippiness.

Slipshod (স্লিপ্‌শড্), *a.* পায়ের বিষয়ে নোংরা ; Slovenly about the feet ; (লেখক, রচনা ইত্যাদি সম্বন্ধে) ভ্রমপ্রমাদপূর্ণ ; Careless and inaccurate (of writer, style, etc.).

Slit (স্লিট্), *v. t.* ফালি করা ; লম্বালম্বি কাটা ; চেরা ; Cut lengthwise ; split :—*n.* চিড় ; গর্ত্ত ; ফাটল ; Long cut ; narrow opening. *p. t.* & *p. p.* = slit. *n.* = slitter. [Slide.

Slither (স্লিদার্), *v. i.* গড়াইয়া যাওয়া ;

Sliver (স্লিভার্), *v. t.* চেরা ; ফাড়া ; ফালি করা ; Split :—*n.* ফালি ; চির ; Split.

Slobber (স্লবার্)—See **Slabber.**

Sloe (স্লো), *n.* একজাতীয় গুল্ম ; Blackthorn.

Slogan (স্লোগ্যান্), *n.* স্কট্‌লণ্ডের প্রাচীন পার্ব্বত্য-প্রদেশবাসীর রণধ্বনি ; War-cry among the ancient Highlanders of Scotland ; কোন দলের বাঁধা বুলি ; Party catchword or motto.

Sloop (স্লূপ্), *n.* ক্ষুদ্র পোতবিশেষ ; A light boat.

Slop (স্লপ্), *v. t.* চলকাইয়া ফেলা ; Spill ; চলকাইয়া পড়িয়া যাওয়া ; Overflow :—*n. pl.* (রান্নাঘর ইত্যাদির) নোংরা জল ; Dirty or waste water of kitchen, etc. ; বাজারের তৈয়ারী পোষাক ; Ready-made clothes.

Slop-shop—যে দোকানে তৈয়ারী

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পোষাক বিক্রয় হয়; Shop selling ready-made clothes.

Slope (স্লোপ্), *n.* ঢালু জায়গা; গড়ানিয়া স্থান; ক্রমনিম্ন ভূমি; Declivity :—*v. t.* ঢালু করা; গড়ানে করা; Slant; form with a slope, or obliquely :—*v. i.* ঢালু হওয়া; Be inclined.

Sloping (স্লোপিং), *a.* ক্রমনিম্ন; ঢালু; গড়ানিয়া; Inclining or inclined from a horizontal or other right line.

Sloppy (স্লপ্পি), *a.* ভিজা ও ময়লা; Wet and dirty; তরল জিনিসে ছিটান; Splashed with liquid; (খাদ্য-সম্বন্ধে) জলীয়, শক্ত নয়; Watery, not firm; (*colloq.*) যত্নহীন, নোংরা; Careless, untidy.

Slot (স্লট্), *n.* সরু ছিদ্র; Narrow opening. **Slot-machine**—গর্ত্তের মধ্যে পয়সা দিলে যে কল চালু হয়।

Sloth (স্লোথ্), *n.* অলসতা; Idleness; ঢিলামি; Sluggishness, slowness; দক্ষিণ আমেরিকার জন্তুবিশেষ; A kind of South American animal.

Slothful (স্লোথ্ফুল্), *a.* কুড়ে; অলস; Inactive; lazy.

Slouch (স্লাউচ্), *n.* চলিতে, বসিতে নুয়ে-পড়া দেহভঙ্গি; Stooping attitude in walking, sitting, etc.; অলস ব্যক্তি; A lazy fellow :—*v. i.* ঝুলিয়া পড়া; ঝুলা; Hang down :—*v. t.* বিষণ্ণ করা; Depress.

Slough (স্লাউ), *n.* পঙ্কিল স্থান; মহাপঙ্ক; কর্দ্দমপূর্ণ গর্ত্ত; Soft bog or marsh; deep miry place or hole.

Trick (ট্রিক্), *n.* কৌশল ; চালাকি ; ভেল্কি ; তামাসা ; প্রতারণা ; Artifice ; stratagem ; joke ; fraud ; বিশেষ রীতি ; বিশেষ অভ্যাস ; Particular habit or manner ; তাসের এক পিঠ ; Cards played in one round :—*v. t.* প্রতারণা করা ; ফাঁকি দেওয়া ; Deceive ; cheat ; জাক করিয়া সাজান ; Adorn showily (with *out*).

Trickery (ট্রিকারি), *n.* ফাঁকিবাজি ; চালাকি ; Deceitful conduct.

Trickish (ট্রিকিশ্), *a.* প্রবঞ্চক ; প্রতারক ; Artful in making bargains ; given to tricks.

Trickle (ট্রিক্ল্), *v. i. t.* ফোঁটা ফোঁটা পড়া ; চুয়াইয়া পড়া ; Fall in drops ; ফোঁটা ফোঁটা করিয়া পড়ান ; Make flow drop by drop.

Trickster (ট্রিক্স্টার্), *n.* প্রবঞ্চক ; One who cheats.

Tricksy (ট্রিক্সি), *a.* খামখেয়ালী ; Capricious ; দুর্ব্বৃত্ত ; খল-স্বভাব ; Mischievous. *n.*=tricksiness.

Tricky (ট্রিকি), *a.* প্রবঞ্চক ; প্রতারক ; Given to tricks ; practising deception. *n.*=trickiness.

Tricolor, Tricolour (ট্রাইকালার্),

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

n. ফরাসীদিগের বা ভারতবর্ষের ত্রিবর্ণ-রঞ্জিত জাতীয় পতাকা ; National banner of France or India. *a.*=tricoloured.

Tricycle (ট্রাইসিক্‌ল্), *n.* তিন চাকার পা-গাড়ী-বিশেষ ; Velocipede with three wheels. *n.*=tricyclist.

Trident (ট্রাইডেণ্ট্), *n.* ত্রিশূল ; টেঁটা ; Three-pronged spear or sceptre :—*a.* ত্রিদন্তক ; Having three teeth. *a.*=tridentate, tridented.

Triennial (ট্রাইয়েনিয়্যাল্), *a.* ত্রৈবার্ষিক ; ত্রিবর্ষস্থায়ী ; Happening every three years ; containing three years.

Trifle (ট্রাইফ্‌ল্), *n.* তুচ্ছ বিষয় ; Anything of light value ; অতি সামান্য পরিমাণ, বিশেষতঃ অর্থ ; A small amount, esp. of money (it costs a *trifle*) :—*v. i. t.* তাচ্ছিল্য-ভাবে বলা বা করা ; যা ইচ্ছা তাই বলা বা করা ; Talk or act in contempt or lightly (with *with*) ; নষ্ট করা ; Waste (with *away*). **Trifle with**—অসম্মান করা ; Treat without respect or seriousness ; অগ্রাহ্য করা ; তুচ্ছ করা ; Disregard wantonly. **A trifle** (used as *adv.*, followed by *pred. a.* usu. by *too*) —কিছুটা, সামান্য ; Somewhat, a little (the bag is *a trifle* too heavy).

Trifling (ট্রাইফ্লিং), *a.* তুচ্ছ ; সামান্য ; অকিঞ্চিৎকর ; Trivial ; paltry.

Trifoliate (ট্রাইফোলিয়েট্), **Trifoliated** (ট্রাইফোলিয়েটেড্), *a.* ত্রিপত্র ; Having three leaves.

Triform (ট্রাইফোর্ম্), *a.* ত্রি-আকার ; Having a triple form.

Trig (ট্রিগ্), *a.* পরিপূর্ণ ; Full ; পরিচ্ছন্ন ; পরিপাটী ; Neat :—*n.* চক্রাদির গতি-রোধার্থ ঠেক্‌নো ; Piece of stone placed in order to prevent the motion of a wheel :—*v. t.* উক্তরূপে গতিরোধ করা ; Stop (motion). *n.*=trigness.

Trigamist (ট্রিগ্যামিস্ট্), *n.* তিন পত্নী বিবাহকারী ; One who has married three wives.

Trigger (ট্রিগার্), *n.* বন্দুকের টিপকল ; চক্র-কীলক ; বন্দুকের ঘোড়া ; Catch by which a gun is fired ; catch to hold the wheel of a carriage.

Trigonometry (ট্রিগোনমেট্রি), *n.* ত্রিকোণমিতি ; Branch of mathematics dealing with relations of sides and angles of a triangle. *a.*=trigonometrical, trigonometric.

Trihedron (ট্রাইহীড্রন্), *n.* সম-ত্রিপার্শ্বিক ক্ষেত্র ; Figure having three equal sides. *a.*=trihedral.

Trilateral (ট্রাইল্যাটার‍্যাল্), *a.* ত্রিভুজ-বিশিষ্ট ; ত্রিবাহুক ; Having three sides ; three-sided.

Trilinear (ট্রাইলিনীয়্যার্), *a.* ত্রৈরেখিক ; Pertaining to or bounded by three lines.

Trilingual (ট্রাইলিংগিউয়্যাল্), *a.* তিন ভাষা-সম্বন্ধীয় ; ত্রৈভাষিক ; ভাষাত্রয়বিশিষ্ট ; Consisting of three languages.

Triliteral (ট্রাইলিটার‍্যাল্), *a.* ত্র্যক্ষর ; ত্রিবর্ণাত্মক ; Consisting of three letters.

Trill (ট্রিল্), *v. t. i.* কাঁপাইয়া উচ্চারণ করা, গান করা বা বাজান ; Utter, sing or play with a tremulous vibration :—*n.* কম্পন ; স্বরের কম্পন ; Quiver ; tremulous vibration of voice (*e. g.*, the letter 'r').

Trillion (ট্রিলিয়ন্), *n.* শত-পরার্দ্ধ ; Million multiplied twice by itself.

Trilogy (ট্রিলোজি), *n.* ক্রমান্বয়ে অভিনয়-যোগ্য নাটকত্রয় ; Series of three connected dramas.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ট্রিম্), *a.* পরিপাটী ; সুসজ্জিত ; neat ; ঠিকঠাক ; Firm ; tight : সংপরতার অবস্থা ; State of ess :—*v. t. i.* (*-mm-*) পরিষ্কার করা, পরিপাটি করা ; Make and tidy ; ছাঁটা ; কাটা ; Clip ; trim hair, wick of a lamp, ফিতা ইত্যাদি দ্বারা সজ্জিত করা ; ate, esp. with ribbons, etc.

ter (ট্রিমিটার্), *n.* (পদ্যে) বা ত্রিপদ-বিশিষ্ট পঙ্‌ক্তি ; Poetivision of verse consisting of measures.

mer (ট্রিমার্), *n.* যে ব্যক্তি এ-দল করিয়া বেড়ায় ; One who ates between parties ; ারী ; Fitter ; ছাটিবার যন্ত্র ; strument for clipping.

ming (ট্রিমিং), *n.* সজ্জা ; বস্ত্র- ; অব্যবস্থিতচিত্ততা ; Trapping ; adiness of mind :—*pl.* আনু- খাদ্য, ডাল, তরকারী ইত্যাদি ; ssories served with a dish.

nthly (ট্রাইমান্‌থ্‌লি), *a.* or *ad.* ক ; Every three months.

tarian (ট্রিনিটেরিয়্যান্), *n.* ত্রিত্ব- One who believes in the ne of the Trinity :—*a.* ত্রিত্ব- ; Pertaining to the Trinity.

ity (ট্রিনিটি), *n.* ত্রিত্ব ; খ্রীষ্টানধর্ম্মে ত্রিত্বভাব ; Union of three in Godhead. **The Trinity**— ত্রিত্ব—ঈশ্বরের মধ্যে পিতা, পুত্র ও আত্মা এই তিনের একীভবন ; The of the Father, the Son and Holy Ghost.

ket (ট্রিংকিট্), *n.* সামান্য অলঙ্কার ; ; Small ornament ; সামান্য ; Thing of little value.

mial (ট্রাইনমিয়্যাল্), **Trino-** ial (ট্রাইনমিন্যাল্), *n.* (বীজগণিতে) ণি ; Quantity having three terms :—*a.* ত্রিসংজ্ঞাবিশিষ্ট ; Consisting of three terms.

Trio (ট্রাইও), *n.* মিলিত তিন ব্যক্তি বা বস্তু ; Set of three persons or things ; তিনজনের জন্য রচিত সঙ্গীত ; Composition for three performers.

Trip (ট্রিপ্), *v. i.* সত্বর পদবিক্ষেপ করা ; শীঘ্র চলা ; Move with quick light steps ; স্খলিতপদ হওয়া ; হোঁচট্ খাওয়া ; Stumble and fall ; ভুল করা ; অকৃতকার্য্য হওয়া ; Err ; fail :—*v. t.* স্খলিতপদ করা ; Cause to stumble by striking the feet ; উল্টাইয়া ফেলা ; Overthrow by taking away support ; ধরা ; Catch :—*n.* সত্বর পদবিক্ষেপ ; Light short step ; অল্প ভ্রমণ ; যাত্রা ; Excursion ; journey ; কুস্তির পেঁচ মারিয়া ফেলিবার কায়দা ; Catch by which an antagonist is thrown. *n.*=tripper.

Tripartible (ট্রাইপার্টিব্‌ল্), *a.* ত্রিখণ্ডনীয় ; Divisible into three parts.

Tripartite (ট্রাইপার্টাইট্), *a.* তিন ভাগে বিভক্ত ; ত্রিখণ্ডিত ; Divided into three parts ; তিন দলের মধ্যে সম্পাদিত ; Made amongst three parties. *ad.*= tripartitely. *n.*=tripartition.

Tripe (ট্রাইপ্), *n.* আঁতুড়ি ; অন্ত্র ; ভুঁড়ি ; Entrails.

Tripedal (ট্রাইপেড্যাল্), *a.* ত্রিপাদ ; ত্রিপদবিশিষ্ট ; Having three feet.

Tripetalous (ট্রাইপেট্যালাস্), *a.* ত্রিদল ; Having three petals.

Triplane (ট্রাইপ্লেন্), *n.* তিনটি পাটাতনযুক্ত বিমান ; Aeroplane with three planes.

Triple (ট্রিপ্‌ল্), *a.* তিনগুণ ; তিন ফের ; তেহারা ; Threefold :—*v. t.* তিনগুণ করা ; Treble. *ad.*=triply.

Triplet (ট্রিপ্‌লিট্), *n.* ত্রিপদী শ্লোক ; তিন পঙ্‌ক্তির একত্র মিলন ; Three lines rhyming together ; একই প্রকারের তিনটী ; Three of a kind ; একত্রে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রসূত সন্তানত্রয় ; Three children born together.

Triplicate (ট্রিপ্লিক্যাট্), *a.* ত্রিগুণিত ; Threefold :—*n.* তৃতীয় অনুলিপি বা নকল ; Third paper corresponding to two others of the same kind :—(ট্রিপ্‌লিকেট্), *v. t.* ত্রিগুণিত করা ; তিনের সমষ্টি করা ; Make threefold. *n.*=triplication.

Tripod (ট্রাইপড্), *n.* তে-পায়া টেবিল, টুল ইত্যাদি ; Three-legged table, stool, etc.

Tripos (ট্রাইপস্), *n.* কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের সম্মান-বিতরণী পরীক্ষা ; University examination for honours at Cambridge.

Tripping (ট্রিপিং), *n.* নৃত্যবিশেষ ; Light kind of dance ; নিঃশব্দে দ্রুত-চলন ; Act of silently walking fast :—*a.* হাল্কা ও দ্রুত ; Light and quick.

Trippingly (ট্রিপিংলি), *ad.* শীঘ্র ; দ্রুতপদে ; With a light quick step.

Trireme (ট্রায়ারীম্), *n.* তিন সারি দাঁড়-বিশিষ্ট জাহাজ ; Vessel with three rows of oars.

Trisect (ট্রাইসেক্ট্), *v. t.* তিন সমান অংশে খণ্ডিত করা ; Cut or divide into three equal parts. *n.*=trisection.

Trisyllable (ট্রিসিল্যাব্‌ল্), *n.* তিন অক্ষর বা স্বরযুক্ত শব্দ ; Word of three syllables. *a.*=trisyllabic, trisyllabical.

Trite (ট্রাইট্), *a.* পুরাতন ; জীর্ণ ; সামান্য ; সাধারণ ; সদা ব্যবহৃত ; Worn-out by use ; common ; hackneyed.

Triton (ট্রাইটন্), *n.* (গ্রীক্‌পুরাণের) সমুদ্রের দেবতা ; A Greek sea-god (cap. *T*).

Triturate (ট্রাইটিউরেট্), *v. t.* সূক্ষ্মরূপে চূর্ণ করা ; গুঁড়া করা ; ঘর্ষণ ও পেষণ করা ; Rub or grind to a fine powder. *n.*=trituration—(বিচূর্ণন) ।

Triumph (ট্রাইয়াম্ফ্), *n.* (প্রাচীন রোমে) বিজয়ী সেনাপতির সম্মানার্থে জাঁকজমকপূর্ণ শোভাযাত্রা ; (In ancient Rome) a magnificent procession in honour of a victorious general ; জয় ; সাফল্য ; Victory ; success ; জয়ের বা সাফল্যের আনন্দ ; Joy because of victory or success (the soldiers shouted in *triumph*) :—*v.* বিজয়োৎসব করা ; আনন্দ প্রকাশ করা ; Celebrate a victory with pomp ; rejoice for success ; জয়ী হওয়া ; সাফল্য লাভ করা ; Obtain victory ; be successful. **Triumph over**—কাহারও উপরে জয়লাভ হেতু আনন্দ প্রকাশ করা ; Show joy at having defeated.

Triumphal (ট্রাইয়াম্ফ্যাল্), *a.* জয়-সম্বন্ধীয় ; বিজয়সূচক ; Of triumph ; indicating a triumph.

Triumphant (ট্রাইয়াম্ফ্যান্ট্), *a.* বিজয়ী ; আনন্দপ্রকাশক ; জয়োল্লাসযুক্ত ; কৃতকার্য্য ; Victorious ; expressive of joy ; exultant ; successful.

Triumvir (ট্রাইয়াম্‌ভির্), *n.* (প্রাচীন রোমে) শাসন-কার্য্যে সম্মিলিত ব্যক্তিত্রয়ের একতম ; (In ancient Rome) one of three men in the same office of government. *pl.*=triumviri, triumvirs.

Triumvirate (ট্রাইয়াম্‌ভিরেট্), *n.* ত্রিজন-শাসন ; ব্যক্তিত্রয়ের মিলিত রাজ্য-শাসন বা তৎকাল ; Government or the period of government by three men.

Triune (ট্রাইইউন্), *a.* ত্রয়াত্মক ; Being three in one. *n.*=triunity.

Trivet (ট্রিভিট্), *n.* তে-পায়াবিশেষ ; A three-legged stool.

Trivial (ট্রিভিয়াল্), *a.* নগণ্য ; তুচ্ছ ; অকিঞ্চিৎকর ; Inconsiderable ; trifling ; paltry. *n.*=triviality.

Triweekly (ট্রাইউয়িক্‌লি), *a.* সপ্তাহে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...ee
...প্রকাশিত বা ঘটিত ; ত্রৈসপ্তাহিক ;
...ing three times a week ;
...ery three weeks :—*n.* সপ্তাহে
...প্রকাশিত সংবাদপত্র ; News-
...published thrice in a week :
...সপ্তাহে তিনবার ; Three times

...e (ট্রোকী), *n.* কবিতার দ্ব্যক্ষর
...চরণ ; Metrical foot of a long
...ort syllable. *a.*=trochaic,
...ical. [**Tread.**
...(ট্রড্), *p. t.* & *p. p.* of
...(ট্রড্ন্), *p. p.* of **Tread.**
...(ট্রোজান্), *a.* প্রাচীন ট্রয় নগর-
...: Pertaining to ancient
...—*n.* ট্রয়নগরবাসী ; Inhabitant
...ancient Troy :—(*colloq.*)
...কর্মী বা যোদ্ধা ; First-class
...or fighter.
...(ট্রোল্), *v. t. i.* খেয়াল খুসিমত
...খাপছাড়া গান গেয়ে যাওয়া ;
...in snatches in a careless
...hearted manner ; হুইলের ছিপ
...করা ; Fish with a moving
[গাড়ী ; A truck.
..., **Trolly** (ট্রলি), *n.* ঠেলা-
...(ট্রল্প্), *n.* নোংরা স্ত্রীলোক ;
...-বরনা রমণী ; বেশ্যা ; Strolling,
...ing woman ; slut ; woman
...y dressed ; prostitute.
...bone (ট্রম্বোন্), *n.* শুষিরযন্ত্র-
...শিঙ্গা বা সানাই ; Musical
...ment o the trumpet kind.
...(ট্রুপ্), *n.* জনতা ; সম্প্রদায় ; দল ;
...tion of people ; company :
...সৈন্যগণ ; সেনা ; ফৌজ ; Soldiers
...collectively ; army ; অশ্বারোহী
...Small body of cavalry :—
...দল বাঁধিয়া যাওয়া, দলে দলে যাত্রা
...Gather in numbers ; march
...ompany (the soldiers *trooped*
...the palace).

Trooper (ট্রুপার্), *n.* অশ্বারোহী সৈনিক ; Cavalry soldier.

Troop-ship (ট্রুপ্-শিপ্), *n.* সৈন্য-বাহী জাহাজ ; Vessel for the transport of troops.

Trope (ট্রোপ্), *n.* লক্ষণা ; একরূপ শব্দাত্মক অলঙ্কার ; A figure of speech.

Trophied (ট্রোফিড্), *a.* জয়চিহ্নে ভূষিত, বিজয়চিহ্নে শোভিত ; Adorned with trophies.

Trophy (ট্রোফি), *n.* জয়-বিজয়নিদর্শন ; জয়চিহ্ন ; Memorial or memento of victory ; পারিতোষিক ; A prize.

Tropic (ট্রপিক্), *n.* অয়নান্ত-বৃত্ত ; Parallel of latitude 27·27′ N. or S. (*pl.* with *the*) ; গ্রীষ্মমণ্ডল ; The regions of the torrid zone :—*a.* গ্রীষ্মমণ্ডল-সংক্রান্ত ; Of the tropics. **Tropic of Cancer**—কর্কটক্রান্তি। **Tropic of Capricorn**—মকরক্রান্তি।

Tropical (ট্রপিক্যাল্), *a.* গ্রীষ্মমণ্ডল-সংক্রান্ত ; Of the tropics ; (আবহাওয়া-সম্বন্ধে) গ্রীষ্মমণ্ডলের মত, অত্যন্ত গরম ; Like that of the tropics, very hot.

Trot (ট্রট্), *v. i.* (-*tt*-) (ঘোড়া-সম্বন্ধে) কদমে চলা ; Move faster than a walk but not so fast as a gallop ; (মানুষ-সম্বন্ধে, ঠাট্টাচ্ছলে) আস্তে আস্তে দৌড়ান ; Run slowly :—*v. t.* কদমে ধাবিত করা বা চালান ; Ride at a trot :—*n.* অশ্বের কদম ; ঘোটকের গতি-বিশেষ ; A slow run. *n.*=trotter.

Troth (ট্রোথ্), *n.* সত্য ; Truth. **By my troth**—প্রকৃতই ; Truly.

Troubadour (ট্রুব্যাডুর্), *n.* ফ্রান্সদেশের প্রাচীন কবি ; One of a school of poets from the 11th to the 13th century, chiefly in France.

Trouble (ট্রাব্ল্), *n.* কষ্ট ; দুঃখ ; বিরক্তি ; Affliction ; sorrow ; vexation ; অসুবিধা ; Inconvenience ; রাজনৈতিক বা সামাজিক গোলযোগ ; A

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

political or social unrest (labour *troubles*); দুঃখ বা বিরক্তির কারণ; A cause of worry or distress (life is full of *troubles*); অস্বাস্থ্য; Ill-health (liver *trouble*) :—*v. t. i.* কষ্ট দেওয়া; Distress; উদ্বিগ্ন করা; Make anxious; অসুবিধা ঘটান; Cause inconvenience to (may I *trouble* you for a match ?); কষ্ট স্বীকার করা; Take pains; গ্রাহ্য করা; Mind; উদ্বেগ বোধ করা; Feel anxious. **Fish in troubled waters**—গোলমালের অবস্থা হইতে কিছু সুবিধা গ্রহণ করা; Try to gain an advantage from a confused state of affairs. **Look for trouble**—এমন ভাবে কাজ করা যে কষ্টের সম্ভাবনা আছে; Act in such a way that distress is likely to result.

Troublesome (ট্রাব্‌লসাম্), *a.* বিরক্তিজনক; ক্লেশজনক; পীড়াদায়ক; Vexatious; causing trouble.

Troublous (ট্রাব্‌লাস্), *a.* গোলযোগপূর্ণ; অব্যবস্থিত; Disturbed; unsettled (*troublous* times).

Trough (ট্রফ্), *n.* (জন্তুর জলখাদ্যাদি রাখিবার) লম্বা ও দীর্ঘ ঢাক্‌নিহীন পাত্রবিশেষ; A long, narrow, open container, esp. one used for holding water, food, etc. for animals.

Trounce (ট্রাউন্স্), *v. t.* অত্যন্ত প্রহার করা; ভীষণ সাজা দেওয়া; Punish or beat severely. *a.* = trounceable.

Troupe (ট্রুপ্), *n.* যাত্রার দল; নাট্যসম্প্রদায়; Company of musicians.

Trousers (ট্রাউজ্‌র্স্), *n. pl.* ঢিলা পাজামা; ইজের; Pantaloons.

Trousseau (ট্রুসো), *n.* নবোঢ়ার লঘু বসন-ভূষণ; Equipment of a bride's outfit. *pl.* = trousseaux[s] (ট্রুসোজ্)।

Trout (ট্রাউট্), *n.* মৎস্যবিশেষ; Fresh-water fish.

Trover (ট্রোভার্), *n.* অন্যায়রূপে গৃহীত বা আটক মালপত্রের দাম পাইবার জন্য মোকদ্দমা; Action to recover value of goods wrongfully taken or detained.

Trow (ট্রো), *v. t.* বিশ্বাস করা; অনুমান করা; বোধ করা; Believe; think.

Trowel (ট্রাউয়েল্), *n.* কর্ণিক; রাজমিস্ত্রীর যন্ত্র; খনিত্রবিশেষ; Tool used in spreading mortar, paint, etc., and in gardening.

Troy (ট্রয়্), **Troy-weight** (ট্রয়্-ওয়েট্), *n.* স্বর্ণাদির তৌলমান; ওজনবিশেষ; Weight used by goldsmiths and jewellers.

Truancy (ট্রুয়্যান্সি), *n.* বিদ্যালয় বা কর্ত্তব্যকর্ম্ম হইতে পলায়ন; Act of playing truant.

Truant (ট্রুয়্যান্ট্), *n.* অলস বেয়াড়া ছেলে; বকাটে ছেলে; স্কুল-পালানে ছেলে; Idler; boy who, idly or without excuse, stays away from school; —*a.* কালক্ষেপকারী; অলস; পলাতক; Loitering; idle; wandering from duty. **Play truant**—বিদ্যালয় হইতে পলাইয়া বেড়ান; Stay away from school without leave.

Truce (ট্রুস্), *n.* সাময়িক যুদ্ধ-বিরতি; অল্পক্ষণের জন্য শান্তি বা সন্ধি; Temporary peace or cessation of hostilities; armistice.

Truck (ট্রাক্), *v. t.* বিনিময় করা; বদল করা; Barter; exchange :—*v. i.* বিনিময়ে ব্যবসা করা; Traffic by exchange :—*n.* বিনিময়; বদল; কারবার; Exchange of goods; barter; শকট (রেলের) মালগাড়ী; Cart; railway wagon.

Truckle (ট্রাক্‌ল্), *v. i.* (with *to*) ভীরুর মত হীনভাবে বশীভূত হওয়া; Submit in a cowardly way, cringe to.

Truckle-bed (ট্রাক্‌ল্-বেড্), *n.* চাকাদার

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

-system
Low bed that runs on

ystem (ট্রাক্-সিস্টেম্), *n.* বেতন টাকায় না দিয়া জিনিসে বা ব্যবস্থা; Practice of workmen in goods instead

ent (ট্রাকিউলেন্ট্), *a.* নিষ্ঠুর; বর্ব্বর; Cruel; savage; ; ভয়ঙ্কর; ভীষণ; Fierce; *n.*=truculence, trucu-

(ট্রাজ্), *v. t.* আস্তে আস্তে চলা; করা; শ্রান্ত হইয়া চলা; Travel our; walk slowly on foot: কষ্টে গমন; Weary walk.

ট্রু), *a.* সত্য; প্রকৃত; যথার্থ; Not greeing with fact; বিশ্বস্ত; Faithful; trusty; অভ্রান্ত; Right; exact; certain; সত্য-বান্; Honest; আসল, ; Genuine; বিশুদ্ধ; Pure; ; Loyal. **Come true**—প্রকৃতই হওয়া; Really happen.

lue (ট্রু-ব্লু), *a.* & *n.* কোন দলের খাঁটি-সভ্য বা সমর্থক; A l partisan.

orn (ট্রু-বর্ণ্), *a.* সুজাত; Of e birth.

red (ট্রু-ব্রেড্), *a.* সুশিক্ষিত; সু- Well-educated; of a e breed.

earted (ট্রু-হার্টেড্), *a.* বিশ্বাসী; কপট; সাধু; Faithful; sim- ncere; honest.

ove (ট্রু-লাভ্), *n.* প্রেমিক; ruly loved or loving; প্রণয়ী বা ; Sweetheart.

(ট্রাফ্ল্, ট্রুফ্ল্), *n.* মৃত্তিকার জাত ছত্রকবিশেষ; Roundish ground fungus used in y. *a.*=truffled.

Truism (ট্রুয়িজ্ম্), *n.* স্বতঃসিদ্ধ সত্য; নিঃসন্দেহ বাক্য; Plain or self-evident truth.

Truly (ট্রুলি), *ad.* যথার্থরূপে; Genuinely; ঠিকঠাক, যথাযথভাবে; Exactly, justly; বিশ্বস্তভাবে; আন্তরিকতার সহিত; Faithfully; sincerely.

Trump (ট্রাম্প্), *n.* তূরী; Trumpet; তুরূপ; তাস খেলার রঙ্; Winning card; card that wins; ভাল লোক, বেশ লোক; Good fellow :—*v. i.* তুরূপ মারা; Play a trump card :—*v. t.* তুরূপ করিয়া লওয়া; Play a trump card upon. **Trump up**—ঠকাইবার উদ্দেশ্যে সাজান বা গড়া; Invent with the intention of deceiving.

Trumpery (ট্রাম্পারি), *n.* মূল্যহীন চটক-দার জিনিস; সারহীন যুক্তি; প্রকৃত অর্থহীন জিনিস; Worthless finery; unsound reasoning; things of no real value :—*a.* অসার; তুচ্ছ; Worthless; paltry; প্রমাদপূর্ণ; Fallacious.

Trumpet (ট্রাম্পিট্), *n.* তূরী; শিঙ্গা; রণভেরী; Wind-instrument of music; ট্রাম্পেটের মত গঠিত কোন জিনিস; Something shaped like a trumpet (an ear *trumpet*) :—*v. t.* (*-t-*) প্রচার করা; Publish; প্রশংসা করা; Sound the praises of; তূরীদ্বারা ঘোষণা করা; Proclaim by the sound of trumpet :—*v. i.* উচ্চ শব্দ করা; Sound loudly. **Blow one's own trumpet**—আত্মপ্রশংসা করা; Praise oneself.

Trumpeter (ট্রাম্পিটার্), *n.* তূরীবাদক; Blower of trumpet.

Truncate (ট্রাংকেট্), *v. t.* উপরিভাগ ছাঁটিয়া ফেলা; Cut off the tip of (*truncated* cone). *n.*=truncation. *a.*=truncatable.

Truncheon (ট্রান্চ্ন্), *n.* আসাসোটা; মুষল; দণ্ড; যষ্টি; ক্ষুদ্র লগুড়;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Short staff ; cudgel ; general's baton.

Trundle (ট্রাণ্ড্‌ল্), *v. t.* চাকার উপর গড়াইয়া চালান ; Roll, as on wheels : —*v. i.* চাকার উপর গড়াইয়া যাওয়া ; Roll along.

Trunk (ট্রাঙ্ক্), *n.* গাছের গুঁড়ি, বৃক্ষকাণ্ড ; Stem of a tree ; হস্তাদিশূন্য শরীর, ধড় ; Body of an animal apart from the limbs ; হস্তিশুণ্ড ; শুঁড় ; Proboscis of an elephant ; স্তম্ভের কাণ্ড ; Shaft of a column ; তোরঙ্গ ; পেটরা ; Chest of clothes ; (*attrib.* use—নানা শাখা-প্রশাখা-বিশিষ্ট জিনিস-সম্পর্কে) প্রধান ; Main (*trunk* road).

Trunk-call (ট্রাঙ্ক্-কল্), *n.* টেলিফোনের সাহায্যে বিদেশে বা দূরের সহরাদিতে সংবাদ-প্রেরণ বা বিদেশ বা দূরবর্ত্তী সহর হইতে সংবাদ-গ্রহণ ; Call on telephone trunk-line.

Trunked (ট্রাঙ্ক্‌ট্), *a.* কাণ্ডবিশিষ্ট ; Having a trunk.

Trunkful (ট্রাঙ্ক্‌ফুল্), *n.* পূর্ণ এক পেটরা পরিমাণ ; As much as a trunk can contain.

Trunk hose (ট্রাঙ্ক্‌হোস্), *n.* পাজামা-বিশেষ ; Large breeches.

Trunk-line (ট্রাঙ্ক্-লাইন্), *n.* রেল ইত্যাদির প্রধান পথ ; Main-line of a railway, etc. ; সহর হইতে সহরে টেলিফোন্ লাইন ; Telephone line from town to town.

Trunnion (ট্রানিয়ন্), *n.* গাড়ীর উপরে লাগাইবার নিমিত্ত কামানের কীলক ; Knob projecting on each side of a gun, and serving to support it on the carriage.

Truss (ট্রাস্), *n.* অন্ত্রবৃদ্ধি রোগে ব্যবহৃত বন্ধনী ; Bandage used in case of hernia ; আঁটি, ঘাসের বোঝা, মোট ; Bundle of hay ; bundle :—*v. t.* দৃঢ়রূপে আবদ্ধ করা, বাঁধা ; Bind up ; pack close ; পটি-বাঁধা ; Furnish with truss.

Trust (ট্রাস্ট্), *n.* প্রত্যয়, বিশ্বাস ; Faith ; belief ; নির্ভর ; Confidence ; জিম্মা ; ন্যস্ত দ্রব্য ; Something committed or entrusted to one ; দায়িত্ব, কর্ত্তব্য ; Charge ; duty (a position of great *trust*) ; বিশ্বাস-ভূমি ; Ground of reliance ; যৌথ ব্যবসায় ; A combination of business. **On trust**—পরীক্ষা না করিয়া ; প্রমাণ ব্যাতিরেকে ; Without close examination, without proof ; ধারে ; On credit :—*v. t.* বিশ্বাস করা ; Believe ; হাওলাতে বেচা, ধারে বিক্রয় করা ; Sell on credit ; ন্যস্ত করা, কার্য্যভার দেওয়া ; Commit to the care of ; প্রত্যয় করা ; নির্ভর করা ; Place trust in ; আগ্রহভরে আশা করা ; Hope earnestly :—*v. i.* নির্ভর করা, বিশ্বাস করা ; Rely. **Trust-money**—গচ্ছিত অর্থ ; Money held in trust for another. **Trust-deed**—যে দলিলে কোন সম্পত্তি অন্যের তত্ত্বাবধানে রাখা হয় ; Deed by which a property is kept in the custody of another.

Trustee (ট্রাস্টী), *n.* অছি ; যাহার কাছে বিশ্বাসপূর্ব্বক কোন ধনসম্পত্তি গচ্ছিত রাখা হয় ; গচ্ছিত সম্পত্তির তত্ত্বাবধায়ক ; জিম্মাদার ; One to whom the management of a property is committed. *abs. n.* = trusteeship.

Trustful (ট্রাস্ট্‌ফুল্), *a.* অপরকে বিশ্বাস করিতে প্রস্তুত ; Ready to believe in others ; বিশ্বাসপূর্ণ ; Full of trust ; সন্দেহমুক্ত ; Not suspicious.

Trustworthy (ট্রাস্ট্‌ওয়ার্দি), *a.* বিশ্বাসযোগ্য ; বিশ্বাসভাজন ; বিশ্বস্ত ; Worthy of trust or confidence.

Trusty (ট্রাস্টি), *a.* বিশ্বাসী ; বিশ্বাসের উপযুক্ত ; Faithful ; trustworthy.

Truth (ট্রুথ্), *n.* তথ্য ; যাথার্থ্য ; সত্যতা ; Fact ; exactness ; confor-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

fact or reality ; বিশ্বস্ততা ; সত্যবাদিতা ; Veracity ; নীতি, সত্যকথা ; Established true statement. **In** বাস্তবিক ; প্রকৃতপক্ষে ; বস্তুতঃ ; In in fact. **To tell the** আসল কথা বলিতে গেলে ; কি ; If what is really the to be mentioned.

ful (ট্রুথ্‌ফুল্), *a.* (লোক-সম্বন্ধে) সত্যপ্রিয় ; Always telling truth ; truth-loving ; (উক্তি-সত্যপূর্ণ ; যথার্থ ; Full of truth ; বিশ্বাসযোগ্য ; Reliable.

(ট্রাই), *v. t.* চেষ্টা করা ; Attempt; করা ; প্রমাণ করা ; Examine ; prove ; অনুভব করা ; Ex-ce ; বিচার করা ; Examine, as ge ; বিশুদ্ধ করা ; নির্ম্মল করা ; (with *out*) ; অবসন্ন করা ; করা ; Cause to be tired ; strain on :—*v. i.* পাইতে চেষ্টা Attempt to obtain (with —*n.* চেষ্টা ; পরখ ; পরীক্ষা ; pt ; trial ; experiment. *n.*= **Try one's luck (fortune** ance)—অদৃষ্ট পরীক্ষা করা ; pt something the issue of is particularly uncertain.

g (ট্রাইয়িং), *a.* পরীক্ষাকারী ; ed to try ; examining ; ; কঠিন ; Hard ; severe ; অতি ; Endurable only with great ity.

(ট্রাইস্ট্, ট্রিস্ট্), *n.* মিলন-মিলনার্থ অবধারিত স্থান ও সময় ; ntment to meet ; appointed and time of meeting ; মিলন-The place of meeting (also ting place).

(ত্রার্), *n.* রুশিয়ার সম্রাটের ; Czar.

Tsetse (ট্‌সিট্‌সি, সিসি), *n.* আফ্রিকাস্থ মক্ষিকাবিশেষ ; African fly.

Tub (টাব্), *n.* টব, কেটো ; Large pail ; small cask.

Tube (টিউব্), *n.* নল ; চুঙ্গী, চোঙ্গ ; Pipe ; টিউবের মত জিনিস ; Anything like a tube (radio *tube*=valve).

Tuber (টিউবার্), *n.* কন্দ ; আলু, ওল ইত্যাদি জাতীয় জিনিস ; Short thick part of an underground stem bearing new buds from which new plants are formed, *e. g.*, potato. *a.*=tuberous, tuberose.

Tubercle (টিউবার্কল্), *n.* ক্ষয়রোগে ফুস্‌ফুসে বা শরীরের অন্য কোন দেহযন্ত্রে উৎপন্ন ছোট ছোট আব বা ব্রণ ; One of the small granular tumours formed in the lungs or other organs in consumption. *a.*=tubercled.

Tubercular (টিউবার্‌কিউল্যার্), *a.* ক্ষয়রোগযুক্ত ; Affected with a disease, destructive to the lungs.

Tuberculosis (টিউবার্‌কিউলোসিস্), *n.* ক্ষয়রোগ ; Consumptive disease due to the formation of tubercles.

Tuberculous (টিউবার্‌কিউলাস্)—Same as **Tubercular.**

Tube-well (টিউব্-ওয়েল্), *n.* নলকূপ ; Well made by the tube.

Tubing (টিউবিং), *n.* নলের অনির্দ্দিষ্ট দৈর্ঘ্য ; একখণ্ড নল ; A length or a piece of tube (a yard of rubber *tubing*).

Tubular (টিউবিউল্যার্), *a.* নলাকৃতি ; Having the form of a tube or pipe ; নলযুক্ত ; Provided with tubes.

Tuck (টাক্), *n.* ছোট করিবার জন্য বা সুন্দর দেখাইবার জন্য পোষাকের সেলাই করা ভাঁজ ; A fold sewn in a garment to make it shorter or pretty ; (শিশুদের প্রিয়) মিষ্টান্নাদি খাদ্য ; Eatables, *e. g.*, sweets, etc. esp.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

enjoyed by children :—*v. t.* ভাঁজ করা ; Fold under ; গুটান ; Roll ; আরামদায়ক ভাবে আবৃত করা ; Cover comfortably, warmly, etc. (with *up*) ; স্বল্প পরিসর স্থানে জড় করা ; Draw together into a small space.

Tucker (টাকার্), *n.* শণ, জরির ফিতা ইত্যাদির দ্বারা তৈয়ারী কাঁধ ও গলা ঢাকিবার রমণীর পরিচ্ছদবিশেষ ; A piece of lace, linen, etc. to cover the neck and shoulders of a woman.

Tuesday (টিউজ্‌ডি), *n.* মঙ্গলবার ; Third day of the week.

Tuft (টাফ্‌ট্), *n.* কেশগুচ্ছ ; Knot ; bunch or lock of hair, feathers, etc. ; ঘাস বা পুষ্পের গুচ্ছ ; স্তবক ; গোছা ; থোবা ; ঝাড় ; Cluster of grass, etc. ; dense head of flowers. *a.*=tufty.

Tug (টাগ্), *v. t.* (*-gg-*) টানা ; Drag along :—*v. i.* বলপূর্ব্বক আকর্ষণ করা ; জোরে টানা ; Pull with great effort :—*n.* আকর্ষণ ; সবলে টান ; Strong pull ; বাষ্পীয় তরী-বিশেষ ; Steam-vessel ; শক্ত দড়ি ; Strong rope.

Tug-boat (টাগ্-বোট্), *n.* আকর্ষণার্থ ব্যবহৃত বাষ্পীয় নৌকা ; Steam-boat for towing vessels.

Tug-of-war (টাগ্-অব্-ওয়র্), *n.* এক-খণ্ড দড়ি দুই বিপরীত দিকে টানিয়া দুই দলের শক্তি-পরীক্ষা ; A trial of strength between two parties pulling opposite ways on a rope ; (*fig.*) কঠোর সংগ্রাম ; A hard contest.

Tuition (টিউয়িশ্‌ন্), *n.* শিক্ষাদান ; উপদেশ ; Teaching ; instruction ; শিক্ষার বেতন ; Fee paid for teaching. *a.*=tuitionary.

Tulip (টিউলিপ্), *n.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ ; A bulbous plant ; সুন্দর পুষ্পবিশেষ ; A beautiful flower.

Tulle (টুল্), *n.* রেশমের সূক্ষ্ম জরির জাল ; Kind of silk net or lace.

Tumble (টাম্ব্‌ল্) *v. i. t.* গড়াইয়া যাওয়া, গড়ান ; Roll ; সহসা পতিত হওয়া ; Fall suddenly to the ground ; ডিগ্‌বাজী খাওয়া, দড়াবাজি করা ; Turn somersaults, do acrobatic feats (তরঙ্গ, নিদ্রামগ্ন ব্যক্তি-সম্পর্কে) এদিক ওদিক নড়াচড়া করা ; Toss to and fro উল্টাইয়া ফেলা ; উলট্‌পালট্ করা ; Turn over :—*n.* পতন ; Fall ; গড়াইয়া পড়া আছাড় ; Act of tumbling.

Tumbledown (টাম্ব্‌ল্‌ডাউন্), *a.* (গৃহ-সম্পর্কে) ভগ্ন ; Broken, dilapidated.

Tumbler (টাম্‌ব্লার্), *n.* যে ব্যক্তি গড়াইয়া পড়ে ; One who tumbles বাজীকর ; Juggler ; কপোত ; লোটন পায়রা ; Domestic pigeon ; পানপাত্র ; বড় গ্লাস ; Large drinking glass.

Tumbrel (টাম্‌ব্রেল্), **Tumbril** (টাম্‌ব্রিল্), *n.* ময়লার গাড়ী ; Dung-cart ; গোলাগুলি বহনের গাড়ী ; Ammunition-cart.

Tumescent (টিউমেসেণ্ট্), *a.* ফুলিয়া উঠিতে পারে এমন ; Inclined to swell up ; সামান্য স্ফীত ; Slightly swollen.

Tumid (টিউমিড্), *a.* স্ফীত ; বর্দ্ধিত লম্বাচওড়া ; Inflated ; enlarged bombastic. *n.*=tumidity.

Tumour (টিউমার্), *n.* স্ফোটক ; আব Morbid swelling.

Tumult (টিউমাল্ট্), *n.* গোলযোগ গোলমাল ; হাঙ্গামা ; Uproar ; bustle riot ; wild commotion ; সোরগোল হুলুস্থূল ; Violent agitation with confusion of sounds.

Tumultuary (টিউমাল্‌টিউয়্যারি), *a.* দাঙ্গাকারী ; Riotous.

Tumultuous (টিউমাল্‌টিউয়াস্), *a.* প্রচণ্ড ; Vehement ; কোলাহলপূর্ণ ; Noisy.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...lus

...s (টিউমিউলাস্), *n.* সমাধির ...র মৃত্তিকাস্তূপ; Barrow.

...ন্), *n.* বড় পিপা; Large ...পরিমাণবিশেষ; A measure ...to 252 gallons.

...ড্রা), *n.* মেরু অঞ্চলের বৃক্ষ-...শূন্য প্রান্তর; A treeless plain ...arctic regions.

...টিউন্), *n.* স্বর; Sound; সুর; ...; মনের স্থিরতা; Steadiness of ...(to be out of *tune* with the ...ment); সুস্বর; মিল; ঐক্য-...Series of musical notes with ...of keynote; harmony (out ...):—*v. t.* সুরে বাঁধা; সুরবিশিষ্ট ...সুর মিলান; Attune; make ...monious; cause to produce ...proper sounds:—*v. i.* সুর মিল ...; Form accordant musical ...ds. *a.*=tunable, tuneful.

...ge one's tune, Sing an-...r tune—কথাবার্ত্তা, আচরণাদির ...বদলান; Change one's way of ...king or behaving.

...r (টিউনার্), *n.* যে সুর মিল করে বা ...; One who tunes or adjusts ...cal instruments.

...sten (টাংস্টেন্), *n.* ইস্পাত তৈরী ...র একপ্রকার ধাতুবিশেষ; Hard ...l used in making steel, etc.

...ic (টিউনিক্), *n.* রোমান্‌দিগের ...; অঙ্গরাখা; আবরণ; Roman ...nt.

...ing-fork (টিউনিং-ফর্ক্), *n.* বাদ্য-...সুর বাঁধিবার লৌহনির্ম্মিত দ্বিদন্তক ...; Two-pronged instrument ...steel, used to tune musical ...uments to give a musical ...l of a certain pitch.

...el (টানেল্), *n.* ভূনিম্নস্থ পথ, সুড়ঙ্গ ...; An underground passage (a ...way *tunnel*); নল; Chimney:—*v. t. i.* অধঃখনন করা; সুড়ঙ্গ কাটা; Hollow out; make a passage through.

Turban (টার্‌ব্যান্), *n.* পাগড়ী; টুপী; Head-covering.

Turbid (টার্বিড্), *a.* আবিল; ঘোলা; Muddy; thick. *n.*=turbidity.

Turbine (টার্বিন্), *n.* জল বা বায়ু বা বাষ্পে চালিত চাকা; A wheel driven by water, air, or steam.

Turbot (টার্‌বট্), *n.* পায়রাচাঁদা মৎস্য-বিশেষ; A large flat fish.

Turbulence (টার্বিউলেন্স্), *n.* কোলাহল; হাঙ্গামা; Tumult; disorder.

Turbulent (টার্বিউলেণ্ট্), *a.* দাঙ্গাবাজ; হাঙ্গামাকারী; দুর্দ্দান্ত; Given to riot, insubordinate; (বায়ু, তরঙ্গাদি সম্পর্কে) প্রচণ্ড; Furious.

Tureen (টিউরীন্), *n.* খোরা; সূপ-পাত্র; গামলা; Large table-vessel for holding soup.

Turf (টার্ফ্), *n.* ঘাসের চাবড়া; Sod; sward; ঘোড়দৌড়ের মাঠ; Race-ground; ঘোড়দৌড়; Horse-racing:—*v. t.* চাবড়া দিয়া আবৃত করা; Cover with sod. *pl.*=turfs, turves.

Turfy (টার্ফি), *a.* ঘাসের চাবড়াপূর্ণ; ঘাসাবৃত; Full of turf. *n.*=turfiness.

Turgent (টার্জ্জেণ্ট্), *a.* স্ফীত; ফুলা; Inflated; শব্দাড়ম্বরবহুল; Bombastic; জাঁকাল; Pompous. *n.*=turgescence.

Turgid (টার্জিড্), *a.* স্ফীত; ফুলা; Swollen; bloated; (ভাষা-সম্পর্কে) অলঙ্কারপূর্ণ; জাঁকাল; Pompous; শব্দাড়ম্বরবহুল; অসার বড় বড় কথাযুক্ত; Bombastic. *n.*=turgidity.

Turk (টার্ক্), *n.* তুরস্কদেশীয় লোক; তুর্কীস্থানের অধিবাসী; Native of Turkey or Turkistan. *a.*=Turkish.

Turkey (টার্কি), *prop. n.* তুরস্ক রাজ্য;

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তুরস্ক দেশ; Empire of the Turks :—*com. n.* কুক্কুটবিশেষ; পক্ষিবিশেষ; A large gallinaceous fowl.

Turkish (টার্কিশ্), *a.* তুরস্কদেশ-সম্বন্ধীয়; তুর্ক-সম্বন্ধীয়; Relating to Turkey or to the Turks :—*n.* তুর্কী ভাষা; Language of the Turks.

Turkish-bath (টার্কিশ্-বাথ্), *n.* উষ্ণবায়ু বা বাষ্প স্নান, ইহার পরে সাবানে প্রক্ষালন ও অঙ্গসংবহনাদি করা হয়; A kind of hot air or steam bath followed by soaping, rubbing, etc.

Turmeric (টার্মারিক্), *n.* হলুদ; Indian saffron.

Turmoil (টার্‌ময়িল্), *n.* গোলমাল, সংক্ষোভ, হাঙ্গামা; Tumult, agitation, disturbance.

Turn (টার্ণ্), *v. t. i.* ঘুরান বা ঘোরা; ফিরান; পাক দেওয়া; Cause to revolve, move partially or completely round; উল্টাইয়া দেওয়া; উল্টান; পাল্টান; Reverse; রূপান্তর করা; পরিবর্ত্তন করা; Alter; হওয়া বা ঘটান; Become or cause to become (the milk has *turned* sour); প্রয়োগ করা; ব্যবহার করা; লাগান; পরিণত করা; Apply; convert; আকার দেওয়া; গঠন করা; Shape; কুঁদিয়া বাহির করা; Form in a lathe; ভিন্ন গতি লওয়া; Take a different direction or tendency; পরিবর্ত্তিত হওয়া; Be changed; পর্য্যবসিত হওয়া; শেষ হওয়া; Terminate :—*n.* আবর্ত্ত; আবর্ত্তন; ঘূর্ণন; পাক; Act of turning; revolution; গতি-পরিবর্ত্তন; A change of direction; অবস্থার পরিবর্ত্তন; Change in condition; আকৃতি; Form; cast; সুবিধা; সুযোগ; Opportunity; বন্ধুত্বের বা শত্রুতার কার্য্য; Act of kindness or malice (he did me a good *turn*=বন্ধুত্বের কাজ করিয়াছে); বাঁক; বক্রপথ; Bend; প্রবণতা, ঝোঁক; Tendency (a man of contemplative *turn* of mind); সামান্য ভ্রমণ; A short walk; ক্ষণিক কর্ম্মব্যস্ততা; A short period of activity (a *turn* of work); উদ্দেশ্য, বিশেষ প্রয়োজন; A purpose or special need (this will serve my *turn*); পর্য্যায়; পালা; Successive course. **At every turn**—প্রতিপদে; At every step; (পথের) প্রতিবাঁকে; At every end of the road. **By turns**—পর্য্যায়ক্রমে; One after another. **In one's turn**—পালা আসিলে; When one's time comes. **In turn**—পর পর; পর্য্যায়ক্রমে; In due order of succession; উল্টে; In return. **Turn a corner**—সঙ্কটাবস্থা কাটাইয়া উঠা; কোণ বেড়িয়া যাওয়া; Pass the critical stage (of some disease); pass along a bend. **Turn a deaf ear to**—শ্রবণ না করা; কর্ণপাত না করা; Refuse to hear. **Turn up**—ঘটা; Happen; আসিয়া উপস্থিত হওয়া; Arrive; প্রকাশিত হওয়া; Come to light. **Turn turtle**—উল্টাইয়া যাওয়া; Capsize. **Turn upside down**—উল্টাইয়া ফেলা; Invert; গোলমালে ফেলা; Throw into confusion.

Turncoat (টার্ণ্‌কোট্), *n.* স্বপক্ষ-ত্যাগী; অব্যবস্থিতচিত্ত ব্যক্তি; One who abandons his party or principles.

Turner (টার্ণার্), *n.* যে ব্যক্তি ঘুরায়; One who turns; কুন্দকার মিস্ত্রী; One who turns, as in a lathe.

Turnery (টার্ণারি), *n.* কুঁদযন্ত্রে নির্ম্মাণ-কৌশল; কোঁদা বস্তু; Art of shaping articles by lathe; things made by a turner.

Turning (টার্ণিং), *n.* বাঁক; ঘূর্ণন; Bend; winding; রাস্তার মোড়; Corner of a road; সরল পথ হইতে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

urning
ontempla-
ামান্য ভ্রমণ
র্মব্যস্ততা ; A
(a turn
প্রয়োজন ; A
ed (this
ায় ; পালা
t every
ery step
ery end of
পর্য্যায়ক্রমে
In one's
hen one's
—পর পর
of succes-
Turn a
উটা ; কোণ
e critical
e) ; pass
deaf ear
না করা ;
up—ঘটা ;
ত হওয়া ;
Come to
য়া যাওয়া ;
down—
গোলমালে
on.
পক্ষ-ত্যাগী ;
o aban-
es.
ক্তি ঘুরায় ;
র মিস্ত্রী ;
in a
ন্ত্রে নির্ম্মাণ-
shaping
s made
; ঘূর্ণন ;
মোড় ;
পথ হইতে

ning-point
: Deviation from the proper
; কুঁদযন্ত্রে নির্ম্মাণ-কৌশল ;
y.
g-point (টার্ণিং-পয়িণ্ট্), *n.* উপর মীমাংসা নির্ভর করে ; যে হতে পরিবর্ত্তনের সূচনা হয় ; That decides a matter ; সন্ধিকাল ; e and critical period.
ip (টার্ণিপ্), *n.* শালগম ; ওলকপি ; ous root.
key (টার্ণ্‌কী), *n.* প্রহরী ; যাহার দরজার চাবি থাকে ; Warder ; who has charge of the keys in son ; gaoler.
out (টার্ণ্‌-আউট্), *n.* সাজসজ্জা ; page ; রেলপথের ছোট শাখা ; ন ; Siding on railroad ; act ming forth.
over (টার্ণ্‌ওভার্), *n.* ব্যবসায়ে টাকা বার বার খাটে সেই টাকা ; ; উল্টাইয়া পতন ; Amount of y involved in business ; up-turning over.
pike (টার্ণ্‌পাইক্), *n.* মাশুল য় ফটক ; Gate put on a road avy toll. **Turnpike-road**— রাস্তা যাহাতে মাশুল-ফটক থাকে ; d on which turnpikes or toll- s are established.
screw (টার্ণ্‌স্ক্রু), *n.* স্ক্রু-ড্রাইভার ; w-driver. [A kind of dog.
spit (টার্ণ্‌স্পিট্), *n.* কুকুরবিশেষ ;
stile (টার্ণ্‌স্টাইল্), *n.* একটি লোক যাইতে পারে এমন ঘূর্ণমান ঢেরার দরজা-বিশেষ ; A revolving gate made that one person can at a time.
table (টার্ণ্‌-টেব্‌ল্), *n.* গোলাকার মঞ্চবিশেষ ; A circular revolv- ing platform (*e. g.*, for turning a motive round, for a gramo- phone record).

Turpentine (টার্পেণ্টাইন্), *n.* তার্পিণ-তেল।

Turpitude (টার্পিটিউড্), *n.* ভ্রষ্টাচার ; নীচতা ; জঘন্য নীতি বা ব্যবহার ; Extreme wickedness ; inherent baseness.

Turquoise (টার্কয়িজ্), *n.* খনিজ পদার্থ-বিশেষ ; নীলকান্তমণি ; Bluish-green mineral.

Turret (টারিট্), *n.* চূড়া ; ক্ষুদ্র বুরুজ ; Small slender tower ; little tower ; কামান রাখিবার ঘূর্ণমান মঞ্চ-বিশেষ ; A revolving structure on which guns are placed (*turret*-gun).

Turreted (টারিটিড্), *a.* গম্বুজবিশিষ্ট ; Furnished with turrets ; গম্বুজাকৃতি ; Formed like a turret.

Turtle (টার্ট্‌ল্), *n.* সমুদ্রের কচ্ছপ ; কাছিম ; Sea-tortoise.

Turtle (টার্ট্‌ল্), **Turtle-dove** (টার্ট্‌ল্-ডাভ্), **Turtle-pigeon** (টার্ট্‌ল্-পিজান্), *n.* ঘুঘু ; পারাবতবিশেষ।

Tuscan (টাস্‌ক্যান্), *a.* টাস্ক্যানি-সম্বন্ধীয় ; প্রাচীনতম স্থাপত্যবিশেষসূচক ; Belonging to Tuscany ; denoting an order of architecture ; টাস্ক্যানিদেশীয় ; Pertaining to Tuscany :—*n.* টাস্ক্যানি-নিবাসী ; Inhabitant of Tuscany.

Tush (টাশ্), *int.* চুপ ! থাম ! ছিঃ ! Be silent ! (Of contempt or annoyance).

Tusk (টাস্ক্), *n.* দীর্ঘ দন্ত ; প্রদন্ত ; হস্তি-দন্ত বা বরাহদন্ত ; Long tooth ; long tooth of an elephant or a boar.

Tusked (টাস্ক্‌ট্), *a.* হস্তিদন্তবিশিষ্ট দন্তুর ; Having tusks.

Tusker (টাস্কার্), *n.* বর্দ্ধিতদন্ত হস্তী ; An elephant with tusks developed.

Tussle (টাস্‌ল্), *n.* হুড়মুড়ি ; পাছড়া-পাছড়ি ; Struggle :—*v. i.* হুড়মুড়ি করা ; Struggle.

Tussock (টাসক্), *n.* ঘাসের গুচ্ছ ; পল্লব ; Tuft of grass ; twig.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Tut (টাট্), *int.* ছিঃ! চুপ! থাম! Be still! (Exclamation of check or rebuke).

Tutelage (টিউটিলিজ্), *n.* অভিভাবকাধীনতা; অভিভাবকতা; রক্ষণাবেক্ষণ; State of being under a guardian; guardianship; protection.

Tutelar (টিউটিল্যার্), **Tutelary** (টিউটিল্যারি), *a.* রক্ষক; রক্ষণাবেক্ষণকারী; Protecting. **Tutelary deity**—অধিষ্ঠাত্রী দেবতা।

Tutor (টিউটর্), *n.* শিক্ষক; গুরু; Teacher; অভিভাবক; Guardian:—*v. t.* শিক্ষা দেওয়া; শিখাইয়া দেওয়া; Instruct. *fem.*=tutoress.

Tutoress (টিউটরিস্), *n.* See **Tutor.**

Tutorial (টিউটোরিয়্যাল্), *a.* শিক্ষকসম্বন্ধীয়; শিক্ষক কর্তৃক সম্পাদিত; Belonging to, or exercised by, a tutor.

Tutorship (টিউটর্‌শিপ্), *n.* শিক্ষকের পদ বা কার্য্য; Post of a tutor.

Tuwhit (টুহুয়িট্), **Tuwhoo** (টুহু), *n.* পেচকের রব; Cry of the owl.

Twaddle (টোয়ড্ল্), *n.* অনর্থক গল্প; বৃথা গল্পকারী; Senseless or silly talk; senseless talker:—*v. i.* নির্ব্বোধের ন্যায় কথা বলা; বক্ বক্ করিয়া বকা; Talk in a silly manner; prattle. *n.*=twaddler.

Twain (টোয়েন্), *a.* দুই; Two:—*n.* যুগ্ম; Couple. **In twain**—দুই ভাগে; দ্বিখণ্ড; In two parts.

Twang (টোয়াং), *n.* টঙ্কার শব্দ; টুং টুং শব্দ; Sound of a stretched string; নাকী স্বর, অনুনাসিক স্বর; Nasal tone or voice:—*v. t.* টঙ্কার শব্দ করান; Make to sound with a twang:—*v. i.* টঙ্কার-ধ্বনি করা; Sound like the vibration of a tense string.

'Twas (টোয়্যাজ্, টোয়জ্)—Contraction of **It was.**

Tweak (টুয়ীক্), *v. t.* খামচান, চিমটি কাটা; Pinch and twist sharply:—*n.* চিমটি; হেঁচ্‌কা টান; Sharp pinch or jerk.

Tweed (টুয়ীড্), *n.* একপ্রকার টেরচা বুনা পশমী কাপড়; A kind of woollen cloth.

Tweedledum and Tweedledee (টুয়ীড্ল্‌ডাম্ এণ্ড্ টুয়ীড্ল্‌ডী), *n.* অনুরূপ আকৃতি ইত্যাদি বিশিষ্ট ব্যক্তি বা বস্তুদ্বয়; Pair of persons or things of similar appearance, character, etc.

'Tween—Contraction of **Between.**

Tweet (টুয়ীট্) *n.* পক্ষিশাবকের রব; Note of a young bird.

Tweezers (টুয়ীজ্রার্জ্), *n. pl.* চিমটা; সোন্না; Nippers; small pincers for pulling out hairs; যন্ত্রের বাক্স; Instrument-box.

Twelfth (টুয়েল্‌ফ্‌থ্), *a.* দ্বাদশ; Last of twelve:—*n.* বারই; দ্বাদশাংশ; Twelfth day of the month; one of twelve equal parts.

Twelve (টুয়েল্‌ভ্), *n.* & *a.* দ্বাদশ; বার; Number next after eleven; দ্বাদশ; Ten and two. *a.*=twelfth.

Twentieth (টোয়েন্টিয়েথ্), *a.* বিংশতিতম; Last of twenty:—*n.* বিশাংশের একাংশ; বিশাংশ; One of twenty equal parts; বিশে; 20th day of the month.

Twenty (টোয়েন্টি), *a.* বিংশতি; কুড়ি; Twice ten; nineteen and one:—*n.* বিংশতি; Number next after nineteen. *a.*=twentieth.

Twentyfold (টোয়েন্টিফোল্ড্), *a.* & *ad.* বিশগুণ; Twenty times as many.

'Twere—Abbreviation of **It were.**

Twice (টোয়াইস্), *ad.* দ্বিগুণ; দ্বিগুণিতরূপে; দুইবার; Doubly; once and again; two times. **Twice-**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...dle

...ছিল। **A twice-told tale**—...পল্প; A well-known story.

...dle (টুয়িড্‌ল্), *v. t. i.* অলসভাবে ...ঘুরান; Turn idly round and ...; অলসভাবে বা লক্ষ্যহীনভাবে খেলা ... Play idly or aimlessly with.

...(টুয়িগ্), *n.* পল্লব; ফেঁকড়ি; ... shoot or branch of a tree.

...(টুয়িগি), *a.* ক্ষুদ্র পল্লবময়; ...ding in twigs or shoots; ...; পল্লব-সম্বন্ধীয়; Like a twig; ...ning to a twig.

...ght (টোয়াইলাইট্), *n.* সন্ধ্যালোক; ...সময়; প্রদোষকাল; উষা; Faint ... before sunrise and after ...; অনিশ্চিত দৃশ্য; Uncertain ...; ক্ষীণ আলোক; Faint light :—...ন বা প্রদোষ-সম্বন্ধীয়; অস্পষ্ট; Of ...ght; obscure. **Twilight sleep** ... যন্ত্রণায় সন্তানপ্রসব করাইবার ...; Name of a method of ...ng childbirth painless. *a.*= ...ghted.

...ল (টুয়িল্), *v. t.* টেরচা বুনা; Weave ...bs :—*n.* টেরচা বুনা কাপড়; Cloth ...en in ribs.

...ll—Abbreviation of **It will.**

...n (টুয়িন্), *n.* যমজের একটি সন্তান; ...One of two children born at ...same time :—*a.* যমজ; Being ...of two born at a birth. **The ...ins**—মিথুনরাশি।

...ne (টোয়াইন্), *v. t. i.* পাকান; পাক ...; জড়ান; Twist together; wind, ... two threads together :—*n.* ...; দড়ি, টোন সূতা; Thin string, ...g thread.

...nge (টুয়িঞ্জ্), *n.* খাম্‌চি; চিমটি; ...ch; pinch; বেদনা; কনকনানি; ...en, sharp pain (a *twinge* of ...ache).

...kle (টুয়িঙ্‌ক্‌ল্), *v. i.* ঝিক্‌মিক্ করা; Sparkle; চক্ষু মিট্‌মিট্ করা; (of eyes) Open and shut the eyes rapidly (in the *twinkling* of an eye—চক্ষের পলক ফেলিতে না ফেলিতে, নিমেষে; instantaneously); কম্পিত হওয়া; Quiver :—*n.* চক্ষের পলক; Quick motion of the eye; চক্‌মক্, ঝিকিমিকি; Short sparkle.

Twirl (টোয়ার্ল্), *v. t.* ঘূর্ণিত করা; ঘুরান; পাক দেওয়া; Turn round rapidly :—*v. i.* ঘূর্ণমান হওয়া; বন্ বন্ করিয়া ঘুরা; Be whirled round :—*n.* দ্রুত আবর্তন; ঘূর্ণন; ঘুরপাক; Whirl; rapid circular motion; quick turn.

Twist (টুয়িস্ট্), *v. t.* পাক দেওয়া; পেঁচ লাগান; পাকান; জড়ান; Twine; cause to writhe or interweave; form into a thread; বক্র অর্থ করা; Distort :—*v. i.* পাকাইয়া এক হওয়া; জড়াইয়া যাওয়া; Be united by winding :—*n.* পাকান দড়ি; Cord; single thread; মোচড়; পাক; পেঁচ; Contortion; bending; দড়ির মত পাকান তামাক; Little roll of tobacco; মানসিক বৈশিষ্ট্য; A mental peculiarity (he gives his stories a humorous *twist*).

Twit (টুয়িট্), *v. t.* (*-tt-*) ভর্ৎসনা করা; Reproach; ব্যঙ্গ করা; Taunt; দোষ দেখাইয়া তিরস্কার করা; Reproach by pointing out one's fault.

Twitch (টুয়িচ্), *v. t.* হেঁচ্‌কিয়া টানা; ছিনাইয়া লওয়া; হঠাৎ ছিঁড়িয়া লওয়া; Pull with a sudden jerk; pluck; snatch—*v. i.* স্বতঃ-স্পন্দিত বা আক্ষেপযুক্ত হওয়া; Quiver or jerk spontaneously :—*n.* হেঁচ্‌কা টান; পেশীসঙ্কোচন; ফিক্ বেদনা; Sudden, quick pull; quick contraction of the muscles; simple muscular contraction. *n.*= twitcher.

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

Twitter (টুয়িটার্), *v. i.* কিচির মিচির শব্দ করা ; কিচ্‌মিচ্ করা ; Make a chirping tremulous noise like a bird ; স্নায়ুর কম্পবোধ করা ; Have a slight trembling of the nerves :—*n.* কিচির মিচির শব্দ ; Tremulous broken sound ; স্নায়ুসমূহের সামান্য কম্পন ; Slight trembling of the nerves.

Twittering (টুয়িটারিং), *n.* কলধ্বনি ; Sound of twittering ; স্নায়বিক উত্তেজনা ; Nervous excitement.

Twixt (টুয়িক্‌স্‌ট্)—Contraction of **Betwixt.**

Two (টু), *a.* দুই ; One and one :—*n.* দুই ; দ্বি ; ২ ; Sum of one and one. **Two-seater**—দুইজনের বসিবার মোটর-গাড়ী ; Motor-car to hold two. **Put two and two together**—টুকরা সংবাদাদির অন্তর্নিহিত অর্থ ধারণা করিয়া লওয়া ; Judge or guess the significance of pieces of information, etc.

Two-edged (টু-এজেড্), *a.* দুই দিকে ধারাল ; দ্বিধার ; Having two edges.

Two-faced (টু-ফেসেড্), *a.* কপট ; দুই মুখবিশিষ্ট ; দুমুখো ; Insincere ; having two faces.

Twofold (টুফোল্ড্), *a.* দ্বিগুণ ; দ্বিগুণিত ; দোহারা ; দুই ফের ; Double :—*ad.* দ্বিগুণভাবে ; Doubly.

Two-handed (টু-হ্যাণ্ডেড্), *a.* দ্বিকর ; Having two hands ; উভয় হস্তদ্বারা ব্যবহৃত ; Used with two hands.

Twopence (টাপ্‌স্), *n.* দুই পেনি ; Two pence or pennies.

Twopenny (টাপ্‌নি), *a.* সস্তা ; তুচ্ছ ; Cheap ; insignificant :—*n.* একপ্রকার মদ ; A kind of beer.

Two-sided (টু-সাইডেড্), *a.* কপট ; দ্বিপার্শ্ব ; Insincere ; having two sides.

Two-tongued (টু-টাংগ্‌ড্), *a.* কপট ; Hypocritical.

'Twould—Abbreviation of **It would.**

Tympanitis (টিম্‌প্যানাইটিস্), *n.* কর্ণপটহের প্রদাহ ; কাণ পাকা ; Inflammation of the membrane of the ear.

Tympanum (টিম্‌প্যানাম্), *n.* কর্ণপটহ ; Drum of the ear. *a.*=tympanic, tympanical.

Type (টাইপ্), *n.* ছাপার হরপ, মুদ্রাক্ষর ; Printing-letter ; আদর্শ ; নমুনা ; Ideal ; model ; মুদ্রাতে ক্ষোদিত আকৃতি ; Figure stamped on a coin ; মুদ্রিত চিহ্ন ; ছাপ ; Mark stamped ; লক্ষণ ; নিদর্শন ; Sign ; emblem ; প্রকার ; Kind ; species ; পূর্ব্বসূচনা ; Foretoken ; ভাব ; সাদৃশ্য ; Style ; semblance ; জাতিরূপ ; A class in regard to its attributes :—*v. t.* টাইপরাইটার যন্ত্রে লেখা ; Write on a type-writer. *a.*=typal, typable.

Type-casting (টাইপ্-কাস্টিং), *n.* মুদ্রাক্ষর ঢালাই ; Act of founding type in moulds.

Type-founder (টাইপ্-ফাউণ্ডার্), *n.* যে ছাপার অক্ষর ঢালাই করে ; One who casts printing-type.

Type-foundry (টাইপ্-ফাউণ্ড্রি), *n.* মুদ্রাক্ষর ঢালাইয়ের কারখানা ; Place where type is cast.

Typescript (টাইপ্‌স্ক্রিপ্‌ট্), *n.* মুদ্রাক্ষর-যন্ত্রে ছাপান বিষয় ; Type-written matter.

Typewriter (টাইপ্‌রাইটার্). *n.* যে যন্ত্রে ছাপার মত লেখা হয়, মুদ্রলিখ, টাইপরাইটার ; Machine for typing letters. *v.*=typewrite.

Typhoid (টাইফয়িড্), *a.* সান্নিপাতিক ; Pertaining to or resembling typhus :—*n.* সান্নিপাতিক জ্বর ; Fever attacking the intestines. **Typhoid fever**—সান্নিপাতিক জ্বর ; অবিরাম জ্বর ; A kind of enteric fever.

Typhoon (টাইফুন্), *n.* প্রশান্ত মহা-

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

...phous
...দুর্বাতা ; Violent hurricane
...Pacific.
...ous (টাইফাস্), *a.* টাইফাস্ জ্বর-
...; Relating to typhus.
...us (টাইফাস্), *n.* জ্বরবিকার ; প্রদাহ
...; Contagious and fatal
...fever.
...al (টিপিক্যাল্), *a.* প্রতিরূপ ;
... আদর্শস্বরূপ ; Emblematic ;
...; Metaphorical ; figurative.
...y (টিপিফাই), *v. t.* আদর্শ দৃষ্টান্ত
...হওয়া ; Be a characteristic
...ple of ; (কাহারও) প্রতীক স্বরূপ
... Represent by an image ;
...plify. *n.*=typification.
...t (টাইপিস্ট্), *n.* মুদ্রলেখক,
...; Operator on a type-
...r. [কর ; মুদ্রাকর ; Printer.
...grapher (টাইপগ্র্যাফার্), *n.* ছাপা-
...graphy (টাইপগ্র্যাফি), *n.* মুদ্রাঙ্কন-
...; Art of printing. *a.*=typo-
...ic, typographical.
...nical (টাইর‍্যানিক্যাল্, টির‍্যানি-
...). **Tyrannous** (টির‍্যানাস্), *a.*
...ী ; প্রজাপীড়ক ; Imperious ;
...ic ; নৃশংস ; যথেচ্ছাচারী ;
... ; arbitrary.
...nicide (টাইর‍্যানিসাইড্), *n.* উৎ-
পীড়ক-হত্যা ; উৎপীড়ক-ঘাতী ; Killing or killer of a tyrant.

Tyrannize (টির‍্যানাইজ্), *v. i.* স্বেচ্ছামত ক্ষমতা প্রয়োগে শাসন করা ; Rule cruelly and unjustly ; পীড়ন করা, জুলুম করা ; Oppress (usu. with *over*).

Tyranny (টির‍্যানি), *n.* ক্ষমতার অপব্যবহার, ক্ষমতার নিষ্ঠুর ভাবে প্রয়োগ ; Cruel or unjust use of power ; অত্যাচার, উৎপীড়ন ; A tyrannical act ; যে শাসনতন্ত্রে রাজ্যে শাসকের পূর্ণ ক্ষমতা থাকে ও বিশেষতঃ সেই ক্ষমতার অপপ্রয়োগ হয় ; The form of government existing when a ruler has complete power in a state, esp. when he uses it unjustly.

Tyrant (টাইর‍্যাণ্ট্), *n.* অত্যাচারী লোক ; দুরাত্মা ; পীড়ক ; স্বেচ্ছাচারী রাজা ; Despot ; oppressor.

Tyrian (টিরিয়্যান্), *a.* টায়ার নগর-সম্বন্ধীয় ; Pertaining to Tyre ; লাল-বর্ণ ; Purple :—*n.* টায়ারবাসী ; Native of Tyre.

Tyro, Tiro (টাইরো), *n.* শিক্ষানবিশ, নূতন ব্রতী, প্রথম শিক্ষার্থী ; Beginner ; novice. *pl.*=tyros, tiros.

Tzar (জ্জার্)—Same as **Czar.**

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

U

U, u (ইউ)—ইংরেজী বর্ণমালার একবিংশ অক্ষর বা বর্ণ ; Twenty-first letter in the English alphabet.

Ubiquitous (ইউবিকুয়িটাস্), *a.* সর্ব্বব্যাপী ; Omnipresent.

Ubiquity (ইউবিকুয়িটি), *n.* সর্ব্বত্র বিদ্যমানতা ; সর্ব্বব্যাপিত্ব ; Omnipresence.

U-boat (ইউ-বোট্), *n.* জার্ম্মাণীর ডুবো-জাহাজ ; German submarine.

Udder (আডার্), *n.* স্ত্রী-পশুর বাঁট ; পালান ; মোড় ; Breast of a female, especially of a lower animal. *a.*= uddered.

Ugh (উঃ), *int.* উঃ ! বিরক্তি বা ত্রাস-সূচক অব্যয় ; Exclamation of disgust or horror.

Ugly (আগ্‌লি), *a.* কদাকার ; কুৎসিত ; Hideous ; অপ্রিয় ; Unpleasant ; বিপদের সম্ভাবনাপূর্ণ ; Threatening, dangerous (his conduct has an *ugly* look). *n.*=ugliness. *v.*=uglify.

Uhlan (উল্যান্), *n.* বর্শাধারী (জার্ম্মাণ) সৈনিক-বিশেষ ; A lancer esp. of German army.

Ukase (ইউকেস্), *n.* রুষ-সম্রাটের প্রচারিত আদেশ ; Russian imperial decree.

Ulcer (আল্‌সার্), *n.* ক্ষত, নালী-ঘা ; Sore, sore discharging pus.

Ulcerate (আল্‌সারেট্), *v. i.* (ক্ষতাদির) নালী হওয়া ; ক্ষতে পরিণত হওয়া ; Be formed into an ulcer :—*v. t.* নালী-ঘা-বিশিষ্ট করা ; Affect with an ulcer.

Ulceration (আল্‌সারেশন্), *n.* নালী হওন ; ক্ষত ; ঘা ; নালী-ঘা ; State of forming an ulcer ; ulcer.

Ulcerous (আল্‌সারাস্), **Ulcered** (আল্‌সার্ড্). *a.* নাড়ীব্রণের ধর্ম্মসম্পন্ন ; পচা ঘা-বিশিষ্ট ; Having the nature of an ulcer.

Ulna (আল্‌ন্যা), *n.* কনুইয়ের নিম্নস্থ হস্তের অস্থিদ্বয়ের মধ্যে অন্তঃবর্ত্তীটি ; The inner of the two bones of the forearm. *pl.*=ulnae.

Ulster (আল্‌স্টার্), *n.* ঢিলা জামাবিশেষ ; Long loose overcoat.

Ulterior (আল্‌টীরিয়র্), *a.* দূরে অবস্থিত, অপ্রত্যক্ষ, আপাতদৃষ্টির বাহিরে ; Situated beyond, not immediate, beyond what appears at first sight (an *ulterior* motive).

Ultimate (আল্‌টিমেট্), *a.* চরম ; শেষ ; অন্তিম ; Last ; final ; অবিভাজ্য ; Unanalysable ; মৌলিক ; Fundamental, basic.

Ultimately (আল্‌টিমেট্‌লি), *ad.* পরিশেষে ; অন্তে ; চরমে ; Finally.

Ultimatum (আল্‌টিমেটাম্), *n.* শেষ প্রস্তাব ; চরম পত্র ; Last offer ; conditions offered before taking hostile measure. *pl.*=ultimata.

Ultimo (আল্‌টিমো), *a.* গত মাসের ; In the last month. *abbr.*=ult.

Ultra- (আল্‌ট্রা-), *pref.* দূরস্থ ; অতীত ; ছাড়া ; Distant ; beyond ; besides.

Ultra (আল্‌ট্রা), *n.* চরমপন্থী, মতবাদে ও ব্যবস্থাগ্রহণে যে চরম পন্থা অবলম্বন করিতে বলে ; Advocate of extreme views or measures.

Ultramarine (আল্‌ট্রাম্যারীন্), *a.* সমুদ্রপারস্থিত ; Situated beyond the

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

-modern

—n. সুন্দর নীলবর্ণ ; পাকা নীল রঙ্ ; fine blue colour ; pigment.

modern (আল্ট্রা-মডার্ণ্), a. সর্ব্বাধুনিক ; Surpassing the latest.

